শ্রী হাফিজ আলম সৈরানী : আমরা ক্ষতিগ্রস্ত মানুষদের কি কি জি. আর. দিয়েছি সেই হিসাবে প্রশ্ন করলে, কত রিলিফ দিয়েছি সেই হিসাবে প্রশ্ন করলে আমি বলতে পারবো, আমি সেই ভাবে রেডি হয়ে এসেছি। স্বাভাবিক ভাবেই কত চাল দিয়েছি, কত গম দিয়েছি, তাতে কত খরচ হয়েছে, কনটিনজেন্সি হিসাবে কত টাকা দিয়েছি, গ্রান্ট হিসাবে কত টাকা দিয়েছি সেই পরিসংখ্যান দিতে পারবো, কিন্তু আপনি যেটা বলছেন বিভিন্ন খাতে কত ক্ষয়ক্ষতি হয়েছে, কোন ডিপার্টমেন্টকে কত টাকা দিয়েছি এগুলি আলাদা করে প্রশ্ন করলে আমি তার জবাব দিতে পারবো।

শ্রী পঙ্কজ ব্যানার্জি : আপনি একজন মাননীয় মন্ত্রী, আমি আপনাকে জ্ঞান দেওয়ার চেষ্টা করছি না। একটা প্রশ্ন যখন আসবে তার রেলিভ্যান্ট প্রশ্নগুলিও আসবে, আপনি যদি উত্তর দিতে না পারেন তাহলে মনে করবো হয় আপনি এ ব্যাপারে ওয়াকিবহাল নন, নয়তো আপনি ইন্টারেস্টেড নন। আমি মূল যে প্রশ্ন করেছি ৪টি জেলায় বন্যা হয়েছে, ক্ষয়ক্ষতি হয়েছে—কিন্তু সবকটা প্রশ্ন একসঙ্গে করা যায় না। এগুলি রেলিভ্যান্ট প্রশ্ন, এগুলি আপনি আপনার দপ্তরের আধিকারিকদের সঙ্গে বসে জানবার চেষ্টা করুন, তাহলে পশ্চিমবাংলার মানুষ জানতে পারবে। এই যে ৪টি জেলায় বন্যা হয়ে গেল তাতে কৃষিতে কত ক্ষতি হলো, মাঠে ধান ছিল এবং গোডাউনেও ছিল সেটা কতটা নষ্ট হয়ে গেছে, আগামি দিনে চাষ করবার জন্য চাষিরা বীজ ধান রেখেছিল সেটা নষ্ট হয়েছে, রাস্তাঘাট কত নষ্ট হয়েছে, গৃহপালিত পশু কত নষ্ট হয়েছে, স্বাস্থ্য খাতে কত বরাদ্দ আলাদাভাবে ত্রাণ হিসাবে সেটা আমাদের জানতে হবে।

শ্রী হাফিজ আলম সৈরাণী : আমি আপনাকে দুটি তথ্য বলতে পারবো, কোন এরিয়ায় কত অ্যাফেক্টেড হয়েছে, চাষের এরিয়া কত ক্ষতিগ্রস্ত হয়েছে এই ৪টি জেলায় তার পরিসংখ্যান বলতে পারবো। কত বাড়িঘর আংশিক ক্ষতিগ্রস্ত হয়েছে, কত পূর্ণ ক্ষতিগ্রস্ত হয়েছে তার পরিসংখ্যান আমি দিতে পারবো। আর বাকি প্রশ্ন যেটা আপনি বলছেন সেটা আলাদা করে প্রশ্ন করলে আমি দিতে পারবো।

পূর্ব মেদিনীপুরে পূর্ণ ক্ষতিগ্রস্ত হয়েছে ৪৭৩৪৯টি, আংশিক ক্ষতিগ্রস্ত হয়েছে ৯৫৫৪২টি। পশ্চিম মেদিনীপুর জেলায় ১১৯২৯টি, পূর্ণ এবং আংশিক ক্ষতিগ্রস্ত হয়েছে ২৭৮৪১টি। সাউথ ২৪ পরগনায় ১২৩০৫টি পূর্ণ ক্ষতিগ্রস্ত এবং ২৬৬৬১টি আংশিক ক্ষতিগ্রস্ত হয়েছে। উত্তর ২৪ পরগনায় ৫০৬৭টি পূর্ণ এবং ১৪৬৬৮টি আংশিক ঘরবাড়ির ক্ষতি হয়েছে।

শ্রী পঙ্কজ ব্যানার্জি : এই বন্যায় ক্ষতিগ্রস্তের তথ্য বললেন। আপনার কাছে এর আগের বছরের ২০০৪ সালের বন্যায় যে ক্ষতি হয়েছিল এই ৪টি জেলায় তার কোনো হিসাব আছে কি ?

[11.20—11.30 a.m.]

গত বছরে যে বন্যা হয়েছিল সেপ্টেম্বর অক্টোবর মাসে, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর এবং উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা জেলায়, সেখানকার কোনো ক্ষয়ক্ষতির হিসাব আপনার কাছে আছে কি ?

শ্রী হাফিজ আলম সৈরাণী : গত বছরের হিসাবটা নেই।

শ্রী পঙ্কজ বন্দ্যোপাধ্যায় : স্যার, অতিরিক্ত প্রশ্ন, এই জেলাগুলিতে কতকগুলি আশ্রয় শিবির খুলেছিলেন এবং সেই আশ্রয় শিবিরে কতজন মানুষ কতদিন ধরে ছিলেন এবং আশ্রয় শিবিরের জন্য সরকারের কত টাকা খরচ হয়েছে ?

শ্রী হাফিজ আলম সৈরাণী : উত্তর ২৪ পরগনাতে প্রায় চারশোর মতন ত্রাণ শিবির আমরা খুলেছিলাম, দক্ষিণ ২৪ পরগনাতে প্রায় ৩০০-র মতন এবং ১২৩০টি পূর্ব মেদিনীপুর, ৬২২টি পশ্চিম মেদিনীপুরে এই ত্রাণ শিবির খোলা হয়েছে। প্রায় ৫ লক্ষ লোক ত্রাণ শিবিরে ছিল, এই ত্রাণ শিবিরে রান্না করা খাবার দেওয়া হয়েছিল, যে টাকা আমরা কনটিনজেন্সি হিসাবে ডি. এম.-দের দিয়ে থাকি, সেই টাকা থেকে চাল, ডাল ও অন্যান্য সামগ্রী কিনে রান্না করার ব্যবস্থা করে বিলি বণ্টন করে।

শ্রী পঙ্কজ বন্দ্যোপাধ্যায় : এই ন্যাচারাল ক্যালামিটি খাতে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আপনারা কিছু টাকা পেয়েছেন কি ? পেলে কত টাকা দাবি করেছিলেন এবং বর্তমানে বন্ধু সরকারের কাছ থেকে কত টাকা পেয়েছেন এই ক্যালামিটি খাতে ?

শ্রী হাফিজ আলম সৈরাণী : আমাদের ক্যালামিটি রিলিফ ফান্ড বলে একটা ফান্ড থাকে, তার ৭৫ শতাংশ টাকা কেন্দ্রীয় সরকার দেয় এবং ২৫ শতাংশ টাকা রাজ্য সরকারের,

এই টাকা আমরা খরচ করি। এই টাকা খরচ করার পরে অতিরিক্ত টাকা দরকার হলে আমরা কেন্দ্রীয় সরকারের কাছে দাবি করি। যেহেতু আমাদের কাছে গত বছরের কিছু টাকা ছিল, যে টাকাটা আমাদের রিটার্ন করতে হয়নি, সেই টাকাটা ছিল, তাই যে ক্ষয়ক্ষতি হয়েছে সেটা সামাল দেবার মতো টাকা ছিল, বলে আমরা কেন্দ্রীয় সরকারের কাছে কোনো টাকা চাইনি এবং কেন্দ্রীয় সরকারও কোনো টাকা দেয়নি।

শ্রী শেখ ইলিয়াস মহম্মদ : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। গত আগস্ট ও সেপ্টেম্বর মাসে আমাদের রাজ্যে চারটি জেলায় পূর্ব মেদিনীপুর ও পশ্চিম মেদিনীপুর এবং উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা জেলায় অতি বর্ষণ বন্যার একমাত্র কারণ। আমাদের রাজ্যে ১০০ বছরের ইতিহাসে অত বৃষ্টি কখনও হয়নি। ফলে একটা ব্যাপক ক্ষয়ক্ষতি হয়। আমাদের রাজ্যে যে টোটাল ক্ষয়ক্ষতি সেটা আমরা কেন্দ্রীয় সরকারের কাছে জানিয়েছি কিনা এবং কেন্দ্রীয় সরকার এই বন্যার্ত এলাকার পুনর্গঠনে কোনো আর্থিক সাহায্য দিয়েছেন কিনা, যদি দিয়ে থাকেন তাহলে তার পরিমাণটা কত, সেটা যদি বলেন তাহলে ভাল হয় ?

শ্রী হাফিজ আলম সৈরানী : আমাদের এই রাজ্যে প্রতি বছরে বন্যা হয়, ভাঙন হয়, ঝড়, সামুদ্রিক ঝড়, প্রাকৃতিক দুর্যোগ প্রতি বছরেই হয়। এই প্রাকৃতিক দুর্যোগের ফলে যে ক্ষয়ক্ষতি হয়, সেই ক্ষয়ক্ষতির মোকাবিলা করার জন্য আমাদের ক্যালামিটি রিলিফ ফান্ড বলে একটা ফান্ড আছে, এই বছরে যে ক্ষয়ক্ষতি হয়েছে, আমাদের সেই ক্ষয়ক্ষতির জন্য এই ক্যালামিটি রিলিফ ফান্ড থেকে যেখানে যেখানে দেওয়া সম্ভব সেখানে দিয়েছি। অতিরিক্ত কোনো টাকা দাবি আমরা কেন্দ্রীয় সরকারের কাছে করিনি। পূর্ব মেদিনীপুর জেলায় যে খাল, সেই খালের সংস্কার না হওয়ার ফলে দীর্ঘদিন ধরেই, প্রতি বছরেই সেখানে বন্যা হয় এবং সেই খাল কেন্দ্রীয় সরকারের জল সম্পদ উন্নয়ন দপ্তর সমীক্ষা করেছিলেন এবং সমীক্ষা করে বলেছিল যত টাকা খরচ হবে কেবলমাত্র তার ১০ শতাংশ টাকা রাজ্য সরকার দেবে এবং বাকি টাকাটা ওরা দেবে। সেই প্রতিশ্রুতি ওরা রক্ষা করেনি। আমাদের নিজেদের উদ্যোগে ক্যালামিটি রিলিফ ফান্ড থেকে কিছু টাকা দেওয়া হয়েছে, বাকি টাকা স্টেট ফান্ড থেকে, সরকারের তহবিল থেকে দিয়ে এই সংস্কারের কাজ আরম্ভ হয়েছে। এই কাজটা হলে পশ্চিম ও পূর্ব মেদিনীপুর জেলার মানুষ বন্যার হাত থেকে রক্ষিত হবে।

শ্রী আব্দুল মান্নান : মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, যে কোনো প্রাকৃতিক বিপর্যয়কে কেন্দ্র করে সরকারের একটা কর্তব্য হচ্ছে তাৎক্ষণিক কিছু ত্রাণ দেওয়া, ক্ষতিগ্রস্ত লোকদের পুনর্বাসনের ব্যবস্থা করা এবং পরবর্তী ক্ষেত্রে বন্যা নিয়ন্ত্রণের ব্যবস্থা করা। আপনারা দীর্ঘদিন ধরে সরকারে রয়েছেন কিন্তু এই ধরনের পরিকল্পনা আজও আপনাদের গ্রহণ করতে দেখলাম না। আমি পুনর্বাসনের ব্যাপারে জিজ্ঞাসা করছি, বন্যায় যে সমস্ত মানুষ ক্ষতিগ্রস্ত হয় তাদের বাড়ি তৈরি করার জন্য মাত্র ৫০০ টাকা দেওয়া হয়। যেটা খুবই হাস্যকর, ওই টাকায় পাঁচটা বাঁশও কেনা যায় না। এই টাকার পরিমাণ বাড়ানোর জন্য ক্যাবিনেটের কাছে আপনার ডিপার্টমেন্ট থেকে কোনো প্রস্তাব দিয়েছেন কি ?

শ্রী হাফিজ আলম সৈরাণী : আমাদের এখন যা নিয়ম আছে তাতে আংশিক বাড়ি ক্ষতিগ্রস্ত হলে এক হাজার টাকা দেওয়া হয় এবং পূর্ণ রূপে বাড়ি ক্ষতিগ্রস্ত হলে দুই হাজার টাকা দেওয়া হয়। এটাকে বাড়িয়ে আংশিক ক্ষতিগ্রস্তদের ক্ষেত্রে দুই হাজার টাকা এবং পূর্ণ ক্ষতিগ্রস্তদের ক্ষেত্রে চার হাজার টাকা দেওয়ার প্রস্তাব আমরা ফিনান্স দপ্তরের কাছে পাঠিয়েছি। আশা করছি এটা অনুমোদিত হবে। এটা অনুমোদিত হলে এই পরিমাণ টাকা আমরা দিতে পারব।

শ্রী সমর হাজরা : মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে অতিরিক্ত প্রশ্ন, পাহাড়ী এলাকায় ধস নামার কারণে ত্রাণ সামগ্রী হিসাবে আপনার দপ্তর থেকে ধুতি, লুঙ্গি এবং শাড়ি ত্রাণ সামগ্রী হিসাবে যেটা পাহাড়ী এলাকার মানুষের জন্য পাঠানো হয় সেটা ঠিক নয়। পাহাড়ী এলাকার মানুষের যে সমস্ত সামগ্রী দরকার সেগুলো দেওয়ার ব্যাপারে আপনার দপ্তর কোনো চিন্তা-ভাবনা করছে কি ?

শ্রী হাফিজ আলম সৈরাণী : এই সমস্যাটার আমরা কিছুটা সমাধান করতে পেরেছি। বিধায়ক কোটায় যে কাপড়, শাড়ি, ধুতি এবং বাচ্চাদের জামা কাপড় দেওয়া হয়, আমরা পাহাড়ি এলাকার মানুষদের জন্য সেখানকার ডি. এম.-দের কাছে সম পরিমাণ টাকা পাঠিয়ে দিই এবং বলে দেওয়া হয় স্থানীয় বিধায়কের সঙ্গে আলোচনা করে যে ধরনের জামা-কাপড় কেনা দরকার, সেই ধরনের জামা-কাপড় কিনে আপনারা বিতরণ করবেন। কিন্তু ক্যালামিটি রিলিফের ব্যাপারে আমরা এখনও সমাধান করে উঠতে পারিনি। তবে এটার সমাধানের ব্যাপারেও আমরা অগ্রসর হচ্ছি।

শ্রী নির্মল ঘোষ : মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, উত্তর ২৪ পরগনা জেলায় গত বছরের আগের বছর ইছামতী নদী সংস্কার না হওয়ার কারণে বেশ কিছু এলাকা জলমগ্ন হয়েছিল। এবারের বৃষ্টিতে কলকাতার লাগোয়া আমার বিধানসভা এলাকা পাণিহাটিতে বেশ কিছু এলাকা জলমগ্ন হয়েছিল এবং মানুষ সাতদিন বাইরে বেরোতে পারেনি। বার বার বলা সত্ত্বেও এস. ডি. ও. থেকে ডি. এম. পর্যন্ত কেউ একটা তার্পোলিন পর্যন্ত দিতে পারেনি, মানুষগুলোকে টেম্পোরারি শেল্টার দেওয়ার জন্য। সেখানে চাল, ডাল পর্যন্ত আপনার দপ্তর থেকে দেওয়া হল না। আপনি বলেছেন চৌদ্দ হাজারেরও বেশি আংশিক ক্ষয়ক্ষতি হয়েছে এবং পুরোপুরি ক্ষতিগ্রস্ত হয়েছে পাঁচ হাজার সাতষট্টির কাছাকাছি। প্রাকৃতিক দুর্যোগজনিত কারণে আপনার একটা রিলিফ ফান্ড আছে। আপনি বক্তব্য রাখার সময়ে বলেছেন গত বছরে সেই ফান্ডে টাকা ছিল সেইজন্য আপনারা কেন্দ্রীয় সরকারের কাছে এবারে টাকা চাননি। প্রতি বছরই এই ধরনের দুর্যোগ হচ্ছে এবং জনসংখ্যা বৃদ্ধি পাচ্ছে। এই ব্যাপারে আপনাদের পরিকল্পনা কি আছে ?

[11.30—11.40 a.m.]

সেই জল যাতে প্রাকৃতিক দুর্যোগে না জমে, সেই জল যাতে বেরিয়ে যায়—সরকারের যে অনীহা রয়েছে সেটা আলোচ্য বিষয় নয়—এর জন্য আপনার দপ্তর ফান্ড ক্রিয়েট না করে এক্সেস যে ফান্ড ছিল তার থেকে আপনি টাকা দিয়েছেন। কেন্দ্রের কাছে আপনার চাইতে

হয়নি। যে টাকা চেয়েছেন সেটা ৬টি জেলার হিসাব দিয়েছিলেন। এই ৬টি জেলায় আপনার কয়েকশো কোটি টাকার ক্ষতি হয়েছে, যেটা আপনি কেন্দ্রীয় সরকারকে জানিয়েছেন। সেই ক্যারি-ফরওয়ার্ড যা পেয়েছেন সামনের বছর তার প্রোটেকশন নিতে হবে। গরীব মানুষের যে বাড়িঘর ভেঙে গেছে তার জন্য আপনি টাকা দিচ্ছেন না। আপনি এর জন্য দিচ্ছেন মাত্র ২ হাজার টাকা। এই ২ হাজার টাকা গরীব মানুষরা খেয়ে ফেলেন, এতে বাড়িঘর তৈরি হয় না। আপনি পৌরসভাকে যদি এই টাকা দেন, তারা বলে, ওই টাকায় কি করে বাড়িঘর তৈরি করে দেব! পঞ্চায়েতও ওই একই কথা বলছে, গরিব মানুষরা খেয়ে ফেলছে। সুতরাং ন্যাচারাল ক্যালামিটির হাত থেকে গরীব মানুষকে বাঁচানোর জন্য ভবিষ্যতে আপনার কোনো পরিকল্পনা আছে কিনা ? তাৎক্ষণিক চাল-গম দেওয়া ছাড়াও তাদের যে শেল্টারগুলি ভেঙে গেল, সেই বাড়িগুলি তৈরি করার জন্য কোনো পরিকল্পনা আপনার দপ্তরের আছে কিনা ?

শ্রী হাফিজ আলম সৈরাণী : আমি আগেই বলেছি, ত্রাণ যে ব্যাপার সেই ত্রাণ ব্যাপারটা পরিমাণ বা টাকার উপর সাহায্য ধরলে ঠিক হবে না। মানুষ যখন প্রাকৃতিক বিপর্যয়ের মধ্যে পড়ে তখন সরকারি হোক বা বেসরকারি প্রতিষ্ঠানই হোক বা সমাজের অন্য অংশের মানুষই হোক, যার কাছে যা কিছু থাকে, যেটুকু ক্ষমতা থাকে সেই সাহায্য নিয়ে মানুষের পাশে এসে দাঁড়ায় যাতে তাদের মনোবল হারিয়ে না যায়। এটাই হচ্ছে রিলিফের আসল উদ্দেশ্য। আমরা সেই উদ্দেশ্য থেকে সরে যেতে চাইছি। আমরা চাইছি, ত্রাণ দপ্তরের নামটা পাল্টানো হোক। তার নাম হবে ডিজাসটার ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট। এই ডিজাসটার ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট হলে প্রথমেই আমরা প্রাকৃতিক দুর্যোগের ভয়াবহতা কমিয়ে আনার চেষ্টা করবো। ২ নম্বর আমরা চেষ্টা করবো এই যে প্রাকৃতিক দুর্যোগ যেটা চলে আসে তার আগাম প্রস্তুতি নিতে মানুষের মধ্য থেকে, সরকারের মধ্য থেকে এবং সমস্ত স্তরের মধ্য থেকে। তারপরে আমরা ওই রেসকিউ এবং রিলিফে যাব, তারপর রি-কনস্ট্রাকশনে যাব। কারণ আমরা বুঝতে পারছি, প্রাকৃতিক দুর্যোগের মধ্যে আমাদের থাকতে হবে। সেইজন্য আমাদের ক্ষয়ক্ষতির পরিমাণ কিভাবে কমানো যায়, এর সঙ্গে কিভাবে সহাবস্থান করতে পারি সেই ধারণার উপর দাঁড়িয়ে এই রিলিফ এবং রিহ্যাবিলিটেশন ডিপার্টমেন্ট হবে। এর নাম ইতিমধ্যে কেন্দ্রীয় সরকার পরিবর্তন করেছেন। সেই সূত্র ধরে আমরাও পরিবর্তন করবো এবং সেই পরিবর্তন যদি আমরা করতে পারি তাহলে আগামী দিনে এ ক্ষেত্রে আমরা একটা ভাল জায়গায় পৌঁছতে পারবো—এই আশা আমরা রাখছি।

শ্রী কমলেন্দু সান্যাল : বন্যাপ্রবণ এলাকাগুলি হল দুই মেদিনীপুর এবং উত্তর ২৪-পরগনা এবং দক্ষিণ ২৪-পরগনা জেলা। এবারের বন্যায় বন্যার্তদের উদ্ধারের জন্য কিছু রেসকিউ সেন্টার তৈরি হয়েছে। অনেক স্কুলেও মানুষ ছিলেন। আমার প্রশ্ন, রেসকিউ সেন্টারে বেশিরভাগ মানুষ ছিলেন, না স্কুল বাড়িতে মানুষ ছিলেন—এই সম্পর্কে যদি কিছু বলেন ?

শ্রী হাফিজ আলম সৈরাণী : আমাদের ত্রাণ দপ্তর সারা পশ্চিমবঙ্গে ২৩০টির মতন ফ্ল্যাড শেল্টার তৈরি করেছে এবং এ ছাড়াও হাডকোর কাছ থেকে ঋণ নিয়ে আমরা কিছু স্কুল বাড়ি চিহ্নিত করেছিলাম যে স্কুল বাড়িগুলিকে আমরা টাকা দিয়ে সেগুলিকে দ্বিতল করা হয়েছিল যাতে বন্যার সময়ে ওই স্কুল বাড়িগুলিকে আমরা শেল্টার হিসাবে ব্যবহার করতে

পারি। সেইসব বাড়িতে এবং নিজেদের নির্মিত ফ্ল্যাড শেল্টারে আমরা ওইসব মানুষগুলিকে তুলে নিয়ে এসেছি।

বার্ধক্য ভাতা প্রাপ্ত কৃষকের সংখ্যা

*২। (অনুমোদিত প্রশ্ন নং *৮০) **শ্রী আবু আয়েশ মণ্ডল** : কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে ডিসেম্বর, ২০০৫ পর্যন্ত রাজ্যে বার্ধক্য ভাতা প্রাপ্ত কৃষকের সংখ্যা কত ?

শ্রী কমল গুহ :

(ক) আমাদের রাজ্যে উক্ত সময়সীমায় ২৫ হাজার ৫ শত ৩ জন কৃষককে কৃষি পেনশন প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

শ্রী আবু আয়েশ মণ্ডল : এই নির্দিষ্ট সময়ের মধ্যে ২৫ হাজার ৫০৩ জনকে বার্ধক্য ভাতা প্রদানের কথা বলা হচ্ছে। এ ক্ষেত্রে আমি নির্দিষ্টভাবে জানতে চাইছি—এই সময়ের মধ্যে আমাদের রাজ্যে যারা বার্ধক্য ভাতা পাওয়ার যোগ্য তার কোনো পরিসংখ্যান আপনি সংগ্রহ করতে পেরেছেন ? সেই সংখ্যাটা কত জানাবেন।

শ্রী কমল গুহ : রাজ্যে মোট কৃষি পেনশন প্রাপকের নির্ধারিত সংখ্যা ২৭৭৭৫। এর মধ্যে আমরা ২৫ হাজার ৫০৩ জনকে কৃষি পেনশন দিতে পেরেছি। এদের মধ্যে অনেকে আবার মারাও গেছে। আবার নতুন দরখাস্ত নেওয়া হচ্ছে। অধিকাংশ দরখাস্তের মধ্যে ভুল থাকে, সেগুলো তদন্ত করার ব্যবস্থা করা হচ্ছে। সেই কারণে নির্দিষ্ট সংখ্যাটা বলা সম্ভব হচ্ছে না।

শ্রী আবু আয়েশ মণ্ডল : মাননীয় মন্ত্রী মহোদয় সঠিক পরিসংখ্যান দিয়েছেন। এক্ষেত্রে নির্দিষ্ট লক্ষ্যমাত্রা বলছেন ২৭৭৭৫, আমাদের রাজ্যে বিগত কয়েক বছর ধরে এই সংখ্যাটা অপরিবর্তিত অবস্থায় রয়েছে। কৃষি পেনশন পাবার ক্ষেত্রে কিছু নিয়ম রয়েছে কৃষি পেনশন পেতে গেলে ৬০ বছর বয়স হতে হবে ইত্যাদি। বিষয়টি সম্পর্কে যদি বলেন ভালো হয়।

শ্রী কমল গুহ : প্রকৃতপক্ষে কৃষি পেনশন প্রাপকের সংখ্যাটা অনেক বেশি, আর্থিক কিছু সমস্যার কারণে আমরা এক্ষেত্রে ঠিকমতো এগোতে পারছি না।

শ্রী আবু আয়েশ মণ্ডল : অতিরিক্ত এবং শেষ প্রশ্ন। কৃষি পেনশনের ক্ষেত্রে ৬০ বছর বয়সসীমা নির্ধারিত আছে। কিছু ক্ষেত্রে অসুস্থতা জনিত কারণে বা দুর্ঘটনার জন্য অনেকে প্রতিবন্ধী হয়ে যাচ্ছেন। সেক্ষেত্রে এইসব কৃষকদের জন্য কি কিছু বিবেচনা করা হচ্ছে ? যদি বিবেচনা করা হয় সেই সংখ্যাটা কত ?

শ্রী কমল গুহ : এক্ষেত্রে সেই ধরনের বিবেচনা করবার কোনো সুযোগ নেই।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় মন্ত্রী মহোদয় জানালেন যে কৃষকদের বার্ধক্য ভাতা প্রাপকের লক্ষ্যমাত্রাটা বৃদ্ধি করা যাচ্ছে না তার কারণ হিসাবে উনি আর্থিক সংকটের কথা বললেন। অথচ আমাদের রাজ্যের আর্থিক অবস্থা দ্রুত ভালো হচ্ছে বলে প্রতিদিনই সংবাদপত্রে বলা হচ্ছে। প্রতিদিনই সংবাদপত্রে মুখ্যমন্ত্রী, অর্থমন্ত্রীর বিবৃতিতে এটা দেখতে পাচ্ছি। রাজ্যের জি. ডি. পি. দ্রুত বৃদ্ধি পাচ্ছে, সমগ্র ভারতবর্ষের মধ্যে আমরা তৃতীয় স্থানে আছি। এই ধরনের খবর সংবাদপত্রে বেরোচ্ছে।

[11.40—11.50 p.m.]

তাহলে কোনটা সত্য ? আর্থিক অবস্থা ভাল হচ্ছে না, নাকি নির্দিষ্ট কারণে দিচ্ছেন না ? আপনার কথা সত্য না মাননীয় মুখ্যমন্ত্রী বা অর্থমন্ত্রীর কথা সত্য ? আর এই যে বার্ধক্য ভাতা দিচ্ছেন তার মধ্যে মহিলা পুরুষের ভাগ আছে কিনা ? থাকলে তার সংখ্যাটা কি ?

শ্রী কমলকান্তি গুহ : আপনি ভুল শুনেছেন। আমি বলেছি ২৭,৭৭৫ জন আমাদের লক্ষ্যমাত্রা আছে। কিন্তু এর মধ্যে কিছু মারা যায়, তার এনকোয়্যারি রিপোর্ট পাওয়া যায় না, আবার কিছু দরখাস্ত করে। আমরা জানি যে এর চেয়ে অনেক বেশি বৃদ্ধ কৃষক আছেন, এই ২৭,৭৭৫ জনের বেশি। কিন্তু আর্থিক অসুবিধার জন্য ইচ্ছা থাকলেও দিতে পারছি না। এই ২৭,৭৭৫ জন যা আমাদের ধরা আছে।

শ্রীশোভনদেব চট্টোপাধ্যায় : আপনি আর্থিক সংগতির কথা বলছেন। কিন্তু রাজ্যের মুখ্যমন্ত্রী এবং অর্থমন্ত্রী বলছেন যে রাজ্যের আর্থিক অবস্থা খুব ভাল, ১ নম্বরে পৌঁছে যাবে আমাদের রাজ্য। সেই জায়গায় দাঁড়িয়ে আপনি একজন দায়িত্বশীল মন্ত্রী বলছেন—রাজ্যে ১০ কোটি মানুষ, তার মধ্যে দিচ্ছেন ২৭,৭৭৫ জনকে বার্ধক্য ভাতা—আর্থিক সংকটের জন্য আরো বেশি মানুষকে দিতে পারছেন না। এই ক্ষেত্রে আপনার কথা সত্য না মুখ্যমন্ত্রী বা অর্থমন্ত্রীর কথা সত্য। আর একটা প্রশ্ন করেছিলাম যাদের এই বার্ধক্য ভাতা দিচ্ছেন তাদের মধ্যে কতজন মহিলা কতজন পুরুষ পাচ্ছেন ?

শ্রী কমলকান্তি গুহ : পেনশান, বিধবা ভাতা, বার্ধক্য ভাতা, পঙ্গু ভাতা, এই রকম নানা ভাতা পঞ্চায়েতের মাধ্যমে দেওয়া হচ্ছে। এই যে টাকা দেওয়া হয় এটা কোনো না কোনো ভাবে তাদের কাছে টাকা পৌঁছে যাচ্ছে। এই সংখ্যাটা অনেক বেশি, সংখ্যাটা সঠিক কত এটা বলতে পারছি না। সবগুলো আমার দপ্তর থেকে দেওয়া হয় না।

শ্রী সুভাষ মণ্ডল : মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার একটা অতিরিক্ত প্রশ্ন। এই যে ২৭,৭৭৫ জন উপভোক্তা আছেন তার মধ্যে ২৫ হাজার উপভোক্তাদের বার্ধক্য ভাতা দিচ্ছেন, আপনার কাছে জেলাওয়ারি কোনো তথ্য আছে কিনা ? আর এই টাকা কত মাস অন্তর উপভোক্তাদের কাছে পৌঁছায় ? অনেক সময় দেখা যায় ৬ মাস পার হয়ে যাওয়ার পরেও তারা টাকা পাচ্ছে না। এই টাকা কোন পদ্ধতিতে পাঠানো হয়, পোষ্টালের মাধ্যমে পাঠানো হয়, না পঞ্চায়েতের মাধ্যমে দেওয়া হয়, এটা অনুগ্রহ করে জানাবেন কি ?

শ্রী কমলকান্তি গুহ : সেই জেলার ইউ. সি. এসে গেলেই পরের বারের টাকা সেই জেলায় পাঠিয়ে দেওয়া হয়।

শ্রী আবদুল মান্নান : মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে আর্থিক সংগতি না থাকার জন্য এই ভাতা বাড়াতে পারছেন না। এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে অনুদান পাওয়ার জন্য রাজ্য সরকার কোনো প্রস্তাব রেখেছেন কখনও ?

শ্রী কমলকান্তি গুহ : আমি আগেই বলেছি এই অবসরকালীন ভাতা, বিধবা ভাতা, বার্ধক্য ভাতা যে সমস্ত মানুষকে দেওয়া হচ্ছে তারা সমাজের বিভিন্ন জায়গায় ছড়িয়ে আছে। তাদের সরকারের তরফ থেকে ভাতা দেওয়া হচ্ছে। আবার মৎসজীবীদের মধ্যে ভাতা পাচ্ছে, বিধবা ভাতা পাচ্ছে, পঙ্গুরা ভাতা পাচ্ছে। এই যে এদের টাকা দেওয়া হচ্ছে এই টাকা সব কৃষি দপ্তর থেকে দেওয়া হচ্ছে না। এদের মধ্যে কৃষকদের যে ভাতা দেওয়া হচ্ছে, যা দেওয়া হচ্ছে তার বেশি দিতে পারা যাচ্ছে না।

শ্রী আবদুল মান্নান : আমি জানতে চাইছি কেন্দ্রীয় সরকারের কাছে আপনি কোনো প্রস্তাব রেখেছেন কিনা এই ব্যাপারে সাহায্য করার জন্য ? বার্ধক্য ভাতা দেওয়া হচ্ছে এটা একটা ভালো ব্যবস্থা। রাজ্য সরকারের আর্থিক সংগতি নেই বলে আরো বেশি মানুষকে দিতে পারছেন না, কেন্দ্রীয় সরকারের কাছে অ্যাপিল করতেই পারেন এটা বাড়ানোর জন্য।

শ্রী কমলকান্তি গুহ : এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের কাছে যাওয়ার প্রশ্নই ওঠে না।

শ্রী আবদুল মান্নান : রাজ্য সরকার বিভিন্ন সময় কেন্দ্রীয় সরকারের কাছে অ্যাপ্রোচ করে। বৃদ্ধ কৃষকদের যে ভাতা দেওয়া হচ্ছে, রাজ্য সরকারের আর্থিক সঙ্গতি সম্পূর্ণ না থাকার জন্য ভাতার পরিমাণ বাড়ানো যাচ্ছে না। এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারকে এগিয়ে আসার জন্য কোনো আহ্বান জানাচ্ছেন কিনা ?

শ্রী কমল গুহ : মোট টাকাটা আমরা এই ভাবে বিভিন্ন স্তরে ভাগ করে দিই। কেন্দ্রীয় সরকারের কাছে চাওয়ার প্রশ্নই আসে না। যে সব মানুষ অসহায় এবং বৃদ্ধ হয়ে গেছে, যারা কোনো কাজকর্ম করতে পারছে না, তাদের বিভিন্ন স্তরে বিভিন্ন দপ্তরের মাধ্যমে টাকা দিয়ে থাকি।

শ্রী পদ্মনিধি ধর : স্যার, আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন হল—এখানে আপনারা সকলেই বোধহয় জানেন যে ১৯৭৭ সালের পর থেকে শুধু কৃষি দপ্তর নয়, আমাদের সমাজ কল্যাণ দপ্তরের মাধ্যমেও যারা কৃষিজীবী এবং যাদের কন্যাসন্তান ছাড়া আর কিছু নেই, তাদেরকে ভাতা দেওয়া হয়। ঠিক তেমনই ৬০ বছর বয়স্ক বৃদ্ধকেও ভাতা দেওয়া হয়। এখানে সমাজ কল্যাণ দপ্তরের মন্ত্রী বসে আছেন। ওনাদের দপ্তর থেকে ৬০ বছরের ঊর্ধ্বে অসহায় বৃদ্ধ, যাদের বয়স হয়েছে, তাদের ভাতা দিচ্ছেন, বিধবাদের ভাতা দিচ্ছেন, প্রতিবন্ধীদের ভাতা দিচ্ছেন, মৎস্যজীবী—যাদের বয়স হয়ে গেছে তাদেরও ভাতা দিচ্ছেন। এই যে বিভিন্ন ধরনের ভাতা দেওয়া হচ্ছে—বামফ্রন্ট সরকারের আগে এই ধরনের কোনো ভাতা ছিল কিনা ? এই যে বিভিন্ন দপ্তর ভাতা দিচ্ছে, তা সকলকে দেওয়া যাচ্ছে না। আর্থিক সঙ্কট নিশ্চয়ই আছে। আপনারা এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের কাছে চাইতে পারেন কিনা এবং এই আর্থিক সংকটের মধ্যে যা দিচ্ছেন, এর আগে সেটা কোনোদিন ছিল কিনা ?

শ্রী কমল গুহ : ১৯৭৭ সালের আগে এই ধরনের কোনো ব্যবস্থাই সরকার করেনি। তাদের এই ধরনের কোনো দৃষ্টিভঙ্গিই ছিল না তো করবে কি।

শ্রী অশোক দেব : এই যে রাজ্যে কৃষকদের জমি কেড়ে নিয়ে শিল্প তৈরি করার চেষ্টা করা হচ্ছে, এই সম্বন্ধে কৃষকদের কথা কি কিছু ভাবছেন ? যাতে কৃষকরা রিলিফ পেতে পারে। মাননীয় মন্ত্রীর এই সম্বন্ধে নিশ্চয়ই কিছু বলার আছে ?

শ্রী কমল গুহ : আমি এই অপ্রাসঙ্গিক প্রশ্নের উত্তর দিতে পারব না।

শ্রীমতী সাধনা মল্লিক : মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার প্রশ্ন এই যে ২৭ হাজার ৭৭৫ সংখ্যাটা বললেন, জেলাওয়ারি এই সংখ্যাটা কত ? এটা জানার জন্য আপনার কাছে অনুরোধ করছি।

শ্রী কমল গুহ : আমি দুঃখের সঙ্গে জানাচ্ছি, এই মুহূর্তে এই বছরের কোনো তথ্য আমার কাছে নেই। আমি আপনাকে পরে জানিয়ে দেব।

শ্রী তাপস রায় : আপনি বয়োঃজ্যেষ্ঠ মানুষ, আমি আপনাকে শ্রদ্ধা করি এবং আপনি কৃষক দরদী মানুষ। কৃষকদের ব্যাপারে আপনি খুব চিন্তিত। কিন্তু এই মুহূর্তে কৃষকরা খুবই যন্ত্রণার মধ্যে আছে। সরকারি এবং বেসরকারি ডেভলপার এবং প্রোমোটারদের জন্যই তারা যন্ত্রণার মধ্যে রয়েছে। এই ব্যাপারে কোনো পজিটিভ পদক্ষেপ আপনি নিচ্ছেন কিনা, ফর দি গ্র্যাবিং বাই দি গভর্নমেন্ট অ্যান্ড নন-গভর্নমেন্ট যে সমস্ত ডেভলপার্স এবং প্রোমোটার্স আছেন, কারণ তাদের মাধ্যমে কৃষকরা বঞ্চিত হচ্ছে। এই গ্র্যাবিং বন্ধ করার কোনো পদক্ষেপ নিচ্ছেন কিনা ?

[11.50—12.00 noon]

আপনি পজিটিভ কোনো পদক্ষেপ নেওয়ার কথা ভাবছেন কিনা বা নিয়েছেন কিনা ?

শ্রী কমলকান্তি গুহ : আমরা তো দেখছি, ভাবছি আরও কিছু দেওয়া উচিত এবং যেটা দিচ্ছি সেটা বোধহয় ভারতবর্ষের মধ্যে সবচেয়ে বেশি দিচ্ছি।

কেন্দ্রীয় সংশোধনাগারে উন্নীত করার পরিকল্পনা

*৩। (অনুমোদিত প্রশ্ন নং *২৪৩) **শ্রী মলয় ঘটক :** কারা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) আসানসোলের বিশেষ সংশোধনাগারটিকে কেন্দ্রীয় সংশোধনাগারে উন্নীত করার কোনো পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে, কবে নাগাদ তা বাস্তবায়িত হবে বলে আশা করা যায় ?

শ্রী বিশ্বনাথ চৌধুরী :

(ক) এরূপ কোনো পরিকল্পনা এখন সরকারের নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

শ্রী মলয় ঘটক : স্যার, কারামন্ত্রী হিসাবে আপনার নিশ্চয়ই নলেজে আছে যে, আসানসোলে যে সংশোধনাগার আছে, রাজ্যে যে ছটি স্পেশাল জেল আছে এটি তার মধ্যে একটি। কিন্তু সেটি থাকা সত্ত্বেও, যেহেতু আসানসোল ঝাড়খণ্ডের বর্ডার বা বিহারের বর্ডার, সেখানে জেল থেকে স্কেপ-এর ঘটনা বেশ কিছু ঘটেছে। যেমন, একটি ঘটনা ঘটেছিল, 'বিহার টাইগার' বলে একজন ক্রিমিন্যাল তাকে জেল থেকে কোর্টে নিয়ে যাবার সময় গুলি চলে। পুলিশের যে স্কট ছিল, তার মধ্যে একজন এ. এস. আই. মারা যায়। সেই 'বিহার টাইগার' পালিয়ে যায়। ঠিক দু-মাস আগে এই ধরনের আরও একটি ঘটনা ঘটেছে। যদিও পরবর্তীকালে তাকে পাড়ার লোকেরা একটা জঙ্গল থেকে ধরে নিয়ে চলে এসেছে। এই জেলে প্রোটেকশন বাড়ানোর জন্য, জেল থেকে কোর্টে নিয়ে যাবার জন্য, যেহেতু এই জেলে প্রচুর বর্ডারিস্ট ক্রিমিন্যালরা থাকে এবং নোটেড ক্রিমিন্যালরা থাকে, আপনার কোনো পরিকল্পনা আছে কিনা ?

শ্রী বিশ্বনাথ চৌধুরী : এ সম্পর্কে ব্যবস্থা নেওয়া থাকে। কিন্তু কোনো ক্ষেত্রে যদি সেটা হয়, তাহলে তার যথোচিত ব্যবস্থা নেওয়া হয়। আর তাছাড়া আমরা স্পেশ্যাল জেলগুলির ক্ষেত্রে বেশ কিছু ফোর্স বিভিন্ন জায়গাতে দেবার চেষ্টা করছি।

শ্রী মলয় ঘটক : এই জেলে যারা থাকছে—এখন তো জেল নয়, সংশোধনাগার—এই সংশোধনাগারে যারা থাকে, আন্ডার ট্রায়াল প্রিজনার হোক বা কনভিকটেড প্রিজনার হোক, তাদের খাবার-দাবারের যে মান তা যথেষ্ট খারাপ হয়ে গেছে। আমরা জেলের মধ্যে মাঝে মাঝে যাই। আইনজীবী হিসাবে আমাদের একটা নলেজ আছে যে, জেলের মধ্যে যে খাবার দেওয়া হয় তা জেলে যারা থাকছে তাদের খাবার অযোগ্য। এই ব্যাপারে আপনাদের স্পেশ্যাল কোনো দেখার বন্দোবস্ত আছে কিনা ; এবং এটা থাকলে আসানসোল জেলে কোনো পরিদর্শন করার পরিকল্পনা আছে কিনা ?

শ্রী বিশ্বনাথ চৌধুরী : বিভিন্ন জায়গাতে জেল ভিজিটিং কমিটি দেওয়া আছে। জেল ভিজিটিং কমিটি যদি কিছু জানায় তাহলে নিশ্চয়ই সে-সম্পর্কে দেখবার চেষ্টা করা হয়। আর আপনার যদি কোনো স্পেসিফিক জায়গার ক্ষেত্রে কোনো অভিযোগ থাকে সেটা আমাকে জানালে নিশ্চয়ই এনকোয়ারি করার চেষ্টা করব।

শ্রী মলয় ঘটক : আমার তৃতীয় এবং শেষ প্রশ্ন হচ্ছে যে, যারা সাজাপ্রাপ্ত আসামী, তাদের জেনারেলি আলিপুর এবং মেদিনীপুর এই সমস্ত জেলে পাঠিয়ে দেওয়া হয়। আমাদের বর্ধমান জেলা বা আশেপাশে পুরুলিয়া জেলা, বীরভূম জেলা বা বাঁকুড়া জেলা, এই চারটি জেলার মধ্যে এমন কোনো জেল নেই যেখানে কনভিকটেড আসামীরা থাকে। ন্যাচারালি ওখানকার পরিবারের লোকজনকে বহু দূরে আসতে হয়। তাদের সঙ্গে দেখাশোনা করার জন্য বা পরবর্তীকালে যদি হাইকোর্ট বা সুপ্রিম কোর্টে তাদের অ্যাপিল করতে হয়, কাগজপত্রে সই

করানোর জন্য আসতে হয়। আসানসোলে এই ধরনের কনভিকটেড আসামীদের রাখার জন্য কোনো বন্দোবস্ত করা হবে কিনা ? কেননা, আসানসোল জেলে যে ক্যাপাসিটি ছিল, দুর্গাপুর জেল হবার পরে চাপ খানিকটা কমে গেছে। যদিও দুর্গাপুরের মহিলা প্রিজনাররা এখনো আসানসোলে থাকে। মেয়েরা এখনো আসানসোল স্পেশ্যাল জেলে থাকে। ওই চার জেলার কনভিকটেড প্রিজনাররা যাতে আসানসোলের জেলে থাকতে পারে, এই ধরনের বন্দোবস্ত রাজ্য সরকার করবেন কিনা ?

শ্রী বিশ্বনাথ চৌধুরী : সেই রকম কোনো ব্যবস্থা করা সম্ভব না। সেন্ট্রাল জেলগুলিতেই এদের রাখবার ব্যবস্থা করা হয়। আর আপনি আসানসোল জেলের যে কথা বলছেন, আসানসোল জেলে বন্দী রাখবার ক্ষমতা হচ্ছে ৫৪২ জন। তার মধ্যে পুরুষ হচ্ছে ৫২০ জন এবং মহিলা ২২ জন। বর্তমানে আছে ২২৯ জন। এর মধ্যে পুরুষ হচ্ছে ২১৭ আর মহিলা ১২ জন। এছাড়া ৪ জন শিশু আছে।

তবে আপনি যেটা বলছেন সেই ধরনের ব্যবস্থা নেওয়া সম্ভব নয়। এগুলো সেন্ট্রাল জেলে রাখা হয়। তবে আপনি যেটা বলেছেন সেটা নিয়ে ভবিষ্যতে চিন্তা-ভাবনা করা যেতে পারে, এই মুহূর্তে সে রকম কিছু নেই।

শ্রী পঙ্কজ ব্যানার্জি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, অতি সম্প্রতি মন্ত্রীসভার একজন প্রাক্তন সদস্য কিছু অভিযোগের ভিত্তিতে আদালতে আত্মসমর্পণ করে বিচারাধীন বন্দী হিসাবে জেলের ভেতরে ছিলেন। জেলের ভেতরে সেই মাননীয় মন্ত্রীকে ভাইফোঁটার দিন ভাইফোঁটা দেওয়া হয়েছে। তাঁর দলের লোকেরা বা জেলের ভেতরে যাঁরা যাওয়া, থাকার বা অনুষ্ঠানে অংশগ্রহণ করার অধিকারী নন তাঁরা সেখানে উপস্থিত হয়ে তাঁকে ভাইফোঁটা দিয়েছিলেন। আর, আপনিও সেই ভাইফোঁটার উৎসবে উপস্থিত ছিলেন। আমি জানতে চাইছি, পশ্চিমবাংলার সব জেলের বিচারাধীন বন্দীদের বাড়ির লোকেরা যদি তাদের জন্মদিন পালন করতে চান, ভাইফোঁটার দিন ভাইফোঁটা দিতে চান জেলের ভেতরে গিয়ে তাহলে তাঁরা সেই অনুমতি পাবেন কিনা ? এবং মাননীয় মন্ত্রীমহাশয়কে যদি তাঁরা সেই অনুষ্ঠানে উপস্থিত থাকতে অনুরোধ করেন তাহলে সেই অনুরোধ আপনি গ্রহণ করবেন কিনা ?

শ্রী বিশ্বনাথ চৌধুরী : মাননীয় সদস্যের প্রথমেই জানা দরকার, আমরা জেলকে সংশোধনাগার হিসাবে চিত্রিত করার চেষ্টা করছি। তবে আপনি যেটা বলছেন সেই বালুরঘাট জেলে প্রথমবার এই ভাইফোঁটা দেওয়া হচ্ছে না। কয়েক বছর ধরেই কিছু ভলান্টারি অর্গানাইজেশন অ্যাপ্লিকেশন করে.....

(মাননীয় মন্ত্রীর বক্তব্য শেষ হওয়ার আগেই মাননীয় সদস্য পঙ্কজ ব্যানার্জি বলতে থাকেন)।

শ্রী পঙ্কজ ব্যানার্জি : আপনি বিষয়টি অন্যান্য সাধারণ কেসের সঙ্গে গুলিয়ে ফেলছেন। তিনি একজন রাজনৈতিক দলের নেতা এবং তাঁর দলের সদস্য-সদস্যারা জেলের মধ্যে গিয়ে তাঁকে ভাইফোঁটা দিয়েছিলেন এবং মন্ত্রী হিসাবে আপনি সেখানে উপস্থিত ছিলেন। সেই ব্যাপারে না গিয়ে আপনি হাউজকে মিসলিড করছেন।

শ্রী বিশ্বনাথ চৌধুরী : আপনি যখন বলেছেন আমাকেও বলতে দিতে হবে, অধিকার আমারও আছে। আমাকে আগে বলতে দিন, তারপর বলবেন। একটা জিনিস জানবেন, জেলের মধ্যে প্রিজনারদের নিয়ে বিভিন্ন সময়ে বিভিন্ন সাহিত্যিক, সমাজসেবী, এই রকম বিভিন্ন পরিচালক অনুষ্ঠান করেন এবং আপনাদের বহু এম. এল. এ. সেই সব অনুষ্ঠানে উপস্থিত থাকেন। আমরা আগে জেলের মধ্যে রবীন্দ্রজয়ন্তী কোনো দিনও করতাম না। এখন করি। আমরা আগে জেলের মধ্যে নজরুল জয়ন্তী করতাম না। এখন করি। জেলের মধ্যে প্রিজনারদের নিয়ে অনুষ্ঠান করা, জেলের মধ্যে বিভিন্ন জায়গায় ভাইফোঁটা করা, জেলের মধ্যে রক্তদান শিবির করা হয়। আর, আপনার প্রশ্নের উত্তরে বলি, সেখানে যদি মাননীয় মন্ত্রীর যাওয়ার সময় থাকে মন্ত্রী মহাশয় যাবেন।

শ্রী পঙ্কজ ব্যানার্জি : মাননীয় অধ্যক্ষ মহাশয় আমরাও জেলে যাই। আমরা ৩০শে জানুয়ারী 'শহীদ দিবস' উপলক্ষে জেলের মধ্যে গিয়ে কারাবন্দীদের ফলমূল দিই, 'শহীদ দিবস' পালন করি। ২ অক্টোবরও বিচারাধীন বন্দীদের কাছে গিয়ে ফলমূল দিয়ে জাতির জনক মহাত্মা গান্ধীর জন্মদিন পালন করি। এগুলো জেনারেল উৎসব। এ বছরও ৩০ জানুয়ারী আমরা জেল বন্দীদের কাছে গিয়েছিলাম। কিন্তু আমার প্রশ্ন, কোনো সাধারণ মানুষ, ভলান্টারি অর্গানাইজেশন সেদিন জেলের বন্দীদের ভাইফোঁটা দিতে যায়নি। একটা রাজনৈতিক দলের একজন আন্ডার ট্রায়াল প্রিজনারকে তাঁর দলের সদস্যরা ভাইফোঁটা দিতে গিয়েছিলেন এবং মাননীয় মন্ত্রী মহোদয় সেখানে উপস্থিত ছিলেন। আমার প্রশ্ন হচ্ছে। আগামী দিনে যদি কোনো বিচারাধীন বন্দীর বাড়ির লোকজন জেলের ভেতরে সেই বন্দীকে ভাইফোঁটা দিতে চান, তাঁরা ভাইফোঁটা উৎসব পালন করতে চান তাহলে আপনি তার অনুমোদন দেবেন কিনা এবং মাননীয় মন্ত্রিমহোদয়কে আমন্ত্রণ জানানো হলে তিনি সেই অনুষ্ঠানে উপস্থিত থাকবেন কিনা ?

শ্রী বিশ্বনাথ চৌধুরী : মাননীয় সদস্য যেটা বলতে চেয়েছেন তার পরিপ্রেক্ষিতে বলি, পার্টিকুলার কোনো প্রিজনারকে দেওয়া হয়নি। এ ব্যাপারে আপনার কাছে ভুল খবর আছে। ওই জেলে যতজন বন্দী ছিলেন সমস্ত বন্দীকে দেওয়া হয়েছিল। ওই অনুষ্ঠান ওখানে সেবারই প্রথম হয়নি। সেখানে ডি. এম. থাকেন।

[12.00—12.10 p.m.]

ডি. আই. জি. থাকেন, প্রিন্সিপ্যাল থাকেন, চেয়ারম্যান থাকেন এবং এইভাবে প্রতি বছরই দেওয়া হয়ে থাকে। কাজেই প্রশ্ন হচ্ছে এটা নিশ্চয় অন্যায় কিছু নয়, অপরাধ কিছু নয়। জেলের মধ্যে যেই থাকুন না কেন—তিনি রাজনৈতিক বন্দী বা যেই হোন না কেন সেটা দেখা হয় না। সেখানে তাঁকে শুধু বন্দী হিসাবেই দেখা হয়। আর আপনি যে বন্দীর কথা বলছেন তিনি এক সময়ে এই বিধানসভার এম. এল. এ. ছিলেন। তিনি অসুস্থ হয়ে পড়েছেন। গতকাল হাসপাতালে ভর্তি হয়েছেন। কোনো পার্টিকুলার লোক এটা বললে বোধহয় ভুল তথ্য। আমি দায়িত্ব নিয়ে বলছি যে ধরনেরই প্রিজনার থাকুক না কেন তাদের সেইভাবে ফোঁটা দেওয়া হয়ে থাকে।

(নয়েজ)

Starred Questions
(to which answers were laid on the Table)

নদী জলোত্তোলন প্রকল্প

*৪। (অনুমোদিত প্রশ্ন নং *৯৪) শ্রী জানে আলম মিঞা : জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বর্তমানে নদী জলোত্তোলন প্রকল্পের মাধ্যমে নদী থেকে ১০ কিলোমিটার দূরত্বের মধ্যে অবস্থিত জমি সেচসেবিত করার নতুন পরিকল্পনা গ্রহণ করা হয়েছে / হচ্ছে ; এবং

(খ) সত্যি হলে, উক্ত পরিকল্পনাটির রূপরেখা কী ?

জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় :

(ক) না

(খ) প্রশ্ন ওঠে না।

'মার্কেট ফি' আদায়

*৫। (অনুমোদিত প্রশ্ন নং *৩০৪) শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক : কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে নিয়মিত বাজারগুলি থেকে ২০০৪-২০০৫ আর্থিক বছরে কী হারে 'মার্কেট ফি' আদায় করা হয়েছে ;

(খ) উক্ত খাতে মোট আদায়ীকৃত অর্থের পরিমাণ কত ; এবং

(গ) ওই বাজারগুলির সংস্কার ও উন্নয়নের জন্য উক্ত সময়ে মোট কত টাকা ব্যয় করা হয়েছে ?

কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় :

(ক) রাজ্যে নিয়ন্ত্রিত বাজার সমিতিগুলি পশ্চিমবঙ্গ কৃষিজ পণ্য বিপণন (নিয়ন্ত্রণ) আইন ১৯৭২, মোতাবেক তন্ডুল জাতীয় কৃষিপণ্য ব্যতীত সমস্ত কৃষিজ পণ্যের উপর শতকরা মূল্যের ১ শতাংশ হারে বাজার শুল্ক (মার্কেট ফি) আদায় করে থাকে। তন্ডুল জাতীয় কৃষিপণ্যের ক্ষেত্রে এই হার শতকরা মূল্যের ০.৫০ শতাংশ। চাষীভাইদের দ্বারা শাক-সবজি উৎপাদিত হয় তাহাদিগকে কোনো শুল্ক দিতে হয় না।

(খ) রাজ্যের নিয়ন্ত্রিত বাজার সমিতিগুলি বাজার শুল্ক (মার্কেট ফি) বাবদ ২০০৪-২০০৫ আর্থিক বছরে কম-বেশি ২৯ কোটি টাকা আদায় করেছেন।

(গ) রাজ্যে নিয়ন্ত্রিত বাজার সমিতিগুলি ২০০৪-২০০৫ আর্থিক বছরে বিভিন্ন উন্নয়ন ও সংস্কারমূলক কাজ বাবদ কম-বেশি ১৪ কোটি টাকা ব্যয় করেছেন।

গভীর নলকূপ প্রকল্প / নদী জলোত্তোলন প্রকল্প

*৬। (অনুমোদিত প্রশ্ন নং *২১৫) **শ্রী সামসুল ইসলাম মোল্লা :** জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১ জানুয়ারী, ২০০১ থেকে ৩১ মার্চ, ২০০৫ পর্যন্ত রাজ্যে কতগুলি গভীর নলকূপ প্রকল্প / নদী জলোত্তোলন প্রকল্পের কাজ শেষ হয়েছে ; এবং

(খ) ২০০৫-২০০৬ আর্থিক বছরে ওইরূপ কতগুলি প্রকল্পের কাজ হাতে নেওয়া হয়েছে ?

জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ২৯৩টি বিভিন্ন ধরনের গভীর নলকূপ প্রকল্প। ৯৫৮টি বিভিন্ন ধরনের নদী জলোত্তোলন প্রকল্প।

(খ) ২৮৬টি বিভিন্ন ধরনের গভীর নলকূপ প্রকল্প। ৩০০টি বিভিন্ন ধরনের নদী জলোত্তোলন প্রকল্প।

শিলিগুড়ি নিয়ন্ত্রিত বাজার

*৮। (অনুমোদিত প্রশ্ন নং *২৫২) **শ্রী রামপদ সামন্ত :** কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, শিলিগুড়ি নিয়ন্ত্রিত বাজার চত্বরে বহু অনুমোদনহীন স্টল মালিক বেআইনি নির্মাণ কার্য করেছে ; এবং

(খ) সত্যি হলে, উক্ত অবৈধ নির্মাণের বিরুদ্ধে সরকার কী ধরনের পদক্ষেপ গ্রহণ করেছে / করছে ?

কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) এ কথা সত্য যে, শিলিগুড়ি নিয়ন্ত্রিত বাজারের প্রধান চত্বরে অনেকগুলি বেআইনি কাজ হয়েছে। যেমন, হিমঘর নির্মাণ, চুক্তি ব্যতীত দোকানঘর নির্মাণ হয়েছে। যেগুলোর দোতলার-তিনতলার কাজ চলছে কোনো অনুমোদন ব্যতীত। শিলিগুড়ি নিয়ন্ত্রিত বাজার সমিতি মুখ্য বাজার চত্বরে ফল, সবজি, মাছ ও মশলাপাতি পাইকারি ব্যবসার জন্য স্টল, ব্যবসায়ীদের সমঝোতা চুক্তির মাধ্যমে প্রদান করা হয়। প্রতিটি সমঝোতা চুক্তির আইনি বিশ্লেষণ

করার কাজ শুরু হয়েছে। ওই কাজ শেষ না হওয়া পর্যন্ত কোনো সিদ্ধান্তে উপনীত হওয়া সম্ভব নয়।

(খ) প্রতিটি সমঝোতা চুক্তির আইনি বিশ্লেষণের কাজ শেষ হলে, সরকার আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবেন।

শ্রী পঙ্কজ ব্যানার্জি : স্যার অ্যাডজর্নমেন্ট মোশান নেওয়ার আগে আমি একটি আবেদন জানাচ্ছি। রাজ্যপালের ভাষণের উপরে যে অ্যামেন্ডমেন্ট দেওয়ার কথা সেই ব্যাপারে আজকে দুপুরে ঠিক করেছেন গ্রহণ করার কথা, যখন বি এ কমিটি বসবেই তখন সেখানে বিষয়টি নিয়ে একটু আলোচনা করলে ভাল হয়।

মি. স্পীকার : রিসেসের সময়ে বি. এ. কমিটি বসবে, আপনি বিষয়টি তুলবেন, আমি বলবার সুযোগ করে দেব, নো প্রবলেম ইন দ্যাট।

ADJOURNMENT MOTION

Mr. Speaker : Today, I have received six notices of Adjournment Motions. The First one is from Shri Kashinath Mishra and Shri Manturam Pakhira on the subject of decision of the Government to allot land to the landless families in the rural areas of the State. The Second one is from Shri Asit Mitra on the subject of demand for withdrawal of alleged false cases filed against some people's representatives and others in the State. The Third one is from Shri Ashok Kumar Deb on the subject of reported trace of false voters in the Voter List in the State. The Fourth one is from Shri Sobhandeb Chattopadhyay, Shrimati Sonali Guha and Shri Jyoti Priya Mallick, the Fifth one is from Shri Saugata Roy and the Sixth one is from Shri Gobinda Chandra Naskar on the same subject of reported murder of Shri Sachin Mukherjee, Vice President of West Bengal Trinamool Congress Party on 05.02.2006.

The subject matter of the third motion is not primarily the concern of the State Government. As such the notice is out of order and I reject it.

The subject matters of remaining five motions are not such that may call for the adjournment of the business of the House. Members will get ample scope to raise the matters during Discussion on Governor's Address which will commence today. Besides, the members may also invite attention of the concerned Ministers through Calling Attention, Mention, Question, etc.

I, therefore, withhold my consent to all these Motions.

One Member of the party may, however, read the text of the Motion as amended.

শ্রী অসিত মিত্র : স্যার, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল—পশ্চিমবাংলার আইনশৃঙ্খলা সম্পূর্ণভাবে ভেঙে পড়েছে। নৃশংসভাবে হত্যা করা হচ্ছে বিভিন্ন বিরোধী দলের রাজনৈতিক কর্মীদেরকে। আসামীদের গ্রেপ্তার করা যাচ্ছে না। তার সঙ্গে যুক্ত রয়েছে বিরোধী দলের নেতা ও কর্মীদেরকে পুলিসের মিথ্যা মামলায় জড়িয়ে দেওয়া। বাধ্য করা হচ্ছে সাধারণ মানুষকে জেল হাজত খাটতে। শাসক দলের বিরোধিতা যারাই করছে তাদের বিরুদ্ধে মিথ্যা মামলা সাজিয়ে দেওয়া হচ্ছে। এর থেকে বাদ যাচ্ছে না বিরোধী দলের সাংসদ, বিধায়ক, প্রাক্তন বিধায়করাও। বহরমপুরের সাংসদ অধীর রঞ্জন চৌধুরীকেও মিথ্যা মামলায় জড়িয়ে দেওয়া হয়েছে এবং তাঁকে বন্দী করা হয়েছে। যারাই শাসকদলের বিরোধিতা করছেন তাদের বিরুদ্ধেই মিথ্যা মামলায় জড়িয়ে দেওয়া হচ্ছে। এর থেকে কেউ রেহাই পাচ্ছে না। আরও চক্রান্ত চলছে নতুন করে মিথ্যা মামলা রুজু করার জন্য। রাজ্য সরকারের পুলিশ এইভাবে নির্বাচনের আগে রাজনৈতিক কর্মী ও সাধারণ মানুষের মনে চরম আতঙ্ক সৃষ্টি করতে চাইছে। বহরমপুরের সাংসদ, প্রাক্তন বিধায়ক, বর্তমান বিধায়ক এবং কর্মীদের বিরুদ্ধে আনা মিথ্যা মামলা প্রত্যাহারের দাবি জানাচ্ছি।

মি. স্পীকার : অতিরিক্ত কথা আপনি যেগুলো বলেছেন সেগুলো এক্সপাঞ্জ হবে।

(নয়েজ)

(এই সময়ে কংগ্রেস সদস্যরা সভাকক্ষ ত্যাগ করেন।)

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : স্যার, আমি অ্যাডজর্নমেন্ট মোশানটি পড়ছি কিন্তু এই মোশানটি পড়বার আগে আপনার কাছে একটি অনুরোধ রাখছি। শচীন মুখার্জি যাঁর মৃত্যুকে কেন্দ্র করে এই অ্যাডজর্নমেন্ট মোশানটি পড়ছি—তিনি আমাদের রাজ্য কমিটির সহ-সভাপতি ছিলেন, সুতরাং আমরা আশা রাখবো আগামীকাল মাননীয় মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য এই বিষয়ে সভায় আলোকপাত করবেন। আমরা আশা করব আপনি মুখ্যমন্ত্রীকে বলবেন তিনি যেন এসে আগামিকাল আমাদের সভাকে এই ঘটনা সম্পর্কে জানান।

জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল—

গত ৫ই ফেব্রুয়ারী সন্ধ্যায় গড়িয়া অঞ্চলে রাজ্য তৃণমূল কংগ্রেসের বলিষ্ঠ নেতা ও সহ-সভাপতি শচীন মুখার্জিকে পরিকল্পিতভাবে শাসকদলের আশ্রিত সমাজবিরোধীরা অত্যন্ত কাছ থেকে গুলি করে হত্যা করে। ঘটনা ঘটার দশ মিনিটের মধ্যে থানা সহ পুলিশের উচ্চ পদস্থ অফিসারদের খবর দেওয়া হয় কিন্তু দুর্ভাগ্যজনক ঘটনা হল পুলিশ প্রায় দু ঘণ্টা পরে

ঘটনাস্থলে আসে। সমাজবিরোধীরা পুলিশ ও প্রশাসনের একাংশের সাহায্যে আতঙ্কের পরিবেশ তৈরির জন্য একজন রাজনৈতিক নেতাকে খুন করেছে।

CALLING ATTENTION

Mr. Speaker: Today I have received three notices of Calling Attention on the following subjects, namely :

	Subjects	Name
(i)	Reported murder of Shri Sachin Mukherjee, Vice-President of the West Bengal Trinamul Congress at Garia under Sonarpur P. S. on 5.2.06	Shri Kashinath Mishra Shri Manturam Pakhira Shri Asit Mitra Shri Saugata Roy Shri Gobinda Chandra Naskar
(ii)	Alleged missing of five hundred case documents from Bongaon Court, North 24 Parganas	Shri Ashok Kumar Deb
(iii)	Construction of a bridge over Jalangi, at Tehatta, Nadia	Shri Kamalendu Sanyal

I have selected the notice of Shri Kashinath Mishra and others on the subject of reported murder of Shri Sachin Mukherjee, Vice-President of West Bengal Trinamul Congress at Garia under Sonarpur P. S. on 5.2.06.

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

Shri Probodh Chandra Sinha: Sir, the statement will be made on 16th February, 2006.

LAYING OF GOVERNMENT BILL UNDER RULE 130(2)

Mr. Speaker: I beg to lay on the Table the West Bengal Municipal Corporation Bill, 2003, as returned by the Governor for reconsideration under rule 130(2) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

REPORT ON PETITION UNDER RULE 163

The Special Secretary-in-Charge (Shri J. L. Chakraborty): Sir, I beg to report to the House, the Petition relating to "Barrenness of agricultural land by the deposition of sand as a result of flood" in the State.

LAYING OF ORDINANCES

The West Bengal Town and Country (Planning and Development (Amendment) Ordinance, 2005

Shri Probodh Chandra Sinha : Sir, with your kind permission I beg to lay the West Bengal Town and Country (Planning and Development) (Amendment) Ordinance, 2005 (West Bengal Ordinance No. VIII of 2005) under Article 213(2)(a) of the Constitution of India.

The East Kolkata Wetlands (Conservation and Management) Ordinance, 2005

Shri Probodh Chandra Sinha: Sir, with your permission I beg to lay the East Kolkata Wetlands (Conservation and Management) Ordinance, 2005 (West Bengal Ordinance No. VII of 2005) under Article 213(2) (a) of the Constitution of India.

LAYING OF RULES

The Kolkata Municinal Corporation (Ward Committee) Rules, 2005

Shri Probodh Chandra Sinha : Sir, with your kind permission I beg to lay the Kolkata Municipal Corporation (Ward Committee) Rules, 2005 published in the Kolkata Gazette Extraordinary dated the 5th December, 2005 under Municipal Affairs Department's Notification No. 590-MA/O/C-4/1A-35/2000 dated the 1st December, 2005.

The Means of Delivery of Notice, Order or Document Rules, 2005

Shri Probodh Chandra Sinha : Sir, with your permission, I beg to lay the Means of delivery of notice, order or document

Rules, 2005 published in the Kolkata Gazette Extraordinary dated the 27th September, 2005 under Power and Non-conventional Energy Sources Department's Notification No. 377-Power/III/3R-12/2005 dated the 26th September, 2005.

[12.10—12.20 p.m.]

The West Bengal Electricity (fees for application for grant of license) Rules, 2005

Shri Probodh Chandra Sinha: Mr. Deputy Speaker, Sir, I beg to lay the West Bengal Electricity (fees for application for grant of license) Rules, 2005 published in the Kolkata Gazette Extraordinary dated the 28th November, 2005 under Power and Non-conventional Energy Sources Department's Notification No. 462-PO/O/III/3R-07/2003 dated the 24th November, 2005.

The West Bengal Motor Vehicles (Third Amendment) Rules, 2005

Shri Probodh Chandra Sinha: Mr. Deputy Speaker, Sir, with your kind permission, I beg to lay the West Bengal Motor Vehicles (Third Amendment) Rules, 2005 published in the Kolkata Gazette Extraordinary dated the 7th October, 2005 under Transport Department's Notification No. 4026-WT/6M-13/2005 dated the 5th October, 2005.

LAYING OF REGULATIONS

The West Bengal Electricity Regulatory Commission (Terms & Conditions for Open Access-Schedule of Charges, Fees & Formats for Open Access) Regulations, 2005

Shri Mrinal Banerjee: Mr. Deputy Speaker, Sir, with your kind permission, I beg to lay the West Bengal Electricity Regulatory Commission (Terms & Conditions for Open Access—Schedule of Charges, Fees & Formats for Open Access) Regulations, 2005 published under Notification No. 21/WBERC dated the 21st September, 2005 in the Kolkata Gazette, Extraordinary dated the 21st September, 2005.

The West Bengal Electricity Regulatory Commission (Terms & Conditions for Open Access) Regulations, 2005

Shri Probodh Chandra Sinha: Mr. Deputy Speaker, Sir, with your permission, I beg to lay the West Bengal Electricity Regulatory Commission (Terms & Conditions for Open Access) Regulations, 2005 published under Notification No. 20/WBERC dated the 30th June, 2005 in the Kolkata Gazette, Extraordinary dated the 30th June, 2005.

The West Bengal Electricity Regulatory Commission (Terms & Conditions of Tariff) Regulations, 2005

Shri Probodh Chandra Sinha: Mr. Deputy Speaker, Sir, with your kind permission, I beg to lay the West Bengal Electricity Regulatory Commission (Terms & Conditions of Tariff) Regulations, 2005 published under Notification No. 25/WBERC dated the 21st November, 2005 in the Kolkata Gazette, Extraordinary dated the 21st November, 2005.

The West Bengal Electricity Regulatory Commission (Miscellaneous Provisions) Regulations, 2005

Shri Probodh Chandra Sinha: Mr. Deputy Speaker, Sir, with your kind permission, I beg to lay the West Bengal Electricity Regulatory Commission (Miscellaneous Provisions) Regulations, 2005 published under Notification No. 23/WBERC dated the 18th October, 2005 in the Kolkata Gazette, Extraordinary dated the 19th October, 2005.

The West Bengal Electricity Regulatory Commission (Standards of Performance of Distribution Licenses Relating to Consumer Services) Regulations, 2005

Shri Probodh Chandra Sinha: Mr. Deputy Speaker, Sir, with your kind permission, I beg to lay the West Bengal Electricity Regulatory Commission (Standards of Performance of Distribution Licenses Relating to Consumer Services) Regulations, 2005 published under Notification No. 24/WBERC dated the 18th October, 2005 in the Kolkata Gazette, Extraordinary dated the 19th October, 2005.

The West Bengal Electricity Regulatory Commission (Recovery of Expenditure for Providing New Connections) Regulations, 2005

Shri Probodh Chandra Sinha: Mr. Deputy Speaker, Sir, I beg to lay the West Bengal Electricity Regulatory Commission (Recovery of Expenditure for providing New Connections) Regulations, 2005 published under Notification No. 22/WBERC dated the 28th September, 2005 in the Kolkata Gazette, Extraordinary dated the 14th October, 2005.

MENTION

শ্রীমতী শান্তা ছেত্রী : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় ফায়ার সার্ভিস মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, দার্জিলিং মিউনিসিপ্যালিটির ফায়ার সার্ভিস ডিপার্টমেন্ট ১৮৮৫ সালে স্থাপিত হয়েছিল এবং দার্জিলিং মিউনিসিপ্যালিটির ১১২টি ফায়ার হাইড্রন্ট ১৯৬৭ সালে বানানো হয়েছিল। কিন্তু আজ সেই ১১২টি ফায়ার হাইড্রন্ট দার্জিলিং-এর কোনো জায়গায় নেই। তার জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় ফায়ার সার্ভিস মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাইছি যে, অতি সত্বর আমাদের দার্জিলিং মিউনিসিপালিটিতে ফায়ার হাইড্রন্ট বানানো হোক। ধন্যবাদ।

শ্রী বঙ্কিম ঘোষ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী এবং উচ্চশিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বর্তমান ইউ. পি. এ. সরকারের আর্থিক অনুমোদন সাপেক্ষে এবং রাজ্য সরকারের আন্তরিক প্রচেষ্টা ও সহযোগিতায় এই রাজ্যের নদিয়া জেলার কল্যাণী মহকুমার অন্তর্গত হরিণঘাটা বিধানসভা কেন্দ্রের হরিণঘাটা ফার্ম ও তার সংশ্লিষ্ট এলাকার প্রায় ২৭২ একর জমির উপর 'ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ সায়েন্টিফিক এডুকেশন অ্যান্ড রিসার্চ সেন্টার' গড়ে তোলার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এই বিজ্ঞান চর্চা কেন্দ্রটি গড়ে তুলতে কেন্দ্রীয় সরকারের ৫০০ কোটি টাকা অনুমোদন-সহ এবং রাজ্য সরকারের প্রদত্ত ২৭২ একর জমি চিহ্নিত হয়েছে। এই কেন্দ্রটি এখানে গড়ে উঠলে বছরে প্রায় ২০০০ ছাত্রছাত্রী বিজ্ঞান বিষয়ক পঠন-পাঠনের মাধ্যমে বিজ্ঞানী হওয়ার সুযোগ পাবে। আমি মাননীয় মুখ্যমন্ত্রী এবং উচ্চশিক্ষা মন্ত্রীকে অনুরোধ করছি এই বিজ্ঞান কেন্দ্রটি গড়ে তুলতে আরো দ্রুত ব্যবস্থা নিতে।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় মন্ত্রী শ্রী বিশ্বনাথ চৌধুরীর—যিনি এখানে উপস্থিত আছেন—দৃষ্টি আকর্ষণ করছি। Government of West Bengal, Department of Women & Child Development and Social Welfare, Writers' Building. যে অর্ডার বেরিয়েছে, তার নম্বর ৩৭৪(২)-এস. ডবলু./এফ. এস./৩ এস.-

২২৫/০৫, ডেটেড ৫ই ডিসেম্বর ২০০৫, সাবজেক্ট হল, Sanction of additional 53 ICDS Projects with 5123 Anganwadi Centres. 5 new ICDS Project Offices and the posts under the ICDS Scheme in this state. এখানে বলা হয়েছে, I am directed, by order of the Governor, to say that as approved by the Government of India, the Governor has been pleased to accord sanction for setting up of 53 ICDS Projects with 5123 Anganwadi Centres, 5 new ICDS Project Offices under the ICDS Scheme in this State as detailed in the enclosed Statement-I. আর একটা অর্ডার বেরিয়েছে, যার নং ৩৭৫(২)-এস.ডবলু. / এফ.এস. / ৩ এস.২২৫ / ২০০৫, ডেটেড ৬ ডিসেম্বর, ২০০৫। এখানে বলা হয়েছে, I am directed, by order of the Governor to say that as approved by the Government of India, the Governor has been pleased to accord for sanction for setting up of 11977 additional number of Anganwadi Centres and the creation of temporary additional posts of Supervisors, Anganwadi Workers and Anganwadi Helpers for the existing ICDS Projects in this State. মন্ত্রী মহাশয় নিজের উদ্যোগে যেটা বার করেছেন কেন্দ্রের কাছ থেকে, সেটা কেন বন্ধ হয়ে গেল, সেটা দয়া করে বলবেন কি ?

শ্রী বিশ্বনাথ চৌধুরী : সেটা বন্ধ করা হয়নি, ইতিমধ্যে সমস্ত জায়গাতেই পৌঁছে গেছে। প্রথম যেদিন অর্ডারটা আমরা বার করি, সেদিন সমস্ত সি. ডি. পি. ও.-দের মিটিং ডাকা হয়েছিল কলকাতায়। আশা করেছিলাম সেদিনই সকলের হাতে হাতে দিতে, যাতে অতি দ্রুততার সঙ্গে সেটা পেয়ে যায়। কিন্তু দেখা গেল স্টাফরা রাত্রি তিনটে, সাড়ে তিনটে পর্যন্ত এই প্রজেক্টের কাজ করেছে এবং সেখানে কিছু টাইপিং মিস্টেক থেকে গেছে। ফলে পরের দিন ডি. এম.-দের বলি যেটা পাঠানো হয়েছে তার অ্যাকশন যেন না নেওয়া হয়, আমরা আবার পাঠাচ্ছি। আপনি শুনলে খুশি হবেন যে, ইতিমধ্যে সমস্ত জায়গাতেই এটা পাঠিয়ে দিয়েছি, যেভাবে পাঠানো দরকার সেই ভাবেই সমস্ত জায়গাতে চলে গেছে।

[12.20—12.30 p.m.]

শ্রী সমর হাজরা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র এবং মেমারি বিধানসভা কেন্দ্রের একটি গুরুত্বপূর্ণ রাস্তা হচ্ছে নদীপুর মোড় থেকে খানপুর পর্যন্ত রাস্তাটি। তার নদীপুর মোড় থেকে জৌগ্রাম রেল গেট পর্যন্ত অংশ বর্ধমানের মধ্যে পড়ে আর জৌগ্রাম থেকে খানপুর পর্যন্ত হুগলির পোরশান। হুগলির রাস্তাটির মেরামতের কাজটি হয়ে গেছে। কিন্তু বর্ধমানের পোরশানে যে রাস্তাটি সেটি এখনও মেরামত করা হয়নি। খানা, খন্দ, গর্তের মধ্যে দিয়ে বাস, ট্রেকার চলছে। তাই আমি মাননীয় মন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি যে, অবিলম্বে নদীপুর মোড় থেকে জৌগ্রাম রাস্তাটি মেরামত করা হোক।

শ্রী শেখ ইলিয়াস মহম্মদ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পূর্ব মেদিনীপুর জেলার নন্দীগ্রাম বিধানসভা এলাকায় নন্দীগ্রাম, তেরোপাখিয়া ৯ কিলোমিটার পাকা রাস্তা। এই রাস্তাটির উপরে ডেঙ্গুয়া খালের উপরে একটি সেতু ছিল। ২ বছর আগে সেতুটির উপর দিয়ে একটি ভারি মালবাহী লরি গেলে সেতুটি সম্পূর্ণভাবে ভেঙে যায়। এই সেতুটি ভেঙে যাওয়ার ফলে নন্দীগ্রাম, তেরোপাখিয়া পর্যন্ত যে রাস্তাটি আছে, তার যোগাযোগ ব্যবস্থা সম্পূর্ণ ব্যাহত হচ্ছে। পূর্ত দপ্তরকে বারবার বলা সত্ত্বেও আজ পর্যন্ত এই সেতুটি নির্মাণের কোনো ব্যবস্থা হয়নি। আমি মাননীয় মন্ত্রীর কাছে জানাচ্ছি যে, নন্দীগ্রাম বিধানসভা এলাকার জনগণের যাতায়াতেরও ভীষণ অসুবিধা হচ্ছে। ডেঙ্গুয়া খালের উপরে যে সেতুটি আছে, সেই সেতুটি নির্মাণের জন্য আমি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : (অনুপস্থিত)

শ্রী অশোক দেব : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি এই কথা বলতে চাই যে, হাউসে মন্ত্রীর সংখ্যা অত্যন্ত কম। আমি আপনার মাধ্যমে আরও যে কথা বলতে চাই যে, রাজ্যে কমপক্ষে দশ লক্ষ ভূয়ো রেশনকার্ড পাওয়া গেছে। এই যে ভূয়ো রেশন কার্ড পাওয়া গেছে এদেরও চিনি, কেরোসিন তেল সরবরাহ করা হয়েছে। এতে তো সরকারি পয়সার অপচয় ঘটছে। এই যে ১০ লক্ষ ভুয়ো রেশন কার্ড পাওয়া গেল, এই ক্ষেত্রে সরকার কি ব্যবস্থা নিয়েছেন ? এই রেশন কার্ড দেখিয়েই তো ইলেকশন হচ্ছে, চাকরি হচ্ছে আর যথার্থই যাদের রেশন কার্ড পাওয়ার কথা তারা পাচ্ছেন না। যারা অরিজিনাল, রেশন কার্ড যারা পাবেন তাদেরও সার্টিফিকেট দিতে হচ্ছে ! এই ব্যাপারটাও দেখা দরকার। যাদের ভুয়ো রেশন কার্ড আছে আমি তাদের শাস্তি দাবি করছি। সাধারণ লোক হোক বা কোনো অফিসার হোক তাকে শাস্তি দেওয়া হোক, আমি এই দাবি করছি।

শ্রী জানে আলম মিঞা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গোটা মুর্শিদাবাদ জেলা জুড়ে বি. এস. এফ.-এর অত্যাচার ভীষণভাবে বাড়ছে। বর্ডার এলাকা দিয়ে যে সমস্ত ব্যবসায়ী বা চাষিদের যাতায়াত করতে হয় তাদের উপর অত্যাচার চলছে ভীষণভাবে। সূতী বিধানসভার বর্ডার এলাকায় সমস্ত চাষিরা তাদের জমিতে চাষ করতে পারছে না। ওখানে যে কলাই চাষ হয়েছে বাংলাদেশের লোকেরা সেগুলো নিয়ে পালিয়ে যাচ্ছে। এর উপর বি. এস. এফ.-এর অত্যাচার। হয়রানি বাড়ছে। তাই স্যার, আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে এলাকার পক্ষে আবেদন করছি এবং দৃষ্টি আকর্ষণ করছি যে, এই বিষয়ে তিনি যেন কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলোচনা করেন এবং সেই এলাকার চাষিরা তাদের নিজেদের জমিতে সঠিকভাবে যাতে চাষ করতে পারে এবং ফসল ফলাতে পারে, তার জন্য ব্যবস্থা গ্রহণ করেন। এই কটি কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী অসিত মিত্র : স্যার, আমি আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী তথা পুলিশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার আপনি জানেন যে, বানতলা ধানতলায় যে, ঘটনা ঘটেছিল, তাতে বামফ্রন্টের মুকুটে নিশ্চয় গৌরবের পালক ওঠেনি। তাতে বামফ্রন্ট সরকারের মুকুটে

কলঙ্কের পালক উঠেছিল। ধানতলায় ঘটনা নিয়ে অনেক কিছু হয়েছে। অপরাধীদের কয়েক জনের বিরুদ্ধে পুলিশ চার্জশিট দিয়েছে। স্যার, অত্যন্ত দুঃখের ঘটনা আপনার কাছে জানাই যে, গত কয়েকদিনের মধ্যে বানতলার ধানতলার ঘটনা বর্ধমানের ভাতারে ঘটেছে। গতবার বরযাত্রীর বাস ছিল। এবারে বামফ্রন্টের মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রীর আশ্বাসে বরযাত্রীর বাসের বদলে কনেযাত্রীর বাস থামানো হয়েছে এবং শাসকদলের চেষ্টায় তারা সমস্ত কিছু কেড়ে নেওয়ার চেষ্টা করেছে। দুর্বৃত্তরা ডাকাতি লুঠতরাজ করেছে। মেয়েদের শ্লীলতাহানি করেছে। প্রাথমিক স্তরে পুলিশ কোনো অভিযোগ নিতে চায়নি। কনেযাত্রীর লোকরা অনেক কষ্টে পুলিশের কাছে অভিযোগ দায়ের করেছে। স্যার, আপনার মাধ্যমে অবিলম্বে মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি যে, যারা এই কনেযাত্রীদের বাসে লুঠতরাজ চালিয়েছে, হামলা করেছে, মারধোর করেছে, তাদের বিরুদ্ধে সমস্ত রকম শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হোক এবং তাদেরকে গ্রেপ্তার করা হোক।

শ্রী পঙ্কজ ব্যানার্জী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার একটা পয়েন্ট অফ অর্ডার আছে। স্যার, এবারও এই অধিবেশনের আগে আমরা সকলে যখন সর্বদলীয় কমিটিতে বসেছিলাম, তখন সেখানে সকলেই বলেছিলাম যে, উল্লেখপর্ব চলার সময় হাউসে যেন গুরুত্বপূর্ণ কয়েকজন মন্ত্রী উপস্থিত থাকেন। কারণ এই সময়ে যখন গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা করা হবে এবং সমস্যাগুলি তুলে ধরা হবে তখন মন্ত্রীরা তার উত্তর দেবেন। আমাদের এই কথা শুনে মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় পরিষদীয় মন্ত্রীকে অনুরোধ করেছিলেন, এই উল্লেখপর্বের সময়ে যেন গুরুত্বপূর্ণ মন্ত্রীরা উপস্থিত থাকেন।

মিঃ ডেপুটি স্পীকার : এখানে পরিষদীয় মন্ত্রী রয়েছেন, উনি ব্যাপারটা দেখছেন।

শ্রী পঙ্কজ ব্যানার্জী : স্যার, এখানে এইকথা বলছি কারণ সর্বদলীয়ভাবে আলোচনা করে কোনো লাভ নেই। গভর্নমেন্ট গভর্নমেন্টের মতো চলুক। আপনি এই ব্যাপারে পরিষদীয় মন্ত্রীকে বলুন। উনি এই ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করুন। তা নাহলে মেনশন করে কোনো লাভ নেই। এখানে শুধুই কয়েকটি কথা লিপিবদ্ধ করা হবে। এই ব্যাপারটি ঠিক নয়। এই ব্যাপারে সংসদীয় মন্ত্রী মহাশয়কে বলতে বলুন।

শ্রী ভবানীশঙ্কর হাতিয়াল : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় পঞ্চায়েত মন্ত্রী মহাশয় এবং মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে কিছু কথা বলতে চাই। স্যার, এখানে আমি গোপীবল্লভপুর বিধানসভা ক্ষেত্রের অন্তর্গত ব্লক (২)-এর একটি সমস্যার কথা তুলে ধরছি।

[12.30—12.40 p.m.]

গোপীবল্লভপুর ২ নম্বর ব্লকের বি. ডি. ও.-র দাম্ভিকতা, তাঁর আমলাতান্ত্রিক মনোভাব, তাঁর স্বৈরতান্ত্রিক মনোভাব এবং জনপ্রতিনিধিদের সঙ্গে তাঁর অসহযোগিতার ফলে প্রশাসন একেবারে বিপর্যস্ত হয়ে পড়েছে। উন্নয়নের কাজ বন্ধ হয়ে গেছে, লক্ষ লক্ষ টাকা পড়ে আছে, জনস্বার্থ বিঘ্নিত হচ্ছে। এমনকি বিধায়ক এলাকা উন্নয়ন প্রকল্পের জন্য ২০০৪-২০০৫, ২০০৫-২০০৬-এর স্কীমগুলো এখনও পর্যন্ত জেলা উন্নয়ন দপ্তরে জমা পড়েনি। এই সমস্যার

সমাধানের জন্য এবং জনস্বার্থ রক্ষার জন্য আমি মাননীয় পঞ্চায়েত মন্ত্রী মহাশয় এবং মাননীয় স্বরাষ্টমন্ত্রী তথা মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী সৌগত রায় : স্যার, আমি আপনার মাধ্যমে, রাজারহাট-নিউ টাউনে জমি বিলি নিয়ে যে বেআইনি কাজকর্ম হচ্ছে, সে ব্যাপারে হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। বামফ্রন্ট সরকার রাজারহাট-নিউ টাউনকে নিজেদের বিরাট বড় কীর্তি বলে প্রচার করছেন। সেখানে সাধারণ মধ্যবিত্ত, তারা টাকা জমা দিয়ে লটারির মাধ্যমে ২ লক্ষ টাকা কাঠা হিসেবে জমি পাচ্ছেন। তার মানে এক বিঘার দাম ১ কোটি ২০ লক্ষ টাকা। কিন্তু সেখানে কয়েকটি সংস্থাকে বাল্ক জমি দেওয়া হচ্ছে। তারা কেউ কেউ হাউসিং প্রোজেক্ট করছে, কেউ কেউ আই. টি. পার্ক করছে। এরকম একটি সংস্থার নাম বেঙ্গল গ্রীণ ফিল্ড। প্রাক্তন মুখ্যমন্ত্রীর ছেলে চন্দন বসুকেও জমি দেওয়া হয়েছে। সল্টলেকে তাঁর একটা জমি নিয়ে প্রশ্ন উঠেছে। এছাড়া যাদের বিরাট বিরাট জমি দেওয়া হয়েছে তাদের নামগুলো বলছি : বেঙ্গল-শ্রাচী—টোডি ; বেঙ্গল অম্বুজা—নেওটিয়া, বেঙ্গল ডি.সি.এল.—ডি.সি.পি.এল. ; বেঙ্গল পিয়ারলেস, এরকম কয়েকটি সংস্থাকে বিরাট বিরাট জমি দেওয়া হয়েছে। এর আগে রাজারহাটে ডি. এল. এফ. অকশনে ৩ কোটি টাকা পার একর হিসেবে জমি কিনেছেন। এইভাবে জমি বিলি হয়েছে। আরেকটি কোম্পানি, প্রসূন মুখার্জীর কোম্পানিকেও জমি দেওয়া হয়েছে। এঁদেরকে কত টাকা দিয়ে জমি দিয়েছেন, সেটা আপনারা বলছেন না। সরকার গরীব কৃষকদের উচ্ছেদ করে বিভিন্ন সংস্থাকে যে জমি দিলেন, সেই জমি কত টাকায় দিলেন সেটা বলছেন না। যেসব কোম্পানিকে জমি দিলেন তাদেরকে কিভাবে সিলেক্ট করলেন সেটা আপনারা বলছেন না। জমি দেওয়ার ব্যাপারে ওপেন টেন্ডার না করে বিভিন্ন কোম্পানি বা সংস্থাকে আপনারা জমি দিলেন। এ ব্যাপারে সি.পি.এম. পার্টি বিরাট স্ক্যাম্ করেছে। এই জমি বিলির ব্যাপারে অবিলম্বে সি.বি.আই. তদন্ত দাবি করছি।

শ্রী আবুল হাসনাৎ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পঞ্চায়েত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। রঘুনাথগঞ্জ - ১ নম্বর পঞ্চায়েত সমিতির অধীন দফরপুর গ্রাম পঞ্চায়েতের সুজাপুর চৌরাস্তার মোড় থেকে দফরপুর—ঘাট হয়ে রাণীনগর গ্রাম পঞ্চায়েতের রাণীনগর ফেরীঘাট পর্যন্ত ৫ কিলোমিটার রাস্তাটি প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনায় পাকা করার জন্য আবেদন জানাচ্ছি। কারণ রাস্তাটি নির্মিত হলে এলাকার কৃষিজীবী মানুষ তাঁদের উৎপাদিত ফসল বাজারে নিয়ে যেতে পারবেন। বেকারদের কর্ম-সংস্থান হবে। রোগাক্রান্ত মানুষকে চিকিৎসার জন্য জঙ্গীপুর মহকুমা হাসপাতালে নিয়ে যেতে সুবিধা হবে। এ ছাড়া ছাত্রছাত্রীদের স্কুল-কলেজ যেতে সুবিধা হবে। এই রাস্তাটি দ্রুত নির্মাণ করার জন্য মাননীয় পঞ্চায়েত মন্ত্রী মহাশয়ের হস্তক্ষেপ দাবি করছি। ধন্যবাদ।

শ্রী রামপদ সামন্ত : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিধায়ক এলাকা উন্নয়ন প্রকল্পে বিদ্যুতায়ন সংক্রান্ত যে সমস্ত স্কীম দেওয়া হয়ে থাকে সেই কাজগুলি ঠিকমতো হচ্ছে না। বিদ্যুত দপ্তর নানাবিধ অসুবিধা দেখিয়ে, টেকনিক্যাল অসুবিধা দেখিয়ে এই কাজগুলি ঠিকমতো করছে না। বিধায়করা যখন এই স্কীমগুলি দেন তখন সেই স্কীমগুলির এগজিকিউটিভ এজেন্ট কে হবেন সেটা তাঁরা ঠিক করে দেন না। জেলা প্রশাসন এটা ঠিক করে থাকেন। আমার বিধানসভা এলাকা পিঙ্গলা, সেখানে

ডি.এম.ব্লক অফিসকে চিঠি দিয়ে এই কাজগুলি সম্পন্ন করার জন্য বলেছেন। বি.ডি.ও. স্থানীয় বিদ্যুত দপ্তরের সঙ্গে যোগাযোগ করে যে স্কীমগুলি জমা দেওয়া হয়েছে সে ব্যাপারে বিদ্যুত দপ্তর বলছে, 'আমরা ওই ভাবে কাজ করতে পারব না। আমরা কাজ করব ডি.এম. যদি আমাদের কাছে লিখিত ভাবে জানিয়ে যদি অনুমোদন করেন তাহলেই।' এই ধরনের কতগুলি টেকনিক্যাল অসুবিধার সৃষ্টি করে প্রকৃতপক্ষে এম.এল.এ. কোটায় ইলেক্ট্রিফিকেশানের কাজগুলি ব্যাহত হচ্ছে। ডি.এম. ব্যক্তিগত ভাবে অনেক বিধায়ককে ডেকে আলোচনা করেছেন, তিনি বলেছেন, 'এই কাজগুলি করতে বিদ্যুত দপ্তরের অসুবিধা হচ্ছে, আপনারা আপনাদের স্কীমগুলি একটু পাল্টে দিন। তাহলে এই কাজগুলি আপনাদের সময়কালেই সম্পন্ন হবে।' কিন্তু আমরা যে স্কীমগুলি দিয়েছি সেগুলি জনগণ জানেন এবং আমরা তাদের কাছে দায়বদ্ধ ; কাজেই আমরা এগুলি পাল্টাতে পারব না।

শ্রী কমলেন্দু সান্যাল : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্ত ও সড়ক দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। নদিয়ার হাউলিয়া মোড় থেকে তেহট্ট বাজারের যে পথ, সেটা অত্যন্ত গুরুত্বপূর্ণ। প্রতিদিন হাজার হাজার নিত্যযাত্রী ওই পথ দিয়ে যাতায়াত করে থাকে। ছাত্রছাত্রী, রোগী, অফিস কর্মচারী সবাইকে যেতে হয়। এটা মহকুমা শহরে পরিণত হয়েছে। এই রাস্তাটি প্রায় এক কিমি-র কিছু বেশি এবং এটা পি.ডব্লু.ডি. (রোডস্)-এর আওতায়। অনেকদিন ধরে বলা সত্ত্বেও রাস্তাটি মেরামত করা হচ্ছে না। এই রাস্তাটি যাতে দ্রুত মেরামত করা হয় তার জন্য আমি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

ZERO HOUR

শ্রীমতী শান্তা ছেত্রী : মিঃ ডেপুটি স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকা কার্সিয়াং-এ বহুদিন ধরে রেশনিং সিস্টেম টোটালি ফেলিওর। আজ ৩ সপ্তাহ হয়ে গেল রেশনে চিনি পাওয়া যাচ্ছে না। আমি মাননীয় খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাইছি এই পাহাড়ি এলাকা একটা নন-প্রোডাকটিভ এরিয়া তাই আলাদা ভাবে এর গুরুত্ব দিয়ে এটা দেখা হোক বলে আমি অনুরোধ করছি।

শ্রী শেখ ইলিয়াস মহম্মদ : মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমাদের দেশের ইতিহাসে একটা বিরলতম দৃষ্টান্ত স্থাপিত হয়েছে। কেন্দ্রের ইউ.পি.এ. গভর্নমেন্ট দিল্লি এবং মুম্বাই বিমানবন্দর বেসরকারিকরণ করার ফলে দেশের ১২৪টি বিমান বন্দরের কর্মীরা জয়েন্ট ফোরামের মাধ্যমে আন্দোলনে সামিল হন এবং ৩ দিন ধর্মঘটে সামিল হন। তাদের মূল বিষয় ছিল তাদের চাকরির নিশ্চয়তা ও বিমান বন্দর বেসরকারিকরণ-এর বিরুদ্ধে। কেন্দ্রের ইউ. পি. এ. গভর্নমেন্ট তাদের আন্দোলনকে স্তব্ধ করে দেওয়ার জন্য মুম্বাই এবং দিল্লির বিমান বন্দরের কর্মীদের উপরে আক্রমণ শাণিত করে। শেষ পর্যন্ত প্রধানমন্ত্রীর হস্তক্ষেপের ফলে বিমান কর্মীদের চাকরির নিশ্চয়তার নিশ্চিত হওয়ায় আন্দোলন প্রত্যাহিত হয়, কিন্তু বেসরকারিকরণের বিরুদ্ধে আন্দোলন চলছে এবং চলবে। আমরা বামপন্থীরা বেসরকারিকরণের বিরুদ্ধে, তাই আমরা এই আন্দোলনকে সমর্থন জানাই।

শ্রী অশোক দেব : স্যার, আপনার অনুমতি নিয়ে আমার সাবজেক্টটা একটু চেঞ্জ করছি। একটু আগে মাননীয় সৌগতদা যে কথা বললেন আমি সেই একই সুরে এই কথা বলতে চাইছি যে এখন জমি নিয়ে প্রচণ্ড কেলেঙ্কারি হচ্ছে। আমাদের রেজ্জাক মোল্লা সাহেব আসার পর থেকে জমি নিয়ে কেলেঙ্কারি প্রচণ্ডভাবে ছড়িয়ে গেছে।

[12.40—12.50 p.m.]

আমার এলাকায় একটা স্কুলের খেলার মাঠ আছে। সেই স্কুলে ২২শত ছেলেমেয়ে পড়াশুনা করেন। আশেপাশে যত স্কুল সেখানে তারা খেলাধূলা করে এখানে অনেক সি. পি. এম.-এর সদস্য আছেন, যাঁরা শিক্ষক যেমন পদ্মনিধিবাবু আছেন, তাঁরাও বলবেন স্কুলের মাঠ ক্লাব পায় না। এই জমানায় স্কুলের মাঠ ক্লাবকে দেওয়া হচ্ছে। হাইকোর্ট তার রায়ে পরিষ্কার বলে দিয়েছে, মাঠটা স্কুলকে দেওয়া হোক।' রেজ্জাক সাহেব তিনি চেষ্টা করছেন মাঠটা যাতে ক্লাব পায়। এই যদি হয় দিনের পর দিন আগামী দিনে স্কুলের মাঠ থাকবে না। স্কুলের মাঠ যাতে স্কুল পায় সেই ব্যবস্থাটা করুন। ক্লাব খেলুক, সেখানে স্কুলের অনুমতি নিয়ে খেলা উচিত। সেই ব্যাপারে টার্মস অ্যান্ড কন্ডিশানও থাকা দরকার। মাঠটা যাতে স্কুলকে দেওয়া হয় সেটা দেখা দরকার। এর ফলে এলাকার মানুষ শান্তি পাবে, এলাকার ২২শত ছেলেমেয়ের গার্জেন এবং বিশিষ্ট মানুষজন তারা প্রত্যেকেই লিখিতভাবে মন্ত্রী মহাশয়কে জানিয়েছেন, তিনি উপেক্ষা করছেন। এটা বন্ধ করুন, মাঠটা যাতে স্কুলকে দেওয়া হয় সেটা দেখা দরকার। এই আশা আমি রাখছি।

শ্রী সৌগত রায় : স্যার, আমি আপনার মাধ্যমে এই হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। মুখ্যমন্ত্রীর সম্প্রতি কিছু সিদ্ধান্তের ব্যাপারে। মুখ্যমন্ত্রী, গত হাউস শেষ হওয়ার পর ইন্দোনেশিয়ায় গিয়েছিলেন, ওখানে সালিমগোষ্ঠীর সঙ্গে চুক্তি সই করে বলেন, ওঁর জীবনে সবচেয়ে খুশির দিন, কিসের খুশি। সালিমগোষ্ঠীকে ৫ হাজার একর উর্বর কৃষিজমি ওদেরকে তুলে দেওয়া হবে শিল্পনগরী, স্বাস্থ্যনগরী, জ্ঞাননগরী ইত্যাদি করার জন্য। এই নিয়ে দক্ষিণ ২৪-পরগনার কৃষকদের মধ্যে প্রচণ্ড বিরোধিতা আছে। আজ পর্যন্ত হাউসে এমনকি রাজ্যপালের ভাষণে কোথাও এই সরকার কিছু বললেন না সালিমগোষ্ঠীকে নিয়ে, তাঁদের সঙ্গে যে চুক্তি করা হচ্ছে, সেখানে তাঁদের কত জমি দেওয়া হবে, কত কৃষক উচ্ছেদ হবে, এর বিনিময়ে কি শিল্প হবে। শুনেছি, উলুবেড়িয়ায় একটা ছোটো পচা মোটর সাইকেল-এর কারখানা হবে। এটা নিয়ে নাকি সালিমগোষ্ঠী পশ্চিমবাংলার উপর চেপে বসবে। আমি মনে করি, বামফ্রন্ট সরকারের যে দেউলিয়া মনোভাব, ব্যাঙ্কক্রাপসি ইন পলিটিক্যাল অ্যান্ড ইকনমিক আইডিয়াস্ থেকে দেখছি, ইন্দোনেশিয়া থেকে এক পচাগোষ্ঠীকে প্রসূন মুখার্জী এনে পশ্চিমবাংলায় শিল্পের বিকাশ করতে চাইছে। সালিমগোষ্ঠীকে যে ৫ হাজার একর জমি দেওয়া হচ্ছে আমি তার তীব্র বিরোধিতা করছি। অবিলম্বে এই ব্যাপারে স্বচ্ছতা আনার জন্য বিধানসভায় একটা শ্বেতপত্র প্রকাশের দাবি করছি। সেটা দেখলে বোঝা যাবে বামফ্রন্ট সরকারের দুর্নীতি এবং স্ক্যামের মধ্যে কতটা জড়িয়ে আছে।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মন্ত্রিসভা তথা উচ্চশিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবাংলার বিভিন্ন কলেজগুলিতে বিশেষত সেন্ট জেভিয়ার্সে ইউ. জি. সি. ন্যাক-এর মাধ্যমে তাদের স্বায়ত্তশাসন দেবার জন্য সেখানে উদ্যোগ নেওয়া হয়েছে, ইন্সপেকশান হয়েছে। অনুরূপভাবে প্রেসিডেন্সি কলেজে ন্যাকের মাধ্যমে ইন্সপেকশান হয়েছে। মুখ্যমন্ত্রী মহাশয় সেখানকার প্রাক্তন ছাত্র, এই ব্যাপারে তিনি আরো বেশি উদ্যোগী হয়ে স্বায়ত্তশাসন থেকে আরম্ভ করে বিভিন্ন ভাবে সেখানে তিনি চেষ্টা করছেন। দক্ষিণবঙ্গে বাঁকুড়া খ্রিশ্চান কলেজ, সেখানে ন্যাকের ইন্সপেকশান টিম আসবে এবং তারা সেখানে ইন্সপেকশান করবেন। আজকে যখন বিকেন্দ্রীকরণ করা হচ্ছে, বাঁকুড়া খ্রিশ্চান কলেজ-এর উন্নতি হবে, বাঁকুড়া, পুরুলিয়া, মেদিনীপুর জেলা উপকৃত হবে, এটাকে বিশ্ববিদ্যালয় হিসাবে চিহ্নিত করা হলে শিক্ষার বিস্তার হবে। বাঁকুড়া খ্রিশ্চান কলেজকে বিশ্ববিদ্যালয় হিসাবে চিহ্নিত করা হোক এবং তাদের স্বায়ত্তশাসন দেওয়ার জন্য মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। তাছাড়া বাঁকুড়া সম্মিলনী কলেজ ন্যাকের পরিদর্শনের পরে যাতে গ্রেডেশান পায় তার ব্যবস্থা করার জন্য মাননীয় উচ্চশিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ন্যাক বিভিন্ন কলেজগুলিকে স্বায়ত্তশাসন এবং সুযোগ-সুবিধা দেওয়ার কথা বলেছেন—ফিনানসিয়াল এবং অ্যাকাডেমিক দিক থেকে সেটা দেওয়ার ব্যবস্থা করুন ও সেটা দ্রুত কার্যকরী করার দাবি জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী জানে আলম মিঞা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার জলঙ্গী মহকুমায় প্রায় চল্লিশ হাজার বিঘা জমি ফারাক্কা ফিডার ক্যানেল হওয়ার পরে ডুবে আছে। গ্রীষ্মকালে ওই জমি থেকে জল সরে যাওয়ার পরে সেখানে চাষীরা বোরো চাষ করে। কিন্তু এবারে গঙ্গার উজানে উত্তরপ্রদেশ এবং বিহার এত পরিমাণ জল তুলে নিয়েছে নদী থেকে যে জল একেবারে নেমে গেছে। চাষীরা সেখানে বোরো চাষ করতে পারছে না। আমি চাষীদের পক্ষ থেকে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আবেদন করছি, কেন্দ্রীয় সরকার এবং ফারাক্কা ব্যারেজ কর্তৃপক্ষের সঙ্গে কথা বলে এক, দুই সপ্তাহের মধ্যে সেখানে জলের ব্যবস্থা করতে না পারলে সেখানে চাষীরা বোরো চাষ করতে পারবে না এবং তাদের সর্বনাশ হবে। সারা বছর তাদের খাদ্যাভাবে ভুগতে হবে। কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলোচনা করে আরও বেশি পরিমাণে জল যাতে ছাড়া হয় এবং সেই এলাকায় চাষীদের চাষ করার সুযোগ দেওয়ার আমি দাবি করছি।

শ্রী তারক বন্দ্যোপাধ্যায় : (নট কলড্)

শ্রী জ্যোতির্ময় কর : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী, মাননীয় ত্রাণ ও সমবায় মন্ত্রী এবং পরিষদীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। পূর্ব মেদিনীপুরের বিস্তীর্ণ এলাকায় যখন বন্যা হয়েছিল তখন এই তিনজন মন্ত্রী আমাদেরকে ডেকে সেখানে মিটিং করেছিল। মাননীয় পরিষদীয় মন্ত্রী এখানে আছেন, তিনি যদি বিস্মৃত না হন, তার মনে থাকা উচিত, সেখানে আলোচনা হয়েছিল, (১) কাঁথি ও এগরা মহকুমাকে বন্যা কবলিত এলাকা বলে ঘোষণা করা হবে। (২) আমন চাষের জন্য সমবায় ঋণ যেটা দেওয়া হয়েছিল, সেটাকে একেবারে ওয়েভ না করে, এক বছরের জন্য বিলম্বিত করা হোক। তার জন্য চাষীদের অতিরিক্ত সুদ প্রদান করতে হবে না। ডানে, বায়ে দুজন মন্ত্রীকে বসিয়ে

মাননীয় বিত্তমন্ত্রী এই ঘোষণা করেছিলেন। কিন্তু সেই কমিটিই বাস্তবায়িত হল না। কেন আজও পর্যন্ত ওই দুটি মহকুমাকে বন্যা কবলিত এলাকা হিসাবে ঘোষণা করা হল না এবং কেন কৃষি ঋণ এক বছরের জন্য বিলম্বিত করার সুযোগ দেওয়া হল না, তার জন্য চাষীদের অতিরিক্ত সুদ দিতে হবে না। আজও পর্যন্ত তার জন্য কোনো নির্দেশনামা কেন বার করা গেল না সেটা আমরা জানতে চাই। আপনারা অসত্য কথা বলেন, কিন্তু দয়া করে মানুষকে ধাপ্পা দেবেন না। আপনারা সেখানে যে প্রতিশ্রুতিগুলো দিয়ে এসেছিলেন সেটাকে কার্যকরী করার জন্য আমি আবার মাননীয় মন্ত্রীমহাশয়দের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী অসিত মিত্র : স্যার, নির্বাচন সামনে দেখে বামফ্রন্টের নেতা এবং মন্ত্রীরা প্রমাদ গুনছেন, তাদের মনেই হয়েছে তারা আর ফিরে আসতে পারবে না ক্ষমতায়। তাই তারা ভিত্তি প্রস্তরের রাজনীতি শুরু করেছেন। গত কয়েক দিন ধরে রাজ্যের বিভিন্ন জায়গায় ভিত্তি প্রস্তর স্থাপিত হয়েছে।

[12.50—1.00 p.m.]

কোথাও আবার নিরুপম সেনকে দিয়ে বিদ্যুতের ২৬০০ মেগাওয়াট ভিত্তি প্রস্তর স্থাপন করলেন, কিন্তু এতদিন কেটে গেল কিছুই হল না। গতকাল রাজারহাটে জল প্রকল্পের উদ্বোধন এখানকার মুখ্যমন্ত্রীকে দিয়ে করাতে পছন্দ হল না, ত্রিপুরার মুখ্যমন্ত্রীকে নিয়ে এলেন। তিনি বললেন, এখানে এত উন্নতি হচ্ছে যা সারা দেশের অনুকরণযোগ্য। আমার অনুরোধ, অবিলম্বে এই ভিত্তি প্রস্তর স্থাপন করা বন্ধ করা হোক এবং তাঁরা যখন জানেন নির্বাচনের ফলাফল কি হবে সেটা কেউ বলতে পারবে না, সুতরাং ভিত্তি প্রস্তর স্থাপন করে ভোটারদের প্রভাবিত করা ছাড়ুন। যে কাজগুলি সমাপ্ত হয়েছে সেগুলির উদ্বোধন করুন, তাতে আমার কোনো আপত্তি নেই এবং সেটা যদি আমার এলাকায় হয় তাহলে সেখানেও উদ্বোধন করুন কিংবা বিভিন্ন এলাকাতেও হতে পারে। কিন্তু নতুন করে ভিত্তি প্রস্তরের রাজনীতি বামফ্রন্ট সরকার বন্ধ করুন। এর থেকেও দুঃখজনক ঘটনা হচ্ছে, গত ২ দিন আগে কাটোয়া বিধানসভা এলাকায় একটা বিদ্যুৎ প্রকল্পের ভিত্তি প্রস্তর স্থাপন হল। সেখানে নিরুপম সেন এবং মৃণালকান্তি ব্যানার্জী মহাশয়রা ছিলেন। কিন্তু যিনি স্থানীয় বিধায়ক, শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জী, যাঁকে আপনারা সবাই জানেন, পুরানো বিধায়ক, তাঁকে খবর পর্যন্ত দেওয়া হয়নি। এখানে পার্লামেন্টারি অ্যাফেয়ার্স মিনিষ্টার বসে আছেন। তিনি জানেন, সংসদীয় রীতিতে স্থানীয় বিধায়ককে কোনো সরকারি অনুষ্ঠান হলে ডাকতে হয়। এই না ডাকার সিদ্ধান্তটা সঠিক, না ভুল সে ব্যাপারে আমি ওনাকে সিদ্ধান্ত নিতে অনুরোধ করছি। যদি ভুল হয়, তাহলে মন্ত্রীদের এই বিধানসভায় দাঁড়িয়ে তা বলার জন্য অনুরোধ করছি। আমি আবার আপনার মাধ্যমে রাজ্য সরকারের কাছে আবেদন জানাচ্ছি এবং আপনার কাছেও আবেদন করছি, আপনি রাজ্য সরকারকে বলুন, এই ভিত্তি প্রস্তরের রাজনীতি বন্ধ করতে। তা যদি না হয় তাহলে এতে সাধারণ মানুষের মনের মধ্যে সংসদীয় রীতিনীতির প্রতি বিরূপ প্রতিক্রিয়ার সৃষ্টি হবে।

মিঃ ডেপুটি স্পীকার : এখন বিরতি, আবার আমরা ২-৩০ মিনিটে মিলিত হবো।

(At this stage the House was adjourned till 2.30 p.m.)

DISCUSSION ON GOVERNOR'S ADDRESS

মিঃ স্পীকার : Mr. Pankaj Banerjee, you are to make your submission.

শ্রী সৌগত রায় : May I make it on his behalf. স্যার, আমাদের পার্টির একজন নেতা মারা গেছেন, পঙ্কজ বন্দ্যোপাধ্যায় সেখানে গেছেন।

স্যার, রাজ্যপালের ভাষণের ওপর অ্যামেন্ডমেন্ট দেওয়ার জন্য আজকে বেলা ৩টে পর্যন্ত আপনি সময় দিয়েছিলেন। এ ক্ষেত্রে আমার অনুরোধ হল আপনি যদি এই টাইমটাকে এক্সটেন্ড করেন তবে ভালো হয়। মাঝে কয়েকদিন ছুটি থাকার জন্য সকলে এই অ্যামেন্ডমেন্ট দিতে পারেননি।

মিঃ স্পীকার : ঠিক আছে, কালকের মধ্যে দিয়ে দেবেন।

শ্রী সৌগত রায় : স্যার, মাননীয় রাজ্যপাল সংবিধানের ধারা অনুযায়ী যে বক্তৃতা দিয়েছেন, আমি তার বিরোধিতা করছি। আমি রাজ্যপালের ভাষণের ওপর আমাদের আনা সংশোধনীকে সমর্থন করছি। স্যার, অনেক সময় দেখা যায় কোনো বক্তৃতা ট্রাভেস্টি অফ ট্রুথ হয়ে যায়। রাজ্যপালের বক্তৃতায় এক জায়গায় লেখা আছে—Law and order situation is highly satisfactory ২ তারিখে রাজ্যপাল বক্তৃতা দিয়েছিলেন, আর ৫ তারিখে সন্ধেবেলায় ৮.৩৫ মিনিটে মুখ্যমন্ত্রীর কেন্দ্রের বাসিন্দা বিশিষ্ট তৃণমূল কংগ্রেস নেতা গড়িয়ায় বড়ো রাস্তার ওপর খুন হলেন। এত Law and order situation is highly satisfactory যে খুন হওয়ার দেড় ঘণ্টা পরেও মৃতদেহ পড়ে রইল, পুলিশ ঘটনাস্থলে উপস্থিত হলো না। খুন হওয়ার পরে দেড় ঘণ্টা পার হয়ে গেলেও মৃতদেহ পড়ে রইল, পুলিশ ঘটনাস্থলে উপস্থিত হলো না। এই ঘটনার পরে ৩৬ ঘণ্টা পার হয়ে গেছে, এখনো পর্যন্ত কোনো অপরাধীকে গ্রেপ্তার করা যায়নি। অথচ আমাদের রাজ্যপাল বলছেন Law and order situation is highly satisfactory তাঁর কথাকেই আমাদের মেনে নিতে হবে ? স্যার, গত পরশু দিন একটা ঘটনা ঘটেছে বর্ধমানের কাঁকসায় মারো গ্রাম থেকে কনে-যাত্রীরা গিয়েছিলেন, তাদের ওপর আক্রমণ হয়েছে। তাদের কাছ থেকে সমস্ত কিছু লুটপাট করে নেওয়া হয়েছে। তাদের ওপর শারীরিক অত্যাচার হয়েছে। রাজ্যপাল বলছেন Law and order situation is highly satisfactory। তাহলে কি আমাদের সেটাই মেনে নিতে হবে—স্যার, আসলে পশ্চিমবাংলায় এখন যেটা হচ্ছে এটা নির্বাচনের পরে যা ঘটবে তারই সূচনা, এটা আমরা নির্বাচন হওয়ার আগেই দেখছি। নৈতিকতা ও বাস্তবতা দু-দিক থেকেই মুখ্যমন্ত্রীর এইসব ব্যাপারে কর্তৃত্ব থাকা দরকার। সেটা কিন্তু থাকছে না। এটা প্রতিদিন হারিয়ে যাচ্ছে। এবং ক্রমশই দিন যত যাচ্ছে এটা প্রমাণ হয়ে যাচ্ছে যে তথাকথিত গণতান্ত্রিক সৌধের ওপরে উনি রয়েছেন, সেই সৌধটাই জাল ভোটার দিয়ে তৈরি করা। আজকে দেখা যাচ্ছে যে মুখ্যমন্ত্রীর সমর্থনের ভিত্তিটাই জাল। প্রত্যেকদিন পর্যবেক্ষকরা যাচ্ছেন বিভিন্ন জেলায় এবং সেখান থেকে গোছা গোছা জাল ভোটার বের হচ্ছে। মৃত

ভোটার, চলে যাওয়া ভোটার, ডুপ্লিকেট ভোটার, অপ্রাপ্ত-বয়স্ক ভোটার, এমনকি বাংলাদেশের নাগরিক, তারাও ভোটার। এই ভিত্তির উপর মুখ্যমন্ত্রী দাঁড়িয়ে আছেন। মুখ্যমন্ত্রী সবার, বাংলার মুখ্যমন্ত্রী। এই নৈতিক অথরিটি থাকে কি করে ? কি করে এই ভিত্তি তৈরি হল ? অত্যন্ত সুপরিকল্পিতভাবে বামফ্রন্ট এই ভিত্তিটা তৈরি করেছে। জাল রেশন কার্ডে ভর্তি। কেন্দ্রীয় সরকারের তথ্য দপ্তর কি জানিয়েছে ? পশ্চিমবাংলায় জনসংখ্যা হলো ৭ কোটি ৯০ লক্ষ। আর এখানে রেশন কার্ডের সংখ্যা হলো ৮ কোটি ৭৫ লক্ষ। তারমানে ৮৫ লক্ষ ভুয়া রেশন কার্ড আছে। এতো ভুয়া রেশন কার্ডের কি কারণ ? বাংলাদেশ থেকে এলো, সি.পি. এম. পঞ্চায়েতকে ধরল, তার রেশন কার্ড হয়ে গেল। কিন্তু সে বাংলাদেশেরও ভোটার থাকলো। তারপর সে ৬ নম্বর ফর্ম ভর্তি করে আবেদন করল, ''আমি এখানকার নাগরিক, ভোটে আমার নাম তুলে দাও।'' নাম উঠে গেল। পশ্চিমবাংলায় যে কোনো জায়গায় অবজারভাররা যাচ্ছে, গাদা গাদা ভুয়া ভোটার পাচ্ছেন। আর মাত্র ১৯ জন তো অবজারভার, কত বার করবে ! এই জাল রেশন কার্ডের উপর ভিত্তি করে, এই জাল ভোটারের উপর ভিত্তি করে উনি মুখ্যমন্ত্রী। ওনার এই নৈতিক কর্তৃত্ব থাকে কি করে। একটা গণতান্ত্রিক রাজ্যে এই ভাবে নির্বাচনে মুখ্যমন্ত্রীর নৈতিক কর্তৃত্ব নেই। শুধু এখানেই শেষ নয়, ভুয়া রেশন কার্ড, ভুয়া ভোটারের ব্যাপারে জাল রেশন কার্ড এবং জাল পরিচয়পত্র বানাতে গিয়ে ধরা পড়েছে গাইঘাটার সি. পি. এম. সদস্য। ধরা পড়ার পর ওই চিত্ত বিশ্বাস এবং পরিমল বিশ্বাস সম্বন্ধে অনিল বিশ্বাস বলছেন যে ওদের পার্টি থেকে তাড়িয়ে দেওয়া হয়েছে। এতো দিন পার্টির হয়ে জাল রেশন কার্ড এবং জাল পরিচয়পত্র তৈরি করল, যেই ধরা পড়ল তখন বলা হল পার্টি থেকে তাড়িয়ে দিয়েছি। এটাকে 'চোখ ওলটানো' বলে। চোখ ওলটানো মানে তাকে আর চিনতে পারছে না। সব ক্ষেত্রে একই অবস্থা। হুব্বা শ্যামল বলুন, পিনাকি মিত্র বলুন, বুলটন বলুন, সালিম বলুন, হাতকাটা দিলীপ বলুন, ওদের দিয়ে সি.পি.এম ইলেকশান করল। যেই ধরা পড়ল, চোখ উল্টে দেওয়া হল, তখন আর চিনতে পারছেন না কোথাকার লোক সে ! এই ভাবে নৈতিক কর্তৃত্ব এই সরকারের চলে গিয়েছে। রাজ্যপালের বক্তব্যে উল্লেখ হয়নি সাম্প্রতিক এই রকম ঘটনা, আমি একটার পর একটা উল্লেখ করতে পারি যাতে মুখ্যমন্ত্রীর কর্তৃত্ব কিভাবে চলে গিয়েছে। এয়ারপোর্টের স্ট্রাইকটা দেখুন। প্রাইভেটাইজেশান হবে দিল্লি এবং মুম্বাই বিমান বন্দর। কলকাতা বিমান বন্দরের প্রাইভেটাইজেশান হবে না, মর্ডানাইজেশানের কোনো প্রশ্ন নেই, কলকাতা বিমান বন্দর অচল হয়ে গেল ! সেখানে সি. পি.এম., সি.পি.আই মিলেমিশে আছে, বিমান বন্দরে স্ট্রাইক হল। প্লেন একমাত্র বন্ধ হল কলকাতা বিমান বন্দরে, সব শেষে ধর্মঘট শেষ হল কলকাতা বিমান বন্দরে, সবচেয়ে বেশি নোংরা অবস্থার সৃষ্টি হল কলকাতা বিমান বন্দরে। মুখ্যমন্ত্রী কি করলেন ? সেই দিন ফিকির একজিকিউটিভ কমিটির মিটিং ছিল, গিয়ে বললেন, ''আমি ক্ষুব্ধ, ভীষণ অসুবিধা হয়েছে মানুষের, এর জন্য আমি দুঃখিত।'' তাঁর পার্টির লোকেরা লাল ঝাণ্ডা নিয়ে স্ট্রাইক করল, আর মুখ্যমন্ত্রী বণিক সভায় গিয়ে দুঃখ প্রকাশ করছেন। তাঁর কর্তৃত্ব চলে গিয়েছে, নাকি নাটক, সেটা আপনারা বিচার করবেন। রাজ্যপাল মহোদয় আসল জিনিসটা বলছেন না যে মুখ্যমন্ত্রী কি বলতে চান আর কি করতে চান। তাঁর কর্তৃত্ব আছে কিনা বুঝতে পারছি না,

তার আর একটা উদাহরণ আমি এখানে দিচ্ছি। বেশ কিছুদিন আগে সিটু "ভারত বন্ধ" করল। সেইদিন মুখ্যমন্ত্রী গাড়ি করে যে রাস্তা দিয়ে যাচ্ছিলেন সেই রাস্তা দিয়ে 'সিটু'-র মিছিল যাচ্ছিল। মুখ্যমন্ত্রী গাড়ি থেকে নেমে বললেন, 'তোমরা একটু সরে যাও।' ব্যবসাদাররা বললেন, 'কি মহানুভব।' মুখ্যমন্ত্রীর স্ত্রী গাড়ি করে পার্কসার্কাস দিয়ে যাচ্ছিলেন, 'সিটু'র মিছিলে গাড়ি আটকা পড়ে গিয়েছিল। লোকেরা বলল, উনি কি মহানুভব। মজার ব্যাপার হল, মুখ্যমন্ত্রী বললেন যে, তথ্য প্রযুক্তিতে ধর্মঘট হবে না। সেকটর ৫-এ মানববাবুর যে আই. টি. আছে, সেখানকার গাড়ির উপর একটা করে স্টিকার লাগিয়ে দেওয়া হয়েছিল যাতে সেই গাড়ি না আটকানো হয়। স্ট্রাইকের দিন টেনে টেনে সেই লোকগুলোকে গাড়ি থেকে নামানো হয়েছে। ২৪ ইনটু ৭ ইন্ডাস্ট্রিতে ধর্মঘট হওয়ার কথা নয়, সেখানে ধর্মঘট হয়ে গেল। মুখ্যমন্ত্রী বললেন, দুঃখিত। রাজ্যপালের বক্তব্যের দু-তিন স্ট্যান্জা জুড়ে রয়েছে নকশালদের কার্যকলাপ। ওরা একটা কমপ্যাক্ট রিভলিউশনারি জোন বানাতে চাচ্ছে অন্ধ্র থেকে নেপাল অবধি।

[2.40—2.50 p.m.]

নেপালে মাওবাদীরা খুবই শক্তিশালী, সে কথা বলা আছে। গত ৩১ ডিসেম্বর বান্দোয়ানের ভোমরাগড়া গ্রামে সি. পি. এম.-এর নেতা রবীন্দ্রনাথ কর এবং তাঁর স্ত্রী নিহত হলেন, গুলি বিদ্ধ হলেন নকশালপন্থীদের দ্বারা। এটা আজ পর্যন্ত জানি না যে নকশালপন্থীদের মোকাবিলা সরকার কোন রাস্তায় করছেন ! সেদিন বিকেলে পশ্চিমবঙ্গের আরেকজন যিনি মুখ্যমন্ত্রী, তিনি বিবৃতি দিয়ে বললেন—আমি অনিল বিশ্বাসের কথা বলছি—'এর মধ্যে তৃণমূল এবং কংগ্রেস জড়িত আছে। ওরা কেন নিন্দা করল না।' সরকার থেকে বলল না যে, কি তাদের রিঅ্যাকশান ! আরেকজন মুখ্যমন্ত্রী আছেন, তিনি বামফ্রন্টের চেয়ারম্যান, তিনি ভোমরাগড়া গ্রামে গিয়ে বললেন, 'এমনভাবে নিজেদের সুসজ্জিত করুন যাতে কেউ ফিরে যেতে না পারে।' অস্ত্র হাতে ধরার কথা বললেন। এখানেই শেষ নয়। সি. পি. এম.-এর জেলা সম্পাদক দীপক সরকার ঝাড়গ্রাম গেলেন, ওই নকশাল অধ্যুষিত এলাকায়। তিনি সেখানে গিয়ে বললেন, 'কালো কাপড় পরা লোক দেখলেই ৫০০ লোক তীর-ধনুক টাঙ্গি নিয়ে তাদের উপর লাফ দিয়ে ঝাঁপিয়ে পড়ুন। তাহলে মুখ্যমন্ত্রীর লাইন কোনটা ? রাজ্যপাল তো বলছেন, "চিন্তার ব্যাপার।" তাহলে কি এটাই লাইন ঠিক হল ? রাজ্যের পুলিশি ব্যবস্থা, না কেশপুরের স্টাইলে আরেকটা অপারেশন হবে, তীর-ধনুক নিয়ে ৫০০ লোক ঝাঁপিয়ে পড়বে ; সেটাও বলা মুশকিল ! ডি. ওয়াই. এফ. আই.-এর সেক্রেটারি ঝাড়গ্রাম গেলেন, তিনি বললেন, 'পুলিশকে থুতু দিতে হয়।' কার পুলিশ ? আমাদের পুলিশ নয়, মুখ্যমন্ত্রীর পুলিশ। ডি. ওয়াই. এফ. আই.-এর ছেলেটার নাম অসীতাঙ্গ না এরকম কি যেন একটা নাম হবে, আমি কখনও নামটা শুনিনি। যাই হোক, ভালো নামই হবে। তিনি বললেন, 'মুখ্যমন্ত্রীর পুলিশের মুখে থুতু দিতে হবে।' এই মুখ্যমন্ত্রীর রাজ্য শাসন করার অথরিটি আছে ? দেখুন, এখানেই শেষ নয়। সেদিন ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে কো-অর্ডিনেশন-এর সভা হল। আরেকজন প্রাক্তন মুখ্যমন্ত্রী সেদিন বক্তৃতা দিলেন। তিনি বললেন, "এই তো

আমাদের সরকার অনেক চাকরি দেবেন বলেছেন। সরকারি চাকরি হবে, আবার শিক্ষকের চাকরিও হবে।" আমি ভাবলাম, ইলেকশানের আগে বলেই বললেন বোধ হয়। পরের দিন আরেকজন মুখ্যমন্ত্রী বললেন, থুড়ি আমি অনিল বিশ্বাসের কথা বলছি, উনি বললেন, 'অত চাকরি হবে না, শুধু শিক্ষকদের চাকরি হতে পারে।' কার কথা ঠিক ? কোনটা বিশ্বাস করব ঠিক বুঝতে পারছি না। আজকে বুদ্ধবাবু নিশ্চয়ই বক্তৃতার শেষে বলবেন তিনি কোথায় দাঁড়িয়ে আছেন। ইস্যু-এয়ারপোর্ট স্ট্রাইক, সিটুর স্ট্রাইক, নকশালদের বা মাওবাদীদের মোকাবিলা, নতুন সরকারি চাকরি দেওয়া, হোয়্যার ডাজ বুদ্ধবাবু স্ট্যান্ড অন অল দিজ ম্যাটারস, 'উনিই বুঝবেন। সি. পি. এম.-এর একজন মন্ত্রীর জাস্ট মন্ত্রিত্ব গেছে। ১৮ বছর ধরে যার বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা আছে। তিনি মুসলিম পরিবারদের বাড়ি জ্বালিয়ে দিয়েছিলেন, মুসলিম মহিলাদের মেরেছিলেন। ১৮ বছর স্যাংশন হয়নি। হঠাৎ শুনলাম তিনি অ্যারেস্ট হবেন। এতদিন মন্ত্রিত্ব করেছেন, লাল আলো সাদা গাড়িতে চেপে দাপিয়ে ঘুরে বেড়িয়েছেন, রাইটার্সে মন্ত্রিত্ব করেছেন। মামলা কিন্তু এতদিন হচ্ছিল। হঠাৎ তিনি মন্ত্রিত্ব থেকে পদত্যাগ করে মিছিল করে ঢুকে গেলেন জেলে। আবার অনেকদিন পর জেল থেকে বেরিয়ে এলেন। এই সেদিন ওনাকে হাউসে দেখলাম। এই ব্যাপারে ওদের বক্তব্য কি ? এতদিন মুখ্যমন্ত্রী রইলেন, এর আগে তো নারায়ণ বিশ্বাসকে গ্রেপ্তার করা হল না ! তার আগে ওরা ওনাকে সমর্থন করছিল না, না অন্য কোনো চাপে তিনি অ্যারেস্ট হলেন। এই কথার উত্তর সি. পি. এম.-এর পক্ষ থেকে কেউ দেয়নি। মুখ্যমন্ত্রী আজকাল মুখে কুলুপ এঁটে থাকেন। আবার বলা হল— যেসব ওয়ারেন্ট যাদের বিরুদ্ধে আছে, তাদের গ্রেপ্তার হতে হবে। আমরা শুনলাম, আমিও তার মধ্যে একজন। ২৪শে ফেব্রুয়ারি, ১৯৯৪-তে মমতা ব্যানার্জী এবং আমি বারাসাতে গিয়েছিলাম, বিরাট কাছারি ময়দানের সভায়। পুলিশ সেখানে লাঠি চার্জ করল এবং গুলি চালাল। হাসপাতালের মধ্যে আমাদের চোখের সামনে গোবিন্দ ব্যানার্জী বলে একটা ছেলে মারা গেল, আরেকটা ছেলে রতন দাস ১ বছর পর মারা গেল এবং কিছু গ্রেপ্তার হল। আমরাও মার খেলাম, লাঠি পেটা খেলাম। আমাদের লোকেরাও আহত হল। এতদিন পর শুনলাম, বুদ্ধবাবুর পুলিশ নাকি ওয়ারেন্ট ইস্যু করেছে আমাদের গ্রেপ্তার করবে বলে ; ওরা বুদ্ধিমান তো ! আমরা বললাম, 'ভাল, আমরা কোর্টে গিয়ে সারেন্ডার করব না। আমরা তো গণ আন্দোলন করেছি। আমরা মার খেয়েছি। অ্যারেস্ট হওয়া উচিত ছিল পুলিশের এস. পি. রচপাল সিংয়ের। তাকে গ্রেপ্তার করা উচিত ছিল। অ্যারেস্টেড হব না, পারলে বুদ্ধদেববাবুর পুলিশ আমাদের গ্রেপ্তার করুক।' হাইকোর্ট শোভনদেববাবুর মামলাটা নাকচ করে দিয়েছে। মমতা বন্দ্যোপাধ্যায় আর আমারটা পেন্ডিং আছে। বুদ্ধদেববাবুকে বলছি, আপনি হাউসে বলুন, কবে আমাদের গ্রেপ্তার করবেন ? পুলিশ বলছে, 'আমরা খুব অন্যায় করেছি।' স্যার, আমি যে কথাটা বলতে চাইছিলাম, এই যে সরকার এটা একটা এডিফিসি। একটা জাল, নকল সরকার উইদাউট মর‍্যালিটির ভিতের ওপরে দাঁড়িয়ে আছে। আমি বারবার বলেছি, মুখ্যমন্ত্রী কখনও দিল্লির মন্ত্রীকে বলছেন, ভুয়ো রেশন কার্ড ধরুন। কিন্তু ভুয়ো রেশন কার্ড ধরা হচ্ছে না। গত বছর ১৯ লক্ষ বাতিল হয়েছিল। কিন্তু বাকি ৮৫ লক্ষের কি হল ? বসিরহাটে গরু, ছাগলের নামে রেশন কার্ড হয়েছে। এই জিনিস চলবে

পশ্চিমবাংলায় ? এই জায়গায় ভুয়ো ভোটার লিস্ট নিয়ে, ভুয়ো রেশন কার্ড নিয়ে সি.পি. এম. কর্তৃত্ব করবে ? আজকে সকালে আমি হাউসে একটা মেনশন করেছিলাম যে, কিছুদিন আগে সুপ্রিম কোর্ট জ্যোতি বসু এবং মাননীয় মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে একটা শোকজ দিয়েছিল যে, কি ভিত্তিতে সল্টলেকে জমি বিলি করেছিলেন ? প্রাক্তন একজন বিচারপতি, ভগবতী প্রসাদ ব্যানার্জী, তাঁর বাড়ি অকশান হয়ে গেল। তিনি বললেন, জ্যোতিবাবু অনেককে জমি দিয়েছেন। অনেকের সঙ্গে তাঁকেও জমি দিয়েছেন। তিনি চন্দন বসুকে জমি দিয়েছেন। টিভিতে শুনলাম তিনি বলছেন, ওই জমি চন্দনের নয়। ওই জমি চন্দনের মামার কাছ থেকে উইল করে পেয়েছে। বাংলায় মামাকে বলা হয় বাবার শ্যালক। শ্যালককে কে জমি দিয়েছিলেন ? তিনি কি ফ্রিডম ফাইটার ছিলেন বলে জমি পেয়েছিলেন, না, শ্যালক বলে পেয়েছিলেন ? চন্দন আগে যে বাড়িতে থাকত সেটার কি হল ? একটা জমির কথা বলছেন ? নিউ টাউনে বেঙ্গল গ্রীন ফিল্ড একটা তৈরি হচ্ছে। কে মালিক, প্রাক্তন মুখ্যমন্ত্রীর ছেলে চন্দন বসু। শুধু একটা নয়, বেঙ্গল ইউনিট, তার মালিক কে— প্রসূন মুখার্জী। বেঙ্গল শ্রাচী, তার মালিক কে, শ্রাবণ টোডি। বেঙ্গল পিয়ারলেসের মালিক এস.কে. রায়। এরা প্রত্যেকে নিউ টাউনে জমি পেয়েছে। জমি পেয়ে তারা বিরাট বিরাট প্রোজেক্ট তৈরি করছেন। একজন বাঙালি যদি দু'কাঠা জমি চায়, তাকে জমি পাওয়ার জন্য লটারিতে লাইন দিতে হবে। লটারিতে সে যদি জমি না পায় তাহলে তাকে টাকা ফেরত নিতে হবে। তাদের ক্ষেত্রে দু'লক্ষ টাকা কাঠা প্রতি দিতে হবে। আর এরা কত লক্ষ টাকায় জমি পেয়েছে ? চন্দন বসু, সাধন দত্ত, পিয়ারলেসের এস.কে.রায়, শ্রাবণ টোডি, বেঙ্গল অম্বুজার নিউটিয়াকে কত টাকায় জমি দেওয়া হয়েছে তা আজ পর্যন্ত কেউ জানে না। কি পদ্ধতিতে তাদের জমি দেওয়া হয়েছে তা কেউ জানে না। নিউ টাউনে জমি দেওয়ার ক্ষেত্রে একটা স্ক্যাম হয়েছে। ওরা স্বচ্ছতার কথা বলছেন। আমি খুব সহজ করে একটা কথা বলছি—আই.টি. পার্কে ওয়েবেলের একটা জমি ছিল। ডি.এল. এফ.-কে তারা ওই জমি বিক্রি করেছে তিন কোটি টাকা একর প্রতি। আমি জানতে চাই, বাকি যারা জমি পেয়েছে তারা কি তিন কোটি টাকা একরে জমি পেয়েছে ? জয়েন্ট সেক্টরে হাউজিংয়ে যারা জমি পেয়েছে, তারা কত টাকায় পেয়েছে ? এটা কি স্বচ্ছভাবে হয়েছে ? কোটি কোটি টাকার ট্রানজাকশান হচ্ছে নিউ টাউনে। মাননীয় মুখ্যমন্ত্রী নিউ টাউনের জমির বিষয়ে আমাদের জানাবেন।

[2.50—3.00 p.m.]

ঠিক গতবার যখন হাউস শেষ হয়ে গেল তার পর মাননীয় মুখ্যমন্ত্রী ইন্দোনেশিয়া গেলেন, সিঙ্গাপুর ও ইন্দোনেশিয়া গেলেন প্রসূন মুখার্জীর সঙ্গে ; ওঁকে না ধরলে না কি কিছু পাওয়া যায় না ! তিনি সালিমের সঙ্গে চুক্তি সই করলেন। করে দীর্ঘদিন কমিউনিস্ট পার্টি করা মাননীয় বুদ্ধদেব বাবু বললেন 'আজকে আমার জীবনে সবচেয়ে আনন্দের দিন।' কী না ইন্দোনেশিয়ার সুহার্তোর বন্ধু সালিম-সাপুত্রার সঙ্গে নতুন শিল্পনগরী করার ব্যাপারে চুক্তি সই হয়েছে। এখানে একটু হৈ চৈ হল, আমরা মিছিল-ফিছিল করলাম তাই এখন একটু চাপা দিয়ে রেখেছেন। কিন্তু আমরা জানতে চাই সালিম গোষ্ঠীর সঙ্গে চুক্তির বিস্তারিত বিবরণ কি ? কত জমি দেওয়া

হচ্ছে ? তার মধ্যে কত উর্বর চাষের জমি আছে ? কতটা জমি তিন ফসলা, কতটা জমিই বা দু'ফসলা ? সালিম গোষ্ঠী যে জমি পাবে তাতে ওঁরা কি শিল্প করবে ? না, শিল্পনগরী, স্বাস্থ্যনগরী, জ্ঞাননগরী ইত্যাদি, ইত্যাদি করবে ? আর, কতটা জায়গায় হাউজিং করবে ? আমরা জানতে চাই, একই সালিম গোষ্ঠী 'ওয়েস্ট হাওড়া টাউনশিপ' করছে। কত টাকায় কৃষকদের থেকে নেওয়া রিক্যুইজিশন করা জমি তাদের দেওয়া হচ্ছে ? আমি তো দেখছি কৃষকরা লোকসান করছে। রাজারহাটের জমি ১৩ হাজার টাকা কাঠা হিসাবে কৃষকদের থেকে নিয়ে বাঙালি মধ্যবিত্তদের কাছে লটারি করে ২ লক্ষ টাকা কাঠা হিসাবে বিক্রি করা হচ্ছে। ১৩ হাজার টাকা কাঠা জমি ২ লক্ষ টাকা কাঠা হিসাবে। ডেভেলপমেন্টের খরচ এত ? সালিমকে যে জমি দেওয়া হয়েছে তা কত টাকার ? ও তো করার মধ্যে করছে একটা ছোট্ট মোটর বাইক কারখানা, তার কোম্পানির নামও কেউ জানে না। কাওয়াসাকি নয়, সুজুকি নয়, হোন্ডা নয়। সালিম মোটর বাইক কারখানা করবে বলে আমাদের ঊর্ধ্ববাহু হওয়া উচিত ? এর নাম শিল্পায়ন ? আমি একটা কাগজে দেখলাম, একটা বড়ো হোর্ডিং লাগিয়েছেন রবীন্দ্রসদনের সামনে। এখন এই সরকার খবরের কাগজে খরচ করে বিজ্ঞাপন দিচ্ছে। নিশ্চয় উদ্দেশ্য নির্বাচনের আগে কাগজগুলোকে কিছু বিজ্ঞাপন দেওয়া যদি যায় সরকারি টাকায় তাহলে নির্বাচনে সমর্থন করবে, শিল্পপতিদের যদি একটু সুবিধা দেওয়া যায় তারাও সমর্থন করবে। সি.আই.আই.-এর কোলকাতার মিটিঙে দুজন মাননীয় মুখ্যমন্ত্রীর প্রশংসা করেছিলেন যে শিল্পায়ন হচ্ছে। কে ? একজন সঞ্জীব গোয়েঙ্কা সি. ই. এস. সি.-র, যিনি রাজ্য সরকারের লাইসেন্সি। আরেকজন কে ? যোগী দেবেশ্বর, আই. টি. সি.-র চেয়ারম্যান। যাঁর হোটেল এখানে, যাঁর হেড অফিস এখানে তাঁর কোন্ বুকের পাটা যে মাননীয় মুখ্যমন্ত্রীর নিন্দা করবেন, প্রশংসা করবেন না ? এখন পলিসিটা হয়ে গেছে দাও জমি লাও প্রচার। জমি দিয়ে কাগজের থেকে প্রচার নাও, দাও বিজ্ঞাপন লাও প্রচার। এইভাবে ভাবমূর্তি তৈরি হবে এবং সেই জন্য ওঁরা ভাবমূর্তি তৈরি করতে বড়ো বড়ো হোর্ডিং লাগিয়েছেন। 'শিল্পকলার রাজনীতিতে বইছে শিল্পায়নের হাওয়া।' আমি বলব এর চেয়ে ভালো হোর্ডিং আর হয় না। তাই শিল্পায়নই তো হাওয়া। কোন বাস্তবতা, কংক্রিট বেসিস নেই শুধু ওই হাওয়াটাই বইছে, শিল্প তৈরি হচ্ছে না। সুতরাং, ভালো বিজ্ঞাপন দিয়েছেন। মাননীয় জ্যোতিবাবু কাজকর্ম করতেন না, বেলা দুটোর সময় বাড়ি চলে যেতেন এটা সবাই জানেন। তিনি আবার অফিসে আসতেও পারতেন না, বয়সও হয়েছিল। কিন্তু এখনও অবশ্যই শুক্রবার শুক্রবার পার্টির সেক্রেটারিয়েট মিটিঙের পর টি. ভি.-র সামনে আসা চাই। 'এখনও আমি আছি'—এটা মাঝে মাঝেই বলেন। অবশ্য এটা আপনাদের পার্টির সমস্যা, আপনারা বুঝবেন। কিন্তু আমি বলছি মাননীয় জ্যোতিবাবুর সময় দুটো প্রোজেক্ট চালু হয়েছিল। তার একটার নাম 'হলদিয়া পেট্রোকেমিক্যালস'। যার প্রোমোটার পূর্ণেন্দুকে আপনারা যারপর নাই কষ্ট দিচ্ছেন। এটা ছিল ৫,১৭০ কোটি টাকার প্রোজেক্ট। আরেকটা 'মিৎসু বিশি পি.টি.এ.' ১৫০০ কোটি টাকার। মাননীয় বুদ্ধদেব বাবুর উন্নততর বামফ্রন্টের আমলে গত ৫ বছরে একটাও প্রোজেক্ট পেলেন না যেটা হাজার কোটি টাকার বেশি ? যাকে শিল্পের ভাষায় আজকাল 'মেগা প্রোজেক্ট' বলে ? একটা প্রোজেক্টের নাম বলুন ? নট ওয়ান। হাইয়েস্ট হচ্ছে সাড়ে ৪০০ কোটি টাকার।

আর, এই যে একটা হিসাব দেখাচ্ছেন ২৬ হাজার কোটি টাকার ১৩ বছর তার মধ্যে কিন্তু হলদিয়া পেট্রোকেমিক্যালসের ৫ হাজার কোটি টাকা আছে, ইন্ডিয়ান অয়েলের সাড়ে ৪ হাজার কোটি টাকা আছে, দুর্গাপুর স্টিলের মর্ডানাইজেশনের সাড়ে ৪ হাজার কোটি টাকা আছে যার কোনটাই আপনাদের কৃতিত্ব নয়। কোনো শিল্পায়নের হাওয়া নয় ছোটো-খাটো কিছু কারখানা হচ্ছে, বিশেষ করে দুর্গাপুরের কাছে কিছু স্পঞ্জ আয়রনের কারখানা আছে। কিন্তু বেজিং অলিম্পিক হয়ে গেলে এগুলো সব বন্ধ হয়ে যাবে, ওরা চীনে লোহার মাল পাঠাচ্ছে। সস্তায় বিদ্যুৎ পাচ্ছে, চারিদিক পলিউট করলেও কিছুই বলার নেই তাই সেই স্পঞ্জ আয়রন হচ্ছে। আর কোথাও মেজর ব্রেক থ্রু হয়েছে ? এখন ইলেকশনের আগে এসে বলছেন টাটার ট্রাক কারখানা হবে। টাটা কী এই পাঁচ বছর ঘুমিয়ে ছিল ? ইলেকশনের মাসে এসে বলছেন ট্রাক কারখানা হবে ! কবে হবে ? কোন্ সরকারের আমলে হবে কে জানে ! শুনছি মুকেশ আম্বানী নাকি নলেজ সিটি করবেন। এতোদিন হল না কেন ? একটা বড়ো প্রজেক্ট বা বড়ো ইন্ডাস্ট্রি এখানে নেই। আমি বারেবারে এই হাউসে বলেছি ভারতবর্ষে এতো কার ম্যানুফ্যাকচারিং কোম্পানি নতুন নতুন গাড়ির ব্রান্ড নিয়ে আসছেন, সম্প্রতি ২৬টি নতুন গাড়ির ব্রান্ড এসেছে। অথচ এই রাজ্যে বুদ্ধবাবুর আমলে কি একটিও এখানে করতে পেরেছেন ? মুকেশ আম্বানী কিংবা আদিত্য বিড়লা কিংবা টাটা কিংবা মহেন্দ্র—কেউ কি একটাও ইনভেস্ট এখানে করেছেন ? কারা আপনাদের প্রশংসা করছেন—সি এস সি এবং আই টি সি. যারা বরাবর এখানেই রয়েছেন, তারাই প্রশংসা করেছেন। কোথায় শিল্প এখানে ? শিল্পনগরীর কংক্রিট ফর্মটা কি বুদ্ধদেববাবু তার জবাবের সময়ে বলবেন। আমি তো বলবো সবটাই একটা হাওয়া। প্রচার ছাড়া আর কিছুই নেই। হ্যাঁ, আপনারা বলতে পারেন যে, আমরা নেগেটিভ পারশিপশান দূর করতে পেরেছি, আমাদের সম্বন্ধে অনেক খারাপ খারাপ ধারণা ছিল, কিন্তু কমিউনিস্টরা অতো খারাপ নয়। আমরা ক্ষমা-টমা চেয়ে সেটা কাটিয়ে উঠতে পেরেছি। বাকি তো সবটাই হাওয়ার উপরে চলছে। রাজ্যপালের ভাষণের মধ্যে গ্রামের উন্নয়নের জন্য বিভিন্ন বক্তৃতা আছে। ওখানে বলা হয়েছে এস. এস. জি. ওয়াই. প্রকল্প, সম্পূর্ণ গ্রাম সমৃদ্ধ যোজনা, ইন্দিরা আবাসন, রুর‍্যাল স্যানিটেশান প্রোগ্রাম, প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনা—এগুলো তো সবই কেন্দ্রীয় সরকারের প্রকল্প ! গ্রামীণ উন্নয়নের জন্য আপনারা কোনো প্রকল্প গ্রহণ করেছেন কিনা আমরা জানতে পারি কি ? রাজ্যপালের বক্তৃতায় তো তার কোনো উল্লেখ নেই। সেদিন কলকাতায় শারদ পাওয়ার এসেছিলেন, তিনি বলেছেন, 'আমলাশোল, জলঙ্গী এবং জলপাইগুড়িতে যে অনাহারে মৃত্যু হয়েছে সেটা খুঁটিয়ে দেখা উচিত, কারণ কেন্দ্রীয় সরকার তো শুধু খাবারই পাঠাচ্ছে না, তার সঙ্গে ভুয়ো রেশন কার্ডে বাড়তি খাবার পাঠাচ্ছে।' তা সত্ত্বেও কেন আমলাশোলে লোধা-শবরেরা মরে ? জলঙ্গীতে গরিব মুসলমানরা পদ্মার ভাঙনে জমি হারিয়ে অনাহারে মরে কেন ? জলপাইগুড়িতে বন্ধ কল-কারখানা, বন্ধ চা বাগানের জন্য ওখানকার লোকগুলো অনাহারে মরে কেন ? কেন্দ্রীয় প্রকল্প যেমন অন্নপূর্ণা যোজনা, অন্ত্যোদ্বয় অন্ন যোজনা—এইসব প্রকল্পে ফ্রিতে খাবার দেওয়া হয়, তাহলে বৃদ্ধ লোকগুলো কেন সেই খাবার পেল না ? ডেলিভারি সিস্টেম কেন নেই এই রোল মডেল মুখ্যমন্ত্রীর ? হ্যাঁ, এই 'রোল মডেল'

সার্টিফিকেটটা তো আপনি খুব মনমোহন সিংয়ের কাছ থেকে পেয়েছেন ; কারণ আপনি লুক ইস্ট পলিসি দেখিয়েছেন। আবার তেল বিলগ্নীকরণ করতে গেলে আপনারা বলছেন, ''আমরা বিপ্লবী''। কিন্তু পশ্চিমবঙ্গে সেই আপনারাই প্রচণ্ড প্রগতিশীল সংস্কারবাদী। আসলে বুদ্ধদেববাবুকে 'রোল মডেল' এই কথাটি প্রধানমন্ত্রী নিজেকে বাঁচাবার জন্য বলেন। কিন্তু এই রোল মডেলের পারফরমেন্স কি এই পশ্চিমবঙ্গের মাটিতে, সেটাই আমরা জানতে চাইছি। আমি জানতে চাইছি এতো বলা সত্ত্বেও রাজ্যপালের ভাষণের মধ্যে কোথাও দেখতে পেলাম না যে, পশ্চিমবঙ্গ খাদ্যে স্বয়ংসম্পূর্ণ নয়। ডাল, তৈলবীজ, মাংস, ডিম এমনকি মাছ, যেটা নিয়ে নাকি অনেক অ্যাওয়ার্ড নিয়ে আসেন, সেই মাছ অন্ধ্রপ্রদেশ থেকে না এলে পরে কেন গড়িয়াহাটার মানুষ মাছ কিনতে পারে না, তার কি উত্তর দেবেন বলুন ? আপনারা কি অ্যাচিভ করতে পেরেছেন সেটাই আমরা জানতে চাইছি। বুদ্ধদেববাবুই শুরু করেছিলেন শিক্ষা, স্বাস্থ্যর ক্ষেত্রে আমরা উন্নত পরিষেবা দেব বলে। উন্নত পরিষেবা দেওয়ার অর্থ হচ্ছে আপনারা শিক্ষা, স্বাস্থ্যকে প্রাইভেটের হাতে তুলে দিয়েছেন। আজকে বুদ্ধবাবুর আমলে কলেজে, বিশ্ববিদ্যালয়ে ফি বেড়েছে। সেল্ফ ফিনানসিং এমপ্লয়মেন্টের নামে কলেজে সাধারণ কোর্সে দু-হাজার টাকা মাসে নেওয়া হচ্ছে। প্রাইভেট ইঞ্জিনিয়ারিং কলেজে ৪ হাজার টাকা মাসে নেওয়া হচ্ছে। বড়োলোকদের জন্য স্কুল করেছেন যেমন হেরিটেজ স্কুল, দিল্লি পাবলিক স্কুল ইত্যাদি ইত্যাদি। কিন্তু এতে কোয়ালিটি অফ এডুকেশানের উন্নতি হয়েছে কোথায় ? প্রাথমিক স্তরে উন্নতি কোথায় হয়েছে ? টাকা তো পাচ্ছেন, ডি এফ আই থেকে টাকা পাচ্ছেন, ওয়ার্ল্ড ব্যাঙ্ক থেকে টাকা পাচ্ছেন। টাকার তো অভাব নেই। অথচ প্রাথমিক স্তরে প্রাথমিক শিক্ষার পরিকাঠামো সম্পূর্ণ হল না। এর উত্তর আপনারা কি দেবেন ? হাসপাতালের ক্ষেত্রে আপনারা বললেন পরিকাঠামোর উন্নতি করবেন এবং উন্নত পরিষেবা দেবেন, কিন্তু কার্যক্ষেত্রে কি করলেন—গরীব লোকেদের ফ্রি বেড কমিয়ে দিয়ে বেডের চার্জ বৃদ্ধি করেছেন। ফ্রি পরিষেবা দেওয়া বন্ধ হয়ে গেছে। আর প্রত্যেকটি হাসপাতালের উল্টো দিকে ডায়গোনেস্টিক সেন্টার তৈরি হয়েছে, ওষুধের দোকান তৈরি হয়েছে অথচ এখন হাসপাতাল থেকে কিছু পাওয়া যায় না।

[3.00—3.10 p.m.]

আর কলকাতার আশেপাশে কয়েকটা বড়োলোকেদের জন্য হাসপাতাল হয়েছে, আবার একটা এ. এম. আর. আই. তৈরি হল। এতে কাদের সুবিধা হবে ? রবীনবাবু ওখানকার এম. এল. এ. আর থাকবেন কিনা জানি না, উনি দুটো ফ্রি বেড দেবেন, কিন্তু সাধারণ মানুষ ওখানে যেতে পারবেন না। এটা আপনাদের বুঝতে হবে। এটাতে গরীবদের জন্য কোনো সার্ভিসেস, কোনো উন্নতি হচ্ছে না। শিক্ষায় বলেছিলেন উন্নতি করবেন। কয়েকদিন আগে দেখলাম সত্যসাধনবাবু এবং অসীমবাবুর ক্যাবিনেটে ঝগড়া হল প্রকাশ্যে যে শিক্ষা যথেষ্ট বৃত্তিমূলক হচ্ছে কিনা তা নিয়ে ভোকেশোনালাইজেশান নিয়ে ঝগড়া হল। দিল্লি থেকে ইউ. জি. সি.-র যে ভোকেশোনাল কোর্স পড়াবার কথা বলছে, সত্যসাধনবাবুর শ্লথতায় সেগুলো পড়ানো হচ্ছে না। এটা অভিযোগ। এই নিয়ে অভিযোগ করে কি হবে ? বুদ্ধবাবু

যে কলেজে পড়তেন, সেই প্রেসিডেন্সি কলেজে আমি নিজেও পড়েছি। সেই কলেজকে এতোদিনে অটোনমি দেওয়া গেল না। শুধু সরকারি শিক্ষকরা একটা সি. পি. এম.-এর সংগঠনের আওতায় আজকে প্রেসিডেন্সির মতো কলেজ যেখানে ইন্টারন্যাশানাল স্ট্যান্ডার্ড হওয়া উচিত ছিল, যেটা একটা সেন্টার অফ একসেলেন্স হওয়া উচিত ছিল সেখানটায় আপনাদের ট্রান্সফার নীতির গুণে ভাল টিচারদের সব সরিয়ে দিয়ে গেলেন। বুদ্ধবাবু-মুখ্যমন্ত্রী বলবেন তাঁর অথরিটি নেই। পার্টি প্রতিটি ব্যাপারে ওকে ওভাররাইট করছে। সেখানে প্রেসিডেন্সি কলেজকে অটোনমাস করা গেল না, ডিগ্রি গিভিং স্ট্যাটাস দেওয়া গেল না। এখন ন্যাক এসেছে, এই ন্যাকের জন্য অন্যান্য কলেজ থেকে ধার করে প্রেসিডেন্সি কলেজে শিক্ষক দিতে হচ্ছে। শিক্ষায়, স্বাস্থ্যে তিনি উন্নতি করবেন, শিক্ষাকে উৎকর্ষতার শিখর চূড়ায় নিয়ে যাবেন—কিন্তু কোথায় সেই অবস্থা ? কয়েকদিন আগে কলকাতা বিশ্ববিদ্যালয়ের ১৫০ বছর হল, আমাকে জিজ্ঞাসা করেছিল কেমন লাগছে ? বললাম হ্যাঁ, ইতিহাসের বিচারে ভাল লাগছে, যে বিশ্ববিদ্যালয়ে চন্দ্রশেখর ভেঙ্কট রমণ, মেঘনাদ সাহা, সত্যেন বসু, ড. সর্বপল্লী রাধাকৃষ্ণান পড়াতেন সেখানে এখন একটা সাবজেক্টেও একটা টিচার নেই যার নাম এক ডাকে ভারতবর্ষে চেনে। মধ্যমেধার জয়জয়কার। এই বামফ্রন্ট সরকারের আমলে দলবাজি করে ইউনিভার্সিটিতে সি. পি. এম.-এর ইউনিয়ন করে বহাল তবিয়েতে জায়গা পেয়ে যান, এখানে মেধার কোনো জায়গা নেই। কেউ শুনেছেন, কলকাতার বাইরে আমাদের ভাইস চ্যান্সেলারের নাম ? তিনি ভাল বা খারাপ লোক আমি বলছি না কিন্তু একটা জায়গায় কলকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের নাম শুনেছেন ? শিক্ষাকে টানতে-টানতে নামিয়ে এনেছেন, মুখ্যমন্ত্রী সেখানে কিছুই করতে পারলেন না। হয়তো তাঁর অথরিটি নেই। বা ওর অসুবিধা রয়েছে। তাই আজকে আমরা সিরিয়াসলি যে কথা বলতে চাই যে, আজকে বুদ্ধবাবুর এই মেয়াদ পঞ্চমবার-এর সময় শেষ হয়ে এসেছে কিন্তু এখনও আমি ওনাকে যেটা বলতে চাই, আপনি অন্তত যাবার আগে এটুকু করে যান যে, আপনি চেয়েছিলেন পশ্চিমবাংলায় একটা গণতান্ত্রিক পরিবেশ বা এটা বলে যান যা আপনি এর আগে বলেছেন যে, কলকাতায় যেভাবে নির্বাচন হয়েছে, সল্টলেকে যেভাবে নির্বাচন হয়েছে, এটা পুরোটা ঠিক হয়েছে বলা যাবে না। আপনি বাংলার ছাত্র, বাংলাকে একটু নিয়ন্ত্রণ করে পুরো নিন্দা না করে একটু নিন্দা করতে পারেন, ব্যাজস্তুতির মতো। এটা আপনি বলবেন যে একটা গণতান্ত্রিক পরিবেশ তৈরি করবেন। আপনাকে আমি নিজে বলেছিলাম যে যাদবপুর কেন্দ্রে যেখানে ২৯ হাজার ভোটে জেতেন, সেই কেন্দ্রে কি করে পৌরসভা নির্বাচনে ৫৮ হাজার ভোটে আপনাদের দল লিড পায়, তার ব্যাখ্যা দেবেন আপনি ? সেই ব্যাখ্যার মধ্যে আপনি ডিটেলস-এ যাননি। আজকে অবজারভাররা আসছে, অবজারভারদের কাছে লোকেরা অভিযোগ করছে যে, আমাদের উপর জুলুম হচ্ছে, হামলা হচ্ছে যারা অভিযোগ করছে তাদের উপর হামলা হচ্ছে। পরশুরায় সি. পি. এম.-এর সদস্যরা অ্যারেস্ট হয়েছে, বাঁকুড়ায়ও ওই একই রকম হামলায় অ্যারেস্ট হয়েছে। কি অবস্থা আজকে ? পশ্চিমবঙ্গে শুধুই সন্ত্রাস। আমি বলছি, কেন সি. পি. এম. পার্টি এতদিন ক্ষমতায় থেকে আজও একটা মুক্ত স্বাধীন গণতান্ত্রিক নির্বাচন হতে দেবে না ? ভুয়ো ভোটার লিস্ট, ভুয়ো ভোটার পরিচয়পত্র এবং

সন্ত্রাস, হামলা-এর উপর ভিত্তি করে এরা জেতে। যে লোকটা চেঁচাচ্ছে ওই আরামবাগে সবচেয়ে বেশি গুন্ডামি হয়েছে। সি. পি. এম.-এর ভয়ে মানুষরা বেরোতে পারছে না। হাজার-হাজার লোক পরশুরা, আরামবাগ, খানাকুল, গোঘাটে ঘরছাড়া। মানুষের রক্তের উপর দিয়ে তোমরা এম. এল. এ. হয়ে থেকেছ। আর তার উপর বুদ্ধদেববাবু এখানে দাঁড়িয়ে আছেন, এর মধ্যে গর্বের কোনো জায়গা নেই। আমরা বলতে চাই যে বুদ্ধদেববাবু আপনি ভাবুন এই কায়দায় চলবেন, কি চলবেন না ? আমার আপনাদের আরও অনেক কিছু বলার ছিল। মুখ্যমন্ত্রীর একটা নিজস্ব স্টাইল আছে, সেই স্টাইলটা হচ্ছে উনি একটু নন্-কনফ্রনটেশনিস্ট। এর মধ্যে সেচে আবেকা অনশন শুরু করলেন। আপনি সেখানে বিদ্যুতের জন্য ২০ কোটি টাকা মাসুল কমিয়েছেন। ভালো আপনার স্টাইলটা। ভালো আপনার স্টাইলটা যে, আপনি কনফ্রনটেশানে যাননি আবেকার সঙ্গে। ২০ কোটি টাকা আপনি কমিয়েছেন। দার্জিলিংয়ে ঘিসিং-এর সঙ্গে সংঘর্ষের জন্য আপনার পার্টির অনেকের উস্কানি ছিল। কিন্তু আপনি কনফ্রনটেশানে যাননি। আপনি জানতেন পাহাড়ে অশান্তি হবে। আপনি সিক্স সিডিউলে-কেন্দ্রে আপনাদের বন্ধু সরকার আছে, তাদের সহযোগিতায়—সই করেছেন। ভালো আপনার চেষ্টা যে, অশান্তি না হয়ে কোনোরকম আমি আমার সময়টা কাটিয়ে দেই। কিন্তু বিবেকানন্দ বলতেন "যখন এসছিস একটা দাগ কেটে যা।" পশ্চিমবাংলায় আপনার ৫ বছর শাসনে দাগটা কোথায়—আমি বুঝতে চাই, আমি জানতে চাই। আপনি একই কথা সব জায়গায় গিয়ে বলেন যে, আমরা চালে প্রথম, আলুতে দ্বিতীয়, সবজিতে প্রথম, মাছে প্রথম। এ কথা আপনি বলেন না যে, কেন এত বছর পরেও আপনারা পার হেক্টর ডিস্ট্রিবিউশান, পার হেক্টর প্রোডাকশান পাঞ্জাব, হরিয়ানা অর্থাৎ ভারতের সব অগ্রসর রাজ্যের চেয়ে পেছনে ! কি করে আপনি আরও কম জায়গায় আরও বেশি উৎপাদন করতে পারবেন এ নিয়ে তো বলেন না ? আপনি বলেন ভূমিসংস্কারে আপনি প্রথম। কিন্তু যে জমি আপনি চাষীদের দিয়েছিলেন আজকে সালিম শিল্পের নামে, নেউটিয়াদের শিল্পের নামে ফারাক্কায়, সারা বাংলায় এবং রাজারহাটে নিউটাউন করার নামে আপনি গরীব চাষীদের সেই জমি কেড়ে নিয়েছেন। রাজারহাটে সংখ্যালঘু চাষীরা জমি হারিয়েছে। তারা তার বিনিময়ে কাজ পায়নি। আজকে তারা বাগুইহাটিতে রিকশা চালাচ্ছে। আপনার পার্টির সম্পাদক বলেছেন, 'আকাশে তো শিল্প হয় না।' শিল্প করার জন্য ঊষর প্রান্তর পড়ে আছে বাঁকুড়া, পুরুলিয়া, মেদিনীপুরে। সেখানে আপনি জিন্দালকে আসতে বলেছিলেন। সেটা আপনি পারেননি, আপনার অসুবিধা ছিল। আপনি এখন টাটাকে আনবেন আনবেন বলে ইলেকশানের আগে বাজার গরম করছেন। আমি বলছি যা হয়েছে ঠিক আছে, কিন্তু আর নষ্ট করবেন না। তথাকথিত শিল্পায়নের হাওয়া বওয়াতে গিয়ে গরীব চাষীর জমি আর কেড়ে নেবেন না। উর্বর তিন ফসলা জমিতে আর বিদেশি বণিকদের নিয়ে আসবেন না—এটাই আপনাদের কাছে বক্তব্য। নির্বাচন যেহেতু, তাই আপনি এই ব্যাপারে একটু চেপেচুপে বলছেন। কিন্তু এটা মনে রাখবেন যে পশ্চিমবাংলায় আমরা একটা অগ্নিগর্ভ পরিস্থিতিতে বাস করছি। এই রাজ্যপালের বক্তৃতায় কোথাও নেই যে, এই রাজ্যের বেকারের সংখ্যা ৭২ লক্ষে পৌঁছে গিয়েছে, কোথাও নেই যে কি করে এই ৭২ লক্ষ বেকারির মোকাবিলা করব, কোথাও নেই যে ৩২ লক্ষ শিক্ষিত বেকারের সংখ্যা ছাপিয়ে

গিয়েছে, কোথাও নেই যে শিক্ষিত বেকারের জন্য আপনি কি বিশেষ ব্যবস্থা করলেন, কোথাও নেই যে সালিম গোষ্ঠীকে নিয়ে আপনি পরিকল্পনা করতে চলেছেন, কোথাও নেই যে সালিম গোষ্ঠীকে আপনি কোথাকার কত জমি কি দামে দেবেন। তাই রাজ্যপালের এই বক্তৃতা পশ্চিমবাংলাকে কোনো নতুন রাস্তা দেখায় না। কিছু গতানুগতিক তথ্যের চর্বিতচর্বণ ছাড়া এই বক্তব্যে আর কিছুই নেই। পশ্চিমবাংলা যে জায়গায় পৌঁছেছে তার সমস্যা সংকুল জীবন সেই অবস্থা থেকে বেরিয়ে আসার কিছু নেই। বুদ্ধদেববাবু আমার মনে হয় যে সংবাদ মাধ্যমের একটা অংশের সমর্থনে হয়তো আপনি মনে করছেন যে সত্যি আপনি একটা আলাদা জায়গায় দাঁড়িয়ে আছেন। অনেকে তো এই যুগকে বৌদ্ধযুগ বলে দিচ্ছে। কি পেয়েছে আপনার থেকে আমি জানি না, কিসের বিনিময়ে বলছে আমি জানি না !

[3.10—3.20 p.m.]

আমরা তো জানি বৌদ্ধ যুগে শান্তি এসেছিল। সম্রাট অশোক চণ্ডাশোক থেকে ধর্মাশোক হয়েছিলেন। আপনাদের পার্টির ওই চণ্ডগুলোকে অন্তত নিয়ন্ত্রণ করে একটু শান্ত করুন। তারা ধর্মাশোক হবে না, কিন্তু তবুও কিছুটা শান্তি আসবে আর তাহলে আপনার বৌদ্ধ যুগের কথা বলা যেতে পারে। অবশেষে রাজ্যপালের ভাষণের বিরোধিতা করে এবং আমাদের আনা সমস্ত সংশোধনী সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী মুস্তাফা বিন্ কাসেম : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের এই কক্ষে ২রা ফেব্রুয়ারী মাননীয় রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন, তার উপর ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব এনেছেন মাননীয় সদস্য শ্রী পদ্মনিধি ধর, আমি সেই ভাষণকে পরিপূর্ণভাবে সমর্থন করছি। সমর্থন করছি এই কারণে যে, তাঁর বক্তব্যের মধ্যে কোনো অতিশয়োক্তি না করেও তিনি আমাদের রাজ্যের একটা বাস্তবনিষ্ঠ চিত্র তুলে ধরেছেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, অন্য কিছু বলার আগে আমি সৌগতবাবু সম্বন্ধে কিছু বলছি, তার বক্তব্য সম্বন্ধে বলছি। তাঁর কথা আমি মন দিয়ে শুনছিলাম। আনুষ্ঠানিক ভাবে বিরোধী দলের নেতা না হলেও তিনি বিরোধী দলের একজন গুরুত্বপূর্ণ সদস্য বলে বিবেচিত হন এবং আমাদের এখানে বক্তব্য রাখেন। স্যার, আমরা অধ্যাপক সৌগত রায়ের কিছু পরিচয় জানি, এই হাউসে না হলেও বাইরে প্রফেসার সৌগত রায়ের কিছু পরিচয় পাই। কিন্তু এতদিন তাঁর সাহচর্যে থেকেও ম্যাজিসিয়ান সৌগত রায়ের পরিচয় পাইনি, যেটা আজ পেলাম। তিনি কত বড় ম্যাজিসিয়ান শুনুন। বলার সময় ওঁনাকে কি ভর করেছিল জানি না ! বলতে বলতে তিনি বললেন, "বড় বড় হোর্ডিং দেওয়ালে লাগানো হয়েছে, "শিল্পকলার এই শহর পেয়েছে শিল্পায়নের হাওয়া।" হ্যাঁ, সবই তো হাওয়া, কোনো শিল্প হয়নি, এখানে কিছু দেখা যাচ্ছে না।' অন্য দিকে যাচ্ছি না, আমি সৌগত বাবুকে বলছি, এখান থেকে বার হয়ে পার্ক স্ট্রিটে যান, ফ্লাই ওভার দিয়ে চলে যান সায়েন্সসিটি, সায়েন্সসিটি পার হয়ে বিধাননগরে, সেখান থেকে নিক্‌কো পার্কের পাশ দিয়ে যেতে যেতে সেক্টর ৫, পৃথিবীর এমন কোনো নামকরা তথ্য প্রযুক্তি কোম্পানি নেই সেখানে শিল্প স্থাপন করেনি। অথচ আপনি সমস্ত ইউনিটগুলোকেই

হাওয়া করে দিলেন ! কিছুই নেই ! এ কত বড় ম্যাজিসিয়ানের কাজ হতে পারে ? বামফ্রন্ট সরকারকে হাওয়া করার জন্য আপনার এই নতুন ভূমিকা আজকে আমরা দেখতে পেলাম। এটা ত্রয়োদশ বিধানসভার একেবারে শেষ অধিবেশন। আমার নিজের এবং অনেকেরই প্রত্যাশা যে, কিছু গঠনমূলক সমালোচনা বিরোধী দলের কাছ থেকে পাওয়া যাবে। আমাদের সেই আশা পূরণ হয়েছে বলে মনে করি না। এটা শুধু আমাদেরই অভিজ্ঞতা নয়, পশ্চিম বাংলার মানুষেরও অভিজ্ঞতা। বিরোধী দলে আপনারা বহু বছর আছেন, আরও কত বছর থাকতে হবে সেটা পশ্চিমবাংলার মানুষই জানেন, নিকট ভবিষ্যতেও অন্য কিছু ভাবছেন না বাংলার মানুষ। বিরোধী দলে থেকেও সংসদীয় ব্যবস্থায় একটা ইতিবাচক ভূমিকা পালন করা যায় সেটা আপনিও জানেন সৌগতবাবু। আপনি জানেন দায়িত্বশীল বিরোধী দলের ভূমিকা পালন করা যায়, কিন্তু কোনোদিন আপনাদের সেই জায়গায় দেখিনি। আমি খুঁটিয়ে সবকিছু শুনি না। আজকে শুনছিলাম। সৌগতবাবু বলার শেষদিকে বললেন, 'এখন সিরিয়াসলি কথা হচ্ছে।' অর্থাৎ, আগের ৩৩ মিনিট লাইটলি, ক্যাজুয়ালি কথা বলেছেন। ক্যাজুয়ালি বলতে গিয়ে যেসব কথা বার হয়, সেটা দুঃখের হলেও সত্য—আমি অন্যদের সম্মান জানিয়েই বলছি। বলতে বলতে তিনি কোন জায়গায় চলে গেলেন। বললেন, 'মাননীয় মুখ্যমন্ত্রীর নৈতিক অধিকার নেই, কেননা বামফ্রন্টের এডিফিস বা সৌধটা হচ্ছে জালিয়াতির উপর।' একটা ২৯ বছর বামফ্রন্ট সরকার মানুষের সমর্থন পেয়ে আছে। মানুষের সমর্থন না পেয়ে কোনো সরকার এতদিন থাকতে পারে ? আজকে আপনারা বামফ্রন্ট সরকারের বিরুদ্ধে জালিয়াতির কথা বলছেন, ভোটার লিষ্টের বিষয়ে জালিয়াতির কথা বলছেন। এসব কথা আপনারা যত কম বলেন তত ভালো। আজকে বামফ্রন্ট সরকারের নেতারা বলছেন, বামফ্রন্টের শরিকদলের নেতারা বলছেন—একথা শুধু বলার জন্য নয়—সুষ্ঠুভাবে, গণতান্ত্রিক উপায়ে নির্বাচন হোক আমরা চাই। এটাই যদি নিশ্চিত হয় তাহলে এমন কোনো শক্তি নেই যা পুনরায় বামফ্রন্ট সরকারের ক্ষমতায় আসাকে থামাতে পারে। না, এটা কোনো গল্প কথা নয়, এটা কোনো গল্প করার ব্যাপার নয়, এটাই ঘটনা। আজকে একটানা ২৯ বছর বামফ্রন্ট সরকার ক্ষমতায় আছেন। ছয়, ছয়বার তাঁরা নির্বাচিত হয়েছেন। ভোটার লিষ্টের কথা আপনারা বলেছেন। ভোটার লিষ্ট কোনো সরকার করে না, কোনো রাজ্য সরকার করে না, কেন্দ্রীয় সরকার করে না। ভোটারস লিষ্ট তৈরি করার ক্ষমতা আমাদের ভারতবর্ষের সংবিধান অনুসারে একটি সাংবিধানিক সংস্থার উপর দেওয়া আছে। এই সংস্থা হচ্ছে নির্বাচন কমিশন। ভোটার লিষ্টে ভুল-ত্রুটি থাকতেই পারে। সেই ভুল সংশোধন করার দায়িত্বও নির্বাচন কমিশনের। আমাদের দেশে যে নিয়ম চালু আছে তাতে ভোটার লিষ্টের উপরে প্রতি বছর একটা সামারি রিভিশন হয়। ভোটার লিষ্ট যদি ঠিক হয়, কারা নাম বাদ পড়ে, তাহলে কার কপালও পোড়ে—এমন নজিরও আছে। প্রতি বছর ভোটার লিষ্টের সামারি রিভিশন হয়, আর ইনটেনশিভ রিভিশন হয় মাঝে মাঝে। এবারে যেটা হচ্ছে, আমি একটু বলি। ২০০২-০৩ সালে আমাদের ভোটার লিষ্টের ইনটেনসিভ রিভিশন হয়েছিল এবং তার ফলে ৩০ লক্ষ ভোটারের নাম বাদ পড়ে। এই যে ৩০ লক্ষ ভোটারের ২০০২-০৩ সালে নাম বাদ গেল, তারা কাদের ভোটার ? '৯৯ সালে লোকসভার নির্বাচনে আগের লিষ্ট মোতাবেক নির্বাচন হয়েছিল এবং সেবারে তৃণমূলের

এম. পি.-র সংখ্যা ছিল ৯ জন। ৩০ লক্ষ নাম বাদ যাওয়ার পরে ২০০৪ সালের ভোটার লিষ্টের ভিত্তিতে যে নির্বাচন হল তাতে তৃণমূলের সংখ্যা এসে দাঁড়াল সবেধনে, নয় থেকে একে। কাজেই ভোটার লিষ্ট যদি সংশোধন হয়, যদি প্রকৃতভাবে ইনটেনসিভ রিভিশন সুষ্ঠুভাবে হয় তাহলে বামফ্রন্ট সরকারের ভয় পাওয়ার কিছু নেই। সামনেই নজির আছে কি অবস্থা আপনাদের হয়েছিল। ভোটার লিষ্ট রিভিশন নিশ্চিন্তে হোক। আপনারা নিজেদের কথা বলেছেন। আজকে কাগজে একটা খবর দেখিয়ে হৈ-চৈ করলেন। সংবাদ মাধ্যম, টি. ভি. চ্যানেলগুলো ছবি দেখাচ্ছে। ভোটার লিষ্টের ব্যাপারে সবচেয়ে বড় অভিযোগ কোথায় আছে ? ২৩ ডিসেম্বর নদিয়ায় ৯ জন ধরা পড়েছে, তারা জাল ভোটার পরিচয়পত্র তৈরির কাজে ব্যস্ত ছিল। এই দুঃখের বিষয়, শুনে আমিও বিশ্বাস করেছিলাম, যেভাবে সংবাদ মাধ্যম বলছেন, আমাদেরই সহকর্মী এর মধ্যে আছেন। তিনি যে দলেই থাকুন আমরা সহকর্মী, তিনি বিধানসভার সদস্য, তিনি নাকি এর মধ্যে আছেন। আমি জানি না এটার কতটা সত্য কথা। নবদ্বীপ পৌরসভার কাউন্সিলার, তিনি নাকি ফেরার ! আজকে দু-একটা কেস দেখিয়ে আপনারা বাহবা কুড়োচ্ছেন। আমাদের কাছে প্রমাণ আছে, হাওড়া সাউথের ব্লক প্রেসিডেন্ট, তিনি অভিযোগ করলেন, নোটিশ দিলেন একটা নাম বাদ দিতে হবে। তমসা ভট্টাচার্যের নাম বাদ দিতে হবে, সিরিয়াল নাম্বার ৩৮৯, পার্ট নাম্বার ১৬৪, কনস্টিটিউয়েন্সির নাম্বার ৯৫। তৃণমূলের ব্লক প্রেসিডেন্ট অভিযোগ করলেন এই নামটা বাদ দিতে হবে। আপনারা সব জায়গায় ভূত দেখছেন, সামনে নির্বাচন কি করে আপনারা সামাল দেবেন। সব ক্ষেত্রে তাই আপনারা একটা ভূত দেখছেন এবং তার ফলেই অভিযোগ করলেন যে তমসা ভট্টাচার্য মারা গেছেন। এঁর নাম বাদ দিয়ে দেওয়া হোক। দেখা গেল তিনি জলজ্যান্ত জীবিত আছেন। ভোটার লিষ্ট নিয়েও আপনারা মানুষের সামনে অসত্য প্রচার করতে কসুর করেননি। একজন মহিলকে মেরে ফেলতেও কসুর করলেন না আপনাদের ব্লক কংগ্রেস প্রেসিডেন্ট।

[3.20—3.30 p.m.]

আজকে এই সমস্ত জায়গায় আপনারা চলে গেছেন। এটা শুধু আমার নয়, অনেকেরই মনে হচ্ছে—এবার কি পরিণতি হবে ! কারণ সপ্তম বামফ্রন্ট সরকারের পুনর্জমানার বার্তা শোনা যাচ্ছে। এটাই হচ্ছে পশ্চিমবঙ্গের বর্তমান রাজনৈতিক পরিস্থিতি। তখন আপনারা কি বলবেন—রিগিং, খলনায়ক, বুথ দখল ইত্যাদি, নাকি এবার আপনারা অন্য কোনো শব্দ বার করবেন ? এটা তো রিগিং-এর কথা নয়। এর জন্য নিশ্চয় আপনারা চেষ্টা করছেন। বামফ্রন্ট সরকার রিগিং জাতীয় একটা জিনিসই করে, সেটা হচ্ছে ভোটার লিষ্টের জন্য নয়, বুথ দখলের জন্য নয়, রিগিং করে মানুষের মনোজগতের হৃদয়কপাট খোলার জন্য। ২৯ বছর ধরে বামফ্রন্ট সরকার তার জনস্বার্থবাহী নীতি নিয়ে চলার ফলেই পশ্চিমবঙ্গের বড় অংশের মানুষের হৃদয় জয় করতে পেরেছে। এর জন্য বামফ্রন্ট সরকারকে ভোটার লিষ্টের কারচুপি করতে হয় না। বুথ দখল করতে হয় না। আপনাদের মতো বামফ্রন্ট সরকারকে রিগিং করতে হয় না। আজকে তার কাজের ভিত্তিতে, তার নীতির ভিত্তিতে এবং রাজ্যের অগ্রগতির ভিত্তিতে ইদানীংকালে রাজ্যের রাজনৈতিক অবস্থা অলমোস্ট অ্যান্ড অটোমেটিক ফেনামেনান

হয়ে দাঁড়িয়েছে। কিন্তু আপনারা কাকে দোষ দেবেন ? আপনারা কাকে দোষারোপ করবেন ? ৯ থেকে ১-এ কারা নেমে এসেছে ? বামফ্রন্ট নেমে আসেনি। বলুন না কবে আপনারা আবার একসঙ্গে হবেন ? স্যার, আজকে এটা পশ্চিমবঙ্গের ১৩তম বিধানসভার শেষ অধিবেশন এবং আমাদের নতুন সরকার গঠিত হবে নির্বাচনের পরে। ফলে এই সন্ধিক্ষণে দাঁড়িয়ে একটা সংক্ষিপ্ত পরিসরের মধ্যে দাঁড়িয়ে বিগত কয়েক বছর ধরে সরকারের কাজের একটা পর্যালোচনা নিশ্চিত এসে দাঁড়ায়। আমি বিস্তারিতের মধ্যে না গিয়ে—কারণ এইসব বিষয়ে এইসব কথা এত আলোচনা করেছেন আমাদের শুধু মাননীয় মুখ্যমন্ত্রী নন, অনেক মন্ত্রী, নানা সরকার পক্ষের মাননীয় সদস্য যখনই সুযোগ পেয়েছেন তার মধ্য দিয়ে বারে বারে বলেছেন। এটা খুব অতীতের বিষয় নয়, পুনরাবৃত্তি করার দরকার নেই। কিন্তু এক কথায় বলা যায়, বিগত ২৯ বছর ধরে বামফ্রন্ট সরকারের আমলে আমাদের রাজ্যের যে ইতিহাস, বিভিন্ন ক্ষেত্রে নিশ্চিতভাবে অগ্রগতি ঘটেছে এবং সেই অগ্রগতি শুধু কোনো একটা ক্ষেত্রে নয়। আজকে কৃষিতে অগ্রগতি ঘটেছে, শিল্পে অগ্রগতি ঘটেছে। শিক্ষা, স্বাস্থ্যও রাজ্যে বামফ্রন্ট সরকারের আমলে পিছিয়ে নেই। কিন্তু এই অগ্রগতি সবসময় মসৃণ পথে হয়নি। সহজ সরল পথে হয়নি। কি ভীষণ প্রতিবন্ধকতা, প্রতিকূলতা অতিক্রম করে রাজ্যের মানুষের সমর্থন নিয়ে, মানুষের স্বার্থে সেই প্রতিকূলতা অতিক্রম করে সরকারকে এগোতে হয়েছে। আজকে কৃষিতে অগ্রগতি এইকথা আমরা বারবার বলেছি। অনেক সময় আপনারা বলেন যে, একই কথা বলা হচ্ছে। হ্যাঁ, কারণ এটাই হচ্ছে বাস্তব। এটা আমাদের বলতে হবে। এটা আমাদের উল্লেখ করতে হবে। আজকে কৃষিতে অগ্রগতির মূল চাবিকাঠি হচ্ছে ভূমি সংস্কার এবং আমাদের রাজ্যের উন্নয়নের ক্ষেত্রেও। অথচ এ রাজ্যে নাকি কোনো মৌলিক ভূমি সংস্কার হয়নি ; অতীশবাবু বলার সময় প্রায়ই এইকথা বলেন। ওনার আমি সব কথা শুনেছি। উনি বলেছেন, ''আমরা ভূমি সংস্কার করেছি। আপনাদের ভূমি সংস্কার, কাগজে কলমে ভূমি সংস্কার, প্রকৃত ভূমিহীনদের কাছে কতটুকু জমি গিয়েছে, ইত্যাদি ইত্যাদি।'' কিন্তু ইউ আর কাইন্ড এনাফ আপনাদের সময়ের অর্থনৈতিক সমীক্ষার কাটিং আমাকে দিয়েছিলেন। আমাদের দেশের সাংবিধানিক কাঠামোর মধ্যে থেকেই যতটা করা যায়, রাজনৈতিক সদিচ্ছার মধ্যে দাঁড়িয়ে বামফ্রন্ট সরকার ততটা করতে পেরেছে বলেই এবং এখনও করে চলেছে বলেই—সেই ১৯৯১ সালের পর থেকে উদারীকরণ অর্থনীতির পর থেকে অন্যান্য রাজ্য ছিঁটেফোঁটাটুকু যা দিত, এখন তারা সেটাও বন্ধ করে দিয়েছে, কিন্তু আমাদের রাজ্য এখনও এই মুহূর্তে গড়ে প্রায় ৬০০০ একর কৃষি জমি ভূমিহীনদের মধ্যে বণ্টন করে চলেছে। ইতিমধ্যে আমরা প্রায় ১৫ লক্ষ একর জমি ৩০ লক্ষ একর ভূমিহীন মানুষের মধ্যে বণ্টন করেছি। ১১ লক্ষ একর জমিতে ১৫ লক্ষ বর্গাচাষির নাম—পত্তন হয়েছে। আজকে ভূমি সংস্কার করার ফলে পশ্চিমবঙ্গে জমির কেন্দ্রীভবন কমেছে বলে ভাগচাষি এবং প্রান্তিক চাষিরা কৃষিকে ৭২ পারসেন্ট উৎপাদন বাড়িয়েছেন এবং গ্রামের মানুষের আয় বেড়েছে। এটা ক্ষমতার বিকেন্দ্রীকরণ নীতি নিয়ে চলার ফলে, গ্রামে গ্রামে জীবন্ত পঞ্চায়েত ব্যবস্থা আনার ফলে এবং পৌর এলাকায় মিউনিসিপ্যালিটিগুলোকে অধিক ক্ষমতা দিয়ে গণতান্ত্রিক পদ্ধতি উন্নয়নের কাজে যুক্ত করার মধ্যে দিয়ে সম্ভব হয়েছে। আজকে গ্রামের মানুষের অতিরিক্ত

আয়ের সৃষ্টি হয়েছে, কৃষি উৎপাদন বেড়েছে। পরিসংখ্যান বলছে যে, আয় বেড়েছে। বছরে প্রায় ১৮ হাজার কোটি টাকার মতো শিল্পজাত দ্রব্য কেনার জন্য খরচা করতে সক্ষম হয়েছেন গ্রামের মানুষ। ১৮ হাজার কোটি টাকার একটা অভ্যন্তরীণ বাজার, শিল্পের সম্ভাবনার এখানে বাস্তব রূপের সার্থক রূপায়ণ ঘটেছে। ভূমি-সংস্কার এবং ক্ষমতা বিকেন্দ্রীকরণ নীতির মধ্যে দিয়েই এটা সম্ভব হয়েছে। তার ফলে আজকে এই শিল্পায়ন হয়েছে। সৌগতবাবু বলছিলেন, আমি মনে করলাম যে, ওনাদের হয়তো শুভবুদ্ধির উদয় হয়েছে—কিন্তু একটা সময় ওঁনার বক্তব্যকে যে পর্যায়ে নিয়ে গেলেন, সেই পরিপ্রেক্ষিতে বলছি যে, শিল্পায়নের জন্য জমির দরকার, অনেক ক্ষেত্রে ফসল ফলে এরকম জমিরও দরকার এবং সেরকম জমি বাধ্য হয়ে নিতে হয়। কিন্তু আপনারা তার বিরোধিতা করলেন, উন্নয়নের পথে বাধার সৃষ্টি করার চেষ্টা করলেন। আপনারা কিছু মানুষের কাঁধে লাঙল তুলে দিয়ে নাটক করলেন, কলকাতায় মিছিল করলেন। এর কারণ হল কিভাবে বামফ্রন্ট সরকারের অগ্রগতিকে বাধা দেওয়া যায়। এর জন্য আপনারা ভূখা মিছিল করলেন। অথচ আপনারা নববর্ষে হেড-কোয়ার্টার ধাপায় মহাভোজের ব্যবস্থা করলেন—এটা খবরের কাগজ পড়ে জেনেছি। এটা পশ্চিমবঙ্গের মানুষের কাছে কি বার্তা পৌঁছে দিল ? আজকে সৌগতবাবুর বক্তব্য শুনে মনে হল যে, পশ্চিমবঙ্গে শিল্পায়নের ব্যাপারে তিনি কোনো কিছু দেখতে পাচ্ছেন না। এ ব্যাপারে বলি যে, ২০০৪ সালে পশ্চিমবঙ্গে শিল্পে ২৮ হাজার ১৮৯ কোটি টাকার নতুন বিনিয়োগ হয়েছে এবং গতবছর পশ্চিমবঙ্গে শিল্পে ৮ হাজার কোটি টাকার নতুন বিনিয়োগ হয়েছে। ৩৬ হাজার ১৮৯ কোটি টাকা শিল্পে নতুন বিনিয়োগ হয়েছে। শিল্প গড়তে গেলে জমি লাগে—শুধু শিল্পায়নের জন্য নয়, কৃষকদের স্বার্থেও শিল্পায়ন দরকার। কারণ তার নানাবিধ কাজ আছে—নেতারা বলেছেন, কর্মীরা বলেছেন, মানুষ উপলব্ধি করেছেন। কারখানা গড়তে গেলে জমি লাগে। যেমন রেল লাইন পাততে গেলে সেটা জমির উপর দিয়ে যাবে। আপনাদের সাময়িক রেলমন্ত্রী দীঘা-তমলুক রেল লাইন পাতা হবে বলে গেলেন, সেখানে রেল লাইন কোথায় হবে ? রেল লাইন মাটির উপর দিয়ে হবে, সেখানে জমির উপর দিয়ে রেল লাইন হয়েছে। তার জন্য কিছু জমি তো লাগে। এর জন্য বিরোধিতা করা ঠিক নয়—এতে অন্য বার্তা চলে যায় রাজ্যের মানুষের কাছে যে, কারা অগ্রগতির পথে বাধা হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রসঙ্গে আমি একটা ঘটনা বলি যে, ১৮৫১ সালে ভারতে যখন রেল লাইনের পত্তন হয়েছিল সেই সময় যে অঞ্চল দিয়ে রেল লাইন পাতা হবে সেই অঞ্চলের কিছু তুলা চাষি তাদের জমি না দেওয়ার জন্য বাধার সৃষ্টি করেছিল। সেই সময় আমেরিকার নিউ ইয়র্কে বসে কার্ল মার্কস এ ব্যাপারে চিঠি লিখেছিলেন চ্যাপম্যানকে। চ্যাপম্যান তুলা চাষ এবং বাণিজ্য নিয়ে রিসার্চ করতেন। কার্ল মার্কস চিঠি লিখে চ্যাপম্যানকে বলেছিলেন যে, 'ভারতে রেল লাইন পাতা নিয়ে সেখানকার তুলা চাষিরা যে বাধার সৃষ্টি করছে তাতে চাষিদের ক্ষতি হবে, এটা সুইসাইডাল। ভারতে রেল লাইন পাতার ব্যাপারে ইংরেজদের স্বার্থ নিশ্চয় আছে, কিন্তু তাতে ভারতের চাষিরাও উপকৃত হবে, কারণ রেল লাইন পাতা হলে চাষিরা তাদের উৎপাদিত দ্রব্য দ্রুত বাজারে পৌঁছে দিতে পারবে। সুতরাং রেল লাইন পাতা বন্ধ করে দিলে অগ্রগতি হবে না, তারা ক্ষতিগ্রস্ত হবে।'

[3.30—3.40 p.m.]

আজকে যে অবস্থা আপনারা সৃষ্টি করলেন দুঃখের বিষয় হলেও কিছু প্রচার মাধ্যম পশ্চিমবাংলার মানুষের সামনে নির্বাচনের প্রাক্কালে এইভাবে বিষয়টাকে গুলিয়ে দেওয়ার চেষ্টা করলেন। তাদের প্রত্যাশা মতো সঠিক খবর দিন। মালিকদের কাছে আপনাদের দায়বদ্ধতা আছে, কিন্তু তাই বলে জনসাধারণের কাছে আপনারা সঠিক বার্তা দেবেন না ! প্রশ্নটাকে দাঁড়া করিয়ে দিলেন এইভাবে যে, কৃষি বনাম শিল্প ; কিন্তু বিষয়টা তা নয়, এটা হবে কৃষি এবং শিল্প। এই উভয় ক্ষেত্রে রাজ্যে অগ্রগতি ঘটাতে হলে আমাদের রাজ্যেই নয় ভারতবর্ষের অর্থনৈতিক উন্নতি ঘটাতে গেলে এই দুটি ক্ষেত্রের সমন্বয় করেই উন্নতি ঘটাতে হবে, এটাই সময়ের দাবি। তাই আজকে উন্নতির শর্তই হল কৃষকের নিজের স্বার্থেই শিল্পায়ন হওয়া দরকার। আমরা সবাই জানি সারা দেশে যত কৃষি জমি আছে পশ্চিমবঙ্গে আছে তার ৩ ভাগ, আর গোটা দেশের যা লোকসংখ্যা তার ৮ ভাগ হচ্ছে আমাদের রাজ্যে। সাধারণ অঙ্কের হিসাবে যদি বলা যায় যেটা মাথাভাঙা অঙ্কের হিসাব তাতে একটা জোত বা হোল্ডিং হচ্ছে ১৬ শতকের মতো। তার মধ্যে গরীব কৃষকের সংখ্যা বাড়ছে আর জোত বা হোল্ডিং-এর পরিমাণ আরও ছোট হচ্ছে। অর্থনীতির সাধারণ নিয়মানুসারে, উৎপাদনের সাধারণ নিয়মানুসারে একটা সীমার পরে জোতের আয়তন যদি ছোট হয় তাহলে এটা লাভজনক হয় না। কৃষকের স্বার্থে তার সন্তান-সন্ততির কর্মসংস্থানের ব্যবস্থা করতে হবে এবং সেই জন্যই শিল্পায়ন। আজকে আমাদের শিল্পায়নের ক্ষেত্রে গ্রামীণ মানুষ যারা কৃষিজীবী ছিলেন, যারা ক্ষেতমজুর ছিলেন এখন তারা সব সময় কাজ পাচ্ছেন না, এটা আমাদের সবারই অভিজ্ঞতা। আপনারা ওই দিকে আছেন বলে আপনাদের এক রকম অভিজ্ঞতা, আর আমরা এই দিকে আছি বলে আমাদের অন্য অভিজ্ঞতা, তা কিন্তু নয়। এখন অন্য জায়গায় কর্মসংস্থানের জন্য যেতে হচ্ছে, নির্মাণের ক্ষেত্রে, পরিবহনের ক্ষেত্রে, অসংগঠিত শিল্পে তারা কাজের খোঁজ নিচ্ছেন। তাই আজকে হা-হুতাশ করার ব্যাপার নয়, আজকে শিল্পায়নের ক্ষেত্রে কৃষি থেকে শিল্পের ক্ষেত্রে যাওয়া এটা পশ্চাদপদতার লক্ষণ নয়। সামন্ততান্ত্রিক ব্যবস্থা থেকে পুঁজিবাদের দিকে এগিয়ে যাওয়া আজকে পশ্চাদপদতার লক্ষণ নয়। তবে এই কথাতে আমি যাচ্ছি না। আপনাদের কাছে অনুরোধ প্রকৃত উন্নয়নের পথে বাধা দেবেন না, তাহলে শুধু রিগিং রিগিং বলতে হবে, আপনাদের আশা মিটবে না, সেই জন্যই বারে বারে পশ্চিমবাংলার মানুষ আপনাদের প্রত্যাখ্যান করছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের রাজ্যে শিল্পায়নের ক্ষেত্রে বিনিয়োগ একটা গতি পেয়েছে। ৩৬১৮৯ কোটি টাকা বিনিয়োগ হয়েছে ২০০১ সাল থেকে। ১৯৯১ সাল থেকে ২০০৪ সালের মধ্যে ৯৯১টি শিল্প ইউনিট আমাদের রাজ্যে গড়ে উঠেছে, তার ৭০ ভাগই মাঝারি শিল্প ইউনিট। সেখানে বিনিয়োগ ১০ কোটি টাকার কম এবং স্থানীয় শিল্পপতিরা সেই সমস্ত ইউনিট স্থাপন করছেন। তবে সবাই বড় শিল্পপতি নয়। আধুনিকতার যুগ হচ্ছে শিল্পায়নের যুগ, তাই শিল্প এবং কৃষির মধ্যে সমন্বয় ঘটাতে হবে। আমাদের সরকারের নীতিই হল খাদ্যে যে স্বয়ম্ভরতা সেটাকে অক্ষুণ্ণ রেখে আমরা শিল্পায়নে যাব। তবে সেখানে কিছু কিছু জমিতে হাত পড়ছে। তবে অনুর্বর জমিতে, অকৃষি জমিতে যদি কাজ মিটে যায় তাহলে সেই ভাবেই আমাদের জমি নিতে হবে। একটা সময় কলকাতার

আশেপাশে হুগলি নদীর পাশে হাওড়া, হুগলি, উত্তর ২৪-পরগনার বিস্তীর্ণ এলাকায় শিল্পের জন্য জমি দিতে হয়েছে। এখন রাজ্য সরকার কলকাতার বাইরে সেটা হাওড়াই হোক বা হলদিয়াই বলুন কলকাতার বাইরে বিভিন্ন জায়গায় শিল্পায়নের জন্য জমির ব্যবস্থা করছেন। তাই এ কথা বলে কোনো লাভ হবে না। আজকে কৃষিতে যে সাফল্য তা ভূমি-সংস্কার এবং পঞ্চায়েতী ব্যবস্থার সার্থক রূপায়ণের ফল। তাতে নূতন শিল্পায়নের সম্ভাবনার কতকগুলি আনুষঙ্গিক সুযোগ-সুবিধা নিশ্চয় আছে। সেই কথা আমরা বারবার এখানে আলোচনা করেছি, সেটা হচ্ছে—এখানে একটা সুস্থিতি পূর্ণ রাজনৈতিক পরিস্থিতি রয়েছে, যা অনেক সময় অনেক রাজ্যে থাকে না। সামাজিক পরিস্থিতি, সামাজিক সম্পর্ক অন্য রাজ্য থেকে এখানে অনেক ভাল। সাম্প্রদায়িক সম্প্রীতির আদর্শ স্থান হচ্ছে পশ্চিমবাংলা। আমরা সবাই এই ব্যাপারে গর্ব করতে পারি পশ্চিমবাংলার মানুষ হিসাবে। আমাদের অনেক কৃতিত্ব আছে, আমাদের ঐতিহ্য আছে। ধর্ম নিরপেক্ষতা এখানে আছে। এবং যে সমস্ত কর্মসূচি, কার্যক্রম গ্রহণ করলে পরে এই ঐতিহ্য আরো পুষ্ট হয়—২৯ বছর ধরে বামফ্রন্ট ও তার শরিকদলগুলি মানুষের আশীর্বাদ নিয়ে সেই পথে চলেছে বলে অন্য জায়গায় যখন সাম্প্রদায়িক সম্প্রীতির অভাব ঘটে তখন পশ্চিমবাংলার মানুষ হিসাবে মাথা উঁচু করে আমরা চলতে পারি। সুতরাং সৌগতবাবু বামফ্রন্টের একজন মাননীয় মন্ত্রীর ব্যাপারে কোর্টের আদেশে সারেন্ডার করার কথা বলেছেন। উনি কোর্টের আদেশে গিয়েছেন এবং আমাদের পার্টি তাঁকে কোর্ট থেকে জামিন করে—তাঁর সংগঠন সেখান থেকে এনেছে। এই যা হয় আপনাদেরও। সৌগতবাবুর মতন মানুষ, আমি একটু দুঃখ পেলাম, খানিকটা চিন্তিতও হলাম, আমি বলছি, আপনারা শুনবেন কথাটা, বলতে গিয়ে শুধু সমালোচনার জন্য বললেন। অথচ আমরা জানি শ্রমিক আন্দোলন করতে গিয়ে, কৃষক আন্দোলন করতে গিয়ে, অনেক সময় সংঘাত হয়ে যায়, সেই সংঘাতে প্রাণক্ষয় হয়, কৃষক আন্দোলনেও অনেক কর্মী শহিদের মৃত্যু বরণ করেন, সেখানে শ্রমিক শ্রমিকই, কৃষক কৃষকই, জাতপাত দিয়ে বিচার হয় না। কিন্তু বি. জে. পি.-র সঙ্গে ঘর করতে করতে অধ্যাপক সৌগতবাবু বলার সময় বলছিলেন, 'মুসলিমের বাড়ি পুড়িয়েছে বলে আজকে তাঁকে ধরেছে।' কি কথা ! আপনাদের কি হাবভাব এরও, কথাবার্তারও পরিবর্তন ঘটে যাচ্ছে ! পশ্চিমবাংলার মানুষ হিসাবে এ তো ভাল কথা নয়। শুনেছেন আপনারাও। কথাটা ভাল লাগার কথা নয়। আপনাদের মধ্যে শুভবুদ্ধি থাকলে আপনারাও আপনাদের নেতা সৌগত রায়কে সকলে মিলে বলবেন, এই বিধানসভার কক্ষে অন্তত ওইভাবে বলা ঠিক নয়। মারা গিয়েছে, সংঘর্ষে মৃত্যু হয়েছে, যে কেউ হতে পারে। একজন হিন্দু সম্প্রদায়ের মানুষ, জন্মসূত্রে যে হিন্দু সম্প্রদায়ের মানুষ, একটা মানুষের মৃত্যু হতে তো মুসলমান হতে হয় না ! একজন মুসলমান কৃষক বা ক্ষেতমজুর আন্দোলন করছে, জোতদারের আঘাতে মারা যাচ্ছে, তাকে মারার জন্য তো হিন্দু জোতদার হতে হয় না ! মুসলমানও মুসলমানকে মারছে। অথচ উনি বলার সময় বললেন, 'মুসলমানের বাড়ি পোড়াবার দায়ে তাকে সারেন্ডার করতে হয়েছে।' যাইহোক, মাননীয় অধ্যক্ষ মহাশয়, সপ্তম বামফ্রন্ট সরকারের আগমন তো নিশ্চিত, এটা শুধু সময়ের ব্যাপার, অন্য কোনো ব্যাপার নয়। আপনা আপনিও নয়, এটা কোনো জালিয়াতির উপর নির্ভর করে নয়, নৈতিক

অধিকার। মানুষের সমর্থন নিয়ে সরকার হয়, তাদের নেতা মুখ্যমন্ত্রী। শ্রদ্ধেয় জ্যোতি বসু মুখ্যমন্ত্রী হিসাবে সরকারের নেতৃত্ব দিচ্ছেন, বর্তমানে শ্রদ্ধেয় বুদ্ধদেব ভট্টাচার্য রাজ্যের নির্বাচিত সরকারের মুখ্যমন্ত্রী হিসাবে নেতৃত্ব দিচ্ছেন, মানুষের আশীর্বাদ নিয়ে মানুষের সমর্থন নিয়ে এই ভাবেই বামফ্রন্ট সরকার এগিয়েছে। আপনারা যাই এখানে বলুন, বাইরে বলুন, তাতে আপনাদের তরী রক্ষা পাবে না। আগামী দিনে সপ্তম বামফ্রন্ট সরকার পশ্চিমবাংলায় আসছে, এই আসাটাকে রোধ করার কোনো ক্ষমতা অন্তত পক্ষে আপনাদের মধ্যে নেই, এই কথা বলে মাননীয় রাজ্যপালের ভাষণকে এবং তার উপর যে ধন্যবাদ-জ্ঞাপক প্রস্তাব এসেছে তাঁকে সমর্থন করে, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আমার বক্তব্য শেষ করছি।

মিঃ স্পীকার : অনারেবল মেম্বারদের আমি দৃষ্টি আকর্ষণ করছি। অনেক ভাল ভাল রিং টোন শোনা যাচ্ছে, রিং টোন শুনতে ভালই লাগে। হাউসের মধ্যে মোবাইল-এর আওয়াজ শোনা যাচ্ছে, হাউসের মধ্যে মোবাইল আনবেন না, রিং টোন শুনতে হলে লবিতে বা নিজের চেম্বারে বসে শুনুন। হাউসে বসে শুনবেন না।

[3.40—3.50 p.m.]

শ্রী এ. এইচ. খান চৌধুরী : মিঃ স্পীকার স্যার, মাননীয় রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন তার উপরে বিরোধী দলের পক্ষ থেকে যে অ্যামেন্ডমেন্ট নিয়ে আসা হয়েছে তাকে সমর্থন করে আমার বক্তব্য রাখতে চাই। মাননীয় রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন, দ্যাট ইজ হিজ কনস্টিটিউশানাল অবলিগেশান। শাসকদলের তৈরি করা ডকুমেন্ট দেখে মাননীয় রাজ্যপাল এই ভাষণ দিয়েছেন। আসন্ন নির্বাচনের কথা চিন্তা করে এই বক্তৃতা হচ্ছে একটা প্রোপাগান্ডা। সরকারের নিজের প্রশংসা, সেল্ফ রেইজ, সেল্ফ গ্লোরিফিকেশান-এর উপর ভর করে এই ডকুমেন্টটা তৈরি করা হয়েছে। মাননীয় রাজ্যপাল তাঁর ভাষণের মধ্যে মাওবাদীদের অন্যায় অত্যাচারের কথা বলেছেন, আর্মস অ্যান্ড অ্যামিউনিশান নিয়ে তারা জুলুম করছেন সেই কথা বলেছেন। একস্ট্রিম লেফ্ট উইংগ বিভিন্ন জেলায় অন্যায়ভাবে মানুষকে হত্যা করছে সেই কথা বলেছেন। ইন্টারন্যাশনাল বর্ডারে ফান্ডামেন্টালিস্টরা হায়ার অ্যান্ড ফায়ার নীতি নিয়ে চলছেন, আই. এস. আই. কার্যকলাপ বৃদ্ধি পাচ্ছে। এইগুলো সবই সত্যি কথা এবং আমাদের দল এই ব্যাপারে আপনাদের সব রকম সহযোগিতা করতে চাই। কিন্তু তারপরে মাননীয় রাজ্যপাল তাঁর ভাষণে বলেছেন এখানে শান্তি আছে এবং আইন-শৃঙ্খলা খুব ভালো। মাননীয় মুখ্যমন্ত্রীর কথায় মরুদ্যান। আমরা যারা বিরোধী দলে আছি তারা ভালো করেই জানি এটা সম্পূর্ণ ভিত্তিহীন এবং মিথ্যা কথা। আমরা যারা বিরোধী দলে আছি তাদের উপরেই এই অত্যাচার নেমে আসে। আজকে গ্রামে পুলিশ খুবই ক্ষমতাশালী এবং তাদের সঙ্গে সি.পি.এম.-এর নেতাদের একটা লিঙ্ক আছে এবং সেই লিঙ্ক রেখেই পুলিশের অফিসাররা কাজ করেন। যদি সি.পি.এম.-এর বিরুদ্ধে কংগ্রেস কোনো এফ.আই.আর. করে, তাহলে পুলিশের লোকেরা কোনো কিছু ভেরিফাই করেন না, ঘটনাস্থলে যান না। তাদের বস সি. পি. এম. যেভাবে বলে সেইভাবে তারা কাজ করে। পুলিশ অফিসাররা কনফেস করেন, আমাদের কোনো উপায় নেই স্যার, আমাদের এইভাবেই কাজ করতে হবে। আমাদের দলের হাজার হাজার লোক জেলে গেছে, খুন হয়েছে

আপনাদের এই উনত্রিশ বছর রাজত্বে। এই উনত্রিশ বছরে যে বারো হাজার লোক খুন হয়েছে তার মধ্যে বেশিরভাগ লোকই কংগ্রেসের লোক। কাজেই পশ্চিমবাংলায় যে ল অ্যান্ড অর্ডার নেই সেটা আপনাদের জানা উচিত সবচেয়ে বেশি। এর সবচেয়ে বড়ো কারণ হলো এর পেছনে তো আপনারাই আছেন। আপনারা নিজেরা ঠিক থাকলে অনেক সমস্যা এড়ানো যেত। আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাজে অনেকবার এসেছি। মুখ্যমন্ত্রী আমাকে সহানুভূতি দেখিয়েছেন। মূল কথা হলো ওখানকার লোকাল লিডারদের কথা মতোই সব হবে। আমার নির্বাচনী কেন্দ্রে একটা লোক ১০ বছর ধরে ১০টা বুথ দখল করে আসছে। হয়তো এবারেও করবে। এ সম্পর্কে আমি ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট, এস.পি. এবং আই.সি.-কে জানিয়েছি। এমনকি এ ব্যাপারে মুখ্যমন্ত্রীকে চিঠি লিখেছি। বুথ দখল ইত্যাদি কাজ যেসব গুণ্ডারা করে, আমাকে তারা জানিয়েছে যে এটা আমরা করতে চাই না। তারা জানিয়েছে যে তারা রিগিং করতে, বুথ দখল করতে চায় না। কিন্তু তারা এটাও জানিয়েছে যে আপনারা সি.পি.এম. নেতাদের সামলান, নাহলে আমরা বিপদে পড়ব। তারা এও বলেছে যে আমরা জেলে যেতে চাই। আমাদের ডিটেন করতে বলুন। এইসব লোকগুলোকে ডিটেন করার ব্যাপারে আমি এস.পি., ডি.এম.-কে বলেছি। এইভাবে মালদায় যেখানে কংগ্রেস খুব শক্তিশালী সেখানে এরকম হলে অন্যান্য জেলা যেমন মেদিনীপুর, বাঁকুড়াতে কি হবে। সেটা আপনারা বিচার করুন। পশ্চিমবাংলার ল অ্যান্ড অর্ডার ভালো হওয়ার দরকার। সে ব্যাপারে আমাদের আশা ছিল। আমাদের বর্তমান মুখ্যমন্ত্রী একজন মরালিস্ট ব্যক্তি, সেই কারণে আমি ব্যক্তিগত ভাবে তাঁর কাছে অনেক কিছু আশা করেছিলাম। আজকে কিন্তু সেই অন্যায় হচ্ছে। আজকে ভালো ভালো লোককে বদলি করে দেওয়া হচ্ছে। কাজেই কখনোই বলা যায় না যে আমাদের ল অ্যান্ড অর্ডার ভালো আছে। আপনারাই এটা ভালো রাখতে দেবেন না। সুজাপুর কেন্দ্রে রৌফ নামের একটা লোক আছে, তার বাড়িতে বোমা তৈরি করতে গিয়ে ৮ জন লোক মারা গেল। অথচ আজ পর্যন্ত তাকে এ ব্যাপারে গ্রেপ্তার করা হয়নি। বিষয়টি আমি এস. পি. -কে জানিয়েছিলাম। তিনি বলেন তার বিরুদ্ধে তো কোনো কেস নেই। অথচ আমরা ওর বিরুদ্ধে কাগজপত্র দিয়েছিলাম এই রৌফ হল জেলা পরিষদের শেফালির স্বামী। আসলে এই ব্যক্তি গ্রেপ্তারির উর্ধ্বে। এরপর একটা বাই ইলেকশান হলো সেখানেও দেখা গেল তার সাহসে এতটুকু চিড় ধরেনি। এই ২৯ বছর ধরে আপনারা শিখেছেন যে কি করে সায়েন্টিফিক ওয়েতে রিগিং করতে হয়, কি করে বুথ ক্যাপচার করতে হয়। কাজেই আপনাদের তো হারের কোনো প্রশ্নই ওঠে না। যতদিন ইচ্ছে আপনারা ক্ষমতায় থাকুন। আপনারা গণতন্ত্রের কথা বলেন। ভারতে গণতন্ত্র আছে, ভারতের সংবিধানে গণতন্ত্রের কথা বলা আছে। তাই বাধ্য হয়েই আপনারা গণতন্ত্রের কথা বলেন। গণতন্ত্র আপনাদের আদর্শ নয়, আপনাদের আদর্শ হলো—বাই হুক আর ক্রুক আপনারা ভোটে জিতবেন। মোস্ট অফ দ্য টাইম বাই ক্রুক আপনারা ভোটে জেতেন। আই উইশ ইউ গুড লাক।

[3.50—4.00 p.m.]

তারপর আমি ইন্ডাস্ট্রির কথা কিছু বলতে চাই। আপনারা বলেছেন যে, ইন্ডাস্ট্রিতে ২২০০ কোটি টাকার ইনভেস্টমেন্ট এসেছে ইয়ারলি, ভাল কথা। কিন্তু আপনারা হয়তো জানেন,

ঝাড়খণ্ডে ৪৬ হাজার কোটি টাকা এসেছে, ওড়িশায় ৪৩ কোটি টাকা এসেছে। অথচ আমাদের এখানে অনেক কম টাকার ইনভেস্টমেন্ট এসেছে। এরপর আপনারা ডাউন হলদিয়ায় পেট্রো কেমিক্যালসের কথা বলেছেন। ডাউন স্ট্রিমে অনেকগুলি ইউনিট হয়েছে সেই কথা বলেছেন। এ ছাড়াও বিভিন্ন জায়গায় পার্ক করেছেন, জুয়েলারি পার্ক, রাবার পার্ক ইত্যাদি করেছেন। আপনারা খুব প্রাউডলি ইনফরমেশন টেকনোলজির কথা বলেন। এই আই.টি.-তে—আমি জানি না, আমার বলা উচিত হবে কিনা—বাংলার ছেলেরা কত চাকরি পেয়েছে ? কারণ, আই.টি.-তে চাকরি পেতে গেলে ইংরাজি জানতে হবে আর আপনারা শুরু করলেন মাতৃভাষার মাধ্যমে সব কিছু শিখতে হবে। কাজেই গ্রাম বাংলার অনেক ছেলেরা যারা হয়তো ইংরাজি জানে না, তারা আই.টি.-তে সুযোগ পাবে না। আই.টি.-তে ভারতবর্ষে প্রায় ১ মিলিয়ন লোক অর্থাৎ ১০ লক্ষ লোক কাজ করে আর পশ্চিমবঙ্গে কাজ করে তার ৩ পারসেন্ট লোক, অর্থাৎ ৩০ হাজার। আপনারা অনেকেই মনে করেন, বাঙালি ইনট্যালেকচুয়ালস, সুতরাং আই. টি.-তে তাদের বিশেষ তাৎপর্য আছে। কিন্তু এটা ঠিক তা নয়। তা যদি হতো তাহলে ব্যাঙ্গালোরে হল, কেরলে হল না কেন ? কথা হচ্ছে, যেখানে লেখাপড়া ওপেন মাইনডেডলি হয়, ইনস্টিটিউশনগুলিতে যেখানে ইজম নেই, সেখানে আমরা দেখেছি আই. টি. গড়ে উঠেছে। কিন্তু আমাদের পশ্চিমবঙ্গে সব কিছুতেই ইজম। You have to be a communist to get a better job, or your relatives/friends must be communists to get you a job, তাই আমি মনে করি, ফ্রি মাইন্ড নিয়ে যেহেতু কোনো কাজ করেন না সেহেতু কোনো কাজ হয় না। হায়ার এডুকেশনে ফ্রি মাইন্ড নিয়ে যদি লেখাপড়া না হয় তাহলে বাংলার ছাত্র বা ছাত্রীরা কতদূর এগোবে ? বেশি দূর এগিয়ে যেতে পারে না। দীর্ঘ ২৯ বছর পর ইন্ডাস্ট্রির ক্ষেত্রে আমরা জানতে পারছি, ৬৪ হাজার কলকারখানা বন্ধ এই পিরিয়ডে। আমরা আরো জানতে পারছি, ৭০ লক্ষ লোক রেজিস্টার্ড বেকার যারা এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে নাম লিখিয়েছেন। আমরা জানতে পারছি, ৩১টি রাজ্যের মধ্যে দিজ ইজ দি হায়েস্ট নাম্বার। আমরা আরো জানি, পাবলিক সেক্টরে এবং প্রাইভেট সেক্টরে এমপ্লয়মেন্ট ইজ স্টেডিলি ডিমিনিসিং, কমে যাচ্ছে। ৭ লক্ষ ইন্ডাস্ট্রিয়াল ওয়ার্কার বেকার হয়ে বসে আছে। টি-ইন্ডাস্ট্রির অবস্থার কথা আপনারা জানেন। এখানে ১২ হাজার ওয়ার্কার বোধ হয় কাজ করে। তাদের অবস্থা খুবই শোচনীয়, তাদের মধ্যে অনেকেই ট্রাইবাল। তাদের স্টারভেশন ডেথের কথা শোনা যায়, তাদের কোনো ট্রিটমেন্ট হয় না সে কথাও শোনা যায়। কাজেই এইগুলো হলো বাস্তব কথা। ইলেকট্রিসিটি, কোনো জিনিসের উন্নতি করতে হলে, আরবানাইজেশান বা বড়ো সিটি বা ইন্ডাস্ট্রি তৈরি করতে হলে ইলেকট্রিসিটি ইজ এ মাস্ট, এটা হতেই হবে। আমাদের পাওয়ার মিনিস্টার গর্ব করে বলেন যে আমরা ইলেকট্রিসিটি এক্সপোর্ট করছি। অথচ আমরা জানি এই ইলেকট্রিসিটি এক্সপোর্ট করার মধ্যে একটা ডার্ক সিক্রেট আছে। ডার্ক সিক্রেট হলো, আমাদের ডিস্ট্রিবিউশান এবং ট্রান্সমিশান লাইন নেই, কাজেই যেখানে ইলেকট্রিসিটি দরকার সেই সমস্ত জায়গায় পাঠাতে পারছি না ইলেকট্রিসিটি। সেই জন্য অফ পি আওয়ার্সে এই ইলেকট্রিসিটি অন্য

জায়গায় পাঠিয়ে দেবার ব্যবস্থা করছেন। এই অবস্থায় তিনি গর্ব করে বলছেন যে ইলেকট্রিসিটি এক্সপোর্ট করছেন। এটা ঠিক কথা নয়।

(এই সময় লালবাতি জ্বলে ওঠে)

স্যার, আমার টাইম হয়ে এলো, আমার বলার আর সময় নেই। মাননীয় মুখ্যমন্ত্রী বুদ্ধদেববাবু সিঙ্গাপুরে গিয়ে ইন্দোনেশিয়োদের এনেছিলেন, সেই ব্যাপারে অনেক গল্প শুনলাম। তিনি বলেছিলেন It was the best of my time. It was the spring of hope.

দুটিই হয়নি, হতাশ হয়েছিল। তাদেরকে শুনেছি আরবানের কিছু কাজ দিয়েছেন, আরবান এরিয়া এবং টু-হুইলার তারা করবে। পশ্চিমবাংলার লোক তাকিয়ে আছে ইন্ডাস্ট্রিতে কি হচ্ছে না হচ্ছে। আমার অনেক কিছু বলার ছিল, সময় শেষ হয়ে গেছে। থ্যাঙ্ক ইউ ভেরি মাচ।

শ্রী গোবিন্দ রায় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ভারতীয় সংবিধানের ১৭৬ নম্বর অনুচ্ছেদ অনুযায়ী বিধানসভার বাজেট অধিবেশনে পশ্চিমবাংলার মাননীয় রাজ্যপাল শ্রী গোপালকৃষ্ণ গান্ধী প্রদত্ত ভাষণের উপর ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শুরু করছি। আজকে এখানে এই আলোচনার মধ্যে বিরোধী দলের সদস্যরা বক্তব্য রাখলেন। প্রধান বিরোধী দলের নেতা সৌগত রায় বক্তব্য রেখে চলে গেছেন। আমাদের রাজ্যের মুখ্যমন্ত্রীর নৈতিক ভিত্তির প্রশ্ন তুলেছেন। সঠিকভাবে মুস্তাফা সাহেব তাঁর জবাব দিয়েছেন। এখানে খান চৌধুরী সাহেব বন্ধ কলকারখানার কথা তুললেন। আমি এই প্রসঙ্গ শুরু করতে চাই এই ভাবে যে আমরা একটা চক্রব্যূহের মধ্যে দাঁড়িয়ে আছি। এই কলকারখানা বন্ধ হয়েছে কার পাপে ? ভুলে গিয়েছেন খান সাহেব, ১৯৯১ সালে কোথায় গিয়ে স্বাক্ষর করে এসেছিলেন ? তার ফলশ্রুতি হিসাবে কোনো প্রস্তুতি ছাড়াই অসম প্রতিযোগিতায় পড়তে হয়েছে। বহুজাতিক কোম্পানিগুলোর আগাম মোকাবিলা পথ তৈরি না করে, ঝোড়ো বাতাসে কী ভাবে দাঁড়াবো, কী ভাবে তাদের মোকাবিলা করবো, কী ভাবে নিজের পায়ে দাঁড়িয়ে তাদের বিরুদ্ধে লড়াই করবো সেই পথ তৈরি না করে স্বাক্ষর করে আসলেন। তখন আপনাদের দল, কেন্দ্রের এখন যে কংগ্রেস পরিচালিত সরকার, তারা সোনার হরিনের পেছনে ছুটে গেলেন। অভিমন্যুর চক্রব্যূহের প্রবেশের কথা জানি। আজকের দিনে এই চক্রব্যূহ ভেদ করবার কৌশল বার করতে পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার মানুষের সহযোগিতা এবং সদিচ্ছা নিয়ে এগিয়ে চলেছে। আপনাদের কয়েকজনের বিরোধিতা এই ভিত্তির টনক নড়াতে পারবে না। পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী আরো, আরো শক্ত ভিত্তির উপর প্রতিষ্ঠিত হবে সপ্তমবার বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হওয়ার মাধ্যমে।

[4.00—4.10 p.m.]

আমাদের হোর্ডিংয়ের কথা উনি বলছেন। সবটাই চোখে পড়ে না, সমালোচনার জন্যই সমালোচনা করা। তিনি বক্তব্য রাখার সুবিধার স্বার্থে একটা হোর্ডিংয়ের কথা তুলেছেন। 'কৃষি আমাদের ভিত্তি, শিল্প আমাদের ভবিষ্যৎ'—এই প্রসঙ্গেই হোর্ডিংয়ের কথা এসেছে। আমাদের এই রাজ্য কৃষিভিত্তিক, কৃষিতে আজকে আমাদের সুদৃঢ় ভিত্তি প্রতিষ্ঠিত হয়েছে। ২০০৪-০৫-এ

১৬১.০৬ লক্ষ টন খাদ্যশস্য উৎপাদন হয়েছে। সেখানে ২০০৬-০৭ সালে লক্ষ্যমাত্রা ধার্য হয়েছে ১৭৫.০৩ লক্ষ টন। খাদ্যের স্বয়ং সম্পূর্ণতার কথা মাথায় রেখে, এই খাদ্যের নিরাপত্তা বজায় রেখে শিল্পের দিকে আমাদের ধাবিত হতে হবে, আমাদের এই মাটিতে দাঁড়িয়েই। পশ্চিমবঙ্গে যে সব শিল্পের সম্ভাবনা আছে, তার নিরিখেই শিল্পের সম্ভাবনা এবং শিল্প প্রসারের ব্যাপক উদ্যোগ চলছে। আমাদের বিকল্প কৃষি নীতি গৃহীত হওয়ার ফলে ডাল শস্য উৎপাদনে ঘাটতি, গম উৎপাদনে ঘাটতি পূরণের ব্যাপক প্রয়াস চলছে। ভাবতে পারবেন না, ১৯৭৭ সালের আগে যে এলাকাগুলোতে মানুষেরা শীর্ণকায় শরীর নিয়ে মিছিল করে ঘুরে বেড়াত, সবাই 'হা-অন্ন, হা-অন্ন' করত, গ্রামাঞ্চলে মানুষ যারা শীর্ণকায় দেহ নিয়ে খেতে পারত না, এখন সেই গ্রামগুলোতে সবজি ক্ষেত পরিপূর্ণ হয়ে আছে। সেই গ্রামের মানুষেরা প্রতিদিনই শস্য ক্ষেতে কাজ করতে যাচ্ছে, মজুরি খাটবার লোক খুঁজে পাওয়া যাচ্ছে না। উত্তরবঙ্গের এলাকাগুলোতে—ধূপগুড়ি, ফালাকাটা, ময়নাগুড়ি—এইসব এলাকাগুলোতে চোখ বুলোলেই বোঝা যায় যে কি ব্যাপক পরিবর্তন হয়েছে কৃষিক্ষেত্রে। শুধু উৎপাদন নয়, সংরক্ষণেরও দরকার। সেখানে বড় বড় হিমঘর তৈরি হয়েছে। যেখানে হিমঘর ছিল না, সেখানে হিমঘর তৈরি হয়েছে। কৃষিভিত্তিক এলাকাগুলোতে হিমঘর তৈরি করা হয়েছে। সেখানে কৃষিভিত্তিক শিল্প মাথা উঁচু করে দাঁড়িয়ে আছে। কোচবিহার থেকে উত্তরবঙ্গ পর্যন্ত আলু রপ্তানি করার জন্য প্রচেষ্টা চালানো হচ্ছে। শুধু সবজির জন্য নয়, ফল চাষ এবং অন্যান্য চাষের ক্ষেত্রেও আমাদের রাজ্যের ব্যাপক অগ্রগতি ঘটছে। এই অগ্রগতিকে আমাদের ধরে রাখতে হবে, একে আরও সুসংহত করতে হবে এবং তার স্বার্থেই শিল্পোন্নয়নের ব্যাপক প্রসারের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এই উদ্যোগকে সফল করবার উদ্দেশ্যে আমাদের যে পরিকল্পনা রাজ্য সরকার গ্রহণ করেছেন, মহামান্য রাজ্যপাল তাঁর বক্তব্যে এখানে তা তুলে ধরেছেন, বিভিন্ন দপ্তরের বিভিন্ন বিষয়ের কথা একে একে উল্লেখ করে। সেই কথা না তুলে কোথায় কে. জে. রাও, কোথায় নির্বাচন কমিশনার গোছা গোছা কি খুঁজে বেড়াচ্ছেন, তার কথা তুলে মাননীয় সদস্য বক্তব্য রাখলেন। আমি এই প্রসঙ্গে মাননীয় সৌগতবাবুর কথা উল্লেখ করতে চাই। আমাদের মাননীয় সৌগতবাবু মুখ্যমন্ত্রীর উদ্দেশ্যে বলে গেছেন বিবেকানন্দের উক্তি দিয়ে 'এসেছিস যখন দাগ কেটে যা'। আমি সৌগতবাবুর উদ্দেশে বলছি, ২০০১ সালে যখন প্রতি রাত্রে বারুদের অস্ত্র নিয়ে, এ. কে.-৪৭, এ. কে.-৫৭ রাইফেল নিয়ে, অত্যাধুনিক আগ্নেয়াস্ত্র নিয়ে আলফারা, ভুটানে ট্রেনিং নিয়ে উত্তরবঙ্গের ছেলেরা বিপথগামী হয়েছিল, অত্যাধুনিক রাইফেলগুলো গর্জে উঠতো, এক ভয়ঙ্কর অবস্থার সৃষ্টি হয়েছিল। সেই বিপথগামী ছেলেগুলো নব দিশা, নব জ্যোতি—এই মেলা প্রকল্পের কর্মধারার মাধ্যমে আজকে তারা স্বাভাবিক জীবনে ফিরে এসেছে। আজ উত্তরবঙ্গের জনপদে শান্তির বাতাবরণ তৈরি হয়েছে। মাননীয় মুখ্যমন্ত্রীর উদ্যোগে এটা সম্ভব হয়েছে, এটা তো দাগ কেটেই যায়। আর আপনারা কি ? বিগত ৫ বছর আগের কথা আমি স্মরণ করিয়ে দিতে চাই। যেদিন চৌরঙ্গীতে আপনাদের নেত্রী কর্মসূচি নিয়েছিলেন, 'নিজেদের কপাল নিজেকের চাপড়ানোর কর্মসূচী। আমি আপনাদের অনুরোধ করছি, আগামী জুন মাসের জন্য ওই রকম একটা কর্মসূচী আগাম গ্রহণ করে রাখুন। সেদিন সকলে চৌরঙ্গীতে দাঁড়িয়ে নিজেদের কপাল

নিজেরাই চাপড়াবেন। আমাদের পশ্চিমবাংলার মাটিতে একে একে দাগ কেটে গেছে আমাদের রাজ্য সরকারের নানানতর জনমুখী কর্মসূচী। গ্রামের মেয়েরা যারা কোনোদিন বাইরে বের হোত না, সেইসব মেয়েরা শাঁখ বাজিয়ে স্বনির্ভর সহায়ক গোষ্ঠীর মাধ্যমে এ গ্রাম থেকে সে গ্রামে নানানতর কর্মসূচি নিয়ে চলেছে। এ রাজ্যে আড়াই লক্ষ স্বনির্ভর গোষ্ঠী তৈরি হয়েছে। উত্তরবঙ্গের জলপাইগুড়িতে ১২,৫০০ স্বনির্ভর গোষ্ঠী তৈরি হয়েছে মহিলাদের, যারা উৎপাদনের কাজের সাথে যুক্ত হয়েছে। আজকে গ্রামে তারা নিজেদের কিছু অর্থোপার্জনের জন্য আত্মনির্ভর গোষ্ঠী করে মাথা তুলে দাঁড়িয়েছে। রাজ্য জুড়ে এই যে অর্ধ আকাশ মহিলা, আজকে তারা উদ্দীপনা নিয়ে গ্রাম গ্রামান্তরে উদ্যোগী হয়ে আত্মনির্ভর স্বনির্ভর গোষ্ঠীর মাধ্যমে এগিয়ে চলেছে। এটা বামফ্রন্ট সরকারের অবদান। এদিকে আপনাদের নজর আসছে না। আপনারা তাকিয়ে আছেন নির্বাচন কমিশন এসে কি ভাবে আপনাদের ক্ষমতায় আনবে। এর জন্য আপনারা নানা ফন্দী করে চলেছেন—বলছেন, মহাজোট হবে। কার সঙ্গে মহাজোট ? পশ্চিমবঙ্গের সমস্ত সচেতন মানুষ আপনাদের এই উদ্যোগ দেখে হাসছে। কার সঙ্গে কি ভাবে জোট—একদিকে বিজেপি, একদিকে কংগ্রেস, দু'দলের দু'মেরুতে অবস্থান। মাঝখানে ঢুকে আছেন আপনারা। সঙ্গে রয়েছে বিজেপি। যে বিজেপি কয়েকদিন আগে তাদের সম্মেলনে বলেছে, আবার অযোধ্যায় চল। আবার সেই মধ্যযুগীয় দাঙ্গা, মানুষে মানুষে খুনোখুনি। আবার সেই ধর্মীয় উন্মাদনা। তাদের শিবিরে দাঁড়িয়ে থেকে পশ্চিমবাংলায় মহিমান্বিত এই ভবনে আসার স্বপ্ন দেখছেন আপনারা। পশ্চিমবাংলার সাধারণ মানুষ আপনাদের সেই স্বপ্নকে সফল হতে দেবে না কোনোদিনই। বামফ্রন্ট সরকার নীতি আদর্শ নিয়ে কাজের দিক থেকে পরিকল্পিত দৃষ্টিভঙ্গি নিয়ে একে একে যে পদক্ষেপ গ্রহণ করে চলেছে, তাদের কাজের নিরিখে সপ্তম বারের জন্য তাদের আবার জিতিয়ে আনবে। মহামান্য রাজ্যপালের ভাষণের ছত্রে ছত্রে সেই কথাগুলিই উল্লিখিত হয়েছে। আপনারা এখানে নানা সমালোচনা করলেন। আমি একটি পুস্তিকার উপসংহারে উল্লিখিত কয়েকটি লাইন শুনিয়ে দিতে চাই। এটি বামফ্রন্ট সরকারের লেখা নয়। এটি লেখা হয়েছে দিল্লি থেকে। লিখেছেন মোহন গুরুস্বামী, কমল শর্মা এবং জীবন প্রকাশ মোহান্তি। এটি সমীক্ষা ভিত্তিক একটি পুস্তিকা। তাঁরা বলেছেন, ''অর্থনৈতিক সংস্কারের'' পর ভারতীয় উন্নতির চিত্রে পশ্চিমবঙ্গের দ্রুততম উন্নতিহার প্রাপ্ত রাজ্য হিসাবে আত্মপ্রকাশ সত্যিই অত্যন্ত আশ্চর্যজনক। কিন্তু বাস্তব এই মতবাদের আড়ালে ঢাকা পড়ে গেছে যে পূর্ব ভারতের অন্য রাজ্যের মতোই পশ্চিমবঙ্গও এক অবনতি ও অবক্ষয়ের রাজ্য।

কিন্তু বাস্তব চিত্র শুধুমাত্র এই ভুল ধারণাকে খণ্ডন করে না এটাই তুলে ধরে যে অধিকাংশ ক্ষেত্রে অসহযোগ করা কেন্দ্রীয় সরকারের সব বাধা ভেঙে এই রাজ্য উন্নতি করেছে। যারা পর্যালোচনা করে তারা এই তথ্য দিয়ে পশ্চিমবাংলা সম্পর্কে বলেছেন। সুতরাং আপনারা কে কি বললেন তার ওপরে দাঁড়িয়ে পশ্চিমবঙ্গের উন্নয়ন থমকে দাঁড়াবে না। আমি বলতে চাই, এ সত্ত্বেও আত্মতুষ্টির জায়গা নেই। আমাদের সরকার কখনও বলেনি সব সমস্যার সমাধান হয়ে গেছে। বেকারত্বের কি দুর্বিষহ জ্বালা তা আমরা জানি, বামফ্রন্ট সরকার তা মেটাবার চেষ্টা করছে। পশ্চিমবাংলায় দু'হাজার দুশো বর্গ মাইল সীমান্ত—ভুটান

সীমান্ত একদিকে, একদিকে নেপাল সীমান্ত। চারিদিকে নাগিনীর বিষাক্ত নিঃশ্বাস। চারিদিকে সহস্র প্রতিকূলতা। সেই প্রতিকূলতার মধ্যে দাঁড়িয়ে বিকল্প ভাবনা নিয়ে ২৯ বছর বামফ্রন্ট সরকার যে ভাবে প্রতিষ্ঠিত হয়ে আছে, এটা শুধু রাজ্যের মানুষের গর্বের বিষয় নয়, গোটা বিশ্বের শ্রমজীবী মানুষের কাছে গর্বের বিষয়।

[4.10—4.20 p.m.]

আমাদের এই রাজ্যে কেন্দ্রীয় বঞ্চনার দীর্ঘ ইতিহাস আছে। আজও কিন্তু সেই বঞ্চনার ধারা একেবারে মিলিয়ে যায়নি। উত্তরবঙ্গে নানানতর উন্নয়নের কর্মযজ্ঞ নিয়ে রাস্তা, সেতু এলাকা উন্নয়নের নানা পরিকল্পনা আমরা গ্রহণ করি কিন্তু প্রতি বছর তা ভেসে যায়। উত্তরবঙ্গে ভুটান থেকে নেমে আসা সেই দ্রুতগামী নদীগুলোর খরস্রোতে প্রতি বছর ওখানকার এলাকা ভেসে যায়। কেন্দ্রীয় সরকারের বিধানে ওই ব্রহ্মপুত্র অববাহিকার নদীগুলো শাসন করবার জন্য 'ব্রহ্মপুত্র বোর্ড' আছে। সেখান থেকে স্বাধীনতার ৫৮ বছর পরেও আমরা একটা ঘসা পয়সা পেলাম না। এবার আমাদের রাজ্য সেই বোর্ডের সদস্য হয়েছে। তাই এইবার আমরা আশা করছি তাদের কাছ থেকে অর্থ পাব ওই নদীগুলো শাসন করবার জন্য, নদী ভাঙনের মোকাবিলা করে বন্যা নিয়ন্ত্রণের ব্যবস্থা গ্রহণ করবার জন্য।

সীমান্তে আমাদের সমস্যা আছে। আমার নিজের এলাকায় কয়েকদিন আগে ভারতের মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী শ্রীশিবরাজ পাতিল গিয়েছিলেন। সেখানে এখনও তারকাঁটার বেড়া দেওয়া হয়নি। সেখানে প্রায় ১৫ কিলোমিটার এলাকা কার ভুলে 'র‍্যাটক্লিফ এ্যাওয়ার্ডে', সেই সীমান্ত চিহ্নিতকরণ ভুলভাবে করা হয়েছিল। আমার নিজের গ্রামের বাড়ি বাংলাদেশের মানচিত্রে দেখানো হচ্ছে। অদ্ভুত অবস্থা : কার দোষে এই শোচনীয় অবস্থা ঘটে চলেছে ? এগুলোর বিশ্লেষণ আপনারা করছেন না। সেই সীমান্তে কাঁটাতারের বেড়া না থাকার জন্য সেখানকার নাগরিকদের আমরা সতত প্রহরায় রেখেছি, সচেতন রেখেছি যাতে কোনোভাবে অনুপ্রবেশ না ঘটে, জঙ্গীরা আমাদের এলাকায় না আসতে পারে। তবে এই ভাবে সমস্যা যেমন আমাদের আছে তেমনি সমস্যার সমাধানের জন্য সদর্থক পদক্ষেপও আমাদের রাজ্য সরকারের আছে। আমি আপনাদের কাছে আহ্বান জানাতে চাই যে, আপনারা অন্তত এই সব বিষয়গুলোতে সহমত হয়ে এই রাজ্যের আকাশে-বাতাসে যেভাবে নানানতর গোলমাল পাকানোর ষড়যন্ত্র হচ্ছে তার মোকাবিলায় সোচ্চার ভূমিকা গ্রহণ করুন এবং সদর্থক বিরোধী দলের ভূমিকা পালন করে রাজ্যের এই উন্নয়নের ধারাকে অব্যাহত রাখার জন্য সহযোগিতা করুন।

আমরা আমাদের রাজ্যের অন্যান্য নানাতর সমস্যায় এখনও কিছুটা চিন্তিত আছি। সেই সমস্যাগুলোর সমাধানের জন্য, বিশেষ করে পশ্চাদ্‌পদ কিছু অঞ্চলকে কী করে আরো উন্নত করা যায়, সেচের প্রসার, কৃষির আরো নিবিড় উন্নতি করা যায় এবং তার মধ্যে দিয়ে সেই সব এলাকার মানুষের কর্মসংস্থানের ব্যবস্থা করা যায়, তার জন্য নানাতর পরিকল্পনা হচ্ছে।

উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ গঠিত হয়েছে, পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদ গঠিত হয়েছে, আবার সুন্দরবনকে নিয়ে সুন্দরবন উন্নয়ন পর্ষদ কাজ করে চলেছে। কিন্তু তা সত্ত্বেও ঘাটতি আছে। আর, সেই ঘাটতি পূরণের জন্য অবিরাম, নিরলস প্রচেষ্টাও রাজ্য সরকারের আছে। সেই প্রচেষ্টাকে সহযোগিতা না করে শুধুমাত্র কলকাতা কেন্দ্রিক দু-একটা কথা উল্লেখ করে বা আইন- শৃঙ্খলার কথা বলে, আর কীভাবে ক্ষমতায় আসা যাবে তার জন্য ভোটের রাজনীতির কথা বলে, বিশেষ করে নির্বাচন কমিশনের ভূমিকা নিয়ে আলোকপাত করে আপনারা আপনাদের বিরোধী দলের প্রকৃত দায়িত্ব থেকে সরে যাচ্ছেন। আমি আপনাদের আহ্বান জানাই, এই রাজ্যের ৮ কোটি মানুষের স্বার্থে, বিশেষ করে যারা গ্রামে-গঞ্জে কৃষিক্ষেত্রে বিভিন্ন কাজে নিযুক্ত সেই মানুষের স্বার্থে উন্নয়নের এই ধারাবাহিকতাকে বজায় রাখার স্বার্থে গঠনমূলক পরামর্শ দিন; আপনাদের পরামর্শ হয়তো আমাদের কাজে লাগবে।

আর একটা কথা বলে আমি বক্তব্য শেষ করব। সেটাহচ্ছে, অন্যায়কে অন্যায় বলার কাজ বিরোধী দলের মধ্যে থেকেও করা যায়। কৌরব শিবিরে যখন দ্রৌপদীর বস্ত্র হরণ হচ্ছিল তখন বিকর্ণ নামে একটি বালক, দুর্যোধনের ভাই, সে চিৎকার করে বলেছিল—এটা অন্যায়, এটা অন্যায়। আপনারাও অন্তত বলুন এই যে আমাদের পশ্চিমাঞ্চলে প্রায় প্রতিদিন মানুষ খুন হচ্ছে, এই যে আমাদের এলাকা জুড়ে মানুষ খুনের রাজত্ব চলছে, এই যে ধর্মীয় জিগির তুলে আমাদের সাম্প্রদায়িকতার ঐতিহ্যকে নষ্ট করার চেষ্টা হচ্ছে তা অন্যায়, অন্যায় ; বিকর্ণের মতো একটা দৃষ্টান্ত খাড়া করুন। তা না করে শুধুমাত্র সমালোচনার ঝড় তুলে আত্মপ্রবঞ্চনা করলে রাজ্যবাসীই আপনাদের পরিত্যাগ করবে। যাইহোক, এই কথা বলে এবং আবার এই প্রস্তাবকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী তারক বন্দ্যোপাধ্যায় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই হাউসে মহামান্য রাজ্যপাল গোপালকৃষ্ণ গাঁধী যে ভাষণ প্রদান করেছেন তার বিরুদ্ধে কিছু কথা অল্প সময়ের মধ্যে বলতে চাই। মহামান্য রাজ্যপাল গোপালকৃষ্ণ গাঁধী জাতির জনক মোহনদাস করমচাঁদ গাঁধীর নাতি। পরাধীন ভারতবর্ষকে স্বাধীন করার স্বার্থে সারা বিশ্ববাসীর কাছে গাঁধীর সংগ্রাম আজকে সর্বজনবিদিত। দেশ স্বাধীন হয়েছে, দেশের সংবিধান রচিত হয়েছে। ভারতবর্ষের সংবিধানে দেশের মানুষের অধিকার, কর্তব্য সম্পর্কে স্পষ্ট সেখানে লেখা আছে। গোপালকৃষ্ণ গাঁধী খুব ভালো মানুষ, কিন্তু প্রথা অনুযায়ী এই বইটি তিনি লেখেননি, রাজ্য সরকার যেমন তাঁকে লিখে দিয়েছেন তিনি সেটাই এখানে এসে পাঠ করেছেন। তাও পুরোটা পাঠ করেননি, তার আগেই সভা ত্যাগ করে চলে গেছেন। পশ্চিমবঙ্গের এই বামফ্রন্ট সরকার ২৯ বছর রাজত্ব করছেন। আসন্ন নির্বাচন—সপ্তমে আসবেন, আবার অষ্টমে আসবেন, নবমে আসবেন এবং দশমেও আসবেন কিনা জানি না। বাংলার নাগরিক নির্বাচকমণ্ডলী তার সিদ্ধান্ত নেবেন কিন্তু আগাম তার ঢাক পেটানো শুরু হয়ে গেছে যে সপ্তমে আবার বামফ্রন্ট সরকারই আসছেন, সপ্তমে বামফ্রন্ট সরকারই আসছে। আমাদের দলের পক্ষ থেকে অধ্যাপক সৌগত রায় নির্বাচনে কারচুপি কী ভাবে হয় এবং কী ভাবে নির্বাচনটাকে প্রহসনে পরিণত করা হচ্ছে সেই বিষয়ে বলেছেন। ভোটে কী ভাবে কারচুপি হয়, কী ভাবে ভোটার লিস্টে কারচুপি হয়,

ভুয়ো রেশন কার্ড তৈরি করা হয়, সরকারি দলের মদতে ভুয়ো রেশন কার্ড তৈরি হয় তার বিষয়ে বিস্তারিতভাবে বলেছেন। ওই ভুয়ো রেশন কার্ড দিয়ে কেরোসিন তেল তুলে কীভাবে ব্ল্যাকে বিক্রি করা হয় সেই বিষয়েও বলেছেন। জাল ভোটারকার্ড যে গ্রামে গ্রামে তৈরি হচ্ছে সেই বিষয়েও প্রকাশ পেয়েছে। আমাদের সর্বদলীয় নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায় তিনি এই পশ্চিমবঙ্গে অপশাসনের কথা, পশ্চিমবঙ্গে নির্বাচনের দুর্নীতির কথা ভারতবর্ষের মানুষের কাছে বারেবারে জানিয়েছেন। তাঁর ওই জানানোর ফলে দেশবাসী আজকে পশ্চিমবঙ্গের বর্তমান পরিস্থিতির কথা জানতে পেরেছে। পশ্চিমবঙ্গে কি গণতন্ত্র বলে কিছু আছে নাকি পশ্চিমবঙ্গে সাংবিধানিক অধিকার আছে ? পশ্চিমবঙ্গের নাগরিক তার সাংবিধানিক অধিকার কি প্রয়োগ করতে পারেন ? ভোটকে তো এই শাসকদল রণক্ষেত্রে পরিণত করেছে। ভোট তো রণক্ষেত্রের স্থান নয় কিন্তু ওরা তো সেটাই করে ছেড়েছে। মানুষের পবিত্র অধিকার ভোট প্রয়োগ করার। আমি যদি মনে করি কাশেম সাহেবকে ভোট দিয়ে তাকে জিতিয়ে আনবো তা হতে পারে, আবার যদি মনে করি কাশেম সাহেবকে না দিয়ে তার বদলে অন্য কাউকে ভোট দিয়ে জিতিয়ে আনব, আমার সে অধিকার আছে। ভোট দেওয়া একটা নাগরিকের পবিত্র অধিকার, কিন্তু এই বামফ্রন্ট সরকার সেখানে বোমা, রিভলবার চালিয়ে ভোট গ্রহণ কেন্দ্রকে একটি রণক্ষেত্রে পরিণত করেছেন। নির্বাচনে এই যে কারচুপি এই ব্যাপারে রাজ্য সরকার জবাব দেবেন। এই বিষয়ে তো রাজ্যপালের ভাষণের মধ্যে কোনো কিছুই উল্লেখ নেই। কি অদ্ভুত পরিস্থিতির মধ্যে নির্বাচন হচ্ছে—কিভাবে নানা রকম জাল বিস্তার করে ভোটের পুরো জিনিসটাকেই ধামা চাপা দেবার চেষ্টা করছে এই বিষয়ে শাসক দলের একজন কেউ তো বললেন না। যার ফলে পশ্চিমবঙ্গ ক্রমশ অন্ধকারে চলে যাচ্ছে। সরকারের চরম ব্যর্থতা প্রকাশ পেয়েছে। এই চরম ব্যর্থতার কথা একজন শাসক দলের সদস্যও বললেন না। আজকে পশ্চিমবঙ্গ সরকার লক্ষ লক্ষ কোটি টাকার ঋণের জালে জর্জরিত।

[4.20—4.30 p.m.]

একজন শিশু জন্মগ্রহণ করলে কত হাজার টাকা ঋণের বোঝা মাথায় নিয়ে জন্মগ্রহণ করছে এই পশ্চিমবঙ্গে সেই হিসাব আপনারা কেউ রাখেন ? রাজ্যের অর্থনৈতিক অবস্থা যখন এমন, তখন আমাদের মাননীয় মুখ্যমন্ত্রীকে বলতে শুনেছি এই সভায় যে, আমাদের অর্থনৈতিক সংকট চলছে, এই সংকটকে আমাদের দূর করতে হবে। সেই অবস্থায় নির্বাচনের আগে মাননীয় মুখ্যমন্ত্রীর যে দপ্তর, তথ্য এবং সংস্কৃতি, সেই দপ্তরে ১৬ কোটি টাকা তিনি হোর্ডিং কলকাতা থেকে আরম্ভ করে পশ্চিমবঙ্গের বিভিন্ন জায়গায় ঢেকে দিয়েছেন। সেই হোর্ডিং-এ কি আছে ? শিল্পের বন্যা বইছে, শিল্প থেকে ধোঁয়া বেরোচ্ছে, শিল্পের অগ্রগতি হচ্ছে, রাজ্যে শিল্প হলে নতুন করে কোটি বেকার যুবক-যুবতীদের কর্মসংস্থানের সুযোগ হবে, শুধু এই প্রচার করবার জন্য ১৬ কোটি টাকা তিনি ব্যয় করছেন। সেই ১৬ কোটি টাকা দিয়ে তিনি কোনো একটা কিছু তৈরি করে বাংলার কিছু উন্নয়ন করতে পারতেন, তাতে বাংলার বেকার যুবক-যুবতীদের কিছু কর্মসংস্থানের সুযোগ করে দেওয়া যেত। এই দিকটা কিন্তু যাঁরা ক্ষমতায় আছেন, সেই সরকারি দলে যাঁরা আছেন, তাঁরা কখনও এই কথা ভাবেন না। আজকে

সর্বশিক্ষা প্রকল্প সারা ভারত জুড়ে চলছে। ভারত সরকারের একটা প্রকল্প প্রাইমারী এডুকেশান। প্রাইমারী এডুকেশান, সর্বশিক্ষা প্রকল্প-এর জন্য যে টাকা কেন্দ্রীয় সরকার থেকে আসছে, সেই টাকা রাজ্যে খরচ হচ্ছে না। অনেক ক্ষেত্রে সেই টাকা ফেরত চলে যাচ্ছে। অথচ দেখুন আমাদের প্রাইমারী এবং আপার প্রাইমারী স্কুলে কি অবস্থা ? সরকারি অনুমোদিত স্কুল, যেখানে পানীয় জলের কোনো সুযোগ নেই সেই বিদ্যালয়ের সংখ্যা হচ্ছে ৯ হাজার ৩১৬টি, শৌচাগার নেই এমন বিদ্যালয়ের সংখ্যা ২০ হাজার ৪৬৮টি প্রাইমারী স্কুল। প্রাইমারী স্কুলে পানীয় জলের সুব্যবস্থা নেই, প্রাইমারী স্কুলে শৌচাগারের ব্যবস্থা নেই। কোথায়, মাননীয় রাজ্যপাল তার ভাষণে সেই কথা তো কোথাও বললেন না যে, পশ্চিমবাংলার প্রাইমারী স্কুলে এই দুরবস্থা চলছে। বেশিরভাগ প্রাইমারী স্কুলে ওয়ান টিচার স্কুল। বেশিরভাগ স্কুলে নিজস্ব ছাত্রদের মাথার উপরে ছাদ নেই। এমন অবস্থার মধ্য দিয়ে বিদ্যালয়গুলি চলছে। প্রাইমারী স্কুলে ছাত্র-ছাত্রীদের জন্য সর্বশিক্ষা প্রকল্পের অন্তর্ভুক্ত স্কুলগুলিতে সুপ্রিম কোর্ট নির্দেশ দিয়েছে মিড-ডে মিল দিতে হবে, মিড-ডে মিল চালু করতে হবে। প্রতিটা প্রাইমারী স্কুলে সর্বশিক্ষা প্রকল্পের অন্তর্ভুক্ত স্কুলগুলিতে দিতে হবে। আমাদের কেশপুর বিধানসভা কেন্দ্রে শিক্ষালয় প্রকল্পের অধীনে যেগুলি সি. এল. পি. ও সেগুলি বিভিন্ন এন. জি. ও. চালাচ্ছে, তার মধ্যে একটা এন. জি. ও., জে. পি. কে. যে বিদ্যালয়গুলি পরিচালিত করছে কিছুদিন আগে সেখানে মিড-ডে মিল চালু হল, আবার মিড-ডে মিল সেখানে বন্ধও হয়ে গেল। সেখানে সরকারের কোনো দৃষ্টি নেই, সরকারের শিক্ষামন্ত্রীর কোনো হুঁশ কি আছে এই সমস্ত কিছু নিয়ে ? কেন শিক্ষালয় প্রকল্পের অন্তর্ভুক্ত স্কুলগুলিতে মিড-ডে মিল চালু হচ্ছে না ? সেগুলি দেখভাল-এর জন্য চিন্তা-ভাবনা করার কোনো মানুষ আছেন ? শুধু সরকার খুব ভাল কাজ করছে, বাংলার সব সমস্যার সমাধান করে দিচ্ছেন, মাননীয় সরকারি দলের সদস্যরা সেই কথাগুলি শুধু বলছেন এখানে। জলপাইগুড়ির মাননীয় বিধায়ক একটু আগে বলছিলেন, জলপাইগুড়ির স্বাস্থ্য পরিষেবার কি অবস্থা একবারও তো তিনি তা বললেন না। কিভাবে এড্‌স ছড়িয়ে পড়ছে সারা জলপাইগুড়ি শহরে ? পশ্চিমবঙ্গে আগে কতজন এড্‌স রোগী ছিল ? আজকে সেই এড্‌স রোগীর সংখ্যা পশ্চিমবঙ্গে কত ? থ্যালাসেমিয়া রোগীর সংখ্যা পশ্চিমবঙ্গে কত ছিল ? আজকে সেই থ্যালাসেমিয়া রোগীর সংখ্যা পশ্চিমবঙ্গে কত ? এইসব পরিসংখ্যান-এর দিকে কেউ যাবেন না। পশ্চিমবঙ্গ কিভাবে ধীরে ধীরে ধ্বংসের দিকে চলে যাচ্ছে, কিভাবে এড্‌স রোগীর সংখ্যা বাড়ছে, থ্যালাসেমিয়া রোগীর সংখ্যা বাড়ছে, টিবি রোগের সংখ্যা বেড়েছে, ক্ষয় রোগ বেড়েছে। স্বাস্থ্য পরিষেবা ভেঙে পড়েছে। স্বাস্থ্য পরিষেবার কোনো উন্নতি হয়নি। এই কথা সরকারি দলের কোনো মাননীয় সদস্য বললেন না। সপ্তমবার আবার কি করে ক্ষমতায় আসা যায় শুধু এই কথা মাননীয় সরকারি দলের সদস্যরা বার বার বলেছেন। পশ্চিমবাংলার আসল চিত্রটা কি ? কলকাতাতে আপনারা অনেকে থাকেন। একদিন রাত্রিবেলায় কলকাতায় বেরিয়ে দেখবেন। কলকাতা শহরের ফুটপাথে, কলকাতা শহরের খালের ধারে, কলকাতা শহরের মেট্রো স্টেশানের গায়ে কত মানুষ, কত মা তার ছোটো শিশুকে নিয়ে এই শীতের রাত্রে খালি আকাশের নিচে শুয়ে আছে। পশ্চিমবাংলার আসল চিত্রটা কি— গরিব মানুষ আরও গরিব হয়েছে। গরিব মানুষেরা কত অসহায় অবস্থায় আছে

এবং তা কত বেদনাদায়ক আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ করব, আপনি একবার অনুগ্রহ করে রাতের অন্ধকারে কলকাতা শহর ঘুরে দেখুন। তাহলে দেখতে পাবেন খোলা আকাশের নিচে কত লোক বসবাস করে। এতেই আসল চিত্রটা বোঝা যাবে। আপনারা সেদিকে দৃষ্টি দেবেন না। এত পশ্চিমবাংলার মানুষ ভিখারিতে পরিণত হয়েছে, একটা ভয়ঙ্কর পরিস্থিতি তৈরি হয়েছে, কিন্তু মাননীয় রাজ্যপালের ভাষণে সে কথার কোথাও উল্লেখ দেখলাম না। কাসেম সাহেব সামারি রিভিশান, ইনটেনসিভ রিভিশানের কথা বলেছেন। ভোটার লিস্ট কিভাবে হয়েছে ? ওটা তো নির্বাচন কমিশন করে। ওই সরকারে কে আছে ? আমরা কি আছি ? নির্বাচন কমিশনের কাজ করার জন্য রাজ্য সরকারের সহযোগিতা নিয়ে করতে হয়। রাজ্য সরকারের কর্মচারীরা সেই কাজ করে থাকেন। নির্বাচন কমিশনের আন্ডারে এমন কর্মচারীর সংখ্যা নেই যে, যা দিয়ে সামারি রিভিশান, ইনটেনসিভ রিভিশান করা যায়। রাজ্য সরকারের কর্মচারী ছাড়া নির্বাচন করা সম্ভব নয়। আর আপনার সেই সরকারি কর্মচারীদের মাধ্যমে ভুয়ো ভোটার লিস্ট, জাল ভোটার লিস্ট কিভাবে তৈরি করা যায় সেই প্রচেষ্টা বছরের পর বছর ধরে চালিয়ে এসেছেন। আজকে নির্বাচন কমিশন যখন ভোটার তালিকা নিয়ে উঠে পড়ে লেগেছেন, তারা যখন লক্ষ লক্ষ ভুয়ো ভোটার ধরে ফেলছেন, লক্ষ লক্ষ ভুয়ো রেশন কার্ড ধরে ফেলছেন, মৃতদের আই কার্ড ধরে ফেলছেন—আপনারা তখন সুর পালটানোর চেষ্টা করছেন। কুমোরটুলি মৃৎশিল্প এলাকা উন্নয়ন প্রকল্পের বিষয়ে মাননীয় বুদ্ধদেব ভট্টাচার্য পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী তিনি গত ১০ বছর ধরে এমন কি ২০০১ সালের নির্বাচনের আগেও তিনি বলেছিলেন, কুমোরটুলি মৃৎশিল্প এলাকা উন্নয়ন প্রকল্পে কাজ শুরু হবে। আজও কিন্তু সেই কাজ শুরু হয়নি। নির্বাচন এলে সরকারি দলের মন্ত্রী থেকে শুরু করে, সরকারি দলের সাংসদ থেকে শুরু করে, সরকারি দলের বিভিন্ন যারা পদাধিকারিক রয়েছেন তাঁরা সকলে তৎপর হয়ে উঠেন। কুমোরটুলি মৃৎশিল্প আমাদের গর্ব, সারা ভারতবর্ষের মানুষের গর্ব। কুমোরটুলির মৃৎশিল্পীদের আমাদের উন্নয়ন করতে হবে। মাঝেমধ্যে আমরা সংবাদপত্রে দেখি কখনও কুমোরটুলির মৃৎশিল্প বাইপাসে চলে যাচ্ছে, কখনও চলে যাচ্ছে পি. এইচ. ই.-তে কুমোরটুলির নাকি উন্নয়ন হবে, সেই শিল্পীদের সমস্ত সমস্যার সমাধান করে দেবেন। আজও পর্যন্ত হয়নি। ভোটের আগে শুধু মিথ্যে প্রতিশ্রুতি দিয়ে, আর ভুয়ো ভোটার লিস্ট তৈরি করে জাল ভোট দিয়ে আরো কতবার আসতে চান ? এটা বিধানসভার শেষ অধিবেশন, তাই সরকারি দলের কাছে অনুরোধ করব ফ্রি অ্যান্ড ফেয়ার নির্বাচন হতে দিন। ফেয়ার ভাবে মানুষ যাকে ভোট দেবেন সেই জয়ী হোক। তখন কারোর কিছু বলার থাকবে না।

[4.30—4.40 p.m.]

শ্রী অসিত মিত্র : স্যার, পয়েন্ট অফ ইনফরমেশন। স্যার, কিছুক্ষণ আগেই পশ্চিমবঙ্গের সরকারি নিয়ন্ত্রণাধীন পুলিশ এবং অন্যান্য কিছু নিয়ে বামফ্রন্টের বন্ধুরা সরব হয়েছেন, বলেছেন ভালো আইন-শৃঙ্খলার অবস্থা। আজকে কি হয়েছে দেখুন। কল্যাণীর সংগুনা এলাকায় সকাল থেকে চরম বিশৃঙ্খলার সৃষ্টি হয়েছে। সেখানে একজন যুবক খুন হয়েছেন, তার নাম উত্তম

অধিকারী। সে যখন একটা চায়ের দোকানে বসেছিল, তাকে গুলি করে খুন করা হয়। তার পাল্টা আর এক দল সমাজবিরোধী এসে অসীম পাইক বলে আর একজনকে খুন করেছে। সেখানে এত বোমাবাজি দু-দল সমাজবিরোধী করেছে যে, দু পক্ষের বোমাবাজিতে অনেক মানুষ আহত হয়েছেন। কল্যাণী যেন কুরুক্ষেত্র হয়ে গেছে। খবরের কাগজে বেরিয়েছে। সান্ধ্য সত্যযুগ বলছে, সেখানে এমন অবস্থা হয়েছে যে জাতীয় সড়ক অবরোধ হয়েছে, মানুষ চলাচল করতে পারছে না। এই হচ্ছে পশ্চিমবাংলার আইন-শৃঙ্খলার অবস্থা।

শ্রী জানে আলম মিঞা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ২রা ফেব্রুয়ারী এই বিধানসভা অধিবেশনে মহামান্য রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন এবং সেই ভাষণের উপর ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব এনেছেন মাননীয় সদস্য পদ্মনিধি ধর, তাকে সমর্থন জানিয়ে দু-চারটি কথা বলতে চাই।

এতক্ষণ ধরে মাননীয় বিরোধী দলের সদস্যগণ বিচ্ছিন্নভাবে কিছু কথাবার্তা বলে গেলেন। এই বিচ্ছিন্নতার জন্যই আজকে তারা পশ্চিমবঙ্গের মানুষের কাছ থেকে বিচ্ছিন্ন হয়ে পড়েছেন। এই বাংলার মানুষের প্রতি তাদের কোনো আস্থা নেই, নেই কোনো শ্রদ্ধা এবং সেই কারণেই আজকে এখানকার মানুষ তাদের বিরোধী দলের ভূমিকাতেই স্থাপন করেছেন ২৯ বছর ধরে। তারা কতদিন বিরোধী দলে থাকবেন সেটা তাদেরই ঠিক করতে হবে। তারা কখনই সরকারি জায়গায় যেতে পারবেন না কারণ বাংলার মানুষের প্রতি তাদের আস্থা নেই, বিশ্বাস নেই। তাঁরা বলে বেড়াচ্ছেন যে এখানে 'বিহার মডেল' করে নির্বাচন করতে হবে। বিহার মডেল করে নির্বাচন করলেই নাকি তারা ক্ষমতায় আসবেন। আরে, বিহার মডেল কি, মডেল বলতে গেলে বলতে হয় আসানসোল মডেল। আজকের দিনে রাও সাহেবকে নিয়ে তাঁরা বলছেন, সেই রাও সাহেব আসানসোলের দায়িত্বে ছিলেন এবং সেখানে থেকে নির্বাচন পরিচালনা করেছিলেন এবং তৃণমূল-এর প্রার্থী এবং তাদের নেত্রী বলেছিলেন যে, এই নির্বাচন খুব ভালো হয়েছে। আমরা আশায় ছিলাম যে সেই নির্বাচনে তারা জিতে যাবেন। কিন্তু যখন ফল বার হল, তখন দেখলাম যে, আগের নির্বাচনে যেভাবে হেরেছিলেন, তার চেয়েও গো-হারা হেরেছেন। এটাই হচ্ছে আসানসোল মডেল। আপনারা যত চিৎকার করবেন, আপনারা বাংলার মানুষের প্রতি যত অনাস্থা প্রকাশ করবেন, এই আসানসোল মডেলই বাংলার মডেল হবে। আপনারা কালবৈশাখী ঝড়ে খড়-কুটোর মতো উড়ে যাবেন। আসন্ন সপ্তম বিধানসভা নির্বাচনে মাননীয় মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্যের নেতৃত্বে আবার সপ্তম বামফ্রন্ট সরকার গঠিত হবে। আপনাদের আর কোনো পরিচয় থাকবে না। আপনারা পরিচয়বিহীন হয়ে পড়বেন। আপনারা এখনও গঠনমূলক কথা বলুন, এখনও সত্য কথা বলুন, আপনারা মানুষের আস্থা অর্জন করুন। এ আপনারা পারবেন না, ২৬শে জানুয়ারী পুলিশের বেশে মুর্শিদাবাদ জেলায় ডাকাত, খুনী ধরা পড়ল। সেই ডাকাত, খুনীরা কাদের নাম করল ? সেখানে পিস্তলসহ অন্যান্য অস্ত্রগুলো কোথা থেকে পাওয়া গেল ? এক কংগ্রেসের নেতা তাদের এইসব অস্ত্র সরবরাহ করেছেন। তিনিই বলেছেন যে এইরকমভাবে খুন করতে হবে, ডাকাতি করতে হবে, জখম করতে হবে। এটা কেন আপনারা বলতে পারলেন না। আজকে গোটা মুর্শিদাবাদ জেলায় এইভাবে কংগ্রেসের নেতৃত্বে খুন, জখম, ডাকাতি হচ্ছে।

আজকে এদেরই প্ররোচনাতেই এইসব হচ্ছে। এই কথা আপনারা তো বললেন না ? আপনারা বিচ্ছিন্নভাবে কথা বলতে চাইছেন। শিল্পের কথা বলতে গিয়ে আপনারা বলছেন যে এখানে নাকি শিল্প হয়নি। আমাদের মাননীয় বিধায়ক শ্রী মোস্তাফা বিন কাশেম যথার্থই বলেছেন আপনারা ম্যাজিশিয়ান। আমি তো আরও একটু বলব যে আপনারা দিনের বেলা দেখতে পান না, দেখতে পান না বলেই আপনারা শিল্প, কলকারখানা দেখতে পান না। আপনারা বিদ্যুৎ দেখতে পান না। আজকে প্রতিটি গ্রামেই বিদ্যুৎ পৌঁছে গেছে। কংগ্রেসের জমানায় মানুষ গ্রামে ভূত দেখতে পেত। আর আজকে বামফ্রন্টের জমানায় একটা শিশুকেও ভূতের কথা বললে সে মুখে থুতু দেবে। আপনারা শিল্পের কথা বলছেন ? যখন বক্রেশ্বর তাপ বিদ্যুৎ কেন্দ্র স্থাপন করা হয়েছিল আপনারা বিভিন্ন চক্রান্ত করে এই বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের কাজে বাধা দিয়েছিলেন। হলদিয়া পেট্রো-কেমিকেল স্থাপনের সময়েও আপনারা নানাভাবে বাধা দেওয়ার চেষ্টা করেছিলেন, চক্রান্ত করেছিলেন। এটা অত্যন্ত লজ্জার কথা যে আজকে যখন সালিম গোষ্ঠী পশ্চিমবাংলায় শিল্প স্থাপন করতে চায় আপনারা নানা কথা বলছেন। আপনারাই তো ৯১ সালে গ্যাট চুক্তিতে সই করে এসেছিলেন বিদেশি পুঁজিকে আমন্ত্রণের জন্য। সালিম গোষ্ঠী যখন এসেছিলেন আপনারা কেন বাধা দিচ্ছেন, আপনারা তো এই নীতির পরিপন্থী নয়। আপনাদের নেত্রী যখন বাধা দিতে গিয়েছিলেন, আপনাদের নেত্রীকে বলা হয়েছিল আপনারা বাধা দেবেন না, আপনাদের কি কথা আছে, আপনারা আলোচনায় আসুন, আপনারা আলোচনা করতে পারেন যে আলোচনা আপনারা করতে চান। আপনারা আসেননি, আপনাদের নেত্রী আসেননি। আপনারা চান না যে পশ্চিমবাংলায় শিল্প স্থাপন হোক, বেকারি কমুক, সেই কারণেই মুখ্যমন্ত্রীর আলোচনায় আপনাদের নেত্রী উপস্থিত থাকতে পারলেন না।

[4.40—4.50 p.m.]

এটা মানুষ জেনে গেছে যে, আপনারা শিল্প স্থাপনের পক্ষে নয়, আপনারা শিল্প স্থাপনের বিপক্ষে রয়েছেন। আমাদের মাননীয় বিধায়ক, শ্রী মুস্তাফা বিন কাশেম সাহেব আপনাদের বলে দিয়েছেন যে, আমাদের এখানে কয়েক হাজার মাঝারি শিল্প গড়ে উঠেছে। সেই মাঝারি শিল্পে কয়েক হাজার গরীব মেহনতী মানুষ, বেকার যুবক-যুবতী চাকরি পেয়েছে। আজকে তারা বিভিন্নভাবে কাজের চেষ্টা করছে। আজকে আপনারা এই কথা বলছেন না যে, ১৯৭৮ সালের পঞ্চায়েত নির্বাচনের মধ্য দিয়ে গ্রামবাংলার কর্মযজ্ঞ শুরু হয়েছে। আজকে সারা ভারতবর্ষের মধ্যে একমাত্র পশ্চিমবাংলায় ভূমিসংস্কার করে বর্গাদারদের ন্যায্য অধিকার দেওয়া হয়েছে। আজকে লক্ষ লক্ষ বিঘা জমি পাট্টা হোল্ডারদের দেওয়া হয়েছে। আজকে এখানে কেন আপনারা বলছেন না যে, এখানে কৃষিতে উৎপাদন বেড়েছে। ধানের উৎপাদন বেড়েছে। কংগ্রেস জমানায় ধান চাল বাইরের দেশ থেকে নিয়ে আসতে হত। আজকে আমরা ধান চালে স্বয়ংসম্পূর্ণ। এখন আমরা আলুতে স্বয়ংসম্পূর্ণ। আমরা শুধু স্বয়ংসম্পূর্ণ নই, অন্য রাজ্যে আমরা এই জিনিসগুলি পাঠাচ্ছি। আমাদের এখানে যে সমস্ত শাক-সবজি উৎপাদন হচ্ছে, সেগুলি আমরা খাওয়ার পরেও বাইরের রাজ্যে পাঠাচ্ছি। এই জিনিসগুলি বাইরের

দেশে আমরা পাঠানোর চেষ্টা করছি। আমাদের এখানে যে সমস্ত ফুল উৎপন্ন হচ্ছে, সেগুলি বাইরের দেশে যাচ্ছে। এর ফলে বাইরের দেশ থেকে আমাদের এখানে অর্থ আসছে। বৈদেশিক মুদ্রা এখানে আসছে। এর ফলে আমাদের রাজ্য অর্থনীতিতে শক্তিশালী হয়ে উঠছে। এইসব কথা না বলে কেন আপনারা বিচ্ছিন্ন কতগুলি ঘটনা এখানে তুলে ধরছেন ? আজকে আপনারা দেখুন যে, আপনাদের বিরোধী দলের নেত্রীর বিরুদ্ধে জামিন অযোগ্য পরোয়ানা আছে, সেই পরোয়ানাকে তিনি অস্বীকার করে বলছেন যে, পুলিশ ধরলে সারা পশ্চিমবাংলা জ্বালিয়ে দেব।

স্যার, এখানে সকলেই জানেন যে, সমাজকল্যাণ দপ্তরের অধীনে মহিলা ও শিশু কল্যাণের জন্য ৫৫,০০০ অঙ্গনওয়াড়ি সেন্টার আছে। এই সেন্টারগুলিতে সমস্ত শিশু এবং মহিলাদের উন্নয়ন হচ্ছে এবং আরও ১২,০০০ এই অঙ্গনওয়াড়ি সেন্টার করা হচ্ছে।

এছাড়া আপনারা এই কথাও অস্বীকার করতে পারেন না যে, ২৫,০০০ কোটি টাকা দিয়ে সারা পশ্চিমবাংলায় বিভিন্ন জায়গায় আর্সেনিকমুক্ত জল সরবরাহের ব্যবস্থা করা হয়েছে। মানুষ যাতে বিশুদ্ধ পানীয় জল পেতে পারে তার জন্য পশ্চিমবঙ্গ সরকার এই ব্যবস্থা করেছে। আজকে পশ্চিমবঙ্গ সরকারের সঙ্গে যারা যুক্ত আছে, আজকে পশ্চিমবঙ্গের মানুষের প্রতি আস্থা আছে এবং সেই আস্থার প্রতি ভরসা রেখেই আমরা বলতে চাই যে, আগামী সপ্তম বামফ্রন্ট মর্যাদা সহকারে, আরও বেশি সংখ্যাগরিষ্ঠতা সহকারে এই বিধানসভায় আসবে। এইকটি কথা বলে সকলকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী চিত্তরঞ্জন দাশঠাকুর : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপালকে তাঁর ভাষণ দেওয়ার জন্য ধন্যবাদ জানাই এবং বিরোধীদের সংশোধনীর বিরোধিতা করছি। মাননীয় রাজ্যপাল তাঁর ভাষণের মধ্য দিয়ে এই রাজ্যের সঠিক চিত্রই উত্থাপিত করেছেন। স্যার, একটা বিষয়ে আজকে খুবই চর্চা হচ্ছে। কৃষি শিল্পের পারস্পরিক সম্পর্ক, তার বিকাশ কি। আমি খুব স্পষ্ট ভাবে বলছি এবং আপনারাও আমার সঙ্গে একমত হবেন যে, কৃষি এবং শিল্প পরস্পর পরস্পরের পরিপূরক। আমরা শিল্প চাই, বেকারদের কর্ম সংস্থান নিশ্চয়ই চাই। সেই সঙ্গে সঙ্গে গ্রামীণ অর্থনীতির বিকাশ সাধন করে, কৃষির উন্নতি ঘটিয়ে রাজ্য সরকার মানুষের ক্রয় ক্ষমতা বৃদ্ধির জন্য চেষ্টা করছে। মানুষের ক্রয় ক্ষমতা না বাড়লে শিল্পের পণ্য কিনবে কে ? সেই কারণে সঙ্গত ভাবে চেষ্টা করছি গ্রামীণ অর্থনীতির বিকাশ সাধনের জন্য। সেজন্য ভূমিসংস্কার, সেজন্য কৃষি জমি বণ্টন, সেজন্য বর্গা রেকর্ড করে, বাস্তুহীনদের পাট্টা দেওয়ার ব্যবস্থা করে, ক্ষমতার বিকেন্দ্রীকরণ করে পঞ্চায়েত ব্যবস্থার মাধ্যমে নানা উপকরণ, কৃষি সরঞ্জাম দেওয়ার, আর্থিক সংস্থাগুলোর মারফত ঋণের যোগান দেওয়ার ব্যবস্থা করেছে বামফ্রন্ট সরকার। এর ফলে গ্রামীণ অর্থনীতি মজবুত হয়েছে এবং গ্রামীণ মানুষের ক্রয় ক্ষমতা বৃদ্ধি হয়েছে। একটা কথা খুবই স্পষ্ট ভাবে, বিনীত ভাবে বলতে চাই যে, যে সমস্ত বাঁজা জমি, বন্ধুর জমি, ঊষর জমি ছিল সেইসব জমিগুলোতে হিমালয়ের হিমবাহ থেকে গঙ্গাকে আনয়ন করে ক্ষুদ্র সেচ প্রকল্পের মারফত প্রায় ৩৪ লক্ষ হেক্টর জমিকে এবং বৃহৎ

সেচ প্রকল্পের মারফত ১৫.৫০ লক্ষ হেক্টর জমিকে আমরা সেচের আওতায় আনতে পেরেছি। এর ফলে সেচের বিকাশ হয়েছে, পঞ্চায়েতের সাহায্য, সহযোগিতায় জমির বণ্টন হয়েছে এবং গ্রামীণ মানুষের অর্থনীতিতে খানিকটা স্বয়ম্ভরতা এসেছে, তাদের ক্রয় ক্ষমতা আরও বৃদ্ধি পেয়েছে এবং আরও বেশি পরিমাণে শিল্প স্থাপনের চাহিদা অনুমোদিত হয়েছে। সেই কারণে কৃষির সাফল্যের উপর দাঁড়িয়ে শিল্পের বিকাশের চেষ্টা করছি। এর আগে রব উঠেছিল যে, বামফ্রন্ট সরকারের আমলে শিল্প হচ্ছে না। আমি সৌগতবাবুর বক্তব্য মন দিয়ে শুনছিলাম, তাঁর বক্তব্য শুনে আমি বিষণ্ণ বোধ করলাম। গতবার বা তার আগের বারে সৌগতবাবুর বক্তব্য যদি আপনারা শোনেন তাহলে দেখা যাবে যে, সেখানে তিনি মুক্ত কণ্ঠে শিল্পের জন্য বিশেষ উদ্যোগ নেওয়ায় মাননীয় মুখ্যমন্ত্রীর প্রশংসা করেছিলেন। এখন তাঁর স্মৃতির এত বিস্মরণ ঘটেছে ! স্মৃতিকে ফিরিয়ে আনার জন্য বিশেষ ধরনের চিকিৎসার বন্দোবস্ত করুন, তাহলেই বুঝবেন যে, সৌগতবাবু অতীতে যা বলেছিলেন এবং এখন যা বলছেন—এই দুটো বক্তব্যের মধ্যে কত ফারাক। এখানে আমরা শিল্প গড়ার চেষ্টা করছি। আমরা হলদিয়া পেট্রোকেমিক্যাল্‌সের অনুসারি শিল্পে সাড়ে সাতশো বাইরের শিল্প করছি, ট্যানারি শিল্প করতে চলেছি, আমরা মণিকাঞ্চন পার্ক করতে চলেছি, ফুড পার্ক এবং ইঞ্জিনিয়ারিং পার্ক করছি। এর মধ্যে দিয়ে আমরা অনেক এগোনোর চেষ্টা করছি। অনেকে বলতে পারেন যে, এত দেরি হল কেন ? এ ব্যাপারে বলি, কেন্দ্রীয় সরকার নানা ভাবে পশ্চিমবঙ্গকে বঞ্চনা করেছে। এতদিন মাসুল সমীকরণ নীতির জটিলতা ছিল। কেন্দ্রীয় সরকার হলদিয়া পেট্রোকেমিক্যাল্‌সের ছাড়পত্র দিতে দেরি করেছে, বক্রেশ্বর তাপবিদ্যুৎ কেন্দ্র তৈরির ব্যাপারে ছাড়পত্র দিতে দেরি করেছে। এইসব কেন্দ্রীয় বাধাগুলোকে দূর করার জন্য আপনারা কোনো চেষ্টা করেননি। বামফ্রন্ট সরকারের মাননীয় মুখ্যমন্ত্রী শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য মহাশয় এবং প্রাক্তন মুখ্যমন্ত্রী মাননীয় শ্রী জ্যোতি বসু মহাশয়—এঁদের চেষ্টার জন্য এবং পশ্চিমবঙ্গের জনগণের সম্মিলিত উদ্যোগের ফলে এখন অনেক শিল্পের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের ছাড়পত্র পাওয়া শুরু হয়েছে এবং মাসুল সমীকরণ নীতির অনেক বাধা দূর হয়েছে, তার ফলে প্রতি বছর পশ্চিমবঙ্গে ২২০০ কোটি টাকা শিল্পে বিনিয়োগ হচ্ছে। এটা আমাদের সফলতা। অনেক মাননীয় সদস্য গ্রামের মানুষের দুঃখে বুক চাপড়াচ্ছেন। কিন্তু যখন আমরা আমাদের যৌবনের দিনগুলোতে খাদ্য চাইতে গিয়ে আন্দোলন করেছিলাম তখন পুলিশ আমাদের লাঠিপেটা করেছে, যখন জমিদার, জোতদারদের কবল থেকে আমরা ভূমি উদ্ধার করেছিলাম সেই সময় কংগ্রেসের জমিদার, জোতদার এবং আপনাদের সরকারের পুলিশ আমাদের নামে মিথ্যা কেস দিয়েছিল, তখন আপনারা কোথায় ছিলেন ?

[4.50—5.00 p.m.]

যখন সাজা প্রথার বিরুদ্ধে আমরা লড়াই করেছিলাম, যখন পশ্চিমবাংলার কৃষকদের নিয়ে তেভাগা আন্দোলনে লড়াই করেছিলাম কংসারি হালদারের নেতৃত্বে তখন আপনারা কোথায় ছিলেন ? যখন জোতদারদের জমি দখল নিয়ে আন্দোলনে লড়াই করেছিলাম তখন আপনারা কোথায় ছিলেন ? আজকে আপনারা কৃষকদের স্বার্থের কথা বলছেন, কৃষকদের দুঃখের কথা

বলছেন, কৃষকদের জন্য বুক চাপড়াচ্ছেন, কুম্ভিরাশ্রু বিসর্জন করছেন। কৃষকদের একটাও দাবির জন্য কি আপনারা লড়াই করেছেন ? কৃষকদের ফসলের দামের জন্য কি আপনারা লড়াই করেছেন ? আমরা যখন লড়াই করছিলাম কেন্দ্রে তখন আপনাদের কংগ্রেসই সরকারে ছিল। আপনারা কবে লড়েছেন কৃষকদের ফসলের দামের জন্য ? এখনও তো কেন্দ্রে কংগ্রেস সরকারই আছে। মাননীয় কংগ্রেস বিধায়কদের বলবো আপনারা কি কখনও কেন্দ্রীয় সরকারের কাছে প্রশ্ন করেছেন কেন্দ্রীয় সরকার তার বাজেটে মাত্র ১.৩ শতাংশ কৃষি বাজেটে খরচ করেন কেন ? তৃণমূলের যাঁরা বিধায়ক তাঁরা তো এক সময় কংগ্রেসে ছিলেন, আজকে না হয় আবার কংগ্রেসের সঙ্গে গাঁটছড়া বাঁধার চেষ্টা করছেন। আপনাদের যিনি পার্লামেন্টে মেম্বার আছেন তিনি কোনোদিন কোনো দাবি উত্থাপন করেছেন, কেন্দ্রীয় কৃষিমন্ত্রীকে বলেছেন কৃষি বাজেট বাড়ানোর জন্য। যখন পশ্চিমবাংলা নানা ভাবে বিপর্যস্ত বন্যা, খরা, মহামারীতে তখনও আমরা চেষ্টা করেছিলাম আমাদের সাফল্যর চাকাকে সচল রাখতে, অগ্রগতিকে ধরে রাখতে। আমরা আপনাদের সহযোগিতা চেয়েছি, আপনারা দেননি। পরন্তু আপনারা আমাদের সমালোচনা করেছেন। তাই আজকে কৃষক দরদী সাজলে চলবে না। আপনারা বিরোধিতা করছেন করুন। ওটাই আপনাদের স্বভাব, কিন্তু বিরোধিতা করতে গিয়ে পশ্চিমবাংলার যে চিরন্তন ঐতিহ্য আমরা হিন্দু-মুসলমান পাশাপাশি থাকি। এখানে মন্দিরে ঘণ্টা ধ্বনি হয় আবার মসজিদে নামাজের ধ্বনি ওঠে, এটাকে নষ্ট করার জন্য মুসলমান কৃষকদের জমি গেল গেল বলে চিৎকার করছেন। কৃষকদের স্বার্থ আপনারা কবে দেখেছেন যে আজকে মুসলমান কৃষকদের জমি গেল গেল বলে হাহুতাশ করছেন। আমার মনে পড়ছে আমরা যখন ১৯৬৬, ৬৭, ৬৮, ৬৯, ৭০ সালে জোতদারদের জমি দখল করতে যেতাম তখন বলতেন সব তো হলো কিন্তু বিধবার সম্পত্তি যে গেল তার কি হবে। ঠিক সেই রকম ভাবে বিধবার সম্পত্তির মতো এখন বলছেন মুসলমান কৃষকদের জমি গেল গেল বলে। এইভাবে ভোটে জিততে চান জিতুন, কিন্তু পশ্চিমবাংলার সংস্কৃতিকে ধ্বংস করবেন না। এটা ধ্বংস করতে গেলে এর আগুন থেকে আপনারাও রেহাই পাবেন না। আমরা কৃষকদের পাশে ছিলাম, আছি এবং ভবিষ্যতেও থাকবো। আমরা কৃষকের সাফল্যকে ধরে রাখবো, বিকশিত করবো এবং তার উপরে নির্ভর করে শিল্প বিকাশ গড়ে উঠবে। এর ফলে দারিদ্রতা দূর হবে এবং গ্রামীণ বেকারত্ব দূর হবে এবং সেটা খুব সঠিক ভাবেই চিত্রায়িত হয়েছে। তার পরে আমাদের রাজ্যে উগ্রপন্থীদের কার্যকলাপ সম্বন্ধে বলি, আমরা এটাকে মোকাবিলা করার চেষ্টা করছি। এর মোকাবিলা করছি একদিকে উন্নয়ন এবং অন্যদিকে প্রশাসনিক ব্যবস্থার মাধ্যমে। উগ্রপন্থীদের মধ্যে বিশেষ করে মাওবাদী, তারা একটা আদর্শে উজ্জীবিত হয়ে নতুন সমাজ গড়ার স্বপ্ন দেখছে। কিন্তু ব্যক্তি হত্যা করে এবং সন্ত্রাস সৃষ্টি করে একটা সমাজ ব্যবস্থাকে নষ্ট করে দেওয়া যায় না। জনগণের যে চিন্তা-ভাবনা, সেখানে গণতান্ত্রিক ব্যবস্থার যে প্রসার তাকে ক্ষুণ্ণ করে কিছু করা যায় না। তাই আমি আবেদন করবো এর মোকাবিলা করা হবে রাজনৈতিক ভাবে, উন্নয়নকে সাথে নিয়ে। সন্ত্রাসকে কখনই জবরদস্ত আচরণের দ্বারা মোকাবিলা করা সম্ভব নয়। এই রকম বহু সংকট এসেছে। পশ্চিমবাংলার বামফ্রন্ট এবং গণতন্ত্রপ্রিয় মানুষ ঐক্যবদ্ধ ভাবে সমস্ত সংকটের মোকাবিলা

করেছে। এবারেও মোকাবিলা করবে, মানুষের সমর্থন আমাদের পিছনে থাকবে এবং তাদের ভালোবাসার উপর নির্ভর করে আবার আমরা এই মহতি সভায় আমাদের প্রিয় মুখ্যমন্ত্রীর নেতৃত্বে এখানে ক্ষমতায় ফিরে আসবো এ বিষয়ে কোনো সন্দেহ নেই। এই কথা বলে সংশোধনীর বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী জয়ন্ত চৌধুরী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপাল শ্রী গোপালকৃষ্ণ গান্ধী গত ২ তারিখে যে বক্তৃতা দিয়েছেন, আমি তার উপর ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাবকে সমর্থন জানিয়ে কয়েকটি কথা আপনাদের সামনে নিবেদন করতে চাই। কথাগুলি হল এই, বেশ কিছুক্ষণ ধরে তৃণমূল এবং মূলের লোকজন বিরোধিতা করে যাচ্ছেন, তাঁদের পাশে কি জনগণ আছেন, আজকে এই প্রশ্নটা সবচেয়ে বড় আকারে দেখা দিয়েছে। তাঁদের পাশে জনগণ নেই। আছে কিছু সংবাদপত্রের যারা সাংবাদিকতা করেন আর ওই কিছু পর্যবেক্ষক আছেন। তাঁরা ভাবছেন বৈতরণী এই ভাবে পার হয়ে যাবেন। এই ভাবে তাই ভুয়ো ভোটার ওইসব কথা বলে পশ্চিমবাংলার মানুষকে বিভ্রান্ত করার চেষ্টা করছেন। মাননীয় সদস্য সৌগতবাবু কিছু কথা বলেছেন, আইনশৃঙ্খলার প্রশ্নে। আমি একটি কথা তাঁদেরকে জিজ্ঞাসা করতে চাই, পুরুলিয়ায় যে অস্ত্র বর্ষণ হয়েছিল, সেই অস্ত্র কিভাবে এল, আমাদের যারা পুলিশ বিভাগে কাজ করেন তারা তাঁদের অ্যারেস্ট করল, কি ভাবে মুক্তি তারা পেল, কাদের চাপে, তখন কেন এর বিরোধিতা করা হয়নি ? গোটা দেশে—একটা সীমান্তবর্তী এলাকায়—যে এত অস্ত্র পড়ল, তখন কিন্তু আপনারা বিরোধিতা করেননি, আপনারা পরোক্ষভাবে সমর্থনই করেন। আপনাদের নিশ্চয় মনে আছে দ্বিতীয় স্বাধীনতা নামে আসামী, চোর, ডাকাতদের একত্রিত করে গ্রামবাংলাকে দখল করার চেষ্টা করেছিল, মানুষ তাকে প্রতিহত করেছে। মানুষ উপলব্ধির ভেতর দিয়ে বুঝতে পেরেছে কি কাজ করবে। একের পর এক গ্রাম দখল করেছিলেন দুই বছর বাদে সন্ত্রাসমুক্ত করেছেন। এখন আমরা দেখতে পাচ্ছি তারা বিভিন্ন ঘটনাতে এই দলগুলি প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে সমর্থন করেছে। গ্রেটার কোচবিহারের নাম করে যারা উত্তরবঙ্গকে বিচ্ছিন্ন করার চেষ্টা করেছিলেন, সেখানে কারা মদত দিয়েছিল ? আমাদের দেশে যে মৌলবাদী শক্তি আছে, আমাদের দেশে পরোক্ষভাবে কারা সমর্থন করেন ? আজকে যখন আইনশৃঙ্খলার প্রশ্ন তুলছেন, আমি তাঁদেরকে এই কথাটা বলতে চাই, আইনশৃঙ্খলার প্রশ্নে আজও অন্য রাজ্যে কি ঘটছে তার সঙ্গে এই রাজ্যের তুলনা যদি করা যায় আপনারা উপহাস করে বলেন মরুভূমিতে মরুদ্যান। আমাদের সার্টিফিকেটের দরকার নেই, মনমোহন সিং মাননীয় প্রধানমন্ত্রী কি বললেন, মাননীয় প্রণব মুখার্জী কি বলছিলেন, সেই সার্টিফিকেটের দরকার নেই। আমাদের জনগণ যদি সার্টিফিকেট দেয়, আমরা মাথা উঁচু করে সেই সার্টিফিকেট নিয়ে এই বিধানসভায় আসতে চাই। এই জায়গা থেকে আজকে উপলব্ধি করতে হবে তৃণমূল, মূল এখন পর্যন্ত বামফ্রন্টের বিকল্প হিসাবে তৈরি হয়নি। বামফ্রন্টের বিকল্প আরও উন্নততর বামফ্রন্ট। এই জায়গাটা উপলব্ধি করেছে বলে আজকে তারা আপনাদের পাশে নেই, আজকে পশ্চিমবাংলাতে '৭৭ সালের আগে কি ছিল, এখন কি আছে। মানুষ সহজেই বুঝতে পেরেছে খুব বেশি কিছু বলার দরকার নেই। আজকে আমরা খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হয়েছি, ধান উৎপাদনে, আলু উৎপাদনে, সবজি উৎপাদনে, মৎস্য

উৎপাদনে, বন সৃজনে একটা জায়গাতে আমরা যেতে পেরেছি। গ্রাম বাংলাতে মাকড়সার জালের মতো রাস্তা তৈরী হয়েছে। গ্রাম বাংলা বিকশিত হয়েছে। আজকে একটা উন্নত পর্যায়ে গ্রাম তৈরি হয়েছে। সেখানে একটা ভিত হয়েছে, সেটাকে নাড়ানো কঠিন কাজ। আমরাই তো থাকি সারা বছর, কারা থাকে ? আমরা বামপন্থী মানুষেরা সুখে-দুঃখে জ্বালা-যন্ত্রণায় তাদের পাশে থাকি। ভুল হোক, মন্দ হোক, ভালো হোক, আমরা তাদের নিয়ে আন্দোলন করি, আমরা তাদেরকে সঠিক পথ দেখাই। মানুষ বুঝতে পেরেছে, মানুষ এত সহজে ক্ষমা করবে না, সেই বিশ্বাস আমাদের আছে, আজকে পশ্চিমবাংলাতে যে খাদ্যয় স্বয়ংসম্পূর্ণতা আমরা করতে পেরেছি, এর প্রধান কারণ হচ্ছে ভূমি সংস্কার। ফলে আজকে আমরা একটা জায়গায় আসতে পেরেছি।

[5.00—5.10 p.m.]

এখনো পর্যন্ত সরকার জমি বিলি করছে, এখনো পর্যন্ত বর্গা প্রতিষ্ঠিত করছে। আমরা বলেছি চাষের ক্ষেত্রে বৈচিত্র্যকরণ আনতে হবে। শুধুমাত্র ধান, গম, আলু চাষ করলেই হবে না, চাষের ক্ষেত্রে আরও বৈচিত্র্যকরণ আনবার জন্য চাষিদেরকে সেইদিকে নিয়ে যাবার চেষ্টা আমরা করছি। অন্য রাজ্যের মতো আমাদের রাজ্যে কৃষকরা আত্মহত্যা করে না। পেপার খুললে আমরা দেখি কুড়ি হাজার কৃষক আজকে ভারতবর্ষের অন্যান্য রাজ্যে আত্মহত্যা করতে বাধ্য হয়েছে। কেন অন্য রাজ্যে কৃষকরা আত্মহত্যা করছে সেকথা নিশ্চয় বুঝিয়ে বলার দরকার নেই। অন্য রাজ্যে কৃষকরা কিডনি বিক্রি করার জন্য ফেষ্টুন টাঙাচ্ছে। শরীরের সবচেয়ে মূল্যবান জিনিসটি তারা বিক্রি করে দিতে বাধ্য হচ্ছে, কারণ তাহা অর্ধাহারে, অনাহারে দিন কাটাচ্ছে। আজকে গ্যাট চুক্তির ফলেই চাষিদের এই অবস্থা হয়েছে সেটা বলার দরকার নেই। আজকে বীজ, সার, কীটনাশকের মূল্যবৃদ্ধির ফলেই চাষিদের এই অবস্থা সৃষ্টি হয়েছে। ভারতবর্ষের মধ্যে একমাত্র পশ্চিমবাংলার সরকারই কৃষকদের একটা বিকল্প পথ দেখানোর চেষ্টা করছে এবং কৃষিতে বৈচিত্র্যকরণের দিকে নিয়ে যাবার চেষ্টা করছে। যেখানে ডাঙ্গা জমি আছে সেখানে মুগ চাষ, এন্ডী চাষ, তসর চাষ করার কথা চাষিদের বলা হচ্ছে এবং কৃষি ব্যবস্তার উন্নতিকরণের দিকে নজর দেওয়া হচ্ছে। গ্রামবাংলায় সংকর জাতীয় গরুচাষের দিকে বেকার যুবকদের আকৃষ্ট করা হচ্ছে। এর থেকে যাতে বেশি আয় করতে পারে সেদিকে নজর দেওয়া হচ্ছে। বেকার যুবকদের মৎস্য চাষের দিকে আরও বেশি আকৃষ্ট করার জন্য গ্রাম বাংলায় বিভিন্ন প্রকল্প চালু করা হয়েছে এবং উন্নত প্রথায় মৎস্য চাষ করা হচ্ছে। কিছুদিন আগে মাননীয় মৎস্যমন্ত্রী মুকুটমণিপুরে গিয়েছিলেন খাঁচার ভিতরে মৎস্য চাষের উদ্বোধন করতে। সমুদ্র এলাকায় মৎস্য চাষ করে বেকার যুবকরা যাতে নিজেদের পায়ে দাঁড়াতে পারে সেই ব্যবস্থা করা হয়েছে। মৎস্য উৎপাদনে আমাদের রাজ্য প্রথম হলেও, আমাদের রাজ্যের মানুষের চাহিদা অনুযায়ী মাছ যোগান দেওয়ার জন্য আমরা চেষ্টা চালিয়ে যাচ্ছি। আনারস, লিচু, আম, আলু এবং সবজি বিদেশে রপ্তানির জন্য পাঁচটি কৃষি রপ্তানি অঞ্চল চালু করা হয়েছে। আমাদের রাজ্যে কৃষির বিকাশ যেমন হয়েছে, তেমনি কৃষির বিকাশের সাথে সাথে কৃষিজাত পণ্যের যাতে সংরক্ষণ করতে পারি এবং তার প্রক্রিয়াকরণ করতে পারি ও বাণিজ্যকরণ করতে পারি তার জন্য এই সরকার চেষ্টা করে যাচ্ছে। যমজ

সন্তানের মতো কৃষির বিকাশের সাথে সাথে বাণিজ্যকরণের দিকেও আমাদের নজর আছে তার জন্যই কৃষিনির্ভর শিল্প আমরা গড়ে তুলছি। সালেম গোষ্ঠী যখন পশ্চিমবাংলায় এসেছিল, তখন বিরোধী পক্ষ থেকে বলা হয়েছিল আমরা রক্তপাত ঘটাব, আমরা সালেম গোষ্ঠীর সাথে চুক্তি স্বাক্ষরিত হতে দেব না। আমরা দেখতে পেলাম তৃণমূল নেত্রীর ডাকে পশ্চিমবাংলার মানুষ কোনো সাড়া দেয়নি, গুটি কয়েক নেতাকে নিয়ে সেই নেত্রী সারাদিন গাড়ি করে এদিক ওদিক ঘুরলেন। এই কাজে বিরোধিতা করার জন্য ওরা একটা লোককেও পাইনি। সালেম গোষ্ঠী চুক্তি করে চলে গেছেন। পশ্চিমবাংলায় আমরা শিল্পের অগ্রগতি করতে চাই এবং শিল্পের বিকাশের জন্য জোর দিতে চাই। সেই জন্যই আজকে পশ্চিমবাংলায় বিভিন্ন পার্ক গড়ে উঠেছে। আজকে যে লক্ষ লক্ষ বেকার, আপনারাই এই বেকার তৈরি করে গেছেন। তখন কেন্দ্রে যে সরকার ছিল তারা এখানে শিল্প গড়ে তোলার জন্য অনুমতি দেয়নি। তখন আপনারা মাশুল সমীকরণ নীতির বিরোধিতা করেননি। মাননীয় রাজ্যপালের ভাষণের উপরে যে ধন্যবাদসূচক প্রস্তাব এসেছে তার প্রতি পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমতী সাবিত্রী মিত্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে ভারতীয় সংবিধানের ১৭৬ নম্বর অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গ বিধানসভায় মাননীয় রাজ্যপাল ২রা ফেব্রুয়ারী যে ভাষণ প্রদান করেছেন তার আমি বিরোধিতা করি এবং আমাদের আনীত সংশোধনীগুলিকে সমর্থন করে কয়েকটি কথা আপনার মাধ্যমে বলতে চাইছি। এখানে সরকার পক্ষের অনেক বক্তা তাঁদের বক্তব্য রেখে বললেন, আমরাই ক্ষমতায় ফিরে আসব, কারণ জনগণ আমাদের সমর্থন করছে এবং আমরাই কৃষি ক্ষেত্রে বিপ্লব করেছি। কৃষিক্ষেত্র বাদ দিয়ে পশ্চিমবাংলায় আপনারা আর কি কি করতে পেরেছেন সেই বিষয়গুলি আমি আজকে বলতে চাইছি। বামফ্রন্ট সরকার ২৯ বছর ধরে শুধু চেষ্টাই চালিয়ে গেলেন অন্যায়কে রোখবার জন্য, বেকারত্ব দূর করবার জন্য এবং কৃষককে এগিয়ে নিয়ে যাবার জন্য। সাধারণ মানুষের বেকারত্ব দূর করবার জন্য, কৃষিকে উন্নত করবার জন্য এবং কলকারখানার আরো অগ্রগতি করার ক্ষেত্রে বিগত ৩০ বছর ধরে বামফ্রন্ট সরকার শুধুই ভাবলেন। কিন্তু বাস্তবে কতটা রূপ দিতে পেরেছেন সে বিষয়ে আমি একটু বলতে চাইছি। কংগ্রেস, তৃণমূল থেকে আরম্ভ করে বিরোধী দল দাবি করেছিলাম যে, এই রাজ্যে ভুয়ো ভোটার লিস্ট, ভুয়ো রেশন কার্ড এই রাজ্যে বহু আছে। কিন্তু রাজ্য সরকার এই ব্যাপারে কোনো কর্ণপাত করেনি। আজকে অর্থাৎ এই চলতি বছরে যখন ৯ লক্ষ ৮৯ হাজার ভুয়ো এবং মৃত ভোটার ধরা পড়েছে প্রাথমিকভাবে এবং জাল রেশন কার্ড ধরা পড়েছে তখন আমাদের কথা সত্য বলে প্রমাণিত হল। আপনারা এইভাবে ভুয়ো ভোটার লিস্ট তৈরি করে নির্বাচিত হয়ে গেলেন। আজকে পশ্চিমবঙ্গে জনসংখ্যা ৮ কোটি ১৫ লক্ষ। কিন্তু পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার রেশন কার্ড বিলি করেছেন ৮ কোটি ৬৩ লক্ষ ৫ হাজার ৬৪৬টি। অর্থাৎ মোট জনসংখ্যার চাইতে ৪৮ লক্ষ ৫ হাজার ৪৪৬টি রেশন কার্ড বেশি বিলি করলেন। আমরা কি জানতে পারি, এই যে রেশন কার্ড বিলি করেছেন এটা কি বাংলাদেশের ভোটারদের জন্য, নাকি পশ্চিমবাংলার ভোটারদের জন্য ? আমার মনে হয় বাংলাদেশি ভোটারদের জন্য। আজকে গ্রাম বাংলায় ২০ লক্ষ, ৪০ লক্ষ, ৫০ লক্ষ মানুষ বসবাস

করেন যাদের কোনো রেশন কার্ড নেই, এমনকি তাদের ভোটার লিস্টে নামও নেই। তাদের নাম কেন নেই মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে সেটা জানতে চাইছি ? আমি আরো জানতে চাইছি, এই রাজ্যে কেন এই অরাজকতা, কেন আজকে তাদের ভোটার লিস্টে নাম নেই ? অথচ তাদের ছেলে-মেয়েদের ভোটার লিস্টে নাম আছে। যেহেতু তারা স্কুলে পড়ে, তাই তারা সার্টিফিকেট দিতে পারছে। কিন্তু তাদের বাবা-মায়েদের যাদের বয়স হয়ে গেছে তাদের প্রকৃতপক্ষে ভোটার লিস্টে নাম নেই। আপনারা বলছেন, এই মুহূর্তে রেশন কার্ডের ক্ষেত্রে কোনো তদন্ত করা যাবে না। আমরাও জানি যাবে না, গেলে কেঁচো খুঁড়তে সাপ বেরিয়ে যাবে। মাননীয় মুখ্যমন্ত্রী এখানে বসে আছেন। আমি বলছি, আমাদের জেলার সমাহর্তার কাছে আমরা কমপ্লেন করেছিলাম যে শিক্টাহার বুথে ১০/১২ বছরের ছেলেরা বামফ্রন্টের ভোটার আছে। লিখিত অভিযোগ দেওয়া সত্ত্বেও তারা এই শিক্টাহার বুথে রি-পোলিং-এর সময়ে ভোট দিয়েছে এস. পি. এবং ডি. এম.-এর সামনে। আমরাও সেখানে ছিলাম। কিন্তু প্রতিবাদ করে কিছুই হয়নি আপনাদের এই রাজত্বে। এখন ইলেকশন কমিশন যখন কাজে নেমেছে তখন আপনাদের গায়ে জ্বালা ধরতেই পারে।

[5.10—5.20 p.m.]

আজকে আমি মনে করি এই রাজ্যে ফেয়ার ইলেকশান হচ্ছে না। ইলেকশান কমিশনকে এখানে সঠিকভাবে কাজ করতে দেওয়া হচ্ছে না। তাদের কাজে বাধা দেওয়া হচ্ছে। আমি আমার জেলাতেও দেখেছি অনেক ক্ষেত্রে সরকারি আমলারা সঠিকভাবে তাদের ভূমিকা পালন করছে না। আমরা আজকে এই অবস্থার মধ্যে দাঁড়িয়ে আছি। এই হাউসের কাছে আমি দাবি রাখছি নির্বাচন পিছিয়ে দেওয়া হোক, সঠিক ভোটার তালিকা তৈরি করা হোক। তারপর বামফ্রন্ট সরকার জিতে আসুক। কিন্তু নির্বাচন পিছোলে সেই জ্বালা আপনারা সহ্য করতে পারবেন না। স্যার, মাননীয় রাজ্যপালের ভাষণের মধ্যে আমরা দেখতে পেয়েছি যে পুরুলিয়া, বাঁকুড়া, পশ্চিম মেদিনীপুরে যে ধরনের চরমপন্থী কার্যকলাপ ঘটছে তার উল্লেখ রয়েছে। এইসব জায়গায় বাম চরমপন্থী সন্ত্রাস রাজ্য প্রশাসনের কাছে চরম উদ্বেগের কারণ হয়ে রয়েছে। স্যার, আজকে পুরুলিয়া, বাঁকুড়া, পশ্চিম মেদিনীপুরে যে অতি বামপন্থী রাজনীতি চালু হয়েছে, তার কারণ হল সি. পি. আই. এম. পার্টির ভ্রান্ত নীতি। তাছাড়া এইসব জায়গার উন্নয়ন না করা, তাদের বঞ্চিত করা। ওই অঞ্চলের আদিবাসীদের বঞ্চিত রাখার জন্যই এটা হয়েছে। আজকে সেখানকার মানুষ বস্ত্র পাচ্ছে না। সেখানে স্বাস্থ্যকেন্দ্র নেই। তাদের খাদ্য নেই, নেই রাস্তা-ঘাট, স্কুল, কলেজ। নর্থবেঙ্গল উন্নয়ন পর্ষদের ক্ষেত্রে কিছু কাজ আপনারা করেছেন। কিন্তু পূর্বাঞ্চল উন্নয়ন পর্ষদের পুরো টাকাটাই আত্মসাৎ করা হয়েছে। সেই কারণেই আজকে এই উগ্রপন্থীদের দাপট। পূর্বাঞ্চল উন্নয়ন পর্ষদের জন্য বরাদ্দকৃত টাকা লুটপাট করা হয়েছে। দীর্ঘ ২৮ বছর রাজত্ব করে আপনারা উন্নয়নের নাম করে সমস্ত কিছুকে প্রহসনে পরিণত করেছেন। এক সময় এইসব দরিদ্র মানুষেরা সি. পি. এম. পার্টি করত। এখন এরা অতি বামপন্থী রাজনীতিতে যোগ দিচ্ছে। এদের মোকাবিলা করার জন্য আপনারা পুলিশি ব্যবস্থা আছে। আজকে আমি জানতে চাই সি. পি. আই. এম. পার্টির ক্যাডাররা যারা মানুষ

খুন করছে, কেন অবিলম্বে তাদের গ্রেপ্তার করা হচ্ছে না ? আজকে এইসব বিষয়গুলো আপনাদের কাছে জানতে চাই। মাননীয় রাজ্যপাল তার ভাষণে বলেছেন পশ্চিমবঙ্গের আইনশৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক। এই রাজ্যে গত ২৮ বছরে ৪৩৭৯০ জন মানুষ খুন হয়েছে। এর মধ্যে রাজনৈতিক খুন হয়েছে ১২০০০। আজকে পশ্চিমবঙ্গ আইনশৃঙ্খলা পরিস্থিতির দিক থেকে সপ্তম স্থান অধিকার করেছে। আজকে আইনশৃঙ্খলা পরিস্থিতিতে পশ্চিমবঙ্গের এই অবস্থা, দিন দিন নারী নির্যাতন বাড়ছে। মাননীয় মুখ্যমন্ত্রীকে বলি আপনি পুলিশ মন্ত্রী বা মুখ্যমন্ত্রী হিসাবে কিন্তু একা একসঙ্গে সবকিছু থামাতে পারবেন না। আমরা চাই আপনার যে স্ট্রাকচার আছে, সেখান থেকে পলিটিক্যাল এল. সি. এস.-দের তুলে দিন। তাহলে দেখবেন পশ্চিমাবাংলায় আইনশৃঙ্খলা অনেক বেশি ফিরে এসেছে। রাজ্যে আপনারা কেবল রাজনৈতিক দৃষ্টিভঙ্গি নিয়ে সমস্ত উন্নয়নকে এগিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা করছেন। এখানেই আপনাদের সঙ্গে আমাদের বিরোধিতা। আপনারা শুধু ক্যাডার পোষণ নীতি চালিয়ে যাচ্ছেন। পশ্চিমবাংলার সাধারণ মানুষ মেহনতি মানুষের উন্নয়ন করবার ইচ্ছা আছে বলে মনে হয় না। আমার বিধানসভা এলাকার কুমারগঞ্জে আরসাদ আলি বলে একটা ছেলে আছে। মাস খানেক আগে আপনাদের এল. সি.-র মেম্বার মহম্মদ কুদ্দুস, স্কুল মাস্টার, তার নেতৃত্বে আরসাদ আলিকে প্রকাশ্য দিবালোকে কচু কাটা করে। তার হাত কেটে দেওয়া হয়, গোড়ালি কেটে দেওয়া হয়, তার দেহ থেকে মাংস চেঁচে নেওয়া হয়। সে এখন হাসপাতালে মৃত্যুর সঙ্গে লড়াই করছে। আমি এই ব্যাপারে নিজে পুলিশ ফাঁড়িতে জানিয়েছি, এস. পি.-র কাছে বারে বারে বলেছি। কিন্তু কোনো রেজাল্ট হয়নি। পরের দিন ফেকু শেককে রাতে ডেকে নিয়ে গিয়ে আবদুলবারির নেতৃত্বে গলায় ফাঁস লাগিয়ে ঝুলিয়ে দেওয়া হয়। তাকে তারা খুন করবার চেষ্টা করে। ফেকু শেক মরে গেছে ভেবে তারা তাকে ফেলে চলে যায়। কিছুক্ষণ বাদে তার জ্ঞান ফিরে আসে এবং উঠে পার্শবর্তী গ্রামে চলে যায়। এই রাজ্যে সি. পি. এম. পার্টি অত্যাচার চালাচ্ছে, নিপীড়ন চালাচ্ছে কংগ্রেস সমর্থকদের উপর, সাধারণ মানুষের উপর। সেই জন্য পশ্চিমবাংলায় আইনশৃঙ্খলা ঠিক করতে পারছেন না। আইনশৃঙ্খলা ঠিক করতে গেলে আপনাদের নিজেদের পার্টির গুণ্ডাদের ধরতে হবে। আপনারা বিরোধী পক্ষে এম. এল. এ., এম. পি.-দের বিরুদ্ধে কেস দিচ্ছেন এবং তাদের ভয় দেখাবার চেষ্টা করছেন। মমতা ব্যানার্জীর বিরুদ্ধে কেস থাকা সত্ত্বেও তাঁকে ধরছেন না, উনি বলেছেন তাঁকে ধরলে পশ্চিমবাংলায় আগুন ধরিয়ে দেবেন। আইনের চোখে তো সবাই সমান। তাহলে নারায়ণ বিশ্বাসকে মন্ত্রিত্ব ছাড়ার পর দীর্ঘদিন বাদে তাকে কেন হঠাৎ গ্রেপ্তার করা হল ? এইগুলো আজকে ভাবতে হবে। মাননীয় মুখ্যমন্ত্রী যদি মনে করেন বিরোধী দলের বক্তব্য এই হাউসে বক্তৃতা দিয়ে ধামা চাপা দেবেন, তা দিতে পারেন। কিন্তু পশ্চিমবাংলার জনগণের কথা ধামাচাপা দিতে পারবেন না, তারা বলছে এই বামফ্রন্ট সরকারকে আর দরকার নেই। সাধারণ মানুষ চায় না আবার এই বামফ্রন্ট সরকার আসুক, তারা চায় পরিবর্তন। বামফ্রন্ট সরকারের নীতি আদর্শ ধ্বংস হয়ে গেছে। স্যার, আমি আপনার মাধ্যমে বলতে চাই, শিল্পোন্নয়নের ব্যাপারে মুখ্যমন্ত্রীর কথা নানারকম ভাবে প্রচার করা হচ্ছে। ২০০০ সালে প্রাক্তন মুখ্যমন্ত্রী জ্যোতিবাবুর আমলে পশ্চিমবাংলায় শিল্পে বিনিয়োগ হয়েছিল ২০০০ কোটি

টাকা, আর বর্তমান মুখ্যমন্ত্রী বুদ্ধদেববাবুর আমলে ২০০৫ সালে শিল্পে বিনিয়োগের পরিমাণ ২৪১৩ কোটি টাকা। অথচ আমরা দেখতে পাচ্ছি পাশের রাজ্য ঝাড়খণ্ডে হয়েছে ৪৩ হাজার কোটি টাকা, উড়িষ্যায় হয়েছে ৪৬ হাজার কোটি টাকা। শিল্পেতে আমরা কতটা নীচে নেমে গেছি সেটা আমরা মুখ্যমন্ত্রীকে বলতে চাই। আমার আরো কিছু বলার ছিল

(এই সময় লাল বাতি জ্বলে ওঠে)

সময়ের অভাবে বলতে পারলাম না। আজকে পশ্চিমবাংলায় ৭০ লক্ষ বেকার, আজকে তারা কি করবে ? ৬৫ হাজার কলকারখানা বন্ধ। পশ্চিমবাংলার সাধারণ মানুষকে রাস্তায় দাঁড় করিয়ে দিয়েছে এই বামফ্রন্ট সরকার। মহামান্য রাজ্যপালের ভাষণে এই সমস্ত কথার উল্লেখ নেই। বামফ্রন্ট সরকারের লিখে দেওয়া এই ভাষণ, পার্টির লেখা এই ভাষণ। তাই আমি রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব এসেছে তার বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমতী নবনীতা মুখার্জী : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, গত ২রা ফেব্রুয়ারী ২০০৬ তারিখে মহামান্য রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন, সেই ভাষণের উপর বামফ্রন্টের পক্ষ থেকে পদ্মনিধি ধর মহাশয় যে প্রস্তাব এনেছেন তাকে আমি সর্বান্তকরণে সমর্থন করছি। স্যার, আজকে ২৯ বছর ধরে যেভাবে শিক্ষা, স্বাস্থ্য, কৃষি, বনসৃজন, পশুপালনসহ বিভিন্ন বিভাগ এগিয়ে যাচ্ছে তাতে সপ্তম বামফ্রন্ট যে পশ্চিমবাংলায় আসছে তার বাজনা বেজে গিয়েছে। এটা দেখে বিরোধীরা উদ্‌ভ্রান্ত হয়ে পড়েছে।

[5.20—5.30 p.m.]

তারা বিভিন্ন ভাবে চেষ্টা করছে, যাতে করে পর্যবেক্ষক ভোটার লিস্ট, খুন-জখম ইত্যাদির মাধ্যমে আজকে বামফ্রন্ট সরকারের যে উন্নয়ন, সেই উন্নয়নকে ব্যাহত করা যায়। ওরা ভাল ভাবেই জানে যে ভূমি সংস্কারের মাধ্যমে আজকে পশ্চিমবঙ্গে ফসল উৎপাদনের জোয়ার বয়ে যাচ্ছে, সেই জোয়ারে আজকে বিরোধীরা ভেসে যাচ্ছে। স্যার, ১৯৭৬-৭৭ সালে দেখেছি যে, আমাদের রাজ্যে কৃষি উৎপাদন হত ৭৪ লক্ষ মেট্রিক টন। আজকে সেখানে ডবলেরও বেশি ১৬১ লক্ষ মেট্রিক টন খাদ্যশস্য উৎপাদন হচ্ছে। ওদের গায়ে জ্বালা ধরেছে। তাই আজকে ওরা উদ্‌ভ্রান্তের মতো কথা বলছে। মাননীয় সদস্যগণ অনেকে বক্তব্যে বললেন যে, পশ্চিমবঙ্গে নাকি কোনো উন্নতি হয়নি। কিন্তু ওদের ভূমি সংস্কার আইনে কত জন পাট্টাদার পাট্টা পেয়েছে !' আজকে বামফ্রন্ট সরকার এই কয়েক বছরে এসে সারা ভারতবর্ষে ৫৪ লক্ষ পাট্টা বিলি করেছে। সেখানে পশ্চিমবঙ্গে ২৮ লক্ষ ৩২ হাজার জন পাট্টা পেয়েছে। এই পাট্টা গরীব মানুষ, ভূমিহীন মানুষেরাই পেয়েছে। আজকে যদি দেখা যায়, তাহলে দেখব যত পাট্টা বিলি হয়েছে, তার ৪৬ পার্সেন্ট পাট্টা বামফ্রন্ট সরকার বিলি করেছে। অন্যদিকে ১৯৫০ সালে আপনারা বর্গাদারী আইন করেছিলেন। সেই বর্গাদার আইন কোনো দিনই কার্যকরী হয়নি। সেটা কাগজেই ছিল। বামফ্রন্ট সরকার এসে ১৫ লক্ষ বর্গাদারের নাম নথিভুক্ত করেছে। আজকে পাট্টাদারদের ১০ লক্ষ একর জমি এসেছে। বর্গাদারদের হাতে ১১ লক্ষ একর জমি এসেছে। বাস্তুজমি পেয়েছে প্রায় ৫ লক্ষের মতো। বামফ্রন্ট সরকার ১৯৯২ সালে একটা

বিল এনেছে ছেলে ও মেয়েদের জন্য। সেখানে ছেলে ও মেয়েদের যৌথভাবে পাট্টা দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। এই পাট্টা পেয়েছে প্রায় ৫ লক্ষ। আমি আর একটি ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করছি। বামফ্রন্ট সরকার মহিলাদের অধিকার দিয়েছে। আমাদের রাজ্যে ১ লক্ষ ৩২ হাজার ৪০৫ জন মহিলা নিজেরা পাট্টা পেয়েছে। এইভাবে মহিলাদের এগিয়ে নিয়ে যাওয়ার ব্যবস্থা বামফ্রন্ট সরকার করেছে। অন্যদিকে বিভিন্ন স্বনির্ভর গোষ্ঠী আমাদের সরকার গঠন করে চলেছে। সেখানে আড়াই লক্ষের মতো স্বনির্ভর গোষ্ঠী হয়েছে। তার মধ্যে প্রায় ৯৫ লক্ষ মহিলা আছে। এইসব গোষ্ঠীর মাধ্যমে কাজ করে তাদের অর্থনৈতিক উন্নয়ন ঘটছে। আজকে গ্রামাঞ্চলের মেয়েদের হাতে অর্থ এসেছে। বামফ্রন্ট সরকারের জন্য তারা বিভিন্ন ভাবে আর্থিক দিক দিয়ে স্বয়ংসম্পূর্ণ হতে চলেছে। সকলের চেষ্টায় সপ্তম বামফ্রন্ট সরকার আবার আসতে চলেছে। সপ্তম বামফ্রন্ট সরকার আসবেই। বিরোধীরা এটা কোনো ভাবেই আটকাতে পারবে না। তাই তো ওদের গায়ে এত জ্বালা ধরেছে। শিক্ষা নিয়ে অনেক মাননীয় সদস্যরা চেঁচামেচি করে গেলেন। ড্রপ-আউট তো ওনাদের আমলেও হত। ওনাদের আমলেও শিক্ষা নিয়ে অরাজকতা চলত। ঠিক সময় পরীক্ষা হত না। আজকে পশ্চিমবাংলায় ঠিক সময় পরীক্ষা হচ্ছে, পরিকাঠামোর উন্নয়ন ঘটছে এবং ছাত্রসংখ্যা বৃদ্ধি পাচ্ছে। একজন বিরোধী সদস্য বললেন, ছাত্ররা তো খোলা আকাশের নীচে পড়াশোনা করছে। আপনারা তো ঠিকই বলেছেন। কারণ, ছাত্রসংখ্যা বৃদ্ধি পেয়েছে। আজকে গরীব ছেলেমেয়েরা, পাট্টাদারের ছেলেমেয়েরা স্কুলে যাচ্ছে, তারা স্কুলে যাবার অধিকার পেয়েছে। বামফ্রন্ট সরকার-এর বক্তব্য 'শিক্ষা সুযোগ নয়, শিক্ষা হচ্ছে অধিকার।' আজকে সেই অধিকার তারা পেয়েছে। তারা শিক্ষার অঙ্গনে চলে আসছে। ঘরে জায়গা নেই, তাই তারা খোলা আকাশের নীচে পড়াশোনা করছে। আজকে গ্রামাঞ্চলে এগুলি হচ্ছে। আপনারা চোখে শিল্পের উন্নয়ন দেখতে পাচ্ছেন না। অথচ পশ্চিমবাংলায় শিল্পের জোয়ার এসেছে। এই সেদিন স্বয়ং অর্থমন্ত্রী এসে বলে গেলেন শিল্পপতিরা সভায় বলেছেন, পশ্চিমবাংলায় একটা সুশৃঙ্খল আইনশৃঙ্খলা বজায় আছে। এখানে শিল্পের উন্নত পরিবেশ আছে। অতএব সারা ভারতবর্ষের মধ্যে বলা যায় সবচেয়ে ভাল পরিবেশ আছে পশ্চিমবঙ্গে। তিনি সার্টিফিকেট দিয়ে গেলেন পশ্চিমবঙ্গ সরকারকে। আর তাঁদের দলের নেতারা বলছেন ২৯ বছরে পশ্চিমবঙ্গে নাকি কোনো উন্নয়ন হয়নি। সফটওয়্যারে বিভিন্ন প্রযুক্তিতে আমরা দেখতে পাচ্ছি আমাদের রাজ্যে বহু মেধা সম্পন্ন ছেলেমেয়ে আছে, তারা চাকুরি পাচ্ছে। সল্টলেকে যে তথ্য প্রযুক্তি এসেছে, সেখানে বাইশ হাজার ছেলেমেয়ে চাকুরি পেয়েছে। তথ্য প্রযুক্তিতে এখানে কি না হয়েছে—আজকে আমেরিকা থেকে তথ্য তৈরি করিয়ে নিয়ে যাচ্ছে। আমাদের দেশে উদারীকরণ এসেছে ১৯৯১ সালে। যাঁরা এই উদারীকরণ এনেছেন, তাঁরা ভাল জানেন যে উদারীকরণের আগে থেকেই এই রাজ্য কি ভাবে শিল্পোন্নয়নের ক্ষেত্রে বাধাপ্রাপ্ত হয়েছে। শিল্প স্থাপনের জন্য লাইসেন্স দেওয়া হত না। আর তার জন্য শিল্পের ক্ষেত্রে পশিচমবঙ্গের স্থান ছিল ১৭তম। আজকে পশ্চিমবঙ্গ চতুর্থ স্থানে আছে। মহিলাদের শিক্ষার ক্ষেত্রে পশ্চিমবঙ্গ আজকে দ্বিতীয় স্থানে আছে। বিরোধী সদস্যরা এসব দেখেও দেখেন না। তাঁরা আইনশৃঙ্খলার কথা বললেন। আইনশৃঙ্খলার বিষয়ে দেখতে গেলে মেয়েদের ওপরে নির্যাতন সবচেয়ে বেশি কোথায় হয়

তা দেখতে হবে। দিল্লি এই ব্যাপারে এগিয়ে আছে। আমরা পিছনে আছি। এখানে মেয়েদের ওপরে অত্যাচার হয় না, যা হয় তা সামান্যই এবং যা হয় তা আপনাদের উস্কানিতেই হয়। এছাড়া সমবায়ের মাধ্যমে, সমবায় সমিতি, স্বনির্ভর গোষ্ঠী এখানে গড়ে উঠেছে। রাজ্য সরকার আদিবাসী মহিলাদের জন্য হোস্টেল তৈরি করেছে। সংখ্যালঘুদের জন্য হোস্টেল তৈরি করেছে যেমন, তেমনি অন্যদিকে সংখ্যালঘু মেয়েরা যাতে পড়তে পারে তার জন্য তাদের বিনাসুদে ঋণ দিচ্ছে এই সরকার। বামফ্রন্ট সরকার এইভাবে এগিয়ে চলেছে এবং আরও বেশি করে যাতে উন্নয়ন করা যায়, সেদিকে এগিয়ে চলেছে। আমি আশা করব, আগামী দিনে বামফ্রন্ট সরকার আরও উন্নতি করবে এবং সপ্তম বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠা করে সারা বিশ্বে আবার নজির সৃষ্টি করবে। আমি পুনরায় মহামান্য রাজ্যপালের ভাষণের ওপরে যে ধন্যবাদ সূচক প্রস্তাব এসেছে তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী দীপক বেরা : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, ২রা ফেব্রুয়ারী মাননীয় রাজ্যপাল মহোদয় যে ভাষণ দিয়েছিলেন, আমি তাকে সমর্থন করছি এবং সঙ্গে সঙ্গে বিরোধী পক্ষের কাশীদা যে ৯১টি সংশোধনী প্রস্তাব এনেছেন তার বিরোধিতা করছি। স্যার, চিৎপুরে যে দল হয় তা যেমন একজনের নামে হয়, তেমনি এখানে কাশীদা ছাড়া আর কেউ সংশোধনী দেননি। আমরা লক্ষ করলাম, ২৯ বছর ধরে যে নতুন দিক এখানে উন্মোচিত হয়েছে, ভারতবর্ষের মধ্যে তা নজিরবিহীন। ভূমি সংস্কার, ক্ষমতার বিকেন্দ্রীকরণ, পঞ্চায়েতের মাধ্যমে জনসাধারণের অংশগ্রহণকে নিশ্চিত করা, তার ফলে আমাদের পশ্চিমবাংলায় যে সার্বিক উন্নয়ন ঘটেছে, সমূহ বিষয়টি তাঁর ভাষণের মাধ্যমে প্রতিফলিত হয়েছে। সঙ্গে সঙ্গে প্রতিফলিত হয়েছে আমাদের পশ্চিমবাংলায় আইনশৃঙ্খলার পরিস্থিতি, কোথায় অসুবিধা হচ্ছে। উত্তরবঙ্গের বিভিন্ন এলাকায়, সঙ্গে সঙ্গে পুরুলিয়া, বাঁকুড়া এবং পশ্চিম মেদিনীপুরে জঙ্গি কার্যকলাপ, দার্জিলিংকে কেন্দ্র করে গোটা পরিবেশকে অশান্ত করবার প্রচেষ্টা।

[5.30—5.40 p.m.]

শেষ পর্যন্ত ভারত সরকার, পশ্চিমবঙ্গ সরকার এবং জি. এন. এল. এফ.-এর সহায়তায় একটা সমঝোতা চুক্তি স্বাক্ষরিত হয়েছে। মাওবাদীরাও আমাদের পশ্চিমবঙ্গে অশান্তি সৃষ্টি করার চেষ্টা করছে। নেপাল থেকে অন্ধ্র, অন্ধ্র থেকে মেদিনীপুরের বর্ডার এলাকায় তারা ছড়িয়ে রয়েছে। আমার মনে হয় মহামান্য রাজ্যপাল মহাশয় সুচিন্তিত ভাবে রাজ্যের আইনশৃঙ্খলা পরিস্থিতি উল্লেখ করতে গিয়ে যেটা বলেননি সেটা হচ্ছে, আমাদের পশ্চিমবঙ্গে আইনশৃঙ্খলা পরিস্থিতি অনেকটা ভালো হত যদি বিরোধী দলগুলো এই পরিস্থিতিতে একটু ভালো সদিচ্ছা পোষণ করত। মাননীয় রাজ্যপাল মহাশয় যেটা বলেননি সেটা হচ্ছে, ওই মাওবাদী বলুন আর ঝাড়খণ্ডীদের কার্যকলাপ বলুন তাদের কাজে আপনাদেরও উস্কানি আছে। কিন্তু সূত্রের বিধান মেনেই মনে হয় এইসব অপ্রিয় সত্য কথা বলেননি। বিষয়টি হচ্ছে, উন্নয়নের দিক নিয়ে। এ ব্যাপারে ভূমি সংস্কারের কথা উল্লেখ করতেই হবে। এ ব্যাপারে মানব উন্নয়ন প্রতিবেদনে পরিষ্কার উল্লেখ আছে। ভূমি সংস্কারের উপর নির্ভর করে আমাদের পশ্চিমবঙ্গে যা ঘটেছে, পঞ্চায়েত ব্যবস্থার মাধ্যমে, নিয়মিত নির্বাচনের মাধ্যমে পশ্চিমবঙ্গে

যা ঘটেছে তা নজিরবিহীন। এটা সাধারণত দেখা যায় না। একটু আগে একজন দিদিমণি বলছিলেন, শুনছিলাম। তিনি অপরাধের কথা বলছিলেন। এ ব্যাপারে মানব উন্নয়ন প্রতিবেদনের ১৬৩ পৃষ্ঠায় উল্লেখ আছে। বিভিন্ন রকম হিংসা এবং অপরাধমূলক কাজকর্মে পশ্চিমবঙ্গ ভারতবর্ষের অন্যান্য রাজ্যের মধ্যে নীচের দিকে আছে, ক্রমশ উন্নতি করছে, সময়ের সঙ্গে সঙ্গে এ ক্ষেত্রে অবস্থার উন্নতি ঘটছে। এই ভাবে বহুরূপে সম্মুখে দেখলে দেখা যাবে নানা ভাবে পশ্চিমবঙ্গ উন্নতি করে চলেছে। আপনাদের সাংসদের চেহারা দেখতে পাননি ? দেখতে পাননি অস্ত্রসহ ধরা পড়েছেন ? তিনি কি স্বীকারোক্তি দিচ্ছেন ? বুঝতে হবে। আমরা যেটা সাদা বলব ওঁরা সেটাকেই কালো বলবেন। প্রতিনিয়ত পশ্চিমবঙ্গে উন্নয়নের বিভিন্ন দিক উন্মোচিত হয়ে চলেছে। শিক্ষার ক্ষেত্রেই দেখুন। আমাদের শিক্ষাক্ষেত্রে যে অগ্রগতি, বিশেষ করে সর্বশিক্ষা থেকে আরম্ভ করে উচ্চশিক্ষা পর্যন্ত, তাকে অস্বীকার করা যাবে ? আপনাদের ওখানে সর্বশিক্ষা হয়নি ? নিরক্ষরতা দূরীকরণ কর্মসূচি হয়নি ? স্কুলের ছোট ছোট ছাত্র-ছাত্রীদের মিড-ডে মিল দেওয়ার মধ্যে দিয়ে তাদের উপস্থিতি লক্ষণীয় ভাবে বাড়ানো যায়নি ? আর, শিক্ষাক্ষেত্রে আপনাদের সময়ে যে বাজেট বরাদ্দ করা হত এখন কি তার থেকে বেশি বরাদ্দ করা হয়নি ? তা সত্ত্বেও বলবেন অগ্রগতি হয়নি, হচ্ছে না ? মাননীয় সৌগতবাবু ১৯৭৭ সালে অধ্যাপক হিসাবে যে টাকা পেতেন আমার মনে হয় এখন তার চেয়ে প্রায় ২০ গুণ বেশি টাকা পান। এটা কিন্তু বামফ্রন্ট সরকারের আমলে হয়েছে মনে রাখবেন। তা সত্ত্বেও বলবেন আপনাদের সময়কালের থেকে অবস্থার কোনো পরিবর্তন হয়নি। বামফ্রন্ট সরকার ভালো কাজ করেনি ? আপনি গতবার শিল্পের প্রশংসা করেছিলেন। এখনও এটাকে অস্বীকার করতে পারেন ? আপনারা অনেক সময় গর্ব করে বলেন যে আপনাদের সময়ে পশ্চিমবঙ্গের অনেক অগ্রগতি ঘটেছিল। তখন অবশ্য আপনারা এক ছিলেন, আলাদা হননি। আপনারা এমনভাবে বলেন যেন মনে হয় ১৯৭৭ সালের পর থেকে পশ্চিমবঙ্গ শিল্পক্ষেত্রে, শিক্ষাক্ষেত্রে, কৃষিক্ষেত্রে,—সব দিক দিয়ে ধ্বংসের পথে চলেছে। আর, আপনাদের সময়ে পশ্চিমবঙ্গ জ্বল জ্বল করে জ্বলছিল। দেখুন তো আমাদের বিখ্যাত সাংবাদিক রঞ্জিৎ রায়ের লেখা 'ধ্বংসের পথে পশ্চিমবঙ্গ'-তে কী বলছেন। তথাপি পঁচিশ বৎসর পূর্বে স্বাধীনতা লাভের সময়ে ক্ষুদ্র রাজ্য পশ্চিমবঙ্গ ছিল সব চাইতে সম্পদশালী রাজ্য। প্রথম দুটো পঞ্চবার্ষিক পরিকল্পনাকালে এই রাজ্যের মুখ্যমন্ত্রী ছিলেন বিধানচন্দ্র রায়। সে সময়ে রাজ্যের রাজনৈতিক স্থায়িত্ব বিদ্যমান ছিল। বিধানচন্দ্র রায়কে দক্ষ প্রশাসক বলে মনে করা হত। কিন্তু তাঁর সময়েই রাজ্যের আর্থিক দুর্গতি তীব্র হয়ে ওঠে। পশ্চিমবঙ্গকে তার সম্পদ থেকে বঞ্চিত করার উদ্দেশ্যে নিয়োজিত কেন্দ্রীয় নীতিসমূহের সর্বনাশা আঘাত তিনিও প্রতিরোধ করতে পারেননি। ১৯৫০ সালে পশ্চিমবঙ্গের মাথাপিছু আয় সারা ভারতের মধ্যে ছিল সর্বাধিক, মহারাষ্ট্র ছিল দ্বিতীয় স্থানে। ১৯৬১ সাল নাগাদ মহারাষ্ট্র পশ্চিমবঙ্গকে ডিঙিয়ে যায়। ১৯৪৭ সাল থেকে শুরু করে কংগ্রেসের অবিচ্ছিন্ন শাসনকালের শেষ বৎসরে, ১৯৬৬ সালে, পশ্চিমবঙ্গ নেমে যায় অষ্টম স্থানে। এই প্রথম তার মাথাপিছু আয় নেমে যায় জাতীয় গড় আয়েরও নিচে। দেশের তথাকথিত 'পরিকল্পিত উন্নয়ন' বস্তুত পশ্চিমবঙ্গের পক্ষে হয়েছে—পরিকল্পিত অধঃপতন। চতুর্থ

পরিকল্পনায় সব রাজ্যগুলির মধ্যে মাথাপিছু পরিকল্পনার জন্য ব্যয় পশ্চিমবঙ্গে ছিল সর্বনিম্ন (৬৯ টাকা)—সর্বভারতীয় গড়ের চাইতে ৫০ টাকা কম। এটা কি অস্বীকার করা যায় ! এটা তো আমাদের লেখা নয়, আনন্দবাজার পত্রিকায় নিয়মিত লিখতেন এবং হিন্দুস্থান টাইমসেও লিখেছেন—বিখ্যাত সাংবাদিক রঞ্জিত রায়ের লেখা। আপনাদের বলি কপালের লিখন দেখুন। আপনারা সাদাকে সাদা বলতে শিখুন। আপনারা পশ্চিমবঙ্গের মানুষকে যতই বিভ্রান্ত করার চেষ্টা করুন না তারা বুঝে গেছে। কাশেম সাহেব যে ম্যাজিশিয়ানের কথা বললেন সঠিকভাবেই তিনি বলেছেন। মানুষকে আর বিভ্রান্ত করা যাবে না, তারা সঠিকভাবেই উপলব্ধি করেছে কে সত্যিকারের বন্ধু আর কে বন্ধু বেশে শত্রু হয়ে রয়েছে। মানুষ আজকে বন্ধু বেশে শত্রু হয়ে রয়েছে যারা তাদেরকে চিহ্নিত করতে পেরেছে। গত ৬টি নির্বাচনে যেমন পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকারই জিতে এসেছে, এইবারও সপ্তম নির্বাচনে আমরাই আবার ফিরে আসব এই বিষয়ে কোনো সন্দেহ নেই। এই কথা বলে রাজ্যপালের ভাষণের উপরে যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব এসেছে তাকে অভিনন্দন জানিয়ে এবং সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী অজিত ভূঞ্যা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মহামান্য রাজ্যপাল গোপালকৃষ্ণ গাঁধী ২রা ফেব্রুয়ারী, ২০০৬ তারিখে এই বিধানসভার অধিবেশনে যে ভাষণ পাঠ করেছেন সেই ভাষণের বিরোধিতা করে বিরোধীদের আনা সংশোধনীকে সমর্থন জানিয়ে আমি এই ভাষণ সম্পর্কে দু-একটি কথা বলতে চাই। স্যার, রাজ্যপালের ভাষণে উল্লেখ করা হয়েছে বাঁকুড়া, পুরুলিয়া, পশ্চিম মেদিনীপুর জেলায় বাম চরমপন্থী কার্যকলাপ রাজ্য প্রশাসনের কাছে চরম উদ্বেগের কারণ হয়ে দাঁড়িয়েছে। স্যার, এটা খুবই বাস্তব সত্য এবং সেই সত্য নিয়ে যখন আলোচনা করতে চাইছি তখনই দেখা যাচ্ছে শুধু পুরুলিয়া, বাঁকুড়া, পশ্চিম মেদিনীপুর নয়, সারা পশ্চিমবাংলাকে সি. পি. এম. নিজেদের মুক্তাঞ্চল হিসাবে গড়ে তোলবার জন্য প্রথমে বন্দুকের রাজনীতি শুরু করেছিলেন। আজকে সেই মুক্তাঞ্চল বানাতে গিয়ে এই বিপত্তি উঠেছে পশ্চিমবাংলার তিনটি জেলাতে। তাই আজকে আমাদের যখন কটাক্ষ করছেন এবং বিদ্রুপ করে বলছেন, 'আমরা ২৯ বছর ধরে আছি, ষষ্ঠবারও পার হয়ে এসেছি।' এইবারও আগমনী বার্তা বাজাচ্ছেন আপনারাই আসবেন, আবার আপনাদেরই মাননীয় সম্পাদক মহাশয় ভয়ে কাঁপছেন যে, এতো সহজে এইবার আর পার হতে পারব না। আপনারা বলছেন আমাদের নাকি কোনো সংগঠন নেই, আর আপনাদের নাকি অনেক সংগঠন আছে। তাই তো আপনাদের ২০০১ সালের ভোটে ২৫ হাজারেরও বেশি বুথে ছাপ্পা ভোট মেরে তবেই ষষ্ঠ বামফ্রন্ট সরকার গঠন করা সম্ভব হয়েছে। এটা আপনাদের বুঝতে হবে। আর আজকে যেটা আপনারা বলছেন যে, তৃণমূলের নাকি কোনো সংগঠন নেই, তৃণমূলের সংগঠন না থাকতে পারে, সি বি আইয়ের তো সংগঠন আছে। সেই সি বি আইকেও হার মানতে হয়েছে। তাই ওই মুক্তাঞ্চল গড়তে গিয়ে আজ পর্যন্ত ছোটো আঙারিয়ার মূল নায়ক তপন ঘোষ এবং সুকুর আলি পুলিশের হাতে ধরা পড়ে না। আজকে আপনারা মাওবাদীদের ধরবার কথা বলছেন। আজকে আগে কৈফিয়ৎ দিতে হবে মানুষের কাছে—ওই তপন ঘোষ, সুকুর আলি ধরা পড়ল না কেন, এই ব্যর্থতা কাদের ?

তপন ঘোষ, সুকুর আলি প্রকাশ্য জায়গায় মানুষকে পুড়িয়ে মারার পরেও প্রকাশ্য দিবালোকে যদি ঘুরে বেড়ানোর অধিকার থাকে তাহলে মাওবাদী স্লোগান যারা তুলেছে

[5.40—5.50 p.m.]

তাদেরও আত্মরক্ষা করে বেঁচে থাকার অধিকার আছে, এই বিষয়ে আমরা সমর্থন করি। আজকে আমি যা বলতে চাই সেটা হল, আজকে আপনাদের ভেবে রাখার দরকার ছিল, যখন ১৯৮৮ সালের পঞ্চায়েত নির্বাচনে জনযুদ্ধের সাথে আপনারা যোগাযোগ করে অসিত সরকারকে সামনে রেখে ৪২ নম্বর সন্দিপুরে যে লড়াইটা লড়েছিলেন, সেদিন তাকে নিয়ে বন্দুক দেখিয়ে, অস্ত্র দেখিয়ে গ্রাম গ্রামকে দখল করে নিয়েছিলেন, সেদিন আপনাদের মনে ছিল না এই মাওবাদীদের কথা ? আজকে তারাই বুমেরাং হয়ে আপনাদের উপর আক্রমণ হানছে। এটা মনে রাখতে হবে। আপনারা আজকে বি. জে. পি. নিয়ে কথা বলছেন, চোখের জল ঝরাচ্ছেন মুসলমান বন্ধুদের জন্য। আপনারা বলেছেন, মমতা ব্যানার্জী 'খাল কেটে কুমীর এনেছেন'—বাংলার সাম্প্রদায়িক শক্তির সাথে আমরা হাত মিলিয়ে লড়াই করতে চাইছি। আপনারা আমাদেরকে সাম্প্রদায়িক শক্তির বন্ধু হিসাবে মানুষের কাছে চিহ্নিত করতে চাইছেন। আপনাদের মনে রাখার দরকার ছিল, যেদিন ১৯৭৭ সালে মুরারজী দেশাই সরকারকে জয়ী করবার জন্য এই বাজপেয়ীর সঙ্গে হাত মিলিয়েছিলেন। সারা ভারতবর্ষে সেদিন বি. জে. পি.-র কোনো শক্তি ছিল না। ভারতবর্ষের মাটিতে যদি কেউ খাল কেটে কুমীর এনে থাকে সেটা সি. পি. এম.-ই প্রথম এনেছিল, সেটা আজকে অস্বীকার করলে চলবে না। ১৯৮০ সালে লোকসভা নির্বাচনে বি. জে. পি. শক্তিকে চেয়েছিলেন, পেয়েওছিলেন আপনারা। ১৯৮৯ সালে ভি. পি. সিং সরকারকে কায়েম করার জন্য পুনরায় আপনারা বি. জে. পি.-কে মদত জুগিয়েছিলেন। আজকে ভুলে গেছেন সেই কথা ? আজকে মুসলমানদের জন্য চোখের জল ঝরাচ্ছেন। নির্বাচনের সময় ১৬ কোটি টাকা ব্যয় করে হোর্ডিং লাগিয়েছেন। এ তো নিজেদের প্রশংসা নিজেরাই করছেন ? ১৬ কোটি টাকা ব্যয় করে হোর্ডিং-এ খরচ করা হচ্ছে। কেউ ভেবে দেখেছেন আপনারা ? আজকে আপনারা বলছেন যে, আমরা নাকি এন. ডি. এ.-কে নিয়ে আপনাদের হারাতে চাইছি ! আপনারা মুসলমান ভাইয়েদের পক্ষে। আমরা জানি রাষ্ট্রীয় ক্ষমতায় যদি কোনো সাম্প্রদায়িক দল এসে যায়, তাহলে নিশ্চিত যে, কোনো একটা অংশের বিপদ ঘনিয়ে আসতে পারে, আমরা সেই বিষয়ে সচেতন আছি। কিন্তু আজকে আপনাদের প্রশ্ন করি—আপনারা যা বলেন—আপনারা কি ধর্ম নিরপেক্ষ ? আপনারা কি ধর্ম মানেন ? আপনাদের যে আদর্শ, সেই কমিউনিস্ট আদর্শ, সেই মার্কসবাদী আদর্শ, সেই মার্কসবাদী আদর্শ যেখানে প্রতিষ্ঠা লাভ করেছে, বিশ্বের যে কোনো দেশে, সেখানে মুসলমান ভাইরা কোরাণ পড়বার সুযোগ পায় ? ধর্মকে রক্ষা করবার সুযোগ পায় ? তেমন বন্ধু হয়েছে ? কুমীরের কান্না কেঁদে কোনো লাভ হবে না। তাই আজকে আপনাদের উপযুক্ত শিক্ষা দেবার জন্য নির্বাচন কমিশনের পক্ষ থেকে যে পদক্ষেপ গ্রহণ করা হয়েছে আমরা তাকে সাধুবাদ জানাই। আমরা সাধুবাদ জানাই এইজন্য যে, আমরা চাই প্রকৃত ভোটারদের তালিকা তৈরি করে অবাধ এবং সুষ্ঠু নির্বাচনের

ব্যবস্থা করা হোক। আমরা এই বিষয়ে পরিষ্কার করে বলতে চাই যে, আপনারা বলেছেন মূল-তৃণমূল একসঙ্গে ছিলেন, আবার কবে হবেন ? আপনারাও তো ১৯৬৪ সালের আগে একসঙ্গে ছিলেন, তারপর মূল থেকে আপনারা ছিন্নমূল হয়ে গেলেন, আমরাও তৃণমূল হয়ে গেলাম, অসুবিধা কোথায় আছে ? আজকে বুঝতে হবে, আজকে আপনারা কতটা ক্ষমতালোভী। আপনারা কোন আদর্শ নিয়ে রাজনীতি করেন ? আমরা আদর্শ নিয়ে চলি। বিহার দখল করবার স্বপ্ন দেখেছিলেন, সেখানে আজকে তাকিয়ে দেখুন, কংগ্রেস এবং লালুপ্রসাদ যাদবের পায়ে ধরে ১০টি আসন চেয়েছিলেন, বেশি নয়, দশটি আসন, পেয়েছিলেন ৮টি, রক্ষা করতে পেরেছিলেন ১টি। এই তো আপনাদের সাংগঠনিক শক্তি। আপনাদের সাংগঠনিক শক্তি প্রমাণ হয়ে গিয়েছে। শুধুমাত্র পুলিশ আর প্রশাসন ছাড়া আপনাদেরকে মানুষ সমর্থন করে না। তাই আজকে রাজ্যের বাইরে কোথাও আপনারা একটা বুথে সাংগঠনিক শক্তি বৃদ্ধি করতে পারেননি। অতএব আপনাদের আদর্শ ভুয়ো, আপনাদের আদর্শের মধ্যে মিথ্যাচার রয়েছে, তা থেকে প্রমাণ হয়ে গিয়েছে। কোনোভাবে ১৯৭৭ সালে ক্ষমতায় আসার পর পুলিশকে আর প্রশাসনকে কাজে লাগিয়ে তবেই আজকে ২৯ বছরের গল্প শোনাচ্ছেন আপনারা। আজকে আমরা বলতে চাই রাজ্যপালের ভাষণে যে বন্যার কথা বলা হয়েছে, সেই বন্যার উপর সেইরকম কোনো বিশেষ কিছু উল্লেখ নেই। আমরা বলেছি প্রতি বছর বন্যা হয়। আমাদের নেত্রীও বলেছিলেন এবং আমরাও বলেছি 'ম্যান মেড বন্যা', মানুষের তৈরি বন্যা। আজকে সেই বন্যা নিয়ে বিশেষ কিছু উল্লেখ নেই। বন্যায় কারোর সর্বনাশ, কারোর পৌষমাস। বন্যার ত্রাণ নিয়ে আপনারা দলবাজী করেন। বন্যায় ১ টাকা ক্ষতি হলে ১ হাজার কোটি টাকা কেন্দ্রের কাছে দাবি করেন। আজকে আপনারা যে ক্ষতিপূরণের দাবি করছেন, আর সেই ক্ষতিপূরণের টাকা যখন আসে, যাদের ক্ষতি হয় সেই সমস্ত মানুষেরা ক্ষতিপূরণ পায় না। আমি দায়িত্ব নিয়ে বলছি স্যার, পশ্চিম মেদিনীপুর জেলার ঘাটাল মহকুমায় গত বন্যায় একজনের মাত্র বসতবাড়ি বন্যার জলে ভেঙে পড়েছিল। তার নাম অজিত দোলুই, গ্রাম রায়কুণ্ডু। সে কিন্তু আপনাদের পঞ্চায়েতের মাধ্যমে কোনও রিলিফ পায়নি। অথচ সেখানে দেড় হাজার ত্রিপল বিলি হয়। আজকে যদি সেখানে তদন্ত করে দেখা যায় তাহলে দেখা যাবে, সেই দেড় হাজার জনের মধ্যে ১৪৯৮ জন ভুয়ো এবং যাদের কোনো ক্ষতি হয়নি। আর প্রকৃত যাদের ক্ষতি হয়েছে আজও তারা ত্রিপল পায়নি। এই হচ্ছে আপনাদের রাজনৈতিক চরিত্র। আজকে সেটা মানুষের কাছে ক্রমশ পরিষ্কার হয়ে যাচ্ছে। আপনারা বলেছেন ক্ষতিপূরণের জন্য আমরা ইন্ডিভিজুয়াল ফান্ডে টাকা দেই, কাউকে ২ হাজার, কাউকে ১ হাজার। আমি চ্যালেঞ্জ নিয়ে বলতে চাই পশ্চিম মেদিনীপুর জেলায় যারা ইন্ডিভিজুয়াল বেনিফিট পেল তাদের তালিকা বিধানসভায় প্রকাশ করুন, কয়ারি করা হোক, বিধানসভা থেকে সর্বদলীয় কমিটি করা হোক, সেখানে পরীক্ষা করে দেখা হোক যারা সেই ২ হাজার ১ হাজার টাকা করে পেয়েছে তারা কারা ? তারা প্রকৃত ক্ষতিপূরণের দাবিদার, না তারা সি. পি. এম.-এর ক্যাডার ? আজকে এখানে আপনাদের মুখোশ খুলে পড়ে যাবে। আজকে সেই জায়গায় তদন্ত আপনারা করবেন না। প্রতিবারই আমরা দাবি করি জেলায় জেলায়, ব্লকে ব্লকে বন্যার ত্রাণ বণ্টনের ক্ষেত্রে

সর্বদলীয় কমিটি গঠন করা হোক। আপনাদের হিম্মত নেই, আপনাদের সাহস নেই। আজ পর্যন্ত কোনো জায়গায় আপনারা সর্বদলীয় কমিটি গঠনের মাধ্যমে ত্রাণ বন্টনের ব্যবস্থা করেননি। আজকে এই রাজনৈতিক চরিত্র নিয়ে আপনারা বড়াই করেন, 'আমরা গরিবের বন্ধু।' আজকে যাদের ফসলের ক্ষতি হয়, যারা ছোটো ছোটো কুটির শিল্পী, যারা পেশাগত শিল্পে ক্ষতি স্বীকার করেন তাদেরকে ২-৪ হাজার টাকা শিল্পে অনুদান দেওয়া হয়। আমি দেখেছি শিল্পে অনুদানের ক্ষেত্রেও প্রকৃত ক্ষতিকারকদের দেওয়া হয় না। এই জায়গায় আমরা প্রতিবাদ জানাচ্ছি। আর স্যার, প্রতিবাদ জানাব ম্যানমেড বন্যার জন্য। ৩০ বছরের গল্প আপনারা শোনাচ্ছেন। জেলায় জেলায় যে নিকাশি খালগুলো রয়েছে সেই খালগুলোর কোনো সংস্কার হয়নি। সেই খালগুলো বুজিয়ে দেওয়া হয়েছে। সেখানে আপনাদের লোকেরা জোরপূর্বক কোথাও চাষের জমি করেছে, কোথাও ইটের ভাটা খুলে দিয়েছে। এর জন্য সরকারকে তাদের খাজনা দিতে হয় না, ট্যাক্স দিতে হয় না। জবরদখল করে সেই সমস্ত হাজার হাজার একর এলাকায় তারা জোর করে বসে আছেন। শুধু তাই নয় সেই সমস্ত খালগুলো, যেগুলো বড়ো বড়ো পিচ রাস্তার সামনে দিয়ে বয়ে গিয়েছে, যেখানকার এক ডিসমিল জমির দাম ৩ লক্ষ, ৪ লক্ষ, ৫ লক্ষ টাকা উঠে গিয়েছে, সেই সমস্ত খালগুলো ভরাট করে আপনার ক্যাডাররা সেখানে বড়ো বড়ো ব্যবসার দোকান খুলে দিচ্ছে। নিকাশি জলের ব্যবস্থা নেই। এই জন্য অল্প বৃষ্টি হওয়ার সঙ্গে সঙ্গে গ্রামের পর গ্রাম ভেসে যাচ্ছে। আপনারা সঙ্গে সঙ্গে একটা হিসেব কষে কেন্দ্রের কাছে পাঠিয়ে দেন, রিলিফের টাকা নিয়ে দলবাজী করবেন বলে। এটাই হচ্ছে আপনাদের চরিত্র। তাই বন্যার জন্য আপনাদের চোখের জল ঝরিয়ে কিছু লাভ হবে না।

শিক্ষার কথা কিছু বলব। আজকে জাল মার্কসিটের ছড়াছড়ি। সারা ভারতবর্ষের অন্যত্র কোনো পানের দোকানে জাল মার্কশিট পাওয়া যায় না। পশ্চিমবাংলায় পানের দোকানে মার্কশিট বিক্রি হয়। পশ্চিমবাংলায় মুদির দোকানে মার্কশিট বিক্রি হয়। যে সমস্ত শিক্ষকেরা চাকরি করছে তাদের মার্কশিট যদি তদন্ত করে দেখা হয় তাহলে দেখা যাবে হাজার হাজার ভুয়ো মার্কশিট আছে, যারা ২০-৩০ বছর ধরে মাস্টারি করছে। সবাই আপনাদের ক্যাডার, এটা অস্বীকার করার কোনো উপায় নেই। আজকে আপনারা বলছেন এস. এস. সি.-এর মাধ্যমে শিক্ষক নিয়োগ করছেন। এস. এস. সি.-তে কি হচ্ছে ? যারা কোনোদিন ক্লাসে পাশ করতে পারেনি, তারা এস. এস. সি.-তে পাশ করে যাচ্ছে এক চান্সে। যাদের স্টুডেন্ট লাইফে একাডেমিক কোয়ালিফিকেশান নাম্বার নাম মাত্র তারা এস. এস. সি. পাশ করে যাচ্ছে। ৪-৫ লক্ষ টাকা আজকে ঘুষ দিলে এস. এস. সি.-এর অ্যাপয়েন্টমেন্ট পাওয়া যাচ্ছে। আজকে জুনিয়ার বেসিক ট্রেনিং কেন্দ্রগুলো যে আপনারা খুলেছেন—আমরা সবাই জানি ১ লক্ষ ২ লক্ষ টাকা দিয়ে সেখানে ছাত্রদের ভর্তি হতে হয়।

[5.50—6.00 p.m.]

আপনারা তো সবাই জানেন যে, বেসিক ট্রেনিংয়ে ভর্তি হতে গেলে এক থেকে দেড় লক্ষ টাকা ঘুষ লাগে। ১৩৬টা বেসিক ট্রেনিং কেন্দ্র করেছেন, ৪০টি কেন্দ্রকে হাইকোর্ট থেকে

বাতিল করা হয়েছে। এই জায়গায় শিক্ষাটা চলে গেছে। আপনারা শিক্ষার বড়াই করেন, শিল্পের বড়াই দেখান, কৃষির বড়াই দেখান, তাই ভাবছেন সপ্তম বামফ্রন্ট সরকার গঠন করবেন। ২০০১ সালের নির্বাচনে ২৫ হাজার বুথ দখল করেছিলেন, এবারের নির্বাচনে সেই সুযোগ আপনারা পাবেন না। তাই আপনাদের বলে রাখি, ওই স্বপ্ন ভুলেও দেখবেন না কোনোদিন। তাই আজকে মাননীয় রাজ্যপালের ভাষণের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী কল্লোল খাঁ : স্যার, ভারতীয় সংবিধানের ১৭৬ নং অনুচ্ছেদ অনুসারে বিধানসভার অধিবেশনে গত ২রা ফেব্রুয়ারী, ২০০৬ তারিখে পশ্চিমবাংলার মাননীয় রাজ্যপাল যে ভাষণ পাঠ করেছেন, তার বিরোধিতা করে এবং বিরোধী দলের আনা সংশোধনীকে সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই।

মাননীয় সদস্য শ্রী সৌগত রায় পশ্চিমবঙ্গ সরকারের সার্বিক ব্যর্থতা—শিল্প, শিক্ষা, স্বাস্থ্য, কৃষি, সর্বক্ষেত্রের যে ব্যর্থতা তার প্রকৃত ছবি বিস্তৃতভাবে দিয়েছেন এখানে। আজকে পশ্চিমবাংলায় প্রায় ১ কোটি ভুয়ো রেশনকার্ড ধরা পড়েছে। যদি পূর্ণাঙ্গ তদন্ত হয় তাহলে সংখ্যাটা ১ কোটি ছাড়িয়ে যাবে। ভুয়ো রেশনকার্ড এবং ভোটার লিস্টে ভুয়ো নাম তুলে গত ২৯ বছর ধরে বামফ্রন্ট ক্ষমতায় আসীন আছে। সর্বোপরি যে ক্যাডার বাহিনী দিয়ে ভুয়ো রেশন কার্ডে নাম লিখিয়েছেন, সমস্ত রেশন সামগ্রী সব সেই কমরেডদের ঘরে পৌঁছে গেছে। এটাও বিরাট অন্যায়। পশ্চিমবাংলার প্রতিটি বিধানসভা কেন্দ্রে জাল মেশিন-এর সাহায্যে ভুয়ো রেশনকার্ড তৈরি হচ্ছে এবং ভুয়ো নাম ভোটার লিস্টে তোলা হচ্ছে মার্কসবাদী কম্যুনিস্ট পার্টির মাধ্যমে। উত্তর ২৪-পরগনার হাবড়ায়, নদীয়া জেলার কল্যাণী, নবদ্বীপে এই জাল চক্র ধরা পড়েছে। একে নেতৃত্ব দিয়েছে নবদ্বীপ পৌরসভার মার্কসবাদী কম্যুনিস্ট পার্টি সমর্থিত সিটুর নেতা এবং গাইঘাটাতে ধরা পড়েছে চিত্ত বিশ্বাস, মার্কসবাদী নেতা। মাননীয় মুখ্যমন্ত্রী দায়িত্ব নিয়ে বলতে পারবেন এটা মিথ্যে ? তাই আমি বলতে চাই, দীর্ঘ ২৯ বছর ধরে ভুয়ো ভোটারের উপর ভর করে, সন্ত্রাস করে, রিগিং করে, মানুষের গণতান্ত্রিক অধিকারকে খর্ব করেই আপনারা ক্ষমতায় আসীন আছেন। পশ্চিমবাংলায় ১৯৭৭ সাল থেকে ২০০৬ সাল পর্যন্ত কোনো উন্নয়ন মানুষের কাছে পৌঁছোয়নি। আমরা দেখলাম কেন্দ্রীয় সরকারের আনুকূল্যে ওয়ার্ল্ড ব্যাঙ্কের কয়েক কোটি টাকা দিয়ে পশ্চিমবাংলার বিভিন্ন গ্রামীণ হাসপাতাল, জেলা হাসপাতাল, সাব-ডিভিশনাল হাসপাতালে বিভিন্ন মেশিন কেনা হয়েছিল। সেই মেশিনগুলো আজকে অকেজো হয়ে পড়ে আছে। স্বাস্থ্যকেন্দ্রগুলোতে রোগী ওষুধ পায় না, চিকিৎসা পায় না। আমি অত্যন্ত দায়িত্ব নিয়ে বলতে পারি যে নদীয়া জেলা-সহ সমস্ত পশ্চিমবাংলায় সাপে কাটা, কুকুরে কামড়ানো অ্যান্টি র‍্যাবিস পাওয়া যায় না। এর ফলে শত শত মানুষ আজকে মারা যাচ্ছে। তাই গত ২রা ফেব্রুয়ারী মহামান্য রাজ্যপাল, এই পবিত্র বিধানসভায় এই অসত্য ভাষণ পড়তে পারেননি। কয়েক মিনিট পড়েই তিনি বিদায় নিয়েছেন। ওই অসত্য ভাষণ বিধানসভায় দাঁড়িয়ে পাঠ করতে চাননি। একথা নির্দ্বিধায় স্বীকার করতে হবে। সার্বিক ব্যর্থতার প্রকাশ ঘটেছে পশ্চিমবাংলায়। স্বাস্থ্য, শিল্প, শিক্ষা সর্বক্ষেত্রে ব্যর্থতা। এর সঙ্গে রয়েছে আর্থিক দুর্নীতি। প্রাক্তন মুখ্যমন্ত্রী কমরেড জ্যোতি বসু পশ্চিমবঙ্গের

সাড়ে আট কোটি মানুষের উপর ঋণের বোঝা চাপিয়ে দিয়েছেন। আর বর্তমান নেতা মহাপুরুষ বুদ্ধদেব ভট্টাচার্য সর্বস্তরের মানুষের উপর ঋণের বোঝা চাপিয়ে দিয়ে উন্নয়নের কথা বলছেন। জলে দুধ মেশানোর কাজ চলছে। সামনেই নির্বাচন, কেন্দ্রীয় নির্বাচনী কমিশন পশ্চিমবাংলায় এসেছেন ভুয়ো রেশন কার্ড পাওয়া গেছে। ভুয়ো ভোটার ধরা পড়ছে। আপনারা জলে দুধ মেশানো বন্ধ করুন, পশ্চিমবাংলার সব মানুষ জানতে পারছেন। সঠিক পরিচয়পত্র নিয়ে প্রকৃত ভোটারদের দিয়ে '০৬ সালে সুষ্ঠু পরিচ্ছন্ন নির্বাচন করুন। আপনারা শিল্পের কথা বলেন, অথচ কল্যাণী, উত্তর ২৪-পরগনার বিভিন্ন কলকারখানা রুগ্‌ণ হয়ে যাচ্ছে। এশিয়ার বৃহত্তম দুগ্ধ প্রকল্প হরিণঘাটা আজকে তুলে দেওয়ার চেষ্টা করা হচ্ছে। শিক্ষা ব্যবস্থায় চরম দুরবস্থা চলছে। কেন্দ্রীয় সরকারের মাধ্যমে যে মিড-ডে মিল চালু হয়েছিল তা নিয়ে বিভিন্ন পঞ্চায়েতে এবং কো-অর্ডিনেশন কমিটির মাধমে রাজনীতি চলছে। সঠিকভাবে সব জায়গায় মিড-ডে মিল ছাত্রদের কাছে পৌঁছোয় না। পশ্চিমবাংলায় অনেক প্রাইমারী স্কুলে মিড-ডে মিল চালু হয়নি। মানুষ আগামী দিনে শুধু শিলান্যাসের উৎসব দেখবে। গতকাল আমাদের জেলায় মাননীয় পূর্তমন্ত্রী তিনটে শিলান্যাস করে এসেছেন। এর আগে প্রাক্তন মুখ্যমন্ত্রী এবং বর্তমান জনস্বাস্থ্য মন্ত্রী আর্সেনিক মুক্ত জল পৌঁছে দেবেন বলে শিলান্যাস করেছিলেন, কোথায় সেই প্রকল্প ? এখনও শুরুই হয়নি। তাঁরা বলেছিলেন তিন বছরের মধ্যে এলাকায় আর্সেনিক মুক্ত জল মানুষের কাছে পৌঁছে যাবে। রোজ কাগজে দেখতে পাচ্ছি জনস্বাস্থ্য দপ্তরের বিজ্ঞাপন। প্রত্যেক জেলায় আর্সেনিক মুক্ত জলের শিলান্যাস হচ্ছে। শিলান্যাসের পাহাড়, শিলান্যাসের উৎসব চলছে। ২৪ বছর ধরে প্রাক্তন মুখ্যমন্ত্রী জ্যোতিবাবুর আমলে তিনি যে শিলান্যাস করে গেছেন আজ পর্যন্ত তা বাস্তবায়িত হয়নি। তাই বলতে চাই শুধু শিলান্যাস করে আগামী দিনে আপনারা ভোটে জিততে চাইছেন এটা কখনো সম্ভবপর হবে না। আপনারা যে ভুয়ো ভোটার তৈরি করে রেখেছেন সেটা পশ্চিমবাংলার মানুষ অনুভব করছেন। দীর্ঘদিন ধরে দুর্নীতির পাহাড়ে বসে মানুষকে ভুল বুঝিয়ে আপনারা ক্ষমতায় বসে আছেন। আপনারা আবার আসুন আমাদের তাতে আপত্তি নেই। কিন্তু বাংলার মানুষ আগামী দিনে আপনাদের আর চাইবে না। কারণ শিক্ষা, স্বাস্থ্য, শিল্প, কৃষি, সেচ, সর্বক্ষেত্রে আপনারা ব্যর্থ হয়েছেন। আজকে গঙ্গার ভাঙনে কয়েকশো বাড়ি, কয়েকশো গ্রাম বিপন্ন। নবদ্বীপে গঙ্গার ভাঙনে চৈতন্য মহাপ্রভুর বাড়ি ভাঙনের মুখে। সর্বাগ্রে একটা কথা বলি, সারা পশ্চিমবাংলার মানুষ এই গঙ্গার ভাঙনে আতঙ্কগ্রস্ত। হাজার হাজার কৃষক তাদের জমি, বাড়ি হারিয়েছে। এই ব্যাপারে মার্কসবাদী কমিউনিস্ট পার্টির নেতৃত্বে বামফ্রন্ট সরকার কোনো চিন্তা-ভাবনা করেননি। রাজ্যপালের ভাষণের মধ্যে তার কোনো উল্লেখ নেই। তাই রাজ্যপালের ভাষণের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

Adjournment

At this stage the House was adjourned at 6.02 p.m. till 11 a.m. on Monday, the 8th February, 2006

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Wednesday, the 8th February, 2006 at 11.00 a.m.

P R E S E N T

Mr. Speaker (SHRI HASHIM ABDUL HALIM) in the Chair, 13 Ministers, 04 Ministers of State and 164 Members.

[11.00—11.10 a.m.]

Starred Questions
(to which oral answers were given)

সেচ বিভাগের জন্য বরাদ্দকৃত অর্থ

*৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৯) **শ্রী পঙ্কজ বন্দ্যোপাধ্যায়** : সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০০৫-২০০৬ আর্থিক বছরে সেচ ও জলপথ বিভাগের জন্য বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত ?

(খ) সেচ বিভাগ ১লা ডিসেম্বর, ২০০৫ পর্যন্ত বরাদ্দকৃত অর্থের কত শতাংশ পেয়েছে ? এবং

(গ) উক্ত সময়ে প্রাপ্ত অর্থের কত শতাংশ সেচ ও জলপথ বিভাগ ব্যয় করতে সমর্থ হয়েছে ?

শ্রী সুভাষ নস্কর :

(ক) ২০০৫-২০০৬ আর্থিক বছরে সেচ ও জলপথ বিভাগের পরিকল্পনা খাতে বরাদ্দকৃত অর্থের পরিমাণ ২৪১ (দুইশত একচল্লিশ) কোটি টাকা।

(খ) সেচ ও জলপথ বিভাগ ১লা ডিসেম্বর, ২০০৫ পর্যন্ত পরিকল্পনা খাতে বরাদ্দকৃত অর্থের ৩৯.২৪ শতাংশ পেয়েছে।

(গ) উক্ত সময়ে প্রাপ্ত অর্থের প্রায় ৮০ শতাংশ সেচ ও জলপথ বিভাগ ব্যয় করতে সমর্থ হয়েছে।

[11.00—11.10 a.m.]

শ্রী পঙ্কজ বন্দ্যোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রথমে আমি নতুন মাননীয় সেচমন্ত্রী মহাশয়কে আমার অভিনন্দন জানাই। প্রাক্তন মন্ত্রী মহাশয় হঠাৎ পরলোকগমন করেছেন। তিনি দায়িত্বশীল মন্ত্রী হিসাবে ভাল কাজ করেছিলেন। গণেশবাবু সকলের কাছে

প্রিয় ছিলেন। তাঁর অবর্তমানে এই দপ্তরের দায়িত্ব নিয়েছেন মাননীয় শ্রী সুভাষ নস্কর মহাশয়, তাঁকে ধন্যবাদ জানাই। তাঁর সার্থকতা কামনা করি। কিন্তু কোথায় দাঁড়িয়ে আছেন দেখেছেন একবার ? কোথায় রেখেছে সরকার ? ২০০৫-২০০৬ আর্থিক বছরে সেচ ও জলপথ বিভাগের জন্য বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত ? এর জন্য মাননীয় অর্থমন্ত্রী ডঃ অসীমকুমার দাশগুপ্ত মহাশয় বরাদ্দ করলেন পরিকল্পনা খাতে ২৪১ কোটি টাকা। ডিসেম্বর মাস পেরিয়ে গেল। মার্চ, এপ্রিল, মে, জুন, জুলাই, আগস্ট, সেপ্টেম্বর, অক্টোবর, নভেম্বর, ডিসেম্বর—এই ১০ মাস পেরিয়ে গেল, উনি পেয়েছেন ৩৯.২৪ কোটি টাকা। অর্থাৎ উনি ২৪১ কোটি টাকার ১৬ পার্সেন্ট টাকা পেয়েছেন, আর ৮৪ পার্সেন্ট টাকা পাননি। এই বাজেট প্রত্যেক বছর দিয়ে যাচ্ছেন। এর কোনো মানে আছে ? আপনি পেয়েছেন মাত্র ১৬ পার্সেন্ট টাকা, ৮৪ পার্সেন্ট টাকা পাননি। এই ৩৯.২৪ কোটি টাকার ৮০ পার্সেন্ট টাকা খরচা করলেন, আর বাকি ২০ পার্সেন্ট টাকা খরচা করতে পারেননি। বরাদ্দ ২৪১ কোটি টাকা, পশ্চিমবঙ্গ সরকার ১ বছরে তার বরাদ্দের ১২ পার্সেন্ট টাকা খরচা করলেন। তাহলে পশ্চিমবঙ্গে যে যে কাজের জন্য আপনি এই টাকার অনুমোদন চেয়েছিলেন তাতে কোন কোন কাজ পুরো হয়েছে ? তার জন্য কোথায় কোথায় নতুন সেচ-প্লাবিত এলাকা হয়েছে ? কোথায় কোথায় বন্যা প্রতিরোধের জন্য আপনি ব্যবস্থা নিতে পেরেছেন এই ১২ পার্সেন্ট টাকার ভিতরে, সেটা বলবেন।

শ্রী সুভাষ নস্কর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি নিয়ে জানাচ্ছি, অতিরিক্ত প্রশ্ন পঙ্কজবাবু যা বলেছেন ৩৯.২৪ শতাংশ খরচ হয়েছে। এটা ৩৯ কোটি নয়। এটা যদি জানুয়ারি পর্যন্ত ধরি তাহলে এটার ৪৫ শতাংশ টাকা পেয়ে গেছি। সুতরাং এই সময়ে প্রাপ্ত অর্থের ৮০ শতাংশ সেচ ও জলপথ দপ্তর খরচ করতে পেরেছে। আর্থিক বছরের সময়টা আপনি জানেন, আর জুলাই থেকে নভেম্বর পর্যন্ত বর্ষাকাল এবং অন্যান্য কারণে কাজ করা যায় না। আমাদের কাজ করার সময়টুকু ডিসেম্বর বা জানুয়ারি থেকে জুন মাস পর্যন্ত। সেই দিক থেকে বলতে পারি আমাদের সময়সীমার মধ্যেই এই টাকা আমরা পেয়ে যাব। প্রায় ৮০ শতাংশ টাকা আমরা খরচ করতে সমর্থ হব। আপনি যে বিষয়টা বলেছেন আজকের প্রশ্নের সঙ্গে বোধহয় সংযুক্ত নয় যে কোন খাতে কত বরাদ্দের অর্থের বিষয়টা। এটা আপনি আলাদাভাবে জানতে চাইলে আমি আলাদা করে বলতে পারব।

শ্রী পঙ্কজ বন্দ্যোপাধ্যায় : ৩৯ পার্সেন্ট আপনি পেয়েছেন, ৬১ শতাংশ আপনি পাননি। এখন আপনি বলছেন আপনি পেয়ে যাবেন। এই মার্চ মাসের মধ্যে বা আর এক মাসের মধ্যেই এই বাজেটের সময়সীমা শেষ হয়ে যাবে। আপনি পেয়েছেন মার্চ, এপ্রিল থেকে সেপ্টেম্বর পর্যন্ত, বর্ষাকালে কাজ করতে পারেন না সে জন্য আপনি অজুহাত দেখালেন। আমি বলি মার্চ, এপ্রিল, মে, জুন, জুলাই, আগস্ট পর্যন্ত আপনারা কাজ করতে পেরেছেন এবং ৩৯ পার্সেন্টের বেশি খরচ করতে পারেননি বা ৬১ শতাংশ অর্থ দপ্তরের কাছ থেকে পাননি। আমার প্রশ্ন আপনার অর্থের পরিমাণ কত এবং কত পেয়েছেন ? আপনি ৩৯ শতাংশ পেয়েছেন এবং ৬১ শতাংশ পাননি। সুতরাং কাজ করতে পারেননি এ কথা আসছে না, আপনাকে অর্থ দপ্তর দেয়নি। মার্চ থেকে সেপ্টেম্বর কাজ করলেন তাতে ৩৯ শতাংশ ব্যয়

করেছেন, আর এক মাস বাকি আছে এখন বলছেন জুন পর্যন্ত করব। মার্চ মাসে যে টাকা দেওয়া হবে সেটা ২০০৬-২০০৭ সালের জন্য, ২০০৫-২০০৬ সালের জন্য নয়। এই টাকা আপনি খরচ করতে পারেননি এবং ৬১ পার্সেন্ট টাকা আপনি পাননি, যেটা পেয়েছেন সেটা ৩৯ শতাংশ, তার মধ্যে ৮০ শতাংশ করতে পেরেছেন এবং ২০ শতাংশ পারেননি। এর কারণ জানতে চাইছি এই যে পাননি বা কাজ করতে পারেননি তার ফলে মূল প্রকল্পের কী কী করতে পেরেছেন যার মধ্যে বন্যা নিরোধের কাজ এবং সেচ প্রকল্পের আওতা বাড়ানো যাবে ? আপনি বললেন এটা সংশ্লিষ্ট নয়। আপনি টাকা পেয়েছেন, আর বলছেন এটা সংশ্লিষ্ট নয়। ইট 'ইজ ভেরি মাচ রেলেভ্যান্ট।

শ্রী সুভাষ নস্কর : আপনার অতিরিক্ত প্রশ্নের উত্তরে জানাচ্ছি, আপনি ঠিকই বলেছেন আমাদের টাকাটা শেষ দিকে খরচ হয়, প্রথম দিকে খরচ করা সম্ভব হয়ে ওঠে না। আর এ পর্যন্ত যেটুকু আমরা মাননীয় অর্থমন্ত্রী এবং অর্থ দপ্তরের কাছ থেকে আশ্বাস পেয়েছি তাতে আমাদের বরাদ্দকৃত টাকার সবটা আমরা পেয়ে যাব। ইতিমধ্যে যে কাজ শুরু হয়েছে সেই টাকা এই সময়ের মধ্যে পেয়ে যাব এবং আগামী মার্চ মাসের মধ্যে অন্যান্য প্রকল্পের জন্য টেন্ডার, ওয়ার্ক অর্ডারের কাজ শুরু হয়ে গেছে। সেই দিক থেকে বলতে পারি বরাদ্দকৃত অর্থের টাকা আমরা পেয়ে যাব। আপনি যেটা বলছেন যে কোন কোন সেচ প্রকল্প বা কতটা অগ্রগতি হয়েছে সেভাবে আমি পৃথকভাবে তৈরি হয়ে আসিনি। আমাকে আলাদা করে বললে কোন কোন সেচ প্রকল্প বা অন্য খাতে বা এ বছরে সেচ এলাকা বৃদ্ধি হয়েছে কিনা ইত্যাদি বিষয়ে বলতে পারব।

শ্রী পঙ্কজ বন্দ্যোপাধ্যায় : স্যার, উত্তরটা ঠিক পরিষ্কার হল না। আপনি ১১ মাসের মধ্যে ৩৯ শতাংশ টাকার কাজ করেছেন, আর ১ মাস বাকি আছে, এটা ফেব্রুয়ারি মাস, মার্চ মাসে বাজেট হবে সেটা ২০০৬-২০০৭ সালের জন্য। এই ১ মাসের মধ্যে বাকি টাকা পেয়ে যাবেন এবং ৬১ শতাংশ কাজ করবেন, এই কাজের ব্যাপারে বলুন যে আপনি এই এই কাজ করবেন এবং তার সময়সীমা হচ্ছে এই এই। এটা আমাকে একটু বুঝিয়ে বলুন।

[11.10—11.20 a.m.]

শ্রী সুভাষ নস্কর : স্যার, অতিরিক্ত প্রশ্নের উত্তরে বলি, আমি বোধহয় বলার চেষ্টা করেছি যতগুলি প্রকল্প এই আর্থিক বছরে আমাদের ধরা আছে, তার প্রায় অধিকাংশই আমাদের স্কিম, এস্টিমেট এবং তার টেন্ডার ও ওয়ার্ক অর্ডার ইতিমধ্যেই সব আমরা করে ফেলতে শুরু করেছি এবং যথা সময়ে সেটা করে ফেলব। আর আপনি যেটা বলছেন এই সময়ের মধ্যে বেশি বরাদ্দর টাকা সেটা আমরা পাইনি। সেটা অল্প সময়ের মধ্যে খরচ করতে পারব কীভাবে ? আমাদের ওয়ার্কিং সিজিন এটা। অন্য সময়ে ওয়ার্কিং সিজিন ছিল না তখন তাই পাইনি। সেই দিক থেকে অনেক লম্বা পিরিয়ডে খরচ কম আর শর্ট পিরিয়ডে খরচটা বেশি। এটা আমাদের ওয়ার্কিং সিজিন। টাকা পাব, এই আশ্বাসটা পেয়েছি। এই সময়ের মধ্যে এই টাকা খরচ করা যাবে। এটুকু আশ্বাস আমি দিতে পারি।

শ্রী পঙ্কজ বন্দ্যোপাধ্যায় : আপনি প্রশ্নটা বোঝবার চেষ্টা করুন। আমি বারে বারে বলছি, আরও একবার বলছি, আপনি ৩৯ শতাংশ টাকা পেয়েছেন, বাকি ৬১ শতাংশ টাকা পাননি। আপনি কাজের ফিরিস্তি করলেন, কাজের পরিকল্পনা করলেন, তার জন্য ওয়ার্কিং অর্ডার দিয়ে টেন্ডার করে দিলেন। আপনাকে অর্থ দপ্তর টাকা এখনও স্যাংশন দেননি। আপনি টাকা পেয়েছেন ৩৯ শতাংশ। আপনি ৬১ শতাংশ টাকা পাননি। অথচ আপনি স্কিম করে, স্কিমের টেন্ডার করে কন্ট্রাকটারকে দিয়ে দিলেন। আপনি যে টেন্ডার করলেন টাকা না পেয়ে, সরকারি খরচ, অর্থ দপ্তর এখনও টাকা দেননি। টাকা রয়েছে অর্থ দপ্তরের কাছে। আপনি টেন্ডার ডেকে কন্ট্রাকটার ঠিক করে দিলেন, টাকা না থাকা সত্ত্বেও। আপনি আশা করছেন, ৬১ শতাংশ টাকা এক মাসের মধ্যে পেয়ে যাবেন, ১০০ শতাংশ কাজ রূপায়িত করবেন। এই জিনিসটা আপনি বোঝার চেষ্টা করুন, আমাদের বুঝিয়ে দিন, আপনি নিজে অনুধাবন করার চেষ্টা করুন, আমাদের বুঝিয়ে দিন।

শ্রী সুভাষ নস্কর : ধন্যবাদ।

শ্রী পঙ্কজ বন্দ্যোপাধ্যায় : আপনি আমাদের বুঝিয়ে দিন। আপনি ৩৯ শতাংশ টাকা পেয়েছেন আর ৬১ শতাংশ টাকা না পেয়ে টেন্ডার দিয়ে দিলেন, কন্ট্রাকটার ঠিক করে দিলেন ?

শ্রী সুভাষ নস্কর : ব্যাপারটা হল, আমাদের তো এইরকম ভাবেই কাজটা হয়। সেচ দপ্তরের কাজ বর্ষাকালে হয় না। এটা আপনারাও জানেন আমরাও জানি। এটাই ওয়ার্কিং পিরিয়ড। এই ওয়ার্কিং পিরিয়ডের মধ্যে মেজর কাজটার জন্য টাকা ব্যয়িত করতে হবে। মেজর ওয়ার্ক একসঙ্গে স্টার্ট করতে হবে। একসঙ্গে হিউজ অ্যামাউন্ট-এর কাজ করা যাবে না ! আপনি যেটা বললেন, এত টাকা অর্থ দপ্তরের থেকে পাওয়া যাবে? অতীতেও এইভাবে টাকা আমরা পেয়েছি, সেইভাবে খরচও হয়েছে, এটা আমাদের ভরসা, সেইভাবেই আমরা কাজটা করতে পারব।

শ্রী পঙ্কজ বন্দ্যোপাধ্যায় : বর্ষাকালটা যদি অক্টোবর থেকে ধরি, অক্টোবর, নভেম্বর, ডিসেম্বর এই কয়টি মাস। কিন্তু মার্চ, এপ্রিল, মে, জুন, জুলাই, আগস্ট মাসে আপনি ৩৯ শতাংশ টাকা পেয়েছেন, তার ৮০ শতাংশ কাজটা করেছেন, তার মানে, (১) অর্থ দপ্তর পুরো টাকা দেননি, (২) অর্থ দপ্তরের কাছ থেকে টাকা পাননি। আপনাদের যে স্কিম, সেই পরিকল্পনার ধারে-কাছে পৌঁছতে পারেননি। এটা অক্ষমতা, এটা স্বীকার করে নিন। আপনি টাকা চেয়েছেন, ওই টাকা পাননি। টাকা না দেওয়ার জন্য সময়মতো কাজটা করতে পারেননি। আর এক মাস আছে, টাকা এখনও পাননি, টাকা পেলে কাজটা করবেন কীভাবে এই এক মাসে, সেটা বলুন ?

শ্রী সুভাষ নস্কর : আপনি যেটা প্রথমে বললেন, সেই উত্তরটা দিই। আমাদের মাসটা জানুয়ারি পর্যন্ত যদি ধরেন তাহলে ৫০ শতাংশ টাকা পাওয়া গিয়েছে অর্থ দপ্তরের কাছ

থেকে। আর ডিসেম্বর মাস পর্যন্ত যে উত্তরটা চাইছিলেন, এখন পর্যন্ত—স্টিল নাউ—৪৫ শতাংশের বেশি টাকা পাওয়া গিয়েছে। সেই জন্য বলছি, অর্থ দপ্তরের থেকে টাকাটা পাওয়া যাবে এবং খরচও করতে পারব।

শ্রী পঙ্কজ বন্দ্যোপাধ্যায় : আপনি ১১ মাসে ৪৫ শতাংশ টাকা পেয়েছেন, আর এক মাসে ৫৫ শতাংশ টাকা পেয়ে যাবেন বলছেন, সেটা কি করে পাবেন ! সেটা বুঝিয়ে বলুন। আর টাকাটা যে পাননি, সেটা অন্তত স্বীকার করুন।

শ্রী শেখ ইলিয়াস মহম্মদ : মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, গত জুলাই এবং আগস্ট মাসে পশ্চিমবঙ্গের চারটি জেলায়—পূর্ব মেদিনীপুর, পশ্চিম মেদিনীপুর, উত্তর ২৪ পরগনা এবং দক্ষিণ ২৪ পরগনা জেলায় অতিরিক্ত বর্ষণের ফলে যে বন্যা হয়, সেই বন্যার্ত এলাকায় সেচ এবং জলপথ বিভাগের পক্ষ থেকে ২০০৫-২০০৬ সালে কি পরিকল্পনা গ্রহণ করেছেন সেটা দয়া করে জানাবেন কি ?

শ্রী সুভাষ নস্কর : মাননীয় সদস্য ঠিকই কথা বলেছেন, তবে চারটি জেলায় নয়, পশ্চিমবঙ্গের ছয়টি জেলায় এই প্রাকৃতিক বিপর্যয় হয়েছিল। সেই প্রাকৃতিক বিপর্যয়ের প্রথমেই ১০ কোটি টাকা এই জন্য আমরা খরচ করতে পেরেছিলাম। তারপরে আরও ৫০ কোটি টাকা, মোট ৬০ কোটি টাকা এই ছয়টি জেলার প্রোটেকশানের জন্য খরচ করা হবে। যেখানে বাঁধ ভেঙে গেছে তার বাঁধ মেরামতি, বোল্ডারিং, ব্রিক বোল্ড পিচিং, ব্রিক ব্যাটস্ পিচিং, স্লুইশ গেট নির্মাণ এই সব কাজের জন্য আমরা নির্দেশ দিয়েছি। জেলা পরিষদ এবং সেচ দপ্তর যৌথভাবে প্রায় প্রতি সপ্তাহেই এই ব্যাপারে বসছেন এবং আলোচনা করছেন। আগামী বর্ষার আগে, অর্থাৎ জুন মাসের মধ্যে এই কাজগুলো শেষ হয়ে যাবে এইরকমই সিদ্ধান্ত হয়েছে।

শ্রী সৌগত রায় : মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অতিরিক্ত প্রশ্ন, বামফ্রন্টের আমলে মূর্তিমান কাঁটা হচ্ছে তিস্তা প্রকল্প। ১৯৭৭ সালে এই প্রকল্পের কাজ শুরু হবার পরে আজ ঊনত্রিশ বছর পার হয়ে গেল কিন্তু এই প্রকল্পের কাজ শেষ হল না। কেন্দ্রীয় সরকারের যে পরিমাণ টাকা দেবার কথা ছিল সেটা তারা দিয়ে দিয়েছেন। এই তিস্তা প্রকল্পে এ পর্যন্ত কত টাকা খরচ হয়েছে এবং এখনও কত কাজ বাকি আছে ও বাকি কাজ কবে নাগাদ সম্পূর্ণ হবে জানাবেন কি ?

শ্রী সুভাষ নস্কর : মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে আমি বলতে পারি, তিস্তা ব্যারেজের জন্য এই বছরে পরিকল্পনা খাতে বরাদ্দ ছিল ৬০ কোটি টাকা। কিন্তু জমি অধিগ্রহণ এবং আইনগত কিছু সমস্যার কারণে এই আর্থিক বছরে আমরা ৩১ কোটি টাকা খরচ করতে পারব বলে আশা করছি। ওখানে নানান জটিলতা আছে, পুরো টাকাটা এই আর্থিক বছরে খরচ করা যাবে না।

শ্রী শ্যামপ্রসাদ পাল : মাননীয় মন্ত্রী মহাশয় দয় করে জানাবেন কি, গত ডিসেম্বর মাস পর্যন্ত কোন কোন প্রকল্পের কাজ সম্পন্ন হয়েছে ?

শ্রী সুভাষ নস্কর : মাননীয় সদস্যকে জানাই, এত বিস্তারিত উত্তর আমি তৈরি রাখিনি। প্রশ্নটা ছিল অর্থ বরাদ্দের উপরে সেইভাবেই আমি তৈরি হয়ে এসেছি। মাননীয় সদস্যকে পরে এই ব্যাপারে আমি জানিয়ে দেব।

শ্রী অশোক দেব : মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অতিরিক্ত প্রশ্ন, আপনার আগে এই দপ্তরের যিনি মন্ত্রী ছিলেন তাঁর কাছে আমি এই বিষয়ে একটি চিঠিও দিয়েছিলাম। বজবজে গঙ্গার পারে ভাঙনের ফলে নিউ সেন্ট্রাল জুট মিল, বজবজ জুট মিল এবং অন্যান্য জুট মিলগুলোর আগামী দিনে কোনো অস্তিত্ব থাকবে কিনা ঠিক নেই। এই ব্যাপারে আপনার দপ্তরের পক্ষ থেকে কি পদক্ষেপ নেওয়া হয়েছে জানাবেন কি ?

শ্রী সুভাষ নস্কর : মাননীয় সদস্যকে জানাই, আমি মন্ত্রী হিসাবে আসার পরে বিধায়কদের কাছ থেকে যে সকল পত্র পেয়েছি সেগুলি খুঁটিয়ে দেখেছি এবং বিভাগীয় ইঞ্জিনিয়ারকে নির্দেশ দিয়েছি তাঁদেরকে উত্তর পাঠাতে। হয়তো দু-একজন মাননীয় সদস্য উত্তরের কপিও পেয়েছেন। আপনি যে বিষয়টা নিয়ে বলেছেন সেই বিষয়ে আমার কাছে বিস্তারিত খবর নেই। আমি খবর নিয়ে পরে আপনাকে জানাব।

শ্রী জ্যোতির্ময় কর : মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অতিরিক্ত প্রশ্ন, প্রাপ্ত ৩৯ শতাংশ অর্থের মধ্যে এরিয়ার পেমেন্টের জন্য কত টাকা ব্যয় করেছেন এবং চলতি খাতে কত টাকা ব্যয় হয়েছে ? তাছাড়া এরিয়ার লায়াবিলিটিসের জন্য কত টাকা খরচ হয়েছে এবং বর্তমানে প্রোজেক্ট ভ্যালু কত ?

[11.20—11.30 a.m.]

ভোটের ডেটের আগে পরিকল্পনা খাতে ব্যয়-বরাদ্দের জন্য কত স্কিম রেডি করা আছে ? আমার প্রশ্নটা আমি ক্লিয়ার করতে পেরেছি ? এরিয়ার পেমেন্ট করেছেন কত টাকা ? পরিকল্পনা খাতে যে কাজ হয়েছিল তার এরিয়ার লায়াবিলিটিজ কত টাকা আছে ? কারেন্ট প্ল্যানিং খাতে কত টাকা ব্যয় করেছেন আর এরিয়ার লায়াবিলিটিজ কত টাকা আছে ?

শ্রী সুভাষ নস্কর : আপনি এরিয়ার বিল এবং কারেন্টটা জানতে চেয়েছেন। কত টাকার পেমেন্ট দিয়েছি ঠিক ওইভাবে উত্তরটা তৈরি করে আসিনি। কত এরিয়ার আছে ঠিক সেইটুকু বলা আছে। এখানে আছে পরিকল্পনা খাতে মোট বরাদ্দ এবং তাতে কত টাকা পেয়েছি। ৩৯ শতাংশের মধ্যে আলাদা করে বলা নেই। এই ক্ষেত্রে আপনার প্রশ্ন থাকলে আমি বলতে পারতাম। তবে আমি বলতে পারি, টোটাল ২৪১ কোটি টাকার মধ্যে এসট্যাব্লিসমেন্ট খাতে ৩৩.২৬ কোটি টাকা আর ওয়ার্কস খাতে বরাদ্দ ছিল ২০০.৭৪ কোটি টাকা। কত টাকার পেমেন্ট— এরিয়ার এবং কারেন্ট— এটা আলাদা করে বলতে পারব না।

শ্রী জ্যোতির্ময় কর : এরিয়ার খাতে তো কিছু পেমেন্ট হয়েছে। যদি পেমেন্ট হয়ে যায় তাহলে অ্যাক্চুয়ালি ফিজিকাল ইমপ্লিমেন্টেশন কত ?

মিঃ স্পীকার : এটা উনি পরে আপনাকে জানিয়ে দেবেন।

শ্রী সমর রায় : মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার একটি প্রশ্ন, আমার অ্যাসেম্বলি কনস্টিটুয়েন্সি গঙ্গার ধারে। পঞ্চানন্দপুর থেকে মানিকচক পর্যন্ত ৮০ কিলোমিটার কেন্দ্রীয় সরকার টেক্-আপ করেছে এবং উজানেও টেক্-আপ করেছে। কেন্দ্রীয় সরকার অ্যান্টি-ইরোশন অ্যাকটিভিটিজ-এর কাজ খুব অল্প পরিমাণ করার সিদ্ধান্ত নিয়েছে। কেন্দ্রীয় সরকারের কাছে এই বিষয়ে রাজ্য সরকার কোনো পারস্যু করবেন কি ? কারণ অ্যান্টি-ইরোশনের কাজ কেন্দ্রীয় সরকার না করলে জেলার বহু ক্ষতি হয়ে যাবে, জেলা ধ্বংস হয়ে যাবে। গতবার যে নেচার ছিল তা খুবই ভয়ানক। সেই জন্য রাজ্য সরকারের কাছে আমার আবেদন, যাতে এই বিষয়টি কেন্দ্রীয় সরকারের কাছে পারস্যু করে বলেন অ্যান্টি-ইরোশন অ্যাকটিভিটিজের কাজটি কেন্দ্রীয় সরকার যেন ঠিকমতো চালায়।

শ্রী সুভাষ নস্কর : আপনি ঠিক কথাই বলেছেন। ইতিমধ্যে আমি কেন্দ্রীয় সরকারের নজরে এই বিষয়টি এনেছি। প্রথম দিকে কেন্দ্রীয় সরকার নেয়নি, যেটুকু নিয়েছিল তা অল্প পোর্সন। ওঁদের টেক্নোলজি আছে। ওঁরা যাবতীয় উপদেশ, অ্যাডভাইস দিয়ে কাজ করাতে পারেন। সেইভাবে ওঁরা রাজি হয়েছেন। পরবর্তীকালে কেন্দ্রীয় সরকারের সঙ্গে এই বিষয়ে আরও যোগাযোগ করব।

স্বাস্থ্য বিশ্ববিদ্যালয়ের জন্য ইউ. জি. সি.-র অনুদান

*১০। (অনুমোদিত প্রশ্ন নং *৭০) **শ্রী আবু আয়েশ মণ্ডল :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) রাজ্যে স্বাস্থ্য বিশ্ববিদ্যালয় স্থাপিত হওয়ার পর থেকে ৩০শে নভেম্বর, ২০০৫ পর্যন্ত ইউ. জি. সি. থেকে কোনো আর্থিক অনুদান পাওয়া গিয়েছে কি ; এবং

(খ) পাওয়া গেলে প্রাপ্ত অর্থের পরিমাণ কত ?

ডাঃ সূর্যকান্ত মিশ্র :

(ক) না পাওয়া যায়নি।

(খ) প্রশ্ন ওঠে না।

শ্রী আবু আয়েশ মণ্ডল : আমাদের রাজ্যে স্বাস্থ্য বিশ্ববিদ্যালয় স্থাপিত হয়েছে ২০০৩ সাল থেকে। এখন চলছে ২০০৬ সাল। এর মধ্যে ইউ. জি. সি.-র কাছ থেকে আর্থিক অনুদান পাওয়া যায়নি বলে আপনি বললেন। আমি আপনার কাছ থেকে জানতে চাইছি, এই ধরনের বিশ্ববিদ্যালয় স্থাপিত হওয়ার পর ৩ বছর অতিক্রান্ত হতে চলল, এখনও পর্যন্ত ইউ. জি. সি.-র আর্থিক অনুদান না পাওয়ার কারণ কি ?

ডাঃ সূর্যকান্ত মিশ্র : আসলে ইউ. জি. সি. সেই সমস্ত ইউনিভার্সিটিকে গ্রান্ট দিয়ে থাকেন যাদের নিজস্ব কলেজ আছে। যে সমস্ত ইউনিভার্সিটির নিজস্ব কলেজে আন্ডার-গ্র্যাজুয়েট, পোস্ট-গ্র্যাজুয়েটের কারিকুলাম আছে তাদের দেওয়া হয়। আমাদের মতো ভারতবর্ষের অন্যান্য রাজ্যে যেখানে হেল্‌থ ইউনিভার্সিটি আছে সেটা মূলত অ্যাফিলিয়েটেড ইউনিভার্সিটি। অন্য কলেজ যেখানে আছে সেগুলোকে অ্যাফিলিয়েশন দেওয়া হচ্ছে। এর কাজ এটা। সল্ট লেকে আমাদের যে সাব-ডিভিশনাল হসপিটাল আছে, এই ইউনিভার্সিটি সেখানেই অবস্থিত। তবে এখানে পড়ানোর কোনো ব্যবস্থা নেই। ইউ. জি. সি.-র ওয়েব সাইড থেকে ডাউন লোড করা একটি অংশ আমি পড়ছি, আমাদের এই হেল্‌থ ইউনিভার্সিটি সম্পর্কে বলা হচ্ছে—A new university named the West Bengal University of Health Sciences, Kolkata, has been established by an Act No. 13 of 2002 of State Government of West Bengal and notified through State Gazette, vide notification No. 1254, dated 1st August, 2002. The Health University has been included in the list of universities maintained by the University Grants Commission under Section 2F of UGC act 1956. However, the above university is not eligible to receive any financial assistance from University Grants Commission and any other source funded by Government of India under Section 12B of UGC Act. এটা আমাদের ভারতবর্ষে আর যে সমস্ত হেল্‌থ ইউনিভার্সিটি আছে, তাদের ক্ষেত্রেও সমানভাবে প্রযোজ্য। কলকাতা বিশ্ববিদ্যালয়ের কলেজ অফ মেডিসিনের জন্য কিছু টাকা পাওয়া যেত। এখন যেহেতু এগুলো অ্যাফিলিয়েটিং ইউনিভার্সিটি হিসাবে কাজ করছে, তাই এগুলোর জন্য ইউ. জি. সি. থেকে আলাদাভাবে কোনো গ্রান্ট দেওয়ার ব্যবস্থা নেই।

শ্রী আবু আয়েশ মণ্ডল : এখন আমি জানতে চাইছি, আমাদের রাজ্যে যে মেডিক্যাল কলেজগুলি আছে—যেমন বর্ধমান, উত্তরবঙ্গ যেগুলো কলকাতা বিশ্ববিদ্যালয়ের অধীনে ছিল। সেই সমস্ত মেডিক্যাল কলেজগুলিকে কি এই স্বাস্থ্য বিশ্ববিদ্যালয়ের আওতায় আনা হয়েছে ? এবং যদি আনা হয়ে থাকে, আনার পর পরিকাঠামোগত কোনো উন্নতি হয়েছে কিনা সে সম্পর্কে জানাবেন।

ডাঃ সূর্যকান্ত মিশ্র : আমাদের এই কলেজগুলি সবই স্বাস্থ্য বিশ্ববিদ্যালয়ের আওতায় এসেছে। ১লা জানুয়ারি, ২০০৩-এ এই বিশ্ববিদ্যালয় শুরু হয়। তার আগে থেকে যে সমস্ত ছাত্র-ছাত্রী আন্ডার-গ্র্যাজুয়েট, পোস্ট-গ্র্যাজুয়েটে ভর্তি হয়েছিলেন অন্য ইউনিভার্সিটির আন্ডারে তাঁরা সেই সেই ইউনিভার্সিটিতেই থাকবেন। কিন্তু ২০০৩-এর পর যে সমস্ত ছাত্র-ছাত্রী নতুন ব্যাচে যাঁরা এম. বি. বি. এস, এম. ডি, এবং ডিপ্লোমাতে ভর্তি হয়েছেন সে ক্ষেত্রে কিন্তু ২০০৪-এ তাঁদের নতুন ইউনিভার্সিটির রেজিস্ট্রেশন হয়েছে। এই সমস্ত ছাত্র-ছাত্রীদের নতুন বিশ্ববিদ্যালয়ের আন্ডারে পরীক্ষা দিতে হবে। প্রথম এম. বি. বি. এস দ্বিতীয় এম. বি.

বি. এস হয়ে গেছে। ২০০৬-এর এম. ডি পরীক্ষা হবে, আর ২০০৭-এর ফাইনাল এম. বি. বি. এস-এর ফার্স্ট ব্যাচ তারা এই বিশ্ববিদ্যালয়ের আন্ডারে পরীক্ষা দেবে। আই. পি. জি. এম. ই. আর যেটাকে পি. জি. বলা হয়। মেদিনীপুরে ১০০ + ১০০ মোট ২০০টা সিট আছে। আর বর্ধমান, বাঁকুড়া, উত্তরবঙ্গে ৫০টি করে স্থায়ীভাবে সিট বেড়েছে। তার মানে মোট ৩৫০টা সিট আন্ডার গ্র্যাজুয়েটে বেড়েছে। আর পি. জি.-তে আমাদের সিট দ্বিগুণের থেকেও বেশি বেড়েছে। এম. ডি, এম. এস, এবং নার্সিং ও ডিপ্লোমা, টেকনিক্যাল, প্যারা-মেডিক্যাল এইসব কোর্সগুলো চালু হয়েছে। অর্থাৎ অনেকগুলি নতুন কোর্স চালু হয়েছে।

[11.30—11.40 a.m.]

প্যারা-মেডিক্যাল কোর্স বিশেষ করে। প্রায় ৭-৮ গুণ বেড়েছে যা সিট ছিল। এইগুলো যা চায় বা যা প্রয়োজন এই এম. সি. আই বা অন্যান্য নার্সিং কাউন্সিল ইত্যাদি, তাদের যে সমস্ত নির্দেশিকা আছে যে এর জন্য এই পরিকাঠামো দরকার, তারা সেটা পরিদর্শন করে ঠিক করেন, সেই অনুযায়ী আমরা পরিকাঠামো গড়ে তুলেছি।

শ্রী আবু আয়েশ মণ্ডল : আপনি পরিকাঠামোগত দিক থেকে যা উল্লেখ করলেন, যে অগ্রগতির কথা বললেন সেই পরিপ্রেক্ষিতে জানতে চাই, মেডিক্যাল কাউন্সিল অফ ইন্ডিয়া এই ধরনের বিশ্ববিদ্যালয়ের পরিকাঠামো বা পঠন-পাঠন সম্পর্কে কোনো পরামর্শ বা সাহায্যের কোনো কথা বলেছেন কিনা ?

ডাঃ সূর্যকান্ত মিশ্র : না, সাহায্যের কথা তো নেই। ওনারা এসে বলেন এটা নেই, এটা করতে হবে। এটা আছে, ঠিক আছে। ওনারা যেটা করতে বলেন আমরা সেটা কমপ্লাই করি। ওনারা যেটা নেই বলেন আমরা সেটা করে তাঁদের বলি। তারপর ওনারা দেখে যখন সন্তুষ্ট হন তখন ওনারা ক্লিয়ারেন্স দেন। সেটা আমরা পেয়েছি। তার জন্য আমাদের সিট বেড়েছে। একটা জিনিস আমি বলতে ভুলে গিয়েছিলাম, দুটি ডেন্টাল কলেজ আছে। আর. আহমেদ ডেন্টাল মেডিক্যাল কলেজ আছে, এশিয়ার সবচেয়ে প্রাচীনতম কলেজ, সেটা ৫০টি সিট ছিল ১০০টি সিট করার জন্য বলেছি। আর একটা হচ্ছে উত্তরবঙ্গ ডেন্টাল কলেজ, এটা সরকারের। এখানে ২০টি সিট আছে, এটার ৪০টি সিট করার জন্য বলেছি। গত সপ্তাহে আমি খবর পেয়েছি ডেন্টাল কাউন্সিল এটা মেনে নিয়েছেন। তাঁরা পরিদর্শন করেছেন, কিছু কমপ্ল্যানসের কথা বলেছেন। আর. আহমেদ ডেন্টাল মেডিক্যাল কলেজের সংখ্যাটা দ্বিগুণ করার কথা মেনে নিয়েছেন, অর্থাৎ ১০০ সিট হবে। আগামী বছর থেকে ছাত্র-ছাত্রীরা ভর্তি হতে পারবে। উত্তরবঙ্গতে ২০ থেকে দ্বিগুণ করে ৪০টি সিট করার চেষ্টা করছি।

শ্রী জ্যোতির্ময় কর : এই হেল্‌থ ইউনিভার্সিটিতে সিট অনুযায়ী ইউ. জি. সি.-র শর্ত মেনে, ইউ. জি. সি.-র অনুমতি সাপেক্ষে উন্নীত করার কথা আছে কিনা ? আপনি জানেন ইউনিভার্সিটির অ্যাডমিনিস্ট্রেটিভ সাইড আছে এবং আকাদেমিক সাইড আছে তার নিজস্ব। যেমন কলকাতা থেকে শুরু করে সমস্ত ইউনিভার্সিটির অ্যাডমিনিস্ট্রেটিভ সাইড আছে

এবং অ্যাকাডেমিক সাইড আছে। এটা না থাকলে কৌলিন্য থাকে না। সেই রকম অ্যাডমিনিস্ট্রেশনের সঙ্গে সঙ্গে অ্যাকাডেমিক ডিপার্টমেন্ট খোলার কোনো চিন্তাধারা মাননীয় মন্ত্রী মহাশয়ের আছে কিনা দয়া করে বলবেন ?

ডাঃ সূর্যকান্ত মিশ্র : যখন এই নতুন ইউনিভার্সিটি আইন হয় তখন এই হাউসে বলেছিলাম—সিলেক্ট কমিটিতেও আলোচনা হয়েছিল—এখন আমরা ইউনিভার্সিটিতে আলাদা কলেজ, সে আন্ডার-গ্র্যাজুয়েট হোক আর পোস্ট-গ্র্যাজুয়েট হোক হচ্ছে না. সরাসরি ইউনিভার্সিটি ক্যাম্পাসে এটা এখন আমরা করতে চাচ্ছি না। আমাদের যেগুলো আছে, পরীক্ষা ইত্যাদি কীভাবে হবে, সেটা ঠিক সময়মতো যাতে হয় সেটা দেখার জন্য আলাদা আলাদা অ্যাফিলিয়েটেড বিশ্বদ্যিালয় আছে। এই বেসিসে আমরা এখন এটা করছি। তার মানে এই নয় যে, ভবিষ্যতে আমরা আর ব্যবস্থা করব না। সুযোগ-সুবিধা যখন আসবে তখন নিশ্চয়ই দেখব। ইউনিভার্সিটির নিজস্ব কলেজ অফ মেডিসিন যদি করা যায় সেটা আমরা করব। এখন আমরা সেই পর্যায়ে যাচ্ছি না। যখন আমরা করব তখন নিশ্চয়ই ইউ. জি. সি.-র থেকে গ্রান্ট চাইব এবং নিশ্চয়ই পাব। সুযোগ-সুবিধা এলে নিশ্চয়ই করার চেষ্টা করব। অ্যাকাডেমিক সাইডের জন্য তো ইন্সপেক্টর অফ কলেজ রয়েছেন। তিনি দেখেন, কলেজ ঠিকভাবে চলছে কিনা দেখেন। ভাইস-চ্যান্সেলর স্টাটুট, রেগুলেশান এইগুলো দেখেন, সময়মতো পরীক্ষা হচ্ছে কিনা, পরীক্ষা ঠিকভাবে হচ্ছে কিনা দেখেন। ইউনিভার্সিটি কলেজ অফ মেডিসিনে পোস্ট-গ্র্যাজুয়েট বা আন্ডার-গ্র্যাজুয়েট সেই কারণে এখনও পর্যন্ত নেই।

শ্রী গুরুপদ দত্ত : আমার অতিরিক্ত প্রশ্ন হল, রাজ্যে যে স্বাস্থ্য ব্যবস্থা আছে, সেটা উন্নত পর্যায়ে গেছে বলে বিশ্ববিদ্যালয় তৈরি হয়েছে। কিন্তু স্যার, এই রকম ভাবছেন কি যে আমাদের ভারতবর্ষের ক্ষেত্রে বা অন্যান্য ইউনিভার্সিটির ক্ষেত্রে বিশেষজ্ঞ প্রফেসরদের টাই-আপ করে বা মেধাসম্পন্ন ভিত্তিতে উন্নয়ন করে তা সংযুক্ত করার। সেখানে কোনো ঘাটতি আছে কিনা ? বিশেষজ্ঞ প্রফেসরদের ইউনিভার্সিটি বা মেডিক্যাল কলেজগুলোতে যুক্ত করার কোনো ভাবনা-চিন্তা আছে কিনা ? যদি অভাব থাকে তাহলে তো টাই-আপ করার প্রশ্ন আসে। আর যদি অভাব না থাকে, তাহলে তো টাই-আপ করার প্রশ্নই থাকে না।

ডাঃ সূর্যকান্ত মিশ্র : না, অন্যান্য ইউনিভার্সিটির সঙ্গে টাই-আপ করা যা বোঝায়, তা করি না। আমরা কতকগুলো উদ্যোগ গ্রহণ করেছি। আপনারা হয়তো জানেন, এটা পশ্চিমবঙ্গের ব্যাপার নয়। এফ. আর. সি. এস. পরীক্ষা এখানেই দিতে পারে, এর জন্য বিদেশে যেতে হয় না। কলকাতায় এফ. আর. সি. এস., এম. আর. সি. পি. ইত্যাদি পরীক্ষা দিতে পারবে। এই ব্যবস্থা এখন চালু হয়েছে। আরও কিছু কথাবার্তা চলছে। এখনও পর্যন্ত সেই ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত হয়নি। এগুলো বিভিন্ন দিক থেকে বিচার করে দেখতে হবে। টাই-আপ ইত্যাদির ব্যাপারে, পরিষেবার ব্যাপারে সার্ভিস সেক্টরে যেতে হবে। উদারীকরণ হচ্ছে, কিন্তু সব জায়গায় যে হচ্ছে তা নয়। এটা আমাদের বিচার করে দেখতে হবে। আমি একটি উদাহরণ দিচ্ছি—এফ. আর. সি. এস. পরীক্ষার জন্য এডিনবরা ইউনিভার্সিটিতে যেতে হবে না. এখানেই পরীক্ষা দিতে পারবে। সেই ব্যবস্থা এখানে হয়েছে।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার প্রশ্ন—একটা ইউনিভার্সিটির অটোনমাস ক্ষমতা থাকে, সেখানকার অ্যাডমিনিস্ট্রেশন চালাবার জন্য একটা প্রশাসনিক দিক থাকে এবং পরীক্ষা সংক্রান্ত ব্যাপারও থাকে। টোটাল যে পরিকাঠামো অর্থাৎ সিনেট করবার জন্য বা কোনো অ্যাকাডেমিক কাউন্সিল—এইসব পরিকাঠামো ইউনিভার্সিটিতে আছে কিনা ? এখানে ভাইস-চ্যান্সেলর, রেজিস্ট্রার, কন্ট্রোলার অফ একজামিনার থেকে আরম্ভ করে এইসব ব্যবস্থা আছে কিনা ? এর সঙ্গে কতগুলো কলেজ যুক্ত হয়েছে ? সেটা মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন।

ডাঃ সূর্যকান্ত মিশ্র : ইউনিভার্সিটিতে অটোনমাস প্রশাসন পুরোই রয়েছে। সরকার তার প্রতি খুবই শ্রদ্ধাশীল। ১ জানুয়ারি, ২০০৩-এ একটা নতুন ইউনিভার্সিটি চালু হয়। ফার্স্ট ভাইস-চ্যান্সেলরের কার্যকাল অতিক্রম হবার পর দ্বিতীয় ভাইস-চ্যান্সেলর সম্প্রতি কার্যভার গ্রহণ করেছেন। এখানে রেজিস্ট্রার আছেন, কন্ট্রোলার আছেন, ফিনান্স অফিসার আছেন, ডেপুটি রেজিস্ট্রার আছেন, ডেপুটি কন্ট্রোলার আছেন। এই সমস্ত পোস্ট কিছু ডেপুটেশনে কিছু ডিটেলমেন্টে দেওয়া আছে। এই সমস্ত পোস্ট স্যাংশন করাই আছে। ইন্সপেক্টর অফ কলেজ, অ্যাসিসট্যান্ট কন্ট্রোলার, অ্যাসিসট্যান্ট রেজিস্ট্রার এইসব পোস্টগুলো নতুন স্যাংশন দিয়েছি। ইউনিভার্সিটিকে বলেছি, 'নিজেদের লোক নিজেরাই নিয়োগ করুন।' প্রথম যখন ইউনিভার্সিটি হয়েছিল, তখন সমগ্রভাবে ডেপুটেশন বা ডিটেলমেন্ট দিতে হয়েছিল। এবারে বলেছি, নিজেরাই লোক নিয়োগ করুন।

[11.40—11.50 a.m.]

তাহলে ওদের পক্ষে আরও স্বধীনভাবে চালানোর সুবিধা হবে। আর আমাদের বাজেটে ওদের মাইনেপত্র ইত্যাদির জন্য কিছু বরাদ্দ থাকে। কিন্তু অ্যাকাডেমিক ব্যাপারে তারা চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়ার অধিকারী। সেখানে আমরা হস্তক্ষেপ করি না।

শ্রী শ্যামাপদ পাল : মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন—ফিজিওথেরাপির ক্ষেত্রে আপনার আলাদা কাউন্সিল গঠনের প্রস্তাব আছে কিনা ? আর প্যারা-মেডিক্যালের ক্ষেত্রে আলাদা কাউন্সিল গঠনের প্রস্তাব আছে কিনা ?

ডাঃ সূর্যকান্ত মিশ্র : হ্যাঁ, ফিজিওথেরাপি বা প্যারা-মেডিক্যাল এ নিয়ে আলাদা কাউন্সিল করার বিষয়টি আমাদের বিবেচনাধীন আছে। কিন্তু সমস্যা হচ্ছে, এখানে আমি হাউসকে মনে করিয়ে দিচ্ছি যে, মেডিক্যাল এডুকেশন আমাদের ভারতবর্ষের সংবিধান অনুযায়ী কংকারেন্ট লিস্ট—যুগ্ম তালিকাভুক্ত বিষয়। যুগ্ম তালিকাভুক্ত বিষয়ে রাজ্য সরকার যদি কোনো আইন প্রণয়ন করে তাহলে তার জন্য কেন্দ্রের অনুমোদন দরকার। সাধারণত কেন্দ্রীয় আইনবলে যে সমস্ত কাউন্সিলগুলো আছে, তার অধীনে দেশে যে সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানগুলো আছে, সেগুলো পরিচালিত হয়—যেমন, মেডিক্যাল

কাউন্সিল, নার্সিং কাউন্সিল, ফার্মাসি কাউন্সিল, আয়ুর্বেদিক কাউন্সিল এবং ইউনানি কাউন্সিল। আমরা নিজেরা আইন পাশ করে আকুপাংচার কাউন্সিল করেছিলাম। তা নিয়ে কেন্দ্র প্রশ্ন তুলেছে—এটা আপনারা কী করে করলেন ? আমরা বললাম, এটা করবার অধিকার আমাদের আছে। আমরা আইনসভায় পাশ করেছি। ফিজিওথেরাপি নিয়ে, প্যারা-মেডিক্যাল নিয়ে বা আর যে সমস্ত আছে, তা নিয়ে কাউন্সিল করার ব্যাপারে আইনগতভাবে কেন্দ্রের সঙ্গে আলাপ-আলোচনা করে আমাদের এগোতে হবে। সেজন্য বললাম, এটা আমাদের বিবেচনাধীন আছে। আমরা সবাইকে নিয়ে এগোতে চাই। আমরা কোনো জটিলতা চাই না।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : ফিজিওথেরাপির যে কোর্স এস. এস. কে. এম. হাসপাতালে চালু আছে, ওখানে ছাত্র-ছাত্রীরা দীর্ঘদিন ধরে একটা আন্দোলন চালাচ্ছিল। ছাত্র-ছাত্রীরা এম.বি.বি.এস.-এর সমান মর্যাদা দাবি করছিলেন। আগে এটা তিন বছরের কোর্স ছিল। পরে বাড়িয়ে সাড়ে চার বছর করা হয়েছে। আমি আপনার কাছে জানতে চাইছি, এই ব্যাপারে সরকারি সিদ্ধান্ত কী ? ছাত্ররা গতকাল আমার সঙ্গে দেখা করে গেছে। তারা জানতে চাইছে, এই ব্যাপারে সরকারি সিদ্ধান্ত কী ?

ডাঃ সূর্যকান্ত মিশ্র : এম.বি.বি.এস.-এর সমান মর্যাদা আমরা কাউকে দিতে পারি না। এম.বি.বি.এস. মেডিক্যাল কাউন্সিল অনুযায়ী একটা কোর্স। তার সমান মর্যাদা আমরা কাউকে দিতে পারি না। সেটা আমরা মেনে নিতে পারি না। ওরা আদালতে গিয়েছিলেন। আদালতে ওরা রায় পাননি। আমরা সেটা মেনে নিতে পারছি না। তবে কাউন্সিলের ব্যাপারে আমরা সহানুভূতিশীল—আমরা দেখছি কী করে কী করা যায়।

শ্রী বঙ্কিম ঘোষ : স্যার, মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন যে, কল্যাণী শহরে এম.সি.এ.-র ধাঁচে 'নুরুল হাসান'-এর নামে একটা মেডিক্যাল ইনস্টিটিউট হওয়ার কথা ছিল, তার অগ্রগতি কোন পর্যায়ে আছে, দয়া করে জানাবেন কি ?

ডাঃ সূর্যকান্ত মিশ্র : কল্যাণীতে মেডিক্যাল ইনস্টিটিউট সম্বন্ধে আপনি যেটা বললেন সেটা ঠিক। আমরা যথাশীঘ্র সম্ভব করবার চেষ্টা করছি। ওখানে আমরা জায়গাও দেখেছি। আমরা যথাশীঘ্র সম্ভব উদ্যোগ নিচ্ছি ওখানে কী করে একটা মেডিক্যাল কলেজ গড়ে তুলতে পারি। যেখানে আমাদের 'নুরুল হাসান'-এর নামে ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়েছিল, সেখানে আমাদের হাসপাতাল আছে। সেখানে কী করে একটা মেডিক্যাল কলেজ গড়ে তুলতে পারি, আমরা চেষ্টা করছি কী করে কী করতে পারি। প্রাথমিকভাবে হয়তো ডি. এন. বি., নার্সিং খুলব এবং তার পর পর্যায়ক্রমে মেডিক্যাল কলেজ করব—এটাই লক্ষ আছে। আমি আগেই বলেছি যে, এর পরে রাজ্যে প্রথমে আন্ডার-গ্র্যাজুয়েট মেডিক্যাল কলেজ হচ্ছে কল্যাণী।

ইস্কোর পুনর্গঠনে কেন্দ্রীয় প্রস্তাব

*১১। (অনুমোদিত প্রশ্ন নং *১১৩) **শ্রী কাশীনাথ মিশ্র** : শিল্প পুনর্গঠন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বর্ধমান জেলার বার্নপুরের ইস্কোর পুনর্গঠনের জন্য যোজনা কমিশন রাজ্য সরকারের নিকট কোনো প্রস্তাব পাঠিয়েছেন কি ?

শ্রী নিরুপম সেন :

না।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি ইস্কোর পুনরুজ্জীবন সম্বন্ধে রাজ্য সরকার কী কী চিন্তা-ভাবনা করেছেন, কী কী ব্যবস্থা নিয়েছেন ?

শ্রী নিরুপম সেন : আপনারা জানেন যে ইস্কোর পুনরুজ্জীবনের ব্যাপারে রাজ্য সরকার দীর্ঘদিন ধরে কেন্দ্রীয় সরকারের কাছে এই দাবি করে আসছিল যে, ইস্কোকে যেন কেন্দ্রীয় সরকার নিজে পুনরুজ্জীবন করার ব্যবস্থা করে এবং সেই মোতাবেক কেন্দ্রীয় সরকার পরবর্তীকালে সিদ্ধান্ত করে যে, ইস্কো কারখানাকে সেলের সঙ্গে সংযুক্তিকরণ ঘটিয়ে পুনরুজ্জীবন ঘটাবে। রাজ্য সরকারের পরামর্শ এবং দাবির ভিত্তিতে কেন্দ্রীয় সরকার এই পুনরুজ্জীবনের সিদ্ধান্ত করে।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় মন্ত্রী মহাশয়ের সেলের সঙ্গে সংযুক্তির কথা বললেন। ইস্কোর সার্বিক উন্নয়নের জন্য সেখানে সেই সময় যে সব শ্রমিক-কর্মচারী ছিলেন তাঁদের নিযুক্ত করা বা যাঁরা রিটায়ার হয়ে গেছেন, অবসর নিয়েছেন বা ভি. আর. এস. দিয়ে দেওয়া হয়েছে তাঁদের বাদ দিয়ে নতুন করে সেখানে লোক নিয়োগ থেকে আরম্ভ করে প্রোডাকশনের ক্যাপাসিটি বাড়ানোর জন্য কী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ?

শ্রী নিরুপম সেন : এ ব্যাপারে এখনও পর্যন্ত ওঁরা যেটা ঠিক করেছেন সেটা আপনাকে জানাই। ইস্কো একটা কর্পোরেট প্ল্যান করেছে। ২০০৫ সাল থেকে ২০১২ সালের মধ্যে তাঁরা ওখানে ইনভেস্টমেন্টের যে প্রস্তাব দিয়েছে তার পরিমাণ হচ্ছে ৮,০১৭ কোটি টাকা। ইস্কোর সামগ্রিক যে কর্পোরেট প্ল্যান তার মধ্যে ইতিমধ্যে ওঁরা স্থির করেছেন, ইস্কো কারখানার ইস্পাত উৎপাদনের ক্যাপাসিটি দুই মিলিয়ন টনে নিয়ে যাবেন এবং তার জন্য ওই কারখানায় ৪,৪২০ কোটি টাকা বিনিয়োগ করা হবে। এই মর্মে সিদ্ধান্ত করেছেন।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় মন্ত্রী মহাশয় ৮ হাজার কোটি টাকা এবং ৪ হাজার কোটি টাকা বিনিয়োগের কথা বললেন এবং ইস্পাত উৎপাদন বাড়াবার কথাও বললেন। এই টাকা ব্যয় করার জন্য সেল সেখানে যে উদ্যোগ নিয়েছে সেই অনুযায়ী আমাদের রাজ্য সরকার কী কী পরিকল্পনা নিয়েছে। সেলের সঙ্গে কি এ ব্যাপারে কথাবার্তা বলেছেন, তাদের ডাইরেকশন দিয়েছেন ?

শ্রী নিরুপম সেন : 'সেল'-কে ডাইরেকশন দেওয়ার দায়িত্ব রাজ্য সরকারের নয়। সেল সিদ্ধান্ত করেছে ইস্কো কারখানাকে সংযুক্তিকরণ করবে এবং তার পুনরুজ্জীবনের জন্য তারা একটা সামগ্রিক প্রকল্প গ্রহণ করেছে। একটা কথা বুঝতে হবে, ইস্কো শুধু বার্নপুর নিয়ে নয়। সেই প্রকল্পে আরও অনেক কয়লাখনি, ইত্যাদি আছে। সেই জন্য কর্পোরেট প্ল্যানে ৮ হাজার কোটি টাকার কথা বলা হলেও আমি যে ৪ হাজার কোটি টাকার কথা বললাম সেটা বার্নপুরে ইস্পাত উৎপাদনের জন্য বিনিয়োগ করা হবে। এ ক্ষেত্রে বলা দরকার যে, সেলের সঙ্গে যখন সংযুক্তিকরণের প্রশ্ন আসে তখন বি. আই. এফ. আর.-এ পুনরুজ্জীবনের কথা হয়। তখন ইস্কোর পুনরুজ্জীবনের জন্য ওরা রাজ্য সরকারের কাছে কনসেশন চেয়েছিল এবং সেই কনসেশন দিতে রাজ্য সরকার রাজি হয়েছিল ইস্কোর পুনরুজ্জীবনের জন্য। পরবর্তীকালে সেল এটা গ্রহণ করে এবং সেলও দাবি করে কনসেশনগুলো বজায় রাখতে হবে, না হলে তাদের পক্ষে এটা নেওয়া অসম্ভব হবে।

[11.50—12.00 Noon]

রাজ্য সরকার তাতে রাজি হয় এবং তাতে প্রায় রাজ্য সরকার সাড়ে ৪ হাজার কোটি টাকার সাহায্য ছাড় পাবে। এই সাহায্য বিভিন্ন ধরনের কনসেশনের মধ্যে দিয়ে দিচ্ছে, যাতে করে ইস্কোকে সফলভাবে করা সম্ভব হয়।

শ্রী পঙ্কজ ব্যানার্জী : মাননীয় মন্ত্রী বললেন যে, ইস্কো পুনর্গঠনের জন্য যোজনা কমিশনের কাছে রাজ্য সরকার কোনো প্রস্তাব পাঠাননি। কেন্দ্রীয় সরকার ইস্কো পুনর্গঠনের জন্য সেলের মাধ্যমে দুটি ফেজে—একটিতে ৮ হাজার কোটি টাকার রি-কনস্ট্রাকশন, রি-ভাইটালাইজেশন এবং রি-অর্গানাইজেশনের জন্য দেবেন এবং ৪ হাজার কোটি টাকা উৎপাদন বাড়ানোর জন্য পরিকল্পনা নিয়েছেন। আমাদের পশ্চিমবঙ্গে দুটো ইস্পাত কারখানা আছে যথা দুর্গাপুরে একটি ইস্পাত কারখানা এবং আর একটি বার্নপুর ইস্পাত কারখানা। এ ক্ষেত্রে বেসরকারি কোনো কোনো প্রতিষ্ঠান পশ্চিমবঙ্গে নতুন ইস্পাত কারখানা তৈরি করার জন্য সরকারের কাছে কোনো পরিকল্পনা পেশ করেছে কিনা এবং পরিকল্পনা পেশ করে থাকলে কোন কোন কোম্পানি এই প্রস্তাব পেশ করার ইচ্ছা প্রকাশ করেছে এবং কত পরিমাণ জায়গা তারা চেয়েছে, কত টাকা বিনিয়োগ করবে—এইসব কিছু তাদের প্রস্তাবে উল্লেখ করা আছে কিনা, যদি থাকে তাহলে রাজ্য সরকার সেই পরিপ্রেক্ষিতে কোনো ব্যবস্থা বা পদক্ষেপ নিচ্ছেন কিনা এবং পাইপ লাইন আছে কিনা নাকি সবটাই নাকোচ করে দিয়েছেন সেটা জানাবেন কি ?

শ্রী নিরুপম সেন : আপনি প্রশ্নটি শিল্প বাণিজ্য দপ্তরের কাছে পাঠান, ওই দপ্তরের পক্ষ থেকেই আপনি উত্তর পেয়ে যাবেন। আর এটা ইস্কো পুনর্গঠনের বিষয়, সুতরাং এই বিষয়টি শিল্প পুনর্গঠন দপ্তরের অধীনে, কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি দপ্তরের অধীনে নয়। আপনি প্রশ্ন করেছেন নতুন শিল্প স্থাপনের বিষয়ে।

শ্রী পঙ্কজ ব্যানার্জী : নতুন ইস্পাত কারখানা করার বিষয়টি সরকারি তরফে আছে কিনা কিংবা বেসরকারি তরফে আছে কিনা এই প্রশ্নটি ভেরি ম্যাচ রেলিভ্যান্ট এই প্রশ্নের সঙ্গে।

শ্রী নিরুপম সেন : আপনি প্রশ্নটি কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি দপ্তরকে করুন, উত্তর পেয়ে যাবেন।

শ্রী পঙ্কজ ব্যানার্জী : ইস্কোকে নতুন করে সেলের মাধ্যমে পুনর্গঠন করার জন্য প্রস্তাব উঠেছে, সেখানে রাজ্য সরকার কোনো ইস্পাত কারখানা করবে কিনা বা বেসরকারি সংস্থার মাধ্যমে করার প্রস্তাব আছে কিনা এই প্রশ্ন এখানে আসতে পারে না। এই প্রশ্নটি শিল্প পুনর্গঠন দপ্তরের মন্ত্রী হিসাবে এখানে তার উত্তর দিতে পারি না, এই বিষয়ে আপনি আলাদাভাবে প্রশ্ন করবেন উত্তর দেব।

শ্রী সৌগত রায় : ইস্কো পুনর্গঠন সম্পর্কে মাননীয় মন্ত্রী কিছু জবাব দিয়েছেন। এই ইস্কো পুনর্গঠন এবং আধুনিকীকরণের ব্যাপারে একটা দীর্ঘ ইতিহাস আছে। নব্বইয়ের দশকে কেন্দ্রীয় সরকার মুকুন্দ স্টিলের মাধ্যমে ইস্কোর পুনর্গঠনের এবং আধুনিকীকরণের কথা বলেছিলেন। সেই সময়ে বামপন্থীরা এবং ট্রেড ইউনিয়ন বাধা দেওয়ায় সেটা হয়নি। তারপরের থেকে দীর্ঘ দিন ইস্কো আধুনিকীকরণের ব্যাপারটা ঝুলে ছিল। সেলের অবস্থা ভালো হওয়ায় এবং চিনের অলিম্পিকে ইস্পাত রপ্তানি করায় রাজ্য সরকার তখন রাজি হয় এবং ইউ পি এ সরকারকে দাবি জানায় ওর পুনর্গঠনের ব্যাপারে। তখন রামবিলাশ পাশোয়ান ওটা নিয়ে নেবার সিদ্ধান্ত গ্রহণ করেছিলেন। ইস্কোর দুটি ইউনিট—একটি বার্নপুর স্টিল ফ্যাক্টরী এবং আর একটি কুলটিতে ফাউন্ড্রি, যেটা এশিয়ার মধ্যে সবচেয়ে পুরনো ফাউন্ড্রি—১৮৭৬ সালে প্রতিষ্ঠিত হয়েছিল। এই কুলটির ফাউন্ড্রি ছাড়াও চাষনালাতে ইস্কোর কয়লাখনি আছে, ক্যাপটিভ কোল মাইন্স। আপনারা যে পরিকল্পনার কথা বলেছেন ৮ হাজার টাকার এবং ৪ হাজার টাকার—এতে কি কুলটি মর্ডানাইজেশান বা রি-ওপেনিং করার কোনো পরিকল্পনা আছে কিনা। আর চাষনালাতে যে ইস্কোর অনেকগুলো কয়লাখনি আছে সেটাও আধুনিকীকরণের কোনো প্রস্তাব আছে কিনা নাকি শুধুমাত্র বার্ণপুরে অবস্থিত স্টিল ফ্যাক্টরীর আধুনিকীকরণের কথা চিন্তা-ভাবনা করছেন ?

শ্রী নিরুপম সেন : কুলটির পুনর্গঠনের কথা ইস্কোর প্রকল্পের মধ্যে নেই—এই হচ্ছে প্রথম কথা এবং দ্বিতীয় হচ্ছে আমাদের রাজ্যে অনেক কয়লাখনি আছে, তার মধ্যে ইস্কোতেও অনেক কয়লা খনি আছে এবং সেই সমগ্র খনিও এই পুনরুজ্জীবন প্রকল্পের আওতার মধ্যে আছে। তার মধ্যে আমাদের রাজ্যে যেটুকু খনি ইস্কোর আছে রামনগর ইত্যাদি জায়গায় সেখানে একটা দেড় হাজার কোটি টাকার বিনিয়োগের প্রকল্প আছে।

সামাজিক সুরক্ষা প্রকল্প

*১২। (অনুমোদিত প্রশ্ন নং *৯৬) **শ্রী জানে আলম মিঞা** : শিল্প পুনর্গঠন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, আগাম অবসর নেওয়া কর্মীদের জন্য সামাজিক সুরক্ষা প্রকল্প গ্রহণ করা হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, প্রকল্পটির রূপরেখা কীরূপ ?

শ্রী নিরুপম সেন :

(ক) হ্যাঁ।

(খ) এই প্রকল্পটির মূল উপাদান হল :

(ক) রাজ্য সরকারের আওতাভুক্ত রাষ্ট্রায়ত্ত উদ্যোগগুলিতে পুনর্গঠন কর্মসূচি বাস্তবায়নের ফলে কর্মচ্যুত শ্রমিক-কর্মচারী অথবা তাঁদের পরিবারভুক্ত মনোনীত অন্য নির্ভরশীল ব্যক্তিদের বর্তমান শ্রমের বাজারে নিজেদের উপযোগী করে তোলার লক্ষ্যে প্রয়োজনীয় প্রশিক্ষণ ও পরামর্শ প্রদান ;

(খ) সংশ্লিষ্ট কর্মচ্যুত শ্রমিক-কর্মচারীদের নিজের ও তাদের স্বামী / স্ত্রী-র জন্য চিকিৎসা ও দুর্ঘটনা / অক্ষমতা বিমার ব্যবস্থা ;

(গ) বর্তমান শ্রমের বাজারে নিজেকে সচল রাখার মানসিকতা ও আত্মবিশ্বাস অর্জন করার প্রশ্নে শ্রমিক-কর্মচারীদের নিরন্তর উৎসাহ প্রদান ;

(ঘ) কর্মচ্যুতি-পরবর্তী পর্যায়ে কর্মচ্যুত শ্রমিক-কর্মচারী অথবা তাদের মনোনীত পরিবারের নির্ভরশীল অন্য সদস্যদের অর্থোপার্জনের পথ সুগম করার লক্ষ্যে বিভিন্ন বেসরকারি সংস্থা, সরকারি সংস্থা ও স্বেচ্ছাসেবী সংস্থার সঙ্গে নিরন্তর যোগাযোগ রক্ষা করা।

শ্রী জানে আলম মিঞা : মাননীয় মন্ত্রিমহোদয়ের কাছে অতিরিক্ত প্রশ্ন, রাজ্য সরকারের আওতাভুক্ত রাষ্ট্রায়ত্ত উদ্যোগগুলিতে পুনর্গঠন কর্মসূচি বাস্তবায়নের ফলে কর্মচ্যুত শ্রমিক-কর্মচারীর সংখ্যা কত এবং কতজন পরিবারের মধ্যে একজনকে প্রশিক্ষণ দেওয়ার জন্য সিদ্ধান্ত নেওয়া হয়েছে অনুগ্রহ করে জানাবেন।

শ্রী নিরুপম সেন : ৩১ জানুয়ারি, ২০০৬ পর্যন্ত আমি আপনাকে যে হিসাবটা দিচ্ছি তা হল, এখানে যেসকল কর্মচারী আর্লি রিটায়ারমেন্ট নিয়েছেন বা আগাম অবসর নিয়েছেন তার সংখ্যা হচ্ছে ৩ হাজার ৪৯৭। এই আগাম অবসর যাঁরা নিয়েছেন তাঁদের মধ্যে পুরুষ হচ্ছে ৫৯৪ জন এবং মহিলা হচ্ছে ৬০ জন। এই ট্রেনিং-এ যাঁরা এনরোল্ড হয়েছেন তাঁদের কথা বলছি। ট্রেনিং-এ এনরোল্ড যাঁরা হয়েছেন তাঁদের সংখ্যা হচ্ছে ৬৫৪, এঁরা হচ্ছেন এমপ্লয়ি, তাঁদের নমিনি যাঁরা ট্রেনিং নিচ্ছেন তাঁদের সংখ্যা হচ্ছে ৪৮১। মোট ১১৩৫ জন যাঁরা এই ট্রেনিং-এর আওতায় এসেছেন এবং তাঁরা ট্রেনিং নিচ্ছেন অথবা নিজেদের পরিবারের একজনকে ট্রেনিং-এর জন্য পাঠিয়েছেন।

শ্রী জানে আলম মিঞা : অতিরিক্ত প্রশ্ন, এই যে সামাজিক সুরক্ষা প্রকল্প, এই প্রকল্পের জন্য বর্তমান বছর এবং আগামী বছরের জন্য কত অর্থ বরাদ্দ করা হয়েছে অনুগ্রহ করে জানাবেন।

শ্রী নিরুপম সেন : এর জন্য তো আমাদের একটা অর্থ বরাদ্দ করাই আছে। কারণ এটা নির্ভর করছে এই যে যাঁরা ট্রেনিং নিচ্ছেন তাঁরা যাঁরা চাইছেন ট্রেনিং নেবেন। প্রত্যেককে ট্রেনিং-এর জন্য যে ইনস্টিটিউটে ট্রেনিং দেওয়া হবে তাঁদের জন্য ৫ হাজার টাকা করে সেখানে দিতে হবে। আর হচ্ছে যতদিন ট্রেনিং চলবে প্রত্যেক ট্রেনিকে প্রত্যহ তাঁদের খরচের জন্য ৩০ টাকা করে দেওয়া হবে। যতজন ট্রেনিং নেবে ততজনকে আমাদের দিতে হবে। সুতরাং এ ক্ষেত্রে নির্ভর করছে কত ট্রেনিং নিচ্ছে তার উপর। এটার উপরই আমরা নির্ভর করি।

শ্রী জানে আলম মিঞা : আমার শেষ প্রশ্ন, আপনি বলেছেন যে, অর্থ উপার্জনের পথ সুগম করার লক্ষ্যে বিভিন্ন বেসরকারি, সরকারি এবং স্বেচ্ছাসেবী সংস্থার সঙ্গে নিরন্তর যোগাযোগ রক্ষা করা হবে। এই যোগাযোগ কীভাবে রক্ষা করা হবে অনুগ্রহ করে জানাবেন।

শ্রী নিরুপম সেন : যারা ট্রেনিং নিচ্ছে তাদেরকে আমরা চাই কোনো না কোনোভাবে কাজে যুক্ত করা, যাতে তারা অর্থ উপার্জন করতে পারে এবং সেই উদ্দেশ্যে এদেরকে ট্রেনিং দেওয়া হয়। আমাদের যেসব ট্রেনিং ইনস্টিটিউটের সঙ্গে আমরা কথা বলেছি তাদেরকে এ কথাও বলেছি যে, ট্রেনিং-এর পর যদি তারা এই সমস্ত কর্মচারীদের কোনো না কোনোভাবে অর্থ উপার্জনের জন্য কাজে নিয়োগ করতে পারেন—

[12.00—12.10 p.m.]

তার জন্য তাদের আলাদা একটা উৎসাহ ভাতা বা ইনসেনটিভ দেওয়া হয় এবং সেই মোতাবেকে এই ট্রেনিং দিয়ে তাঁদের বিভিন্ন কাজে নিযুক্ত করার ব্যবস্থা করা হয়। এ পর্যন্ত আমাদের কাছে যা হিসেব আছে তাতে যতজনকে আমরা ট্রেনিং-এর আওতার মধ্যে এনেছি, তাদের মধ্যে ৩৫৯ জন তারা বিভিন্ন ধরনের কাজে ইতিমধ্যেই নিযুক্ত হয়েছে।

Starred Questions
(to which answers were laid on the 'Table')

এইডস্ আক্রান্ত রোগীর সংখ্যা

*১৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৪) **শ্রী কমল মুখার্জী** : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে 'এইডস্' আক্রান্ত রোগীর সংখ্যা ক্রমবর্ধমান ;

(খ) সত্যি হলে, উক্ত রোগ প্রতিরোধের জন্য সরকার কী কী পরিকল্পনা গ্রহণ করেছেন ; এবং

(গ) উক্ত রোগ প্রতিরোধের জন্য কেন্দ্রীয় সরকার ২০০৩-২০০৪ ও ২০০৪-২০০৫ আর্থিক বছরে কত পরিমাণ অর্থ সাহায্য করেছেন ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ।

(খ) জাতীয় এইডস্ নিয়ন্ত্রণ কর্মসূচি অনুযায়ী রাজ্যে নিম্নলিখিত ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

১) রাজ্যে মোট ৩৩টি ভলান্টারি কাউন্সিলিং ও রক্ত পরীক্ষা কেন্দ্র আছে, সব মেডিক্যাল কলেজ হাসপাতাল, জেলা হাসপাতাল ও হলদিয়া, দুর্গাপুর, আসানসোল মহকুমা হাসপাতাল। এখানে এইচ আই ভি টেস্ট করা হয় এবং ২-৩ ঘণ্টার মধ্যে রিপোর্ট দেওয়া হয়।

২) গর্ভবতী মায়ের থেকে বাচ্চার শরীরে এইচ আই ভি সংক্রমণ প্রতিরোধ করার ব্যবস্থা আছে। রাজ্যে মোট ১০টি কেন্দ্র, সব মেডিক্যাল কলেজ হাসপাতাল ও লেডি ডাফরিন হাসপাতাল।

৩) অত্যন্ত ঝুঁকিপূর্ণ জীবনযাপন করেন এমন মহিলা ও পুরুষদের মধ্যে সচেতনতা ও এইচ আই ভি সংক্রমণ কমানো ও অন্যদের সংক্রমণ থেকে রক্ষা করার কর্মসূচি অনুযায়ী কাজ হয়। যেমন : যৌনকর্মী, সূচের মাধ্যমে ড্রাগ গ্রহণকারী।

৪) যৌন রোগ—রাজ্যে ৫৭টি যৌন রোগীর চিকিৎসা কেন্দ্র আছে। যেমন : সব মেডিক্যাল কলেজ হাসপাতাল, জেলা হাসপাতাল ও কিছু মহকুমা হাসপাতাল। যৌন রোগীদের মধ্যে এইচ আই ভি সংক্রমণের সম্ভাবনা অনেক বেশি।

৫) সমস্ত ব্লাড ব্যাংক-এ রক্ত পরীক্ষার ব্যবস্থা আছে, এইচ আই ভি পরীক্ষা না করে কোনো রক্ত সরবরাহ করা হয় না।

৬) এইডস্ রোগীদের চিকিৎসা কেন্দ্র স্কুল অফ ট্রপিক্যাল হাসপাতাল এবং আরও ৩টি কেন্দ্র খোলা হয়েছে—মেদিনীপুর, বর্ধমান ও উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজ হাসপাতাল।

৭) সব মেডিক্যাল কলেজ হাসপাতাল, জেলা হাসপাতাল ও কিছু মহকুমা হাসপাতালে জরুরি বিভাগে পোস্ট এক্সপোজার প্রোফাইলেক্সিস্ মেডিসিন পাওয়া যায়।

৮) এইচ আই ভি / এইডস্ সম্পর্কে সমাজের সর্বস্তরের জনগণকে সচেতন করা, এ সম্বন্ধে আতঙ্ক দূর করা এবং সংক্রমণ থেকে নিজেকে রক্ষা করা এবং আক্রান্ত লোককে অবহেলা না করার কর্মসূচি আছে। এর মাধ্যম হল 'বুলাদি', দূরভাষ, দূরদর্শন, আলোচনাসভা, দেওয়াল লিখন, নাটক, গান ইত্যাদি তা ছাড়া পক্ষকালব্যাপী পরিবার স্বাস্থ্য সচেতনতা অভিযান।

৯) এইচ আই ভি / এইডস্ রোগীদের যত্ন ও সহযোগিতার ব্যবস্থা করা—যেমন হাসপাতালে চিকিৎসা ব্যবস্থা, সমাজে আশ্রয়স্থল, পরিবার প্রতিবেশীদের কাউন্সিলিং করা।

১০) যক্ষ্মা-এইচ আই ভি / এইডস্ কর্মসূচির সমন্বয়—

উদ্দেশ্য :

(ক) এইচ আই ভি / এইডস্ আক্রান্ত লোকের যক্ষ্মার সংক্রমণ কমানো।

(খ) যক্ষ্মা রোগীদের মধ্যে এইচ আই ভি / এইডস্ সংক্রমণ কমানো।

১১) প্রশিক্ষণ—স্বাস্থ্যকর্মী ও অন্যান্যদের প্রশিক্ষণের ব্যবস্থা।

১২) নিরোধ ব্যবহারের ব্যাপক প্রচার ও বিনামূল্যে কন্ডোম বিতরণ সব মেডিক্যাল কলেজ হাসপাতাল, জেলা হাসপাতাল, মহকুমা হাসপাতালে, গ্রামীণ হাসপাতাল ও সমস্ত স্বাস্থ্যকেন্দ্রে পাওয়া যায়। এছাড়া কলকাতার বিভিন্ন স্থানে কন্ডোম ভেন্ডিং মেসিন বসানো হয়েছে।

(গ) ২০০৩-২০০৪— ১২,০০,০০,০০০ টাকা ও
২০০৪-২০০৫— ২০,২৮,০০,০০০ টাকা।

এস. জি. এস. ওয়াই. প্রকল্পে স্বয়ম্ভর গোষ্ঠীর সংখ্যা

*১৪। (অনুমোদিত প্রশ্ন নং *২১১) **শ্রী সামসুল ইসলাম মোল্লা** : পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১.১২.২০০৫ পর্যন্ত রাজ্যে এস. জি. এস. ওয়াই প্রকল্পে স্বয়ম্ভর গোষ্ঠীর সংখ্যা কত ;

(খ) উক্ত সময়ে গোষ্ঠীগুলির আমানতের পরিমাণ কত ; এবং

(গ) রাজ্যের স্বয়ম্ভর গোষ্ঠীগুলিকে নিয়ে এ পর্যন্ত কতগুলি ক্লাস্টার ও ফেডারেশন তৈরি হয়েছে ?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ৩১.১২.২০০৫ পর্যন্ত রাজ্যে এস. জি. এস. ওয়াই প্রকল্পে স্বয়ম্ভর গোষ্ঠীর সংখ্যা ১,৪১,৮৯১টি।

(খ) উক্ত প্রকল্পে এই সময়ের মধ্যে ১,২৮,৮৩১টি স্বয়ম্ভর গোষ্ঠীর মোট আমানতের মোট পরিমাণ ৬৩,৬৩,৩৭,০০০ টাকা।

(গ) রাজ্যের স্বয়ম্ভর গোষ্ঠীগুলিকে নিয়ে এ পর্যন্ত মোট ১৫৭টি ক্লাস্টার এবং মোট ১৪টি ফেডারেশন তৈরি হয়েছে।

অনাবাসী ভারতীয় কর্তৃক শিল্প স্থাপন

*১৫। (অনুমোদিত প্রশ্ন নং *২৭৭) শ্রী সুব্রত বক্সী : শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০০৪-২০০৫ আর্থিক বছর থেকে ২০০৫-২০০৬ আর্থিক বছরের ৩১.১২.২০০৫ পর্যন্ত সময়কালে মোট কতজন অনাবাসী ভারতীয় রাজ্যে নতুন শিল্প স্থাপনের প্রস্তাব সরকারকে দিয়েছেন ; এবং

(খ) উক্ত সময়ের মধ্যে কতজন অনাবাসী ভারতীয় শিল্প স্থাপনের কাজ শুরু করেছেন ?

শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) উক্ত সময়কালে কোনো অনাবাসী ভারতীয় এই রাজ্যে নতুন শিল্প স্থাপনের কোনো সুসংহত প্রস্তাব দেননি ;

(খ) ওই সময়কালে তিনজন অনাবাসী ভারতীয় তাদের চলতি প্রকল্পের প্রসারণে প্রায় ৩০ কোটি ৪ লক্ষ টাকা লগ্নি করেছে।

মাশরুম চাষ

*১৬। (অনুমোদিত প্রশ্ন নং *২৫৯) শ্রী রামপদ সামন্ত : খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যান পালন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, মাশরুম চাষকে জনপ্রিয় করতে সরকার বিশেষ উদ্যোগ গ্রহণ করেছেন ; এবং

(খ) সত্যি হলে, উদ্যোগগুলি কী কী ?

খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যান পালন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) সত্য।

(খ) (১) খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যান পালন দপ্তরের অধীনে চুঁচুড়ায় মাশরুম ডেভেলপমেন্ট কেন্দ্র আছে। সেখানে উন্নতমানের বিভিন্ন প্রজাতির মাশরুম এবং তার স্পনও তৈরি করা হয়। ওই কেন্দ্রের মাধ্যমে ভারপ্রাপ্ত আধিকারিক দ্বারা মাশরুম চাষ এবং স্পন তৈরির প্রশিক্ষণ দেওয়া হয়। প্রতি সোমবার ওই আধিকারিক খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যান পালন দপ্তরের প্রধান কার্যালয় 'ময়ূখ ভবন, বিধাননগর'-এ উপস্থিত থাকেন এবং মাশরুম চাষের উদ্যোগীগণ তাঁর সাথে যোগাযোগ করে থাকেন।

(২) মাশরুম চাষের মাধ্যমে চাষি ভাইদের স্বাবলম্বী করার জন্য রামকৃষ্ণ বিবেকানন্দ মিশন, ব্যারাকপুর, উত্তর ২৪ পরগনায় একটি মাশরুম প্রশিক্ষণ ও স্পন তৈরি কেন্দ্র করা হয়েছে। এছাড়া এই দপ্তর বিবেকানন্দ ইনস্টিটিউট অব বায়ো টেকনোলজি, নিমপীঠ, দক্ষিণ ২৪ পরগনায় মাশরুম চাষের প্রশিক্ষণ দেওয়ার জন্য অর্থ মঞ্জুর করেছেন।

(৩) বিভিন্ন জেলায় চাষি ভাইদের যে একদিনের কৃষক প্রশিক্ষণ দেওয়া হয় সেখানেও চাষি ভাইদের প্রয়োজনে মাশরুম বিষয়ে জানানো হয়।

ফলতায় পর্যটন কেন্দ্র

*১৭। (অনুমোদিত প্রশ্ন নং *২৯৬) **শ্রী তমোনাশ ঘোষ** : পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, ফলতা বিধানসভা কেন্দ্রের অন্তর্গত কেল্লার পাশে একটি পর্যটন কেন্দ্র গড়ে তোলার পরিকল্পনা সরকার গ্রহণ করেছেন ; এবং

(খ) সত্যি হলে, উক্ত পরিকল্পনাটির রূপরেখা কীরূপ ?

পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

নবদ্বীপে বিশেষ পর্যটন কেন্দ্র

*১৮। (অনুমোদিত প্রশ্ন নং *৩০৩) **শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক** : পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, নবদ্বীপ শহরকে বিশেষ পর্যটন স্থান হিসাবে চিহ্নিত করার পরিকল্পনা সরকার গ্রহণ করেছেন ; এবং

(খ) সত্যি হলে, উক্ত পরিকল্পনার রূপরেখা কীরূপ ?

পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

ADJOURNMENT MOTION

Mr. Speaker : To-day, I have received seven notices of Adjournment Motions. The First one is from Shri Kashinath Misra, Shri Manturam Pakhira, Shri Kalipada Mondal and Shri Kallol Khan on the subject of reported clash between Maoists and police forces at Belpahari, Paschim Midnapore on 07-02-2006. The Second one is from Shri Asit Mitra, Shri Kamal Mukherjee and Shri Chitta Ranjan Roy on the subject of spurt in road accident in Kolkata. The Third one is from Shrimati Sonali Guha, Shri Jyotipriya Mallick, Shri Tamonash Ghosh and Shri Arup Bhadra on the subject of spurt in anti-social activities in the State. The Fourth one is from Shri Saugata Roy, the Fifth one is from Shri Gobinda Chandra Naskar and the Seventh one is from Shrimati Manju Basu on the same subject of reported death of one Sibrani Sarkar from road accident at B.B.D. Bag, Kolkata on 07-02-2006. And the Sixth one is from Shri Ashok Kumar Deb on the subject of reported bus dacoity at Bhatar, Burdwan on 07-02-2006.

The subject matters of all the motions are not such that may call for adjournment of the business of the House. Members will get ample scope to raise the matters during Discussion on Governor's Address which is going on. Besides, the Members may invite attention of the concerned Ministers through Calling Attention, Mention, Question, etc.

I, therefore, withhold my consent to all the Motions.

One Member of the party may, however, read the text of the motion as amended.

শ্রীমতী সোনালী গুহ : জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতবি রাখছেন। বিষয়টি হল—

রাজ্যে একের পর এক হত্যা এবং অপহরণের ঘটনায় আতঙ্কিত বাংলার মানুষ সোমবার রাতে ধানতলায় একজন টি এম সি কর্মীকে শাসকদলের লোকেরা মারাত্মক জখম করেন। শিলিগুড়িতে রহস্যজনকভাবে নিখোঁজ স্বর্ণব্যবসায়ী সুজয় পালের মৃতদেহ তাঁর বাড়ির কাছেই উদ্ধার হয়। বর্ধমানের ভাতারে কনেযাত্রীর গাড়িতে ডাকাতি ও মহিলাদের শ্লীলতাহানি করা হয়েছে। আবার মঙ্গলবার সকালে কালীঘাটে হরিশ চ্যাটার্জী স্ট্রিটে স্থানীয় এক ট্যাক্সিচালকের ক্ষতবিক্ষত দেহ দেখতে পাওয়া যায়। দীর্ঘক্ষণ প্রায় সকাল ৬টা থেকে ৮টা পর্যন্ত কালীঘাট থানায় ফোন করলেও কাউকে পাওয়া যায়নি। সকাল পৌনে নটা নাগাদ

পুলিশ এসে মৃতদেহটি শনাক্ত করে। দীর্ঘক্ষণ ধরে পশ্চিমবঙ্গের প্রধান বিরোধী দলনেত্রীর বাড়ির সামনে একটি মৃতদেহ পড়ে থাকা সত্ত্বেও পুলিশ তার যথাযোগ্য ভূমিকা পালন না করায় মানুষ ক্ষোভে ফেটে পড়েন। গড়িয়ায় টি এম সি নেতা হত্যা, ভাতারে মহিলাদের শ্লীলতাহানি সত্ত্বেও মুখ্যমন্ত্রী এখনও পর্যন্ত কোনো বিবৃতি দেননি। অবিলম্বে এই সামগ্রিক অব্যবস্থার বিরুদ্ধে মুখ্যমন্ত্রীর বিবৃতি দাবি করছি।

...(At this stage several TMC Members rose to speak)...

...(noise)...

...(At this stage TMC Members walked out of the Chamber)...

শ্রী অসিত মিত্র : জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এক সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতবি রাখছেন। বিষয়টি হল—

রাজ্যে ট্রাফিক আইন ক্রমাগত ভেঙে পড়েছে। গতকাল কলকাতার রাজভবনের সামনেই দুই মিনিবাসের রেষারেষির কারণে এক বৃদ্ধার মৃত্যু হয়েছে। এক মাসের মধ্যেই কলকাতায়

[12.00—12.10 p.m.]

দুর্ঘটনার বলি ৩৫ জন। কয়েক মাস আগে এক্সাইডের মোড়ে মর্মান্তিক পথ দুর্ঘটনায় এক তরুণীর মৃত্যু হয়। পুলিশের নাকের ডগায় ঘটে যাচ্ছে পথ দুর্ঘটনা। সোমবার বিকালে নোনাপুকুর ট্রাম ডিপোর সামনে বাস কন্ডাক্টর-এর মৃত্যু হয়। দিনের পর দিন পুলিশের উদাসীনতার কারণে পর পর নিরীহ মানুষের মৃত্যু ঘটছে। এর ফলেই জনরোষ বাড়ছে এবং গতকাল রাজভবনের অদূরে মিনিবাস পুড়ে ছাই হয়ে গেল। রাজ্য সরকারের অবিলম্বে এ বিষয়ে পদক্ষেপ নেওয়া উচিত, যাতে ভবিষ্যতে সাধারণ মানুষকে এই রকম দুর্ঘটনার শিকার না হতে হয়।

CALLING ATTENTION

Mr. Speaker : Today, I have received six notices of Calling Attention on the following subjects, namely :–

	Subject		Name
(i)	Reported murder of Uttam Adhikari and Asim Pain at Saguna under Kalyani P.S. on 7.2.06	:	Shri Kashinath Misra, Shri Manturam Pakhira, Shri Kalipada Mandal & Shri Kallol Khan
(ii)	Steps Taken by the State Government to reopen the Dunlop Rubber Industries at Sahaganj, Hooghly	:	Shri Asit Mitra, Shri Abdul Mannan & Shri Kamal Mukherjee

	Subject		Name
(iii)	Decision of the State Government regarding Tantuja and Tantushree	:	Shri Sobhan Deb Chattopadhyay
(iv)	Reported murder of Shri Sachin Mukherjee, Vice-President of West Bengal Trinamool Congress *at Garia under Sonarpur* P.S. on 5.2.06	:	Shri Gobinda Chandra Naskar

This is already admitted. The reply is due on 16th February, 2006

(v)	Steps taken by the Government to prevent militant activities at Berhampore, Murshidabad	:	Shri Ashutosh Mukhopadhyay, Shri Jane Alam Mian, Shri Abu Ayes Mondal, Shri Ranjit Kundu & Shri Md. Yakub
(vi)	Urge for upgradation of three Junior High Schools at Tehatta, Nadia	:	Shri Kamalendu Sanyal

I have selected the notice of Shri Asit Mitra, Shri Abdul Mannan and Shri Kamal Mukherjee on the subject of steps taken by the State Government to reopen the Dunlop Rubber Industries at Sahaganj, Hooghly.

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

Shri Prabodh Chandra Sinha : Sir, the statement will be made on 15th February, 2006

PRESENTATION OF THE COMMITTEE REPORT

Presentation of the Fortieth Report of the Committee on Public Accounts (2005-2006)

The Chairman (**Shri Saugata Roy**) : Sir, I beg to present the Fortieth Report of the Committee on Public Accounts (2005-2006) on para 4.5.1 of the Report of the Comptroller & Auditor General of India for the year 2002-2003 (Civil) relating to the School Education Department.

Presentation of the Forty-first Report of the Committee on Public Accounts (2005-2006)

The Chairman (**Shri Saugata Roy**) : Sir, I beg to present the Forty-first Report of the Committee on Public Accounts (2005-2006) on para 5.1.1 of the Report of the Comptroller & Auditor General of India for the year 2002-2003 (Civil) relating to the Health and Family Welfare Department on Internal Audit System.

Presentation of the Forty-second Report of the Committee on Public Accounts (2005-2006)

The Chairman (**Shri Saugata Roy**) : Sir, I beg to present the Forty-second Report of the Committee on Public Accounts (2005-2006) on para 2.13 of the Report of the Comptroller & Auditor General of India for the year 1999-2000 (Civil), Vol. II relating to the Municipal Affairs Department on Howrah Municipal Corporation.

Presentation of the Forty-third Report of the Committee on Public Accounts (2005-2006)

The Chairman (**Shri Saugata Roy**) : Sir, I beg to present the Forty-third Report of the Committee on Public Accounts (2005-2006) on para nos. 4.51 and 4.5.2 of the Report of the Comptroller & Auditor General of India for the year 2003-2004 (Civil) relating to the Higher Education Department on Jadavpur University.

Presentation of the Tenth Report of the Standing Committee on Home, Personnel and Administrative Reforms, Jails and Judicial (2005-2006)

Shri Sobhandev Chattopadhyay : Sir, with your permission, I beg to present the Tenth Report of the Standing Committee on Home, Personnel and Administrative Reforms, Jails and Judicial (2005-2006) on the conditions of police stations and police lock-ups in the State.

GOVERNMENT BUSINESS

LAYING OF ORDINANCES

The West Bengal Panchayat (Amendment) Ordinance, 2005

Dr. Surjya Kanta Mishra : Sir, I beg to lay the West Bengal Panchayat (Amendment) Ordinance, 2005 (West Bengal Ordinance No. VI of 2005) under Article 213(2)(a) of the Constitution of India.

The West Bengal Panchayat (Second Amendment) Ordinance, 2005

Dr. Surya Kanta Mishra : Sir, I beg to lay the West Bengal Panchayat (Second Amendment) Ordinance, 2005 (West Bengal Ordinance No. I of 2006) under Article 213(2)(a) of the Constitution of India.

RE-LAYING OF RULES

Amendments to the West Bengal Land Reforms and Tenancy Tribunal Rules, 1997

Shri Prabodh Chandra Sinha : Sir, with your permission, I beg to re-lay the Amendments to the West Bengal Land Reforms and Tenancy Tribunal Rules, 1997 published in the Kolkata Gazette, Extraordinary dated the 4th July, 2005 under Land and Land Reforms Department's Notification No. 3337-L.R. dated the 4th July, 2005.

MENTION

[12.10—12.20 p.m.]

শ্রীমতী শান্তা ছেত্রী : অনারেবল স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, দার্জিলিং পাহাড়ি অঞ্চলে এস. এস. এইচ প্রোজেক্টে কিছু মানুষ কনট্রাকচুয়াল বেসিসে কাজ করছে। ১৯৯৯ সাল থেকে পশ্চিমবঙ্গ সরকারের পঞ্চায়েত দপ্তরে যারা কনট্রাকচুয়াল বেসিসে কাজ করত এইরকম ১২শো জনকে রেগুলারাইজ করা হয়েছে। দুঃখের বিষয় আমাদের দার্জিলিং এলাকায় এস. এস. এইচ. ডি. পি-তে যাঁরা বিভিন্ন পদে কনট্রাকচুয়াল বেসিসে কাজ করতেন, তাঁদের এখনও রেগুলারাইজ করা হয়নি। তাই আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে অনুরোধ জানাচ্ছি তাঁদেরও অবিলম্বে রেগুলারাইজ করা হোক।

মিঃ ডেপুটি স্পীকার : আজ একটা পর্যন্ত মেনশন এবং জিরো আওয়ার চলবে।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করতে চাই। এই বিষয়টি ভূমি, ভূমি সংস্কার-সহ সেচ দপ্তরের সঙ্গে অঙ্গাঙ্গিভাবে যুক্ত। বাঁকুড়া একটি খরাপ্রবণ এলাকা। বাঁকুড়া এক নম্বর এবং দু নম্বর ব্লকের যেগুলো অসেচ এলাকা, যেমন—ছাতনা, শালতোড়া, গঙ্গাজলঘাঁটি, ইঁদপুরের কিয়দংশ, বড়জোরার কিয়দংশ, ওঁদার কিয়দংশ, এই অসেচ এলাকাগুলো থেকে সেচ কর নেওয়া হচ্ছে। আমি গত বিধানসভাতে এই বিষয়টা মুখ্যমন্ত্রীকে জানিয়েছিলাম। তিনি আমাকে বলেছিলেন, তাঁর কাছে একটি দরখাস্ত দিতে। সেই দরখাস্তও দেওয়া হয়েছে। আমি খবর নিয়ে জেনেছি যে, তিনি পার্শিয়াল মডিফিকেশনের জন্য বলেছেন এবং আইনটা সংশোধনের জন্য বলেছেন। আমি বলতে চাই যে, সেচ দপ্তর এই ব্যাপারটিতে তৎপর হোক এবং এই আইনটাকে সংশোধন করে পার্শিয়াল মডিফিকেশন করার ব্যবস্থা করুন।

শ্রী দীপক বেরা : (অনুপস্থিত)

শ্রী কল্লোল খান : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় পুলিশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। নদিয়া জেলার কল্যাণী রেল স্টেশনের ৫ কিলোমিটার দূরে সগুনা অঞ্চলে সকাল সাড়ে নটার সময়ে সি পি এম-এর গোষ্ঠী দ্বন্দ্বে দুজন খুন হয়েছেন। ১২টা বাড়ি ভাঙচুর করা হয়, আগুন লাগিয়ে দেওয়া হয়। পুলিশি নিষ্ক্রিয়তায় এই সমস্ত জিনিস সেখানে ঘটেছে। এই এলাকার শান্তিপ্রিয় মানুষ নিরাপত্তার অভাবে আতঙ্কিত। গতকাল সাড়ে নটার সময়ে কল্যাণীর সগুনা অঞ্চলে মানুষের কর্মব্যস্ততার মধ্যে হঠাৎ ৪০৭ ম্যাটাডোর ও মারুতি গাড়ি করে জনা তিরিশেক সি পি এম আশ্রিত কুখ্যত সমাজবিরোধী 'বন্ধুদল' ক্লাবের সামনে উত্তম অধিকারী নামে একজন সমাজবিরোধীর উপর গুলি ও বোমা নিয়ে আক্রমণ করে এবং তাকে খুন করে। এর পর উত্তম বাহিনীর দুষ্কৃতীরা ওই এলাকায় ব্যাপক বোমাবাজি শুরু করে এবং ১২ জন নিরপরাধ মানুষের বাড়িতে আগুন লাগিয়ে দেয়। এতে কল্যাণী ব্লকের সগুনা অঞ্চলের তৃণমূল কংগ্রেসের সভাপতি সুবল হালদারের বাড়িতেও আগুন লাগানো হয় এবং তার ফলে ব্যাপক গন্ডগোলের সৃষ্টি হয়। এরপর প্রতিপক্ষের আর এক দুষ্কৃতীও খুন হয়। বামফ্রন্ট সরকারের শান্তির মরূদ্যানে এইভাবে পুলিশি নিষ্ক্রিয়তায় সমাজবিরোধীদের দৌরাত্ম্য চলছে। ওই অঞ্চলের শান্তিপ্রিয় সাধারণ মানুষ আতঙ্কিত। মাননীয় পুলিশমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি, অবিলম্বে সগুনা অঞ্চলে শান্তি ফিরিয়ে আনুন।

শ্রী দীপক সরকার : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমার কোচবিহার জেলার ২ নম্বর ব্লকের একটা গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় কৃষিমন্ত্রী এবং মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার কোচবিহার জেলার ২ নম্বর ব্লকে প্রায় ১ লক্ষ হেক্টর জমিতে আলু চাষ হয়েছে। কিন্তু এই ২ নম্বর ব্লকের প্রচুর জমির আলুতে ধসা রোগ ধরেছে। ৭ দিনের মধ্যে প্রায় ৪০০০ হেক্টর জমির আলু এই রোগে ক্ষতিগ্রস্ত হয়েছে। এই ব্যাপারটি সম্পর্কে ইতিমধ্যেই মাননীয় কৃষিমন্ত্রীকে জানানো হয়েছে। তিনি কিছু কিছু ব্যবস্থা গ্রহণ করেছেন। কিন্তু আরও ব্যবস্থা নেওয়ার দরকার আছে। চাষিদের বিনামূল্যে ওষুধ স্প্রে

করার ব্যবস্থা করতে হবে। এই ব্যাপারে ব্যবস্থা নেওয়ার জন্য সরকার নির্দেশ পাঠিয়েছেন। কিন্তু জেলার দুজন আধিকারিক নেই। এখনই রাইটার্স থেকে ওখানে যাওয়া দরকার। চাষিরা ব্যাংক থেকে ঋণ নিয়ে চাষ করেছেন। তাই স্যার, এই চাষিদের ব্যাংক ঋণ মকুব এবং ক্ষতিগ্রস্ত কৃষকদের ক্ষতিপূরণের ব্যবস্থা গ্রহণের জন্য মাননীয় কৃষিমন্ত্রী এবং মাননীয় অর্থমন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি।

শ্রীমতী মঞ্জু বোস : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, সারা রাজ্যের শিক্ষাজগতে যে একটা নৈরাজ্য এবং অরাজকতা চলছে, তার একটা নজির সৃষ্টি হল গত দুদিন আছে। মাননীয় শিক্ষামন্ত্রী এখানে উপস্থিত নেই। কিন্তু আজকে এখানে ওঁনার থাকাটা অত্যন্ত জরুরি ছিল। স্যার, গত সোমবার চতুর্থ শ্রেণির বৃত্তি পরীক্ষার প্রথম দিন ছিল। প্রায় সাড়ে ৩,০০,০০০ ছাত্র-ছাত্রী এবারে বৃত্তি পরীক্ষায় বসেছে। কিন্তু এই কচিকাঁচা পড়ুয়া, যারা এই প্রথম নতুন শিক্ষাজগরে আলোয় প্রবেশ করল, তাদের উপর একটা বিরাট ধাক্কা এল। স্যার, সোমবার দুটি পরীক্ষা কেন্দ্র— কলকাতার স্কটিশ চার্চ কলেজ এবং মুর্শিদাবাদের জিয়াগঞ্জ আমাইপাড়া হাইস্কুলে তালা ঝুলছিল। এর ফলে পরীক্ষার্থীদের মানসিক চাপ বৃদ্ধি পায় এবং অভিভাবকরা বাধ্য হয়ে তালা ভাঙেন এবং ছাত্র-ছাত্রীরা পরীক্ষা দিতে বসে। স্যার, আমি এই ঘটনার তীব্র প্রতিবাদ জানাচ্ছি এবং পড়ুয়াদের যাতে শিক্ষাজগতের আলোয় সঠিকভাবে মাননীয় শিক্ষামন্ত্রী নিয়ে আসতে পারেন তার আবেদন জানাচ্ছি এবং এই ব্যর্থতার প্রতি ধিক্কার জানিয়ে, মাননীয় শিক্ষামন্ত্রীর পদত্যাগ দাবি করছি।

শ্রীমতী মাফুজা খাতুন : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী তথা মাননীয় মুখ্যমন্ত্রীর একটা গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, গতকাল ৭ ফেব্রুয়ারি কল্যাণীর সগুনায় উত্তম অধিকারী নামে ডি ওয়াই এফ আই-এর একজন কর্মীকে কংগ্রেস আশ্রিত দুষ্কৃতীরা খুন করেছেন এবং এই দুষ্কৃতীদের ছোঁড়া গুলি এবং বোমাতে অসীম পাইন নামে আর একজন ব্যক্তি খুন হয়েছেন। স্যার, নির্বাচনের প্রাক্কালে কংগ্রেস আশ্রিত অধুনা তৃণমূল আশ্রিত দুষ্কৃতীদের দ্বারা আমাদের রাজ্যের যে শান্তির পরিবেশ ছিল, শান্তির বাতাবরণ ছিল, সুস্থিত পরিবেশ ছিল, আইন-শৃঙ্খলার শাসন ছিল সেটা নষ্ট হতে বসেছে। এটাকে বিকৃত করবার জন্য এই সমাজবিরোধীরা সচেষ্ট হয়েছে। স্যার, এই উত্তম অধিকারী এবং অসীম পাইনের খুনীদের গ্রেপ্তার করে দৃষ্টান্তমূলক শাস্তি দেবার জন্য মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি।

শ্রী অসিত মিত্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, গত ২৯ বছর ধরে সরকারের ব্যর্থতার নজির যে দেখবেন, সেটা খুবই স্বাভাবিক। কিন্তু নরেনবাবু যা করেছেন, তার নজির ভূ-ভারতে কখনও ঘটেনি। তিনি এত অর্থ কেলেঙ্কারীর সঙ্গে নিজেকে জড়িয়ে ফেলছেন এবং এমন এমন ধরনের ঘটনা তিনি ঘটিয়ে ফেলছেন, যার নজির কোথাও পাবেন না। স্যার, রেশন কার্ডের ব্যাপারে বলতে গিয়ে প্রথমেই বলি যে, কেন্দ্রীয় সরকার বলছেন যে, ৮৫ লক্ষ ভুয়ো রেশন কার্ড আছে।

[12.20—12.30 p.m.]

রাজ্য সরকার বলেছেন তার থেকেও কম আছে। আমি পরিষ্কারভাবে জানতে চাই, রাজ্য সরকার এ বিষয়ে আমাদের বিবৃতি দিন। এই রেশন কার্ড যে কোনো সময় শুধু পি ডি এস থেকে,গণবন্টন ব্যবস্থা থেকে সামান্য কিছু খাবার পাওয়ার জন্যই নয়, এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে কার্ড করতে গেলে রেশন কার্ড দরকার হয়, ভোটার লিস্টে নাম তুলতে গেলেও রেশন কার্ড চাই। রেশন কার্ড পরিচয়পত্র। সেখানে ভুয়ো লোকদের রেশন কার্ড দিয়ে খাদ্য দপ্তর দুর্নীতি করেছে, অবিলম্বে এর তদন্ত হওয়া উচিত। এ ব্যাপারে আপনার মাধ্যমে রাজ্য সরকারের খাদ্যমন্ত্রীর বিবৃতি দাবি করছি।

শ্রী শেখ ইলিয়াস মহম্মদ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। সমাজের অগ্রগতির ক্ষেত্রে বিদ্যুতের গুরুত্ব অপরিসীম। রাজ্য সরকারের পলিসি হচ্ছে ২০০৭ সালের মধ্যে সারা রাজ্যে অবিদ্যুতায়িত মৌজাগুলোকে বিদ্যুতায়িত করা। এই লক্ষ্যমাত্রাকে সামনে রেখে রাজ্যের প্রতিটি জেলায় ৪টি কেন্দ্রীয় সংস্থা কাজ শুরু করেছে। আমার জেলা পূর্ব মেদিনীপুরে কেন্দ্রীয় সংস্থা ডি ভি সি বিদ্যুতায়নের কাজ শুরু করেছে। বিধায়কদের এলাকায় জনগণের প্রত্যাশার সঙ্গে সামঞ্জস্য রেখে বি ইউ পি ফান্ডে টাকা বরাদ্দ করা হয়। ডব্লু বি এস ই বি-র কনস্ট্রাকশন ডিভিশন তমলুকে বি ইউ পি ফান্ড থেকে বিদ্যুতায়নের জন্য অর্থ প্রদান করা সত্ত্বেও বিগত ৪ বছরে ৫৭ লক্ষ টাকা পড়ে আছে, কিন্তু কোনো মৌজায় বিদ্যুতায়নের জন্য কোনো খুঁটি পর্যন্ত পোঁতা হয়নি। এ ব্যাপারে তাঁরা বলেছেন যে, কনট্রাক্টর যতক্ষণ পর্যন্ত তাঁদের কর্মীদের পি এফ ফান্ডের ক্লিয়ারেন্স না করছেন ততক্ষণ পর্যন্ত বিদ্যুতায়ণের জন্য খুঁটি দেওয়া যাবে না। অবিলম্বে বি ইউ পি ফান্ডের অর্থ দিয়ে সেখানে ডব্লু বি এস ই বি যাতে বিদ্যুতায়ণের জন্য খুঁটি পোঁতা এবং বিদ্যুৎ সরবরাহের কাজ দ্রুত করেন তার জন্য আমি মাননীয় বিদ্যুৎমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীমতী সোনালী গুহ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি সাবজেক্টটা চেঞ্জ করছি। আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী তথা মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, সরকারের গুন্ডা যখন মেয়েদের শ্লীলতাহানির চেষ্টা করে, মানুষের টাকা ছিনতাই করে তখন তার বিচার কে করবে ? একটু আগে একজন মহিলা বিধায়ক বললেন, পশ্চিমবঙ্গ শান্তির মরূদ্যান। আমি একটি ঘটনার কথা বলছি—রবিবার রাত তখন সাড়ে ১২টা। আত্মীয়ের বাড়িতে নিমন্ত্রণ রক্ষা করে নিজেদের গাড়িতে চেপে বেহালার বাড়িতে ফিরছিলেন এক দম্পতি। চিত্তরঞ্জন অ্যাভিনিউয়ে পুলিশের অয়্যারলেস ভ্যান (উইলিয়াম জর্জ ১৯৩) থেকে নেমে সাব-ইন্সপেক্টর অনুপ লাকড়া ওই গাড়িতে লিফ্ট চান। উর্দিধারী পুলিশ দেখে আপত্তি করেননি ওই দম্পতি। কোনও সন্দেহ তাঁদের মনে জাগেনি। তখনও তাঁরা বোঝেননি, পুলিশের পোশাকে কোনো দুষ্কৃতী নয়, একজন পুলিশ কর্মীকেই দেখা যাবে দুষ্কৃতীর ভূমিকায়। অনুপ লাকড়া ওই দম্পতির গাড়িতে উঠে তাঁদেরকে বলেন, ''আপনারা স্বামী-স্ত্রী কিনা সেটা আপনাদের প্রমাণ দিতে হবে।'' ঐ দম্পতি প্রমাণ না দিতে পারায় ধর্মতলার মোড়ের কাছে

একটি সংবাদপত্রের অফিসের সামনে তাঁদের গাড়ি থামিয়ে রিভলবার দেখিয়ে পাঁচ হাজার টাকা দাবি করেন অনুপ লাকড়া। ওই দম্পতির কাছে ৫ হাজার টাকা না পেয়ে ঐ দম্পতির কাছ থেকে দেড় হাজার টাকা কেড়ে নিয়ে সে গাড়ির মালিককে নামিয়ে তাঁর স্ত্রীর শ্লীলতাহানির চেষ্টা করে। আপনারা এই লজ্জা রাখবেন কোথায় জানি না ! আমরা হাউস থেকে ওয়াক-আউট করে মাননীয় মুখ্যমন্ত্রীর বিবৃতি চেয়েছি। আপনারা মানুষকে ধোঁকা দেওয়ার চেষ্টা করছেন। ওই দুষ্কৃতীকে সাসপেন্ড করা হয়েছে। আমরা চাই তাকে এমন কঠোর শাস্তি দেওয়া হোক যাতে ভবিষ্যতে আর কোনো রক্ষক, ভক্ষকের ভূমিকা না নেয়, ভবিষ্যতে আর কেউ যেন এরকম করতে সাহস না পায়। এর বিরুদ্ধে সকলের প্রতিবাদ করা উচিত। আমি আশা করেছিলাম যে, সরকার পক্ষের মহিলা বিধায়করা এর বিরুদ্ধে বলবেন। সরকার পক্ষের এম এল এ-রা মানুষের ঘর পুড়িয়ে দিয়ে কংগ্রেস ও তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে দোষ চাপান। আমি অবিলম্বে অপদার্থ মুখ্যমন্ত্রীর পদত্যাগ দাবি করছি।

শ্রী কিরীটী বাগদী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার বিধানসভা কেন্দ্রের ২২টি মৌজায় নলকূপ বাহিত পানীয় জল প্রকল্প গড়ে তোলার জন্য গত ১৯.১১.২০০৫ তারিখে মাননীয় মন্ত্রী মহাশয় ওই নলকূপ বাহিত পানীয় জল প্রকল্পের উদ্বোধন করেন এবং তিনি বলেন যে, ওই ২২টি মৌজায় নলকূপ বাহিত পানীয় জল সরবরাহ করা হবে। কিন্তু আজ পর্যন্ত মাত্র দু-একটি মৌজাতে পানীয় জল সরবরাহ করা হচ্ছে। আমি অনুরোধ করছি, অবিলম্বে ঐ ২২টি মৌজায় পানীয় জল সরবরাহ করা হোক। পানীয় জল সরবরাহ না হওয়ার জন্য সেখানকার মানুষের মধ্যে ক্ষোভের সৃষ্টি হচ্ছে। আমি জনস্বাস্থ্য ও কারিগরি দপ্তরের ভারপ্রাপ্ত মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, অবিলম্বে ওই ২২টি মৌজাতে পানীয় জল সরবরাহের ব্যবস্থা করুন।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : স্যার, আমি কল্যাণী থানার কেসের ব্যাপারে বলব বলে বলেছিলাম। এখন পর্যন্ত ৯ জন খুন হয়ে গেল। কিন্তু এখন আমি আমার সাবজেক্টটা একটু চেঞ্জ করছি।

বিধায়ক এলাকা উন্নয়নের যে টাকা সেই টাকা নিয়ে রাজনীতি হচ্ছে বলে আমার মনে হয়। আমি ২০০৪-২০০৫ সালের স্কিম জমা দিয়েছি, ২০০৫-২০০৬ সালেরও কমপ্লিট করে দিয়েছি, কিন্তু এখনও পর্যন্ত ২০০৪-২০০৫ সালের যে টাকা দিয়েছি সে ব্যাপারে যে চিঠি স্কুল, কলেজ বা বিভিন্ন প্রতিষ্ঠানের পাওয়ার কথা সেটা তারা পাচ্ছে না। আমি নিজে গিয়ে এ ব্যাপারে অনুরোধ করেছি। ওঁরা বলছেন, ''কেউ ছুটিতে গেছে, এক সপ্তাহ সময় লাগবে''—এই রকম নানা অজুহাত দিয়ে হ্যারাস করছেন। যেমন ধরুন চারুচন্দ্র কলেজকে এর আগে আমি ২ লক্ষ টাকা দিয়েছি, থার্ড টাইমে আর ১ লক্ষ টাকা দিতে চাইছি, কিন্তু ওঁরা আমার কাছে নানা রকম কাগজ চাইছেন এবং হ্যারাস করছেন এবং এই টাকা যাতে তাঁরা না পেতে পারে, ডিলেড হয় তার জন্য একটা চক্রান্ত চলছে, যাতে বিরোধী দলের সদস্যরা টাকা না পায়। আমি মাননীয় অর্থমন্ত্রীর কাছে আবেদন করছি, এই টাকাটা সরকার

দিচ্ছেন রাজ্যের উন্নয়নের জন্য এবং আমরা খরচ করি স্কুল, কলেজ এবং বিভিন্ন প্রতিষ্ঠানে। পার্লামেন্টে কোন মেম্বার দুর্নীতি করেছেন তার জন্য এখানে আমাদের হ্যারাস করা হচ্ছে কেন, দেরি করা হচ্ছে কেন ? এর ফলে আমরা এলাকার মানুষের কাছে হেয় প্রতিপন্ন হচ্ছি। অর্থমন্ত্রীকে বলব, আপনি একটু বলুন যাতে টাকাটা তাড়াতাড়ি পাওয়া যায়। সরকার যে টাকা দিচ্ছে সেই টাকা বিভিন্ন স্কুল, কলেজ বা অন্যান্য প্রতিষ্ঠানকে দিয়েছি। এর মধ্যে ৫০, ৬০, ৭০ বছরের পুরনো প্রতিষ্ঠানও আছে। এখন তাঁদের কাছে নানান রকম কাগজপত্র চাওয়া হচ্ছে এবং হ্যারাস করা হচ্ছে।

শ্রী জানে আলম মিঞা : স্যার, আমি রাজ্য সরকারের মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে ধন্যবাদ জানাচ্ছি, আগে কুকুরে কামড়ালে রোগীর পেটের চারপাশে ১৪টা ইনজেক্শন দেওয়া হত, এই কষ্টকর প্রথা রোধ করা হয়েছে। এখন মানুষকে কুকুরে কামড়ালে ৫টা ইনজেক্শন দেওয়া হয় তার প্রতিষেধক হিসাবে। আমার সুতী বিধানসভা কেন্দ্রের মধ্যে আহিরণ ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র এবং মহেশাহিল ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে এই ওষুধের সরবরাহ অনিয়মিত। তাই অধিকাংশ গরিব মানুষকেই এই ৫টি ইনজেক্শনের মধ্যে দু-তিনটি ইনজেক্শন কিনে দিতে হয়। আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে অনুরোধ করছি, এই ওষুধ যদি স্থানীয়ভাবে কেনার ব্যবস্থা করা হয়—জেলা পর্যায়ে বা সাব-ডিভিশন পর্যায়ে প্রয়োজনমতো ওষুধ কেনার ব্যবস্থা করা যায় তাহলে ভালো হয়। না হলে সরকারি ভিত্তিতে এই সরবরাহটা যাতে নিয়মিত হয় তার জন্য অনুরোধ করছি। এতে ওই এলাকার মানুষেরা উপকৃত হবেন।

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি নিশ্চয়ই জানেন, গত ৫ তারিখে রাত ৮টার সময় আমাদের দলের সহ-সভাপতি শচীন মুখার্জী, তিনি তাঁর অফিস 'সরস্বতী ভবন' থেকে ফেরার সময় সি পি এম-এর আশ্রিত কয়েকজন দুষ্কৃতকারী তাঁকে আক্রমণ করে এবং তাঁর বুকে রিভলবার দিয়ে গুলি করে তাঁকে মার্ডার করে। এই ঘটনার কথা শুনে সঙ্গে সঙ্গে আমাদের নেত্রী শ্রীমতী মমতা ব্যানার্জী সেখানে হাজির হন। সেখানে দেখা গেল, দেড় ঘণ্টা হয়ে গেলেও পুলিশ যায়নি। পরে পুলিশ যখন গেল এবং এমনভাবে জিপ চালিয়ে গেল যে আমাদের কয়েকজন নেতা এবং নেত্রীর গায়ে ধাক্কা লাগিয়ে গেল। সেখানে ৪ জন আসামী জয়নগর থানার গোড়াবড় গ্রামের একটা বাড়িতে লুকিয়ে ছিল।

[12.30—12.40 p.m.]

এই সমস্ত খুনীরা জয়নগর গোড়াবড় গ্রামে যে বাড়িতে লুকিয়ে আছে, তার ডিটেল পার্টিকুলার্স এস পি-কে দেওয়া হয়েছে এটা আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীকে জানাচ্ছি। পশ্চিমবাংলায় প্রতিদিন যখন ৪/৫ জন মানুষ খুন হচ্ছে, বিভিন্ন ধরনের দুর্ঘটনা ঘটছে, সেই সময় তাঁরা লক্ষ লক্ষ টাকা নষ্ট করে সুন্দরবনে বন বিবি উৎসব পালন করতে গিয়েছেন ; যখন গোটা রাজ্য শ্মশানে ছারখার হয়ে গিয়েছে। সেই সময় তাঁরা মা বন বিবি

উৎসবে মেতেছেন। এ দিয়ে তাঁরা সুন্দরবন উন্নয়নের কি কাজ করবেন জানি না ! আমি চাই, খুনিদের অবিলম্বে গ্রেপ্তার করা হোক আপনার মাধ্যমে এই দাবি জানাচ্ছি। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী কমলেন্দু সান্যাল : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় ক্রীড়া ও যুব কল্যাণ দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। তেহট্ট মহকুমা শহর ঘোষিত হয়েছে। এমনিতে আমাদের গ্রামাঞ্চলে খেলার মাঠ কমে গিয়েছে ঠিকই, তেহট্টয় যাতে একটা স্টেডিয়াম করা যায় সেটা দেখা দরকার। যেমন তেহট্ট শহরের কাছাকাছি ছাতিনা গ্রামে জমির সংস্থান করা হয়েছে, এই ব্যাপারে অবিলম্বে ক্রীড়া ও যুব কল্যাণ দপ্তরের মন্ত্রী পদক্ষেপ নিলে ওখানে স্টেডিয়াম গড়ে উঠতে পারে। সেই পদক্ষেপ নিয়ে যথাবিহিত ব্যবস্থা করলে ভালো হয়। এই আবেদন আমি আপনার মাধ্যমে জানাচ্ছি।

শ্রী সৌগত রায় : স্যার, আমি আপনার মাধ্যমে এই রাজ্যে ক্রমবর্ধমান মাওবাদী কার্যকলাপের ব্যাপারে উদ্বেগ প্রকাশ করছি। গতকাল বেলপাহাড়ীর বার্ডিয়ান জঙ্গলে উগ্রপন্থীদের সঙ্গে পুলিশের সংঘর্ষ শুরু হয়। রাত্রি পর্যন্ত গুলির শব্দে এলাকা কাঁপছিল। পুলিশ সেখানে গিয়েছে। শোনা যাচ্ছে, দুইজন মাওবাদী মারা গিয়েছেন। কিন্তু পুরো খবর আসেনি। আশ্চর্যের ব্যাপার যে, নকশালপন্থীদের ভয়ে পুলিশ ঝাড়খন্ড সীমান্তবর্তী এলাকার চারটি পুলিশ ক্যাম্প থেকে সমস্ত আগ্নেয়াস্ত্র সরিয়ে নিয়েছে। তাদের ভয়, আগ্নেয়াস্ত্র থাকলে পুলিশ তো কিছু করতে পারবে না, উগ্রপন্থীরা লুঠ করে নিয়ে যাবে। তার ফলে দেখা যাচ্ছে, রাজ্য পুলিশ লড়াইয়ের আগেই আত্মসমর্পণ করে দিয়েছে। উগ্রপন্থীদের সঙ্গে লড়াই করতে পারবে না। আমরা কিছুদিন ধরে বামফ্রন্টের নেতাদের হুঙ্কার শুনছিলাম, তাঁরা অস্ত্র নিয়ে মাওবাদীদের মোকাবিলা করবে। এখন দেখছি, পুলিশের অস্ত্র সরিয়ে মাওবাদীদের মোকাবিলা শুরু করেছে এবং বার্ডিয়ান জঙ্গলে সারা রাত ধরে যা হয়েছে, তাতে প্রমাণ হয়েছে, উগ্রপন্থীদের হাতে যথেষ্ট অস্ত্র আছে এবং তার মোকাবিলা করার ক্ষমতা পুলিশের নেই। আমরা জানি, মাওবাদী সংঘর্ষের কথা রাজ্যপাল উল্লেখ করেছেন, কিন্তু মাওবাদীরা যে একটা বিপ্লবী এলাকা বানিয়েছে, সেই ব্যাপারে লেটেস্ট পজিশান কি ? কয়েকটি জায়গা থেকে পুলিশ অস্ত্র সরিয়ে নিয়েছে, পুলিশ মাওবাদীদের মোকাবিলা করতে পারছে না। জঙ্গলে ঢোকার জন্য পুলিশের কাছে যথেষ্ট ইক্যুপমেন্টস, ওয়্যারলেস সেট অন্যান্য যা লাগে নাইট ভিসান, স্পেকট্রোস্কোপ সেইগুলির কোনোটাই নেই। এই ব্যাপারে মাননীয় মুখ্যমন্ত্রী হাউসে একটা শ্বেতপত্র প্রকাশ করুন যে, মাওবাদীদের মোকাবিলায় শেষ পর্যন্ত পুলিশ এবং রাজ্য প্রশাসন কি রাস্তা অবলম্বন করছে, পুলিশ করবে না সি পি এম-এর কর্মীরা করবে ; নাকি ওখানে উন্নয়ন করে মোকাবিলা করা হবে, এটা আমাদের সকলের জানা দরকার। সি পি এম-এর নেতা অনিলবাবু, বিমানবাবু তাঁরা ওখানে অস্ত্র ধরতে বলেছেন, এই ব্যাপারে হাউসকে অবিলম্বে অবহিত করার দাবি জানাচ্ছি। তার কারণ, রাজ্যে যখন নির্বাচন এসে গিয়েছে, তখন এইভাবে অস্ত্র যদি উগ্রপন্থীদের হাতে থাকে রাজ্যের পক্ষে সেটা ভয়ের ব্যাপার হবে।

শ্রী অশোক দেব : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বেশ কিছুদিন ধরে দেখতে পাচ্ছি আমাদের রাজ্যে অবজার্ভাররা এসে অনেক ফলস্ ভোটার ধরেছেন। দীর্ঘ ২৯ বছর ধরে আপনারা এই কারচুপি চালিয়ে আসছেন এবং সেই কারচুপির মাধ্যমে নির্বাচনে জয়লাভ করছেন। আজকে আপনারা ধরা পড়ে গেছেন, ভুয়ো রেশন কার্ড এবং ফলস্ ভোটার ধরা পড়ছে। আমরা বারবার বলেছি সঠিক ভোটার লিস্ট তৈরি করুন, আপনারা সেটা শোনার চেষ্টা করেননি, আর আজকে চাপে পড়ে নানান কথা বলার চেষ্টা করছেন। এমনও দেখা গেছে, একজনের নাম দু-তিন জায়গায় আছে। আবার কোনো বাড়িতে হয়তো দশজন থাকে, সেই বাড়িতে দুশো, আড়াইশো ভোটার দেখাচ্ছে। আবার সত্যিকারের ভোটারও অনেক জায়গায় ভোট দিতে পারছেন না। তাঁরা ভোট দিতে গিয়ে দেখেন তাঁদের ভোট হয়ে গেছে। নির্বাচন এখনও ঘোষণা হয়নি, কিন্তু তার আগেই অনেক জায়গায় সন্ত্রাস শুরু হয়ে গেছে। ভোটার লিস্টে এমনকি মৃত মানুষের নামও দেখতে পাওয়া যায়। সঠিক ভোটার লিস্ট তৈরি করে যাতে সুষ্ঠুভাবে নির্বাচন হতে পারে সেই জন্য সরকারের এগিয়ে আসা উচিত, হার-জিত পরের কথা, এই দাবি আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে রাখছি।

শ্রী শীতল সর্দার : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমাদের হাওড়া সাঁকরাইল থেকে হুগলির ত্রিবেণী পর্যন্ত আছে সরস্বতী নদী। সেই নদীতে এক সময় নৌকো চলাচল করত, ব্যবসা-বাণিজ্যও হত। কিন্তু সেই নদীটি মজে গেছে দীর্ঘদিন হল। ফলে সেখানকার মানুষের চরম দুর্ভোগ হচ্ছে। ব্যবসা-বাণিজ্য যেমন বন্ধ হয়ে গেছে, তেমনি মজে যাওয়ার ফলে মশা, মাছির উপদ্রব বেড়েছে, অস্বাস্থ্যকর পরিবেশের সৃষ্টি হয়েছে, পরিবেশ দূষণ অত্যধিক মাত্রায় বেড়ে যাচ্ছে। 'সরস্বতী নদী বাঁচাও কমিটি' নামে একটা সংস্থা ১৯৯৯ সালে গঠিত হয়। এই নদীটি সংস্কারের জন্য সার্ভে হয়ে গেছে এবং জি এফ সি সি-র অনুমোদনের কথাও শুনেছি। এর জন্য আগে ১৭ কোটি টাকার প্রজেক্ট ছিল, সেটা এখন ২৪ কোটি টাকায় এসে দাঁড়িয়েছে। অবিলম্বে যাতে সরস্বতী নদীর সংস্কার হয় এবং তার জন্য বাজেটে যাতে অর্থ বরাদ্দ করা হয় সেই অনুরোধ রাখছি।

ZERO HOUR

শ্রীমতী সোনালী গুহ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই সভার দৃষ্টি আকর্ষণ করছি।

আমাদের টুপি পরা পরিবহনমন্ত্রী বছরের পর বছর বাংলার মানুষকে টুপি পরিয়ে আসছেন। আজকে তিনি পরিবহন ব্যবস্থার কি অবস্থা করেছেন ভাবলে শিউরে উঠতে হয়। তিনি কখনও নিজের দলের বিরুদ্ধে বিপ্লব ডাকেন, কখনও নির্বাচন দপ্তরের বিরুদ্ধে বিপ্লব ডাকেন। অথচ পরিবহন ব্যবস্থা কোথায় এসে দাঁড়িয়েছে দেখার প্রয়োজন বোধ করেন না। গত মাসে পথ দুর্ঘটনায় বলি হয়েছেন ৩৫ জন। গতকাল একটা নৃশংস পথ দুর্ঘটনা হয়েছে ডালহৌসি স্কোয়ারে। মহাকরণ এবং লালবাজারের কাছেই হয়েছে দুর্ঘটনাটি। শিবরানি সরকার এবং তাঁর স্বামী সুধাংশু সরকার, দুজনেই কেন্দ্রীয় সরকারের অবসরপ্রাপ্ত কর্মী। তাঁরা

ব্যাংক থেকে টাকা তুলতে এসেছিলেন। হাওড়া-বৈষ্ণবঘাটা রুটের একটি বাস, নং ডব্লু বি ১৯৬৮২২, এই বাসটি আগে এসে দাঁড়িয়েছে, পেছন থেকে আর একটা ১৩৫ নং রুটের বাস, নং ১৯৬০৯৮, রেষারেষি করতে করতে আসতে থাকে।

[12.40—12.50 p.m.]

প্রথমে বাসের চাকায় এই শিবরানি সরকারের কাপড়ের কিছু অংশ জড়িয়ে গেলে জনগণ হৈ-হৈ করতে শুরু করে। তখনই বাসের চালক বুঝতে পারে কিছু একটা হতে যাচ্ছে। তখন চালক বাসটি না থামিয়ে ২০০ মিটার পর্যন্ত বাসটি টেনে নিয়ে যান। ইতিমধ্যে ভদ্রমহিলার শরীরও বাসের চাকার তলায় চলে যায়। রক্তাপ্লুত অবস্থায় তাঁর দেহটি পড়ে থাকে। জনগণ হৈ-হৈ করে বাসটিকে তাড়া করে। ইতিমধ্যে বাসের চালক এবং কন্ডাক্টর পলাতক হন। ভদ্রমহিলাকে এস এস কে এম হাসপাতালে নিয়ে গেলে মৃত বলে ঘোষণা করা হয়। সুভাষবাবু তো অনেক কথাই বলেন, মাথার উপর দিয়ে ট্রাম চলবে না ইত্যাদি ইত্যাদি। ট্রাম লাইনে কেউ ক্ষতিগ্রস্ত হলে তাঁকে ক্ষতিপূরণ দেওয়া হবে কিনা—রাজ্যপালের ভাষণে সে কথারও উল্লেখ নেই। সুভাষবাবু আজ পর্যন্ত বলেননি, পথ দুর্ঘটনায় যাঁরা মারা যাচ্ছেন তাঁদের পরিবারকে কোনো রকম ক্ষতিপূরণ দেওয়া হবে কিনা ? বেপরোয়াভাবে যারা বাস চালায়—আজকে সময়ের থেকে জীবনের দাম বেশি, সুতরাং যাঁরা জীবনের দামকে কমিয়ে আনছেন—তাঁদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করবেন কিনা—অবিলম্বে রাজ্য সরকারের কাছে সেটা জানতে চাইছি ? ধন্যবাদ।

শ্রীমতী শান্তা ছেত্রী : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার কার্শিয়াং কনস্টিটুয়েন্সিতে যে এস বি স্যানিটোরিয়াম বা হাসপাতালটি রয়েছে সেটি বহু পুরনো হাসপাতাল, বর্তমানে এই হাসপাতালটির অবস্থা খুবই জীর্ণ। ইনফ্রাস্ট্রাকচার টোটালি কোলাপস্‌ড্। এই এস বি স্যানিটোরিয়ামের ৩৩ একর ল্যান্ড আন-ইউজ্‌ড অবস্থায় পড়ে আছে। যেহেতু এই হাসপাতালটি হেল্‌থ ডিপার্টমেন্টের আওতায় আছে সেহেতু ডি জি এইচ সি কিছু করতে পারছে না। এস বি স্যানিটোরিয়ামটাকে পশ্চিমবঙ্গ সরকার যদি ইম্প্রুভ করতে না পারেন তাহলে ডি জি এইচ সি-কে হস্তান্তর করার জন্য দাবি জানাচ্ছি। ধন্যবাদ।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মন্ত্রিসভার মাননীয় সদস্যদের এবং বিধানসভার সদস্যদের দৃষ্টি আকর্ষণ করছি। বাঁকুড়া জেলা বিশেষত খরাপ্রবণ। বাঁকুড়া এবং পুরুলিয়া জেলার জন্য একাত্মভাবে দ্বারকেশ্বর এবং গন্ধেশ্বরীর পরিকল্পনা রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের কাছে দীর্ঘদিন আগে পাঠিয়েছিলেন। এনভায়রনমেন্ট থেকে আরম্ভ করে অন্য সব ফিনান্সিয়াল দিক অনুমোদিত হওয়া সত্ত্বেও রাজ্য সরকার তা বাস্তবায়িত করতে ঢিলেমিগিরি করছেন, কোনো গুরুত্ব দিচ্ছেন না। এই পরিকল্পনা বাস্তবায়িত হলে অসেচ এলাকা সেচযুক্ত হয়ে যাবে এবং

সেখানে পানীয় জলের সংকট থেকে আরম্ভ করে শিল্পের যে সংকট সব কিছুই দূরীভূত হয়ে যাবে। অনগ্রসর জেলাগুলিতে শিল্পের জন্য আর কৃষি জমি নিতে হবে না। অকৃষি জমি বাঁকুড়া এবং পুরুলিয়ায় যেগুলি আছে তাতেই শিল্প স্থাপিত হয়ে যাবে। কিন্তু রাজ্য সরকার গড়িমসি করছেন। কেন দ্বারকেশ্বর এবং গন্ধেশ্বরী পরিকল্পনা রূপায়িত হচ্ছে না কেন্দ্রীয় সরকারের অনুমোদন পাওয়া সত্ত্বেও ? ১৯৮৪ সালে এই পরিকল্পনা অনুমোদিত হয়েছে। পরিবেশে দপ্তর গ্রিন সিগ্‌নাল দিয়েছে, কিন্তু কার্যকরী হয়নি। জেলার মন্ত্রী এখানে বসে আছেন, তিনি এই বিষয়ে অবহিত আছেন। এই পরিকল্পনা যাতে বাস্তবায়িত করা হয় তার জন্য আমি মন্ত্রিসভার মাননীয় সদস্যদের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী কল্লোল খান : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা নাকাশিপাড়ায় গঙ্গার ভাঙনের বিষয়ে বিগতদিনেও রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করেছিলাম। পাটুলিঘাটের এপারে দাতুপুর থেকে উদয়রাজপুর প্রায় ২০ কিলোমিযার বিস্তীর্ণ এলাকা ভাঙনগ্রস্ত অবস্থায় রয়েছে। এর ফলে এখানকার ক্ষুদ্র ও প্রান্তিক চাষি এবং মানুষ গৃহহীন হয়ে পড়েছে। এখনও পর্যন্ত এই ভাঙন প্রতিরোধের কোনো ব্যবস্থা গ্রহণ করা হয়নি। এ ব্যাপারে সরেজমিনে তদন্ত করে অনতিবিলম্বে উপযুক্ত ব্যবস্থা নেওয়ার জন্য আমি মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী সৌগত রায় : আমি এখন যে বিষয়টি উল্লেখ করব সেটি আগেই শ্রীমতী সোনালী গুহ উল্লেখ করেছেন। কলকাতায় পথ দুর্ঘটনায় মানুষের মৃত্যু একটা ভয়াবহ আকার ধারণ করেছে। আপনারা জানেন, গতকাল বি বা দী বাগে বৈষ্ণবঘাটার দুটি মিনিবাসের মধ্যে প্রতিযোগিতার ফলে গ্রেট ইস্টার্ন হোটেলের সামনে শিবরানি সরকার নামের ৬৪ বছর বয়সের একজন মহিলা বীভৎসভাবে মারা গিয়েছেন। এর ফলে উত্তেজিত জনতা মিনিবাসে আগুন লাগিয়ে দেয়, পুলিশের চোখের সামনেই। ধিক্ ধিক্ করে মিনিবাস জ্বলতে থাকে মানুষের চোখের সামনে। মানুষের এই রাগ অকারণ নয়। হয়তো আপনাদের মনে আছে, এর আগে শকুন্তলা সিংহ নামের ৩৫ বছরের এক মহিলা, তিনি এক্সাইডের মোড়ে দাঁড়িয়েছিলেন। রবীন্দ্র সদন স্টেশনের সামনে ফুটপাথের ওপরে বাস তাঁকে চাপা দেয়। আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী ও পরিবহনমন্ত্রী বারে বারে ঘোষণা করেছেন যে বাস ও মিনিবাস নিয়ন্ত্রণের ব্যবস্থা করা হবে। আসলে বাস ও মিনিবাসের ড্রাইভার, কন্ডাক্টররা সেলের ওপরেই কমিশন পায়। তাই দুটি বাসের মধ্যে প্রতিযোগিতা হয় কে বেশি যাত্রী নিতে পারে। এর ফলেই দুর্ঘটনা ঘটছে। এ ব্যাপারে সরকার পক্ষকে উপযুক্ত ব্যবস্থা নেওয়ার জন্য বলছি। আজকে একটা বাস জ্বলছে, এরপর মানুষ আরও ৩০টা বাস জ্বালিয়ে দেবে। মানুষ বুঝেছে যে, সরকার ও পুলিশের ব্যর্থতায় আজকে এইসব দুর্ঘটনা ঘটছে। আমি দাবি জানাচ্ছি, এই ধরনের দুর্ঘটনা বন্ধ করার জন্য সরকার এবং পুলিশকে ব্যবস্থা নিতে হবে। যাঁরা এর ফলে মারা যাচ্ছেন তাঁদের জন্য উপযুক্ত ক্ষতিপূরণ দেওয়ার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : স্যার, পশ্চিমবঙ্গ সরকারের এসেন্সিয়াল কমডিটি সাপ্লাই কর্পোরেশন নিয়ে গতবার বাজেটের সময় আলোচনা হয়েছে। এখানে বহু দুর্নীতির কথা উল্লেখ করা হয়েছে। আপনি জানেন যে, এই সংস্থাটি প্রায় ২৩৭ কোটি টাকা লোকসানে চলছে, দেড় কোটি টাকা সুদ দিতে হয়, এর পুরনো ঋণের জন্য। এমন একটা অবস্থায় এখানে নতুন ২০ জন কর্মচারীকে নেওয়া হচ্ছে। চাকরির ব্যাপারে আমার কোনো আপত্তি নেই। এই রিক্রুটমেন্টের ব্যাপারে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের কোনো ভূমিকা থাকছে না। কাগজেও কোনো বিজ্ঞাপন দেওয়া হচ্ছে না। অফিসে কোনো নোটিফিকেশন দেওয়া হচ্ছে না। পোস্ট বক্স নম্বরে অ্যাডভার্টাইজ দেওয়া হচ্ছে, কখনও এটা শুনেছেন ? এখানকার অফিসারদের ছেলেরা চাকরি পাচ্ছে। প্রাক্তন মন্ত্রীর আত্মীয়া নাম শাশ্বতী মন্ডল, তাঁর রিক্রুটমেন্ট এখানে হয়। যে সংস্থাটি লোকসানে চলছে, আগে তার পুনরুজ্জীবনের ব্যবস্থা করে নিয়ম মেনেই রিক্রুটমেন্ট হোক, এটাই আমরা চাই।

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ডাঃ বিধানচন্দ্র রায়ের আমলে সোনারপুরে আড়াপাঁচ-মাতলা প্রকল্প নেওয়া হয়েছিল। এটা যাদবপুর থেকে ক্যানিং পর্যন্ত। এখানে ডবল স্লুইস গেট আছে। ৭৬ লক্ষ টাকা এই খাল সংস্কারের জন্য বরাদ্দ হয়েছিল। কিন্তু ১০-১৫ লক্ষ টাকার মাটি কাটার পর কনট্রাক্টর, ইঞ্জিনিয়ার, বেনিফিশিয়ারি কমিটি জেলা পরিষদের সঙ্গে যোগসাজশ করে বাঁধ কেটে জল ঢুকিয়ে দেয়।

[12.50—1.00 p.m.]

৭৬ লক্ষ টাকার মধ্যে ১৫ লক্ষ টাকার কাজ হল, বাকি টাকা দিয়ে খাল সংস্কারের কাজ হল না। খালের কাজ না করে কনট্রাক্টরকে টাকা পাইয়ে দেবার ব্যবস্থা করা হচ্ছে। আমি আপনার মাধ্যমে সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, এখুনি এই ব্যাপারে তদন্ত করা হোক এবং বাকি ৬১ লক্ষ টাকার কাজ করা হোক এবং কনট্রাক্টরের পেমেন্ট বন্ধ করে দেওয়া হোক। ক্যানিং থেকে বারুইপুর পর্যন্ত যেভাবে মজে যাচ্ছে তার জন্য ডাবু খাল সংস্কারের যাতে যথাযথ ব্যবস্থা করা হয় তার জন্য সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী অশোক দেব : স্যার, আমি আপনার মাধ্যমে বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। নির্বাচন এসে গিয়েছে। বিদ্যুৎমন্ত্রী এই হাউসে বলেছিলেন প্রতিটি মৌজায় তিনি বিদ্যুৎ পৌঁছে দেবেন। কিন্তু আজকে দেখতে পাচ্ছি যে, এখনও অনেক মৌজায় বিদ্যুৎ পৌঁছায়নি। আরও দুঃখের বিষয় হল বিদ্যুৎ গ্রাহকরা টাকা জমা দিয়েছে অনেক দিন, কিন্তু আজ পর্যন্ত তাঁরা বিদ্যুৎ পাননি। সেই কারণে আমরা দেখতে পাচ্ছি বিদ্যুৎ নিয়ে অনেক মানুষ গ্রেপ্তার হচ্ছে। দলমত নির্বিশেষে প্রতিটি মানুষের বাড়িতে যাতে বিদ্যুৎ পৌঁছায় তার জন্য মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন জানাচ্ছি। মন্ত্রী মহাশয় মুখে এক কথা বলেন কাজে অন্য করেন। আমি ব্যক্তিগতভাবে জানি, অনেক এম এল এ তাঁর এলাকায় বিদ্যুতের জন্য টাকা দিয়েছেন, কিন্তু সেই টাকায় কাজ হয়নি, গ্রাহকের বাড়িতে বিদ্যুৎ পৌঁছায়নি। এম এল এ-র কোটা থেকে

অনেক এম এল এ বিদ্যুতের টাকা দিতে রাজি আছেন, টাকা দিচ্ছেন কিন্তু সেই টাকা খরচ করা হচ্ছে না। আমি অনুরোধ জানাচ্ছি, আমরা যাঁরা বিদ্যুতের জন্য টাকা দিচ্ছি সেই টাকা যেন খরচ করা হয়। বিদ্যুৎ গ্রাহক যাঁরা বিদ্যুতের টাকা জমা দিয়েছেন তাঁরা যাতে অবিলম্বে বিদ্যুৎ পান তার জন্য আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী দীপক সরকার : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমাদের কোচবিহার জেলার একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী হাউসে আছেন, তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের ওখানে জে ডি হাসপাতাল আছে। মাননীয় স্বাস্থ্যমন্ত্রী জানেন এই হাসপাতালটি মহারাজা আমলের হাসপাতাল, ১৯৩২ সালে এই হাসপাতাল ৩৩ একর জমি নিয়ে তৈরি হয়েছিল। এই হাসপাতালের বহু ঘর-বাড়ি পড়ে আছে। এই হাসপাতালটি না টি বি হাসপাতাল না আই ডি হাসপাতাল, কোনো স্ট্যাটাস নেই। জেলা স্বাস্থ্য কমিটি এই হাসপাতালকে স্টেট জেনারেল হাসপাতাল করার জন্য আবেদন পাঠিয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয় আশ্বাস দিয়েছেন যে, বিবেচনা হচ্ছে। কিন্তু আজ পর্যন্ত কিছু হয়নি। সম্প্রতি শুনলাম, ১২০ বেডের হাসপাতালকে বেড কমিয়ে আনার চেষ্টা করছে। এটাকে ৬০ বেডের হাসপাতাল করার কথা বিবেচনা করা হচ্ছে। এই ব্যাপারটা মাননীয় মন্ত্রী মহাশয়কে বিবেচনা করার জন্য অনুরোধ জানাচ্ছি। এই হাসপাতালের বেডের সংখ্যা কোনোভাবেই কমানো ঠিক হবে না। গ্রেটার কোচবিহার নিয়ে বিচ্ছিন্নতাবাদী আন্দোলন হচ্ছে, এটা করলে তারা আরও বলার সুযোগ পেয়ে যাবে। এই ব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীমতী মাফুজা খাতুন : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিদ্যালয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা এলাকায় ৩৭ নম্বর কুমারগঞ্জ বিধানসভা কেন্দ্রে একটা জুনিয়র গার্লস মাদ্রাসা রয়েছে, যার নাম সুন্দরপুর-জয়দেবপুর জুনিয়র গার্লস মাদ্রাসা। বামফ্রন্ট সরকার শিক্ষার অগ্রগতি ঘটাচ্ছে, নারী শিক্ষার অগ্রগতি ঘটাচ্ছে এবং মাদ্রাসাকে আধুনিকীকরণ করার জন্য অর্থ বরাদ্দ করছে। আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, আমার বিধানসভা এলাকায় সুন্দরপুর-জয়দেবপুর জুনিয়র গার্লস মাদ্রাসা রয়েছে সেটা হাই মাদ্রাসায় উন্নীত করা হোক।

শ্রীমতী সাধনা মল্লিক : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কাটোয়া মহকুমা একটা কৃষিজীবী এলাকা। কৃষি শিল্পের স্বার্থে, ক্ষুদ্র এবং কুটির শিল্পের উন্নতির কথা ভেবে রাজ্য সরকার ৪০০০ কোটি টাকা ব্যয়ে একটা তাপ-বিদ্যুৎ প্রকল্প তৈরি করার কাজ হাতে নিয়েছে। কিন্তু বিরোধীরা তো উন্নতি চায় না, সেই জন্য নানাভাবে তারা বিভ্রান্ত করার চেষ্টা করছে। কিন্তু সমস্ত বিভ্রান্তি কাটিয়ে একটা মহকুমার কৃষকেরা শত্রুর মুখে ছাই দিয়ে প্রায় এক লক্ষাধিক মানুষ সমাবেশে উপস্থিত হয়। সেদিন শিলান্যাস অনুষ্ঠান হয়ে গেল এবং সেই অনুষ্ঠানে আমাদের রাজ্যের দুই মন্ত্রী উপস্থিত ছিলেন—মাননীয় নিরুপম সেন মহাশয় এবং বিদ্যুৎমন্ত্রী শ্রীমৃণাল ব্যানার্জী মহাশয়। সেই এলাকার কৃষকেরা স্বেচ্ছায় জমি দান করেছেন। আজকে

বামফ্রন্ট সরকারের দৃঢ় পদক্ষেপের কথা মাথায় রেখে সেখানকার কৃষকেরা এগিয়ে এসেছেন। সেই জন্য আমি ওই এলাকার সমস্ত চাষি, ক্ষুদ্র চাষি, প্রান্তিক চাষি সকলকে আন্তরিক অভিনন্দন জানাচ্ছি।

শ্রীমতী মঞ্জু বসু : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। তিনি বলেছিলেন, পশ্চিমবঙ্গ হচ্ছে শান্তির মরূদ্যান। কিন্তু আজকে সেই শান্তির মরুদ্যানে অশান্তির সৃষ্টি হচ্ছে এবং শান্তি-শৃঙ্খলা বিঘ্নিত হচ্ছে। একের পর এক মাওবাদী আন্দোলন, জঙ্গি আন্দোলন ঘটেই চলেছে। বান্দোয়ানের পর আবার গতকালই পশ্চিম মেদিনীপুরের বেলপাহাড়ীতে দফায় দফায় পুলিশ এবং মাওবাদীদের সঙ্গে সংঘর্ষ চলেছে। এই খবর নাকি স্থানীয় পুলিশ আগে থেকেই জানত। তারা অস্ত্রশস্ত্র সরিয়ে রেখেছিল। মাওবাদী এবং উগ্রপন্থীদের কাছে আজকে তারা আত্মসমর্পণ করেছে। যুদ্ধ চলাকালীন ১ জন মহিলাসহ ৩ জন মারা গেছে এবং ২ জন ধরা পড়েছে। গতকাল বনগাঁ পেট্রাপোল বর্ডারে বাংলাদেশ থেকে আগত একটা মালবাহী ট্রেন থেকে ৫০০ বস্তা জিঙ্ক আকরিক উদ্ধার হয়েছে। সীমান্ত রক্ষী বাহিনী এটি উদ্ধার করেছে। এর ফলে এলাকায় চাঞ্চল্য দেখা দিয়েছে এবং এলাকার শান্তি-শৃঙ্খলা বিঘ্নিত হচ্ছে। এই আকরিক কোথা থেকে এল, সেই সম্পর্কে পুলিশ কোনো হদিস করতে পারেনি। মানুষ আজকে চারিদিকে নিরাপত্তার অভাব বোধ করছে। তাছাড়া আগামী ভোটের দিকে তাকিয়ে প্রধান বিরোধী দল তৃণমূল কংগ্রেসের উপর আক্রমণ চালাচ্ছে। একের পর এক তৃণমূল কংগ্রেস নেতাকে খুন করা হচ্ছে। শচীন মুখোপাধ্যায়ের পর এবার রাণাঘাটের ধানতলার তৃণমূল কংগ্রেস নেতা মৃণাল বিশ্বাসকে খুনের চেষ্টা করা হয়েছে। আজকে সে মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ছে। কল্যাণী নেহরু গান্ধী মেমোরিয়াল হসপিটালে তাঁকে স্থানান্তরিত করা হয়েছে। এইভাবে রাজ্যের চারিদিকে সন্ত্রাস সৃষ্টি হচ্ছে। সারা ভারতবর্ষ আজ নিরাপত্তাহীনতায় ভুগছে। 'পশ্চিমবঙ্গ শান্তির মরূদ্যান'—এই ঘোষণাটি মুখ্যমন্ত্রীর অবিলম্বে ফিরিয়ে নেওয়া দরকার। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী জ্যোতির্ময় কর : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত বছর মেদিনীপুর জেলায় মাননীয় মুখ্যমন্ত্রী, ত্রাণমন্ত্রী-সহ কয়েকজন মন্ত্রী ঘুরে আসার পর ঘোষণা করলেন যে, পুনর্গঠন এবং পুনর্নির্মাণের জন্য সেচ দপ্তর ১০০ কোটি টাকা খরচ করবে। সংবাদপত্রে এটা বড় বড় করে লেখা হল যে, মুখ্যমন্ত্রী এবং অর্থমন্ত্রীর কোটায় ১০০ কোটি টাকা পূর্ব মেদিনীপুরের সেচ দপ্তর পুনর্নির্মাণের জন্য খরচ করবে। কিন্তু আজকে মাননীয় সেচমন্ত্রী বিবৃতি দিলেন, তিনি ৬টি জেলার জন্য ১০ কোটি টাকা পেয়েছেন। অতি সম্প্রতি আরও ৫০ কোটি টাকা পাবেন, সেই প্রতিশ্রুতিও দিয়েছেন। কোথায় পূর্ব মেদিনীপুর ১০০ কোটি টাকার প্রতিশ্রুতি দিয়েছিলেন, সেটি ৬টি জেলার জন্য মাত্র ৬০ কোটি টাকায় নেমে এল। এরপর নির্বাচনের দিন ঘোষণা করা হবে। নির্বাচনের বিজ্ঞপ্তি জারি হলে আর কোনো পরিকল্পনা নেওয়া যাবে না। এখানে মাননীয় মন্ত্রী সূর্যকান্ত মিশ্র মহাশয় আছেন। তিনি দুই মেদিনীপুর জেলার হাল চিত্র জানেন। ওনার কাছে আমার বিশেষ অনুরোধ, যে বিধ্বস্ত অবস্থার সৃষ্টি হয়েছে, পুনর্গঠন এবং পুনর্নির্মাণের জন্য সেই অর্থটা যেন দেওয়া হয়। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[1.30—1.40 p.m.] (After Adjournment)

DISCUSSION ON GOVERNOR'S ADDRESS

Mr. Deputy Speaker : Now discussion on Governor's

শ্রী অতীশচন্দ্র সিন্‌হা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপালের ভাষণের ওপরে যে ধন্যবাদসূচক প্রস্তাব এসেছে, সেই প্রস্তাবের আমি বিরোধিতা করছি এবং আমাদের তরফ থেকে যে সমস্ত অ্যামেন্ডমেন্টগুলো এসেছে সেগুলোকে আমি সমর্থন করছি। স্যার, আপনি জানেন যে, মাননীয় রাজ্যপালকে সংবিধানের ১৭৬ ধারা অনুসারে পড়তে হয়। আপনি এটাও জানেন যে, মাননীয় রাজ্যপালের কিছুই করার নেই। তাঁকে সরকারের তরফ থেকে যে বিবৃতি করে দেওয়া হয় সেটাই তাঁকে পড়তে হয়। আমি প্রত্যেকবার রাজ্যপালের ভাষণের ওপরে বিতর্কে অংশ নেওয়ার সময়ে বলেছি যে, এই ধারাটা থাকার কোনো মানে হয় না। রাজ্যপাল যখন ভাষণ দেন, তখন তাঁকে একটা অবাঞ্ছিত পরিস্থিতির সম্মুখীন হতে হয়। আমি যখনই বলি তখন আপনারা বলেন, 'আপনি প্রাইম মিনিস্টারকে বলুন।' আপনারা যদি আমার বক্তব্যের সঙ্গে একমত হন, তাহলে আপনারাও তো প্রাইম মিনিস্টারকে বলতে পারেন, কেন বলছেন না ? প্রত্যেকবারই দেখেছি, শুধু এই রাজ্যে নয়, প্রত্যেক রাজ্যেই রাজ্যপাল যখন ভাষণ দেন তখন একটা অবাঞ্ছিত পরিস্থিতির সৃষ্টি হয়। আপনাদের যদি বক্তব্য থাকে তাহলে আপনারা প্রাইম মিনিস্টারকে বলুন না। ব্রিটিশ আমল থেকে যে ধারা চলে আসছে, সেটা নিয়ে আমরা চলেছি। এটাকে পরিবর্তন করা দরকার।

রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন, আমি আগেই বললাম রাজ্যপালের কিছুই করণীয় নেই, বামফ্রন্ট সরকার যেটা লিখে দিয়েছে সেটাই তিনি পাঠ করেছেন। এটা নির্বাচনী ইস্তাহার বলে আমার মনে হয়। এখানে যেসব কথা বলা হয়েছে, বাস্তবের সঙ্গে তার কোনো মিল নেই। এমন কাজের কথা বলা হয়েছে, বাস্তবের সঙ্গে যার সঙ্গতি নেই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, বিধানসভায় গত কয়েকদিন ধরে আলোচনা হয়েছে ভোটার লিস্ট, বুথ ক্যাপচারিং এবং ফলস্ রেশনকার্ড নিয়ে। আগে এটা তেমন গুরুত্ব পায়নি। যেহেতু ইলেকশন কমিশন গুরুত্ব সহকারে দেখছেন, তাঁরা তাঁদের অবজার্ভার পাঠিয়েছেন। তাঁরা বুথ ক্যাপচারিং, ভুয়ো রেশনকার্ড, ফলস্ ভোটার দেখতে পেয়েছেন। আমার বক্তব্য হচ্ছে, তাঁরা যতই ভুয়ো ভোটার ধরুন না কেন, নির্বাচন করতে গেলে আসল জায়গা হচ্ছে বুথ। আমরা বুথ যদি ঠিক না রাখতে পারি, বুথ যদি ক্যাপচার্ড হয়ে যায়, তাহলে যতই ভুয়ো ভোটার লিস্ট ধরুন না কেন, এখানে কোনোদিনই অবাধ নির্বাচন করতে পারবেন না। বুথ ক্যাপচারিং বন্ধ করা দরকার। প্রিজাইডিং অফিসার যাঁরা কাজ করতে আসেন, আপনি জানেন, তাঁরা রাজ্য সরকারি কর্মচারী। অধিকাংশ সময়েই তাঁদের সরকারের প্রতি একটা সহানুভূতি থেকে যায়। তার ফলে যখনই বুথ ক্যাপচারিং হয়, বুথে রিগিং হয়, তখন তাঁরা সেইভাবে প্রতিবাদ করতে পারেন না। তার ফলে আমরা দেখছি সেই সব অধিকাংশ বুথ, যেখানে কংগ্রেস বা বিরোধী দলের শক্তি কম সেখানে অবাধে বুথ ক্যাপচার হয়ে যাচ্ছে এবং প্রায় সব ভোট পড়ে যাচ্ছে। এই নিয়ে 'বর্তমান' পত্রিকায় অনেকবার বেরিয়েছিল। সেখানে দেখা যাচ্ছে ৯৯৯টা ভোট হয়তো আপনাদের লোক পাচ্ছে আর বিরোধী দলের প্রার্থী কোনোক্রমে ১টা ভোট

পাচ্ছে। এটা ভেবে দেখা দরকার। এই ঘটনা হতে পারে না। আপনারা অনেক সময় বলে থাকেন 'জনগণের ভোটে জিতেছি', 'জনগণ ৯৯৯টা ভোট দিয়েছে, আপনাদের না দিলে কি করব' ইত্যাদি ইত্যাদি। কিন্তু আমি বলতে চাই, এর সাথে বাস্তব পরিস্থিতির সঙ্গতি আছে কিনা সেটা ভেবে দেখার সময় এসেছে।

আর একটা বিষয় হচ্ছে, ১৯৮২ সালে জনসংখ্যা ছিল ৫ কোটি ৫৮ লক্ষ। ১৯৮৭ সালে তা বেড়ে দাঁড়ালো ৬ কোটি ২৩ লক্ষ। অর্থাৎ কিনা জনসংখ্যা বৃদ্ধির হার গিয়ে দাঁড়ালো ১১.৬৮ শতাংশ। আর ইলেকশন কমিশনের ভোটার তালিকায় দেখা গেল ১৯৮২ সালে ভোটার ছিল ২ কোটি ৯৯ লক্ষ, কিন্তু ১৯৮৭ সালে তা বেড়ে গিয়ে দাঁড়ালো ৩ কোটি ৫৩ লক্ষ। বৃদ্ধির হার ১৭.৯৯ শতাংশ বা ১৮ শতাংশ। তাহলে জনসংখ্যা বৃদ্ধির হার ১১.৬৮ শতাংশ হলেও ভোটার সংখ্যা বৃদ্ধির হার হল ১৮ শতাংশ। এ থেকে বোঝা যাচ্ছে কীভাবে ভোটার লিস্টে কারচুপি করা হচ্ছে এবং সেই সব ভুতুড়ে ভোটার, জাল ভোটাররা নির্বাচনে আপনাদের জেতাচ্ছেন তাতে কোনো সন্দেহ নেই। অবাধ নির্বাচন যদি হয়, বুথ ক্যাপচারিং না থাকে, মানুষ যদি অবাধে ভোট দিতে পারে, তাহলে আপনারা নিশ্চয় অসুবিধার মধ্যে পড়বেন, এ ব্যাপারেও কোনো সন্দেহ নেই। দুর্ভাগ্যের বিষয় কংগ্রেসের সঙ্গে তৃণমূল আন্ডারস্ট্যান্ডিং করতে পারছে না। প্রতিবার আমরা বলছি, আমরা তৃণমূলের সঙ্গে একটা মহাজোট করব এবং যখনই একথা বলেছি তখনই আপনারা ঘাবড়ে গিয়েছেন। আপনারা মনে মনে জানেন, বিরোধী ভোট এককাট্টা হলে বহু জায়গায় আপনাদের প্রার্থী পরাজিত হবেন। সুতরাং আপনারা খুশী নিশ্চয় যে, কংগ্রেসের সঙ্গে তৃণমূলের মহাজোট হচ্ছে না, এখনও পর্যন্ত সেটাই দেখা যাচ্ছে, পরে কী হবে জানি না ! আমরা বলেছি, তৃণমূল যতক্ষণ পর্যন্ত না এন. ডি. এ. ছেড়ে, বি. জে. পি.-র সঙ্গ ছেড়ে বেরিয়ে আসছে ততক্ষণ তাদের সাথে জোট করার কোনো প্রশ্ন নেই। এই নির্বাচনে আমরা কতদূর সফল হব, সেটা নিশ্চয় একটা চিন্তার ব্যাপার। আপনারা গণতন্ত্রের কথা বলেন, জনগণের ভোটে নির্বাচিত হয়েছেন বলেন, কিন্তু আপনারা অন্তরে, বুকে হাত দিয়ে বলুন তো সেই গণতন্ত্র কতখানি সত্যিকারের গণতন্ত্র এবং কতটা অগণতান্ত্রিক ? নিশ্চয় আপনারা যদি সত্যি কথা বলেন তাহলে দেখবেন এর মধ্যে অগণতান্ত্রিক, ভুয়ো ভোটার, বুথ ক্যাপচারিং, রিগিং হয় এবং তার মধ্যে দিয়ে আপনারা ষষ্ঠবার জিতেছেন আবার হয়তো সামনের নির্বাচনে জিতবেন বলে আশা করছেন।

বিধানসভায় অনেক সদস্য বারবার বলেন যে, খুন, রাহাজানি, ধর্ষণ, অপহরণ ইত্যাদির সংখ্যা ক্রমশ পশ্চিমবঙ্গে বেড়ে যাচ্ছে। এটা খুবই দুঃখের কথা। এগুলো যাতে না হয় সেটা দেখা দরকার। মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন পশ্চিমবঙ্গ নাকি আইন-শৃঙ্খলার ক্ষেত্রে একটা 'মরূদ্যান'। কিন্তু সেই মরূদ্যানে যে রকমের ঘটনা ঘটছে তা নিশ্চয়ই লজ্জাজনক। তাই মাননীয় মুখ্যমন্ত্রীকে বলছি, যাতে এই রকম খুন, রাহাজানি, ধর্ষণ না হয় এবং সংখ্যাটা আস্তে আস্তে কমে যায় তার জন্য আপনার সর্বতোভাবে চেষ্টা করা দরকার। গত ২৮ বছরে পশ্চিমবঙ্গে খুন হয়েছে ৪৩,৭৯৪ জন। এর মধ্যে রাজনৈতিক খুন হয়েছে ১২ হাজার। সেই সব রাজনৈতিক খুনের মধ্যে কংগ্রেসের কর্মীরা আছেন এবং তৃণমূল ও অন্যান্য বিরোধী

দলের মেম্বারও থাকতে পারেন। কিন্তু আশ্চর্যের ব্যাপার যেটা সেটা হচ্ছে শাস্তির হার কিন্তু খুব কম। রাজ্যে আপনারা যদি খুন, রাহাজানি, ধর্ষণ বন্ধ করতে চান তাহলে শাস্তির ব্যবস্থা করতে হবে। আগেরবার আমি এ ব্যাপারে মাননীয় মুখ্যমন্ত্রীকে বললে উনি বলেছিলেন, 'আমি কী করব এগুলো তো বিচারালয়ের ব্যাপার।'

[1.40—1.50 p.m.]

কিন্তু বিচারালয়ে খুনীরা কোনো শাস্তি পাচ্ছে না, এই বিষয়টা আপনাকেই দেখতে হবে। শাস্তি পাচ্ছে না কেবলমাত্র পুলিশের অপদার্থতার জন্য। সেখানে খুনের মামলায় যারা সাক্ষী তাদের ঠিকমতো হাজির করতে পারেননি। সুতরাং শুধু খুন নয়, ধর্ষণ, রাহাজানি, অপহরণই নয়, বিচারালয়ে দোষীদের জন্য কোনো শাস্তিরই ব্যবস্থা করতে পারেননি। এটা আপনার পুলিশ বলুন, প্রশাসন বলুন, তাদের তীব্র ব্যর্থতা সেই বিষয়ে কোনো সন্দেহ নেই। সেখানে ১২ হাজার খুন হওয়ার পরেও শাস্তির পরিমাণ কত মাননীয় মুখ্যমন্ত্রী তাঁর জবাবী ভাষণে জানাবেন। কতজন শাস্তি পেয়েছেন মাননীয় মুখ্যমন্ত্রী তার জবাব দেবেন, কিন্তু তাতেও দেখা যাবে শাস্তির পরিমাণ কম। আপনারা জানেন কোনো অপরাধ করার প্রবণতা কমাতে গেলে তাকে শাস্তি দিতে হবে। শাস্তির ভয় যদি থাকে তাহলে খুন হোক, রাহাজানি হোক সেগুলো আস্তে আস্তে কমবে। এখানে সেইরকম পরিবেশ আমরা দেখতে পাচ্ছি না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, খুব দুঃখের সঙ্গে লক্ষ করতে হচ্ছে যে, যে অর্থনৈতিক সংকটের মধ্যে দিয়ে এই রাজ্য চলছে সেই বিষয়ে কোনো উল্লেখই মাননীয় রাজ্যপালের ভাষণে নেই। আপনারা জানেন ঋণের পরিমাণ এই রাজ্যে ১ কোটি ৩৭ লক্ষ কোটি টাকাতে গিয়ে দাঁড়িয়েছে। দু-এক কোটি টাকা নয়, ১ কোটি ৩৭ লক্ষ কোটি টাকাতে গিয়ে দাঁড়িয়েছে। কেবলমাত্র ঋণ নিয়েছেন, আর কিছু হেল্প পেয়েছেন, যেমন কেন্দ্রীয় সরকারের থেকে কিছু টাকা পেয়েছেন, বিভিন্ন সংস্থার থেকে কিছু পেয়েছেন তাই দিয়ে সরকার চালাবার চেষ্টা করছেন। তাও একটা জিনিস বলি, যে টাকা আপনারা পাচ্ছেন তার কিছু তো পঞ্চায়েত দপ্তরের মাধ্যমে খরচ হচ্ছে। সেখানে আপনারা যদি অনুসন্ধান করে দেখেন তাহলে দেখবেন যে, সেখানে প্রপারলি ইউটিলাইজেশন হচ্ছে না। সেখানে শতকরা ১০০ টাকাও ইউটিলাইজ হচ্ছে না। সেখানে ১ লক্ষ টাকা এলে পরে ১০ হাজার টাকা খরচ হয়, আর বাকী ৯০ হাজার টাকা তছরূপ হয়ে যায়। এইভাবে চলতে থাকলে কখনো পশ্চিমবঙ্গের সার্বিক উন্নয়ন সম্ভব নয়। পশ্চিমবঙ্গে ডি.এফ.আই.ডি. কিংবা কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে যতই টাকা পাঠাক না কেন তার সদ্ব্যবহার ঠিকমতো হচ্ছে না। ডি.এফ.আই.ডি. বা অন্য কোনো সংস্থার থেকে দেশের উন্নয়নের জন্য, হাসপাতাল উন্নয়নের জন্য প্রচুর টাকা আসছে সেই বিষয়ে কোনো সন্দেহ নেই। কিন্তু সেই টাকার প্রপার ইউটিলাইজেশন হয় না। ৮০ পার্সেন্ট যদি তছরূপ হয়ে যায়, তাহলে উদ্দেশ্য সাধিত কি করে হবে ? সরকারি পক্ষ থেকে বলা হয়ে থাকে যে, আগে কংগ্রেস আমলে যেসব জীর্ণ, শীর্ণ মানুষেরা হেঁটে মিছিলে আসত, আজকে সেখানে সেইসব মানুষেরা মোটা-শোটা হয়ে রাস্তায় হাঁটছে। এটা যে কতদূর সত্য সেই বিষয়ে যথেষ্ট সন্দেহ আছে। পশ্চিমবঙ্গে যে অবস্থা কংগ্রেস আমলে ছিল, পশ্চিমবঙ্গ যে উন্নয়নের শিখড়ে পৌঁছেছিল আজকেও সেই উন্নয়নের জায়গাতে রয়েছে। বরঞ্চ পশ্চিমবঙ্গ ছাড়া অন্যান্য রাজ্য, যেমন—কর্ণাটক, গুজরাট, তামিলনাড়ু অনেক বেশি উন্নয়ন করেছে। পশ্চিমবঙ্গ সেইভাবে

পারেনি, ফিসক্যাল ডেফিসিট নিয়ে পশ্চিমবঙ্গের অর্থমন্ত্রী প্রতিবারই বাজেট পেশ করছেন। তাতে দেখা যাচ্ছে রাজ্যের রাজস্ব আদায়ের চেয়ে খরচের মাত্রা বেশি। সেখানে রাজস্ব আদায় এবং রাজস্ব খরচের মধ্যে তফাৎ ১২ হাজার কোটি টাকার। আপনারাও তো বাড়ির সংসার চালান—আপনার যদি আয়ের পরিমাণ ১ হাজার টাকা হয় আর ব্যয়ের পরিমাণ দেড় হাজার টাকা হয় তাহলে কতদিন আপনি সামাল দিতে পারবেন ? প্রথমে এর ওর কাছ থেকে ধার নিয়ে চালাতে হবে, তারপরে আর উপায় না থাকায় ঘটি-বাটি বিক্রি করতে হবে অথবা কারুর কাছে গিয়ে হাত পাততে হবে। ফিসক্যাল ডেফিসিট ১২ হাজার কোটি টাকা। রাজস্ব আদায় এবং রাজস্ব ব্যয়ের ব্যবধান ক্রমশ বেড়েই যাচ্ছে। রাজ্য সরকার যদিও চেষ্টা করছেন রাজস্ব আদায় বাড়িয়ে রাজস্ব ব্যয় কমাতে। যার জন্য মদের উপরে লাইসেন্স দিয়ে, গাড়ির ট্যাক্স বিভিন্নভাবে বাড়িয়ে, সেখানে ১৫ বছরের ট্যাক্স আদায় করার যে পদ্ধতি নিয়েছেন, যেটা কোনোভাবেই করা উচিত নয়, কিন্তু এইভাবে ট্যাক্স আদায় করে রাজস্ব আদায় করতে চাইছেন। একটা গণতান্ত্রিক সরকার, বামফ্রন্ট সরকারের এটা কোনোভাবেই করা উচিত নয়। কিন্তু সেই জিনিস তাঁরা করছেন এইভাবে ১২ হাজার কোটি টাকা আটকানোর চেষ্টা করছেন।

কিন্তু শুধু মদের লাইসেন্স দিয়ে আপনাদের এই ব্যবধান মিটবে না। আপনাদের আর একটা জিনিস মনে রাখা দরকার, এই যে অবাধ মদের লাইসেন্স দিচ্ছেন তাতে আজকে যে সমস্ত ছেলেপিলেরা আপনি গ্রামে গেলে বা শহরে গেলে খুঁজে পাবেন না এমন একটা ইয়ং ছেলে যে মদ খায় না, প্রত্যেকে মদ খায়। এই যে একটা অবস্থা সৃষ্টি করছেন, এই অবস্থা নিশ্চয়ই বাঞ্ছনীয় নয় পশ্চিমবাংলার সমাজের পক্ষে। সুতরাং মদের লাইসেন্স দিয়ে এই ফিসক্যাল ডেফিসিট মেকআপ করবেন এই আশা আপনাদের ত্যাগ করা উচিত এবং অন্য উপায়ে আপনাদের ফিসক্যাল ডেফিসিট কমানোর ব্যবস্থা করতে হবে। আমি আগেই বলেছি যে, কেন্দ্রীয় সরকার বিভিন্ন উন্নয়নমূলক কাজের জন্য আপনাদের যে সমস্ত টাকা দেয় ২৫ পারসেন্ট বা ২০ পারসেন্ট, সেই টাকা কিন্তু সদ্ব্যবহার করা হচ্ছে না, আর এটা হচ্ছে না জেনেই কেন্দ্রীয় সরকার গত বছরে তাদের যে টাকা দেওয়ার কথা তার থেকে ১১২ কোটি টাকা ছাঁটাই করে দিয়েছে। এটা খুব আনন্দের কথা নয়, এটা খুব গর্বের কথা নয় যে আপনাদের টাকা যেটা পাওনা ছিল কেন্দ্রীয় সরকারের কাছ থেকে সেটা আপনারা খরচ করতে পারেননি, আপনারা তছরূপাদি করেছেন, তার জন্য ১১২ কোটি টাকা তারা কম করে দিয়েছেন। ভুয়ো রেশন কার্ডের কথা আমি আগেই বলেছি। এর মধ্যে বিশেষ করে কার্ড ডিসট্রিবিউট হয়েছে ৮ কোটি ৬৩ লক্ষ আর আমাদের পশ্চিমবঙ্গের বর্তমান জনসংখ্যা ৮ কোটি ১৫ লক্ষ। বুঝতেই পারছেন যে, কত ভুয়ো রেশন কার্ড বিলি করা হয়েছে ? কেন করা হয়েছে ? কাদের করা হয়েছে, এগুলো আপনাদের ভাবনা-চিন্তা করতে হবে। ইলেকশন কমিশন এসে ধরিয়ে দেবে তারপর আপনাদের চক্ষু খুলবে এটা ঠিক নয় ! এটা তো আপনাদের নিজেদেরই দেখা উচিত। আপনারা নিজেরা যদি না দেখেন, আপনারা ইলেকশানে জেতবার জন্য ভুয়ো রেশন কার্ড করে সেটা বিলি করে থাকেন এবং যেটা বিলি করেছেন এই জিনিসটা নিশ্চয়ই আপনাদের ভাবনা-চিন্তা করতে হবে। এতো রেশন কার্ড হওয়া সত্ত্বেও আপনারা আমাদের সঙ্গে একমত হবেন যে গ্রামের যারা গরিব মানুষ তাঁরা কিন্তু এই

পাবলিক ডিস্ট্রিবিউশান সিস্টেম থেকে তাঁদের যে পাওনা সেই পাওনা তাঁরা পাচ্ছেন না, অন্ত্যোদয় যোজনায় তাদের যে টাকা পাওনা, যে গম, চাল পাওয়ার কথা সেটা তারা পাচ্ছে না। বি.পি.এল. লিস্ট আপনারা এখনও পুরো পরিষ্কার করতে পারলেন না। এটা যদি না করতে পারেন তাহলে বিলো পভার্টি লাইনে যাঁরা আছেন তাঁরা কিন্তু উপকৃত হবেন না। এই কিছুদিন আগে নাকি কাগজে বেরিয়েছে যে, আপনাদের দলের এম.এল.এ. বি.পি.এল. লিস্টে ঢুকে গিয়েছেন। খুব লজ্জার কথা। সেটা যদি আপনারা অনুসন্ধান করে সত্যিকারের যাঁরা দারিদ্র্যসীমার নীচে বাস করেন তাঁদেরকে যদি আপনারা এই লিস্টের মধ্যে না এনে এমন অযাচিত লোক যার বি.পি.এল. লিস্টে থাকার কথা নয়, সেইরকম লোককে বি.পি.এল. লিস্টে নেয়, তাহলে বি.পি.এল. লিস্টে যে মুখ্য উদ্দেশ্য তা কখনও সাধিত হবে না। আপনার মাধ্যমে তাই সরকারের কাছে অনুরোধ করছি যে, আপনারা অবিলম্বে গোটা পশ্চিমবঙ্গে বি.পি.এল. লিস্ট যাতে নিখুঁতভাবে করা হয় তার জন্য চেষ্টা করুন। বি.পি.এল. তালিকায় যাঁরা আছেন তাঁদের সার্বিকভাবে সাহায্য করার ব্যবস্থা করুন। এবারে আমি ভূমি সংস্কারের কথায় আসছি। ভূমি সংস্কারের ক্ষেত্রে কাশেম সাহেব সেদিন বললেন যে, আমরা যা দেখেছি আমাদের সময় যা বিলি হয়েছে তা নাকি সবই ভুয়ো ! আপনারা এই ভুয়ো রেশন কার্ডের মতো আপনারা যদি বলেন আমরা যেটা করেছি স্ট্যাটিসটিক্যাল অ্যাপেনডিক্স-এ যা আছে যেটা আমাদের ঘোষিত, কাগজে-কলমে দিয়েছি সেগুলো সব ভুয়ো, তাহলে আমার বলার কিছু নেই। তাহলে আমরাও বলব যে, আপনারা যে ফিগার দিয়েছেন সেগুলো সব ভুয়ো। সুতরাং ওই তর্কের মধ্যে না গিয়ে যে অ্যাকচুয়াল ফিগার্স, যে অ্যাকচুয়াল ফ্যাক্টস যা স্ট্যাটিস্টিক্যাল অ্যাপেনডিক্স থেকে পেয়েছি সেটা আপনাদের সামনে আর একবার তুলে ধরছি, বহুবার আপনাদের সামনে তুলে ধরেছি, আবারও তুলে ধরছি, তার কারণ মাননীয় রাজ্যপাল তাঁর ভাষণে ভূমি সংস্কারের এমন ভূয়সী প্রশংসা করেন যেন এই ভূমিসংস্কারের মধ্যে দিয়ে একটা আমূল পরিবর্তন পশ্চিমবঙ্গে এসেছে। হ্যাঁ, এসেছে, ১৯৭৭ সালের পর ১৯৭৮-৭৯ সালে কিছু ভূমিসংস্কার হয়েছে কিন্তু তারপর এই ভূমিসংস্কার একেবারে বন্ধ হয়ে গিয়েছে। ভূমিসংস্কার নিয়ে বাজেটের সময় আমি প্রত্যেকবারেই বলি, এবারও বলছি, তবে এতো বিস্তৃতভাবে বলবার সময় নেই, আমি শুধু পরিসংখ্যান দিচ্ছি। আমাদের ৫ বছরে কৃষি জমি বণ্টন হয়েছিল ২ লক্ষ ৬০ হাজার একর, আর আপনাদের ২৮ বছরে বিলি হল ৪ লক্ষ ৬০ হাজার একর।

[1.50—2.00 a.m.]

তাহলে ৫ থেকে ২৮ হাজার, প্রায় ৫-৬ গুণ বেশি। তাহলে আমাদের রেটের সঙ্গে আপনারা সমান তালে চলতে পারলেন ? তাছাড়া ২ লক্ষ ৭ হাজার ৫ বছরে, তার অন্তত ৫-৬ গুণ ডিস্ট্রিবিউশান করার কথা ছিল। আপনারা করেছেন আমাদের থেকে মাত্র ২ গুণ বেশি। আপনারা বড়াই করেন, 'আমরা আমুল ভূমি সংস্কার করেছি।' সেটা ঠিক নয়। ভূমিসংস্কার পশ্চিবাংলায় হচ্ছে না। আপনারা সবাই জানেন প্রতি বছর ২-৩ হাজার একর জমি সরকারে হাতে ন্যস্ত হচ্ছে। বর্গা রেকর্ড হচ্ছে না। যার ফলে এখন ভূমিসংস্কার নিস্তেজ হয়ে গিয়েছে। বিনয়বাবু যখন ভূমিসংস্কার মন্ত্রী ছিলেন তখন তাঁকে জিজ্ঞেস করেছিলাম,

"পশ্চিমবাংলায় কত বর্গাদার আছে ? উনি বলেছিলেন ৩০ লক্ষ বর্গাদার আছে। পরে বলেন ১৫ লক্ষের উপর, তারপরে বলেন ১৫ লক্ষ ১ হাজার, ১৫ লক্ষ ২ হাজার, ১৫ লক্ষ ৩ হাজার। তারপর উনি নিজেই ভুল স্বীকার করে বলেন বর্গাদারের সংখ্যা ২০ লক্ষ। তাহলে প্রতি বছর ১ হাজার ২ হাজার বর্গা রেকর্ড হয়েছে। তাহলে একটা রেকর্ড প্রকাশ করুন যে, পশ্চিমবাংলায় ২০ লক্ষ বর্গাদার আছে। সবাইকে সেই লিস্টে আনতে আপনাদের ২০০ বছর লাগবে। আপনারা বলেছেন, 'আমূল ভূমিসংস্কার করেছি', এই কি তার নমুনা ? আর একটা কথা বলতে চাই জমি বন্টন করা হয় ভূমিহীন কৃষকদের মধ্যে। তার মধ্যে শতকরা ১৩ ভাগ ভূমিহীন কৃষকই সেই জমি রাখতে পারেন না। তাঁরা সেই জমি বিক্রি করে দিচ্ছেন বা হস্তান্তর করে দিচ্ছেন। যে উদ্দেশ্য নিয়ে ভূমিসংস্কার করা হচ্ছে সেই উদ্দেশ্য খারাপ নয়, উদ্দেশ্যটা মহৎ। আমরা সেই উদ্দেশ্য নিয়েই ভূমিসংস্কার শুরু করেছিলাম। কিন্তু বাস্তবে দেখা যাচ্ছে সেটা সত্যিকারে রূপায়িত হয়নি। সেটা আপনারা নিশ্চয়ই ভাবনা-চিন্তা করে দেখবেন।

স্যার, আমার সময় অল্প তাই শিল্প সম্পর্কে কিছু বলতে পারলাম না। গঙ্গার ভাঙন, এটা আমাদের জেলার একটা জ্বলন্ত সমস্যা। আপনারা জানেন এই নিয়ে অনেক হইচই হয়েছে, অনেক চিঠি কেন্দ্রীয় সরকারের কাছে লেখা হয়েছে। কিন্তু এ পর্যন্ত বন্যা প্রতিরোধ করার জন্য, গঙ্গা-পদ্মার ভাঙন রোধ করার জন্য প্রকৃত ব্যবস্থা এখনও নেওয়া যায়নি। এটা যদি আপনারা করতে না পারেন তাহলে প্রতি বছর হাজার হাজার মানুষ গৃহহীন হয়ে পড়বেন, চাষের জমি নষ্ট হয়ে যাবে। তাঁরা শেষ পর্যন্ত পথে বসবেন। এ ব্যাপারে সরকারের আরও দৃষ্টি দেওয়া দরকার। গঙ্গা-পদ্মা ভাঙনের ব্যাপারে তাঁরা দৃষ্টি দেননি এটা দেখার জন্য আমি আপনাদের অনুরোধ করব।

আর একটা কথা বলছি, আপনারা প্রায়ই বলেন আপনারা শুধু সমালোচনা করেন, কোনো কনস্ট্রাকটিভ সাজেশান দেন না। আমি একটা কনস্ট্রাকটিভ সাজেশান দিচ্ছি। অনেক মিনি ডিপ বেআইনিভাবে চলছে। ওয়াটার লেভেল ট্রিটমেন্টের বাইরে তারা বিদ্যুতের কানেকশান পায় না। তারা বলছে বহু দূরের খুঁটি থেকে বিদ্যুৎ নিয়ে তাদের চালাতে হয়। আমি বহুবার সরকারকে বলেছিলাম এগুলোয় সরকারের তরফ থেকে কানেকশান দেওয়ার ব্যবস্থা করুন। ওরা বলছে, 'এক একটা কানেকশান দিতে ৪-৫ লক্ষ টাকা লাগবে।' কিন্তু চাষীদের তো এত টাকা দেওয়ার ক্ষমতা নেই। রিজনেব্‌ল অ্যামাউন্ট নিয়ে সরকারের তরফ থেকে যদি তাদের কানেকশান দেওয়া হয় তাহলে সরকারের খাতে পয়সা আসবে। মাঝে মাঝে পুলিশ যায় এবং তাদের ধরে। এর ফলে তারা হয়রানি হয়। আবার কিছু টাকা ঘুষ পেলে তাদের ছেড়ে দেয়। পশ্চিমবঙ্গে এই যে অবস্থা চলছে এটা অবশ্যই পরিবর্তন দরকার। আপনারা যদি চান তার ব্যবস্থা নিশ্চয়ই করবেন। অনিয়মে অনেক মিনি ডিপ টিউবওয়েল চলছে। সেগুলোতে আপনারা অফিসিয়ালভাবে কানেকশান দিন। আপনাদের সরকার অনেক কানেকশান দিয়েছে বলে বলছেন। কিন্তু খুব কম জায়গায় কানেকশান হয়েছে। আর একটা হচ্ছে ফ্লাড সেন্টারের অভাব। অর্থের অভাবে এটা করা যায়নি কিনা আমি জানি না ! গ্রামে যে সমস্ত প্রাথমিক স্কুল আছে সেগুলোকে যদি দোতলা করে দেন তাহলে সেগুলো ফ্লাড সেন্টার হিসেবে ব্যবহার হতে পারে।

বন্যার সময় জানেন মানুষ গাছের উপরে উঠে, বাড়ির চালের উপরে উঠে জীবন রক্ষা করে। এই ধরনের ফ্লাড সেন্টার যেখানে হয়েছে ভালো, কিন্তু প্রাইমারি স্কুলগুলোকে দোতলা করে যদি ফ্লাড সেন্টার করেন তাহলে অনেক মানুষের জীবন রক্ষা পেতে পারে। এই কথা বলে, সকলকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী নিখিল মুখার্জী : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, এই মহতী অধিবেশনে মাননীয় রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন, তার উপর যে ধন্যবাদসূচক প্রস্তাব এসেছে, তাকে আমি সমর্থন করছি এবং গতকাল থেকে যে বিতর্ক এখানে চলছে, তাতে যে বিষয়গুলো উঠে এসেছে, তার কিছু কিছু বিষয়ে আমি আলোচনা করব।

আমি অতীশদার আলোচনা কিছুটা শুনলাম। আমার একটু দেরি হয়ে গেছে। তাতে বেশ কিছু বিষয়ে তিনি তাঁর চিন্তা-ভাবনা ব্যক্ত করেছেন এবং সরকারকে কিছু পরামর্শ দিয়েছেন। গঠনমূলক পরামর্শ সানন্দে গৃহীত হবে এবং পরবর্তীকালে বিবেচিত হবে। এই কথা বলছি, কেননা পরে তো বামফ্রন্টই আসছে, বলা যেতে পারে এই সরকারের কন্টিনিউয়েশন, তখন এইগুলো বিবেচনা করা হবে। যে দুর্বলতার দিকগুলো তুলে ধরেছেন সেইগুলো অবশ্যই ভাবতে হবে। তবে একথা ঠিক যে, বর্গাচাষী রেকর্ড করে পাট্টা দেওয়ার যে ব্যবস্থা ছিল শুরুতে, এখন সেটা সম্পূর্ণ হওয়ার পর সেইমতো বাস্তবতা নেই। কিন্তু এ ক্ষেত্রেও যদি কিছু ঘাটতি থাকে নিশ্চয় সেটা দেখা হবে সরকারের পক্ষ থেকে। প্রয়োগের স্তরে যদি কিছু করার প্রয়োজন থাকে তা করা হবে, তবে সরকারের নীতির স্তরে নয়।

গতকাল আলোচনার শুরুতে সৌগতবাবু বক্তব্য রেখেছেন। আমি অবাক হয়ে যাচ্ছি এই ভেবে যে, কি ব্যাপারটা দাঁড়াবে শেষ পর্যন্ত ? অন্য সময় দেখি এদিক থেকে ওদিকে যাওয়া, ওদিক থেকে এদিকে আসা। এখন আবার একটা টাগ অফ ওয়ার চলছে। গতবার বিধানসভার আগে ১নং জোট হয়েছিল, মহাজোট হয়েছিল। এখন শুনছি ২নং জোট হবে। অর্থাৎ, তলায় তলায় জোট হবে। একটা দর কষাকষি চলছে। তৃণমূল ভাবছে বেশি সিট নিয়ে কংগ্রেসকে ছোট দল হিসাবে দেখাবে। আবার কংগ্রেস ভাবছে পরিবর্তিত পরিস্থিতিতে তারাই বড় দল হবে, তাহলে কেন বেশি সিট নেব না ? এই নিয়ে একটা দর কষাকষি আছে। অতীশবাবুকে শুধু বলব যে, এমন আকুতি কেন বারবার দেখানো হচ্ছে যে, মমতা ব্যানার্জী বা তৃণমূল কংগ্রেস যদি এন. ডি. এ.-কে ছেড়ে চলে আসে তাহলে তাঁকে এমনকি মুখ্যমন্ত্রীও করতে রাজি? একটা দল বা একটা নেত্রী বা নেতা, দেওয়ালে যেমন টিকটিকি লটকে থাকে সেইরকম যদি বি জে পি-র সঙ্গে লটকে থাকে এবং মাঝে মাঝে টিকটিকি যেমন নেমে আসে শিকার করতে সেইরকম ভাবে কংগ্রেসকে গেলবার জন্য মাঝে মাঝে ঝাঁপায় তাহলে কেন আপনারা উৎসাহিত হন সেটা আমি বুঝতে পারছি না। কেন তাঁদের জন্য এত আকুতি, এত চোখের জল ফেলতে হয়, চোখের জল মোছবার জন্য রুমাল রাখতে হয়, সেটা বুঝতে পারছি না। তবে রুমাল আপনাদের রাখতেই হবে চোখের জল মোছার জন্য, কেননা মানুষ অশুভ কিছু মেনে নেবে না। আপনাদের মনে আছে, যখন গুজরাটে নরেন্দ্র মোদি সরকার গঠন করলেন, একটা মানবতাহীন দলের উত্তরসূরী যাঁকে করা হবে, তখন আপনাদের দলই তাঁকে স্বাগত জানিয়েছিল। মানুষ সেই কথা ভুলে যাবে না। যাঁরা এতদিন ধরে সাম্প্রদায়িকতাকে

সমর্থন করে আসল, আমি জানি না কংগ্রেস দলের জাতীয় নেতারা কেন দিন-ক্ষণ গুণছেন বিড়ালের ভাগ্যে শিকে ছেঁড়ার মতো কবে তাঁরা এন.ডি.এ. ছেড়ে আসবে আর তাঁদের গ্রহণ করবেন বলে ? এটা আমার কাছে মিল খায় না।

[2.00—2.10 p.m.]

কেননা, এটা সাম্প্রদায়িকতাকে সমর্থন করারই নামান্তর। এ ইক্যুয়াল টু বি, বি ইক্যুয়াল টু সি, এটা জানা। এ ইক্যুয়াল টু সি যদি হয়, তাহলে মানুষের এটা বোঝা উচিত যে এ ইক্যুয়াল টু সি যদি হয় তাহলে তৃণমূল কংগ্রেসকে সমর্থন হয়, তাহলে তৃণমূল কংগ্রেস বি.জে.পি.-কে সমর্থন করে। মানুষ যে কংগ্রেসের সপক্ষে দাঁড়িয়ে সাম্প্রদায়িকতার বিরুদ্ধে জেহাদ ঘোষণা করেছে, সাম্প্রদায়িকতার বিরুদ্ধে রায় দিয়েছে, তাদের মাধ্যমে আজকে কংগ্রেস ইউ পি এ গভর্ণমেন্ট ফর্ম করেছে। কেন্দ্রে আসীন হওয়ার সুযোগ পেয়েছে। মানুষের এই যে দৃষ্টিভঙ্গী এটাকে না মানলে তাদের প্রতি বিশ্বাসঘাতকতা করা হয় এটাই মানুষ মনে করবে। এটা তারা ক্ষমা করবে না। অতএব এটা একটা নীতির লড়াই হোক, আদর্শের লড়াই হোক। একটা দল তারা সাম্প্রদায়িক শক্তির সঙ্গে জোটবদ্ধ হয়ে তারা তাদের পথে চলুন আর কংগ্রেস দল তারা যে ইউ পি এ গভর্নমেন্ট ফর্ম করেছে অভিন্ন ন্যূনতম কর্মসূচি পালন করার মধ্য দিয়ে, যারা সেটা কচলে দিচ্ছে বিভিন্ন কর্মকাণ্ডের মাধ্যমে এদের সম্পর্কে একটা দৃষ্টিভঙ্গী জনগণ পোষণ করবেন। আর বামফ্রন্ট সরকার যাদের জনকল্যাণমূলক কর্মসূচি, জনপ্রিয়মূলক কর্মসূচি বাস্তবায়িত করার মধ্যে দিয়ে আমাদের রাজ্যকে এগিয়ে নিয়ে যাচ্ছে মানুষ তাদের কথাই ভাববে। কালকে আমি শুনছিলাম যে একজন সদস্য বলছিলেন, বামফ্রন্ট সরকারের সরকার পরিচালনা করার কোনো নৈতিক অধিকারই নেই। নির্বাচন কমিশনের কথাও বলা হয়েছে। আমরা জানি নির্বাচন কমিশন অতীতেও ছিল। নির্বাচন কমিশন কোন স্টাইলে কাজ করবে সেটা সম্পূর্ণ নির্বাচন কমিশনের ব্যাপার। এটা কোনো পার্টির নির্দেশে হচ্ছে বলে তো আমার মনে হয় না। এবারও জেলায় পরিদর্শক পাঠানো হয়েছে, সেটা কোন দল থেকে বলা হয়েছে বলে আমার মনে হয় না। ভোটার্স লিস্ট তৈরি করার দায়িত্ব তো নির্বাচন কমিশনের। এ তো কোনো দল করে না। যারা ভোটার্স লিস্ট তৈরি করে তাদের তো নির্বাচন কমিশন নিয়োগ করে। হ্যাঁ, এ কথা ঠিক যে, সেখানে কোনো ভুল থাকতে পারে। সেগুলোকে সংশোধন করা উচিত। এটা আমরা মনে করি। নির্বাচন কমিশন যদি সকলের সহযোগিতা নিয়ে সুষ্ঠু নির্বাচন করেন, তাহলে বামফ্রন্ট সরকার আরও ভালো করবে। গণতান্ত্রিকতার পক্ষে আমরা সেটাকে স্বাগত জানাতে চাই। কিন্তু এটা মনে রাখতে হবে।, সাংবিধানিক অধিকার সকলেরই আছে, দায়বদ্ধতা আছে এবং দায়িত্ব পালনের এক্তিয়ার আছে। সকলেরই নিজের সীমার মধ্যে থেকে কাজ করতে হবে। সে নির্বাচন কমিশন হোক, সে কোনো সাধারণ মানুষ হোক বা কোনো সরকারি অফিসার হোক। সাংবিধানিক রীতিনীতি মেনেই সেটা করতে হবে। ভোটার্স লিস্টে যদি গণ্ডগোল থাকে তাহলে বাইরে থেকে ভোটার আনতে হবে। ভোটের কাজ সরকারি কর্মচারী দিয়ে করানো যাবে না। ভোটের কাজে যারা অংশগ্রহণ করছে তারা সকলেই তো সি পি এম-এর লোক হয়ে গেছে। তাহলে কি হবে ? নির্বাচন কমিশন গবেষণা করে যদি এটা পরিষ্কার করে বলতে পারত। প্রায়ই এখানে

বিহারের ভোটের কথা বলা হয়। আসানসোলের ভোটের আগেও আপনারা বলেছিলেন। সেখানেও তো দেখলেন আরও বেশি ভোটের ব্যবধানে আমাদের প্রার্থী সেখানে জয়লাভ করেছে। মানুষের সমর্থন সেখানে প্রতিফলিত হয়েছে। মে মাসে যে নির্বাচন হবে সেখানেও এই একই জিনিস প্রতিফলিত হবে। এটা কোনো ভবিষ্যৎবাণী নয়, এটা হচ্ছে বাস্তব অবস্থার প্রতিফলন। এটা নির্বাচন কমিশনের কোনো গালগল্প নয়। ফেক ভোটার বলা হচ্ছে। এইগুলো সংশোধন হোক। এইগুলো সংশোধন হওয়া উচিত বলে আমরা মনে করি। নির্বাচন কমিশনের চুকলিবাজি না করে সকলের সহযোগিতা করা এখানে একটা প্রশ্ন উঠেছে, আমাদের সরকারে থাকার কোনো নৈতিক অধিকার নেই, কালকে একজন একথা বলেছেন। এই প্রসঙ্গে একটা কথা বলি, আমাদের কথা নয়, জয়রাম রমেশ কংগ্রেসের একজন উপদেষ্টা স্থানীয়, বর্তমানে একটি দপ্তরের মন্ত্রী তিনি বলেছেন, West Bengal now as all that it takes to emerge as a frontrunner not only amount the Indian States but indeed the world over– as it is read by a Government which possesses a sense of urgency and direction. এটা কোনো সি. পি. এম. নেতার কথা নয়, বামফ্রন্ট সরকারের কথা নয়, জয়রাম রমেশ যিনি কংগ্রেসের একজন নেতা এবং বর্তমান মন্ত্রী। এটা যদি আমাদের সরকারের কথা হত তাহলে স্বতন্ত্র বিষয়, সরকার তো নিজেদের কথা বলবেনই। যিনি বলেছেন তিনি কংগ্রেসের প্রতিষ্ঠিত নেতা। আমি এটা অতীশদাকে শোনার জন্য বলছিলাম।

এতক্ষণ অবশ্য ওনার সমালোচনা করার সেই গণতান্ত্রিক অধিকার আছে। কিন্তু এটুকু সম্পর্কে ওঁদের কি ধারণা, প্রকৃত অর্থ কি, সেটা এই বক্তব্যের মাধ্যমে বলার চেষ্টা করলাম। আমি সেই জন্য বলছি যে, সরকারের নৈতিক অধিকার আছে কিনা, তার উত্তর আপনারাই খুঁজে নিন যে পর পর যে নির্বাচন হচ্ছে, তাতে ক্রমোন্নতি হচ্ছে বামফ্রন্টের ফলাফলের— সে শহরেই হোক কি গ্রামে। এটা আপনাদের মানতে হবে। এই বাস্তবকে আপনাদের মানতেই হবে। আপনাদের যদি কোনো সংশোধনীর প্রয়োজন থাকে, আপনারা সংশোধিত হন। মানুষের কাছে সংশোধিত আকারে যান। মানুষ যদি আপনাদের গ্রহণ করে, তাহলে আপনারা সমর্থন পেলে পরে পরিস্থিতির পরিবর্তন হবে। এটা আপনাদের বলছি এই কারণে যে, যদি আপনারা পরিবর্তিত হন। আমরা তো আছি। আমরা তো আপনাদের পাশে সর্বসময় আছি। আমরা গরিব মানুষের লড়াইয়ে আছি। এখানে বলা হচ্ছে—বামফ্রন্ট জমি কেড়ে নিচ্ছে! এই কথা আপনারাও জানেন যে, রাষ্ট্র সংঘের 'মানব উন্নয়ন প্রতিবেদন'-এ কি কথা বলা হয়েছে। এটা আমি আমার কোনো কাগজ দেখে পড়ছি না, এটা রাষ্ট্রপুঞ্জের কথা, আনন্দবাজার পত্রিকায় আনন্দ সহকারে কেন জানি না এই কথা উপস্থাপিত হয়েছিল যে, পশ্চিমবঙ্গে ভূমি বণ্টনের মধ্য দিয়ে গ্রামীণ অর্থনীতিকে এবং তার ভিত্তিকে শক্তিশালী করেছে এবং এটা শুধু ভারতবর্ষে নয়, এটা গোটা পৃথিবীর কাছে একটা উদাহরণযোগ্য ঘটনা। পৃথিবীর কাছে উদাহরণযোগ্য ঘটনা বলেই এটা একটা আন্তর্জাতিক স্বীকৃতি পেয়েছে। এটা রাষ্ট্র সংঘের মানব উন্নয়ন প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। এখন তাহলে সরকারের নৈতিক অধিকার

থাকে কিনা, সেটা আপনারাই বিবেচনা করুন। এটা হচ্ছে কি করে ? গতদিন আপনারা বলেছেন যে, বামফ্রন্ট সরকার জমি কেড়ে নিচ্ছে। অথচ আন্তর্জাতিক স্বীকৃতি কীভাবে তাহলে পাওয়া গেল ? জমি বণ্টনের মাধ্যমে গ্রামীণ অর্থনীতিকে শক্তিশালী করার জন্যই নিশ্চয় এটা সম্ভব হয়েছে ? আজকে পশ্চিমবঙ্গে কৃষিতে উৎপাদন বেড়েছে। এই কথা তো ঠিক যে, ১৯৭৬-৭৭ সালে খাদ্যশস্য উৎপন্ন হয়েছিল ৭৪ লক্ষ টন। এখন সেটা বেড়ে ১৭০ লক্ষ টনে এসে পৌঁছেছে। তাহলে এতখানি বৃদ্ধি পেল কীভাবে ? এটা নিশ্চয় এমনি এমনি হয়নি ! এখানে কতগুলি প্রক্রিয়া কাজ করছে। নিশ্চয় এখানে উৎপাদনশীলতা বেড়েছে। নিশ্চয় কৃষকরা আরও বেশি করে কৃষিকাজে যুক্ত হয়েছে। এর ফলে কৃষি উৎপাদনের মাত্রা বেড়েছে। এখন সেচসেবিত এলাকা বেড়েছে। এখন একফসলী জমিকে কীভাবে দোফসলী করা যায়, সেই ব্যাপারে কৃষকরা ভাবনা-চিন্তা করছে। এই সমস্ত কারণেই একই পরিমাণ জমিতে এতখানি কৃষি উৎপাদন বৃদ্ধি পেল। এখন জমির মালিকানা কেন্দ্রীভূত হয়েছে বর্গা এবং গরিব চাষিদের মধ্যে। পশ্চিমবঙ্গের ৭০ ভাগ জমি বণ্টন করা হয়েছে। ভারতবর্ষের অন্যান্য যেসব রাজ্যগুলিকে অতীশবাবুরা উন্নত বলে দাবি করলেন, সেখানে কৃষি জমির মালিকানা এত নেই। কারণ সেখানে পশ্চিমবঙ্গের মতো এত বিকেন্দ্রীকরণ করা হয়নি। এখানে ভূমিসংস্কার, এই যে বর্গা এবং পাট্টা এদের কথা এখানে বহু চর্চিত হয়েছে। এদের সম্পর্কে গতকাল কাশেম সাহেব বলে গিয়েছেন। সবচেয়ে বড় কথা হল ক্ষমতার বিকেন্দ্রীকরণের মধ্য দিয়ে মানুষকে উন্নয়নের কাজে যুক্ত করতে হবে। উন্নয়নের পরিকল্পনা গ্রহণ করতে হবে। এই ব্যাপারগুলি এখানে করা হয়েছে। প্রকল্প রূপায়ণ করা হয়েছে এবং মানুষকে বিকাশের সঙ্গে যুক্ত করা হয়েছে। এর সুফল মানুষ ভোগ করছে। এটাই সবচেয়ে বড় সামগ্রিক প্রক্রিয়া। এতদিন এখানে বলা হত, যারা লগ্নী করবে, তারা আপনাদের ডাকে সাড়াই দিচ্ছে না। অথচ এখন যারা সাড়া দিয়ে লগ্নী করছে, তাদের বিরুদ্ধে স্লোগান দিচ্ছে। এখানে বলা হচ্ছে যে, জমি চলে যাচ্ছে। চলতি ভাষায় একটা কথা আছে, ''যারে দেখতে নারি, তার চলনই বাঁকা'' এখানেও সেই একই অবস্থা হয়েছে। এখানে যখনই যা কাজ করা হচ্ছে, তখন সেটাকে ঠিকমতো আপনারা মেনে নিতে পারছেন না। স্পোর্টিং স্পিরিট যে আপনাদের নেই, সেটা আমরা দেখতে পাচ্ছি। আপনারা দেখবেন যে, আমাদের পশ্চিমবঙ্গের গ্রাহকরা ১৭,০০০ কোটি টাকার মতো শিল্পজাত পণ্য কেনে। প্রতি বছর এটা ৮/১০ পার্সেন্টের মতো বৃদ্ধি পাচ্ছে। প্রতি বছরই এই ক্রয়ক্ষমতা বৃদ্ধি পাচ্ছে এবং এই শিল্পজাত পণ্য কেনার মতো অর্থনৈতিক ক্ষমতা যে বৃদ্ধি পাচ্ছে, এটাকে জোগান দেওয়ার জন্য শিল্প গড়ে তোলাটা একটা কল্পনা বিলাস তো নয় !

[2.10—2.20 p.m.]

এটার একটা বাস্তব প্রয়োজনীয়তা আছে। মানুষের চাহিদা পাল্টাচ্ছে, মানুষের ক্রয় ক্ষমতা বেড়েছে এবং তার জোগান দেওয়ার জন্য শিল্প গড়ার প্রয়োজন রয়েছে বলে আজকে শিল্প গড়ে উঠছে। শিল্প গড়া কারোর ইচ্ছার উপর হচ্ছে না। পুরুলিয়া, মেদিনীপুর, বাঁকুড়ায় আয়রন অ্যান্ড স্টিল সেক্টরে ইন্ডাস্ট্রি গড়ে উঠেছে, স্পঞ্জ আয়রন, ফেরো অ্যালয়, ইন-গট ফার্নেস এগুলো নতুন করে গড়ে উঠছে। সেখানে কেন এই শিল্পগুলো গড়ে উঠছে ! তার

কারণ ওই সব জায়গায় শিল্প গড়ার কাঁচামাল হিসেবে কয়লা পাওয়া যায়, আয়রন ওরের প্রক্সিমিটি রয়েছে—এগুলো যে অনেক দূরে রয়েছে তা নয়, কাছাকাছির মধ্যে রয়েছে। পশ্চিমবঙ্গে এই কারখানাগুলো গড়ে উঠছে তার অন্যতম কারণ হচ্ছে, এখানে উন্নতমানের এবং দক্ষ শ্রমিক রয়েছে, বিদ্যুতের পরিস্থিতি ভালো, এখানে রাজনৈতিক স্থায়িত্ব রয়েছে, যার জন্য গোটা পশ্চিমবঙ্গে শিল্প গড়ে উঠছে। বাস্তব পরিস্থিতি অনুযায়ী কোথায় শিল্পগুলো গড়ে উঠবে সেটা ঠিক হয়। যেমন—স্পঞ্জ আয়রনের কারখানা চাইলেও দক্ষিণ ২৪ পরগনায় হবে না—সরকার সিদ্ধান্ত নিলেও শিল্পপতিরা সেখানে লগ্নী করবে না, আবার কিছু শিল্প আছে যেগুলো দক্ষিণ ২৪ পরগনায় গড়ে তোলার জন্য শিল্পপতিরা লগ্নি করতে পারেন। শিল্পের বিকাশ সব জায়গায় সমানভাবে করা যাবে না। এটা নির্ভর করছে লগ্নীকারীদের উপর, তাঁরা কীভাবে লগ্নী করবেন সেটার উপর নির্ভর করছে। গতকাল সমালোচনা হয়েছে, আমাদের কৃষিতে উৎপাদন বেড়েছে, মানুষের ক্রয় ক্ষমতা বেড়েছে, তার মানে কি কোনো ঘাটতি নেই ? হ্যাঁ, ঘাটতি আছে। মাননীয় রাজ্যপাল মহাশয়ের ভাষণের যে ৪০টি অনুচ্ছেদ রয়েছে, তাতে সরকারের অনেক কাজের কথা উল্লেখ করা হয়েছে। কিন্তু বহু কাজ বাকি আছে, সেগুলো ওই স্বল্প পরিসরে উল্লেখ করা সম্ভব নয়, কিন্তু মূল মূল সমস্যাগুলো মাননীয় রাজ্যপাল মহাশয় তাঁর ভাষণের মধ্যে উল্লেখ করেছেন, যেমন—সন্ত্রাসবাদী কার্যকলাপ, উগ্রপন্থী কার্যকলাপ এসব বিষয়ের। উত্তরবঙ্গে উগ্রপন্থী কার্যকলাপ, পুরুলিয়া, বাঁকুড়া, মেদিনীপুরে মাওবাদী কার্যকলাপ রয়েছে এবং এখানে মাওবাদীদের নাম রয়েছে। কিন্তু এছাড়াও আরও অনেকে মাওবাদীদের সঙ্গে যুক্ত আছে সেই কথায় পরে আসব। অন্যদিকে মাননীয় রাজ্যপাল মহাশয় তাঁর ভাষণের শেষের দিকের অনুচ্ছেদে বলেছেন যে, কিছু কিছু ক্ষুদ্র এলাকা রয়েছে যেখানে উন্নয়নের সুফল সেভাবে পৌঁছাতে পারেনি, সেখানে যাতে সার্বিক বিকাশ হতে পারে সে ব্যাপারে সংবেদনশীলতার কথা মাননীয় রাজ্যপাল মহাশয় তাঁর ভাষণে উল্লেখ করেছেন। এগুলো অস্বীকার করা হয়নি, এগুলো অস্বীকার করা যায় না, যে দায়িত্ব আছে সেই দায়িত্ব আগামীদিনে আমাদের পালন করতে হবে। এটা অস্বীকার করা যায় না। আমরা একবারও বলিনি যে, আমরা কাঙ্ক্ষিত জায়গায় পৌঁছে গিয়েছি। আমরা জানি আমাদের কৃষিতে উৎপাদন উল্লেখযোগ্যভাবে বেড়েছে। যেটা মাননীয় সৌগত রায় মহাশয় গতকাল বলেছেন, ''আপনারা বলবেন, ধান উৎপাদনে পশ্চিমবঙ্গ প্রথম, মাছ উৎপাদনে পশ্চিমবঙ্গ প্রথম স্থানে রয়েছে'', প্রথম স্থানে রয়েছে এরকম অনেকগুলো লিস্ট তিনি দিয়েছেন। হ্যাঁ, কৃষিতে, সবজি চাষে পশ্চিমবঙ্গের সার্বিক অগ্রগতি ঘটেছে, তবে যেদিকে দুর্বলতা আছে সেগুলো দ্রুত ডাইভারসিফিকেশনের মধ্যে দিয়ে আমরা আরও খানিকটা অগ্রগতি ঘটাতে পারি। এখানে আমাদের গমে ঘাটতি আছে, গম আমাদের যা দরকার তার অর্ধেকের বেশি আমরা উৎপাদন করতে পারি, ডাল যা দরকার তার চার ভাগের এক ভাগ আমরা উৎপাদন করতে পারি, আমাদের আরও করতে হবে। তৈলবীজ আমাদের ১৫ লক্ষ টন দরকার, কিন্তু আমরা সোয়া সাত লক্ষ টন তৈলবীজ উৎপাদন করতে পারি, তৈলবীজ আমাদের আরও উৎপাদন করতে হবে। কৃষকদের মোটিভেট করে, ক্রপ প্যাটার্ন চেঞ্জ করে এই জায়গায় আমাদের ঘাটতি কীভাবে পূরণ করা যায় সেটা আমাদের দেখতে হবে। তবে

এটা অস্বীকার করা যাবে না যে, কৃষি উৎপাদনের বিকাশশীলতার ফলে গত কয়েক বছরে ১৭৫টি অ্যাগ্রো বেস্‌ড ইন্ডাস্ট্রি গড়ে উঠেছে পশ্চিমবঙ্গে এবং এতে ১১৪৭ কোটি টাকা লগ্নী হয়েছে—এটাকে অস্বীকার করা যাবে না, এই দায়িত্বকে মাথায় রেখে এই সাফল্যকে খাটো করা যাবে না। শিল্প গড়ে তোলার বাস্তবতা আছে। গরিব মানুষের মধ্যে জমি বিলি-বণ্টন করে বামফ্রন্ট সরকার অনেক বেশি জনপ্রিয়তা অর্জন করেছে। সুতরাং বামফ্রন্ট সরকারকে মানুষ যে সমর্থন জানিয়ে থাকে তার অন্যতম কারণ হচ্ছে গরিব মানুষের মধ্যে জমির বিলি-বণ্টন করা। এটা অস্বীকার করা যায় না। আপনারা অকৃষক মানুষকে কৃষক সাজিয়ে মঞ্চে এনে বলছেন যে, 'কৃষক ক্ষেপে যাচ্ছে'। কিন্তু এটা ধোঁপে টিকবে না।

উন্নয়নের বিরুদ্ধে কোনো মনোভাব, কোনো বক্তব্য মানুষের কাছে গ্রহণযোগ্য হতে পারে না। সরকার কৃষকদের বঞ্চিত করার মনোভাব নিয়ে কোথাও তো জমি অধিগ্রহণ করছেন না। করবার মনোভাবও নেই। কিন্তু কোথাও কোনো একটা বৃহৎ প্রকল্প কার্যকরী করতে গিয়ে কৃষকদের স্বার্থকে জলাঞ্জলি না দিয়ে তাঁদের স্বার্থকে পুষ্ট করে, রক্ষা করে যদি প্রকল্পকে বাস্তবায়িত করতে হয় তাহলে তা করতে হবে। কারণ উন্নয়নের সার্বিক বিকাশের জন্য কিছু কিছু স্যাক্রিফাইস করতে হয়। যেখানে দরকারের ভিত্তিতে কৃষকের জমি নেবে সেখানে সেইভাবেই নেবে। কিন্তু তার জন্য একটা বড় প্রকল্প যেগুলি করলে একটা বিশাল এমপ্লয়মেন্ট হবে, অনেক বেশি মানুষের সুযোগ বাড়বে, অর্থনীতি বিকশিত হবে, এগুলিকে কি অস্বীকার করা যায় ? এই প্রসঙ্গে আমি বলি সাঁওতালডিহিতে একদিন গিয়েছিলাম, সেখানে শ্রমিকরা আমাকে প্রশ্ন করেছিলেন যে সরকার এই রকম নীতি নিয়েছে বলে। আমি সেই শ্রমিক-কর্মচারীদের বললাম,যদি এটাকেই ধরে নেন তাহলে এই যে আপনারা আমাকে প্রশ্ন করছেন, এই প্রশ্ন করার সুযোগ কি পেতেন, যদি সরকার সাঁওতালডিহির এই জমিটা তখন অধিগ্রহণ করে এই কারখানাটি না করতেন ? তখন কিন্তু বামফ্রন্ট সরকার ছিল না। যদি অধিগ্রহণ করে এই কারখানাটি করার সিদ্ধান্ত না করা হত তাহলে এত হাজার মানুষের রুটিরুজি যে চলছে, একটা শহর, একটা বাজার, গঞ্জ গড়ে উঠছে, গ্রামের মানুষের অর্থনীতি শক্তিশালী হয়ে উঠছে, এই এলাকার মানুষ শয়ে শয়ে যাঁরা জমিহারা তাঁরা কাজ পেয়েছেন। তাহলে কোনটা ভালো ? এই জমিটা যেমনটি ছিল তেমনটি থাকলে কি ভালো হত ? নাকি সাঁওতালডিহি বিদ্যুৎ প্রকল্প এখানে স্থাপিত হয়ে ভালো হয়েছে ? কোনটা ভালো ? সরাসরি প্রশ্ন যে কোনো মানুষই বলবে যে, সাঁওতালডিহি প্রকল্প এখানে বাস্তবায়িত হওয়ার পরে এখানকার মানুষ বেশি সুযোগ-সুবিধা পেয়েছে এবং এটা সঠিক সিদ্ধান্তই হয়েছে। তার জন্য যে জমি নিতে হয়েছে তা হয়েছে। দরকার হলে এখন সেখানে ফিফ্‌থ ইউনিট, সিক্সথ ইউনিট হচ্ছে, কিন্তু এই রকম যদি প্রয়োজন দেখা দেয় যে পঞ্চম ইউনিটের কাজ এখন চলছে এবং চলতে চলতে ষষ্ঠ ইউনিট মঞ্জুর করা হয়, তাহলে সাঁওতালডিহিতে যদি আরও জমির দরকার হয়, কৃষি জমি যদি গ্রহণ করতে হয়, তাহলে সাঁওতালডিহিতে সেই কাজ করতে হবে এবং সেটা মানুষের স্বার্থেই করতে হবে। কারণ ওখানে বিদ্যুৎ উৎপাদন হবে এবং সেটা গুটি কয়েক মানুষের বা দু-একটি পরিবারের জন্য নয়। সেই বিদ্যুৎ একটা মাদার ইন্ডাস্ট্রি হিসাবে আরও অন্যান্য শিল্পকে বিদ্যুৎ সরবরাহ করবে। গ্রামে

গ্রামে বিদ্যুৎ পৌঁছে দেবে এবং সরকার যে পরিকল্পনা গ্রহণ করেছে ২০০৭ সালের মধ্যে, এর মধ্যে অন্য কিছু নেই। ভারতবর্ষের সমস্ত বড় বড় কোম্পানিগুলিকে টার্ন-কি বেসিসে কনট্রাক্ট দেওয়া হয়েছে যাতে ২০০৭ সালের মধ্যে ফেজড ম্যানারে পশ্চিমবাংলায় সমস্ত গ্রামাঞ্চলে বিদ্যুতায়ন হতে পারে তার জন্য। এটা কেউ বলতে পারবে না যে—না, আপনারা তো সরকার থেকে চলে যাচ্ছেন, এখন আবার ভোট আসছে, ভোটের আগে মানুষকে ভুল বুঝিয়ে মানুষ যাতে আপনাদের ভোট দেয় তার জন্যই বলছেন। না, তা নয়। ইতিমধ্যেই সেখানে টাকা বরাদ্দ হয়েছে এবং সেই টাকায় গ্রামে গ্রামে যাতে বিদ্যুতায়ন হয় তার জন্য টার্ন-কি বেসিসে কনট্রাক্ট দিয়ে দেওয়া হয়েছে। এটা আপনাদের জানার জন্য বলছিলাম। এখানে মাওবাদীদের কথা বলা হচ্ছিল—আপনারা চিন্তিত, হবে চিন্তাটা আমার বিপরীতে। এটা ঠিক যে, ওনাদের দিদিমণি বেলপাহাড়ীর ওদিকে মিটিং করে আসার পরেই কিন্তু রবি করের মৃত্যু হল। উনি যে প্ররোচনামূলক বক্তব্য রাখলেন তার পরেই, এটা ঘটনা নয় যে কালকে বিমান বসুর প্ররোচনামূলক বক্তৃতার কথা এখানে উল্লেখ করা হয়েছে। কিন্তু আমি বলছি কে প্ররোচনামূলক বক্তব্য দিয়েছেন ? সন্ত্রাস মার্কসবাদ অনুমোদন করে না, সন্ত্রাসের মধ্যে জনগণের কোনো অংশগ্রহণ থাকে না, মার্কসবাদ ডিস-অ্যাপ্রুভ করে, মাওবাদ বলে কোনো কিছু নেই, চীনেও মাওবাদ বলে কোনো কিছু নেই। এটা একটা গা জোয়াড়ি খুন সন্ত্রাসকে মদত করবার জন্য ওরা পিছনে আছে, সাম্রাজ্যবাদ, ওদের পিছনে আছেন আপনারা। যাদের সঙ্গে বিভিন্ন ধরনের যোগাযোগের মাধ্যমে এই খুন, সন্ত্রাস সংগঠিত করা হচ্ছে। রাজনৈতিকভাবে প্রত্যেকটি নির্বাচনের আগে মানুষকে বিভ্রান্ত করবার জন্য মানুষকে নির্বাচনের আগে এই রকম সন্ত্রাস করা হয়। আমরা পুরুলিয়া, বাঁকুড়া, মেদিনীপুরের মানুষ এবং উত্তরবাংলার মানুষ বহুবার এই রকম সন্ত্রাসকে মোকাবিলা করেছে এবং সন্ত্রাসকে মোকাবিলা করে ওখানে জনগণকে শক্তিশালী করা হয়েছে এবং এবারেও তাই হবে। কিন্তু সন্ত্রাসকে আপনারা সমর্থন করেছেন। খুনকে আপনারা সমর্থন করছেন। এটা বরদাস্ত করা যায় না। আর সন্ত্রাসবাদ কোনো উন্নয়ন চায় না। ওই তো দেখলেন পর্যটন আবাস ভেঙে দিল। তিল তিল করে গড়তে হয় মানুষের শ্রমে, মেহনতিতে, পরিকল্পনায় এবং এর জন্য টাকা জোগাড় করতে হয়। পরিকল্পনা রূপায়িত করতে অনেক কিছু ভাবতে হয়। কোনো একটা জিনিস ধ্বংস করবার জন্য কিছু ভাবতে হয় না, দুটো ডিনামাইট দিলেই একটা পুল উড়ে যায়, কিন্তু একটা পুল তৈরি করতে অনেক সময় লাগে। আমরা হচ্ছি সৃষ্টির দিকে, আমরা ধ্বংস চাই না, আমরা সৃষ্টি চাই। আমরা সন্ত্রাস চাই না, আমরা গণতন্ত্র চাই। তাই আপনারা আসুন, আমরা সৃষ্টি সুখের উল্লাসে ধ্বংসরে করি ধ্বংস। যারা ধ্বংসের পথে রয়েছেন, তাদেরকে ধ্বংস করে পশ্চিমবাংলার গণতন্ত্রের পতাকাকে আরও আরও উড্ডীন করে পশ্চিমবাংলায় সপ্তম বামফ্রন্ট সরকারকে প্রতিষ্ঠা করবার জন্য সংকল্প গ্রহণ করি। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মহামান্য রাজ্যপাল, সরকারের লিখে দেওয়া যে ভাষণ পাঠ করেছেন তার বিরুদ্ধে এবং বিরোধী দলের আনা সংশোধনীগুলিকে সমর্থন করে আমি আমার রাজ্যপালের ভাষণের উপর মূলত বক্তব্যকে প্রাধান্য দিয়ে বক্তব্য রাখব। আমি নিখিলবাবুকে শুধু বলি, রাজ্যপালের ভাষণ নিয়ে আলোচনার সময় মুখ্যমন্ত্রী

উপস্থিত থাকলে নিশ্চয় খুশি হতেন, আপনার বক্তব্য শুনে আরও একটু সময় বাড়িয়ে দিতেন। বিষয়টা রাজ্যপালের ভাষণ। এতে সরকারের যে কাজকর্মের খতিয়ান তার একটা চিত্র তুলে ধরার কথা ছিল, কিন্তু আমরা দুঃখের সঙ্গে লক্ষ করলাম যে রাজ্যপাল বুঝেছেন এই সরকারের চিত্র তুলে ধরার মতো কিছু নেই। তাই তিনি ১৩ মিনিটে ১৪ পাতার ভাষণ সমাপ্ত করেছেন। রাজ্যপাল কি বলতে চেয়েছেন জানি না। কিন্তু আমরা যেটা হাতে পেয়েছি, সেটা দেখে আমি একটু ব্যথিত হচ্ছি। এই সরকারের ৫ বছরের সময়কালে এই বিধানসভায় এসে যে কয়েকটি ভাষণ দেখেছি তাতে যেভাবে প্রত্যেকটি বিষয় লিপিবদ্ধ করা ছিল সরকারের থেকে, এবারে যেন সব গুলিয়ে গেল ! আমি নিখিলবাবুকে বলি, 'সৃষ্টি সুখের উল্লাসে' না বলে, 'তোমার পতাকা যারে দাও, তারে বহিবারে দাও শকতি'। স্থায়িত্ব থাকা সত্ত্বেও আমরা লক্ষ করলাম রাজ্যপালের ভাষণে খুব সুচতুরভাবে কতকগুলি গুরুত্বপূর্ণ বিষয় বাদ চলে গেল। নেই এর তালিকা রাজ্যপালের ভাষণে অনেক বেশি, সার্থকতার তালিকা অনেক কম। ওই যে বলছিলেন, ইন্দোনেশিয়ায় মুখ্যমন্ত্রী জামা-প্যান্ট পরে গিয়েছিলেন। তিনি বলেছেন, ওটা তাঁর জীবনের শ্রেষ্ঠ দিন। রাজ্যপাল কি বুঝতে পারলেন না, তার শ্রেষ্ঠ দিনটা ? সালেম গোষ্ঠীর সঙ্গে বেনি সনতসার পুরনো দিনের কথা বলে কি রাজ্যপালকে বোঝানো গেল না ? রাজ্যপালের ভাষণে নেই-এর তালিকা অনেক। এই যে অপহরণের মতো ঘটনা ঘটছে, আইন-শৃঙ্খলার অবনতি হচ্ছে, কলকাতার বাইরে এবং কলকাতায় যে লাগাতার অপহরণের ঘটনা ঘটছে সেই কথা রাজ্যপালের ভাষণে নেই। রাজ্যপালের ভাষণে আর্থিক দুরবস্থার কথা নেই। তাই সঠিকভাবে রাজ্যপালকে দিয়ে বলানোর চেষ্টা হয়েছে জীবন ধারণের গতানুগতিকতার পরিবর্তন হয়েছে। টাকা তো নেই, তাহলে উন্নয়নটা হবে কি করে ! আমরা দেখলাম, এই রাজ্যপালের ভাষণে কি কি কথা সরকার তাঁকে বলতে দিল না ? যেমন অর্থনৈতিক বেহাল চিত্রটাই? রাজ্যের ১ লক্ষ ৩৭ হাজার কোটি টাকার ঋণের বোঝা। সেই বিষয়ে রাজ্য সরকারের কি ভূমিকা থাকা দরকার, আকাশ থেকে তো টাকা আসে না, তা রোজগার করতে হয়। আবার রোজগার করলেও তা ব্যবহার করতে জানতে হয়। আপনাদের এই তিন দশকের শাসনকালে প্রায় ১ লক্ষ ৩৭ হাজার কোটি টাকা ঋণের বোঝা রাজ্যবাসীর ঘাড়ে চাপিয়ে দিয়েছেন। প্রত্যেক মানুষের ঘাড়ে সাড়ে বারো হাজার টাকা করে ঋণের বোঝা এই সরকার চাপিয়ে দিয়েছে। এক সময় আপনারাই দেওয়াল লিখে বলতেন, মানুষের ঘাড়ে অর্থের বোঝা চাপানো চলবে না। আজকে আপনারাই ৪২৩ টাকা থেকে শুরু করে সাড়ে বারো হাজার টাকা ঋণের বোঝা মানুষের ঘাড়ে চাপিয়ে দিয়েছেন। আপনারাই বলছেন কৃষি চাই, শিল্প চাই, কর্মসংস্থান চাই, অথচ বেকার সমস্যা নিয়ে কোনো কথার উল্লেখ রাজ্যপালের ভাষণের মধ্যে নেই ! আজকে পশ্চিমবাংলায় নথিভুক্ত বেকারের সংখ্যা ৭০ লক্ষ। এই ৭০ লক্ষ বেকারকে নিয়ে এই সরকার কি ভাবছেন তার কোনো উল্লেখ রাজ্যপালের ভাষণের মধ্যে কেন থাকবে না ? দারিদ্রসীমার নীচে যাঁরা বসবাস করেন তাঁদের তালিকা প্রকাশ করার কথা আমরা বলেছিলাম। তখন মাননীয় মুখ্যমন্ত্রী ওদিক থেকে নেচে নেচে, হেসে হেসে রাজ্যবাসীকে আশ্বস্ত করে কলেছিলেন, 'বি পি এল তালিকা প্রকাশ হয়ে যাবে'। আজকে কেন্দ্রীয় সরকার বলছে রাজ্যের জনসংখ্যার চেয়ে রেশন কার্ডের সংখ্যা বেশি। রাজ্যে ভুয়ো রেশন কার্ডের সংখ্যা হচ্ছে ৮৫ লক্ষ। সেই ভুয়ো রেশন কার্ডের ব্যাপারে কোনো উল্লেখ

রাজ্যপালের ভাষণের মধ্যে নেই। কারণ এই নিয়ে বিরোধীরা হৈ-চৈ করে হাটে হাঁড়ি ভেঙে দিতে পারে। প্রায় প্রত্যেকটি জেলাতেই জনসংখ্যার থেকে রেশন কার্ডের সংখ্যা অনেক বেশি। বর্ধমান জেলার মাননীয় মন্ত্রী মহাশয় এখানে বসে আছেন, তাঁর জেলার জনসংখ্যা হচ্ছে ৫৯ লক্ষ, কিন্তু সেখানে রেশন কার্ডের সংখ্যা হচ্ছে ৭৫ লক্ষ ৬৩ হাজার। হুগলি জেলার জনসংখ্যা ৫০ লক্ষ, সেখানে রেশন কার্ডের সংখ্যা হচ্ছে ৫৩ লক্ষ। কলকাতার জনসংখ্যা হচ্ছে ৪৬ লক্ষ, সেখানে রেশন কার্ডের সংখ্যা হচ্ছে ৫৯ লক্ষ। দুই মেদিনীপুরের জনসংখ্যা হচ্ছে ৯৬ লক্ষ, সেখানে রেশন কার্ডের সংখ্যা হচ্ছে ১ কোটি ২ লক্ষ। এই তথ্য নিখিলবাবুরা বলবেন না। ওনারা এখন আন্তর্জাতিক হয়ে গেছেন, রাষ্ট্রসংঘ কি বলছে সেই কথা ওনারা এখানে বলছেন। জলঙ্গীতে লোক কি করে মারা যাচ্ছে, আমলাশোলে লোক কি করে মারা যাচ্ছে, উত্তরবঙ্গের চা-বাগানে লোক কি করে মারা যাচ্ছে সেই তথ্য ওনারা এখানে বলবেন না। জলঙ্গীর ব্যাপারে পুলিশের রিপোর্ট আছে নয়জন লোক মারা গেছে অনাহারে এবং সেই রিপোর্টের কপি আমাদের কাছেও আছে। কিন্তু এইসব তথ্য রাজ্যপালের ভাষণের মধ্যে এই সরকার তুলে ধরতে চান না। আপনারা স্বচ্ছতার কথা বলেন, কিন্তু সেই স্বচ্ছতা আপনাদের নেই। অন্ধ্রপ্রদেশে কৃষকের মৃত্যু নিয়ে আপনারা এখানে হৈ-চৈ করেন, কিন্তু হুগলি জেলার আলুচাষির আত্মহত্যার কথা আপনারা বলেন না। এটুকু স্বচ্ছতা আপনাদের নেই। মাননীয় শিল্পমন্ত্রী এখানে আছেন, শিল্প নিয়ে তিনি অনেক বড়াই করেন। শিল্পের ব্যাপারে আপনারা রিপোর্টটাকে ঠিক করবেন না ? আপনারা বলেছেন, 'কৃষি আমাদের ভিত্তি, শিল্প আমাদের ভবিষ্যৎ'। এই চারটে কথা লিখলেই কিন্তু ভবিষ্যৎ তৈরি হয় না। অন্ধকারময় অবস্থার মধ্যে দাঁড়িয়ে মোমবাতির আলো জ্বালিয়ে আপনারা বলছেন, 'আমরা ৫০০ ওয়াটের আলো জ্বেলেছি'। নিখিলবাবু বক্তৃতা করতে গিয়ে রাষ্ট্রপুঞ্জের কথা বললেন, আমি আমার বক্তৃতার মধ্যে ঘুরেফিরে এই রাজ্যের কথাই বলতে চাই।

[2.30—2.40 p.m.]

গত কয়েক বছরে বিনিয়োগের পরিমাণ ২২০০ কোটি টাকা। ২০০৪-২০০৫ সালের আর্থিক সমীক্ষায় শিল্প পরিচ্ছেদের ৪.২-তে বলা হয়েছিল "সর্বভারতীয় বাতাবরণের পরিপ্রেক্ষিতে ২০০৪ সালে রাজ্যে শিল্পে বিনিয়োগের পরিমাণ যথেষ্ট উৎসাহব্যঞ্জক।" ২০০৪ সালে প্রাথমিক অনুমান অনুযায়ী রাজ্যে ৪৫৬টি শিল্প বিনিয়োগের প্রস্তাব অনুমোদিত হয়েছে যেখানে বিনিয়োগের পরিমাণ ৭ হাজার ৫৯৩ কোটি টাকা। সেখানে ২০০৩ সালে শিল্পে বিনিয়োগের প্রস্তাব ছিল ৮৫টি। অর্থাৎ ৪৫৬ থেকে নেমে হল ৮৫টি এবং বিনিয়োগের পরিমাণও নেমে হল ৬৭৩ কোটি টাকা। ২০০২ সালে ছিল ৩৩৭টি আর বিনিয়োগের পরিমাণ ছিল ৪ হাজার ৪৫৯ কোটি টাকা। তাহলে দেখা যাচ্ছে, ২০০১ সালে ছিল ২৩৯টি, বিনিয়োগের পরিমাণ ছিল ১৫৪১ কোটি টাকা। সাম্প্রতিককালে শিল্পে বিনিয়োগ ক্রমশ বৃদ্ধি পাচ্ছে, একথা বুঝলেন কি করে ? আর্থিক সমীক্ষা তো অন্য কথা বলছে। শিল্পে বিনিয়োগ হয়েছে বলে যেটা রাজ্য সরকার দাবি করে আসছে তার সঙ্গে রাজ্যপালের ভাষণের কোনো মিল নেই। ৬/৭ হাজার কোটি টাকা করে বিনিয়োগ করার কথা যেটা রাজ্যপালের মুখ দিয়ে বলালেন তার থেকে

তো দেখছি কম বিনিয়োগ হচ্ছে। স্বাভাবিকভাবেই রাজ্যবাসী জানতে চাইছে, আর্থিক সমীক্ষা ঠিক, নাকি মুখ্যমন্ত্রী ঠিক, নাকি শিল্পমন্ত্রী ঠিক, নাকি রাজ্যপালকে দিয়ে যে ভাষণ পড়ালেন সেটা ঠিক ? রাজ্যে চর্মনগরী গড়ে তোলার কথা রাজ্যপালের ভাষণে বলেছেন। ৫৬টি ট্যানারী চর্মনগরীতে কাজ শুরু করেছে। কিন্তু এই সভাকে জানানো দরকার, ট্যাংরা এবং তপসিয়া অঞ্চলে মোট ট্যানারীর সংখ্যা ৫৫০টি। সেখানে চর্মনগরীতে ৫৬টি ট্যানারীর কাজ শুরু করে দিয়ে বললেন আমরা এগুচ্ছি শিল্পের পথে। আপনাদের মনে হল না কেবল ১০ শতাংশ ট্যানারী চর্মনগরীতে সরিয়ে নিয়ে যাওয়া সম্ভব হয়েছে আর বাদ বাকি ৫০০ ট্যানারী কার্যত বন্ধ। এইসব ট্যানারীর বিনিয়োগ চর্মনগরীতে না গিয়ে অন্যান্য রাজ্যে চলে যাচ্ছে এবং সেখানে বিশাল পরিমাণ টাকা বিনিয়োগ হচ্ছে। আমি সরকারকে জিজ্ঞাসা করছি, সরকার কি এই বিষয়টি দেখবেন ? মাত্র ৫৬টি থাকবে আর বাদ বাকি চলে যাবে, এর জন্য সরকারের কোনো রূপরেখা বা কোনো অ্যাকশন প্ল্যান থাকবে না ? আপনারা সেই কথা ভুলে গেছেন। নিখিলবাবু সেই সব কথা ভুলে গিয়ে এফ ডি আই এবং আন্তর্জাতিক বিষয় নিয়ে পড়লেন। আমাদের রাজ্যে একটার পর একটা চটকল বন্ধ হচ্ছে। রাজ্যপালের ভাষণে চট শিল্প নিয়ে একটি কথাও লিখবেন না ? চট শিল্প তো বহু পুরনো। সুতরাং এই সম্পর্কে বলা দরকার। আমাদের রাজ্যে খনিজ নীতি ২০০৩ সালে হল। রাজ্যপালের ভাষণের মধ্যে এই খনিজ নীতির সুফলের কথা কোথায় বললেন ? আমাদের রাজ্যে এই যে খনিজ নীতি নতুন করে হল তার কি সুবিধা, কি অসুবিধা তা কি এই সভায় আপনারা জানিয়েছেন রাজ্যপালের ভাষণের মধ্যে কিংবা মুখ্যমন্ত্রীর মাধ্যমে, কিংবা মন্ত্রী নিজে ? এখানে যে আকরিক লৌহ শিল্প গড়ে তুললেন তার তো সমস্যা আছে। সেখানে বিদ্যুৎ পৌঁছায় না, পরিবেশ নষ্ট হচ্ছে, শ্রমিকদের ন্যূনতম মজুরী দেওয়া হয় না। তার কেন উল্লেখ থাকবে না ? ক্ষুদ্র শিল্পের কথার কি এক লাইনও থাকবে না রাজ্যপালের ভাষণের মধ্যেই? রাজ্যপাল তাঁর ভাষণের মধ্যে কি এক লাইনও লিখবেন না—ক্ষুদ্রশিল্প কি সমস্যার মুখে পড়েছে ? সবচেয়ে বড় কথা হচ্ছে, এখানে তথ্যগত ভুল দেওয়া হয়েছে। ৩.৫ লক্ষ নথিভুক্ত ক্ষুদ্র শিল্প। অথচ আপনারা বইমেলাতে ঘটা করে বই বের করছেন। ''উন্নয়ন ও সংগ্রাম''-এর পেজ ১৫৩-তে আপনারা বলছেন, '২৭ লক্ষ নথিভুক্ত ক্ষুদ্রশিল্প রয়েছে।' আবার রাজ্যপালকে দিয়ে বলাচ্ছেন নথিভুক্ত ক্ষুদ্রশিল্পের সংখ্যা ৩.৫ লক্ষ। রাজ্যপালকে দিয়ে আপনারা কোন কথা বলাচ্ছেন ? আপনাদের তথ্যের মধ্যে বিস্তর ফারাক রয়েছে। পশ্চিমবাংলার কোন চিত্র আপনারা সঠিকভাবে দিতে চেয়েছেন ? আজকে আপনারা ঘটা করে বলছেন ১৪০৮টি নতুন ইউনিট হয়েছে। সেই ইউনিটে কাজ পেয়েছে কতজন ? ৫৫২৪ জন সেই ইউনিটে কাজ পেয়েছে। তার মানে ইউনিট প্রতি আড়াই বা তিনজন করে কাজ পেল। আজকে কর্মসংস্থানের কথা, বেকারত্বের কথা আপনারা বলছেন। গ্রামবাংলার শিল্পের জন্য, ক্ষুদ্রশিল্পের জন্য আজকে আপনাদের চোখের জল ঝরছে। আপনারা আজকে এ জন্য কুম্ভীরাশ্রু বিসর্জন করছেন। অথচ এই শিল্পের উন্নয়নের ব্যাপারে রাজ্যপালের ভাষণে আপনারা কিছুই তুলে ধরতে পারেননি। নিখিলবাবু অনেক কথা বলেছেন, কিন্তু তিনি বারুইপুরে হস্তশিল্প প্রতিষ্ঠান গড়ে তোলার কথা ছিল, সে ব্যাপারে কিছু বললেন না। বারুইপুরে হস্তশিল্প প্রতিষ্ঠানের আজকে কি অবস্থা ! আজকে সেখানে কতটা কি আপনারা করতে পেরেছেন ? আবার নিখিলবাবু বললেন যে আমরা অ্যাগ্রো ইন্ডাস্ট্রি তৈরি করেছি। উনি ১১০০ না কত কোটি

টাকার হিসাব দিয়ে গেলেন! আর রাজ্যপাল তাঁর ভাষণে বললেন যে ইংলিশবাজার ও বারাসাতে চালানি সুবিধা বৃদ্ধির লক্ষ্যে দুটি প্যাক হাউস তৈরি হয়েছে। কলকাতা ও বাগডোগরা বিমানবন্দরে মালপত্র রাখার জন্য দুটি গুদাম তৈরির চেষ্টা চলছে। আপনাদের লজ্জা হচ্ছে না যে, দুটো গুদাম তৈরি করে সেটা রাজ্যপালকে দিয়ে বলাচ্ছেন, দুটো প্যাক হাউস তৈরি করে সেটা রাজপালকে দিয়ে বলাচ্ছেন! এটা কি শিল্প ? প্রস্তাবিত ৪৪০০০ কোটি টাকায় সালিমের সঙ্গে চুক্তি করেছেন। সেই চুক্তি আজকে টেবিল করবেন নাই? সেটা এই সভাকে জানাবেন না ? সেখানে কি তৈরি হবে ? সালিমের 'অর্জুন', 'মহাভারত' হাওড়ায় হবে ? যেখানে শূন্য ইন্টারেস্টে হিরো হন্ডা পৌঁছয় সেখানে আপনারা অর্জুনকে আনছেন। সে অর্জুন কি ? সেখানে কি তৈরি হবে ? কে তার ক্রেতা ? কি সেখানে তৈরি হবে সেটা জানাবেন না ? শুধু জমি, জমি, জমি। জমি চাই গো, জমি চাই। এই করলে কি শিল্প হবে ? শিল্প আসবে ? তথ্য প্রযুক্তি দিয়ে সল্টলেকের একটি অংশকে বিশেষ উপনগরী আখ্যা দিলেন। ওখানে কর্মরত মানুষদের কোনো নিরাপত্তা নেই। শুধুমাত্র পুলিশি নিরাপত্তা নয়, চাকরিরও নিরাপত্তা নেই। তাঁদের এক একজন এক এক রকম মাইনে দেয়, এক এক রকম শর্ত করে। এক্ষেত্রে কি সরকারের কোনো রকম ভূমিকা থাকবে না ? রাজ্য সরকার কি এগিয়ে আসবে না ? সিটু কি শুধু ধর্মঘট নিয়েই চিৎকার করবে ? সব লোক দেখানো, মানুষের জন্য কি রাস্তায় নামবে না ? এইসব কর্মরত মানুষের প্রোটেকশনের কোনো ব্যবস্থা থাকবে না ? আরবানাইজেশনের নাম করে ৫ বছর ধরে অশোকবাবু মেগাসিটি করার কথা বলছেন। আজ ২০০৫ সাল চলে যাওয়ার পরেও সেই মোগাসিটি হচ্ছে, হবে। এই করেই চলছে। রাজ্যপালের ভাষণ এই সভাকে বিভ্রান্ত করেছে। এর ফলে রাজ্যের মানুষের মধ্যেও বিভ্রান্তি সৃষ্টি হচ্ছে। আমরা নিখিলবাবুর নির্বাচনী ভাষণ শুনলাম। রাজ্য সরকারের কয়েকটি সেক্টরের কাজের কথা তিনি বললেন। সৌগতবাবুকে লক্ষ্য করে তিনি ভূমি সংস্কারের কথা বললেন। আমি বলছি ভূমি সংস্কার নিয়ে তিনি ভুল তথ্য দিয়েছেন। রাজ্যপাল তাঁর ভাষণে বললেন, রাজ্যে বর্গাদারের সংখ্যা ১৫ লক্ষ ৭ হাজার। কিন্তু গত আর্থিক সমীক্ষায় (৩০ নভেম্বর, ২০০৪-এ) বলা আছে নথিভুক্ত বর্গাদারের সংখ্যা ১৫ লক্ষ ২৯ হাজার ৫৫৭। নিখিলবাবু এটা একটু টুকুন, রাজ্যপাল তাঁর ভাষণে বলছেন বর্গাদারের সংখ্যা ১৫ লক্ষ ৭ হাজার, আর গত আর্থিক সমীক্ষায় বলা হচ্ছে এই বর্গাদারের সংখ্যা ১৫ লক্ষ ২৯ হাজার ৫৫৭।

[2.40—2.50 p.m.]

আর রাজ্যপাল তাঁর ভাষণে বলছেন রাজ্যে বর্গাদারের সংখ্য ১৫ লক্ষ ৭ হাজার বেড়েছে নাকি ! এই তথ্য আপনাদের নিজেদের তৈরি তথ্য, রাষ্ট্রসংঘে যেতে হবে না, কারাতের হাত ধরে সোনিয়াজির কাছে যেতে হবে না। এটা আজকে ভাববার দিন এসেছে। আজকে ৮০ লক্ষ কৃষিজীবী কর্মহীন হয়ে পড়েছেন। নিখিলবাবু কি কৃষক পরিবার থেকে এসেছেন নাকি ? সি পি এম-এর বিধায়করা আমাদের বলেন, কৃষির আমরা কি বুঝব। নিখিলবাবু কবিতা পড়তে গিয়ে ভূমি সংস্কারের কথা পড়েছেন নাকি ? এই সভার কাছে, এই অগস্ট হাউসের কাছে আমার আবেদন, সরকার সঠিক তথ্য দিন, সরকার মানুষকে সঠিক

তথ্য জানাক। অনেক ইমপর্টেন্ট বিষয় সরকার সুকৌশলে এড়িয়ে গেছেন, এতে ঢিলেঢালা রয়ে গেছে। বন্যা নিয়ন্ত্রণের ব্যাপারে সঠিক তথ্য দেননি। কোটি কোটি টাকার ফসল নষ্ট হয়েছে। গঙ্গা-পদ্মার ভাঙনে মালদা মুর্শিদাবাদ নদীগর্ভে চলে গেছে। সরকার রাজ্যপালকে দিয়ে কি বলিয়েছেন ? Flood control and anti erosion measures are two other components to ensure productivity of the rural areas of the States হয়ে গেল ! শুধু এই কথা বলে গঙ্গার ইরোশান রোধ হবে ? তার অ্যাকশান প্ল্যান কি হবে, তার জন্য কি করা উচিত, কখন কি করবেন সেটা বলা উচিত নয়? আপনারা বলেছিলেন ২৫ হাজার বর্গ কিলোমিটার বন্যার হাত থেকে রক্ষা করবেন। এই হাউসকে জানাবেন না রাজ্যপালের মাধ্যমে যে, এই ২৫ হাজার বর্গ কিলোমিটারের মধ্যে কত হাজার বর্গ কিলোমিটার আপনারা রক্ষা করতে পেরেছেন ? কত হাজার কিলোমিটার নতুন করে গঙ্গা বক্ষে তলিয়ে গেছে ? এই কথা রাজ্যপালের ভাষণে উল্লেখ থাকবে না ! তবে একটা অত্যন্ত ভালো কথা বলেছেন রাজ্যপাল। সর্বশিক্ষা অভিযানে রাজ্য সরকার নেমেছে। সরকার জানে যে, রাজ্যপাল সমস্ত কথা পড়বেন না, উনি তো এক লাইন পড়ে তার পরের লাইন বাদ দিয়ে পরের লাইন পড়েছেন। সেখানে কি হয়েছে ? মিড ডে মিল নিয়ে মারামারি হয়েছে ; ফলে মিড ডে মিল রান্না বন্ধ হয়ে গেছে। স্বয়ংভর গোষ্ঠী মিড ডে মিল পৌঁছে দিতে পারেনি। আমি ইন্ডিয়া ২০০৬-এর পরিসংখ্যান পড়ছিলাম। সেখানে লিটারেসি রেটের তথ্য দেওয়া আছে। আমাদের এই পশ্চিমবাংলা সংস্কৃতির বাংলা, লিটারেসি রেটে ৩৫টি রাজ্যের মধ্যে আমাদের স্থান ২০তম। এর পরেও কি গর্ব করে বলবেন যে, শিক্ষায় এগিয়ে চলেছি! আপনারা গর্ব করে বলেছিলেন, 'ডু ইট নাউ।' কেউ শোনেনি। আপনারা গর্ব করে বলেছিলেন, 'উন্নততর বামফ্রন্ট উপহার দেব।' শুধু ভুয়ো ভোটার তৈরি করে, বুথ লুঠ করে উন্নততর বামফ্রন্ট তৈরি করার স্বপ্ন দেখেছিলেন। এবারে নতুন করে বলবার সময় এসেছে, মাথা ফাটিয়ে দিয়ে অস্ত্র হাতে তুলে দিয়ে পর্যবেক্ষকদের তাড়া করে ভুয়ো ভোটার তৈরি করে ঝুড়ি ঝুড়ি ভুয়ো ভোট দিয়ে গণতন্ত্র শেষ করব। সেই গণতন্ত্রের সমাধির উপর দাঁড়িয়ে উন্নততর বাংলা তৈরি করবেন। বাংলার মানুষ উন্নততর বামফ্রন্ট সরকার দেখেছে। বাংলার মানুষ দেখেছে সাড়ে ২৯ বছর ধরে সি পি এম-এর নেতৃত্বে এই বামফ্রন্ট সরকার কালা পাহাড়ের মতো মানুষের উপর চেপে বসে মানুষের জীবন দুর্বিষহ করে তুলেছে। নিখিলবাবু, যতই আমরা আসছি আসছি বলুন না কেন, যতই প্রাক্তন মুখ্যমন্ত্রী পুলিশ কর্তাদের গিয়ে বলুন না কেন, 'প্রতিবার আপনারা আমাদের জিতিয়েছেন এবারেও আপনারা আমাদের জেতাবেন'—ডাক শুনেছেন কি পরিবর্তন আসছে ? সেই পরিবর্তনে মমতা ব্যানার্জীই হবেন এই বাংলার কান্ডারী।

শ্রী মহম্মদ ইয়াকুব : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমাদের মাননীয় রাজ্যপাল গত ২ তারিখে যে বাজেট বক্তৃতা দিয়েছেন, তাঁকে আমি সমর্থন জানিয়ে কয়েকটি কথা বলব। কারণ এবারের এই অধিবেশন শেষ অধিবেশন। স্বাভাবিকভাবেই বিরোধী বন্ধুরা নানা দিক থেকে সরকারকে আক্রমণ করার চেষ্টা করবে। এটাই তো স্বাভাবিক। যেহেতু সামনেই নির্বাচন আছে। যখন নির্বাচন আসে, যখন ভোট হয়, তখন ওরা এটা বলে জোট, জোট,

জোট। 'এসে গেছে ভোট, বাঁধতে হবে জোট।' স্বাভাবিকভাবে ওদের এটা স্বাভাবিক বিষয়। একটু আগে আমাদের বিরোধী দলের বন্ধু বললেন যে, ওনারা ক্ষমতায় আসবেন। ওনাদের মুখ্যমন্ত্রী কে হবেন, সেটাও তাঁরা বললেন। একটা কথা আছে, সেই কথাটা হল 'কুঁজো আবার চিৎ হবে।' স্বাভাবিকভাবে ওনারা যতই চিৎকার চেঁচামেচি করুন না কেন, যতই সমালোচনা করুন না কেন, যতই নির্বাচন কমিশনার আসুন এবং তাঁরা যতই হুটোপাটি, ছুটোছুটি, লুটোপুটি করুন না কেন, কিছুই হবে না। এখন জনগণ অনেক বেশি সজাগ এবং সচেতন। তাঁরা জানেন, কাদেরকে ক্ষমতায় আনতে হবে। আমি এবার মূল বিষয়ে আসতে চাই। উত্তরবঙ্গে যে সশস্ত্র জঙ্গি—এই জঙ্গি সংগঠন আরও বেশি সংগঠিত হচ্ছে। কে. এল. ও. এবং অন্যান্য কয়েকটি নাম দিয়ে সংগঠন করে একটা সন্ত্রাস ও অস্থির অবস্থা সৃষ্টি করার চেষ্টা করছে। পাশাপাশি কোচবিহার নামে আর একটি সংগঠন গড়ে উঠেছে। যা আমাদের পশ্চিমবঙ্গের একটা জেলাকে আলাদা করে দিতে চায়। স্বাভাবিকভাবেই সরকার উদ্বিগ্ন এবং চিন্তিত। আর একটা দিক হচ্ছে দক্ষিণবঙ্গ। আমরা লক্ষ করে দেখেছি, বাঁকুড়া, পুরুলিয়া, মেদিনীপুর—এইসব জায়গায় যেভাবে মাওবাদী সংগঠন তারা দিনের পর দিন যে ধরনের আক্রমণ এবং সন্ত্রাস সৃষ্টি করার চেষ্টা করছে, তাকে আমাদের সরকারের পক্ষ থেকে প্রতিরোধ করার চেষ্টা করা হচ্ছে। শুধু তাই নয়, উন্নয়নের বিষয় চিন্তা করে সরকার এই সব জায়গায় উন্নয়নমূলক নানা পরিকল্পনা গ্রহণ করার কাজ আরম্ভ করেছেন। কিন্তু আমাদের একটা প্রশ্ন এখানে থেকে যায়। সেই প্রশ্ন হল, উন্নয়নের মধ্য দিয়ে কি আমরা পশ্চিমবাংলায় যেখানে এই ধরনের জঙ্গি সংগঠন গড়ে উঠেছে, তাদেরকে আমরা নির্মূল করতে পারব কি পারব না। এই প্রশ্নটা আজকে দেখা দিয়েছে। আজকে সরকারকে চিন্তা করতে হবে যে, উন্নয়নের মধ্য দিয়ে এটাকে প্রতিরোধ করা যায় বা যাবে কিনা।

[2.50—3.00 p.m.]

এই সংগঠনগুলির পিছনে কারা আছে, কোন শক্তি আছে যে এত অস্ত্র তাদেরকে সরবরাহ করছে এবং কোথায় কোথায় এদের প্রশিক্ষণ দেওয়া হচ্ছে ? এর পিছনে কারা আছে, কোন শক্তি আছে, তাকে একদিকে যেমন বার করা দরকার, আর একদিকে মানুষকে আরও বেশি বেশি করে রাজনৈতিক সচেতন করার প্রয়োজনীয়তা আছে। স্বাভাবিকভাবেই এই বিষয়ে সরকারের চিন্তা করা দরকার। দ্বিতীয়ত, রাজ্যপালের ভাষণে আমাদের পশ্চিমবাংলায় যেসব উন্নয়নের ধারা, সেগুলিকে উল্লেখ করা হয়েছে। গত ২৯-৩০ বছরে কি আর্থ, কি সামাজিক যতটুকু সম্ভব, বর্তমান সরকার সেই উন্নয়ন নানা পরিকল্পনার মাধ্যমে এবং বিশেষ করে ত্রিস্তর পঞ্চায়েতের মাধ্যমে যেভাবে গ্রামের উন্নয়নের ধারা প্রবাহিত করা যায় তা করেছে। সেটা কিন্তু বিরোধী বন্ধুরা একবারও উল্লেখ করছেন না। আজ থেকে ২৯-৩০ বছর আগে পশ্চিমবাংলার অবস্থা কোথায় দাঁড়িয়েছিল, আর আজকে কোথায় দাঁড়িয়ে আছে, বাস্তব দৃষ্টিভঙ্গি দিয়ে, বাস্তব চিন্তা-ভাবনার মধ্যে দিয়ে মাননীয় বিরোধী বন্ধুদের একবার আলোচনা করা উচিত। যেমন, পশ্চিমবাংলায় বর্গাদারের ক্ষেত্রে আমরা দেখছি ১১.১১ লক্ষ একর কৃষিজমিতে ১৫.০৭ লক্ষ বর্গাদারের নাম নথিভুক্ত করা হয়েছে। এটা কি কখনও আজ থেকে ২৯-৩০ বছর আগে গ্রামের সাধারণ গরিব ভূমিহীন কল্পনা

করতে পেরেছেন ? পারেননি। তাঁদের অনেক দিনের আশা ছিল যে, তাঁরা নিজেরা কিছু জমি পাবেন। তাঁরা নিজেরা লাঙল দেবেন। সেটা আজকে বাস্তবায়িত হতে চলেছে। দশ লক্ষ একর খাস জমি ২৮.৩২ লক্ষ দরিদ্র কৃষককে পাট্টা বণ্টন করা হয়েছে। কিন্তু আজ থেকে ৩০ বছর আগে কি তাঁদের পাট্টা দেবার কোনো ব্যবস্থা ছিল ? বিরোধী বন্ধুরা কি বলবেন ছিল ? খাস জমি ধরার ব্যবস্থা কি তখন হয়েছিল, হয়নি। সমস্ত কাজগুলো একেবারে গণতান্ত্রিক পদ্ধতিতে, পঞ্চায়েতি ব্যবস্থার মাধ্যমে করা হচ্ছে। এছাড়া ৫.৫ লক্ষ দরিদ্র পরিবারকে বাস্তুভিটা দেওয়া হয়েছে। এখানে সমালোচনা করতে হয়, ওঁরা সমালোচনা করবেন। কারণ এখন নির্বাচনের সময়। আমরা যতই ভালো কাজ করে থাকি, সরকার করে থাকুক না কেন, নানা দিকে যত ভালো কাজ করে থাকুক না কেন, ওঁরা বলবেন। কারণ নির্বাচনী বৈতরণী পার হতে হবে। রাজ্যপালের ভাষণকে সমর্থন জানিয়ে আমি এই কথা বলতে চাই, আগে স্বাস্থ্য ব্যবস্থা নিয়ে অনেক চিৎকার চেঁচামেচি হয়েছে, কিন্তু এখানে সত্যি সত্যিই সুষ্ঠু একটা পরিবেশ, স্বাস্থ্য পরিষেবা দেবার একটা ব্যবস্থা করা হয়েছে। গ্রামঞ্চলে প্রাইমারি হেল্‌থ সেন্টার শুধু নয়, সাবসিডিয়ারি হেল্‌থ সেন্টারের মাধ্যমে যতটুকু সম্ভব সরকারি পরিষেবা দেবার চেষ্টা তাঁরা করে যাচ্ছেন। অপর দিকে দেখা যাচ্ছে গ্রামের ভেতরে প্রাণীসম্পদের বিকাশ ঘটানোর চেষ্টা করা হচ্ছে প্রাণীসম্পদ বিভাগ থেকে। গ্রামের বহু পরিবারের গরিব ছেলেদের এ ব্যাপারে অর্থাৎ পশু পালনের প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। পশু পালন দপ্তর থেকে তাঁদের কোথাও মুরগি দেওয়া হচ্ছে, কোথাও হাঁস দেওয়া হচ্ছে, কোথাও খরগোস দেওয়া হচ্ছে, নানা রকমের প্রাণী পালনের জন্য দেওয়া হচ্ছে, যাতে তাঁরা স্বনির্ভর হতে পারেন। সবটাই যে ভালো হয়েছে তা আমি বলছি না। এখনও অনেক কাজ বাকি আছে, সেই কাজ করতে হবে। কিন্তু আগের তুলনায় অনেক অনেক বেশি এই সরকার সাধারণ মানুষের সমস্যাকে দূর করার চেষ্টা করে চলেছে। তাই মহামান্য রাজ্যপালের ভাষণকে সমর্থন জানিয়ে বিরোধী বন্ধুদের বলব, আপনারা বাস্তব চিন্তা করুন। আর, যে স্বপ্ন দেখছেন তা বাস্তবায়িত হবে না। যাই হোক, এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মহামান্য রাজ্যপাল সংবিধানের ১৭৬ নম্বর অনুচ্ছেদ অনুযায়ী এই বিধানসভায় যে বক্তব্য রেখেছিলেন তা অসম্পূর্ণ, ফলে তা যে সকলের জন্য রাখা হয়েছে তা বলা যায় না। তাই এর বিরোধিতা করে এবং আমরা যেসব সংশোধনীগুলো এনেছি বিরোধী দলের পক্ষ থেকে তাকে সমর্থন করে কয়েকটা কথা বলছি।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ১৯৭১ সাল থেকে ২০০১ সাল, এই সময়কালে পশ্চিমবাংলায় যেটা ঘটেছে সেটা হচ্ছে ১৯৭১ সালে জনসংখ্যা ছিল ৪ কোটি ৪৩ লক্ষ ১২ হাজার ১১ জন। ২০০১ সালে তা গিয়ে দাঁড়াল ৮ কোটি ১ লক্ষ ৭৬ হাজার ১৯৭ জন। মোট বৃদ্ধি হল ৮০.৯৯ শতাংশ। ১৯৭১ সালে মোট ভোটার ছিল ২ কোটি ১৯ লক্ষ ৮৫ হাজার ৭৬৬ জন। ২০০১ সালে তা গিয়ে দাঁড়াল ৪ কোটি ৮৬ লক্ষ ৮৫ হাজার ৩৮২ জন। মোট বৃদ্ধির পরিমাণ ১২১.৪৬ শতাংশ। ৩০ বছরে মানুষের তুলনায় ভোটার বেড়েছে অতিরিক্ত ৪০.৫৩ শতাংশ হারে। অর্থাৎ ফি বছর ভোটার লিস্টে ১.৩৫ শতাংশ হারে ভেজাল

ভোটার দিয়ে এই সময়ের মধ্যে তালিকাটা দাঁড়াল ৪০.৫৩ শতাংশ। আপনাদের ক্রমহ্রাসমান জনপ্রিয়তাকে ঠিক রাখতে এই ক্রমবর্ধমান ভেজাল। আর, এর মধ্যে অর্থাৎ ১৯৭১ সাল থেকে ২০০১ সালের মধ্যে আটবার পশ্চিমবাংলার বিধানসভার নির্বাচন হয়েছে। ১৯৭৭ সালে সরকার গড়ার পর ১৯৮২ সাল এবং ১৯৮৭ সালের মধ্যে যা ভোট পড়েছে তার অর্ধেক অর্থাৎ ৫০.৭৫ শতাংশ এবং ৫১.৬৮ শতাংশ পেয়েছে বামফ্রন্ট। রাজ্য সরকারের ব্যুরো অফ অ্যাপ্লায়েড ইকোনমিক্স অ্যান্ড স্ট্যাটিসটিক্সে প্রকাশিত ওয়েস্ট বেঙ্গল স্ট্যাটিসস্টিক্যাল অ্যাবস্ট্র্যাক্টস-এ বলা হয়েছে ২০০২-২০০৩ সালে যে, ১৯৮২ এবং ১৯৮৭ সালে রাজ্য জনসংখ্যা ছিল যথাক্রমে ৫ কোটি ৫৮ লক্ষ ১৬৪ জন এবং ৬ কোটি ২৩ লক্ষ ১৮ হাজার ৮৫৫ জন। বৃদ্ধির পরিমাণ ১১.৬৮ শতাংশ।

[3.00—3.10 p.m.]

১৯৮২ এবং ১৯৮৭-তে কমিশনের হিসাব অনুযায়ী মোট ভোটার ছিল ক্রমানুসারে ২ কোটি ৯৯ লক্ষ ৩৯ হাজার ৮৭৮ এবং ৩ কোটি ৫৩ লক্ষ ২৮ হাজার ৫৫৪। মোট বৃদ্ধি ১৭.৯৯ পার্সেন্ট। শুধু ৫ বছরে ভুতুড়ে ভোটারে বেহাল অবস্থা, ভুতুড়ে ভোটার ৬.৩১ পার্সেন্ট। এখনও পর্যন্ত ৭ লক্ষ ৬৭ হাজার ভূতুড়ে ভোটার খারিজ হচ্ছে। ২০০২ সালে ভোটার তালিকা সংশোধনে প্রথম স্পেশাল রিভিশন অফ অ্যান ইনটেনসিভ নেচার প্রয়োগ করা হল। পশ্চিমবঙ্গে যে লক্ষ লক্ষ বাংলাদেশি অনুপ্রবেশকারী-সহ কট্টরপন্থী জঙ্গিদেরও একটা বড় ঠিকানা হয়ে উঠেছে সেটা সকলের অজানা নেই। ওরা ওই বাংলাদেশকে কেন্দ্র করে পশ্চিমবঙ্গের মধ্য দিয়ে তারা যে জাল নোট ছড়ানো থেকে অস্ত্র ও বিস্ফোরক পাচারেও পুরোদস্তুর সক্রিয়, একথা কিন্তু বহু আগে থেকে বিভিন্ন মহল থেকে বারবার বলা হয়েছে। কিন্তু দীর্ঘদিন ধরে এই রাজ্যের প্রধান শাসক দলের কর্তাব্যক্তিরা তা কানে তোলার প্রয়োজনই বোধ করেননি। এটাকে অপপ্রচার বলে তাঁরা উড়িয়ে দিয়েছেন। ২০০১ সালের ১১ সেপ্টেম্বর আমেরিকার মাটিতে আত্মঘাতী বিমান হামলার পরে তাঁদের কিছুটা হুঁশ ফিরেছে। বাংলাদেশকে কেন্দ্র করে এ রাজ্যে কট্টরপন্থী শক্তির চক্রান্ত আজ তাঁদেরও উদ্বিগ্ন করে তুলেছে। কিছুদিন হল কট্টরপন্থী মুসলিম সন্ত্রাসবাদও বাংলাদেশের ভূমিকা নিয়ে তাঁরাও অর্থাৎ শাসকদল মুখ খুলতে আরম্ভ করেছেন। কিন্তু প্রশ্ন হল দীর্ঘদিন ধরে ওস্কানোর পর এবং আগুনে ঘি দেওয়ার পরে তাঁদের চেতনা ফিরে এসেছে এবং গোড়া কেটে আগায় জল দেওয়ার নীতি শুরু করেছেন, কিন্তু তাতে কতটা কার্যকরী হবে ? বাংলাদেশ কট্টরপন্থী জঙ্গিরা তো বটেই, এমনকি পাক সন্ত্রাসবাদী সংগঠন জয়েশ-ই-মহম্মদ এবং লস্কর-ই-তোইবার লোকজনও যে এই রাজ্যে স্থানীয় এজেন্টদের সক্রিয় সহযোগিতা পাচ্ছে একের পর এক ঘটনার দ্বারা তার স্পষ্ট প্রমাণ মিলেছে। কিন্তু সে তুলনায় বাংলাদেশি অনুপ্রবেশ ও জঙ্গি কার্যকলাপ রোখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ এ রাজ্যের প্রশাসন নিতে পেরেছে কি ? এই বিষয়ে রাজ্য সরকারের যথেষ্ট সচেতনতার প্রয়োজন আছে। রাজ্যের ছোট-বড় শতকরা ৯৯ জন সরকারি কর্মচারী এখনও নির্বাচন কমিশনের চেয়ে বামফ্রন্ট সরকারকে অনেক বেশি ভয় করেন। আই পি এস, আই এ এস অফিসাররা নির্বাচন কমিশন এবং বামফ্রন্ট সরকারের ভিতর ভয় পান বামফ্রন্ট সরকারকে। মার্কসিস্ট কমিউনিস্ট, সি পি আই (এম) সরকারকেই

তাঁরা ভয় করেন। সি পি আই (এম)-এর ভয়ে তাঁরা নিরপেক্ষভাবে কাজ করতে পারেন না। এই পরিপ্রেক্ষিতে বলতে চাই যে, এই পশ্চিমবঙ্গে ২০০১ সালে জনসংখ্যা ছিল ৮ কোটি ১ লক্ষ ৭৬ হাজার ১৯৭, যার ৭২ পার্সেন্ট বা ৫.৭৭ কোটি গ্রামীণ। গ্রামীণ মানুষের অধিকাংশই কৃষিনির্ভর এবং এই জনসমুদয় বামেদের মূল গণভিত্তি ও ধারাবাহিক সাফল্যের জিয়নকাঠি। সেখানে তাঁদের সহযোগিতা ছাড়া বামফ্রন্ট সরকার জিততে পারত না। বাংলার চাষি শুধু বাংলার নয়, গোটা ভারতের মুখেই খাদ্য জোগায়। জাতীয় অর্থনীতির অন্যতম ভিত্তি এই কৃষক সমাজ। ২০০১-২০০২ আর্থিক বছরে ভারতের সর্বমোট খাদ্যশস্যের ৭.৮ পার্সেন্ট ফলিয়েছেন এঁরাই। পশ্চিমবঙ্গে বছরে অন্তত ৬ মাস কর্মরত অবস্থায় কৃষি কাজে প্রত্যক্ষভাবে যুক্ত মোট ৫৬ লক্ষ ৫৩ হাজার ৯২২ জন চাষি। এই চাষীরা সেখানে কী হয় ? জমিগুলির মালিকানা .৪৫ একর অর্থাৎ ৪৫ শতকের মতো এর জমির মালিক। যা ভারতবর্ষের মধ্যে সবচেয়ে নিম্নতম। অন্যের জমিতে ঠিকা কিষাণ বা ভূমিহীন খেতমজুরের সংখ্যা হচ্ছে ৭৩ লক্ষ ৬২ হাজার ৯৫৭। ১৯৭১ সালে যা ছিল ৩২.৭২ লক্ষ অর্থাৎ ৩০ বছরে ১২৫ পার্সেন্ট সেটা বৃদ্ধি পেয়েছে। দেশের মধ্যে সব থেকে বেশি হারে ঠিকা কৃষি শ্রমিক, ভূমিহীন কৃষক শ্রমিক বেড়েছে। আমাদের এই রাজ্যে আমরা দেখতে পাচ্ছি, সমগ্র কৃষিজীবীদের পরিবারে পাট্টাদার বা বর্গাদারদের যে হিসাব রাজ্যের ভূমি দপ্তর দিয়েছেন ৩০-০৯-২০০৩ পর্যন্ত, তাতে এই রাজ্যে পাট্টা প্রাপকের সংখ্যা হচ্ছে ২৭ লক্ষ ৪৪ হাজার ৪১৫, মোট প্রাপ্য খাস কৃষিজমির পরিমাণ ১০ লক্ষ ৮৬ হাজার ১৭১ একর, মাথাপিছু পরিমাণ হচ্ছে ৩৯ শতক। অর্থনৈতিকভাবে যাকে আমরা অনুৎপাদক বলি, আনপ্রোডাক্টিভ সেখানে দেখছি এটাকে সেইভাবে চিহ্নিত করা হয়েছে। বর্গা রেকর্ড হয়েছে ১৫ লক্ষ ১৪ হাজার ৪৫৭ জন, ভাগচাষী ১১ লক্ষ ১৭ হাজার ৭৬১, তাহলে গড়ে আপনার ৭৩ শতক জমিতে ভাগচাষীর সেই জমিতে তাঁদের প্রাপ্য হয়েছে দুই-তৃতীয়াংশ ফসল যা খুব যৎসামান্য, সেটাতে তাঁদের সংসার অতিবাহিত হয় না। ন্যাশনাল স্যাম্পেল সার্ভে সমীক্ষায় দেখেছি যে, ১৯৮৭ থেকে ১৯৮৮ সাল, এই আর্থিক বছরে বাংলার গ্রামীণ পরিবারের ৩৯.৬ পার্সেন্ট হল ভূমিহীন। ১৯৯৯ থেকে ২০০০ সালে যা প্রায় হয়ে দাঁড়াল ৪৯.৮ শতাংশ। যেখানে জাতীয় গড় হচ্ছে ৪১ শতাংশ। অতএব এই কারণে পশ্চিমবঙ্গে ২০০৫ সালের পরে সেখানে যেটা এসেছে তার হার হচ্ছে ৫৫ পার্সেন্ট, বেড়ে গিয়েছে। এই পরিপ্রেক্ষিতে আমরা দেখতে পাচ্ছি যে ভূমি সংস্কারের কথা যেটা বলছেন সেই ভূমি সংস্কারের ফলে মালিকানা বৃহৎ জোতদারদের কতটা হয়েছে সেটা যদি দেখেন তাহলে দেখতে পাবেন বৃহৎ জোতদারদের ১৯৭০ থেকে ১৯৯৬ সাল, এই সালের মধ্যে আমরা যদি একটু লক্ষ করি তাহলে দেখব যে ১৯৭৭ সালে বৃহৎ জোতদারদের সংখ্যা ছিল ১৯ শত ২০ জন যাদের জমির পরিমাণ ছিল ৫ লক্ষ ১২ হাজার ৫১৬ একর। এটা বর্তমান সালে যদি আপনারা দেখেন তাহলে দেখবেন যে গড় মালিকানা সেখানে হয়েছে ২৬৭ একর। ১৯ বছর বাম শাসনের পর ১৯৯৬ সালে সেটা হল ১১ শত ৫২ এবং ৫ লক্ষ ৪৯৩ একর জমি। মাথাপিছু ৪৩৪ একর। ২৬৭ ছিল, সেটা বেড়ে হয়ে গেল ৪৩৪ একর। এইভাবে সেখানে বছর বছর বেড়ে বেড়ে জোতদারদের সেখানে হ্রাস পেল, কিন্তু যে সংখ্যাটা বেড়ে যাচ্ছে, আসলে সবটাই আপনার ঘাটতিশূন্য যে বাজেট হয়েছিল এগুলো সেখানে কিছুটা অপ্রলাপের মতো ; সেখানে নিজেদের প্রয়োজন মাফিক করেছিলেন মানুষের প্রয়োজনে নয়। ২০০৩ সাল পর্যন্ত বণ্টিত মোট খাস কৃষিজমির পরিমাণ ১০.৮৬

লক্ষ একর। তার মধ্যে ১৯৭৭ সালের আগে বণ্টিত হয়েছিল ৬.৭৭ লক্ষ। ১৯৭৭ সাল থেকে ২০০৩ সাল পর্যন্ত এই ২৬ বছরে বণ্টিত কৃষি জমির পরিমাণ ৪.৫১ লক্ষ। অর্থাৎ বছরপিছু মাত্র ১৭ হাজার ৩৮৬ একর জমি বিলি হয়েছে। অতএব পরিকল্পিতভাবে বামফ্রন্ট ক্ষমতায় আসার পরে ১৯৭২ থেকে ১৯৭৭ সাল বাদ দিলে মোট বিলি করা জমির পরিমাণ হল ২.৬০ লক্ষ একর!

[3.10—3.20 p.m.]

অর্থাৎ বছর প্রতি ৫১ হাজার একর। বাম জমানায় ১৩.২৩ পার্সেন্ট পাট্টাদার ও ১৪.৩৭ পার্সেন্ট বর্গাদার উচ্ছেদ হয়েছে। আপনারা বলছেন ভূমি সংস্কারের ফলেই মানুষের অগ্রগতি হয়েছে। আপনারা বলছেন ভূমি সংস্কার আমাদের অন্যতম ভিত্তি। ভূমি সংস্কারের মধ্যে দিয়ে বিভিন্নভাবে সার্বিক উন্নয়ন হতে পারে। আমরা বলছি হ্যাঁ, হতে পারে। আপনারা আরও সেই দিকে লক্ষ দিন। সেই দিকে লক্ষ দিলে ভালো হত। বামফ্রন্ট সরকারের ঘোষিত লক্ষ্য ছিল, পঞ্চায়েতের মাধ্যমে ও সহযোগিতায় পাট্টাদার, বর্গাদার, ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের সস্তায় মিনিকীট বীজ, সার, সেচ, বিদ্যুৎ পৌঁছে দেওয়া এবং স্বল্প সুদে ব্যাংক বা সমবায় থেকে ঋণ দেওয়া। রাজ্যের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের সমীক্ষায় জানা গিয়েছে যে, পঞ্চায়েত এ বিষয়ে মাত্র ১৩ পার্সেন্ট সাফল্য লাভ করেছে এবং ৮৭ পার্সেন্ট ব্যর্থ। মানব উন্নয়ন রিপোর্ট অনুযায়ী ১৯৮৮-১৯৯৩ এই সময়কালের মধ্যে গ্রাম পঞ্চায়েত সদস্যদের মধ্যে ১৮.৯ পার্সেন্ট অকৃষিজীবী, ভূমিহীন খেতমজুর ও বর্গাদার ২৮.১১ পার্সেন্ট, রায়ত চাষী ৫৮.৭ পার্সেন্ট ছিল। ক্ষমতাসীন জেলা পরিষদগুলির সদস্যদের মধ্যে মাত্র ২.৮ পার্সেন্ট খেতমজুর, ২.৫ পার্সেন্ট বর্গাদার, ৩৭.৩ পার্সেন্ট কৃষিজীবী এবং সব মিলিয়ে জেলা পরিষদের প্রতিনিধিদের মধ্যে ৮৭.৮৪ পার্সেন্ট কৃষির সঙ্গে সম্পর্করহিত। অথচ মালদহ ও মুর্শিদাবাদ এই দুটি জেলা পরিষদ বাদে বাকি সব জেলা পরিষদই সি পি এম-এর দখলে। ২০০২ সালে হায়দ্রাবাদে অনুষ্ঠিত সি পি এম-এর সপ্তদশ কংগ্রেসের রাজনৈতিক, সাংগঠনিক রিপোর্টে পশ্চিমবঙ্গে তাদের কৃষক ফ্রন্টের সদস্য সংখ্যা ১ কোটি ৩ লক্ষ ২৯ হাজার ৬৮৩ জন। যা কিনা সেনসাস কর্তৃক নির্ণায়িত বাংলার মোট চাষীর সংখ্যা থেকে বেশি। ভূমি সংস্কার হয়েছে বলে আপনারা যে কথা বলছেন আমরা মনে করি শিল্পায়নের নাম করে চাষিদের কাছ থেকে জমি কেড়ে নিয়ে সেখানে আপনারা প্রোমোটারিরাজ কায়েম করার চেষ্টা করছেন। রাজ্য সরকারের ২০০৩-২০০৪ সালের আর্থিক সমীক্ষা অনুযায়ী ২০০২-২০০৩ সালে এই রাজ্যের ৮৬৮৭ হাজার হেক্টর জমির মধ্যে নথিভুক্ত অরণ্য হচ্ছে মাত্র ১৩.৮ পার্সেন্ট। তবু চাষ হয়েছে মাত্র ৬১.৬৭ পার্সেন্ট জমিতে। অর্থাৎ চাষীরা ৫২ লক্ষ ৮০ হাজার ৩১৮ একর জমিতে বীজ বুনতেই পারেনি। ২০০৪-এর তুলনায় ২০০৫-এ ৪ লক্ষ ১৩ হাজার ৫৭৯ একর জমিতে চাষ কম হয়েছে। শুধু তাই নয়, ১ কোটি ৩২ লক্ষ ২৯ হাজার ৬৮৩ একর জমিতে চাষ হল। এর মধ্যে সরকারি উদ্যোগে বৃহৎ ও মধ্য সেচের ব্যবস্থা ছিল ২৬ লক্ষ ৫৭ হাজার ৫৮ একর। নিজ উদ্যোগে চাষীরা ৭৪ লক্ষ ২৮ হাজার ৩৯০ একর জমিকে ক্ষুদ্র সেচের আওতায় এনেছে। অর্থাৎ ৩৯ লক্ষ ৪৪ হাজার ২৩৫ একর কৃষিজমি ছিল সেচহীন।

ভারতীয় রিজার্ভ ব্যাংকের বেসিক স্ট্যাটিসটিক্যাল রিপোর্ট ২০০৩ অনুসারে পশ্চিমবঙ্গে শিল্প ক্ষেত্রে অনুমোদিত ব্যাংক ঋণের পরিমাণ ২৮ হাজার ৩৭২ কোটি টাকা। ভারতীয় রিজার্ভ ব্যাংকের বেসিক স্ট্যাটিস্টিক্যাল রিটার্ন-২০০৩ অনুসারে পশ্চিমবঙ্গের শিল্প ক্ষেত্রে (প্রোমোটারি-সহ) অনুমোদিত ব্যাংক ঋণের পরিমাণ ২৮ হাজার ৩৭২ কোটি টাকা। যার মধ্যে ২১,০৬৭.৭২ কোটি টাকা অনাদায়ী। আর কৃষিক্ষেত্রে অনুমোদিত সামগ্রিক ব্যাংক ঋণের পরিমাণ মাত্র ২,৬০২ কোটি টাকা। সার নেই, বীজ নেই, সেচের জন্য এলাহি ভরসা, কারণ বিদ্যুৎ বাড়ন্ত, ডিজেলের দর ঊর্ধ্বগামী। বাংলার চাষীর মরণ ছাড়া গতি নেই।

৩১-০৩-২০০৪-এর সি এ জি রিপোর্ট অনুযায়ী ২০০৩-২০০৪ আর্থিক বছরে রাজ্য সরকারের গ্রামোন্নয়ন খাতে ব্যয়ের পরিমাণ ৭৩৬.২৬ কোটি টাকা। বিদ্যুতে ১৪৪.৯৫ কোটি, সেচ ও বন্যা প্রতিরোধে ৫৯৮.৪৯ কোটি, আর ওই বছরেই শুধুমাত্র দেনার দায়ে সরকার সুদের কড়ি গুনেছে ৯ হাজার ৩৫৪ কোটি টাকা, যা কিনা রাজ্যের মোট রাজস্ব আদায়ের ৫৬ শতাংশ। এইভাবে সরকার চলছে। কি অসাধারণ উন্নয়নমুখী চালচিত্র বামশাসিত পশ্চিমবঙ্গের ! মাননীয় রাজ্যপালের ভাষণে সেই সব জিনিস দেখতে পাইনি, তাই রাজ্যপালের ভাষণের বিরোধিতা করে এবং বিরোধী দলের আনা সংশোধনগুলোকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী ঈদ মহম্মদ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ২ ফেব্রুয়ারি পশ্চিমবঙ্গের মাননীয় রাজ্যপাল এই বিধানসভায় দাঁড়িয়ে যে বক্তব্য রেখেছেন এবং সেই বক্তব্যের উপর যে ধন্যবাদসূচক প্রস্তাব আনা হয়েছে, আমি তাকে সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই।

মাননীয় রাজ্যপাল পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকারের সাফল্যের কথাই তুলে ধরার চেষ্টা করেছেন। আমাদের ভুললে চলবে না যে, পশ্চিমবঙ্গ ভারতবর্ষের যুক্তরাষ্ট্রীয় কাঠামোর মধ্যে একটা অঙ্গরাজ্য। এই অঙ্গরাজ্যের ক্ষমতাও সীমিত। কেন্দ্রীয় সরকার আমাদের সব পাওনা ঠিকমতো দিতে চাননি অতীতে। সীমিত আর্থিক ক্ষমতার মধ্যে দিয়েই বামফ্রন্ট সরকার পশ্চিমবঙ্গের মানুষের, বিশেষ করে গ্রাম-গঞ্জের মানুষের অগ্রগতি চালিয়ে যাওয়ার চেষ্টা করে এসেছে। আর কিছুদিন পর নির্বাচন। নির্বাচনের প্রাক্কালে দাঁড়িয়ে বিরোধী পক্ষ থেকে বামফ্রন্টের বিরুদ্ধে নানারকম কুৎসা রটনার চেষ্টা করবে এবং মহাজোট বা মহাঘোঁটের কথা বলবে, ভুয়া ভোটারলিস্টের অভিযোগ তুলবে, এতে আশ্চর্য হবার কিছু নেই। নির্বাচন কমিশন স্বাধীনভাবে নির্বাচন পরিচালনা করেন। তাঁদের নিয়ম অনুযায়ী তাঁরা পশ্চিমবঙ্গের ভোটারলিস্ট সম্পর্কে যেসব সংযোজন, বিয়োজন বা সংশোধন করছেন তাতে আমাদের মাথাব্যথার কারণ নেই, আমরা তাঁদের সহযোগিতাই করছি। আমরা দেখেছি পাঁশকুড়া লাইন ব্যর্থ হয়েছে। আমরা দেখলাম বিহারে যেভাবে নির্বাচন পরিচালনা করা হয়েছে, সেই নির্বাচনে উৎসাহিত হয়ে বিরোধী পক্ষ এখানে নির্বাচন করার চেষ্টা করছেন। তাঁরা তাঁদের উপযুক্ত জবাব আসানসোলে পেয়ে গেছে। পার্থবাবু ইতিমধ্যে তাঁদের মুখ্যমন্ত্রীর নামও করে

ফেলেছেন। ২০০১ সালে আমরা দেখেছিলাম একজনকে মুখ্যমন্ত্রী হিসাবে তুলে ধরার চেষ্টা করা হয়েছিল, সেই প্রচেষ্টা ব্যর্থ হয়েছে। আগামী দিনের নির্বাচনে সেই প্রচেষ্টাও ব্যর্থ হবে। বিরোধী পক্ষ থেকে খাদ্যে সংকট, অনাহারে মৃত্যু, ইত্যাদির কথা বলা হচ্ছে।

[3.20—3.30 p.m.]

আমরা ভুলে যাইনি ১৯৫৯ সালে যখন মুখ্যমন্ত্রী ছিলেন বিধানচন্দ্র রায়। তখন খাদ্যের দাবিতে গ্রামবাংলার মানুষ শহরে এসেছিল, মায়েরা তাঁদের সন্তানকে কোলে নিয়ে এসেছিলেন মিছিল করে। তৎকালীন প্রশাসন এবং সরকারের নির্দেশে সেই মিছিলের উপরে লাঠি চার্জ করে অজস্র মানুষকে খুন করা হয়েছিল। এই ঘটনার প্রতিবাদে যখন ছাত্র, যুবরা আন্দোলন চালিয়েছিল, মিছিল করেছিল, সেই মিছিলের উপরে লাঠি চার্জ করে রাজপথকে রক্তে লাল করে দেওয়া হয়েছিল। সে কথা আমরা ভুলে যাইনি। আপনাদের সময়ে জমির পরিমাণ ছিল বেশি, মানুষ ছিল কম, কিন্তু কৃষিতে কোনো উন্নতি হয়নি। সেচ ব্যবস্থার সম্প্রসারণ হয়নি, ভূমি সংস্কার হয়নি। এর ফলে কৃষি উৎপাদন ব্যাহত হয়েছিল। বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর যে সমস্ত ভূস্বামীরা স্বনামে, বেনামে জমি লুকিয়ে রেখেছিল তাদের কাছ থেকে জমি উদ্ধার করেছে, ভূমি সংস্কার করে গরিব কৃষকদের হাতে জমি তুলে দিয়েছে। বর্গাদারদের পাট্টা দিয়েছে। শুধু এই কাজ করেই বামফ্রন্ট সরকার ক্ষান্ত থাকেনি, কৃষকরা যাতে তাঁদের জমি চাষ করতে পারেন তার জন্য তাঁদের বিনামূল্যে সারের ব্যবস্থা করেছে, মিনিকীটের ব্যবস্থা করেছে। সেচ ব্যবস্থার সম্প্রসারণ করেছে। এর ফলে গ্রামের কৃষক আজ চাষ করতে পারছে। শুধু খাদ্যের ব্যবস্থাই নয়, আমাদের সরকার ২০০৭ সালের মধ্যে সমস্ত গ্রামে বিদ্যুৎ পৌঁছে দেওয়ার কথা ঘোষণা করেছেন। আপনারা বক্রেশ্বর নিয়ে অনেক উপহাস করেছিলেন বক্রেশ্বরে নতুন আরও একটি ইউনিট তৈরি করা হচ্ছে, যেখানে তিনশো মেগাওয়াট বিদ্যুৎ তৈরি হবে। বিদ্যুতের চাহিদা পূরণ করার জন্য মুর্শিদাবাদের সাগরদীঘিতে এক বিশাল কর্মকাণ্ড চলছে। কিছুদিনের মধ্যেই সেখানে বিদ্যুৎ উৎপাদন হবে। কাটোয়াতে এক হাজার মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের কেন্দ্র স্থাপন করার জন্য শিলান্যাস করা হয়েছে। এত গেল তাপ-বিদ্যুৎ কেন্দ্রের কথা। সুন্দরবনে সৌরশক্তিকে কাজে লাগিয়ে সেখানকার মানুষের বিদ্যুতের চাহিদা মেটানো হচ্ছে। দেশের মানুষের শিক্ষার হার যদি না বাড়ে তাহলে দেশের যথার্থ উন্নতি ঘটে না। আমরা আপনাদের মতো শিক্ষাকে কুক্ষিগত করে রাখতে চাইনি। আপনাদের সময়ে গ্রামে কোনো স্কুল ছিল না। শহরাঞ্চলে স্কুল ছিল সেখানে শুধু উচ্চবিত্ত পরিবারের ছেলেমেয়েরা পড়াশোনা করত। কংগ্রেসী আমলে আমরা আন্দোলন করেছিলাম যে অষ্টম শ্রেণি পর্যন্ত শিক্ষাকে অবৈতনিক করতে হবে। বামফ্রন্ট সরকার আসার পরে ১২ ক্লাস পর্যন্ত অবৈতনিক শিক্ষা ব্যবস্থা চালু করা হয়েছে। এখন গ্রামে-গঞ্জে কলেজ তৈরি করা হচ্ছে। এখন হাইস্কুলগুলিকে ১২ ক্লাসে উন্নীত করা হয়েছে। এখন গ্রামবাংলার ছেলেমেয়েদের কলেজের পড়াশোনার জন্য বাইরে আসতে হয় না। অন্যদিকে যারা স্কুলে যেতে পারে না, যারা স্কুলে যাওয়ার সুযোগ থেকে বঞ্চিত, তাদের শিশু শিক্ষাকেন্দ্রের মারফত শিক্ষা দেওয়ার চেষ্টা করা হচ্ছে। একসময় অবহেলিত নারী সমাজ যখন শিক্ষার মুখদর্শন করেনি, তখন রাজা রামমোহন রায় তাঁদের শিক্ষার আলোতে নিয়ে আসার জন্য আন্দোলন

করেছিলেন। বিদ্যাসাগর মহাশয়ও নারী শিক্ষাকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য অপমানিত হয়েছিলেন। এখন ছেলেদের সঙ্গে মেয়েরাও সমানতালে স্কুল কলেজে যাচ্ছে। আমরা সকলেই জানি যে, এখন বিজ্ঞানের যুগে আমাদেরকে তাল মিলিয়ে চলতে হবে। তাই এখন কম্পিউটার শিক্ষা ব্যবস্থা চালু করা হয়েছে। বিজ্ঞানকে কাজে লাগানোর আমরা চেষ্টা করছি। মাননীয় রাজ্যপাল তাঁর ভাষণে এই জিনিসই তুলে ধরার চেষ্টা করেছেন। আমাদের পশ্চিমবঙ্গের শান্তি-শৃঙ্খলা বিঘ্নিত করার জন্য বিভিন্ন কৌশল নেওয়া হচ্ছে। বিভিন্ন আক্রমণ নেমে আসছে। অন্ধ্রপ্রদেশ, মধ্যপ্রদেশ, নেপাল থেকে আমাদের রাজ্যে মাওবাদীরা চলে আসছে। এখানে তারা এসে আইন-শৃঙ্খলা বিঘ্নিত করবার চেষ্টা করছে। একসময় কে এল ও উত্তরবঙ্গে সংঘর্ষ সৃষ্টি করার চেষ্টা করেছিল। আমরা তা হতে দিইনি। পশ্চিমবঙ্গ সাম্প্রদায়িক সম্প্রীতির পীঠস্থান। এখানে কখনও সাম্প্রদায়িক দাঙ্গা হয়নি। মানুষে মানুষে দাঙ্গা হয়নি। গুজরাটে নরেন্দ্র মোদীর নেতৃত্বে যেরকম নারকীয় ঘটনা ঘটেছিল, সেটা সারা পৃথিবীর মানুষ জানে। কেন্দ্রের বি জে পি সরকারের অটলবিহারী বাজপেয়ী নীরব নীতি নিয়েছিল। কোনো প্রতিবাদ করেননি। আজকে নির্বাচনের প্রাক্কালে এসে বিরোধীরা মানুষকে বিভ্রান্ত করার চেষ্টা করছে। এর বিরুদ্ধে পশ্চিমবঙ্গের মানুষ জবাব দেবে। আগামীদিনে বামফ্রন্ট বিপুল সংখ্যায়, বিপুল সংখ্যাগরিষ্ঠতায় আবার ফিরে আসবে, এই কটি কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী কামাখ্যানন্দন দাশমহাপাত্র : বামফ্রন্টের জমানায় উন্নয়নের যে শত ধারায় গত ২৮ বছর ধরে নানা পথ অতিক্রম করে নিরবিচ্ছিন্নভাবে এগিয়ে চলেছেন, তারই সঠিক মূল্যায়নের ভিত্তিতে মহামান্য রাজ্যপাল আমাদের রাজ্যের বর্তমান সম্ভাবনাময় পরিস্থিতিকে যথার্থভাবে তুলে ধরেছেন। তাই আমি একে সমর্থন জানাচ্ছি। গতকাল এবং আজকে অনেক বক্তার ভাষণ আমি শুনেছি। তার মধ্যে একটা বিষয়েরই উল্লেখ ছিল ভারতবর্ষের তথাকথিত কিছু উন্নত রাজ্যের তুলনায় পশ্চিমবঙ্গে উন্নয়নের হার অনেক শ্লথ। সেই বিষয়েই আমার আলোচনা। আমার সময় অত্যন্ত কম। স্যার, আপনি জানেন যে, কোনো একটা রাজ্য তো বটেই, কোনো দেশ তো বটেই বিভিন্ন রাজ্যের অর্থনীতির উন্নয়নের অন্যতম মানদণ্ড হচ্ছে নেট ডোমেস্টিক প্রোডাক্ট বৃদ্ধির হার।

[3.30—3.40 p.m.]

মাননীয় বিরোধী সদস্যরা বলেন যে, অন্ধ্রপ্রদেশ, গুজরাট, কর্ণাটক, তামিলনাড়ু এবং মহারাষ্ট্র এইসব তারকা খচিত রাজ্যগুলো আমাদের চেয়ে এগিয়ে আছে। এই বিষয়ে আমি একটা তথ্য দিচ্ছি—১৯৯৩-১৯৯৪ সালকে বেস ইয়ার ধরে গত ১০ বছরে নেট ডোমেস্টিক প্রোডাক্ট-এর ক্ষেত্রে অন্ধ্রপ্রদেশে উন্নয়নের হার ৫.২৭ পার্সেন্ট, গুজরাটে উন্নয়নের হার ৫.৮৭ পার্সেন্ট, কর্ণাটকে উন্নয়নের হার ৬.২৭ পার্সেন্ট, তামিলনাড়ুতে উন্নয়নের হার ৫.২৪ পার্সেন্ট এবং মহারাষ্ট্রে উন্নয়নের হার ৪.৭৪ পার্সেন্ট, এ ক্ষেত্রে ন্যাশনাল অ্যাভারেজ হচ্ছে ৫.৯৮ পার্সেন্ট। বামফ্রন্টের জমানায় পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকারের বিরুদ্ধে আপনাদের অনেক অভিযোগ আছে, কিন্তু দেখা যাচ্ছে যে, গত ১০ বছরে নেট ডোমেস্টিক প্রোডাক্টের ক্ষেত্রে

উন্নয়নের হার পশ্চিমবঙ্গে ৭.১০ পার্সেন্ট। পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকারের বিরুদ্ধে আপনারা যতই অভিযোগ করুন, কিন্তু এই সাফল্যকে আপনারা বিচার করবেন না ? ভারতবর্ষের সব রাজ্যের একটা সীমাবদ্ধতা আছে—সেটা হচ্ছে সাংবিধানিক সীমাবদ্ধতা, আইনের সীমাবদ্ধতা, কেন্দ্রীয় সরকারের বঞ্চনা আছে, কেন্দ্রীয় সরকারের জনবিরোধী আর্থিক নীতি আছে। তা সত্ত্বেও সমস্ত চ্যালেঞ্জের বিরুদ্ধে, সমস্ত সীমাবদ্ধতার মধ্যেও পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার বিকল্প পথে উন্নয়ন করেছেন। পশ্চিমবঙ্গের ক্ষেত্রে সাফল্য এসেছে ভূমি সংস্কার, পঞ্চায়েত ব্যবস্থা, কর্মসংস্থান, গ্রামোন্নয়ন, পার্টিসিপেটিং ডেমোক্রেসি এসবের জন্য। এসবের জন্য পশ্চিমবঙ্গে নেট ডোমেস্টিক প্রোডাক্ট বৃদ্ধির হার ভারতবর্ষের তথাকথিত তারকা খচিত রাজ্যগুলোর থেকে গত ১০ বছরে অভাবনীয় উন্নতি ঘটেছে। ১০ বছর আগে নেট ডোমেস্টিক প্রোডাক্ট বৃদ্ধির হারের ক্ষেত্রে পশ্চিমবঙ্গের স্থান ছিল একাদশ স্থানে, এখন সেটাতে আমরা প্রথম স্থানে এসেছি। এই সাফল্যকে আপনারা কোন দৃষ্টিভঙ্গিতে দেখতে চান ? দ্বিতীয়ত, মাথাপিছু গড় আয় বৃদ্ধির হার অর্থনৈতিক উন্নয়নকে বিচার করার ক্ষেত্রে অত্যন্ত গুরুত্বপূর্ণ একটা মাপকাঠি, আমি এই তথ্য আপনাদের কাছে বলছি। আমি যে তথ্যগুলো বলছি সেগুলো সব সেন্ট্রাল গভর্নমেন্টের দেওয়া তথ্য। জাতীয় ক্ষেত্রে মাথাপিছু গড় আয় বৃদ্ধির হার গত ১০ বছরে ৪.০১ পার্সেন্ট, সেখানে তারকা খচিত রাজ্যগুলো যেমন—অন্ধ্রপ্রদেশের মাথাপিছু গড় আয় ৪.০৩ পার্সেন্ট, গুজরাটের মাথাপিছু গড় আয় ৩.৮১ পার্সেন্ট, তামিলনাড়ুর মাথাপিছু গড় আয় ৪.০৯ পার্সেন্ট, মহারাষ্ট্রের মাথাপিছু গড় আয় ২.৬৯ পার্সেন্ট, কর্ণাটকের মাথাপিছু গড় আয় ৪.৩৯ পার্সেন্ট এবং পাঞ্জাবের মাথাপিছু গড় আয় ২.০১ পার্সেন্ট। সেখানে পশ্চিমবঙ্গের মাথাপিছু গড় আয় ৫.৫১ পার্সেন্ট। এর পরেও কি বলবেন যে, পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকারের আমলে কোনো কাজ হয়নি। এর সঙ্গে আর একটা কথা মনে রাখা দরকার, গত ১০ বছরে নানাবিধ কারণে জনসংখ্যা বৃদ্ধির হার তারকা খচিত রাজ্যগুলোর চেয়ে এখানে বেশি ছিল। সাধারণভাবে মাথাপিছু গড় আয় বৃদ্ধির হার দেখে ইন্ডিভিজুয়াল আয় সম্বন্ধে কোনো ধারণা করা যায় না। কিন্তু অর্থনৈতিক স্ট্যাটিস্টিকের ক্ষেত্রে এই সীমাবদ্ধতা থাকা সত্ত্বেও নিম্ন স্তরের মানুষের মান উন্নয়ন কতটা ঘটেছে সেটা বোঝা যায় গড় আয়ু বৃদ্ধির হার দেখে। সোভিয়েত বিপর্যয়ের পরে সেখানকার গড় আয়ু ১০ পার্সেন্ট কমে গিয়েছিল। এবারে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে যে তথ্য পেয়েছি সেটা বলছি—১৯৯১ সাল থেকে ১৯৯৫ সাল পর্যন্ত পশ্চিমবঙ্গে পুরুষের গড় আয়ু ছিল ৬১.৫ বছর এবং মহিলাদের গড় আয়ু ছিল ৬২.৮ বছর। ১৯৯৬ সাল থেকে ২০০১ সাল পর্যন্ত পশ্চিমবঙ্গে পুরুষদের গড় আয়ু ছিল ৬৪.৫ বছর এবং মহিলাদের গড় আয়ু ছিল ৬৭.২ বছর—অল ইন্ডিয়ার থেকে আমরা এগিয়ে আছি। অল ইন্ডিয়ায় পুরুষদের আয়ু ৬২.৪ বছর এবং মহিলাদের গড় আয়ু ৬৩.৪ বছর। পাঞ্জাব, কেরালা, মহারাষ্ট্রে পুরুষ এবং মহিলাদের গড় আয়ু পশ্চিমবঙ্গের থেকে বেশি। এখন পশ্চিমবঙ্গে পুরুষ ও মহিলাদের গড় আয়ু বেড়েছে। কিন্তু আমাদেরও ওই সাক্সেসকে অর্জন করতে হবে। তথাকথিত তারকা খচিত রাজ্যগুলো অন্ধ্রপ্রদেশ, গুজরাট, কর্ণাটক ইত্যাদি রাজ্যগুলো যাদেরকে আই এম এফ, ওয়ার্ল্ড ব্যাংক দরাজ হাতে সার্টিফিকেট দেয়, যাদেরকে মিডিয়া প্রচুর প্রচার দেয় তাদের থেকে আমাদের পশ্চিমবঙ্গে অবস্থা ভালো।

আর্থিক উন্নয়নের মাপকাঠিই একমাত্র বিচার্য হতে পারে না। সামাজিক ও মানবিক মূল্যবোধের বিষয়টি খুবই গুরুত্বপূর্ণ। জাতিগত, ভাষাগত, ধর্মীয় সম্প্রীতির প্রশ্নে পশ্চিমবাংলার সাফল্য তো প্রশ্নাতীত। আর একটি ক্ষেত্র হল সমাজ-শিক্ষা রাজনীতির নানা ক্ষেত্রে নারীর অধিকার ও মর্যাদা। এ ক্ষেত্রেও সাফল্য যথেষ্ট উল্লেখযোগ্য যদিও আমাদের আরও অনেক এগোতে হবে। জনসংখ্যার নারী-পুরুষের অনুপাত একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ মানদণ্ড। কন্যাসন্তানের প্রতি দৃষ্টিভঙ্গি পুরুষতান্ত্রিক সমাজের চেতনার স্তরে একটা গুরুত্বপূর্ণ ফ্যাক্টর। এর সাথে জড়িত সদ্যজাত কন্যাসন্তানের যত্ন, অবহেলা, ভালো-মন্দ, কন্যাভ্রূণ হত্যা-রক্ষার নানান প্রশ্ন। এসবের কিছুটা উত্তর অবশ্যই পাওয়া যায় মেল-ফিমেল রেসিও যাচাই করলে। কয়েক বছরে ভারতবর্ষের তারকা রাজ্যে এই রেসিও কি ভয়ঙ্কর অবস্থায় গিয়ে দাঁড়িয়েছিল। ১৯৮১ সালে পশ্চিমবাংলায় মেল-ফিমেল রেসিও প্রতি হাজারে হল ৯১১ জন এবং ২০০১ সালে ৯৩৪ জন। আর কি ভয়াবহ চিত্র ভারতবর্ষের অন্যান্য স্টার রাজ্যে দেখুন ১৯৮১ সালে হরিয়ানা নারী-পুরুষের রেসিও হচ্ছে প্রতি হাজার পুরুষে ৮৭০ জন নারী এবং ২০০১ সালে ৮৬১ জন প্রতি হাজার পুরুষে, এখানে কমে গেল। তার পরে পাঞ্জাবে দেখুন ১৯৮১ সালে ৯৭৯ নারী প্রতি হাজার পুরুষে এবং ২০০১ সালে এটা কমে হল ৮৭৪ জন। তার পরে দিল্লি দেখুন, সেখানে ১৯৮১ সালে ৮২৭ জন প্রতি হাজার পুরুষের অনুপাতে এবং ২০০১ সালে কমে হল ৮২১ জন প্রতি হাজার পুরুষে। আপনাদের বজরংবলি রাজ্য গুজরাটে সেখানে দেখুন ১৯৮১ সালে ৯৪২ জন নারী প্রতি হাজার পুরুষে এবং ২০০১ সালে সেটা কমে হল ৯২১ জন নারী প্রতি হাজার পুরুষে। * এ ক্ষেত্রেও পশ্চিমবাংলার সাফল্যের হার ভারতবর্ষের অন্যান্য রাজ্যের তুলনায় বেশি। আর একটা বিষয় উল্লেখযোগ্য হাজার বিপর্যয়ের মধ্যেও মানুষ বেঁচে থাকার চেষ্টা করে। কিন্তু যখন সমস্ত আশা নির্মূল হয়ে যায়, আত্মসম্মানটুকু রক্ষা করারও সমস্ত আশা শেষ হয়ে যায়, তখন মানুষ আত্মহত্যা করে। গত এক দশকের মধ্যে তথাকথিত কয়েকটি রাজ্যে প্রায় ১৭০০০ মানুষ দেনার দায়ে নিঃস্ব হয়ে আত্মহত্যা করেছেন। কি কেন্দ্রীয় সরকার, কি রাজ্য সরকার ওই সব নিঃস্ব মানুষের কাছে ক্ষীণমাত্র আশার প্রদীপটুকুও জ্বেলে ধরতে পারেনি। সঙ্কট এ রাজ্যেও আছে, কষকের ঋণগ্রস্থতা, কেন্দ্রীয় নীতির জন্য ফসলের রেমুনারেটিভ প্রাইস না পাওয়া, বন্যা ও প্রাকৃতিক দুর্যোগের মার কম-বেশি সবই আছে। কিন্তু তারই মাঝে নতুনভাবে বাঁচার সংগ্রামে মানুষ ঝাঁপিয়ে পড়ছে, বাঁচছে। এর মূলে রয়েছে রাজ্যব্যাপী ভূমি সংস্কার এবং গ্রামোন্নয়ন যা এ রাজ্যে হয়েছে বামফ্রন্ট সরকারের নেতৃত্বে। বামফ্রন্ট সরকার বাঁচার হাতিয়ার। তাই তো বারবার ভূমি সংস্কারের কথা আমরা বলি—শুধু সাফল্যের খতিয়ানের জন্য নয়। বাংলার মানুষকে একথা বারবার স্মরণ করিয়ে দিই শুধু অর্জিত সাফল্যকে আরও অগ্রসর করার জন্য নয়। স্মরণ করি, স্মরণ করাই। গ্রামীণ কুলাক ও ভূস্বামী শ্রেণি—আপনারা যাদের প্রতিনিধিত্ব করেন তাদের বিরুদ্ধে তীব্র ঘৃণার আগুনটাকে তীব্রতর করার জন্য যখন বিশ্বায়ন নীতির ক্রীতদাস প্রভুর হুকুম তামিল করার জন্য ষড়যন্ত্র করেছেন কৃষককে জমিচ্যুত করার জন্য—ভূমি সংস্কারের চাকাকে উল্টো দিকে ঘুরিয়ে দেওয়ার জন্য তখন তো ভূমি সংস্কারের বিষয়টা বারবার করে আমরা বলবই এ মাটি আমার স্বর্গ, এ মাটি আমার কাছে সোনা। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী তমোনাশ ঘোষ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আজকে মাননীয় রাজ্যপালের ভাষণের উপরে যে বিতর্ক চলছে সেখানে বিরোধীদের আনা সমস্ত কাটমোশান সমর্থন করে সংক্ষিপ্ত কিছু বলার চেষ্টা করছি। গত ২ ফেব্রুয়ারি, ২০০৬ তারিখে এই সদনে আমাদের রাজ্যের মাননীয় রাজ্যপাল শ্রী গোপালকৃষ্ণ গান্ধী, যিনি আমাদের জাতির জনক মহাত্মা গান্ধীর সম্পর্কে নাতি, তিনি এই সভায় এসেছিলেন। আমরা সংসদীয় সমস্ত রকম প্রথা মেনে ওঁকে বিক্ষোভ দেখিয়ে ছিলাম।

[3.40—3.50 p.m.]

কিন্তু একটা জিনিস ভাবছিলাম, সেদিন যে আমরা রাজ্যপালের ভাষণের বিরুদ্ধে বিক্ষোভ দেখিয়েছি, তিনি সেদিন কি বলতে চেয়েছিলেন ? এখানে দেখছিলাম ১৪ পাতার একটা বক্তব্য উনি শুরু করে শেষ করলেন অতি অল্প সময়ের মধ্যে। বুঝতে পারলাম উনি ১৪ পাতা পুরোটা পড়েননি। সুযোগ পেলে জিজ্ঞাসা করতাম, ভবিষ্যতে সুযোগ পেলে জিজ্ঞাসা করব—আপনি পুরোটা পড়লেন না কেন ? আমি নিশ্চিত, উনি উত্তর দেবেন যে, এই নির্লজ্জ সরকার গোটাটাই অসত্য ভাষণ লিখেছেন বলেই তাই তিনি পুরোটা পড়েননি। তিনি যদি পুরোটা পড়তেন তাহলে সমাজের কাছে মহাত্মা গান্ধীর নাতি হিসাবে একটা লজ্জাজনক ব্যাপার হত। আজকে যদি আমি বিধানসভার সদস্য না হতাম তাহলে এই নির্লজ্জ সরকারের এতগুলি নির্লজ্জ সদস্যদের দেখতে পেতাম না। ভগবান তুমি এদের ক্ষমা কোরো। জানি না, আগামী দিনে কি অবস্থায় এঁরা আসবেন! কিন্তু গোটা পশ্চিমবাংলায় আমাদের সামনে যে নির্লজ্জ সরকার আছে, তাঁরা বলছেন সপ্তম বামফ্রন্ট সরকার চাই। আর মানুষ বলছে, পরিবর্তন চাই। আর মাঝখানে কে জে রাও যত ঘোরাঘুরি করছেন, ততই ওঁরা আতঙ্কিত হচ্ছেন। এর মধ্যে দিয়ে আমি দু-একটি কথা বলতে চাই। রাজ্যপাল যে কথা ভাষণের মধ্যে বলে গেছেন, তার মধ্যে আইন-শৃঙ্খলা ও উন্নয়নের কথা প্রতিদিন টিভি খুলেই দেখতে পাচ্ছি। দেখতে পাচ্ছি আমাদের মুখ্যমন্ত্রীর শুভ্র কেশ—ভাবটা এমন যেন, গোটা পশ্চিমবাংলা উন্নয়নের একেবারে শেষ পর্যায়ে এসে দাঁড়িয়েছে ! অথচ এখানে যাঁরা সদস্য আছেন তাঁরা একবার বুকে হাত দিয়ে নিজেকে জিজ্ঞাসা করুন, আপনার কেন্দ্রে গেলে, আপনাকে মানুষ বলে কিনা বিদ্যুৎ নেই, রাস্তাঘাটের অবস্থা খারাপ, স্কুলে ছেলেমেয়েরা যেতে পারছে না, প্রসূতি মা হাসপাতালে যেতে পারছেন নাই! আপনাদের সেই সৎ সাহস নেই, তাই বলতে পারছেন না। এই কথা বললে টিকিট দেবে না, টিকিট না দিলে বিধানসভার সদস্য হয়ে আসতে পারবেন না, আপনাদের রুটিরুজি বন্ধ হয়ে যাবে। সুতরাং সেখানে দাঁড়িয়ে আপনাদের এই অসত্য কথাগুলি বলতেও হবে, শুনতেও হবে। আমাদের দায়িত্ব মানুষের কাছে, মানুষ আমাদেরকে পাঠিয়েছেন, মানুষের জন্য যদি বুথে বুথে গিয়ে মার খেতে হয় মার খাব, তাও বলব। প্রাক্তন মুখ্যমন্ত্রী ও বর্তমান মুখ্যমন্ত্রী পুলিশের একটি সভায় গিয়েছিলেন, সেখানে প্রাক্তন মুখ্যমন্ত্রী বলছেন, 'আমার ইচ্ছা, আমি সপ্তম বামফ্রন্ট দেখতে চাই।' কার কাছে বলছেন, পুলিশের কাছে বলছেন, মানুষের কাছে বলছেন না। পুলিশ কীভাবে এনে দেবে, গত ত্রিশ বছর ভোট যেভাবে করেছেন, সেইভাবে এনে দেবে। সেই কথাটা কিন্তু রাজ্যপালের ভাষণে নেই। আজকে অবাক হয়ে যাই, যখন বরানগর জুট মিলের ফ্যাক্টরিতে

গুলি চলে, সেখানে পার্সোনাল ম্যানেজার খুন হয়ে যায়, শ্রমিক মারা যায় ! সেখানে সিটু সভা করল। সেই সভায় প্রাক্তন মুখ্যমন্ত্রী ও বর্তমান মুখ্যমন্ত্রী উপস্থিত ছিলেন। সেখানে প্রাক্তন মুখ্যমন্ত্রী বললেন, 'আমার জমানায় এই দৃশ্য দেখিনি।' এটা জ্যোতিবাবুর জমানায় জ্যোতিবাবু দেখেননি। বুদ্ধদেব ভট্টাচার্য হজম করলেন। তিনি ভাবছেন, ৯২ বছরের মানুষকে একটা ডোজ দেব। পেয়েও গেলেন সুযোগ। অম্বুজা সিমেন্ট ফ্যাক্টরি হাওড়ায়, সেখানে উদ্বোধনে প্রাক্তন ও বর্তমান মুখ্যমন্ত্রী ছিলেন। সেখানে বুদ্ধদেববাবু সুযোগ পেয়ে গেলেন। তিনি ভাবলেন, ৯২ বছরের মানুষটাকে শিক্ষা দেব। আপনারাও শুনেছেন, তিনি বলেছিলেন, পশ্চিমবাংলায় ত্রিশ বছরের মধ্যে ২৮ বছরে কোনো উন্নয়ন হয়নি, এই প্রথম উন্নয়ন শুরু। তাহলে কি দাঁড়াল ? একজন প্রাক্তন মুখ্যমন্ত্রী বলছেন—আমার জমানায় এটা হয়নি। এই কথাটা কিন্তু রাজ্যপালের ভাষণে নেই ! সেখানেই হচ্ছে আমাদের প্রতিবাদ। আজকে উনি বলছেন আইন-শৃঙ্খলার ক্ষেত্রে আমাদের রাজ্য 'মরুদ্যান'। মরুদ্যান না মরুভূমি তার বিচার রাজ্যের মানুষ করবে, তার বিচার আপনারা করবেন না। কয়েকদিন আগে আমাদের দলের সহ-সভাপতি শচীন মুখার্জী আততায়ীদের গুলিতে নিহত হলেন, অথচ আপনারা বলছেন আইন-শৃঙ্খলার ক্ষেত্রে আমাদের রাজ্য মরুদ্যান ! তাঁর মৃত্যুতে পথে মানুষের ঢল নামল, রাস্তায় নেমে মানুষ প্রতিবাদ করল। আজকে বিরোধী দলের লোকেদের খুন করা হচ্ছে, আর আপনারা বলছেন রাজ্যের আইন-শৃঙ্খলার অবস্থা খুব ভালো ! মাননীয় রাজ্যপাল তাঁর ভাষণের শেষ লাইনে বলেছেন, 'আপনাদের সুচিন্তিত আলোচনার সাফল্য কামনা করে আমার বক্তব্য শেষ করছি।' আজকে সুচিন্তিত আলোচনা আমরা এখানে করছি। আমরা জানি, সংবিধানের নিয়ম অনুযায়ী অনেক মিথ্যা কথা তাঁকে বলতে হয়েছে। সেই জন্য মাননীয় রাজ্যপাল সুযোগ পেয়ে আমাদের দলের নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে দু-কলম চিঠি লিখেছেন—আপনাদের দলের সহ-সভাপতি মারা গেছেন আততায়ীদের গুলিতে, এই জন্য আমি অত্যন্ত শোকাহত এবং মর্মাহত। মাননীয় রাজ্যপাল তাঁর মনের কথাই লিখে জানিয়েছেন। এক একটা নির্বাচন আসে, আর আপনারা এক একটা উন্নয়নের স্লোগান তৈরি করেন। কখনও বলেন—"রাজ্যের হাতে অধিক ক্ষমতা দিতে হবে"—এই কথা বলে একটা নির্বাচনী বৈতরণী পার হলেন। কখনও বাংলার মানুষকে ভাঁওতা দিয়ে বলছেন—"রক্ত দিয়ে বক্রেশ্বর গড়ব"। রক্ত দিয়ে বক্রেশ্বর গড়ার কথা বলে হাজার হাজার যুবক-যুবতীর রক্ত নিয়ে আপনারা রাস্তায় ফেলে দিলেন। এর জন্য একদিনের মাইনে নিলেন এবং কোটি কোটি টাকা মানুষের কাছ থেকে তুললেন। মানুষের কাছ থেকে টাকা নিলে, মানুষকে তার হিসাব জানানো দরকার। একটা করে নির্বাচন আসে, আর একটা করে নতুন স্লোগান আপনারা তৈরি করেন। আপনাদের অবস্থাটা কুম্ভকর্ণের মতো, যখন নির্বাচন আসে তখন কুম্ভকর্ণের ঘুম ভাঙে, তখনই আপনাদের মনে পড়ে বাংলার উন্নয়ন করতে হবে। আবার আপনারা নতুন স্লোগান তৈরি করেছেন—"কৃষি আমাদের ভিত্তি, শিল্প আমাদের ভবিষ্যৎ।" এটা কার ভবিষ্যৎ ? বুদ্ধদেববাবুর ভবিষ্যৎ, না আমার সামনের বন্ধুদের ভবিষ্যৎ, না বাংলার বাহাত্তর লক্ষ বেকারের ভবিষ্যৎ ? আর কতদিন এই বেকারদের নিয়ে আপনারা ছেলেখেলা করবেন ? অশোক মিত্র মহাশয় বেকার ভাতা চালু করেছিলেন। আজকে কোথায় গেল সেই বেকার ভাতা ? শ্রমজীবী মানুষদের কাছ থেকে আপনারা প্রফেশনাল ট্যাক্স আদায় করে

বেকার যুবকদের বেকার ভাতা দেবেন বলেছিলেন। আজকে সেই প্রফেশনাল ট্যাক্স আদায় করা হচ্ছে, কিন্তু বেকার ছেলেমেয়েদের বেকার ভাতা দেওয়া হচ্ছে না। তাহলে কোথায় যাচ্ছে সেই টাকা, আপনারা কি হজম করে দিচ্ছেন ? মাননীয় রাজ্যপালের ভাষণের মধ্যে এই বেকার ভাতা সম্পর্কে কোনো কথার উল্লেখ নেই। আজকে আপনারা পশ্চিমবাংলার উন্নয়নের কথা বলছেন। আজকে এই সরকার কোথায় দাঁড়িয়ে আছে ? আজকে এই সরকারের কাঁধে ১ লক্ষ ৩৭ হাজার কোটি টাকার ঋণের দেনা। আপনাদের ভ্রান্ত অর্থনীতি, ভ্রান্ত শিক্ষানীতি, ভ্রান্ত স্বাস্থ্যনীতির জন্য আজকে রাজ্যের এই অবস্থা এসে দাঁড়িয়েছে। কোথা থেকে এটা আপনারা রিকভারি করবেন সেটা আপনারা বলছেন না। একটা সংসারের ভাঁড়ার যখন শূন্য হয় তখন বাবার কথা দু-চারদিন ছেলেমেয়েরা শুনবে, তার পরেও যখন খেতে দিতে পারবে না তখন ছেলেমেয়েরাই বলবে, বাবা লম্পট, জন্ম দিয়েছে খেতে দিতে পারে না। আজকে এই সরকারের সেই অবস্থা এসে দাঁড়িয়েছে। সরকার বড় বড় কথা বলে যাচ্ছে, কিন্তু সরকারের কোনো ক্ষমতা নেই। আজকে এই সরকার রাজস্ব আদায়ের জন্য দু-হাতে মদের দোকানের লাইসেন্স বিতরণ করে যাচ্ছে।

[3.50—4.00 p.m.]

আগে একজন বিধায়ক বলতেন, মদের লাইসেন্স দিতে গেলে তাঁর অনুমতি দরকার। এখন সেটাও তুলে দিয়েছেন। ১৯৬৭ সালে মার্কসবাদী বন্ধুরা মায়ের পায়ের আলতা দিয়ে দেওয়ালে লিখতেন সমাজতন্ত্রের কথা। ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে কমরেড জ্যোতি বসুর ভাষণ শোনাতে হাজার হাজার যুবক, ছাত্রদের নিয়ে যেতেন। আপনাদের কথা শুনে ওই সমস্ত যুবক, ছাত্ররা রাস্তায় আন্দোলনে নেমেছিলেন। আর আজকে সেই সমস্ত যুবক ছাত্রদের কোথায় নিয়ে গিয়ে দাঁড় করিয়েছেন ? এখন আপনাদের দুটি বুলি, সকালে লোটো খেল, আর বিকালে মদ খেয়ে শুয়ে পড়। আবার সকালে লোটো খেল। এ এক অদ্ভুত পশ্চিমবঙ্গ ! আপনারা যে কত অসত্য কথা বলেন তার একটা বিবরণ দিচ্ছি যেটা রাজ্যপালের ভাষণের মধ্যে নেই। মাননীয় মুখ্যমন্ত্রী তো উন্নয়নের ধ্বজা ধরে ঘুরে বেড়াচ্ছেন, কিন্তু বাংলার মানুষের জন্য আপনারা কি করছেন ? আজকে বাংলার মানুষকে কীভাবে বঞ্চিত করছেন—আমাদের দলের একজন বিধায়ক, শ্রী সুব্রত বক্সী আজকে একটি প্রশ্ন করেছিলেন। অনুমোদিত প্রশ্ন নম্বর * ২৭৭। প্রশ্নটি ছিল, "শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ২০০৪-২০০৫ আর্থিক বছর থেকে ২০০৫ থেকে ২০০৬ আর্থিক বছরের ৩১-১২-২০০৫ পর্যন্ত সময়কালে মোট কতজন অনাবাসী ভারতীয় রাজ্যে নতুন শিল্প স্থাপনের প্রস্তাব সরকারকে দিয়েছেন ?" উত্তরটা শুনুন, "উক্ত সময়কালে কোনো অনাবাসী ভারতীয় এই রাজ্যের মধ্যে শিল্প স্থাপনের কোনো সুসংহত প্রস্তাব দেয়নি।" এটা আমাদের কথা নয়। তাহলে সালেমকে নিয়ে এনে কি করলেন ? ভারতবর্ষের রাষ্ট্রপতি এবং প্রধানমন্ত্রীকে যে রকম আপনারা স্যালুট জানান, ঠিক সেই রকমভাবে সালেমকে স্যালুট জানিয়ে আপনারা নিয়ে এলেন। তাহলে কি পেতে নিয়ে এলেন ? ২০ অক্টোবর, ২০০৫ সালে তিনি একটি চেক দিয়ে দিলেন এবং আপনারা নাকি তাঁর সঙ্গে চুক্তি করলেন ৫ হাজার ১০০ একর জমি উত্তর এবং দক্ষিণ ২৪ পরগনা মিলিয়ে দেবেন। কোনটা সত্যি ? সালেমকে নিয়ে আসা সত্যি, নাকি

মাননীয় মন্ত্রী মহাশয় যা বিবৃতি দিয়েছেন সেটা সত্যি ? আপনারা ধরা পড়ে গেছেন। যেমন ভুয়ো ভোটার লিস্টে ধরা পড়ে গেছেন, তেমনই ৩০ বছর ধরে মন্ত্রিত্বে থেকে ভুয়ো রেশন কার্ডে ধরা পড়ে গেছেন। সেই সব রেশন কার্ডের কেরোসিন তেল, খাদ্য সব খেয়ে ফেলেছেন। যেমন লালুপ্রসাদ যাদব ভূষি কেলেঙ্কারিতে জড়িয়ে গেছেন, তেমনই আপনারা মানুষের খাদ্যও চুরি করেছেন। আপনাদের শাস্তি হওয়া উচিত। অবশ্য এই শাস্তি মমতা ব্যানার্জীকে দিতে হবে না, মানুষই আপনাদের বড় শাস্তি দেবে। আপনারা প্রস্তুত হোন, পরিবর্তনের হাওয়া এসে গেছে, মানুষ পরিবর্তন চাইছে। সেই কথা রাজ্যপাল তাঁর ভাষণে লিখবেন না। তাই বিরোধী দলের পক্ষ থেকে যে সংশোধিত প্রস্তাব এনেছেন তাকে সমর্থন করে এবং রাজ্যপালের ভাষণের উপর আনীত ধন্যবাদসূচক প্রস্তাবের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সুখেন্দু খাঁ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত ২ ফেব্রয়ারি মাননীয় রাজ্যপাল যে লিখিত ভাষণ পাঠ করেছেন এই হাউসে এবং মাননীয় সদস্য শ্রী পদ্মনিধি ধর মহাশয় রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদসূচক প্রস্তাব রেখেছেন তাঁকে সমর্থন করে ও বিরোধীদের আনা সংশোধনী প্রস্তাবগুলির সম্পূর্ণ বিরোধিতা করে আমি কয়েকটি কথা বলার চেষ্টা করছি।গতকাল থেকে আজ পর্যন্ত বামফ্রন্ট এবং বিরোধীপক্ষের অনেক বক্তা বক্তব্য রেখেছেন। সেগুলো আমি মনোযোগ-সহকারে শুনেছি। আমাদের বামফ্রন্টের যাঁরা বক্তৃতা করছেন তাঁদের একটা শ্রেণি দৃষ্টিভঙ্গি ও রাজনৈতিক দৃষ্টিভঙ্গি আছে, তাঁরা সেই দৃষ্টিভঙ্গি নিয়ে কাজ করেন। আর বিরোধীপক্ষে যাঁরা আছেন তাঁদেরও একটা শ্রেণি দৃষ্টিভঙ্গি ও রাজনৈতিক দৃষ্টিভঙ্গি আছে।তবে এই দুই পক্ষের দৃষ্টিভঙ্গির মধ্যে একটা পার্থক্য আছে। ওঁরা ওদিকে বসেন, আর আমরা এদিকে বসছি। ১৯৭৭ সাল থেকে এই ২০০৬ সাল পর্যন্ত দীর্ঘ ২৯ বছর ধরে পশ্চিমবঙ্গের জনগণের সমর্থন নিয়ে বামফ্রন্ট সরকার পরিচালনা করছে। আগামীদিনেও বামফ্রন্ট ক্ষমতায় থাকবে। যদিও সেকথা ওঁরা মনে মনে বুঝতে পারছেন। এখন ওঁরা ভাবনা-চিন্তা করছেন যে, মূল না তৃণমূল কে প্রধান বিরোধী দল হিসাবে ফিরে আসবে, এখন এই নিয়ে ওঁরা দর কষাকষি করছেন এবং করবেন। এটা ওঁদের মনের কথা। এই বিধানসভায় বক্তৃতা দিতে গিয়ে আমি যে কথা বলতে চাইছি, বিগত ২৯ বছর ধরে আমরা নানা ঘাত-প্রতিঘাতের মধ্যে দিয়ে অনেক সীমাবদ্ধতা নিয়ে এগিয়ে গেছি। আমরা রাজ্যের মানুষের বুকে নতুন আশার সঞ্চার করতে পেরেছি। আপনারা ভোটার লিস্টে কারচুপির কথা বলছেন। জনসংখ্যার তুলনায় নাকি রেশন কার্ড বেশি আছে। আমরা ২৯ বছর ধরে ক্ষমতায় আছি, তার আগে তো আপনারা ক্ষমতায় ছিলেন। আপনারা সরকার পরিচালনা করেছেন। তখনও নির্বাচন হয়েছে, সেসব কথা আমাদের মনে আছে। সেই নির্বাচনও আমরা দেখেছি। আমাদের আর্থিক সীমাবদ্ধতা নিয়েও আমরা রাজনৈতিক ও সামাজিক সংস্কারের মধ্যে দিয়ে আমরা আপামর শ্রমজীবী, কৃষিজীবী, মধ্যবিত্ত, ছাত্র, যুব, মহিলা, কর্মচারী সকলের স্বার্থরক্ষায় নিয়োজিত থেকেছি। যে কারণে আজকে নির্বাচনের আগে আমরা আবারও বলতে পারি যে, মানুষই বামফ্রন্টকে জিতিয়ে আনবে। ভোটার লিস্টে কারচুপির কথা বারবার আসছে, আসলে আমরা জিতলে সেটা সায়েন্টিফিক রিগিং হয়। আর

আপনারা জিতলে সাচ্চা ভোট হয়। আমরা সরকার চালাতে গিয়ে মানুষকে সচেতন করার মধ্যে দিয়ে কে তাঁদের শ্রেণিশত্রু কে শ্রেণিমিত্র এগুলো বোঝাতে সক্ষম হয়েছি। আজকে আপনারা জেনে রাখুন যে, পশ্চিমবঙ্গের মানুষ আপনাদের দূরে সরিয়ে দেবে। ঠিক এখন যেমনভাবে দূরে সরিয়ে দিচ্ছে। আপনারা ভূমি সংস্কার নিয়ে বলেছেন। কৃষি আমাদের ভিত্তি, শিল্প আমাদের ভবিষ্যৎ এ নিয়ে অনেক কথা এসেছে। তথ্য দিয়ে আপনারা নতুন কিছু বলার চেষ্টা করেছেন। পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার কখনওই বলেনি যে, সার্বিক সমস্যার সমাধান করে দেবে। তবে সমস্ত সীমাবদ্ধতার মধ্যেও সরকার সঠিকভাবে পরিচালিত করতে পেরেছে এটা বড় কথা। বারবার নির্বাচন আসবে, আমরা সরকার পরিচালনা করব এই ধরনের উদ্দেশ্য আমাদের নেই। আমাদের একটা লক্ষ্য আছে, সেই লক্ষ্যের দিকে আমরা যাওয়ার চেষ্টা করছি।

[4.00—4.10 p.m.]

আমাদের যে রাজনৈতিক দৃষ্টিভঙ্গি, আমাদের যে অর্থনৈতিক দৃষ্টিভঙ্গি সেটা আমরা সাধারণ মানুষকে বলি, সেই কথা বলে মানুষকে সংগঠিত করি। রিগিং নিয়ে আপনারা যত কথাই বলুন না কেন সব ভুয়া কথায় পরিণত হচ্ছে এবং হবে। আমরা যে পয়েন্টগুলো নিয়ে এগিয়ে চলেছি তা হল, সাক্ষরতা অভিযান, ধারাবাহিক শিক্ষা কর্মসূচি, সর্বশিক্ষা অভিযান, মিড ডে মিল এই সমস্ত। আপনারা বললেন, মিড ডে মিল দেওয়া হচ্ছে না। কোথায় দেওয়া হচ্ছে না ? চলুন না আমাদের জেলা বাঁকুড়ায়, পুরুলিয়ায় দেখুন না, পশ্চিম মেদিনীপুরে গিয়ে দেখে আসুন না, দেখবেন কেমন উৎসাহ নিয়ে ছাত্র-ছাত্রীরা আসছে। শিক্ষার ক্ষেত্রে অবনতির কথা বলছেন ? আজকে দেখুন, মাধ্যমিক পরীক্ষায় ৮ লক্ষের বেশি পরীক্ষার্থী পরীক্ষা দিচ্ছে, গত বছরের থেকে ২ লক্ষ বেশি। এটা কি করে হল ? হাওয়া থেকে হল ? বাংলাদেশ থেকে এসে সব দিয়ে গেল ? তা নয়, এখানকার ছাত্র-ছাত্রীরাই দিয়েছে। এই উদ্বাস্তু কাদের সৃষ্টি ? ভারতবর্ষকে ভাগ করেছে কে ? এই ভাগ করার ফলে তখন অধুনা বাংলাদেশ থেকে ৮০ লক্ষ মানুষ এখানে এসেছে। আমাদের এখানে এখন জনসংখ্যা হচ্ছে ৮ কোটি ২০ লক্ষ। যারা এখানে উদ্বাস্তু ভাইরা এসেছে তাদের ভোটে নাম তোলা হবে না, তাদের রেশন কার্ড দেওয়া হবে না ? এই অবস্থার সৃষ্টি তো আপনারাই করেছেন। আপনারা উদ্বাস্তুদের সমস্যার সমাধান করেননি। কেন্দ্রীয় সরকার এখনও উদ্বাস্তু সমস্যার সমাধান করেননি। তারা বাংলাদেশ থেকে এখানে চলে এসেছে বলে তারা ভুয়া ভোটার ? তাদের সংখ্যা এখন এখানে ১ কোটি ২ লক্ষ, অর্থাৎ প্রতি ৮ জনে একজন বাংলাদেশ থেকে আসা মানুষ। তারা অনেক দুঃখ-কষ্ট সহ্য করেছে, তারা জবরদখল কলোনীতে থাকে। তারা আমাদের বোঝা নয়, তারা আমাদের বন্ধু। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি ভূমি সংস্কারের কথা বলতে চাই। ভূমি সংস্কারের ক্ষেত্রে ১১ লক্ষ একর কৃষিজমিতে ১৫.০৭ লক্ষ বর্গাদারের নাম নথিভুক্ত করা হয়েছে। আপনারা যে ভূমি সংস্কার করেছেন সেটা কাগজে-কলমে করেছিলেন। সিলিং যেটা করেছিলেন সেটা ৭৫ বিঘা, তার পরেও হাতির নামে কেলো কুকুরের নামে জমি রেখে দিয়েছিলেন। আমরা যেটা করেছি সেটা বাস্তবে করেছি। সেটাই আজকে রাজ্যপালের ভাষণের মধ্যে তুলে ধরা হয়েছে।

সেই জন্য আপনাদের এত গাত্রদাহ। বর্তমান ভূমি সংস্কারে ৫.৫ লক্ষ একর জমি দরিদ্র পরিবারকে বাস্তু ভিটা হিসাবে প্রদান করা হয়েছে। আমার অনেক কিছু বলার ছিল, আমার সময় শেষ হয়ে এসেছে। আমাদের বাঁকুড়া জেলা শিল্পবিহীন জেলা ছিল, খাদ্যে ঘাটতির জেলা ছিল। তার পরিবর্তন ঘটেছে। আমরা ক্ষমতার বিকেন্দ্রীকরণ করেছি এবং পঞ্চায়েতের হাতে ক্ষমতা দিয়েছি। মাননীয় জ্যোতি বসু মহাশয় প্রথম মুখ্যমন্ত্রী হয়ে যখন রাইটার্স বিল্ডিং-এ ঢুকেছিলেন তখন তিনি জনগণের উদ্দেশে বলেছিলেন, রাইটার্স বিল্ডিং-এর মধ্যে আমরা ক্ষমতা কুক্ষিগত করে রাখব না, ক্ষমতার বিকেন্দ্রীকরণ ঘটাব। আমরা রাজনৈতিক এবং অর্থনৈতিক বিকেন্দ্রীকরণ ঘটিয়েছি, প্রতিটি জেলায় রাইটার্স বিল্ডিং তৈরি হয়েছে। সেই জায়গা থেকে সমস্ত কিছু উন্নয়নমূলক কাজকর্ম হচ্ছে। তার ফলশ্রুতি হিসাবে গ্রামীণ অর্থনীতি চাঙ্গা হয়েছে। কেন্দ্রের ইউ পি এ সরকারকে কমন মিনিমাম প্রোগ্রামের ভিত্তিতে আমরা সমর্থন করছি। আজকে ফুড ফর ওয়ার্কের ভিত্তিতে কাজ হচ্ছে, প্রতিটি পরিবারের একজন করে ১০০ দিনের কাজকে গ্যারান্টি করা হয়েছে, বছরে সে ১০০ দিন কাজ পাবে। এটা বামফ্রন্ট সরকারের সাফল্য। আমার সময় শেষ। রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব এসেছে তাকে আমি সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী মেহেবুব মন্ডল : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত ২ ফেব্রুয়ারি পশ্চিমবাংলার রাজ্যপাল যে ভাষণ প্রদান করেছেন তাকে সমর্থন করে আমি দু-চারটি কথা বলব। বিরোধী বন্ধুরা একটু আগে নানা কথা বলে গেলেন এবং বলেই চলে গেলন। তাঁরা বলেছেন, এর আগে আমরাও শুনেছি এই কথা যে, পশ্চিমবাংলার সুর ছিল 'উল্টে দাও, পাল্টে দাও', 'নাউ অর নেভার।' আজকে তাঁরা তাঁদের দিদিকে মুখ্যমন্ত্রী হিসাবে প্রজেক্ট করে আমাদের এখানে ভাষণ রেখে গেলেন। কিন্তু দিদি যে মিদিমণি হয়ে গেছেন। সেই আশা মিটবে না, তাঁদের সেই সাধ পূরণ হবে না। সেই জন্য আমি জানাই যে, আসন্ন সপ্তম যে নির্বাচন আসছে, তাঁরা তাঁকে যে চেয়ারে বসানোর চেষ্টা করছেন, সেই চেয়ার জনগণ সরিয়ে দেবেন এবং তিনি পড়ে যাবেন। জঙ্গি কার্যকলাপ ক্রমশ বৃদ্ধি পাচ্ছে। বিশেষ করে কে এল ও, কামতাপুরী, লিবারেশন অর্গানাইজেশন বৃদ্ধি পাচ্ছে। উত্তরবঙ্গে গ্রেটার কোচবিহরের যে আন্দোলন, পিপলস্ অ্যাসোসিয়েশন—যারা জঙ্গি কার্যকলাপ করছে, দার্জিলিং জেলায় যে পার্বত্য পরিষদ, সেই পার্বত্য পরিষদে অধিক ক্ষমতার দাবিতে তারা পাহাড়ী এলাকায় অশান্তি সৃষ্টি করার চেষ্টা করছে। পুরুলিয়া, বাঁকুড়া, মেদিনীপুর জেলায় মাওবাদী নাম করে পশ্চিমবাংলার আইন-শৃঙ্খলা বিঘ্নিত করার চেষ্টা করছে। বাংলাদেশ থেকে ভারত, নেপাল থেকে ভারত, ভুটান থেকে ভারত, অন্ধ্রপ্রদেশ হয়ে নেপালের মধ্য দিয়ে কিছু সমাজবিরোধী, কিছু মাওবাদী আমাদের পশ্চিমবাংলার আইন-শৃঙ্খলা বিঘ্নিত করতে চাইছে। এই কথা বিধানসভার বিরোধী বন্ধুরা তো ভালো করেই জানেন। ২০০১ সালে যখন বিধানসভা নির্বাচন হয়েছিল, তখন উত্তরবঙ্গে কে এল ও, কামতাপুরীদের সঙ্গে সংযোগ ছিল, সেই সংযোগের কথা মানুষ জেনেছে। তখন ওরা সেই সংযোগকে রক্ষা করে আমাদের পশ্চিমবাংলার আইন-শৃঙ্খলা বিঘ্নিত করার চেষ্টা করেছিল। এখন তারা চেষ্টা করছে পশ্চিমবঙ্গে একটা অশান্ত আবহাওয়া গড়ে তোলার জন্য। আমাদের যে সরকার, সেই সরকার দার্জিলিং পার্বত্য পরিষদের সঙ্গে সমঝোতা করেছে। আমাদের কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী এবং মুখ্যমন্ত্রী ২০০৫ সালের ৬ ডিসেম্বর বসে একটা সমঝোতা করেছে।

সীমান্ত যেদিকে, আছে—ভারত-নেপাল সীমান্ত, ভারত-বাংলাদেশ সীমান্ত, ভারত-ভূটান সীমান্ত—এই যে সীমান্ত যে দিকে আছে—ভারত নেপাল সীমান্ত, ভারত বাংলাদেশ সীমান্ত, ভারত ভুটান সীমান্ত—এই যে সীমান্ত এলাকাগুলো আছে, সেই এলাকাগুলোতে স্পেশাল সার্ভিস ব্যুরো তৈরি করে সরকার নজরদারির ব্যবস্থা করেছে। সঙ্গে সঙ্গে সেই সব এলাকায় মাওবাদীদের নাম করে তারা বিভ্রান্তির সৃষ্টি করতে চাইছে। যে এলাকাগুলোতে সরকার উন্নয়ন করতে চাইছে, সেই সুযোগকে তারা ব্যাহত করতে চাইছে। সরকার যে এলাকাগুলোতে উন্নয়ন করতে চাইছে, তারা সেই এলাকাগুলোর উন্নয়নে বিঘ্ন ঘটাতে চাইছে। উন্নয়ন যাতে না হয়, তারা সেই রকম ইস্যু করছে। আগামীদিনে নির্বাচনের সময় ভোট বয়কটের মধ্যে দিয়ে তারা ওই এওাকাগুলোতে উস্কাতে আরম্ভ করেছে এবং তারা উস্কাবেও। আজকে মানুষ অনেক সমচেতন হয়েছে। দরিদ্র জায়গাগুলোতে ডেভেলপমেন্টের জন্য সরকার প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। আমরা দেখেছি, পশ্চিমবাংলায় ভূমি সংস্কার হয়েছে, বর্গাদারদের নাম নথিভুক্ত করে কম্পিউটারাইজেশনের মধ্যে দিয়ে গরিব, ক্ষুদ্র, প্রান্তিক চাষি, ভূমিহীন চাষিদের জমি দেওয়া হয়েছে। তাদের ক্রয় ক্ষমতা বৃদ্ধি পেয়েছে। ১৯৭৭ সালের আগে কোনো কৃষি পেনশন চালু ছিল না। যারা বৃদ্ধ হয়ে যাবে, কাজ করতে পারবে না, তাদের জন্য কৃষি পেনশন চালু করা হয়েছে। ভবিষ্যতে অবসরের সময় যারা কাজ করতে পারবে না, তাদের জন্য সংস্থানের চিন্তা করা হয়েছে।

[4.10—4.20 p.m.]

কৃষির উন্নতির সঙ্গে সঙ্গে আমাদের সরকার শিল্পের দিকে নজর দিয়েছে। কৃষিক্ষেত্রে অনেক সমস্যা আছে যেমন, তেমনই আর্সেনিক সমস্যা আছে ভূগর্ভস্থ জলে। ভূগর্ভ থেকে যদি বেশি পরিমাণে জল ওঠানো হয় তাহলে আর্সেনিক সমস্যা দেখা যায়। সেজন্য ভূগর্ভস্থ জল বেশি না ব্যবহার করে ভূগর্ভস্থ জলকে রি-চার্জ করা দরকার। আমাদের রাজ্যে যেসব জায়গায় আসেনিক প্রাদুর্ভাব হয়েছে, সেই সব জায়গায় যাতে আর্সেনিকমুক্ত জল পাওয়া যায়, রাজ্য সরকার সেটা করেছে। আমাদের বর্ধমানের নাদনঘাট (পূর্বস্থলীতে) আর্সেনিক দেখা দিয়েছে। রাজ্য সরকার সেদিকে নজর দিচ্ছে। দুর্গাপুরে যেসব খনি আছে, সেখানে খনি-মধ্যস্থ জলকে ফিল্টারাইজ করার একটা চেষ্টা করেছে আমাদের সরকার। কৃষির সঙ্গে সঙ্গে আমরা শিল্পও চাই। একথা আমরা পরিষ্কার বলি যে, কৃষির যেমন প্রয়োজনীয়তা আছে, তেমনই আমাদের শিল্পেরও প্রয়োজন আছে। আমাদের রাজ্যে কেন্দ্রীয় সরকার শিল্প করতে দেয়নি। কোম্পানিজ অ্যাক্ট ১৯৮৬ এবং 'সিকা' ১৯৮৫ করে শিল্পের ক্ষেত্রে যে প্রতিবন্ধকতা ওরা সৃষ্টি করেছিল, বারো বছর কোনো লাইসেন্স দেয়নি। আমাদের হলদিয়া পেট্রোকেমিক্যালস যে জন্য লেট হয়েছে। ওরা আমাদের বক্রেশ্বর তাপ-বিদ্যুৎ কেন্দ্রের অনুমোদন দেয়নি। ১৯৯১-তে ফান্ড ব্যাংক নিয়ে শিল্পনীতির নাম করে লাইসেন্স দেওয়ার ক্ষেত্রে ওরা প্রতিবন্ধকতার সৃষ্টি করেছিল। ১৯৯৪ সালে আমাদের রাজ্য সরকার যখন শিল্পনীতি ঘোষণা করে, যখন লাইসেন্স প্রথা উঠে গেল, তখন থেকে আমাদের সরকার শিল্পের ওপরে এমফেসিস দিতে পেরেছে। শিল্পক্ষেত্রে বার্ষিক গড় বিনিয়োগ হয়েছে ২২০০ কোটি টাকা। আমরা দেখতে পাচ্ছি, আজকে বিভিন্ন জায়গায় শিল্প গড়ে উঠছে। কৃষিক্ষেত্রে যেমন কৃষিভিত্তিক শিল্প গড়ে উঠেছে—যেমন খাদ্য

প্রক্রিয়াকরণে পাঁচটি কৃষি অঞ্চল তৈরি করা হয়েছে। আমাদের রাজ্যে যেখানে আম, লিচু এবং আনারস বেশি উৎপাদন হচ্ছে, খাদ্য প্রক্রিয়াকরণের মাধ্যমে তা বিদেশে রপ্তানী হচ্ছে। রাজ্যে ইকোনমিক জোন তৈরি করা হয়েছে। আমাদের যেমন হলদিয়া পেট্রোকেমিক্যালস হয়েছে, তেমনই চর্মনগরী তৈরি হয়েছে। সল্টলেকে মণিকাঞ্চন হয়েছে। উলুবেড়িয়ায় পোশাক তৈরি হচ্ছে। পশ্চিমবঙ্গে আমাদের যেসব শিল্প আছে, তাদের উৎপাদিত দ্রব্য যাতে রপ্তানী করা যায় তার জন্য দুর্গাপুরে এক্সপোর্ট প্রোমোশন ইন্ডাস্ট্রিয়াল পার্ক তৈরি হয়েছে। আমাদের আর একটা বিষয় যেটা ভাইটাল, তথ্য প্রযুক্তি, তথ্য প্রযুক্তির ক্ষেত্রে পশ্চিমবঙ্গ একটা অগ্রগতির জায়গায় এসেছে। ১৮০টি আই টি-তে ৫৫টি আই টি কোম্পানি বর্তমানে পশ্চিমবঙ্গে কাজ করছে। তথ্য প্রযুক্তিতে ২ হাজার কোটি টাকার বেশি রপ্তানীর জায়গায় গেছে পশ্চিমবঙ্গ। সল্টলেকের কমপ্লেক্সে তথ্য প্রযুক্তি পার্কে, রাজারহাটে এবং দুর্গাপুরে সফ্‌টওয়ার টেকনোলজিতে ৭,৯৮৮টি গোষ্ঠী তৈরি করে কর্মসংস্থানের ব্যবস্থা করা হয়েছে। ওইসব গোষ্ঠীর সদস্যদের কর্মসংস্থানের ব্যবস্থা হয়েছে। এদের মধ্যে মহিলা ৮৯.৫২ শতাংশ এবং এস সি, এস টি সম্প্রদায়ের ৪০.১০ শতাংশ মানুষ উপকৃত হচ্ছে। সুতরাং কর্মসংস্থান হচ্ছে। কর্মসংস্থানের জন্য শিল্প করা হয়েছে। রাজ্য সরকার শিল্পকেন্দ্র করার জন্য উদ্যোগ নিচ্ছে। কেন্দ্রীয় সরকারের যেটা করণীয় ছিল, ন্যাশনাল এমপ্লয়মেন্ট গ্যারান্টি অ্যাক্ট চালু করা, সেটা ঠান্ডা ঘরে বন্দি আছে। বিরোধী বন্ধুরা বেকারদের কাজে নিযুক্তির কথা বলছেন। কিন্তু তাঁরা একবারও বলছেন না যে, বেকাররা আজকে কাজ পাচ্ছে। সমবায়ের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ এগিয়ে গেছে। ওরা ব্যাংকিং বিল তৈরি করার মধ্যে দিয়ে সমবায়কে প্রতিহত করার চেষ্টা করছে। কিন্তু আজকে সেন্ট্রাল কো-অপারেটিভ রাজ্যের জেলায় জেলায় সমবায়ের মধ্যে দিয়ে কৃষকদের স্বনির্ভর গোষ্ঠীকে ঋণ দেওয়ার মধ্যে দিয়ে কর্মমুখী করছে।

অবশেষে, বিরোধীদের যে বক্তব্য, তাঁদের যে আশা 'নাউ ও আর নেভার' তা মানুষ জানে, তাঁদের 'উল্টে দাও, পাল্টে দাও'-এর কথা মানুষ জানে। বামপন্থীদের খুন করার যে চেষ্টা করা হচ্ছে, আইন-শৃঙ্খলা বিঘ্নিত করার চেষ্টা করা হচ্ছে এটা সকলেই জানে। আমাদের বিশ্বাস, সপ্তম বিধানসভা নির্বাচনেও তাঁদের কেউ প্রতিষ্ঠিত করবে না বামফ্রন্টই পুনরায় জয়লাভ করবে এবং কৃষি ও শিল্পের উপর যে অধিকার সেটা প্রতিষ্ঠিত হবে। যাই হোক, এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সুধন রাহা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মহামান্য রাজ্যপাল গত ২ তারিখে এই বিধানসভায় যে ভাষণ দিয়েছেন তাকে স্বাগত জানিয়ে কয়েকটা বিষয় উল্লেখ করব। গতকাল বিরোধী দলের একজন নেতা, সৌগত রায় মহাশয় বক্তব্য রাখছিলেন, কিন্তু আজকে উনি নেই। মহামান্য রাজ্যপাল মহাশয় প্রথমেই তাঁর ভাষণে বলেছেন, উত্তরবঙ্গের জেলাগুলোতে বিভিন্ন বিচ্ছিন্নতাবাদী শক্তি, সাম্প্রদায়িক শক্তি এবং সশস্ত্র জঙ্গী বাহিনী গত ২০০০ সাল থেকে অত্যাচার, খুন-খারাপি শুরু করেছে। অসমের সংলগ্ন কুমারগ্রামের বারোবিঘা থেকে জলপাইগুড়ির তিস্তাপাড় এবং দার্জিলিং-এর যে সমতল এলাকা, সমস্ত এলাকায় কে এল ও বাহিনী, যারা ভুটানের গভীর জঙ্গলে প্রশিক্ষণ কেন্দ্র গড়ে তুলেছে, উলফা, আলফা, বোরোদের অস্ত্র শিক্ষা দিত তারা আমাদের পার্টির ২৬ জন নেতাকে খুন করেছে এবং শেষ পর্যন্ত

ধূপগুড়িতে পার্টি অফিস আক্রমণ করে নির্বিচারে ৬ জনকে হত্যা করেছে এবং বাকি ১৭ জনকে গুরুতর আহত অবস্থায় হাসপাতালে ভর্তি করতে হয়েছে। পুলিশ দিয়ে এর মোকাবিলা করা যায় না, মোকাবিলা করতে হলে জনগণকে শিক্ষিত করে, সচেতন করে তুলতে হবে। তার মধ্যে দিয়ে ওই সমস্ত বিচ্ছিন্নতাবাদী শক্তি, জঙ্গী বাহিনীকে মোকাবিলা করতে হবে। তাদের যারা আশ্রয় দিয়েছিল, যারা তাদেরকে রাতে বসবাস করার সুযোগ দিয়েছিল তাদের বুঝিয়ে বলতে হবে, 'এরা পশ্চিমবঙ্গের সর্বনাশ করতে চায়।' আবার অনেক দুষ্কৃতকারী মাননীয় মুখ্যমন্ত্রীর আবেদনে সাড়া দিয়ে, প্রায় ১২০০ কে বি পি সমর্থক আত্মসমর্পণ করেছে। উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদের মাধ্যমে 'নবদিশা'র সহযোগিতায় তাদের সাহায্য করা হচ্ছে। গতকাল সৌগতবাবু বলছিলেন, 'কৃষিজমি কেড়ে নিয়ে শিল্প স্থাপন করা হচ্ছে।' পৃথিবীতে যেসব উন্নত দেশ আছে, যেমন ফ্রান্স, জাপান, জার্মানি, ইতালি—কোনো দেশেই ১৩-১৪ শতাংশের বেশি কৃষক নেই, বাকি সব হচ্ছে শ্রমিক-কর্মচারী এবং তারাই উন্নত। শিল্পে উন্নত না হলে সেই দেশ উন্নত হতে পারে না। আর আমাদের দেশে শতকরা ৭২ ভাগ কৃষক, ১১০ কোটির উপর মানুষের বাস। পশ্চিমবাংলার মাটিতে দাঁড়িয়ে বোঝা যায় না বিহারে কি অবস্থা, উত্তরপ্রদেশে কি অবস্থা, মধ্যপ্রদেশে কি অবস্থা। মহারাষ্ট্রে গিয়েছিলাম সম্মেলন করে এলাম, অল ইন্ডিয়া কৃষক সভার সম্মেলনে গিয়েছিলাম। তার মধ্যে দিয়ে বুঝেছি, পশ্চিমবঙ্গ ২৮ বছরে যা করেছে, ওই যে আদি-কংগ্রেস, তারা তো কেন্দ্রে ছিল পশ্চিমবঙ্গেও ছিল। কিন্তু গ্রামোন্নয়ন বলতে কি বোঝায় ?

[4.20—4.25 p.m.]

গ্রামোন্নয়ন বলতে কি বোঝায়—প্রত্যেকটি মানুষের খাদ্য, বস্ত্র এবং বাসস্থানের ব্যবস্থা থাকবে। জলপাইগুড়ি জেলাতে একটাও আর খড়ের ঘর পাবেন না, সব পাকা বাড়ি হয়ে গেছে। আর না হলে পরে মুলিবাঁশের উপরে টালির ছাদের বাড়ি সব পাবেন। জাপান কৃষির উন্নতির জন্য ভর্তুকি দেয় ৬০ থেকে ৭০ শতাংশ, আমেরিকা কৃষিতে ভর্তুকি দেয় ৯৭ পার্সেন্ট। আর আমাদের চাষীদের বিদেশ থেকে, তৃতীয় বিশ্বের দেশগুলোর থেকে সার, বীজ সব কিনতে হচ্ছে। কিন্তু তা সত্ত্বেও কৃষকদের অক্লান্ত পরিশ্রমের ফলে কৃষি উৎপাদন দিনের পর দিন বাড়ছে। এদিকে ডিজেলের দাম বাড়ছে, ইলেকট্রিসিটির দাম বাড়ছে, তারপরে এখানে আর সার কারখানাই নেই। আসামের কামরূপে, ওড়িশাতে আমাদের পশ্চিমবঙ্গে দুর্গাপুরে, হলদিয়াতে আর সার তৈরি হয় না। আর সিন্ধ্রির কারখানা তো গত ৩০ বছর আগে উঠে গেছে। যদিও দক্ষিণবঙ্গের বেশ কিছু জায়গায় দামোদর কর্পোরেশন, ময়ূরাক্ষী, তিলপাড়া ব্যারেজ প্রভৃতির মাধ্যমে কৃষিতে জলসেচের ব্যবস্থা করা হয়েছে। তিস্তা সেচ প্রকল্পের মাধ্যমেও কৃষিতে জলসেচের ব্যবস্থা করা হয়েছে। আর ভাক্‌ড়া নাঙাল বাঁধ যেটি পরাধীন ভারতবর্ষে ব্রিটিশ সরকারকে দিয়ে করানো হয়েছিল, ১৯৪৫ সালে ওর কাজ শুরু হয়েছিল। কংগ্রেস সরকার পরাধীন ভারতবর্ষে ব্রিটিশ সরকারের সহায়তায় পাঞ্জাবকে শস্য শ্যামলা করে তোলার জন্য ওই বাঁধ তৈরি করেছিল। পাঞ্জাবকে সবুজ, শস্য শ্যামলা করে তোলার উদ্দেশ্যে এবং শস্য গোলা করার উদ্দেশ্যে ওই বাঁধ করা হয়েছিল। যার ফলে পাঞ্জাব শস্য গোলায় ভরে গেছে, গ্রিনারি

অফ ইন্ডিয়াতে পরিণত হয়েছে। কিন্তু এত কিছু করা সত্ত্বেও কৃষকরা আত্মহত্যা করছে কেন ? তারা ফসলের দাম পাচ্ছে না কেন—এর কি উত্তর দিতে পারবেন ? কর্ণাটকের তুলো চাষীরা বিদেশ থেকে বীজ এনেও ফলন সেইভাবে ফলাতে পারেনি বলে মার খেল। ব্যাংক থেকে লোন করে, মহাজনদের কাছ থেকে ঋণ নিয়েছে। ওই ঋণের সুদ দিতে না পারায় আত্মহত্যা করেছে। গত ৪ বছরে অন্ধ্রপ্রদেশ, কর্ণাটক, পাঞ্জাব এবং তামিলনাড়ু মিলিয়ে ৭ হাজার ১৪ জন কৃষক আত্মহত্যা করেছে। কিন্তু পশ্চিমবঙ্গে আজ পর্যন্ত একজন কৃষকও আত্মহত্যা করেনি। শিক্ষার কি অবস্থা ছিল কংগ্রেস আমলে—একটি গ্রাম পঞ্চায়েতের অধীনে দুটি কি তিনটি প্রাইমারি স্কুল ছিল। তার আবার ঘর আছে তো চাল নেই, বাড়ি আছে তো ঘর নেই, এই তো হচ্ছে অবস্থা।বাঁশের ঝাড়ে কিংবা অন্যের বাড়িতে স্কুল বসত। আর শিক্ষকদের মাইনে ছিল ১৪ টাকার থেকে ৫০ টাকা। আর এখন গ্রাম পঞ্চায়েতের অধীনে ১৫ থেকে ২০টি প্রাইমারি স্কুল হয়েছে। তাদের পাকা বাড়ি, পানীয় জলের ব্যবস্থা আছে। কলেজ, মাধ্যমিক স্কুল, উচ্চ মাধ্যমিক স্কুল গড়ে উঠেছে। আমার জলপাইগুড়ি জেলায় আগে দুটো কলেজ ছিল, এখন সেখানে ৯টি কলেজ হয়েছে। এগুলো কারা গড়েছে ? কংগ্রেস আমলে কি হয়েছিল ? মাননীয় সৌগত রায় তাঁর ভাষণে বললেন যে, রাজ্যপালের ভাষণে নাকি এই রাজ্যের নেগেটিভ দিকটা ফুটে ওঠেনি, পজেটিভ দিকটাই ফুটে উঠেছে। পশ্চিমবঙ্গের মানুষকে বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত করতে কোনটা নেগেটিভ আর কোনটা পজেটিভ বোঝাতে হয় না। আজকে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকরা ৮ হাজার, ৯ হাজার করে টাকা পাচ্ছেন, হাই স্কুলের শিক্ষকরা ১২ হাজার করে টাকা পাচ্ছেন, উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকরা ১৫ হাজার করে টাকা পাচ্ছেন। কলেজ শিক্ষকরা ২০ হাজার টাকার বেশি বেতন পাচ্ছেন। মাননীয় সদস্য বললেন যে, এখানে নাকি খুন, ডাকাতি, রাহাজানি, ধর্ষণ হয়েই চলেছে, কিন্তু সরকার কোনো কিছু করেননি। মাননীয় সদস্য এখানে থাকলে তাঁকে বলতাম যে, এই পুঁজিবাদী সমাজ ব্যবস্থায় চুরি, ডাকাতি, খুন, রাহাজানি, ধর্ষণ এগুলো হচ্ছে পুঁজিবাদী সমাজ ব্যবস্থার অঙ্গের ভূষণ। এই পুঁজিবাদী ব্যবস্থা তো সারা ভারতবর্ষব্যাপী, পশ্চিমবঙ্গ তো তার বাইরে নয়। কিন্তু তবুও বলছি এই পুঁজিবাদী ব্যবস্থার মধ্যে থেকেও পশ্চিমবঙ্গে উন্নয়ন হচ্ছে, আইন-শৃঙ্খলা রক্ষিত হচ্ছে। আপনারা পশ্চিমবঙ্গের বাইরের রাজ্যগুলোর দিকে তাকান। ওই যে আমাদের পশ্চিমবঙ্গের ছেলে জলপাইগুড়ির অজিত সরকার, এম. এল. এ. ছিল, বিহারে তাঁকে খুন করল পাপ্পু যাদব। সেই পাপ্পু যাদব গাড়ির কম্যান্ডো নিয়ে ঘুরে বেড়াচ্ছে, গ্রেপ্তার হয়নি। আমরা পার্টি কংগ্রেস করতে গিয়েছিলাম চণ্ডীগড়ে, তখন ওঁর স্ত্রীও এম. এল. এ. ছিলেন মাধবী সরকার, আমাকে বললেন যে, চোখের সামনে গাড়ি নিয়ে খুনী ঘুরে বেড়াচ্ছে। আমি শুনে বললাম, একটা কাজ করতে পারবেন, কনফারেন্স শেষ হয়ে যাবার পরে হরকিষেণ সিং সুরজিতের সঙ্গে দেখা করে বলুন। তাই করেছেন এবং ১১ দিনের মাথায় শুনলাম পাপ্পু যাদব গ্রেপ্তার হয়ে জেলখানায় আছে। পশ্চিমবঙ্গে এই ঘটনা ঘটে না। ভারতবর্ষ কৃষিপ্রধান দেশ, পৃথিবীর মধ্যে ভারতবর্ষ কৃষিতে উন্নত ঠিকই আর তার মধ্যে পশ্চিমবঙ্গ খাদ্যশস্য উৎপাদনে প্রথম। কি করে হল ? ত্রিস্তর পঞ্চায়েতের উৎযোগ, সরকারি উৎযোগ, ক্ষুদ্র সেচ নিয়ে তারা আজকে এই পশ্চিমবাংলাকে উন্নত করেছে এবং আগামী দিনেও আরও উন্নয়ন হবে। পশ্চিমবঙ্গের মানুষ বামফ্রন্ট সরকারকে আবার প্রতিষ্ঠিত করবে, এই আত্মবিশ্বাস নিয়ে, রাজ্যপালের ভাষণকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী রামপদ সামন্ত : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, গত ২ ফেব্রুয়ারি মাননীয় রাজ্যপাল এই মহতী বিধানসভায় যে ভাষণ দিয়েছেন, সেই ভাষণ এবং রাজ্যপাল মহাশয়কে যে ধন্যবাদসূচক প্রস্তাব উপস্থাপিত হয়েছে তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য উপস্থাপন করছি। মাননীয় রাজ্যপালের ভাষণে পশ্চিমবাংলার দীর্ঘ ২৮-২৯ বছর ধরে বিভিন্ন ক্ষেত্রে যে উন্নয়নের গতি পশ্চিমবাংলার জনগণ ভালোভাবে উপলব্ধি করেছে তারই একটা বাস্তব চিত্র, প্রকৃত চিত্র রাজ্যপাল মহাশয় তাঁর ভাষণের মধ্যে তুলে ধরেছেন। তাই এই ভাষণের মধ্য দিয়ে পশ্চিমবাংলার উন্নয়নের চিত্র যেমন তিনি তুলে ধরেছেন, সঙ্গে সঙ্গে পশ্চিমবাংলার মানুষদের যে স্বতঃস্ফূর্তভাবে বামফ্রন্টকে সমর্থন কেন করছেন সেই কারণটা উল্লেখ করতে গিয়ে যে বিভিন্ন উন্নয়নমূলক অবস্থা তাও তিনি তুলে ধরেছেন। আমরা সবাই জানি, ভারতবর্ষের ভিতর পশ্চিমবঙ্গ কৃষির ক্ষেত্রে, স্বল্প সঞ্চয়ের ক্ষেত্রে, মৎস্য উৎপাদন করার ক্ষেত্রে, সামাজিক বনসৃজন করার ক্ষেত্রে সৌরশক্তি উৎপাদন করার ক্ষেত্রে, নানা ক্ষেত্রে আজকে প্রথম স্থান লাভ করতে সক্ষম হয়েছে। এটা কিন্তু এমনি এমনি হয়নি। এর পিছনে সবচেয়ে বড় কারণ যেটা সেটা হল, পশ্চিমবাংলার কৃষির প্রতি বিশেষ দৃষ্টি দেওয়া। তার থেকে এগিয়ে চলে আসে ভূমিসংস্কারের কথা। এটা আমরা অস্বীকার করতে কেউ পারব না। ভূমিসংস্কারের মধ্য দিয়ে আজকে পশ্চিমবাংলার মানুষদের হাতে, ভূমিহীন মানুষদের হাতে যে অধিকার, যে ক্ষমতা, যে ভূমি এসেছে, তারই আজকে আমরা প্রতিফলন দেখছি এই উন্নয়নের মধ্যে থেকে। আমরা দেখতে পাই ভূমিসংস্কারের মধ্য দিয়ে কৃষির যে উৎপাদন, সেই উৎপাদনকে নতুনভাবে কীভাবে করা যায় তাও চিন্তা করা হয়। এই বিশ্বায়নের পথ থেকে মুক্ত হয়ে কীভাবে এখানকার কৃষকরা দু'পয়সা পায়, তার জন্য কৃষির যে বৈচিত্র্যকরণ, ফসলের যে বৈচিত্র্যকরণ আবহাওয়া অনুসারে বিভিন্ন এলাকাকে ভাগ করে যেসব পদক্ষেপ নেওয়া হয়েছে এ কথাও আমরা এই ভাষণের মধ্যে দেখতে পাচ্ছি। শুধু তাই নয়, আমাদের পশ্চিমবঙ্গে ৫টি কৃষি রপ্তানি এলাকা তৈরি করা হয়েছে। আম, আনারস, আলু, লিচু এবং সবজি যাতে রপ্তানি করে কিছু বৈদেশিক অর্থ পাওয়া যায়, আমাদের কৃষকদের অর্থনৈতিক উন্নতি করা যায় তার ব্যবস্থা পশ্চিমবঙ্গ সরকার করেছে।

[4.30—4.40 p.m. s]

তা পশ্চিমবঙ্গ সরকার করেছে। তার কি একটু উল্লেখ দেখতে পাচ্ছি ? পশ্চিমবঙ্গ সরকার কৃষকদের প্রভিডেন্ট ফান্ড এবং তাদের পেনশনের ব্যবস্থা করেছে। এই ব্যবস্থা পশ্চিমবঙ্গ বাদ দিয়ে আর কি কোথাও রয়েছে ? বিরোধী বন্ধুরা কি তার উল্লেখ করেছেন ? কিছুই উল্লেখ করেননি। আজকে ২৫ হাজার ৫০৩ জন কৃষককে পেনশন দেওয়া হচ্ছে। এটা কি অভিনব চিন্তাধারার প্রকাশ নয়, কৃষকদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ নয় ? আমরা কৃষকদের নানাভাবে সাহায্য করছি। তাছাড়া অর্থনৈতিক জোয়ারকে ঠিকমতো রাখার জন্য প্রায় আড়াই লক্ষের উপর স্বনির্ভর গোষ্ঠী গঠন করা হয়েছে। শুধু তাই নয়, ১০ লক্ষের উপর কৃষাণ ক্রেডিট কার্ড দেওয়া হয়েছে। যাতে তারা লোন পেতে পারে এবং মহাজনদের সুদের চাপ থেকে রক্ষা পেতে পারে—তার ব্যবস্থা পশ্চিমবঙ্গ সরকার করেছে। পশ্চিমবঙ্গের সাফল্যের জন্য সমস্ত ভারতবর্ষের মানুষ তো বটেই, পৃথিবীর মানুষও পশ্চিমবঙ্গ সম্পর্কে নানাভাবে

গবেষণা করছে। তাছাড়া কৃষিতে উন্নয়ন করার ফলে বার্ষিক প্রায় ৫ হাজার কোটি টাকা অভ্যন্তরীণ বাজার সৃষ্টি হয়েছে। সেই বাজারের উপর নির্ভর করে আমাদের সম্ভাবনার জোয়ারকে নতুনভাবে প্রবাহিত করার একটা চেষ্টা হচ্ছে। যে শিল্প নিয়ে বিরোধী বন্ধুরা বারবার বাধা দেওয়ার চেষ্টা করছেন—ভুয়ো ভোটার নিয়ে চিৎকার করছেন, গত নির্বাচনে ৩০ লক্ষ ভুয়ো ভোটার বাদ দেওয়ার পরেও আপনারা ৯ জনের জায়গায় মাত্র ১ জন জিতে এসেছেন। এই কথা আপনারা স্মরণ করুন, আপনাদের আগামী দিনে ইচ্ছা পূরণ হবে না। আপনারা গান গাইবেন—

আমার সাধ না মিটিল, আশা না পুরিল
সকলি ফুরায়ে যায় মা।

শ্রী কমলেন্দু সান্যাল : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত ২ ফেব্রুয়ারি মাননীয় রাজ্যপাল এখানে যে ভাষণ রেখেছেন এবং তার উপর মাননীয় পদ্মনিধি ধর মহাশয় যে ধন্যবাদসূচক প্রস্তাব উত্থাপন করেছেন আমি দুটিই সমর্থন করছি। বিরোধী বন্ধুরা ২৪৮টি সংশোধনী এনেছেন। তার ভিতরে কাশীনাথ মিশ্র মহাশয়ের ১৯১টি। সেগুলোর মধ্যে ৭৭-৭৮টি শুধু বাঁকুড়া সম্পর্কিত। তাঁর সংশোধনী যেগুলো আছে, সেগুলো আমি সত্যি সত্যি মন দিয়ে পড়েছি। কোনোটাই গ্রহণযোগ্য নয়। সত্যকে পাশ কাটিয়ে গিয়েছেন। গতকাল আলোচনা শুরু করতে গিয়ে সৌগতবাবু যেভাবে কথা বলেছেন এবং খান চৌধুরী সাহেব এখানে আছেন, তাঁরা যেভাবে কথাবার্তা উপস্থিত করেছেন, সেই বিষয়ে আমি কিছু বলবার চেষ্টা করব। ওরা গণতন্ত্র নিয়ে কথাবার্তা বলেছে। একবার নিজেদের সময়কালের কথা নিজেরা ভাবুন না। একবার ভাবুন তো যারা আমাদের সঙ্গে আন্দোলন করেছিল, যারা খাদ্য আন্দোলনের নায়ক, ভূমি আন্দোলনের নায়ক তাদেরকে কীভাবে দিনের পর দিন কারারুদ্ধ করে রেখে দিয়েছিলেন। আপনারা এই সব করেছেন। মানুষের কাছে যখন দুঃসহ হয়ে উঠেছিলেন তখন মানুষ আপনাদের মাথা থেকে ঝেড়ে ফেলে দিয়েছে। আপনারা সময় পেয়েছিলেন, সময়কে কাজে লাগাননি। বাংলাতে অন্ধকারের একদিকে সেই চর্যাপদের যুগ বিশেষ দৃষ্টান্ত বাংলার মাটিতে গড়ে উঠেছে জানেন। মঙ্গল কাব্যেও সেই দৃষ্টান্ত আছে। বঙ্কিমচন্দ্র তাঁর বিড়াল প্রবন্ধে দেশের শ্রীবৃদ্ধি কামনা করেছেন। নীলদর্পণ নাটক তারপর..... আপনারা ভুলে গিয়েছেন এসব। আমরা রবীন্দ্রনাথকে দেখেছি। তিনি বড়লোকের ঘরের সন্তান হতে পারেন, কিন্তু মানুষের দুঃখ-যন্ত্রণা তিনি বুঝতে পেরেছেন। তাঁর কণ্ঠে আমরা গণকণ্ঠ ধ্বনিত হতে দেখেছি—উপেনের যন্ত্রণা দেখেছি, শাস্তি গল্পে কৃষকের যন্ত্রণা দেখেছি। এরপর ১৯২০ সালের 'লাঙল যার জমি তার', 'জাল যার জল তার', এসব স্লোগান শুনেছি এবং ব্রিটিশের জমিদার কীভাবে গরিব মানুষ, বিশেষ করে কৃষকদের উপর অত্যাচার করেছে তাও দেখেছি। আমাদের আশা ছিল আপনারা পারবেন, কিন্তু পারেননি। আপনাদের এদিকে বসবার কথা ছিল, পারেননি বলে ওদিকে বসেছেন। আমরা কেন কম্যুনিস্ট হয়েছি, কেন এই পথে এসেছি, তার জবাবদিহি আপনাদেরই করতে হবে। আমরা মানুষের সঙ্গে আছি, কৃষকের সঙ্গে আছি। চর্যাপদের উত্তরাধিকার, রবীন্দ্রনাথের উত্তরাধিকার, বঙ্কিমচন্দ্রের উত্তরাধিকার আমরা।

রবীন্দ্রনাথের 'ছাত্রদের প্রতি সম্ভাষণ' প্রবন্ধ পড়বেন। ভাবের ঘরে চুরি করে বন্দেমাতরম্ ধ্বনি দিয়ে দেশমাতা বললেই হয় না। কুঁড়ে ঘরে রয়েছে যে মা, রাস্তাঘাটে পড়ে আছে যে মা সেই দেশমাকে দেখছেন না ? দেখতে তো আপনারা পাবেন না কীভাবে পরের ঘরে দাসীবৃত্তি করে নিজের সন্তানকে তারা বড় করছেন, কীভাবে তাদের মুখে একটু অন্ন জোটাবার চেষ্টা করছেন, একটু দুধ-ভাত দেবার চেষ্টা করছেন। শুধু বন্দেমাতরম্ বললেই হয় না। ভাবতে হবে কৃষক মাতা কীভাবে তাঁর সন্তানদের পালন করছেন। আজকে এই মায়েদের নিয়ে স্বনির্ভর গোষ্ঠী ২ লাখেরও বেশি হয়েছে। আগামী দিনে আপনারা যা আশা করছেন তা ঠিক নয়। অতি মুষ্টিমেয়দের প্রতিনিধিত্ব করতে গিয়ে আপনারা নিজেদেরই সর্বনাশ ডেকে এনেছেন। কেনই শুধু শুধু আমাদের দোষারোপ করে প্রবোধিত হন ? আমার কাছে তো ছড়া প্রত্যাশা করেন, একটা শুনুন তবে।

সেই মনে পড়ে
ক্ষমতার জোরে
দিনকে করেছ রাত।

ডি. আই., আর. পি. ডি. এ.,
মিশা ও পি. ভি. এ.
গণতন্ত্রের সাথ।

ভাগচাষীগণ
যখন তখন
লাশ হয়েছে মাঠে।

জোটে না কো ভাত
নিরন্ন রাত
বছর ত্রিশেক কাটে।

দুর্ভাগা দেশে,
এল অবশেষে
গণতন্ত্রের দিন।

গণশত্রুরা
হল দিশাহারা
ভাবছ ফিরবে ফিন্।

সে আশায় ছাই
ঢালে জনতাই
আরও বাড়ে সমাবেশ।

পশ্চিমবাংলা
ভারতের আলা
জানছে ক্রমশ দেশ।

গোটা ভারতবর্ষে এই জিনিস আস্তে আস্তে ছড়িয়ে যাচ্ছে। মাননীয় সদস্য সুধন রাহাও বলছিলেন। আমিও সর্বভারতীয় কৃষক সম্মেলনে গিয়েছিলাম। আমরা যখন ফিরে আসছি, গোটা ভারতবর্ষের ছবি চোখে পড়ছে, রাস্তার দুদিকে চোখ ভরে দেখতে দেখতে আসছি। এই বাংলায় যখন আসলাম, দেখতে পেলাম চারিদিকে সবুজের সমারোহ, সবুজের বৈচিত্র্য, গাছপালা, মাঠঘাট সব সবুজ হয়ে আছে। অতীশবাবু বললেন, ওরা ভূমি সংস্কার আইন পাশ করেছিলেন। হ্যাঁ, ১৯৫৪-৫৫ সালে হয়েছিল। কিন্তু কৃষকের হাতে জমি দেওয়ার রাজনৈতিক সদিচ্ছা আপনাদের ছিল না, এতটুকুও নেই। সেই সদিচ্ছা ফুটে বেরিয়েছে ১৯৬৭ সাল থেকে এবং ভেতর থেকে আপনারা কখনও জনগণকে শ্রদ্ধা করেননি, ভালোবাসেননি। আপনারা কাদের প্রতিনিধিত্ব করেন সেটা তো জানেন, আর সেই কারণেই জনগণকে শ্রদ্ধা করেননি। ভেতর থেকে তাদের সমর্থন করে প্রথম যুক্তফ্রন্ট সরকার, তারপর করে দ্বিতীয় যুক্তফ্রন্ট সরকার। তারপর ১৯৭১ সাল। ময়নিহানের বই পড়বেন, তার ভেতরে এই জিনিস লেখা আছে। কীভাবে বিদেশিদের সঙ্গে হাত মিলিয়েছিলেন, সেই সব কথাও আছে ! শুধু তাই নয়, ষড়যন্ত্রও আপনারা কম করেননি। ভোটে আপনাদের ভয় ! যখন ১৮ বছরের ছেলেদের ভোটাধিকার দেওয়া হল, আপনারা কোর্টে গেলেন, সেটা ঠেকানো যায় কিনা তার চেষ্টা করলেন। নির্বাচন এলে আপনাদের আর্তনাদ শুনি। অতীশবাবু বললেন, 'ভোটার তালিকা ঠিক করা হোক। বুথ ক্যাপচার হবে।' কয়েকটা নির্বাচনে আমরা দেখেছি কিছু বুথে রি-পোল হয়েছে। যদি বুথ ক্যাপচার হয় এবং ঠিক ঠিকভাবে রিপোর্টেড হয়, তাহলে নির্বাচন কমিশন—একটা সাংবিধানিক সংস্থা, না রাজ্য সরকারের না কেন্দ্রীয় সরকারের—তাঁরা নির্বাচন পরিচালনা করেন, তাঁরা ব্যবস্থা নেবেন।

[4.40—4.50 p.m.]

আজকে আপনারা ফিরে আসার স্বপ্ন দেখছেন। আপনারা রাজ্যপালের ভাষণকে বুঝবার চেষ্টা করুন। প্রকৃত ভূমিসংস্কার করে কৃষকদের পাশে দাঁড়িয়েছে এই সরকার। কৃষকদের ছেলেমেয়েদের শিক্ষার অগ্রগতি ঘটেছে। নতুন কর্মসংস্থান হচ্ছে। সাধারণ ঘরের ছেলেমেয়েরা শিক্ষার আলো নিচ্ছে। এই বছর আট লক্ষ ছেলেমেয়ে মাধ্যমিক পরীক্ষা দিচ্ছে। এই নতুন পরিবেশের নান্দীকার হলেন বামফ্রন্ট সরকার। তাই রাজ্যপালের ভাষণকে দৃঢ়ভাবে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদে।

Shri D. K. Pradhan : Hon'ble Dy. Speaker Sir, His Excellency Governor of West Bengal has delivered a speech prepared by the Left Front Government in which one particular paragraph in the beginning was devoted to Darjeeling. Neither the ruling front nor the Opposition has yet spoken on that particular paragraph. Hence I would like to place my views on his reference to Darjeeling. His Excellency has referred to Darjeeling as this– "The Darjeeling hill

areas had been simmering for quite some time with demands for greater autonomy." I am completely disillisioned by the wording of His Excellency's speech. His Excellency should know why is Darjeeling simmering. Only in October or November I met the Governor in Darjeeling. He was saying Darjeeling is a quiet, beautiful place. But in his report prepared by his government he says Darjeeling in simmering. Why is Darjeeling simmering ? Because of the neglect of the area by this government, because of the step–motherly treatment of Darjeeling by the successive Governments of West Bengal, by denying justice to Darjeeling, by denying the right to self-determination Darjeeling is simmering. Darjeeling will not only simmer, I must remind this government, I must remind the Hon'ble House that Darjeeling will not only simmer, it will rock one day, it will explode and the division between you and us will be complete. The governor was saying in his report for fulfilling the aspirations of the people of Darjeeling. One agreement, 'memorandum of settlement' has been signed on 6th December, 2005. The dreaded day, the 6th of December the day when Babri Masjid was demolished. Probably that agreement which was signed on 6th December, 2005 will complete the demolition of Gorkha tribe. This agreement has mot solved any problem but it has created more problems. This has tried to divide Gorkha community into tribal and non-tribal lines. It has tried to divide Gorkhas into two parts. Government of West Bengal knows that Darjeeling hills has only 35% of the tribal population and 65% of non-tribal population but in order to satisfy or in order to appease some of the political patrons of the Left-Front Government, the government has agreed to establish a new council on the 6th Schedule of the Constitution for administration of the tribal areas. That would be a great injustice to the Gorkha people. The Gorkha people were always united, Gorkha people had only one demand. Seeing the opportunity to divide Gorkha communities into different parts has agreed to establish a new Council, i.e., a Council under Sixth Schedule which is for the administration of the tribal areas. What will happen to the non-tribals– the non-tribals 65% ? They are already in great disadvantages in the field of education, in the field of employment, in the field of

self-employment and how long non-tribals will go on tolerating this injustice. If this injustice is not taken care of or tackle properly in time, this will lay the foundation of a civil war in Darjeeling hills. It may suit the political ideology of Left Front Government to divide and rule Gorkhas but ultimately the losers will be the people of Bengal and people of Darjeeling. I must warn, I must warn, either all the Gorkhas should be declared tribals, then have a Tribals' Council in Darjeeling, otherwise probably the Agreement which was signed on the 6th December, 2005 should not be implemented ; no Constitutional Amendment should be done and this the Government of West Bengal should know.

There is a deliberate attempt to destabilize the hills. The Government wants us to fight among ourselves, to kill ourselves, to kill and fight ourselves. This, I think, should not be the thinking of a civilized Government or thinking of a civilized country or a State. Gorkhas are so much deprived in this system I must tell you frankly. I am here for the last five years. I can't even speak in my own mother tongue because there is no recorder, there is no translator. There is no Gorkha translator in this Assembly, there is no Nepali translator in this Assembly. I can't even place my views in my own language. This is how we are suffering in this State. This is how we are suffering in this State, when for five years I have not been able to speak in my own language and the deprivation is complete.

His Excellency, the Governor was speaking some of the poverty alleviation programmes in the State and he was glorifying the work of the Left Front Government. I would read only one line to highlight how Darjeeling has been deprived of all the facilities of poverty alleviation programmes. Here His Excellency while reading a number of poverty alleviation programmes mentioned "...credit facilities to the tune of Rs. 106.17 crores. The Rural Sanitation Programme is another priority activity. So far, 41.42 lakh household toilets have been constructed in this State with local initiative." i.e., in the State of West Bengal. But not a single Rural Sanitation Programme has been taken in Darjeeling or has been built in Darjeeling. This is the

height of neglect of Darjeeling. Another one– Sir, I would just take one minute– National Rural Employment Guarantee Programme has been started all over India. At least around 200 to 250 districts of the Hill States– all the hill districts of India– got that particular programme, except Darjeeling in West Bengal. we have been denied that, we have been denied our dues, We have been denied our legitimate rights. So, Sir, with these words I conclude my speech.

Thank you, Sir.

Adjournment

The House was then adjourned at 4-49 p.m. till 11-00 a.m. of Monday, the 13th February, 2006 at the Assembly House, Kolkata-700 001.

Proceedings of the West Bengal Legislative Assembly under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Monday, the 13th February 2006 at 11 a.m.

PRESENT

Mr. Speaker (SHRI HASHIM ABDUL HALIM) in the Chair, 08 Ministers, 05 Ministers of State and 175 Members.

Starred Questions
(to which oral answers were given)

কলকাতায় পুরানো গাড়ি চলাচলে নিষেধাজ্ঞা

*১৯। (অনুমোদিত প্রশ্ন নং *৭) **শ্রী পঙ্কজ বন্দ্যোপাধ্যায়** : পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্য সরকার যাত্রী পরিবহণের জন্য ব্যবহৃত ১৯৯০ সন-এর পূর্বের অনুমোদিত গাড়িগুলি ২০০৫ সনের ডিসেম্বর মাসের পর কলকাতায় চলাচল নিষিদ্ধ করেছে ;

(খ) সত্যি হলে, উক্ত গাড়ির সংখ্যা কত ; এবং

(গ) উক্ত গাড়ি কলকাতায় চলাচল না করলে যাত্রিবহন ব্যবস্থা বজায় রাখতে সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছে/করছে ?

শ্রী সুভাষ চক্রবর্তী :

(ক) নিষিদ্ধ করার জন্য বিজ্ঞপিত জারী করা হয়েছিল যার নং ২৪২১-ডব্লু টি তাং ২৪-০৫-২০০৫। কিন্তু সেটি উচ্চ আদালতে কলকাতা হাইকোর্টে বিচারাধীন আছে এবং অন্তর্বর্তী আদেশে ঐ বিজ্ঞপ্তি কার্যকরী করা বন্ধ আছে।

(খ) আপাতত প্রশ্নই ওঠে না।

(গ) আপাতত প্রশ্নই ওঠে না।

[11.00—11.10 a.m.]

শ্রী পঙ্কজ ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় প্রশ্নের জবাবে বলেছেন যে, বিষয়টি হাইকোর্টের বিবেচনাধীন আছে। সরকার কি বিজ্ঞপ্তি জারি করেছিলেন ? যে বিজ্ঞপ্তি জারি করেছিলেন সেটা হাইকোর্টে চ্যালেঞ্জ হয়েছে। সরকার এ ব্যাপারে কী সিদ্ধান্ত নিয়েছিলেন ? ১৯৯০ সালের আগে যাত্রী পরিবহণের জন্য যে গাড়িগুলো ব্যবহৃত হত সেই গাড়িগুলোকে রাস্তা থেকে তুলে নিতে হবে—এই সম্পর্কে বিজ্ঞপ্তি কী ছিল ?

শ্রী সুভাষ চক্রবর্তী : বিজ্ঞপ্তিতে পরিষ্কারভাবে বলা ছিল, ১৯৯০ সালের আগের গাড়িগুলো যাত্রী পরিবহণের ক্ষেত্রে ব্যবহার করা যাবে না।

শ্রী পঙ্কজ ব্যানার্জী : এই যে গাড়িগুলো ব্যবহার করা যাবে না সেটা নিয়ে দীর্ঘদিন ধরে আলোপ-আলোচনা চলেছে। আপনারা জানেন, দিল্লি শহরে গ্যাসে (সি.এ.এন.জি.) তে সমস্ত গাড়ি চলছে। পশ্চিমবঙ্গে সেই ব্যবস্থা কার্যকর করতে সরকার কবে সিদ্ধান্ত নিয়েছিলেন এবং কী কী সিদ্ধান্ত নিয়েছিলেন ? তার রূপায়ণের ক্রমতালিকা কী ছিল ?

শ্রী সুভাষ চক্রবর্তী : প্রথমত সংশ্লিষ্ট গাড়িগুলোর মালিক যারা এবং তাদের সংস্থা ও সংগঠনের সঙ্গে আলোচনা হয়। দীর্ঘ আলোচনার পরে তারা যেভাবে নাম, সময়সীমা ইত্যাদি বলেন তার সঙ্গে সুপ্রিম কোর্টের পরামর্শে দিল্লিতে যে ব্যবস্থাগুলো হয়েছে সেটার ধারেপাশে আসে না। অথচ কোলকাতা হাইকোর্ট আমাদের সরকারকে পরামর্শ দিয়েছিলেন যে, 'আপনারা কী কী ব্যবস্থা করেছেন সেটা জানান।' আমরা তখন এই ব্যবস্থা বলি যে, যাঁরা শহরের উপর, সি.এম.ডি.এ. এলাকায় যাত্রী পরিবহণ করছেন তাঁদেরকে ১৯৯০ সালের গাড়ি বা তারপরের গাড়ি ব্যবহার করতে হবে, ১৯৯০ সালের আগের গাড়ি তারা ব্যবহার করতে পারবেন না। এ ব্যাপারে দিল্লীতে সময় ছিল ৮ বছরের। কিন্তু আমরা এটা ১৯৯০ সাল থেকে ২০০৫ সাল এই ১৫ বছর সময় দিয়েছিলাম। কারণ একতরফাভাবে যদি কোনো নির্দেশ বা পরামর্শ কোর্ট দেয় তাহলে অপারেটররা, যাঁরা গাড়ি চালান, তাঁরা বিপদে পড়বেন। সেই কারণে আমরা গ্রহণযোগ্য একটা ব্যবস্থা ১৫ বছর করলাম।

শ্রী পঙ্কজ ব্যানার্জী : দিল্লীতে ৮ বছরে পুরনো গাড়ি বদল করার জন্য যেমন বলেছিলেন তেমনি কনর্ভাসানের জন্য একটা সুযোগ দিয়েছিলেন। (১) সি.এন্.জি.-তে চালিয়ে প্রধানত দূষণমুক্ত হয়, (২) পুরনো গাড়িতে পরিবহণ ব্যবস্থা চালিয়ে গেলে দুর্ঘটনার সম্ভাবনা বেশি থাকে। যাত্রীবাহী গাড়ি যদি দুর্ঘটনায় পড়ে তাহলে সেখানে মানুষের জীবন চলে যেতে পারে। এ ক্ষেত্রে পশ্চিমবাংলায় গাড়ি তুলে দেওয়ার জন্য আপনারা সময় দিয়েছেন এবং তুলে দেওয়ার ব্যবস্থা করছেন। ইতিমধ্যে সি.এন.জি. বা অন্য পদ্ধতির গ্যাসে গাড়ি চালাবার জন্য কোনো প্রাথমিক ইনফ্রাস্ট্রাক্চার আপনারা করেছেন কি ?

শ্রী সুভাষ চক্রবর্তী : আমরা বহুবিধ ব্যবস্থা নিয়েছি। যাত্রী পরিবহনে যারা আমাদের সময়সীমা অনুযায়ী সময়সীমা অতিক্রম করবে তাদেরকে আমরা গাড়ি বদল করার জন্য বিশেষ করে ট্যাক্সি, অটো এবং বাস—আমাদের এখানে যারা মূল গাড়ি সরবরাহ করে হিন্দুস্থান মোটর তাদের সঙ্গে আমরা একাধিকবার বৈঠক করাই। তাতে কতগুলি প্যাকেজে নির্দ্ধারিত হয়, এ ক্ষেত্রে এটা এল.পি.জি. বা সি.এন.জি.-তে সুইচওভার করতে পারে। এখানে সি.এন.জি. দুষ্প্রাপ্য, সম্ভব নয়। আমরা চেষ্টা করে দেখছি এখন পর্যন্ত তার পাওয়ার যে অবস্থা সেটা হয়নি। এল.পি.জি. আমরা ইন্ডিয়ান অয়েল প্রভৃতির কর্তৃপক্ষের সঙ্গে কথা বলি এবং আমরা ৪টে জায়গায় শুরু করি এবং ট্যাক্সি

এল.পি.জিতে চলতে পারবে তার কিট্‌স-সহ। এগুলি শুরু হয় এবং ২৫০ মতো ট্যাক্সি এল.পি.জি.তে চলে। কিন্তু এল.পি.জি.তে চললে সমস্যা দেখা দিয়েছে, কারণ এল.পি.জি-র যে দাম আসছে সেটা ডিজেলের দামের চেয়ে বেশি। প্রতি মাসে একজন অপারেটারের বা ড্রাইভারের ৬০০০ টাকার বেশি খরচ পড়ছে, আগে যা লাগতো তার থেকে। তার ফলে তাদের গাড়িগুলি খুব সঙ্কটের মুখে আছে। তাদের ভরতুকি দেওয়ার কোনো সুযোগ আমরা করতে পারিনি। আর গাড়ির ইঞ্জিন বদল করার জন্য আমরা যে ব্যবস্থার কথা বলেছি তাতে যে কোনো ট্যাক্সি এই ইঞ্জিন বদলের জন্য নতুন গাড়ি পাবে। পুরনো গাড়ি জমা দেবে এবং আনুমানিক ১ লক্ষ টাকার কাছাকাছি একটা টাকা ক্যাশ দিতে হয়। তাহলে সেই পুরনো গাড়ির জায়গায় নতুন গাড়ি পাবে। এই রকম ব্যবস্থা ট্যাক্সির ক্ষেত্রে, আর বাসের ক্ষেত্রে আমরা নাড়াচাড়াও কিছু করেছি। এটা বদল করতে গেলে বাস সাধারণত সি.এন.জি.তে হয়। এল.পি.জি.তে করতে গেলে কিট্‌স ইত্যাদি নিয়ে প্রায় ৪ লক্ষ টাকা এদের লাগবে। ৪ লক্ষ টাকায় নতুন বাস পাওয়া যায় ব্যাঙ্ক লোনের সাহায্যে। এতে বাস মালিকরা অনাগ্রহী থাকে। অটো-রিকসা আমরা এল.পি.জি.-তে শুরু করেছি, ৩০০, ৪০০ মতো অটো এল.পি.জি.-তে চলছে। একটা সমস্যা হচ্ছে মাত্র ৪টে সেন্টার এল.পি.জি.-র আছে এই কলকাতায়। আমরা কর্তৃপক্ষের সঙ্গে অনেক আলোচনা করে দু-বছর ধরে কথা বলে ৪টের বেশি আমরা করতে পারিনি। ৪টে এল.পি.জি. তাও সব সময় গ্যাস সরবরাহ করতে পারে না। একবার গ্যাস নেওয়ার পরে দ্বিতীয়বার গ্যাস নিতে যাবে তাকে কেন্দ্র করে যে ব্যয়ভার বৃদ্ধি পেয়েছে এটা অসম্ভব দাঁড়িয়েছে। এদের সার্ভিস রক্ষা করা।

শ্রী পঙ্কজ ব্যানার্জী : আপনি বললেন, সি.এন.জি. করার কথা এখানে ভাবেননি। আপনারা অলটারনেটিভ এল.পি.জি.-তে করেছেন। কষ্ট বেশি পড়ছে। কিন্তু দিল্লির গোটা পরিবহণ ব্যবস্থা যদি সি.এন.জি.-তে ৪ বছরের মধ্যে কনভার্সান করা যায়, কমপ্লিট করতে পারে, তাহলে আপনারা বলছেন ২ বছর ধরে চেষ্টা করছেন, অয়েল কোম্পানীকে বলছেন। কিন্তু কেন্দ্রীয় সরকারের সংশ্লিষ্ট দপ্তরের সঙ্গে কথা বলে রাজ্য সরকার যদি ব্যবস্থা করতেন তাহলে এটা করা যেত। আপনি বলছেন মাত্র ২০০ মতো ট্যাক্সি ইতিমধ্যে কনভার্ট করেছে। এখন কলকাতা শহরে কত গাড়ি চলছে যা মোটামুটিভাবে ১৯৯০ সালের আগে পর্যন্ত পারমিট পেয়েছে ? তার সংখ্যাটা যদি জানান তাহলে বোঝা যাবে যে এর ভয়াবহতা কোথায় গিয়ে দাঁড়িয়েছে ? আমি জানতে চাইছি ১৯৯০ সালের আগে পর্যন্ত রেজিস্ট্রী গাড়ির সংখ্যা কত যাত্রী পরিবহন করার ক্ষেত্রে ?

[11.10—11.20 a.m.]

শ্রী সুভাষ চক্রবর্তী : আমি আপনাকে উত্তরটা দিচ্ছি। আমাদের সব মিলিয়ে এই ধরনের গাড়ি ১৯৯০-এর আগে আছে ৬৬,৪৪৭। বাস আছে ৭৪৬৪, মিনিবাস আছে ১১৬৪, ট্যাক্সি হচ্ছে ৯৫৮৭, অটো রিকসা ৬৭৮৪। এই হচ্ছে ১৯৯০-এর আগের গাড়ি। ১৯৯০-এর পরে গাড়ি বলতে একমাত্র বাস ছাড়া বাকিটা আর সবই শতকরা হিসাবে সংখ্যায় কম।

শ্রী পঙ্কজ ব্যানার্জী : হাইকোর্টের নির্দেশ আছে, আপনি করতে পারছেন না। কিন্তু সরকার সি.এন.জি.-তে কনভারসানের ব্যাপারে ইতিমধ্যে কী কী পদক্ষেপ নিচ্ছেন, হাইকোর্ট যদি একটা রায় দেয়, সময়সীমা বাড়িয়ে দেয় তাহলে তার মধ্যে কতটা এগোতে পারবেন, ফলে টাইম ফ্রেমওয়ার্ক কিছু করেছেন কিনা ?

শ্রী সুভাষ চক্রবর্তী : সবটা রাজ্য সরকারের ব্যাপার নয়। ইঞ্জিন, যারা গাড়ি তৈরি করে, তাদের সুপ্রিম কোর্ট পরামর্শ দিয়েছে বি.এস.-থ্রী ইঞ্জিন করার জন্য। আমরা বি.এস.-টু ইঞ্জিনের পারমিশন দিতে পারছি না। সি.এম.ডি.এ. এলাকায় গ্যাসের ব্যাপারে, তেলের ব্যাপারে যেটা আছে ঠিকই, এটা দিল্লিতে যেভাবে সহজ, সি.এন.জি. অ্যাভেলেবেল হয়েছে, এখানে আমাদের গ্যাস কর্তৃপক্ষ, চেয়ারম্যান আমাদের সঙ্গে কথাবার্তা বলেছেন, অনেক আলোচনা হয়েছে, অনেক জয়েন ভেনচারে পরিকল্পনা হয়েছে, আমাদের ট্রান্সপোর্ট কর্পোরেশন তাদের সঙ্গে যুক্ত করে রাণীগঞ্জ-ঝরিয়ায় যে গ্যাস আছে, সেখানের থেকে আনার ব্যবস্থা সবগুলি তারা করছেন বলছেন। এখন পর্যন্ত ফলপ্রসূভাবে সি.এন.জি. গ্যাস আনার ব্যাপারটা তৈরি হয়নি। এটা কিছু পিসমিল করার চেষ্টা হয়েছিল, ডিগবয় থেকে নিয়ে ট্যাঙ্কারে করে নিয়ে এসে হলদিয়াতে স্টোর করে সাপ্লাই করবে। সেইগুলি প্রসেসে রয়েছে। সেইগুলি কার্যকরীভাবে সাফল্যলাভ করেছে, সেই দাবি করতে পারবো না। সেটা এখন এই মুহূর্তে যে অবস্থায় রয়েছে তাতে এই মুহূর্তের অবস্থা গ্যাস নয়, এল.পি.জি., সি.এন.জি. নয়, মহামান্য হাইকোর্ট বলছে এমিশনটাকে কমাতে হবে। এমিশন বা অন্যান্য বিষয় তার যে পূর্ববর্তী রায়গুলি, সেইগুলিকে আত্মস্থ করে যে রায় দিয়েছে, এমিশন কমাতে হবে, এমিশন লেবেল বেঁধে দিয়েছে, সেই অনুসারে ভারত সরকারের সাহায্য নিয়ে আমরা অনেক এমিশান সেন্টার বসিয়েছি, আমি এখনি সংখ্যাটা বলতে পারবো না। সারা রাজ্যে এমিশন সেন্টার কোলকাতা, সি.এম.ডি.এ. এরিয়া, অন্যান্য জায়গায় আমরা বসিয়েছি, যাতে পরিমাপ করতে গেলে, যদি মাত্রাতিরিক্ত হয়, তাহলে তাকে সার্টিফিকেটের জন্য কী কী করতে হবে বলি, তাকে নোটিশ করতে হচ্ছে। যদি ওকে থাকে তাহলে তাকে আমরা ওকে সার্টিফিকেট দিচ্ছি।

শ্রী পঙ্কজ ব্যানার্জী : আমি মাননীয় মন্ত্রীকে প্রশ্ন করেছিলাম, হাইকোর্ট আজ না হয় কাল, একটা রুলিং দেবে। সেটা মানতেও হবে। তখন যদি একটা সময়সীমা করে বলে দেয়, এই গাড়ি বাতিল করে দিন তাহলে তো একটা জটিলতা দেখা দেবে। সেই জন্য আপনাকে আমি জিজ্ঞাসা করছিলাম, এটাকে ফেজ আউট করে প্রবলেমটাকে সম্ভাব্য রায়ের ভিত্তিতে কিভাবে মিট করা যায় আপনি সেটা বললেন না। আপনি বললেন, এমিশন সার্টিফিকেট নিতে হবে। মাননীয় মন্ত্রী আপনি জানেন, এমিশন সার্টিফিকেট টাকা দিলেই পাওয়া যায়। গাড়ি আমার গ্যারেজে আছে, গাড়িকে গ্যারেজে রেখেই তার এমিশন সার্টিফিকেট নিয়ে আসবো। একটু বেশি পয়সা দিতে হবে। কয়টা গাড়ির এমিশন সার্টিফিকেট নেই বলে সিজ করা হয়েছে বা লাইসেন্স বাতিল করা হয়েছে ? একটাও পাবেন না। এমিশন সার্টিফিকেটের উপর নির্ভর না করে যদি দয়া করে বলেন, হাইকোর্ট

যদি নির্দেশ দেয়, পুরানো গাড়ি বাতিল করে নতুন ইঞ্জিন গাড়িতে বসিয়ে বা সি.এন.জি. দিয়ে বা দরকারে অন্যান্য গ্যাস দিয়ে চালাবার কোনো পরিকল্পনা বা টাইম ফ্রেম কিছু করেছেন কিনা ?

শ্রী সুভাষ চক্রবর্তী : আমাদের এটা সুনির্দিষ্ট পরিকল্পনার ভিত্তিতে অপারেটারদের সঙ্গে মালিকপক্ষ বসেছে, যারা গাড়ি তৈরি করছে এবং রাজ্য সরকার এবং তার সঙ্গে তেলের যে সংস্থাগুলি আছে, তেল বা গ্যাস যারা দেবে, মূলত ইন্ডিয়ান অয়েল-এর কনসোর্টিয়ামে যারা করে তারা, তাদের সঙ্গে নিয়মিত আলাপ-আলোচনা, বৈঠক ইত্যাদি হচ্ছে। মূলত এই মুহূর্তে হাইকোর্টের যে নির্দেশনামা সেটা হচ্ছে, এমিশনের প্রশ্নে। এটা আমার কথা বলিনি। নির্দেশনামা হচ্ছে হাইকোর্টের। তারা অন্যান্য বিষয়ে না বলে প্রধানত গুরুত্ব দিচ্ছেন এমিশনকে কিভাবে কমানো যায় তার উপর। সেখানে করতে গিয়ে যেমন বি.এস.-৩ ইঞ্জিনের কথা বলেছি, কিন্তু বি.এস.-২ ইঞ্জিন সি.এম.ডি.এ. এরিয়ার কোথাও রেজিস্ট্রেশন করতে পারবে না। রেজিস্ট্রেশন সবই হবে যদি বাইরে করে চালায় অর্থাৎ সি.এম.ডি.এ. এরিয়ার বাইরে দেওয়া হবে। সেটা হুগলিতে হতে পারে, বর্ধমানে হতে পারে কিম্বা অন্য জেলায় হতে পারে। গ্যাস এবং তেলের দামের যে ডিফারেন্স সেটা আকৃষ্ট করতে পারে। গ্যাসভিত্তিক চালনা—এটা প্রথম দিকে ছিল গাড়িতে, ট্যাক্সিতে এবং অটো-রিক্সাতে। এখন গ্যাসের দাম বেড়ে গেছে। তেলের দাম অপেক্ষাকৃত কম। আমি জানি না, কাগজে দেখছি, সুনির্দিষ্ট বক্তব্য এখনো পাইনি—ডিজেলের দাম বৃদ্ধির কথা শুনছি। এই দুটো জিনিসের দাম যদি কাছাকাছি না থাকে তাহলে একটা থেকে আর একটায় সুইচ ওভার করানো মুশকিল। জোর করে করানো যাবে না, তাহলে ব্যবস্থা বন্ধ হয়ে যাবে, গাড়ি বা যানবাহন চলাচল ভীষণভাবে ব্যাহত হবে।

শ্রী অতীশচন্দ্র সিংহ : মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন ১৯৯০ সালের আগে প্রায় ৬ হাজার বাস ছিল সেগুলি উনি বলেছেন চলতে পারবে না। যাই হোক, হাইকোর্টের রায়ে চলছে। মনে হয়, নিশ্চয়ই আরো অনেক বাস এর সঙ্গে অ্যাডেড হয়েছে। কিন্তু যে এমিশনের কথা উনি বললেন—আপনি নিশ্চয়ই আমাদের সঙ্গে একমত হবেন—এমিশনের ক্ষেত্রে যদি সবচেয়ে বেশি দোষী হয় তাহলে সেগুলি আপনাদের বাস। আপনাদের কোনো বাসের পাশে যদি কোনো গাড়ি এসে দাঁড়ায়, তাহলে সেই গাড়িতে কাঁচ তুলে বসতে হবে, নাকে রুমাল দিলেও দাঁড়ানো যায় না এতো এমিশন হয়। এই ব্যাপারে কোনো কড়াকড়ি ব্যবস্থা গ্রহণ করবেন কিনা ? এমিশনের জন্য ১৯৯০ সালের আগে যে ৬ হাজার বাস অভিযুক্ত হয়েছে তার সঙ্গে আরও কয়েক হাজার গাড়ি যুক্ত হবে যারা দূষণ সৃষ্টি করছে। এখন কলকাতা সহ সারা পশ্চিমবাংলাকে দূষণের হাত থেকে রক্ষা করার জন্য আপনি কী পদক্ষেপ গ্রহণ করবেন তা কি জানাবেন ?

শ্রী সুভাষ চক্রবর্তী : এমিশনের প্রশ্নে আপনি যে ব্যাখ্যা দিয়েছেন তার সঙ্গে আমি সহমত। কিন্তু আমরা যেমন, সি.এস.টি.সি.-র এককভাবে ১১৯টা গাড়ির ফাইন দিয়েছি, তারপর ইঞ্জিন রেকটিফাই করে কোর্টের রিপোর্টের ভিত্তিতে পুনরায় সেই গাড়িগুলি চালু

হয়, কিন্তু অন্য যেসব ট্রান্সপোর্ট করপোরেশন আছে—একমাত্র ডব্লু.বি.এস.টি.সি.-র তার অ্যাড্রেস কলকাতায়, ট্রাম কলকাতায়—বাকি হচ্ছে সব কলকাতার বাইরে। তাদের গাড়িগুলি এখানে আসছে আবার ফেরত যাচ্ছে। তাদের উপর এখনো পর্যন্ত কোনো নোটিশ আসেনি। এখন প্রথাবদ্ধভাবে যতটা সম্ভব এমিশন কমানো যায় তার চেষ্টা করছি। কিন্তু আপনারা জানেন, এমিশন টেস্ট করার দুটি হাতিয়ার আমাদের রাজ্য সরকারের আছে। একটা হচ্ছে, সেন্টারগুলিতে এম.ভি. ইন্সপেক্টররা গাড়িগুলি ইন্সপেক্ট করেন আর একটা হচ্ছে, রানিং-এ কলকাতা পুলিশের উপর দায়িত্ব আছে, তারা এমিশন টেস্ট করে। এখন নানা রকম অভিযোগ আমার কাছে আসে যে, একই গাড়ির যখন "এক্স" সেন্টারে এমিশন টেস্ট হচ্ছে তখন দেখা যাচ্ছে তার পরিমাপ ঠিক আছে। আবার যখন "ওয়াই" সেন্টারে পুলিশ ধরছে তখন তার মাত্রাতিরিক্ত এমিশন আছে। এইসব নানা সমস্যা আছে এবং এই নিয়ে মামলা হয়েছে। এগুলি নিউট্রিলাইজ করে মেক-আপ করতে হবে। এটা একটা বড় সমস্যা। এর পাশাপাশি বলি— যেমন করপোরেশন, আমাদের স্টেট বাস, পুলিশের গাড়ি, পুলিশ ভাড়া নিয়ে যেসব গাড়ি চালায় সবগুলিতেই সবচেয়ে বেশি এমিশন ছড়ায়। অন্য প্রাইভেট গাড়িকে আমরা ধরতে পারি, বলতে পারি, ফাইন করতে পারি। কোনো একজন পাবলিক ইনটারেস্টে মামলা করায় কোর্টের নির্দেশে সি.এস.টি.সি.-র ১১৯টি গাড়ির এমিশনের জন্য জরিমানা দিতে হয়েছে। সেই গাড়িগুলিকে ফিরিয়ে নেওয়া হয়েছিল রিপেয়ার না করা পর্যন্ত। তারপর সেগুলিকে ঠিকঠাক করে যোগ্যতার সার্টিফিকেটের ভিত্তিতে আবার চালিয়েছি।

[11.20—11.30 a.m.]

এখন আমরা একটা বিশাল সমস্যার মধ্যে দাঁড়িয়ে আছি। কলকাতায় যা অবস্থা, তাতে বি.এস.-থ্রি ইঞ্জিন যেটা আছে সেটা চললে ভালো হবে। পুরানো মডেলের বহু গাড়ি বাদ হয়ে যাবে। আপনারা লক্ষ্য করে দেখবেন রাজ্য সরকার কলকাতায় ও তার পার্শ্ববর্তী অঞ্চলে কিছু উন্নত মানের পরিষেবা দেওয়ার চেষ্টা করছে। কিছু ফ্র্যানচাইজি করা হচ্ছে। সি.এস.টি.সি., এন.বি.এস.টি.সি.-র প্রায় ৫০০ নতুন বাস আমরা অর্ডার দিয়েছি। কলকাতায় আমরা বি.এস.-থ্রি, সি.এস.টি.সি. তো বটেই, সেই সঙ্গে ট্রাম সংস্থার কিছু বাস চালাবো। এক্ষেত্রে এমিশন-ফ্রি বাস নামাতে হবে।

শ্রী দীপক সরকার : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবহণ মন্ত্রীর কাছে একটা অতিরিক্ত প্রশ্ন করতে চাই। উত্তরবঙ্গ পরিবহণ সংস্থা হল সরকারি সংস্থা। এখানে অনেক নতুন বাস চলেছে, কিছু কিছু বাস খারাপ হয়ে পড়ে আছে। উত্তরবঙ্গের পরিবহণ ব্যবস্থাকে সচল রাখার জন্য আপনি মাঝে মাঝে কিছু বাসের ব্যবস্থা করেছেন। এক্ষেত্রে আমার জিজ্ঞাস্য হলো উত্তরবঙ্গে পরিবহণ ব্যবস্থাকে সচল রাখার জন্য কী কী পরিকল্পনা আপনি নিয়েছেন ?

শ্রী সুভাষ চক্রবর্তী : আমরা উন্নত মানের বাসের ব্যাপারে অতিরিক্ত পদক্ষেপ নিয়েছি। একটি সংস্থার পক্ষ থেকে ইতিমধ্যেই আমাদের কাছে এ ব্যাপারে তারা প্রতিশ্রুতি

দিয়েছে। এবং সেইভাবে তারা পরিকাঠামো তৈরি করছে। এই মুহূর্তে তাদের ৩০টা বাস চলছে, এই মাসের মধ্যে সেটা ১০০টা হবে। আগামী এপ্রিল মাসের মধ্যে তারা ৩০০টা নতুন উন্নতমানের বাস সরবরাহ করবে। এছাড়া সি.এস.টি.সি.-র আরো ৬০-৭০টা বাস পাওয়া যাবে এগুলো বি-এস—থ্রি ইঞ্জিনের তো বটেই। সেই সঙ্গে ওঠা-নামার সুবিধাও পাওয়া যাবে। এই বাসগুলো দেখতে সুন্দর হবে, এর সিটগুলো ভালো হবে। এই সমস্ত ফেসিলিটি থাকবে। তবে এই বাসগুলো একটু বেশি দামের হবে। এইসব ব্যাপারে আমরা চেষ্টা করছি। এন.বি.এস.টি.সি.-কে বলেছি ভালো মানের বাস বেশি করে দিতে হবে। তারা একসঙ্গে দু-মাসের মধ্যে ২০০ বাস নামাবে। আমাদের সি.এস.টি.সি.-র বাস সম্পর্কে কোনো অভিযোগ নেই। কিন্তু তাদের কাছ থেকে আরও সুন্দর পরিষেবা যাতে পেতে পারি সেই চেষ্টা আমাদের থাকবে। ওরা আরও ১০০টা নতুন বাস দিচ্ছে। এস.বি.এস.টি.সি. ৫০টা নতুন বাস দিচ্ছে। এর ফলে যাত্রী পরিষেবার ক্ষেত্রে একটা সুন্দর গতি আসবে। আমাদের রাজ্যে উচ্চমানের বাস চলাচলের ফলে যাত্রী পরিষেবা উন্নত হবে। এখানে বলা প্রয়োজন কিছু বাস হয়তো নতুন করে নামবে, আবার যাদের খারাপ বাস রয়েছে তাদের আস্তে আস্তে ব্যবসা গুটিয়ে নিতে হবে। সব ক্ষেত্রেই পরিণতি তাই হয়। নতুন এক টাকা পেলে কেউ আর পুরনো এক টাকা নিতে চায় না। ঠিক সে রকম ভালো বাস, ভালো পরিষেবা যদি মানুষকে দেওয়া যায়, তাহলে তারা বেশি অর্থ খরচ করতেও রাজি থাকে। ২০০৬ সালের মধ্যে সমস্ত উন্নতমানের বাস কিছু না হলেও এখানে ১৫০০০ বাস যাত্রী পরিষেবার জন্য যুক্ত হবে, সেটা প্রাইভেট এবং গভর্নমেন্ট দুটো ক্ষেত্র মিলিয়ে।

শ্রীমতী সোনালী গুহ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যা আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন রাখছি—১৯৯০ সালের আগের একটি কথা আপনি উল্লেখ করেছেন। ইংরেজিতে একটি কথা আছে— সেফটি নেভার স্লিপস। আমাদের এখানে যাত্রী সুরক্ষা সম্পূর্ণভাবে ভেঙে পড়েছে। সেটা বাস, অটো, ট্যাক্সি সমস্ত ক্ষেত্রেই। বেপরোয়াভাবে বাস, বা অন্য যান চলাচলের জন্য আজকে একই মাসের মধ্যে ৩৫টা বড় দুর্ঘটনা ঘটেছে কলকাতাতে। শহরতলিতে আরো বেশি ঘটছে। এই ক্ষেত্রে আপনার দপ্তর কি পদক্ষেপ নিচ্ছে ? এই বেপরোয়া বাস চালকদের কঠোরভাবে নিয়ন্ত্রণ করার জন্য, যেহেতু ট্রাফিকটা কিছুটা পুলিশের উপর নির্ভর করে বিশেষ করে কলকাতা শহরে, সেইহেতু পুলিশমন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর সঙ্গে কথা বলবেন কি ? বিশেষ করে লালবাজার এবং রাইটার্স বিল্ডিং-এর সামনে বেশি করে বেপরোয়া বাস চালানো হয়। এই তো কয়েকদিন আগে শিবু রানী সরকার নামে এক ভদ্রমহিলা মারা গিয়েছেন, তার ফলে বাসে আগুন লাগানো হয়েছে। এই চালকদের নিয়ন্ত্রণ করার কোনো পদক্ষেপ সরকার নিচ্ছেন কিনা জানাবেন। মাননীয় মুখ্যমন্ত্রীর সঙ্গে কথা বলে পুলিশের মাধ্যমে সুরাহার ব্যবস্থা করবেন কিনা ? এই বাস দুর্ঘটনায় যাঁরা মারা গেছেন তাঁদের ক্ষতিপূরণ দেবার ব্যবস্থা আপনার দপ্তর করছে কিনা ?

শ্রী সুভাষ চক্রবর্তী : প্রথমত এই প্রশ্নটা পরিধির বাইরে। কিন্তু এটা বাস পরিচালনার সঙ্গে যুক্ত, বাস পরিবহনের সঙ্গে যুক্ত। এটা ঠিক কিছু কিছু ক্ষেত্রে এই বছর এবং গত বছর বেপরোয়া গাড়ি চালনাকে কেন্দ্র করে বহু সংবাদপত্রে বেরিয়েছে, বহু

মিডিয়াতে বেরিয়েছে—ড্রাইভাররা বেপরোয়াভাবে প্রতিযোগিতামূলক যাত্রী তোলার চেষ্টা করার জন্য অনেকগুলো দুর্ঘটনা ঘটে গিয়েছে। এই দুর্ঘটনাগুলো খুবই দুঃখজনক এবং এই ঘটনার কোনোটাকেই আমরা অস্বীকার করতে পারি না। এটা খুবই সত্যি যে এটা ব্যাখ্যা করার কোনো ভাষা নেই। শুধু যাত্রী পরিবহন নয় তার সঙ্গে পণ্য পরিবহনের জন্য যারা গাড়ি চালায় তাদের মধ্যে অনেক গাড়ি চালকের আরো বেশি সুস্থ মানসিকতা, আরো বেশি সুস্থ শারীরিক অবস্থা এবং শিক্ষামূলক ব্যবস্থার সাহায্যে গাড়ি চালনার ক্ষেত্রে যে উন্নত মান দরকার সেই উন্নত মানে আসা দরকার। আমাদের রাজ্য সরকারের পক্ষ থেকে ড্রাইভারদের ট্রেনিং, পুনঃশিক্ষা অর্থাৎ রিট্রেনিং স্কীম কয়েক বছর ধরে চালু আছে। সমস্ত ড্রাইভারদের সে সি.এস.টি.সি., এন.বি.এস.টি.সি., এস.বি.এস.টি.সি, ট্রাম, ডব্লু.বি.এস.টি.সি.-র ডিপোতে যাই এবং প্রাইভেট বাস অ্যাসোসিয়েশন যেগুলো আছে তাদের শ্রমিক ইউনিয়নগুলোর সঙ্গে বোঝাপড়া করে নিই এবং তাদের ড্রাইভারদের ডাকি, ওপেন টু অল ডাকি। তাদের ডাকা শুধু নয়, তারা যেদিন ট্রেনিং নেয় সেই দিন তাদরে আয়ের অর্ধেক আমরা দিই এবং সেই সঙ্গে তাদের সারা দিনের খাওয়া-দাওয়া টিফিন আমরা দিই। পুনঃ শিক্ষার ক্ষেত্রে যাদের সাফল্য আসে তাদের আমরা সার্টিফিকেট দিই। কিন্তু দুর্ভাগ্যের বিষয় হলো এই কাজে আমরা ড্রাইভারদের সঠিকভাবে সমবেত করতে পারছি না। তারা মনে করছে একদিন রোজ কামাই করা মানে ২-৩শো টাকা চলে যাওয়া। যদিও আমরা অর্ধেক টাকা দিই, টিফিন দিই। যদি কারো চোখ নিয়ে সমস্যা থাকে, যদি কারো আই সাইড দুর্বল হয়, যদি চশমা দিলে ঠিক হয়ে যাবে তাহলে আমরা চশমা দিয়ে দিই। বিভিন্ন সংগঠনের সহযোগিতায় ড্রাইভারদের ট্রেনিং এবং রিট্রেনিং-এর ব্যবস্থা করা হচ্ছে। এই ব্যাপারে রাজ্য সরকারের পরিবহন বিভাগ সিদ্ধান্ত নিয়েছে ড্রাইভার ট্রেনিং ইনস্টিটিউট কোথায় সরকারি উদ্যোগে কোথাও বেসরকারি উদ্যোগে খুলবো। ইতিমধ্যে টালা পার্ক, সল্টলেক, লেক টাউন, হাওড়ার দু-একটা জায়গায়, বর্ধমানে আমরা সিদ্ধান্ত নিয়েছি ড্রাইভিং ট্রেনিং সেন্টার করবো। তার সঙ্গে রিট্রেনিং দেওয়ার ব্যবস্থা থাকবে। দ্বিতীয় হচ্ছে আমরা মহিলাদের ট্রেনিং দিতে চাই। বিশেষ করে যারা উৎসাহিত, যারা উদ্দীপ্ত এমন মহিলাদের আমরা ট্রেনিং দিতে চাই। এই মহিলা যারা ব্যক্তিগতভাবে ড্রাইভিং করে, নিতান্ত শখে তারা ড্রাইভিং শেখে তাদের আমরা পেশার সঙ্গে যুক্ত করতে চাই। আমরা বহু ক্ষেত্রে মহিলা কনডাক্টার নিয়োগ করেছি কিন্তু ড্রাইভার পাইনি। একজন মহিলা ড্রাইভার আছেন, সেটা আমাদের কৃতিত্ব নয়।

[11.30—11.40 a.m.]

এক পাঞ্জাবী ভদ্রমহিলা আছেন, উনি ট্যাক্সি চালান। এছাড়া আর কোনো মহিলাই আগ্রহ নিয়ে এগিয়ে আসছে না। আমাদের এ ব্যাপারটা নজরে আছে। কিন্তু সাড়া বলতে যা বোঝায়, প্রাইভেট বাসের ড্রাইভারদের থেকে তা আমরা পাচ্ছি না। আমরা চাইব, ওরা বেশি করে আসুক। ওদের সংস্থাও এ ব্যাপারে চেষ্টা করছে। তারা অর্থের দিক থেকে মনে করছে, তাদের লোকসান হয়ে যাবে। দুদিন কম মানে ৫০০ টাকা চলে যাবে। এতে যে তাদের পূর্ণশিক্ষার দরকার আছে, এই অনুভূতি এবং উপলব্ধি ড্রাইভারদের মধ্যে আনতে পারিনি।

শ্রী ব্রহ্মময় নন্দ : মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে মাননীয় পরিবহন মন্ত্রীর কাছে একটি অতিরিক্ত প্রশ্ন রাখছি। যারা বাসের ড্রাইভার আছেন এবং ট্রাকের ড্রাইভার আছেন—তাদের প্রায়শই দেখা যায় বাস চালাতে চালাতে বা ট্রাক চালাতে চালাতে মোবাইল ফোনে কথা বলছে। এর ফলে অন্যমনস্কতার জন্য বহু অ্যাকসিডেন্টও ঘটছে। বাস, ট্রাক চালকদের মোবাইল ব্যবহার করার বিষয় আপনাদের দপ্তর থেকে কোনো বাধা-নিষেধ আছে কিনা ? আর আপনি সৌর শক্তি চালিত বাস চালু করেছেন কিনা এবং সৌর শক্তি চালিত বাস পশ্চিমবঙ্গে আছে কিনা ? যদি থাকে, তাহলে তার সংখ্যাটা কত ?

শ্রী সুভাষ চক্রবর্তী : সৌর শক্তি চালিত বাসের বিষয়টা নির্দিষ্টভাবে পরিবহন দপ্তরের অন্তর্গত নয়। এটা কনভেনশনাল এনার্জি ডিপার্টমেন্টের মধ্যে পড়ে। ওরা দুটি বাস পরীক্ষামূলকভাবে চালাচ্ছে। এর মধ্যে কতকগুলো অটোও আছে। সৌর শক্তি দ্বারা পরিচালিত বাস এবং অটো ঘনবসতিপূর্ণ এলাকায় চালানো হচ্ছে এবং ডব্লু.বি.এস.টি.সি.-র পরিচালনায় সেগুলো চলছে।

শ্রী সৌগত রায় : স্যার, একটা বিচিত্র পরিস্থিতির সৃষ্টি হয়েছে কলকাতা ও দিল্লির মধ্যে। দিল্লিতে সুপ্রিম কোর্টের অর্ডারে সমস্ত পুরনো বাস বাতিল হয়ে গেল। অটো, ট্যাক্সি ও বাসে সি.এন.জি. চালু হয়ে গেল। আর কলকাতায় ঠিক উল্টোটা হল। হাইকোর্টের অর্ডারে পুরনো বাস বাতিল বন্ধ হয়ে গেল। আমরা জানি যে কলকাতায় পুরনো বাসগুলো এমিশন ছড়াচ্ছে। তাতে আপনারা জানেন যে, একটা আস্তরণ তৈরি করছে এবং গ্রিন হাউস এফেক্ট হচ্ছে, পুরো জায়গাটা গরম হয়ে যাচ্ছে। তাছাড়া এই এমিশনের ফলে নানা রকম লাং এবং হার্টের অসুখ হচ্ছে। মাননীয় মন্ত্রী এটা ঠিক যে হাইকোর্টের রায়ে পুরনো বাস তুলে নেওয়া বন্ধ হয়ে গেছে। কিন্তু আমরা জানি না যে রাজ্য সরকার এ ব্যাপারে কোর্টে সিরিয়াসলি চ্যালেঞ্জ করেছে কিনা ? মাননীয় মন্ত্রী মহাশয়, হাইকোর্ট এবং সুপ্রিম কোর্টের রায় ছাড়াও রাজ্য সরকারের তো একটা নিজস্ব দায়িত্ব আছে। ফসিল ফুয়েল এমিশন—এই বিষয়টা অবিলম্বে বন্ধ করার দরকার আছে। অন্তত মানুষের স্বাস্থ্যের জন্য এবং পৃথিবীর পরিবেশের জন্য। রাজ্য সরকার এখনও পর্যন্ত যা বললেন—তাতে দেখা যাচ্ছে ইন্ডিয়ান ওয়েল খুব বেশি এগোয়নি। ৪টি পাম্প দিয়েছে। গ্যাস অথরিটির সঙ্গে কথা হয়েছে, তারা কিছু করেনি। রাজ্য সরকার সুয়ো মোটো কি ব্যবস্থা করছেন ? যাতে কলকাতায় গাড়ি থেকে এই এমিশন ছড়াতে না পারে, এই এমিশনের পুরোপুরি বন্ধ হয়ে যায়।

শ্রী সুভাষ চক্রবর্তী : মহামান্য আদালতের যে বিষয়গুলো আছে, সেই সম্পর্কে আমি কোনো মন্তব্য এখন করতে চাই না। এটা ধরে নেবেন যে অপারেটর যারা আছে, তারাই প্রাণপন চেষ্টা করছে, এই সিদ্ধান্তের যারা বিরোধিতা করছে তা ঠেকাবার জন্য। একটা আপৎকালীন আদেশ নামায় এটা সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত, কোর্টে ফয়সালা না হওয়া পর্যন্ত এটা যেভাবে আছে থাক। স্থগিতাদেশ যেটা আছে, সেটা ঠিকই আছে। যেটা আমি জোরের সঙ্গে বলতে চাই যে, এটা অনেকদিন ধরেই চলছে। একটা জায়গায় তো

পৌঁছতে হবে। এতগুলো বাস যদি বন্ধ হয়ে যায়, তাহলে তার রিপ্লেশমেন্ট কিভাবে হবে ? এই সম্বন্ধে খুব আগ্রহের সঙ্গেই বিকল্প ব্যবস্থাকে সঙ্গে নিয়ে এগোবার চেষ্টা করছি। আমরা আশা করছি যে এই মাসের শেষ যেদিন পড়বে, সেদিন কিছু একটা হবে। তারপর আমি আপনাদের জানিয়ে দিতে পারব।

উচ্চশিক্ষার বিস্তারে স্নাতকোত্তর পাঠক্রম

*২০। (অনুমোদিত প্রশ্ন নং *৬৯) **শ্রী আবু আয়েশ মণ্ডল** : উচ্চ শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, এ রাজ্যের বহু সাধারণ ডিগ্রি কলেজে স্নাতকোত্তর পাঠক্রম চালুর মধ্য দিয়ে উচ্চ শিক্ষার ব্যাপক বিস্তার ঘটেছে ;

(খ) সত্যি হলে, স্নাতকোত্তর পাঠক্রম পড়ানো হচ্ছে এরূপ কলেজের মোট সংখ্যা কত (৩১শে ডিসেম্বর, ২০০৫ পর্যন্ত) ; এবং

(গ) সংশ্লিষ্ট কলেজগুলিতে স্নাতকোত্তর পাঠক্রম পড়ানোর জন্য মোট আসন সংখ্যা কত ?

শ্রী সত্যসাধন চক্রবর্তী :

(ক) হ্যাঁ।

(খ) কলেজের মোট সংখ্যা ৪৬।

(গ) মোট আসন সংখ্যা ৯২০।

শ্রী আবু আয়েশ মণ্ডল : মাননীয় মন্ত্রী মহোদয়, আমাদের রাজ্যে বহু সাধারণ ডিগ্রি কলেজে স্নাতকোত্তর পাঠক্রম পড়ানোর সংখ্যা আপনি বললেন। আমরা আগে জানতাম, আমাদের রাজ্যে বিশ্ববিদ্যালয়ের অন্তর্গত—প্রেসিডেন্সি সহ দু-একটি কলেজে স্নাতকোত্তর পাঠক্রম পড়ানো হত। আপনি এই যে সাধারণ ডিগ্রি কলেজে, মোট ৪৬টি কলেজে এই পাঠক্রম চালু করেছেন—যেটা আগে দু-একটি কলেজে চালু ছিল, ৪৬টি কলেজে এই সুযোগটা বাড়াতে কত টাইম লেগেছে ? এর সঙ্গে সঙ্গে বিশ্ববিদ্যালয় ভিত্তিক এই ৪৬টি কলেজের আসন সংখ্যাটা দয়া করে জানান।

শ্রী সত্যসাধন চক্রবর্তী : মাননীয় সদস্য জানেন যে, এই যে নতুন নতুন বিষয় কলেজগুলিতে চালু হচ্ছে। সময়টা হচ্ছে, যেমন যেমন ছাত্রদের চাহিদা বাড়তে, প্রথম শ্রেণিতে পাশ করা ছাত্র-ছাত্রীদের সংখ্যা বাড়ছে, ফলে গত চার-পাঁচ বছর থেকে আমরা উদ্যোগ নিয়েছি যাতে প্রথম শ্রেণিতে যারা পাশ করছে, তারা স্নাতকোত্তর পড়ার সুযোগ পান। বিশ্ববিদ্যালয়ে আসন সংখ্যা সীমিত থাকার ফলে এরা বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে পারতেন না। ফলে আমরা এদেরকে আন্ডার-গ্রাজুয়েট কলেজে ভর্তির সুযোগ করে দিচ্ছি। গত কয়েক বছর ধরে এটা চালু রয়েছে। বর্তমানে ৪৬টি কলেজে সুযোগ আছে। আগামীদিনে যেমনভাবে চাহিদা বাড়বে, এটা আরও করা হবে এবং পরিকাঠামোও ধীরে ধীরে গড়ে তোলা হবে।

শ্রী আবু আয়েশ মণ্ডল : এই যে কলেজের সংখ্যার সঙ্গে সঙ্গে আসনের এই যে সংখ্যা অনেক বাড়ছে, এইসব কলেজে অনুমোদিত শিক্ষক কতজন আছেন এবং কতজন নিযুক্ত আছে ?

শ্রী সত্যসাধন চক্রবর্তী : আমরা যেসব কলেজে স্নাতকোত্তর পড়াবার অনুমোদন দিয়েছি, সেইসব কলেজে যেসব বিষয়গুলিতে অনুমোদন দেওয়া হয়েছে, সেখানে এমনিতে শিক্ষক সংখ্যা যথেষ্ট না হলেও কিছু পরিমাণে আছে এবং যেটুকু ঘাটতি আছে সেটা আমরা পূরণ করে দিচ্ছি। ইতিমধ্যে যেসব কলেজে স্নাতকোত্তর বিষয় পড়াবার অনুমতি দেওয়া হয়েছে, সেইসব কলেজে একটি বা দুটি করে নতুন পোস্ট আমরা দিয়েছি এবং আগামীদিনে আরও পোস্ট আমরা সেই কলেজগুলিতে দেব। আমরা আরও ৫৫০ নতুন পোস্টের অনুমোদন পেয়েছি সারা পশ্চিমবাংলার জন্য। এর আগে ৪৫০টির জন্য অনুমোদন পেয়েছিলাম, সেগুলো আগেই দেওয়া হয়েছে। এই যে ৪৫০ এবং ৫৫০, মোট হাজার পোস্ট, এ থেকেই স্নাতকোত্তর বিষয় যে কলেজে চালু হচ্ছে সেখানে আমরা দিচ্ছি। ফলে সেখানে শিক্ষকের বা পোষ্টের অভাব হবে না বলেই আমাদের ধারণা।

[11.40—11.50 a.m.]

শ্রী আবু আয়েশ মণ্ডল : মাননীয় মন্ত্রী মহাশয় ৪৬টা অনুমোদিত কলেজের কথা বললেন। এর মধ্যে সরকারের নির্দিষ্ট করা কোন্ কোন্ কলেজে এই কোর্সগুলো পড়ানো হচ্ছে ? সরকারের কোন্ কোন্ কলেজে স্নাতকোত্তর পাঠক্রম পড়ানো হচ্ছে ?

শ্রী সত্যসাধন চক্রবর্তী : প্রেসিডেন্সি কলেজ, সৌগতবাবুর কলেজ, অনেকদিন ধরে সেখানে দু-একটি বিষয়ে পোষ্ট গ্রাজুয়েট ছিল এবং এখন সেখানে ১৩টি বিষয়ে পোস্ট গ্রাজুয়েট পড়ানো হচ্ছে। প্রেসিডেন্সি কলেজে একেবারে আধুনিক বিষয়, মাইক্রোবায়োলজির বিষয় পড়ানো হচ্ছে। এছাড়া যেসব কলেজ আছে তার কিছু নাম আমি বলে দিচ্ছি। মৌলনা আজাদ কলেজ, লেডি ব্রাবোর্ন কলেজ, বেথুন কলেজ, কৃষ্ণনগর গভর্নমেন্ট কলেজ, টাকি গভর্নমেন্ট কলেজ, এমনকি সুদূর অঞ্চলে ঝাড়গ্রামে ঝাড়গ্রাম রাজ কলেজ ; ওখানে কেমিস্ট্রিতে পোস্ট গ্রাজুয়েট পড়ানোর অনুমোদন দেওয়া হয়েছে। সেখানে কয়েকদিন আগে গিয়ে আমি উদ্বোধন করে এসেছি। সরকারি প্রায় সব কলেজেই এই অনুমোদন দেওয়া হয়েছে। চন্দননগর কলেজ আছে, হুগলির মহসীন কলেজ আছে, বারাসাত গভর্নমেন্ট কলেজ আছে। প্রত্যেকটাতেই স্নাতকোত্তর পড়ানোর ব্যবস্থা করা হয়েছে হলদিয়া গভর্নমেন্ট কলেজ বাদে। কারণ সেটা তুলনামূলকভাবে নতুন কলেজ এবং তার পরিকাঠামো গড়তে একটু সময় লাগবে।

শ্রী সৌগত রায় : মাননীয় মন্ত্রী মহোদয় ঠিকই জানিয়েছেন যে, প্রায় ৪৬টি কলেজে পোস্ট গ্রাজুয়েট পড়ানো হচ্ছে এবং প্রায় সব সরকারি কলেজে পোষ্ট গ্রাজুয়েট পড়ানো হচ্ছে। এ ব্যাপারে আমি মাননীয় মন্ত্রিমহাশয়-এর সঙ্গে একমত হলেও যে ব্যাপারে একমত নই সেটা হচ্ছে, যারা পোস্ট গ্রাজুয়েট পড়াচ্ছেন তাঁদের নতুন শিক্ষক দিচ্ছেন। আশুতোষ কলেজে প্রায় ৩/৪ বছর ধরে এনভাইরনমেন্ট সাইন্স পড়ানো হলেও

সেখানে একজনও এনভাইরনমেন্টাল সাইন্সের টিচার দেওয়া হল না। কিন্তু যাইহোক ম্যানেজ হয়ে যাচ্ছে। কিন্তু প্রশ্ন হচ্ছে, 'ন্যাক' এবং ইউ.জি.সি. বারবার বলছে যদি কোনো কলেজে পোস্ট গ্রাজুয়েট পড়াতে হয় তাহলে ডিগ্রি গিভিং পাওয়ার দিতে হবে এবং তাহলে বিশ্ববিদ্যালয় বিচ্যুত করে অটোনমি দিতে হবে। মাননীয় মন্ত্রী মহাশয় প্রেসিডেন্সি কলেজের কথা বললেন যেখানে ১৩টি বিষয়ে পোস্ট গ্রাজুয়েট পড়ানো হচ্ছে। কিন্তু তাদের স্বায়ত্তশাসন বা অটোনমি দেওয়ার ক্ষেত্রে টালবাহনা করছেন। এর মধ্যে 'ন্যাক', ' সেন্ট জেভিয়ার্স কলেজ'কে অটোনমি দিয়ে দিয়েছে। তাই মাননীয় মন্ত্রীর কাছে জিজ্ঞাস্য, প্রেসিডেন্সি কলেজকে স্বায়ত্তশাসন দেওয়ার ব্যাপারে ৩০ বছর ধরে দাবি থাকলেও তা নিয়ে সরকারের টালবাহনা করার কারণ কি ? ওদের স্বায়ত্তশাসন দেওয়ার ব্যাপারে সরকার কবের মধ্যে সিদ্ধান্ত নিতে চলেছে যাতে কিনা কোলকাতা বিশ্ববিদ্যালয়ের বিরাট স্ট্রাকচারের বাইরে গিয়ে প্রেসিডেন্সী কলেজ উচ্চশিক্ষার দিকে পৌছতে পারে ?

শ্রী সত্যসাধন চক্রবর্তী : মাননীয় সদস্য শ্রী সৌগত রায় মহাশয়কে জানাই, স্বায়ত্তশাসন দেওয়া হয়েছে। ১১টি কলেজে পোস্ট্ গ্রাজুয়েট খোলা হয়েছে। পোস্ট গ্রাজুয়েট যে বিষয়ে খোলা হয়েছে সেই কলেজগুলোকে স্বায়ত্তশাসন ইউনিভার্সিটি দিয়েছে। অর্থাৎ এই যে ১৩টি সাবজেক্ট প্রেসিডেন্সী কলেজকে দেওয়া হয়েছে সেই ১৩টি সাবজেক্টের ব্যাপার প্রেসিডেন্সি কলেজের কিন্তু স্বায়ত্তশাসন থাকল। বিশ্ববিদ্যালয়ের খবরদারি খুব একটা নেই। তারাই সিলেবাস করবে, প্রশ্ন করবে এবং অন্যান্য কাজ, ইত্যাদিও তারাই করবে। অন্যান্য যে কলেজগুলোকে দেওয়া হয়েছে তাদেরও স্বায়ত্তশাসন দেওয়া হয়েছে। ফলে আমাদের রাজ্যেও সেই অর্থে যেটাকে আমরা অটোনমি বলি, আন্ডার গ্রাজুয়েট কলেজে অটোনমি চলু হয়েছে যেখানে যেখানে আমরা পোস্ট গ্রাজুয়েট কোর্স অ্যালাউ করেছি। ওই ৪৬টি কলেজে। কিন্তু আন্ডার গ্রাজুয়েট কোর্সের জন্য অটোনমি এটা ঠিকই বলেছেন, এটা এখনো সব জায়গায় দেওয়া হয়নি। তার কারণ দীর্ঘদিন ধরে এটা আলোচনস্তরে আছে এবং আপনারা জানেন বছর দু-এক আগেও ইউ.জি.সি.র সঙ্গে বিশ্ববিদ্যালয়স্তরে আলোচনা হয়েছে যে, এই স্বায়ত্তশাসনের চেহারাটা কি হবে তাই নিয়ে। আমরা সবাই অটোনমি বলছি কিন্তু এই অটোনমি মানেটা কি—সম্পূর্ণ বিশ্ববিদ্যালয়ের নিয়ন্ত্রণ মুক্ত নাকি বিশ্ববিদ্যালয়ের কিছু নিয়ন্ত্রণ থাকবে, যদি থাকে তাহলে কি বিষয়ের উপর থাকবে। অটোনমি মানে কি—ফিনানসিয়াল অটোনমি নামি অ্যাকাডেমিক অটোনমি নাকি অ্যাডমিনিস্ট্রেট্রিটিভ অটোনমি। এইসব বিষয় নিয়ে দীর্ঘ বিতর্ক অনেকদিন ধরেই চলেছে। এখানে একটা জায়গায় এসে ইউ.জি.সি.-র সঙ্গে বোঝাপড়া হয়েছে কারণ যেহেতু পশ্চিমবঙ্গ সরকার শিক্ষার পুরো দায়িত্ব নিয়েছে, মূলত আর্থিক দায়িত্ব সেই কারণে একটা বোঝাপড়া হয়েছে। সেই কারণে পশ্চিমবঙ্গের ক্ষেত্রে আপনার কিছুটা ব্যতিক্রম হবে। তার কারণ হচ্ছে এই ফিনানসিয়াল অটোনমির ব্যাপারে কলেজের টাকায় কলেজ চলবে এটা হতে পারে না। সরকার বেতন দেয়, সরকার টাকা দেয় তা না হলে কলেজ চলবে না। কিন্তু অ্যাডমিনিস্ট্রেটিভ অটোনমি, অ্যাকাডেমিক অটোনমি নিশ্চয় কিছু কিছু ইনস্টিটিউশন পেতে পারে। সেইদিক থেকে সেন্ট

জেভিয়ার্স কলেজকে অটোনমি হিসাবে স্বীকার করে নিতে বিশ্ববিদ্যালয় রাজি থাকলেও ইউ.জি.সি.-র রাজি থাকার দরকার। ইউ.জি.সি. রাজি থাকলে আমাদের সরকারের তরফে কোনো আপত্তি নেই। এটা মূলত ইউ.জি.সি.-র ব্যাপার এবং বিশ্ববিদ্যালয়ের সেক্ষেত্রে যদি প্রয়োজন হয় অ্যাক্টের অ্যামেন্ডমেন্ট করার সেটাও করা হবে। সরকার সেখানে প্রয়োজন হলে অ্যাসেম্বলিতে এই অ্যাক্টের অ্যামেন্ডমেন্টের দরকার হলে আমরা সেটা নিয়ে আসব। অটোনমি পেতে গেলে যেটা নিয়ম হচ্ছে প্রথমত কলেজকে প্রস্তাব করতে হবে বিশ্ববিদ্যালয়ের কাছে এবং বিশ্ববিদ্যালয় সেই প্রস্তাবটি পাঠিয়ে দেবে ইউ.জি.সি.-র কাছে। ইউ.জি.সি. পরিদর্শন করে তাদের মতামত বিশ্ববিদ্যালয় জানাবে। তারপরে বিশ্ববিদ্যালয় ইউ.জি.সি.-র সঙ্গে এবং সরকারের সঙ্গে আলোচনা করে ফাইনালি একটা কলেজকে অটোনমি দেবে। সেন্ট জেভিয়ার্সের ক্ষেত্রে যেটা হয়েছে যে, ওরা নির্দিষ্ট সময়ের মধ্যেই দরখাস্ত করে, আর কোনো কলেজ দরখাস্ত করেনি। ওই কলেজের পোটেনশিয়ালিটি দিয়ে তারা দরখাস্ত করেছিল, অটোনমি করার জন্য দরখাস্ত করেছিল। একমাত্র সেন্ট জেভিয়ার্স কলেজই দরখাস্ত করেছিল এবং বিশ্ববিদ্যালয় সেই দরখাস্ত ইউ.জি.সি.-র কাছে পাঠিয়ে দিয়েছিল। ইউ.জি.সি. কলেজটি পরিদর্শন করে কলকাতা বিশ্ববিদ্যালয়ের সঙ্গে আলোচনা করে সেন্ট জেভিয়ার্স কলেজকে অ্যাকাডেমিক অটোনমির স্ট্যাটাস দিতে রাজি হয়। কলকাতা বিশ্ববিদ্যালয় এই অটোনমি দিতে রাজি হয়। আর প্রেসিডেন্সি কলেজ দরখাস্ত করেনি। সেখানে আপনারা জানেন কলেজের শিক্ষকরা আলোচনা করে ঠিক করবেন, তারপর যেহেতু সরকারি কলেজ সরকার সিদ্ধান্ত দেবে, কিন্তু যেহেতু সরকারি কলেজ তাই আমরা সরকারি তরফে কোনো বাগড়া দেব না। কিন্তু শিক্ষক সমাজের একটি অংশের তাতে আপত্তি আছে। সরকারি কলেজের শিক্ষক সমিতি তাদের মতামত কনফারেন্স জানায়, তারা বরং দাবি করেছে যে, প্রেসিডেন্সি কলেজকে একটি ইউনির্ভাসিটি করে সমস্ত কলেজগুলোকে অর্থাৎ সরকারি কলেজগুলোকে তার অন্তর্ভুক্ত করা হোক। এই ব্যাপারে আমরা আমাদের মতামত দিই নি। ফলে খানিকটা মত পেলেও একটা বিতর্ক রয়ে গেছে। যদি কোনো কলেজ অটোনমি চায় আমরা সরকারি তরফ থেকে ওই অটোনমির ব্যাপারটা মেনে নেব।

শ্রী পঙ্কজ ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী ঠিকই বলেছেন নতুন করে ৪৬টি কলেজে স্নাতকোত্তর বিভিন্ন বিষয় পড়বার অনুমোদন দিয়েছেন।

[11.50—12.00 noon]

এবং এই সরকার দীর্ঘদিন ধরে ঠিক করে রেখেছিলেন যে ব্যক্তিগত পুঁজিতে পশ্চিমবঙ্গে ইঞ্জিনিয়ারিং কলেজ চালু করতে দেবেন না। তার ফলে বাংলার হাজার হাজার ছাত্র-ছাত্রীরা পার্শ্ববর্তী রাজ্যগুলিতে ইঞ্জিনিয়ারিং পড়তে চলে যাচ্ছিল। সম্প্রতি আপনারা অনুমতি দেওয়ায় আউট ফ্লো বন্ধ হয়েছে। ফলে এখানকার ছাত্র-ছাত্রীরা ইঞ্জিনিয়ারিং সহ অন্যান্য টেকনিক্যাল সাবজেক্ট পড়তে পারছে। অতি সম্প্রতি আম্বানিকে করতে হয়েছে আপনাদের, কল্যাণীতে সেখানে ব্যক্তিগত পুঁজিতে একটি বিশ্ববিদ্যালয় চালু করবার জন্য আপনারা

অনুমতি দিয়েছিলেন। এই গ্লোবালাইজেশনের যুগে যখন পৃথিবীটা ছোট হয়ে গিয়েছে এবং এক রাষ্ট্রের সঙ্গে আর এক রাষ্ট্রের দূরত্বটা আরও কমে এসেছে তখন কোনো বিদেশি পুঁজিপতি বা শিক্ষাবিদ যদি এখানটায় এসে বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার জন্য অনুমতি চায় বা যদি কোনো উচ্চশিক্ষার কলেজ খুলতে চান এবং আমাদের রাজ্যে বিদেশি কোনো ইউনিভার্সিটি বা শিক্ষাপ্রতিষ্ঠান খুলতে চান তাহলে আপনারা তার অনুমোদন দেবেন কিনা সেটা জানতে চাইছি। যেমন এখানে আম্বানিকে বিশ্ববিদ্যালয় তৈরি করার অনুমতি দিয়েছেন। যদি কোনো বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান এখানে ইউভির্সিটি তৈরি করতে চান বা এনারা যদি এখানে ইউনিভার্সিটি তৈরি করতে চান তার অনুমোদন দেবেন কিনা এবং এই বিষয়ে কোনো আবেদনপত্র, কোনো প্রোপোজাল কিছু জমা পড়েছে কিনা জানাবেন।

শ্রী সত্যসাধন চক্রবর্তী : বিদেশি বিশ্ববিদ্যালয়গুলি সম্পর্কে নীতিনির্ধারণের ব্যাপারে আপনি জানেন যে দিল্লিতে আমাদের মন্ত্রীদের নিয়ে মানব সম্পদ উন্নয়নমন্ত্রী তিনি মিটিং করেছেন। বিভিন্ন রাজ্যের মন্ত্রীরা তাঁদের মতামত দিয়েছেন। এই ব্যাপারে ইউ.জি.সি.—তারা আলোচনা করে একটা নীতিও গ্রহণ করেছেন। সারা ভারতবর্ষের জন্য একটা নীতি গ্রহণ করা হয়েছে যে, বিদেশি বিশ্ববিদ্যালয়গুলিকে অনুমতি দেওয়ার ক্ষেত্রে আমাদেরকে অত্যন্ত সতর্ক থাকতে হবে। তার কারণ আপনি ইউ.জি.সি.-র পেপার দেখেন, আপনাকে দেখবেন বলা আমার অন্যায় হবে, কারণ আপনি পেপার দেখেন। সেখানে লক্ষ্য করেছেন যে, ইউ.জি.সি ইতিমধ্যেই বলেছেন অধিকাংশ যাঁরা আমাদের এখানে এসে বিশ্ববিদ্যালয় খুলতে চান, তাঁরা নিজেদের দেশে তাঁরা অত্যন্ত নিম্নস্তরের বিশ্ববিদ্যালয়। তাই আমরা চাই না যে, বিদেশের খুব নিম্নস্তরের বিশ্ববিদ্যালয়, যেগুলি আমাদের দেশের বিশ্ববিদ্যালয়ের মানের চেয়ে অনেক নিচে, তারা শুধু বিদেশি বলে আমাদের এখানে এসে তারা বিশ্ববিদ্যালয় খুলবেন এবং শিক্ষার নামে আসলে মূলত ব্যবসা করবেন, টাকা নেবেন, এটা আমরা চাইছি না এবং এটা সারা ভারতের ক্ষেত্রে আমাদের ব্যাঙ্গালোরে যে মিটিং হয়েছে, আমরা সেখানে আলোচনা করে ঐকমত্য আমাদের হয়েছে যে, আমরা এটা অনুমোদন করতে পারি না। ইউ.জি.সি. একই কথা বলেছে। ইউ.জি.সি. কতকগুলো কনডিশনের কথা বলেছেন যে, এই শর্তগুলি পূরণ করলে পরে বিদেশি বিশ্ববিদ্যালয়কে এখানে স্থাপন করার অনুমতি দেওয়া যেতে পারে। আমরা বলেছি যে, খুব নামকরা যারা বিদেশি বিশ্ববিদ্যালয়, খুব উন্নত মানের, তারা আমাদের দেশে আসবেন আমরা এটার বিরোধী না। কিন্তু তারা এসে আমাদের বিশ্ববিদ্যালয়গুলির সঙ্গে এক সঙ্গে কাজ করুন। তাতে আমরা লাভবান হব। আমাদের বিশ্ববিদ্যালয়ের সঙ্গে যদি তারা একসঙ্গে কাজ করেন তাহলে আমাদের শিক্ষক, আমাদের ল্যাবরেটরি সেগুলো উন্নত হবে। আমাদের উদ্দেশ্যটা হচ্ছে আমাদের দেশের শিক্ষাব্যবস্থাটাকে উন্নত করা ওদের সাহায্য নিয়ে, সেই জন্য আমরা চাইছি কোলাবোরেশন। যার জন্য ইতিমধ্যেই দেখবেন যাদবপুর কোলকাতা এবং আরও কয়েকটি বিশ্ববিদ্যালয়ের বিদেশি বিশ্ববিদ্যালয়ের সঙ্গে তাদের কোলাবোরেশনের চুক্তি হয়েছে। ওদের শিক্ষকেরা আসবেন, আমাদের শিক্ষকেরা যাবেন, একটা পারস্পরিক বিনিময় হবে—এটা আমরা চাইছি। কিন্তু একেবারে স্বাধীনভাবে তারা একটা বিশ্ববিদ্যালয় করবে, আমাদের সঙ্গে কোনো

যোগাযোগ থাকবে না, এটা কিন্তু আমরা চাইছি না। বিদেশি উন্নতমানের বিশ্ববিদ্যালয় তৈরিতে আমরা বিরোধী নই, তারা এখানে আসুন, আমাদের সঙ্গে একসঙ্গে কাজ করুন, আমাদের বিশ্ববিদ্যালয়ের সঙ্গে, আমাদের বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের সঙ্গে তারা একসঙ্গে কাজ করুন—এটা আমরা চাইছি।

.....(ভয়েস ফ্রম দ্য অপজিশনস বেঞ্চ : আম্বানিদের কথা বলুন)

আম্বানিরা একটা শ্রেষ্ঠ ইনফরমেশন টেকনোলজি ইনস্টিটিউট ধীরুভাই আম্বানি ইনস্টিটিউট অফ ইনফরমেশন টেকনোলজি গান্ধীনগরে তারা করছেন। এই রকম মানের একটা প্রশিক্ষণ কেন্দ্র তারা করছেন সেই জন্য এটাকে আমরা ব্যতিক্রমি হিসেবে গ্রহণ করেছি।

.....(ভয়েস ফ্রম দ্য অপজিশন বেঞ্চ : এটা কি নীতিগত বিচ্যুতি নয় ?)

না না এটা সকলের জন্য নয়, যে এল তার জন্য নয়। এটা নীতিগত বিচ্যুতি নয়। নীতিটা হচ্ছে শ্রেষ্ঠ যারা তাদেরকে আমরা অনুমোদন দেব। যাদের সেই মান নেই তাদেরকে অনাবশ্যক আমরা অনুমোদন দিতে যাব না। আমাদের যাদবপুর আছে, শিবপুর আছে, আই.আই.টি. আছে। সারা পৃথিবীতে যাদবপুর, শিবপুর, আই.আই.টি.-র ছাত্রদের নাম আছে। কিন্তু আরও উন্নত মানের প্রয়োজন, যারা আরও বিপুল পরিমাণে টাকা ব্যয় করে একবিংশ শতাব্দীতে নতুন সমস্ত দিগন্ত খুলতে চাইছে, সেটা তারা আমাদের রাজ্যে করবে এবং আমাদের রাজ্যকে তথ্য প্রযুক্তিতে এগিয়ে নিয়ে যাবে। সেই মতো আমরা অনুমোদন দিচ্ছি। এটা ঠিক যে এল তাকে অনুমোদন দেওয়ার ব্যাপার নেই।

.....(ভয়েস ফ্রম দ্য অপজিশন বেঞ্চ : অন্য কোনো প্রপোজাল নেই ?

অন্য ২/১টা প্রপোজাল আছে, তাদের সঙ্গে আমাদের কথাবার্তা চলছে। উন্নতমানের আরও ২/১টা প্রপোজাল পেয়েছি, তাদের সঙ্গেও আমরা কথাবার্তা বলেছি। তারা কত টাকা ইনভেস্ট করবে, আগামী দিনের তাদের পরিকল্পনা কি, কি কি সাবজেক্ট পড়াবে, তার বাইরে কি সাবজেক্ট করবে—আমরা তাদের কাছ থেকে পুরোটা জেনে নিতে চাইছি। বিদেশের সঙ্গে তাদের যোগাযোগ থাকবে কি না, ভর্তির নিয়ম কি হবে, ফ্যাকালটি কিভাবে নেবে—এইসব নিয়েও আলোচনা চলছে।

শ্রী রবীন্দ্র হেমব্রম : মাননীয় মন্ত্রীর কাছে আমি জানতে চাইছি আমাদের পশ্চিমবাংলা শিক্ষাক্ষেত্রে ছাত্র-ছাত্রীর সংখ্যা যেমন বেড়েছে, তেমনই গুণগত মানও বেড়েছে—এটা আপনারা স্বীকার করুন বা না করুন, এটা রিপোর্ট বলছে। সেই জায়গায় দাঁড়িয়ে কলেজগুলোতে স্নাতকস্তরে বিভিন্ন বিষয়ে আপনারা অনুমোদন দিয়েছেন। পাশাপাশি আমাদের পশ্চিমবাংলায় বিভিন্ন কলেজে সাঁওতালি ভাষা পড়ানোর সুযোগ করে দিয়েছেন। এর জন্য আমরা গর্বিত, আনন্দিত। পাশাপাশি আমাদের পশ্চিমবাংলা কৃষিতে এগিয়ে যাচ্ছে। এই জন্য আমি মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি কৃষি বিজ্ঞান পড়ানোর জন্য আরও বেশি কলেজ, বিশেষ করে পুরুলিয়া, বাঁকুড়াতে এইরকম কোনো পরিকল্পনা আছে কি না যদি দয়া করে জানান ?

শ্রী সত্যসাধন চক্রবর্তী : মাননীয় সদস্য জানেন এগ্রিকালচার কলেজ করাটা আমাদের দপ্তরের কাজ নয়, এটা এগ্রিকালচার ডিপার্টমেন্টের অন্তর্ভুক্ত—বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়ের অন্তর্ভুক্ত। এটা আমি বলতে পারব না।

[12.00—12.10 noon]

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : স্যার, একটা পয়েন্ট অফ অর্ডার।

মিঃ স্পীকার স্যার, বিধানসভার কতগুলো প্রচলিত নিয়ম আছে, যে নিয়মগুলোকে আপনি রক্ষা করেন। এখানে শ্রী পঙ্কজ ব্যানার্জীর প্রথম প্রশ্নের উত্তর যেটা এসেছে এখান থেকে, বিধানসভা থেকে যে উত্তরটা পাওয়া গেছে, সেটা ডিপার্টমেন্টের প্যাডের একটা পাতায় এসেছে। ওই প্যাডে পুন্ডরীকাক্ষ সাহা কত মাইনে বা স্যালারি পান, কোন কনস্টিটিউয়েন্সি থেকে এসেছেন, ইত্যাদি লেখা আছে, সেই প্রিন্টেড পেপারের অপরদিকের পাতায় পঙ্কজ ব্যানার্জীর প্রশ্নের উত্তরটা এসেছে। এটা কি কাগজের অভাবের জন্য হয়েছে ? এই খবরটা বিভিন্ন সংবাদপত্রে যদি যায় তাহলে আমাদের সম্মান কোথায় থাকবে বলুন তো ?

Starred Questions
(to which oral answers were laid on the 'Table')

অগ্নি নির্বাপণ ব্যবস্থা

*২১। (অনুমোদিত প্রশ্ন নং *২৮০) **শ্রী সুব্রত বক্সী** : বিগত বিধানসভার অধিবেশনে ২৫/০৭/২০০৫ তারিখে উত্থাপিত তারকিত প্রশ্ন *২৩৭ (অনুমোদিত প্রশ্ন নং *৫৬৬)এর উত্তর উল্লেখপূর্বক অগ্নি নির্বাপণ ও জরুরি পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কলকাতায় ২০০৫ সালের ১লা এপ্রিল থেকে ৩১শে ডিসেম্বর পর্যন্ত সময়কালে মোট কতগুলি বড় ধরনের অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে ;

(খ) এর প্রধান কারণ কি ; এবং

(গ) মহানগরীর বহুতল ফ্ল্যাটবাড়ি, সিনেমা হল, থিয়েটার হল ও স্কুলবাড়িগুলিতে যথাযথভাবে অগ্নি নির্বাপণ ব্যবস্থা অবলম্বনের জন্য সরকার কী কী পদক্ষেপ গ্রহণ করেছেন/করছেন ?

অগ্নি নির্বাপণ ও জরুরি পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ২০৭টি।

(খ) অগ্নিকান্ডের ব্যাপারে মূলতঃ মানুষের অজ্ঞানতা ও অসতর্কতাই দায়ী। এর মধ্যে পড়ে বৈদ্যুতিক সরঞ্জাম, মোমবাতি, রান্নার গ্যাস ও চুল্লী ইত্যাদি ব্যবহারের ক্ষেত্রে অসতর্কতা এবং বৈদ্যুতিক ট্রান্সফরমার ইত্যাদির উপর অজ্ঞানতাবশত বাড়তি চাপ এবং কিছু ক্ষেত্রে বে-আইনি বৈদ্যুতিক সংযোজন ও বজ্রপাত।

(গ) বহুতলবাড়ি এবং অন্যান্য গুরুত্বপূর্ণ অফিস ইত্যাদির ক্ষেত্রে অগ্নি নির্বাপণ ও জরুরি পরিষেবা 'ফায়ার প্রিভেনশন অ্যাক্ট'-এর বিভিন্ন নিয়ম বলবৎ করা হয়েছে। এর মাধ্যমে সমস্ত বহুতল বাড়ির ও অন্যান্য বাড়িগুলির ক্ষেত্রে সঠিকভাবে অগ্নি প্রতিরোধক ব্যবস্থা রাখার বাধ্যতামূলক করা হয়েছে। এছাড়ও অগ্নি নির্বাপণ ও জরুরি পরিষেবা বিভাগ তাদের বিভিন্ন প্রশিক্ষণের মাধ্যমে অগ্নি প্রতিরোধের ব্যাপারে জনগণকে সচেতন করার প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে।

নতুন ফাস্ট ট্র্যাক কোর্ট

*২২। (অনুমোদিত প্রশ্ন নং *১০০) **শ্রী জানে আলম মিঞা** : বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে দ্রুত বিচারের সুবিধার্থে কয়েকটি নতুন ফাস্ট ট্র্যাক কোর্ট স্থাপনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে কিনা ; এবং

(খ) হয়ে থাকলে, কবে নাগাদ তা শুরু হবে বলে আশা করা যায় ?

বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

বে-সরকারি কলেজে অধ্যক্ষ এবং অধ্যাপকের শূন্যপদ

*২৩। (অনুমোদিত প্রশ্ন নং *২৮৮) **ডঃ আশীষ ব্যানার্জী** : উচ্চ শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বর্তমানে রাজ্যের বে-সরকারি কলেজগুলিতে কতগুলি অধ্যক্ষের ও অধ্যাপকের পদ শূন্য রয়েছে (৩১শে ডিসেম্বর, ২০০৫ পর্যন্ত)

উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

বর্তমানে রাজ্যের বেসরকারি কলেজগুলিতে অধ্যক্ষের ৮৮টি পদ ও অধ্যাপকের ২১৬৬টি পদ শূন্য রয়েছে (৩১শে ডিসেম্বর, ২০০৫ পর্যন্ত)।

আংশিক সময়ের অধ্যাপকদের বেতন কাঠামো

*২৪। (অনুমোদিত প্রশ্ন নং *২৫১) **শ্রী রামপদ সামন্ত** : উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

কলেজের আংশিক সময়ের অধ্যাপকদের মাসিক চার হাজার টাকা বেতন দেওয়ার জন্য সরকার কী কী কার্যকরী পদক্ষেপ গ্রহণ করেছেন ?

উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

বেসরকারি কলেজগুলি তাদের প্রয়োজনবোধে বিভিন্ন বিষয়ে পার্ট টাইম শিক্ষক নিয়োগ করে এবং এই শিক্ষকদের আংশিক সময়ের ভাতা কলেজ নিজস্ব তহবিল থেকে বহন করে থাকে। কলেজের আর্থিক সংগতি না থাকলে কলেজ কর্তৃপক্ষ সরকারের কাছে আবেদন জানালে সরকার এই ভাতা দেওয়ার ব্যাপারে ঘাটতি টাকা মঞ্জুর করেন।

এই ঘাটতি অর্থ পূরণের উদ্দেশ্যে সরকার ১০.৭১ কোটি টাকা মঞ্জুর করেছেন।

আসানসোলে বি.এড. কলেজ স্থাপন

*২৫। (অনুমোদিত প্রশ্ন নং *২৯৪) **শ্রী মলয় ঘটক** : উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) আসানসোলে বি.এড. কলেজ প্রতিষ্ঠা করার জন্য মোট কতগুলি অনুরোধ বর্তমানে সরকারের বিবেচনাধীন আছে ; এবং

(খ) কবে নাগাদ ওই কলেজ চালু করার জন্য অনুমতি পাওয়া যাবে বলে আশা করা যায় ?

উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) আসানসোলে বি.এড. কলেজ প্রতিষ্ঠা করার জন্য মোট ৬টি অনুরোধ বর্তমানে সরকারের বিবেচনাধীন আছে।

(খ) প্রস্তাবগুলি খতিয়ে দেখা হচ্ছে।

হরিণঘাটা বিধানসভা এলাকায় বিজ্ঞানচর্চা কেন্দ্র স্থাপন

*২৬। (অনুমোদিত প্রশ্ন নং *৪৪৬) **শ্রী বঙ্কিম ঘোষ** : উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, হরিণঘাটা বিধানসভা কেন্দ্রের হরিণঘাটা ডেয়ারি ফার্মের মিল্ক কলোনী এবং তার সংশ্লিষ্ট এলাকার মোট ২৭২ একর জমির উপর কেন্দ্রীয় সরকার একটি বিজ্ঞানচর্চা কেন্দ্র গড়ে তোলার পরিকল্পনা গ্রহণ করেছে ;

(খ) সত্যি হলে, এই প্রকল্পের কাজ কবে থেকে শুরু হবে বলে আশা করা যায় ; এবং

(গ) উক্ত প্রকল্পের জন্য কত টাকা অনুমোদিত হয়েছে ?

উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ, কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন মন্ত্রক নীতিগতভাবে কলকাতায় ''ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ সায়েন্স এডুকেশন অ্যান্ড রিসার্চ'' কেন্দ্র গড়ার সিদ্ধান্ত নিয়েছে।

ওই কেন্দ্রটি স্থাপনের জন্য হরিণঘাটা মিল্ক কলোনী এবং সন্নিহিত এলাকায় ২৭২ একর জমি চিহ্নিত করা হয়েছিল। রাজ্য সরকার অবশ্য মানব সম্পদ উন্নয়ন মন্ত্রককে হরিণঘাটা ফার্ম মিল্ক কলোনী এলাকায় এখনই ২০০ একর জমি পাওয়া যাবে বলে জানিয়েছে।

(খ) কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন মন্ত্রকের কাছ থেকে জানা গেছে যে ২০০৬-২০০৭ শিক্ষাবর্ষ থেকে সল্টলেকের এইচ.সি. ব্লকের আই.আই.টি. এক্সটেনশন সেন্টার থেকে ওই প্রকল্পের শিক্ষাক্রমের কাজ অস্থায়ীভাবে শুরু হবে।

(গ) এই বিষয়ে রাজ্য সরকারকে এখনও আনুষ্ঠানিকভাবে কিছু জানান হয়নি।

রাজ্যে ফ্যামিলি কোর্টের সংখ্যা

*২৭। (অনুমোদিত প্রশ্ন নং *৩০৫) **শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক** : বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে রাজ্যে মোট কতগুলি 'ফ্যামিলি কোর্ট' আছে (জেলাওয়ারী হিসাব) ;

(খ) নতুন কোনো ফ্যামিলি কোর্ট স্থাপনের প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কিনা : এবং

(গ) থাকলে, তা কোথায় কোথায় স্থাপন করা হবে ?

বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) বর্তমানে রাজ্যে ২ (দুই)টি ফ্যামিলি কোর্ট আছে, দুটিই কলকাতায়।

(খ) হ্যাঁ।

(গ) আলিপুর, বর্ধমান, কৃষ্ণনগর, বহরমপুর ও শিলিগুড়িতে।

কলকাতা বিশ্ববিদ্যালয়ের সার্ধশততম প্রতিষ্ঠা বর্ষ

*২৮। (অনুমোদিত প্রশ্ন নং *৫০৮) **শ্রী ব্রহ্মময় নন্দ** : উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কলকাতা বিশ্ববিদ্যালয়ের সার্ধশততম প্রতিষ্ঠা বর্ষে রাজ্য সরকার কিছু কর্মসূচী গ্রহণ করেছেন কিনা ; এবং

(খ) করে থাকলে, সেগুলি কী কী ?

উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) এবং (খ)

কলকাতা বিশ্ববিদ্যালয়ের সার্ধশততম প্রতিষ্ঠাবর্ষ উদ্‌যাপনের উদ্দেশ্যে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ স্বউদ্যোগে বিভিন্ন রকমের কর্মসূচী গ্রহণ করেছেন। সংশ্লিষ্ট বিষয়ে পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকেও সাধ্যমত আর্থিক অনুদান মঞ্জুর করা হয়েছে।

Number of Compassionate Appointment

*30. (Admitted Question No. *405) **Shri Nepal Mahato :** Will the Minister-in-charge of the Fire Services Department be pleased to State—

(a) Number of compassionate appointments given in the Department concerned during the last five years ;

(b) number of such pending cases as on 31.12.2005 ; and

(c) the details thereof ?

Will the M.O.S.-in-Charge of the Department of Fire & Emergency Services—

(a) 37 Nos.

(b) 226 Nos.

(c) Male : 157 Nos., Female : 69 Nos.

আংশিক সময়ের শিক্ষক নিয়োগে কলেজগুলিকে সরকারি নির্দেশিকা

*৩১। (অনুমোদিত প্রশ্ন নং *৪২২) **শ্রী সৌগত রায় :** উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) 'পার্ট টাইম' শিক্ষক নিয়োগের ব্যাপারে কলেজগুলিকে রাজ্য সরকার কোনো নির্দেশ দিয়েছে কিনা ; এবং

(খ) দিয়ে থাকলে, ওই নির্দেশিকার রূপরেখা কীরূপ ?

উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ।

(খ) বেসরকারি কলেজগুলি তাদের প্রয়োজনবোধে বিভিন্ন বিষয়ে পার্ট-টাইম শিক্ষক নিয়োগ করে এবং এই শিক্ষকদের আংশিক সময়ের ভাতা কলেজ

নিজস্ব তহবিল থেকে বহন করে থাকে। কলেজের আর্থিক সংগতি না থাকলে কলেজ কর্তৃপক্ষ সরকারের কাছে আবেদন জানালে সরকার এই ভাতা দেওয়ার ব্যাপারে ঘাটতি টাকা মঞ্জুর করেন।

পার্ট-টাইম শিক্ষক নিয়োগের ক্ষেত্রে কলেজ কর্তৃপক্ষ একটি সিলেকশন কমিটি গঠন করবে। সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের সঙ্গে আলোচনাক্রমে স্থিরীকৃত শিক্ষাগতমান অনুযায়ী পার্ট-টাইম শিক্ষক নিয়োগ করা হয়।

গঙ্গাবক্ষে 'কল্লোল' নাটক-এর অনুষ্ঠান

*৩২। (অনুমোদিত প্রশ্ন নং *১০) **শ্রী পঙ্কজ বন্দ্যোপাধ্যায়** : যুবকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, যুবকল্যাণ দপ্তরের পরিচালনায় গত ৭ই নভেম্বর, ২০০৫-এ গঙ্গাবক্ষে 'কল্লোল' নাটক অনুষ্ঠিত হওয়ার কথা ছিল ;

(খ) সত্যি হলে, উক্ত অনুষ্ঠান বাতিল হওয়ার কারণ কি ; এবং

(গ) গঙ্গাবক্ষে উক্ত নাটকের ব্যবস্থাপনার জন্য মোট কত টাকা ব্যয় হয়েছে ?

যুবকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) গত ৩০/০৬/২০০৫ তারিখে দপ্তরের আদেশবলে (৫৩৯-ওয়াই, এস/০/১এফ-০২/২০০৫ তারিখ ৩০/০৬/২০০৫) উৎপল দত্ত নাট্য উৎসব পরিচালনার জন্য একটি কমিটি গঠন করা হয়, যার তত্ত্বাবধানে সমগ্র অনুষ্ঠানটি তিনটি স্তরে (রাজ্য, জেলা ও সর্বশেষে গঙ্গাবক্ষে কল্লোল) প্রস্তাবিত হয়। এছাড়াও শুধুমাত্র কল্লোল পরিচালনার জন্য আর একটি পরিচালন কমিটি গঠন করা হয় (৯১০-ডি,ওয়াই,এস-১এফ-১২/০৫ তারিখ ১৮/১০/০৫), যার তত্ত্বাবধানে যুবভারতী ক্রীড়াঙ্গনে কল্লোল নাটকটি অনুষ্ঠিত হয় যুবকল্যাণ দপ্তরের সহযোগিতায়।

(খ) নিরাপত্তার কারণে পুলিশের অনুমতি না পাওয়ায় কল্লোল নাটকটি গঙ্গাবক্ষের পরিবর্তে যুবভারতী ক্রীড়াঙ্গনে অনুষ্ঠিত হয়।

(গ) তিনটি স্তরে উৎপল দত্ত নাট্য উৎসব শুরু হয় জুলাই ২০০৫ এবং নভেম্বর ২০০৫ পর্যন্ত চলে অর্থাৎ প্রায় পাঁচ মাস ধরে এই অনুষ্ঠানের শেষ পর্যায় কল্লোল নাটক দিয়ে সমাপ্তি ঘোষণা করা হয়।

কল্লোল নাটক উপস্থাপনার জন্য আনুমানিক ৫০ লক্ষ টাকা ব্যয় ধরা হয়। ইতিমধ্যে ২০ লক্ষ টাকা পশ্চিমবঙ্গ সরকারের কাছ থেকে পাওয়া গিয়েছে। যেহেতু কল্লোল নাটক মঞ্চস্থ করার জন্য সংশ্লিষ্ট সকল সংস্থা তাদের প্রাপ্য অর্থের বিল পেশ করে উঠতে পারেননি— সেই হেতু সম্পূর্ণ আয়-ব্যয়ের হিসাব প্রস্তুত করতে আরও কিছুদিন সময় লাগবে। স্বভাবতই উৎপল দত্ত

নাট্য উৎসব কমিটি সরকারকে এই নাট্য উৎসবের আয়-ব্যয়ের হিসাব এখনও দেয়নি। স্থিরীকৃত হয়েছে যে সম্পূর্ণ স্বচ্ছতার জন্য উৎপল দত্ত নাট্য উৎসব সংক্রান্ত ব্যয়ের হিসাব, হিসাব পরীক্ষকের (অডিটর) দ্বারা পরীক্ষা করে এই আর্থিক বছরের মধ্যেই সংশ্লিষ্ট দপ্তরের কাছে পেশ করা হবে।

রাজ্যে সৌরশক্তিতে বাস চালানোর পরিকল্পনা

*৩৫। (অনুমোদিত প্রশ্ন নং *২৬১) **শ্রী রামপদ সামন্ত** : পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে সৌরশক্তিতে বাস চালানোর জন্য একটি নতুন পরিকল্পনা নেওয়া হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, (১) কবে থেকেও (২) কোন্ কোন্ রুটে ওইরূপ বাস চালু করা হবে বলে আশা করা যায় ?

পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না।

(গ) প্রশ্নই ওঠে না।

অগ্নিকাণ্ড রুখতে বিশেষ বাহিনী

*৩৬। (অনুমোদিত প্রশ্ন নং *৪২৭) **শ্রী সৌগত রায়** : অগ্নি নির্বাপণ ও জরুরি পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে বড় অগ্নিকাণ্ড রুখতে কোনও নয়া বাহিনী তৈরি হয়েছে কিনা ; এবং

(খ) হয়ে থাকলে, তার বিবরণ ?

অগ্নি নির্বাপণ ও জরুরি পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না।

(গ) প্রশ্ন ওঠে না।

অগ্নিকাণ্ডের ঘটনা

*৩৬। (অনুমোদিত প্রশ্ন নং *৪২৭) **শ্রী ব্রহ্মময় নন্দ** : অগ্নি নির্বাপণ ও জরুরি পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

২০০৫-এর আগস্ট থেকে ২০০৬-এর ১৮ই জানুয়ারি পর্যন্ত সময়কালে কলকাতায় কতকগুলি অগ্নি কাণ্ডের ঘটনা ঘটেছে ?

অগ্নি নির্বাপণ ও জরুরি পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

২৫০টি।

ADJOURNMENT MOTION

Mr. Speaker : To-day, I have received five notices of Adjournment Motions. The First one is from Shrimati Sonali Guha, Shrimati Tapati Datta, Shrimati Manju Basu and Shri Jyotipriya Mallick on the subject of part in the incidents of abduction, murder and molestation in the State. The Second one is from Shri Gobinda Chandra Naskar on the subject of reported attempt to commit suicide by the B.D.O. of Nabagram, Murshidabad. The Third one is from Shri Ashok Kumar Deb on the subject of alleged deterioration in the standard of education in the State. The Fourth one is from Shri Saugata Roy on the subject of reported murder of Shri Amulya Paul, A leader of DYFI at Barasat last week and consiquential situation arisen there from. And the Fifth one is from Shri Asit Mitra and Shri Kamal Mukherjee on the subject of alleged non-co-operation of the State Administration to the observers of the Election Commission of India.

The subject matters of all the motions are not such that may call for adjournment of the business of the House. Members will get ample scope to raise the matters during Discussion on Governor's Address which is going on. Besides, the Members may invite attention of the concerned Ministers through Calling Attention. Mention, Question, etc.

I, therefore, withhold my consent to all the motions.

One member of the party may, however, read the text of the motion as amended.

শ্রীমতী মঞ্জু বসু : স্যার, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতবি রাখছেন। বিষয়টি হল—

রাজ্যে একের পর এক শিশু বা কিশোর-কিশোরী অপহরণ এবং হত্যার ঘটনা ঘটছে। কয়েক মাসের মধ্যেই কখনও বেহালার ঋনাথ, কখনও তপসিয়ার শেখ ইকবাল, কখনও রাসবিহারী এলাকার বাবুলাল সাউর ছোট্ট ছেলে আবার ট্যাংরার ১৬ বছরের লক্ষ্মণ দাস নিখোঁজ হয় এবং তিনদিন পর ট্যাংরার গোবিন্দ খটিক রোডে ক্ষতবিক্ষত অবস্থায় এক নর্দমার মধ্যে ওই কিশোরের মৃতদেহ উদ্ধার করা হয়। এরই মধ্যে কুশমুন্ডি থানা মহাগ্রাম এলাকায় সীমা মিস্ত্রির অর্ধদগ্ধ দেহ মাঠের মধ্যে পড়ে থাকতে দেখা যায়। পুলিশের একাংশের ধারণা, প্রথমে কিশোরীর শ্লীলতাহানি ও পরে তাকে হত্যা করা হয়েছে। একের পর এক এই অপহরণ, হত্যা ও শ্লীলতাহানির ঘটনায় রাজ্যবাসী অত্যন্ত উদ্বেগ প্রকাশ করছেন। এইসব ঘটনার সঙ্গে যুক্ত অপরাধীদের ধরতে প্রশাসনিক স্তরে আরও সদর্থক ভূমিকা গ্রহণের এবং মুখ্যমন্ত্রীর বিবৃতির দাবি জানাচ্ছি।

শ্রী কমল মুখার্জী : মিঃ স্পীকার স্যার, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতবি রাখছেন। বিষয়টি হল—

নির্বাচন কমিশনের পর্যবেক্ষকরা রাজ্যের ভোটার তালিকা সংশোধনের ক্ষেত্রে যে ইতিবাচক পদক্ষেপ নিয়েছেন তা যথেষ্ট প্রশংসনীয়। কিন্তু তাদের কাজ করার পরিকাঠামো সীমাবদ্ধ। তা সত্ত্বেও ভোটার তালিকা থেকে ভুয়া নাম বাদ দেওয়ার চেষ্টা করছেন। কিন্তু রাজ্য প্রশাসন যন্ত্রের যথেষ্ট সহযোগিতা না থাকার ফলে এই গণতান্ত্রিক প্রক্রিয়া ব্যাহত হচ্ছে। উপরন্তু শাসক দলের পক্ষ থেকে ক্রমাগত হুমকি দেওয়া হচ্ছে পর্যবেক্ষকদের। এই বিষয়ে মুখ্যমন্ত্রীর পদক্ষেপ গ্রহণের দাবি জানাচ্ছি এবং সে সম্পর্কে তাঁর বিবৃতি দাবি করছি।

NOTICES OF CALLING ATTENTION

Mr. Speaker : To-day, I have received five notices of calling Attention on the following subjects, namely—

Subject	Name
(i) Reported murder of one Naskar Golam Rosul Sardar of Norapia P.S. South 24 Parganas	: Shri Gobindra Chandra
(ii) Steps taken by the State Government to fill up the vacant posts of Judges in the High Court and other courts in the State	: Shri Ashok Kumar Deb
(iii) Reported cave in the NH-6 at Bally. Howrah	: Shri Saugata Roy
(iv) Alleged physical assault on a woman by one Dipak Lakra. Sergeant, Kolkata Police at C.R.Avenue. Kolkata on 8.2.2006	: Shri Asit Mitra
(v) Steps taken by the Government to acquire land for construction of a bridge over river Jalangi at Radhanagar	: Shri Kamalendu Sanyal

I have selected the notice of Shri Saugata Roy on the subject of Reported cave in the NH-6 at Bally, Howrah.

The Minister-in-Charge may please make a statement today. If possible or give a date.

Shri Prabodh Chandra Sinha : Sir, the Statement will be made on 17th February, 2005.

76TH REPORT OF THE BUSINESS ADVISORY COMMITTEE

Mr. Speaker : I beg to present the 76th Report of the Business Advisory Committee. The Committee met in my Chamber on the 8th February, 2006 and recommended the programme of business from the 15th to the 17th February, 2006 as follows :—

15.02.2006,Wednesday : (i) The West Bengal Town and Country (Planning & Development) (Amendment) Bill, 2006 (Introduction, Consideration and Passing) —1 hour

(ii) The West Bengal Municipal Corporation Bill, 2003 as returned by the Governor (Reconsideration) —1 hour

(iii) The West Bengal Panchayat (Amendment) Bill, 2006 (Introduction, Consideration and Passing) —1 hour

(iv) The West Bengal Panchayat (Second Amendment) Bill, 2006 (introduction, Consideration and Passing) —1 hour

16.02.2006, Thursday : (i) The West Bengal Trees (Protection and Conservation in Non-Forest Areas) Bill, 2006 (Introduction) —$^1/_2$ hour

(ii) The East Kolkata Wetlands (Conservation and Management) Bill, 2006 (Introduction) —$^1/_2$ hour

17.02.2006, Friday : Non-Official Business

There will be no Question for Oral Answer and Mention Case on Friday, the 17th February, 2006.

MENTION

Shri Debaprasad Sarkar : (was not present in the House)

শ্রীমতী মঞ্জু বসু : স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় আইন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমাদের রাজ্যে অনেক রকম ভুয়ো জিনিস ঘটছে। ভুয়ো ডাক্তার,

ভুয়ো জ্যোতিষী, ভুয়ো রেশন কার্ড, ভুয়ো ভোটার লিস্ট, এর সঙ্গে নতুন সংযোজিত হয়েছে ভুয়ো আইনজীবী। কয়েকদিন আগে একটি ঘটনা ঘটেছে। বনগাঁ মহকুমা আদালতের রেকর্ড রুম থেকে প্রায় পাঁচশো মামলার রেকর্ড লোপাট হয়ে গিয়েছে। এক শ্রেণীর অসাধু ব্যক্তি আদালতে নিযুক্ত পুলিশের সঙ্গে যোগসাজশে টাকার বিনিময়ে মামলার সমস্ত প্রমাণপত্র লোপাট করে দিয়ে আসামীদের সুবিধা করে দিচ্ছে। এমনকি মামলা খালাস হয়ে গিয়েছে বলে কাগজে বয়ান লিখে ভুয়ো উকিল, মুহুরিরা বিচারকের জাল সিল সেঁটে, তা মক্কেলদের দিয়ে প্রচুর টাকা হাতিয়ে নিচ্ছে। এমনই গুরুতর অভিযোগ তুলে বনগাঁ আদালতের শতাধিক আইনজীবী আন্দোলনে নেমেছেন। আইনজীবী সংগঠন ল ইয়ারস' অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে বনগাঁ আদালতে বিক্ষোভ দেখানো হয়। বনগাঁ মহকুমা আদালতের অতিরিক্ত দায়রা বিচারক ডি. এন মিত্রের কাছে তাঁরা একটি স্মারকলিপি জমা দিয়েছেন, এই ব্যাপারে যথাযথ ব্যবস্থা গ্রহণ করার জন্য। বনগাঁ আদালতে নিযুক্ত কোর্ট ইন্সপেক্টর রঘুপতি বিশ্বাস বলেছেন যে, লাইসেন্স বিহীন অ্যাডভোকেট এবং মুহুরি যে বনগাঁ আদালতে রয়েছে একথা অস্বীকার করার কিছু নেই। একথা তিনি অকপটে স্বীকার করেছেন। এই ভুয়ো আইনজীবীদের বিরুদ্ধে অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করার জন্য আমি মাননীয় আইন মন্ত্রীর কাছে দাবি রাখছি।

[12.10—12.20 p.m.]

শ্রী শেখ ইলিয়াস মহম্মদ : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, গত জুলাই, আগস্ট এবং সেপ্টেম্বর মাসে অতি বর্ষণের ফলে আমাদের রাজ্যের ৬টি জেলা বন্যার কবলে পড়ে ব্যাপক ক্ষয়ক্ষতি ঘটেছে। শস্যের সবচেয়ে বেশি ক্ষতি হয়েছে এবং এর ফলে চাষিরা সর্বস্বান্ত হয়েছে। বর্তমানে বোরো চাষের সময়ে এই ৬টি বন্যাক্লিষ্ট জেলার অসেচ এলাকার কৃষকরা ভূপৃষ্ঠের জলকে পুকুর ডোবাতে ধরে রেখে ছোট ছোট পাম্প সেটের সাহায্যে সেই জলকে তারা চাষের কাজে ব্যবহার করছে। কিন্তু স্যার, এখন কেরোসিনের সঙ্কট দেখা দিয়েছে। চাষিরা এই কেরোসিন যাতে সরকার নির্ধারিত মূল্যে পেতে পারে, তার জন্য স্যার, আপনার মাধ্যমে মাননীয় খাদ্যমন্ত্রীর এই ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীমতী সোনালী গুহ : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার কেন্দ্র সাতগাছিয়ার বিড়লাপুর ই.এস.আই. এলাকায় দীর্ঘদিন ধরে সমস্ত কারখানা বন্ধ। ওখানে এখন শুধু জুটমিল চলছে। সেই জুট-মিলের শ্রমিকরা ই.এস.আই. কার্ড হোল্ডার। গত কয়েকদিন আগে মানিক সিং নামে একজন শ্রমিকের ছেলে রাজু সিং অসুস্থ হয়ে পড়ে। এই মানিক সিং-এর স্ত্রী আশাদেবী তাঁর অসুস্থ বাচ্চাটিকে শ্রমিক-মঙ্গল কেন্দ্রে নিয়ে গেলে তার ই.এস.আই. কার্ড থাকা সত্ত্বেও তাঁদের ৩ ঘণ্টা বসিয়ে রাখা হয়। ওই বাচ্চাটি জ্বরে ভুগছিল এবং বাচ্চাটির জ্বর যখন বেড়ে যায় তখন এই শ্রমিক-মঙ্গল কেন্দ্রের ই.এস.আই. স্বাস্থ্যকর্মী তাঁদের কাছে টাকা ঘুষ চায়। রোগীর পরিবার টাকা দিতে পারেন না। তাঁরা স্বাস্থ্য কর্মীদের বলেন, "ফর্ম দিন, রোগীকে

বড় হাসপাতালে স্থানান্তরিত করব।'' কিন্তু ফর্ম দেয় না। বাচ্চাটির মা তখন ওই বাচ্চাটিকে নিয়ে হাসপাতাল থেকে বেরিয়ে যান এবং হাসপাতালের গেটেই বাচ্চাটির মৃত্যু হয়। ততক্ষণে ওই এলাকায় ওখানকার সংবাদ পৌঁছে যায়। এই ঘটনায় ওই এলাকার মানুষ বিক্ষোভে ফেটে পড়ে। পয়সা দিতে না পারার জন্য একটা শিশু বিনা চিকিৎসায় মারা গেল। অথচ স্থানীয় সাংসদ সাধারণ মানুষকে প্রোটেকশন না দিয়ে পুলিশকে দিয়ে ওই অসাধু স্বাস্থ্যকর্মীদের প্রোটেকশন দিল। স্যার, এই ঘুষের বিনিময়ে চিকিৎসা বন্ধ হওয়া দরকার। মাননীয় মুখ্যমন্ত্রী যতই 'ডু ইট নাউ' এই কর্মসংস্কৃতির কথা বলুন, উন্নততর বামফ্রন্টের কথা বলুন, এই বামফ্রন্ট আরও গরিব থেকে গরিবতর হয়ে গেছে। তাই স্যার, আপনার মাধ্যমে বলতে চাই যে, ই.এস.আই. কার্ড যাদের আছে, তারা যেন সেই কার্ডের মূল্যায়নে চিকিৎসা পান, এই ব্যাপারে নজর দেওয়া হোক।

শ্রী দিবাকান্ত রাউত : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমাদের রাজ্যের শ্রমমন্ত্রী এবং শিল্পমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার বিধানসভা বলাগড়ের অন্তর্গত হুগলি চেলার কুন্তিঘাটে কেশরাম রেয়ন কারখানা অবস্থিত। স্যার, গত ৩০শে জানুয়ারি থেকে হঠাৎ এই কারখানাটি বন্ধ করে দেওয়া হয়েছে। যখন শ্রমিকরা তাদের দাবিসনদ নিয়ে আলোচনা করছিল, তখন নো ওয়ার্ক নোটিশ জারি করে এই কারখানাটি বন্ধ করে দেওয়া হয়েছে। এখানে প্রায় ৩৬০০ জন শ্রমিক-কর্মচারী কাজ করেন। এই কারখানাটি বন্ধ হয়ে যাওয়ার ফলে এই শ্রমিক কর্মচারীরা একটা চরম দুরবস্থার মধ্যে পড়েছেন। এই কারখানাটিতে ভিসকোস ফিলামেন্ট ইয়ার্ন, সেলোফোন পেপার, সালফিউরিক অ্যাসিড, সোডিয়াম সালফেট ইত্যাদি উৎপন্ন হয়। স্যার এখানে আমি বলতে চাইছি যে, পশ্চিমবঙ্গে যখন শিল্পের জোয়ার এসেছে, যখন এখানে শিল্পপতিরা শিল্প গড়ার জন্য আসছেন ঠিক সেই সময় এই কেশরাম রেয়ন কারখানাটির কর্তৃপক্ষ এইভাবে সাসপেনশন অফ ওয়ার্ক করে পশ্চিমবঙ্গ সরকারের সঙ্গে অসযোগিতা করছে। তাই আমি এই কারখানাটিকে অবিলম্বে খোলার জন্য পশ্চিমবঙ্গ সরকারের কাছে দাবি জানাচ্ছি।

শ্রী অসিত মিত্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে হর্টিকালচার মিনিষ্টারের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, হাওড়া জেলা গোলাপ ফুলের চাষের জন্য বিখ্যাত এবং এই চাষ একটি অর্থকরী চাষ। এই চাষের উপর হাজার হাজার চাষি তাদের জীবনজীবিকা নির্বাহ করে। গত জানুয়ারি মাস থেকে হঠাৎ কোনো ভাইরাসের প্রতিক্রিয়ায় অথবা অন্য কোনো কারণে এই গোলাপ গাছগুলির পাতা ঝরে যাচ্ছে। ফুলগুলো হওয়ার সময় শুকিয়ে যাচ্ছে। এ ব্যাপারে বাগনান ব্লক-২-এর কৃষি আধিকারিকের সঙ্গে চাষিরা যোগাযোগ করেছিলেন। কিন্তু অত্যন্ত দুঃখের ব্যাপার যে, তিনি এর কোনো প্রতিষেধক বলে দিতে পারেন নি। এবং কিভাবে এই রোগ বন্ধ করা যায় তার ব্যবস্থাও করতে পারেননি। তখন চাষিরা বাধ্য হয়ে হাওড়া জেলার কৃষি আধিকারিকের সঙ্গে দেখা করেছিলেন যাতে এই রোগের প্রতিষেধক পাওয়া যায় বা এই রোগ বন্ধ করা যায়। কিন্তু অত্যন্ত দুঃখের ব্যাপার যে, তিনি এ ব্যাপারে টেলিফোনে কথা বলেছেন এবং তিনিও এ ব্যাপারে কোনো

প্রতিষেধকের ব্যবস্থা করতে পারেননি। সে জন্য আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের ভারপ্রাপ্ত মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, অবিলম্বে একটি উচ্চ পর্যায়ে প্রতিনিধি দল ওই বাগনান ব্লক-২ এর মাকুড়দার হেলেদ্বীপ ও ভুলগেরিয়া গ্রামে পাঠানোর ব্যবস্থা করা হোক এবং ওই ফুলগুলোকে রোগের হাত থেকে বাঁচানোর জন্য প্রতিষেধকের ব্যবস্থা করে হাজার হাজার চাষিকে রক্ষা করার জন্য আবেদন জানাচ্ছি।

শ্রী রবীন্দ্র ঘোষ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকায় বীরশিবপুর স্টেশনের বাস স্ট্যান্ডের কাছ থেকে বোয়ানিয়া বাস স্ট্যান্ড ভায়া হাটগাজি এই রাস্তায় নদী পেরিয়ে এবং শ্যামপুর থেকে হাজার হাজার মানুষ প্রতিদিন আসে। এই ১০ কিলোমিটার রাস্তার অবস্থা অত্যন্ত খারাপ, এই রাস্তায় বাস অ্যাকসিডেন্ট করছে, ট্রেকার অ্যাকসিডেন্ট করছে। আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে ওই রাস্তাটি যাতে অবিলম্বে সংস্কার করা হয় সেই আবেদন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী আবু হাসেম খান চৌধুরী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি সেদিন হাউসে বলেছিলাম এবং আবার আজকে বলছি, আমার এরিয়াতে রিগিং, বুথ ক্যাপচারিং প্রায়ই হয়। আমি যখন কালকে আসছিলাম তখন আমাকে খবর দেওয়া হয় যে, এবারেও রিগিং, বুথ ক্যাপচারিং সি.পি.এম. পার্টির লোকেরা আমার এরিয়াতে করবে। যার মাধ্যমে করা হয় তারাই আমাকে খবর দিয়েছিল যে, 'এখন থেকে আপনারা তার ব্যবস্থা করুন, নইলে আমরা বাধ্য হবো আপনার ১২টি বুথে রিগিং করতে'। এই খবর আমি আপনার মাধ্যমে মাননীয় চীফ মিনিস্টারকে জানাতে চাই।

শ্রী কমলেন্দু সান্যাল : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে উন্নয়ন ও পরিকল্পনা দপ্তরের ভারপ্রাপ্ত মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে জানাই যে, জলঙ্গি নদী ক্রমশ মজে যাচ্ছে এবং ওই নদীতে ভাঙন দেখা যাচ্ছে। পদ্ম থেকে গঙ্গার মাঝামাঝি এই জায়গাগুলো—হাজিনগর, পরাণপুর, কানাইনগর, গোপীনাথপুর, সাহেবনগর, রুদ্রনগর, বালিউড়া, চাঁদের হাট প্রভৃতি বড় বড় গ্রামগুলো ভাঙনের মুখে পড়েছে। এখানেও যদি ইছামতী নদীর মত ড্রেজিং-এর ব্যবস্থা করা হয় তাহলে বড় বড় ভাঙনের মুখে পড়া গ্রামগুলো বাঁচবে। দ্বিতীয়ত, নদীর ধারণ ক্ষমতা বাড়লে মৎস্য চাষ ও নদী সেচ প্রকল্পের মাধ্যমে ভালো সেচ হবে। তৃতীয়ত, নদী জলপথ বিস্তৃতির সুযোগ দেখা দেবে। অবিলম্বে মজে আসা জলঙ্গি নদীর ইছামতী নদীর মত সংস্কার যাতে করা হয় তার জন্য আমি আপনার মাধ্যমে উন্নয়ন ও পরিকল্পনা দপ্তরের ভারপ্রাপ্ত মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

Shrimati Santa Chhetri : Hon'ble Deputy Speaker, Sir, I would like to draw the attention of the Hon'ble Minister-in-Charge, Department of School Education for the requirement of quota for

setting up new primary schools in schoolless villages in the Darjeeling hill areas.

Sir there are 121 schoolless villages where schools are urgently required for the minimum educational facilities for the deprived children who are out of school.

Poverty as well as acute natural hilly barriers are the main problem for getting educational facilities in their localities. Further, many mishaps have been occurred in the past during rainy season while crossing springs and jhoras towards the school. This quota for the same has not been sanctioned from the government since 1999.

I, therefore, request the Hon'ble Minister-in-Charge for early sanction of these 121 new primary schools for the schoolless villages in the interest of the deprived children residing in such areas.

[12.20—12.30 p.m.]

শ্রী গোবিন্দ চন্দ্র নস্কর : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সম্প্রতি আমাদের দক্ষিণ ২৪ পরগনা জেলায় নির্বাচনের মুখে বিভিন্ন প্রকল্পের শিলান্যাস এবং উদ্বোধনের ধূম পড়ে গেছে। মাতলা নদীতে একটা সেতু নির্মাণের জন্য আমরা ৩০ বছর ধরে লড়াই করে আসছি। ইন্দিরা গান্ধীর সময়ে প্রথম প্রস্তাব দেওয়া হয়েছিল। বিধানসভাতেও কয়েকবার বিষয়টি উত্থাপন করা হয়েছে। এখন ন্যাবার্ড থেকে ৩০ কোটি টাকা স্যাংশন হওয়ার পরে লোকসভার স্পীকার এসে ওটার উদ্বোধন করলেন, কিন্তু স্থানীয় বিধায়ক হিসাবে আমি কোনো আমন্ত্রণ পেলাম না। সম্পূর্ণ দলবাজি, পার্টিবাজি করে উদ্বোধন করা হলো। এরপরে বারুইপুরে একটা উড়ালপুলের শিলান্যাস করা হলো, সেখানেও স্পীকার গিয়েছিলেন, কিন্তু স্থানীয় বিধায়ক, তিনি আমন্ত্রিত হননি, তাঁকে জানানো হয়নি। গতকাল তারাতলাতে একটি উড়ালপুল, যার এখনও ২৫ শতাংশ কাজ বাকি আছে তা সত্ত্বেও সেটা উদ্বোধন করা হলো। নির্বাচন এসে গেছে বলে মাননীয় মুখ্যমন্ত্রী, তিনি হুটহাট করে সেই উড়ালপুলের উদ্বোধন করে দিলেন। সেখানে অনেকে বলছে এর ফলে অ্যাকসিডেন্ট হতে পারে। ওখানকার স্থানীয় বিধায়ককে খবর দেওয়া হয়নি। আমি আপনার মাধ্যমে বলতে চাই—এই ধরনের কাজ যাতে ফার্দার না হয় তার জন্য আবেদন জানাচ্ছি এবং এই ধরনের কাজের বিরোধিতা করছি।

শ্রী অশোক কুমার দেব : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বলতে চাই যে সরকার সিদ্ধান্ত নিয়েছিল যে রাজ্যে পুকুর ভরাট করা যাবে না এবং প্রোমোটারদের ব্যবসাতে লাগানো যাবে না। কিন্তু আজও রাজারহাটে পুকুর ভরাট করে প্রোমোটাররা

রাজত্ব করছে এবং পরোক্ষভাবে সি.পি.এম.-এর এবং প্রশাসনের এতে মদত আছে। কয়েকদিন আগে আমার এলাকা বজবজে পুকুর ভরাট করে তার কিছু অংশে সি.পি.এমের পার্টি অফিস তৈরি করার সিদ্ধান্ত নিয়েছে এবং কিছু অংশ প্রোমোটার নিজে ব্যবসা করার চেষ্টা করছেন। কাউন্সিলার গৌতম দাশগুপ্ত এর প্রতিবাদ করেছে এবং বিভিন্ন জায়গায় চিঠি পাঠিয়েছেন, কিন্তু প্রশাসন কিছু করছে না। স্যার, এর ফলে আগামী দিনে মানুষ ক্ষতিগ্রস্ত হবে এবং প্রশাসনের উপরে আস্থা থাকবে না। শুধু এই জায়গাতেই নয় উত্তর ২৪ পরগনা, দক্ষিণ ২৪ পরগনা থেকে শুরু করে রাজ্যের সব জায়গায় কমবেশি এটা ঘটছে। অনেক জায়গাতে দেখা যাচ্ছে রাতের অন্ধকারে এই কাজ হচ্ছে এবং কিছু কিছু সি.পি.এমের নেতার সঙ্গে আলোচনা করেই প্রোমোটাররা এটা করছেন। এই বিষয়ে আমরা হাউজে অনেকবার বলেছি, পুলিশকেও জানিয়েছি, মুখ্যমন্ত্রীকেও বলেছি এবং মাননীয় মন্ত্রী রেজ্জাক সাহেবকেও বলেছিলাম, কিন্তু কোনো কাজ হয়নি। প্রোমোটাররা প্রশাসনের সাহয্যে সরকারি জমি এইভাবে বিভিন্ন জায়গায় দখল করার চেষ্টা করছেন। অনেক জায়গায় দেখা যাচ্ছে যারা সত্যিকারের ল্যান্ডলর্ড তাদেরকে সেখান থেকে উচ্ছেদ করে দিয়ে প্রোমোটাররা সেই জমির দখল নিচ্ছে। যদি এই ধরনের কাজ বন্ধ না করা হয় তাহলে আগামী দিনে মানুষের মনে এই সরকারের প্রতি এবং প্রশাসনের প্রতি কোনো বিশ্বাস থাকবে না।

শ্রী সৌগত রায় : স্যার, আপনার মাধ্যমে এই হাউজের দৃষ্টি আকর্ষণ করছি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে। আপনি জানেন যে রাজ্য সরকারের মুখ্যমন্ত্রীর অধীনে একটা দপ্তর আছে, তার নাম হচ্ছে হোম ইলেকশানস দপ্তর। যদিও নির্বাচনের ভোটার লিস্ট তৈরি করা ইলেকশন কমিশনের দায়িত্ব, তবু রাজ্য সরকারের এই হোম ইলেকশনস দপ্তর ইলেকশন কমিশনকে এ ব্যাপরে লোক সরবরাহ করে। রাজ্যের যিনি চীফ ইলেকটোরাল অফিসার, তিনিও রাজ্য সরকারের একজন অফিসার, তাঁকে ডেপুটি করা হয় ইলেকশন কমিশনে। গণতন্ত্র ভালোভাবে চলতে গেলে ইলেকশন কমিশনের একটা দায়িত্ব সঠিক ভোটার লিস্ট তৈরি করা। তাতে দেখা দরকার, ভোটার লিস্টে যাতে ভুয়া ভোটার না থাকে, বাংলাদেশি ভোটার না থাকে, একই লোকের নাম দুই, তিন জায়গায় অর্থাৎ ডুপ্লিকেট ভোটার বলে না থাকে, ভোটার লিস্টের তালিকায় মৃত ভোটারের নাম না থাকে এবং যারা এলাকা ছেড়ে দিয়েছেন তাঁদের নাম না থাকে। সুস্থ গণতন্ত্র পরিচালনা করতে গেলে প্রথমে প্রয়োজন হচ্ছে, একটা সুস্থ ভোটার লিস্ট। আমরা দীর্ঘদিন ধরে অভিযোগ করছিলাম, পশ্চিমবাংলা যে ভোটার তালিকা, তাতে ৩০/৩৫ শতাংশ ভুয়া ভোটার, জাল ভোটার, বাংলাদেশি ভোটার, ডুপ্লিকেট ভোটার আছে। আমাদের কথা কেউ শোনেনি। এই প্রথম নির্বাচন কমিশন ভোটার তালিকা সংশোধন করার জন্য অবজারভার নিয়োগ করেছেন। সংশোধিত ভোটার তালিকা যাতে তৈরি হয় তার জন্য দু-দুবার তারা এসেছেন। তারা বিভিন্ন জায়গায় গিয়ে ভুয়া ভোটার, জাল ভোটার, বাংলাদেশি ভোটার বের করেছেন। আমরা মনে করি, নির্বাচন কমিশন, তারা ভালো কাজ করছেন। স্যার, আমি যে কথাটা বলতে চাই, নির্বাচন কমিশন অভিযোগ করেছেন যে রাজ্য সরকার তাদের সরকারি কর্মচারিদের সাহায্য করছেন না, যে সব জায়গায় অভিযোগ করার জন্য লোকের উপর হামলা হচ্ছে সেখানেও পুলিশ যথোপযুক্ত ব্যবস্থা নিচ্ছে না। কিন্তু সবচেয়ে বড়

ব্যাপার হচ্ছে, রাজ্যে শাসক দলের সম্পাদক তিনি ভয় দেখাচ্ছেন, 'যদি ভোটার লিস্ট বের হতে দেরি হয় তাহলে রাজ্যে গণ অভ্যুত্থান হবে।' আবার পরশুদিন বলেছেন, 'নির্বাচন কমিশন বিরোধিদের এজেন্ট হিসাবে কাজ করছেন'। আমি সি.পি.এম.-এর সম্পাদকের এই বক্তব্যর তীব্র নিন্দা করি। আমি মনে করি, তিনি গণতন্ত্র বিরোধী, সংবিধান বিরোধী কাজ করছেন। সেই জন্য তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নিয়ে তাকে গ্রেপ্তার করা উচিত। এই দাবি আমি হাউসে রাখছি।

ZERO HOUR

শ্রীমতী শান্তা ছেত্রী : অনারেবল ডেপুটি স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে দৃষ্টি আর্কষণ করছি। আমাদের দার্জিলিং জেলার পাহাড়ি অঞ্চলে বিভিন্ন জুনিয়ার হাইস্কুল এবং হাইস্কুল রয়েছে। বিগত ৫ বছর ধরে জুনিয়ার হাইস্কুল আপ গ্রেডেশন হচ্ছে না। হাইস্কুলের রেকগনিশন দিচ্ছে না বিগত ৫ বছর ধরে। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে দৃষ্টি আকর্ষণ করে অনুরোধ করছি যে, আমাদের পাহাড়ি এলাকায় জুনিয়ার হাইস্কুলগুলিকে ও হাইস্কুলকে আপ গ্রেডেশন, রেকগনিশন করার দাবি জানাচ্ছি।

শ্রীমতী সোনালী গুহ : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমি আপনার অনুমতি নিয়ে সাবজেক্টটা চেঞ্জ করছি। কল্যাণীতে গত ২/১ দিন আগে সি.পি.এম.-এর অন্তর্দ্বন্দ্বে ২ জন যুবক খুন হন। সি.পি.এম. নিজের দোষ ঢাকতে বিরোধিদের বাড়িতে আগুন লাগিয়েছে। আমাদের দলের পক্ষ থেকে আমাদের তিন বিধায়ক দীপক ঘোষ, তাপস রায়, কল্লোল খান-এর নেতৃত্বে গতকাল একটা টিম সেখানে গিয়েছিল অত্যাচারীত মানুষগুলির মুখের কথা শোনবার জন্য। তারা চলে যাওয়ার ৫ মিনিটের মধ্যে সি.পি.এম.-এর লোকেরা সেখানে সন্ত্রাস শুরু করে। কল্যাণীর আই.সি. সমরেন্দ্র দাস দাঁড়িয়ে সি.পি.এম.-এর কমরেডরা সেখানে বোমাবাজি করে। মানুষের মুখের কথা শোনবার জন্য জনপ্রতিনিধিরা সেখানে গিয়েছিলেন। সেখানে জনপ্রতিনিধি হিসাবে আমাদেরই যদি লাইফ ইজ ইন ডেনজার হয়ে যায় তাহলে মানুষের নিরাপত্তা কোথায়। এই হাউস শুরু হওয়ার পর থেকে মুখ্যমন্ত্রীকে একদিনও দেখিনি। তিনি হয়তো এখানে বেনিসান্টোসা আসবেন বলে একটা নতুন জামাপ্যান্ট বানাতে গিয়েছেন বা ওই রকম কোনো কাজে ব্যস্ত। জনপ্রতিনিধি হিসাবে, অত্যাচারিত মানুষের মুখের কথা যারা শুনতে গিয়েছেন, সেখানে বোমাবাজি সন্ত্রাস সৃষ্টি করে ভয় দেখানো হচ্ছে। পর্যবেক্ষকদের ওনারা বিরোধী দলের এজেন্ট যেখানে বলেন, সেখানে এই সি.পি.এম.-এর ১ মিনিটও থাকার অধিকার নেই বলে আমি মনে করি। মুখ্যমন্ত্রী আগামীকাল আসবেন, তাঁকে এর জবাব দিতে হবে। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[12.30—12.40 p.m.]

শ্রী গোবিন্দ চন্দ্র নস্কর : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। দক্ষির ২৪ পরগনা জেলায় সি.পি.এম.-এর আশ্রিত সমাজবিরোধিদের সন্ত্রাসের রাজত্ব তৈরি হয়ে গেছে। গতকাল বিষ্ণুপুর থানার খড়িবেরিয়া

অঞ্চলের কথা আপনি নিশ্চয়ই জানেন। ওখানে সুফল নস্করের একটা মাংসের দোকান আছে। সেখানে সি.পি.এম. আশ্রিত সমাজবিরোধী, বীরেন নস্কর, প্রবীর নস্কর, এল.সি.এস নেতা অলোক সর্দার এবং প্রাক্তন বিধায়ক আনন্দ সরকার সহ সবাই গিয়ে ওই মাংসের দোকানে লুঠ-পাট করে ও ১০ কেজি মাংস চায়। সুফল নস্কর মাংস দিতে না চাইলে গন্ডগোল বেঁধে যায়। তারা মাংসের দোকান ভাঙচুর করে এবং তাকে মারধোর করে। এইসব সমাজ-বিরোধীরা ২০/২৫টি দোকান ভেঙে দেয়। এতে ক্ষিপ্ত হয়ে হাজারখানেক মানুষ রাস্তা অবরোধ করে ৩ ঘন্টা। বিষ্ণুপুর থানার ও.সি. মলঙ্গা, নেপালগঞ্জ, পৈলান, পানাকুয়া প্রভৃতি জায়গায় সমাজ বিরোধীরা প্রচুর অস্ত্রশস্ত্র লুকিয়ে রেখেছে এবং তোলাবাজি ও প্রোমোটারির ব্যবসা চালায় সেইসব অঞ্চলে কোনোদিনও কোনো ব্যবস্থা নেয়নি। ফলে সমাজবিরোধীরা অবাধে সেখানে রাজত্ব চালাচ্ছে। তাই বিষ্ণুপুর থানা অঞ্চলে সমাজবিরোধী মুক্ত করতে হলে পুলিশ প্রসাশনকে অবিলম্বে এই সমস্ত সমাজবিরোধীদের গ্রেপ্তার করতে হবে এবং তাদের সমুচিত শাস্তির ব্যবস্থা করতে হবে।

শ্রী অশোক কুমার দেব : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সিডিউল কাস্টস, সিডিউল ট্রাইবস এবং ও.বি.সি.-দের সার্টিফিকেট বর্তমানে পাওয়া যাচ্ছে না। বি.ডি.ও.-র কাছে জমা দিলেও তার রিপোর্ট এস.ডি.ও. অফিসে অনেক দেরিতে আসে। ফলে যারা কলেজে পড়াশুনো করছে বা অ্যাডমিশন নিতে যাচ্ছে তাদের অ্যাডমিশন নিতে, স্টাইপেন্ডের টাকা পেতে প্রচন্ড অসুবিধা হচ্ছে। এই সম্বন্ধে এই হাউসে আগেও অনেকবার তুলেছিলাম যাতে সার্টিফিকেট তাড়াতাড়ি পাওয়া যায়, কিন্তু তা হয়নি। এখনো সার্টিফিকেট ৬/৭ মাস আগে পাওয়া যায় না। অবিলম্বে যাতে সার্টিফিকেট পাওয়া যায় তার জন্য সরকারকে এগিয়ে আসতে হবে যাতে এরা হ্যারাজমেন্ট না হয়। যে সমস্ত ছেলে-মেয়েরা কলেজে আসেন, সেই কলেজের প্রিন্সিপ্যাল তাদের বলেন, সার্টিফিকেট না দিলে আমার পক্ষে করা সম্ভব হচ্ছে না। স্টাইপেন্ড পেতে গেলে এই সমস্ত গরিব এস.সি., এস.টি. এবং ও.বি.সি.-দের অবিলম্বে সার্টিফিকেট দেওয়া উচিত এবং তার জন্য সরকারকে নির্দেশ দেওয়া উচিত ডি.এম., এস.ডি.ও. এবং বি.ডি.ও.-দের, অন্ততপক্ষে যাতে ১ মাসের মধ্যে সার্টিফিকেট পেতে পারে তার জন্য ব্যবস্থা গ্রহণ করতে।

শ্রী সৌগত রায় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, উত্তর ২৪ পরগনা জেলায় সি.পি.এমের অন্তর্দ্বন্দ্বে সাধারণ মানুষের অবস্থা সঙ্গীন। কারণ, যা জেনেছি, যা শুনেছি, বারাসাতের নীলগঞ্জ রোডের উপর সি.পি.এমের ডি.ওয়াই.এফের সম্পাদক অমূল্য পাল নিহত হয়। জানা গেছে, অমূল্য পালের সঙ্গে সি.পি.এমের ওপর একটা গোষ্ঠীর গণ্ডগোল ছিল। ফলে এলাকার মহিলারাও উগ্রমূর্তি ধারণ করে যারা হামলা করেছে তাদের বাড়ি জ্বালিয়ে দেন এবং কয়েকদিন ধরে সেখানে গণ্ডগোল চলছে। কিন্তু পুলিশ কোনো ব্যবস্থা নেয়নি। এটা জেলার এক প্রান্তে ঘটেছে আর অপর প্রান্তে সন্দেশখালিতে সি.পি.এমের দাপুটে নেতা অবনী রায়, তিনি যখন নৌকায় উঠছিলেন সেই সময়ে তাকে গুলি এবং বোমা নিয়ে হামলা করে। হামলাকারীরা সবাই সি.পি.এমের সমর্থক বলে পরিচিত। গোষ্ঠী দ্বন্দ্বে এই রকম ঘটনা

ঘটেছে। অবনী রায়ের ৩ জায়গায় গুলি লেগেছে। তাঁকে কলকাতার হাসপাতালে নিয়ে আসা হয়েছে। বারাসাত এবং সন্দেশখালিতে সি.পি.এমের গোষ্ঠী দ্বন্দ্বের ফলে এলাকার অবস্থা থমথম করছে। বারাসাত এবং সন্দেশখালিতে যে আক্রমণ হল তাতে সি.পি.এম. নিজেরাই দায়ী। এদিকে পুলিশ মন্ত্রী তথা মুখ্যমন্ত্রী এখন বিভিন্ন মিটিং-এ হাত ভেঙে দাও, মাথা ভেঙে দাও বলে বিবৃতি দিয়ে বেড়াচ্ছেন। এদিকে তার দেখার সময় নেই। তাই বলছি, অবিলম্বে তাঁর দৃষ্টি দিতে হবে সি.পি.এমের গোষ্ঠী কোন্দল যাতে বন্ধ হয়, তা না হলে এলাকায় শান্তি ফিরে আসবে না, নিয়মিত গুলি চলবে, যে রকম বারাসাতে চলছে।

শ্রী কমলেন্দু সান্যাল : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি খান চৌধুরীর বক্তব্য এবং সৌগতবাবুর বক্তব্য শুনছিলাম। আসলে ওনারা জনগণ থেকে অনেক দূর সরে গেছেন। এঁরা জনগণের জন্য কোনো রকম প্রতিনিধিত্ব করেন না, প্রতি মুহূর্তে এনারা চক্রান্তের মধ্য দিয়ে এগুবার চেষ্টা করছেন। ১৯৬৭ সালে আপনারা ভেতর থেকে ভাঙবার চেষ্টা করেছেন। ১৯৬৯ সালে বাইরে থেকে চাপ দিয়ে বিদেশ থেকে টাকা নিয়ে কেরালায়, পশ্চিমবাংলায় সেই সব চেষ্টা করেছেন। মইনিহানের বই, রুশতেন, গ্যালিউলিনের বই-এ বলা আছে দেখুন, আফগানিস্থানে এবং আমাদের ইন্ডিয়াতে কিভাবে সি.আই.এ. এজেন্ট খুঁজে বেড়াচ্ছে। ইতিমধ্যে জঙ্গি আক্রমণ হয়েছে। জঙ্গি ও মাওবাদীদের সঙ্গে নানা কৌশলে আপনারা আছেন। আজকে আপনারা ধরাও পড়ে যাচ্ছেন। আর এখন আত্মরক্ষার চেষ্টা করছেন। এখুনি যেটা খানচৌধুরী সাহেব বললেন—আগাম নাকি খবর বেরিয়েছে বুথ জ্যাম হবে, রিগিং হবে। এগুলো এখানে জানিয়ে লাভ নেই। নির্বাচন কমিশনে জানান। আবার সপ্তম বামফ্রন্ট সরকার আসছে। যদি আপনারা ফিরতে চান, তবে জনগণের স্বার্থ দেখুন। জনগণের দাবি তো আপনারা খুঁজে পাবেন না। কারণ আপনারা তো জনগণের লোকই নন। তাদের খুঁজে পাবেন কোথায় ? ধন্যবাদ।

শ্রীমতী মঞ্জু বসু : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে হাউসের দুটি আকর্ষণ করে একটি বিষয়ে বলছি। স্যার, আমাদের রাজ্যে পথ দুর্ঘটনা একটি ভয়াবহ সমস্যা হয়ে দাঁড়িয়েছে। পরিসংখ্যানের মধ্যে দিয়ে আমরা দেখতে পাচ্ছি ২০০২ সাল থেকে আজ পর্যন্ত পথ দুর্ঘটনায় বহু লোকের মৃত্যু হয়েছে। ২০০২ সালে ৪৫৭, ২০০৩ সালে ৪৪২, ২০০৪ সালে ৪২০, ২০০৫-এ ৪৮৪ জনের মৃত্যু হয়েছে। আর ২০০৬ সালের প্রথম ১ মাসের মধ্যেই পথ দুর্ঘটনায় মৃত্যু হয়েছে ৭৯ জনের। গত মঙ্গলবার বৈষ্ণবঘাটা- গামী দুটি বাসের মধ্যে পারস্পরিক প্রতিযোগিতার ফলে শিবরানী সরকার নামের এক মহিলা মারা যান। এরপর গত শনি ও রবিবার আরও দুটি দুর্ঘটনা ঘটে। এই সমস্ত ঘটনার মাত্র মাস তিন আগে রাইটার্স বিল্ডিংস থেকে বজ্র নির্ঘোষ নির্দেশ জারি করা হয়েছিল যে বেপরোয়া বাস চালকদের ও বাস মালিকদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে, কমিশন প্রথা তুলে দেওয়া হবে। সেই ঘোষণাকে বুড়ো আঙুল দেখিয়ে এইসব ঘটনা ঘটছে। এরপর গত শনিবার ও রবিবার একই রাস্তায় ১ কিলো মিটারের ব্যবধানে দুটি জায়গায় পর পর দুর্ঘটনা ঘটে। এর ফলে ৮ জনের মৃত্যু হয়েছে। তিলজলা এলাকায়, বাসন্তী রোডে শনিবার যে দুর্ঘটনা ঘটেছে, তাতে তিন মহিলার আশ্চর্যজনকভাবে মৃত্যু হয়েছে। এই তিন মহিলা অটো

করে একটি সামাজিক অনুষ্ঠানে যোগ দিতে যাচ্ছিলেন ভবানীপুর থেকে বানতলায়। দ্রুত গতিতে গাড়ি চালানোর ফলে চৌবাগা পেরিয়ে কয়লা ডিপোর কাছে বাঁক নিতে গিয়ে গাড়িটি উল্টে পড়ে যায় এবং সঙ্গে সঙ্গে তাঁদের মৃত্যু হয়। রবিবার রাত বারোটার সময় আর একটা দুর্ঘটনা ঘটেছে। বানতলার একটি বাগান বাড়িতে ক্যাটারিং-এর কাজ সেরে আরোহীরা যাচ্ছিল, বেপরোয়াভাবে গাড়ি চালানোর ফলে গাড়িটি নিয়ন্ত্রণ হারিয়ে ফেলে আরুপোতার কাছে। ১০-১৫ ফুট নিচে খালের মধ্যে পড়ে গিয়ে যাত্রিদের মৃত্যু হয়। এইভাবে দিনের পর দিন পথ দুর্ঘটনা বেড়ে যাচ্ছে অথচ সরকারের কোনো হেলদোল নেই, ঘটা করে পথ নিরাপত্তা সপ্তাহ পালন করা হচ্ছে অথচ কাজের কাজ কিছু হচ্ছে না। এই সমস্যার সমাধানের ব্যাপারে সরকারকে বিশেষ অনুরোধ জানাচ্ছি। এজন্য কিছু উপায় বের করা উচিত।

শ্রী নির্মল দাস : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, ইতিপূর্বে আমি বহুবার একটি বিষয়ে অনুরোধ করেছিলাম। উচ্চশিক্ষা মন্ত্রী এখানে আছেন। উত্তরবঙ্গে এমনিতেই খুব অস্থিরতা। বিশেষ করে শিক্ষা, স্বাস্থ্য, যোগাযোগ ব্যবস্থা ইত্যাদি ক্ষেত্রে অনেক সমস্যা আছে। আলিপুরদুয়ার ডুয়ার্সের কেন্দ্র স্থল সেখানে মহিলা মহাবিদ্যালয় স্থাপনের জন্য আমরা অনুরোধ জানিয়েছিলাম। বীরেন জে শা যখন রাজ্যপাল ছিলেন, তখন তিনি উত্তরবঙ্গে গিয়েছিলেন। এ ব্যাপারে তিনি সুপারিশ করেছিলেন। পরবর্তীকালে গোপালকৃষ্ণ গান্ধী যখন যান তখন তিনিও গোটা ব্যাপারটা নিয়ে আলোচনা করেন। উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলার শ্রী পীযূষকান্তি সাহা, সেখানকার ডি.এম., এস.ডি.ও. ও কমিশনার সকলে এ সম্পর্কে বলেন। সমস্ত স্তরে শিক্ষাবিদরা বিষয়টি নিয়ে বলা সত্ত্বেও কিন্তু আলিপুরদুয়ারে কোনো মহিলা মহাবিদ্যালয়ের অনুমোদন এখনো পাওয়া যায়নি।

[12.40—12.50 p.m.]

আমি প্রফেসার চক্রবর্তীকে অনুরোধ করব, আপনি বলুন কোন প্রক্রিয়ায় গেলে আলিপুরদুয়ারে ডুয়ার্স অঞ্চলের মানুষের জন্য, পেছিয়ে পড়া মানুষের জন্য একটা মহিলা মহাবিদ্যালয় হতে পারে। এখানে প্রফেসার চক্রবর্তী আছেন, আপনি অনুগ্রহ করে বলুন কিভাবে এগোলে আলিপুরদুয়ারে এই মহিলা মহাবিদ্যালয় হতে পারে।

শ্রী রঞ্জিত কুন্ডু : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের এই রাজ্যের এবং দেশের অত্যন্ত মর্যাদাহানিকর একটা ঘটনার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। গত ৮ই জানুয়ারি সি.পি.এম.-এর ডাকে ব্রিগেড ময়দানে একটা জনসভা অনুষ্ঠিত হয়। সেই ময়দানের জনসভায় মাননীয় মুখ্যমন্ত্রী বক্তৃতা করেছিলেন। আমরা দেখলাম, পশ্চিমবঙ্গের স্বাধীনচেতা মানুষ হতভম্ব হয়ে দেখল সেই বক্তব্যের প্রতিবাদ করে মার্কিন রাষ্ট্রদূত ম্যালফোর্ড একটা চিঠি দিয়েছেন।

(গোলমাল)

আপনাদের এতো গায়ের জ্বালা কেন ? সেই রাষ্ট্রদূত মাননীয় মুখ্যমন্ত্রীর বক্তব্য সম্পর্কে চিঠি দিয়ে বলেছেন যে তিনি কেন মার্কিন প্রেসিডেন্ট জর্জ বুশের সমালোচনা করেছেন।

এই সাহস একজন রাষ্ট্রদূত পায় কি করে ? এই কথায় ওনাদের মর্যাদা হানি না হতে পারে, ওরা আমেরিকার পদলেহন করতে পারেন, ওনারা জর্জ বুশের কাছে মাথা নত করতে পারেন কিন্তু পশ্চিমবাংলার মানুষের, ভারতবর্ষের স্বাধীনচেতা মানুষের মর্যাদায় লাগছে। এই রাজ্যের মানুষের দাবি—ইতিমধ্যে এই ভদ্রলোক বলেছিলেন বামপন্থীরা আমাদের দেশের তথাকথিত সংস্কারের বাধা সৃষ্টি করছে—এই ভদ্রলোককে অপসারণ করা হোক। মাননীয় মুখ্যমন্ত্রীর বক্তব্য সম্পর্কে কেন সে ফোপরদালালি করবে ? পশ্চিমবাংলার গণতান্ত্রিক মানুষ, স্বাধীনচেতা মানুষ চায় এই উদ্ধত রাষ্ট্রদূতকে ভারত সরকার বহিষ্কার করুক। আমাদের দেশ থেকে এই রাষ্ট্রদূতকে যাতে আমেরিকা সরকার ফিরিয়ে নিয়ে যায় সেই ব্যাপারে যেন ভারত সরকার ব্যবস্থা গ্রহণ করেন।

শ্রী তাপস রায় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই পবিত্র সদনে একটা বিষয় উল্লেখ করতে চাই। এর আগে আমি এই বিষয়ে শিক্ষা বাজেটের সময় বলেছিলাম, এর আগে আমি এই বিষয়ে মেনশন করেছি এই পবিত্র সদনে, এখানে উচ্চশিক্ষামন্ত্রী রয়েছে, আমি আবার এই বিষয়ে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, সামনে মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক পরীক্ষা শুরু হতে চলেছে। বহু দিন ধরে আমি বলে আসছি, গড়িমসি করছেন। হিন্দি ভাষাভাষী ছাত্র-ছাত্রীদের জন্য হিন্দি প্রশ্নপত্র করা হোক। এই ব্যাপারে আমি আগে অনুরোধ করেছি আবার করছি। আমি শিক্ষা বাজেটে বলেছিলাম, মেনশন করেছিলাম যে হিন্দি ভাষাভাষী ছাত্র-ছাত্রীদের জন্য হিন্দিতে মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক পরীক্ষার প্রশ্নপত্র যদি করা হয় তাহলে তারা উপকৃত হবে। তাদের অনেক অসুবিধার কথা তারা বিভিন্ন সময়ে বিভিন্ন বিধায়ককে জানিয়েছে, আমাকেও জানিয়েছে। আমার অঞ্চলে বেশ কিছু সংখ্যক হিন্দি ভাষাভাষীর ছাত্র-ছাত্রী রয়েছে। তাদের কথা আমি এই পবিত্র বিধানসভায় রাখলাম। আমি সরকারকে অনুরোধ করছি মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক পরীক্ষার প্রশ্নপত্র হিন্দি ভাষাভাষীর ছাত্র-ছাত্রীদের জন্য যেন হিন্দি প্রশ্নপত্র করা হয়।

শ্রী নারায়ণ বিশ্বাস : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আপনার মাধ্যমে এই হাউসে একটি জরুরি বিষয়ে দৃষ্টি আকর্ষণ করতে চাই। ভোটার লিস্ট সংশোধনের কাজ এখন চলছে। এটাকে আমি স্বাগত জানাই। ভোটার লিস্ট তৈরির কাজটা যেভাবে হওয়া উচিত, এতদিন পর্যন্ত সেইভাবেই হয়েছে। এই ব্যাপারটা সেই ভাবেই হোক, এটা আমরা চাই। কিন্তু আমি যে কথা বলতে চাই, সেটা হল—আপনি জানেন স্যার দেশ ভাগের পর লক্ষ লক্ষ উদ্বাস্তু আমাদের এই দেশে এসেছে। কেন্দ্রীয় সরকার এবং তৎকালীন রাজ্য সরকার বলেছিলেন, এই উদ্বাস্তুদের পুনর্বাসনের জন্য রুজি-রুটির ব্যবস্থা তারা করবেন। আজকে আমি এখানে দাঁড়িয়ে লক্ষ্য করছি, সৌগতবাবু রাজ্য সরকারের বিরুদ্ধে অনেক বিষেদগার করলেন। কিন্তু এখানের কলোনি যখন উৎখাত করা হচ্ছিল, তখন তিনি ওনাদের পাশে দাঁড়িয়েছিলেন, তার জন্য ওনাকে ধন্যবাদ জানাই। কিন্তু আজকে তিনি ষড়যন্ত্র করছেন। উদ্বাস্তুদের বাংলাদেশি নাম দিয়ে ভোটার লিস্ট থেকে নাম কাটানোর চক্রান্ত করছেন। কিন্তু আপনারা জানেন, ভোটার লিস্টের রিভিশন করার নিয়ম আছে। ফর্ম নং-৬, ফর্ম

নং-৭, ফর্ম নং-৮এ, এই ফর্মগুলো ফিলআপ করে ভোটার লিস্টে নাম তোলা বা বাদ দেওয়ার বিষয়গুলোর কথা বলা আছে। কিন্তু আজকে নির্বাচন কমিশনকে অন্যায়ভাবে ব্যবহার করা হচ্ছে। পর্যবেক্ষককে তৃণমূল কংগ্রেসের পক্ষ থেকে রিফিউজ করা হচ্ছে। পার্টির প্যাডে যে তালিকা দিয়েছে, তাতে ওরা উদ্বাস্তুদের নাম কাটার জন্য চেষ্টা করছে। এই হচ্ছে ওদের চরিত্র। উদ্বাস্তুদের বিরুদ্ধে ওরা চক্রান্ত করছে। এই সমস্ত বাংলাদেশি নাম দিয়ে উদ্বাস্তুদের নাম কাটার চেষ্টা করা হচ্ছে। এর জন্য উপযুক্ত ব্যবস্থা করা হোক। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : একটু আগে মাননীয় সদস্য আমেরিকান রাষ্ট্রদূত ডেভিড মালফোর্ডের বিরুদ্ধে অনেক সমালোচনা করলেন। আমার তো মনে হয়, ওই সমালোচনা করা হল 'ভাবের ঘরে চুরি করা'। মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন, আমেরিকার টাকা ভাল, আমেরিকা খারাপ। আমাদের মুখ্যমন্ত্রী শুধু নয়, অনেক মন্ত্রী সেখানে যাচ্ছেন, স্পীকারও যাচ্ছেন। তাদের দেশে গিয়ে হাত জোড় করে আমাদের এখানে বিনিয়োগ আনবার চেষ্টা করছেন। সুতরাং আজকে তো তারা বিভিন্নভাবে থ্রেটনিং করবেনই। আপনারা এখানে মুখে সাম্রাজ্যবাদের বিরোধিতা করছেন। তাদের কাছে নতজানু হয়ে ওয়ার্ল্ড ব্যাঙ্কের টাকা, এ.ডি.বি.-র টাকা, ডি.এফ.আই.ডি.-র টাকা নিচ্ছেন। আপনারা এখানে বিরোধিতা করছেন, আর নতজানু হয়ে তাদের অর্থ আনতে যাচ্ছেন। সুতরাং তাদের পদাঘাত তো সহ্য করতেই হবে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় আমি এখানে উল্লেখ করতে চাই। আমাদের এখানে বিভাগীয় মন্ত্রী আছেন, আমি ওনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। এ.পি.এল.-এ চাল দেওয়া হয় বা অন্যান্য রেশন সামগ্রী দেওয়া হয়। বাঁকুড়ার ১ ও ২ নং ব্লকে কেঞ্জাকুড়া, পুরন্দরপুর, নটরা, বিঘনা, মানকানালি, জুনবেদিয়া, এই অঞ্চলগুলোতে এ.পি.এল.-এর চাল ও অন্যান্য রেশন সামগ্রী শাসক দল বাজারে বিক্রি করে দিচ্ছে। ডিলারদের সঙ্গে বোঝাপড়া করে তারা সেগুলো বাজারে বিক্রি করে দিচ্ছে। এই তো কয়েক কোটি টাকা লেনদেনও হয়ে গেল। এই রেশন সামগ্রী তো সকলের জন্য। কিন্তু সেগুলো তারা কাউকে দিচ্ছে না, বাজারে বিক্রি করে দিচ্ছে ! এটা অবিলম্বে বন্ধ হওয়া দরকার। এখানে মাননীয় মন্ত্রী মহাশয় আছেন, আমি এই বিষয়টা ওনার দৃষ্টি আকর্ষণ করছি।

(এই সময় হাউস ১-১৫ অবধি মুলতুবি হয়)

[1.15—1.25 p.m.] (including Recess)

DISCUSSION ON GOVERNOR'S ADDRESS

মিঃ স্পীকার : কি ব্যাপার, কোনো মন্ত্রীকে উপস্থিত দেখছি না।

(ভয়েস ফ্রম অপোজিশন—স্যার, হাউসে কোরাম নেই)

(এই সময়ে কোরাম বেল বাজানো হয়।)

এখন কোরাম হয়েছে, মন্ত্রীও উপস্থিত আছেন। এখন রাজ্যপালের ভাষণের ওপরে আলোচনা শুরু হচ্ছে।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : স্যার, পশ্চিমবঙ্গের রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন, পশ্চিমবঙ্গ সরকারের লিখিত যে ভাষণ তা তিনি পাঠ করেছেন ১৭৬ অনুচ্ছেদ অনুসারে। তার ওপরে আলোচনা হচ্ছে। আজকে সেই আলোচনার তৃতীয় দিন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি প্রথমে একটা জিনিস বলে রাখতে চাই। মাননীয় রাজ্যপাল ২রা ফেব্রুয়ারি যে ভাষণ পাঠ করলেন, ভাষণের পরিপূর্ণটা তিনি সেদিন পাঠ করলেন না। তার কারণ যেসব কথা এই ভাষণের মধ্যে লেখা হয়েছে, তার মধ্যে সত্য অথবা বাস্তবের চিহ্ন নেই। তাই রাজ্যপালের ভাষণ আন-ইম্প্রেসিভ। রাজ্যপালের ভাষণের ইদানিংকালে ইনফর্মেশন বেস, প্রকৃত তথ্য তুলে ধরার চেষ্টা নেই। এই ধরনের রাজ্যপালের ভাষণ এখানে পেশ করা হয়েছে এবং তার ওপরে আলোচনা চলছে। রাজ্যপালের ভাষণে আমরা অনেক কিছু আশা করি। রাজ্যের সামগ্রিক তথ্য তার মধ্যে লেখা থাকবে। রাজ্যপালের ভাষণের মধ্যে রাজ্যের শিক্ষার পরিস্থিতির কথা লেখা থাকবে। রাজ্যের শিল্প পরিস্থিতির কথা লেখা থাকবে। তার মধ্যে লেখা থাকবে রাজ্যের স্বাস্থ্য ব্যবস্থার কথা। গ্রামের মানুষের উন্নয়নের কথা, গ্রামের মানুষের রোজগারের কথা তার মধ্যে লেখা থাকবে। ইনফ্রাকচারাল ডেভালপমেন্টের কথা লেখা থাকবে। পশ্চিমবঙ্গে বিনিয়োগের কথা লেখা থাকবে। নব শিল্পের কথা তার মধ্যে লেখা থাকবে। তার মধ্যে লেখা থাকবে পশ্চিমবঙ্গের যে কারখানাগুলো বন্ধ হয়ে গেল, যেগুলো আমাদের ট্রাডিশন্যাল ইন্ড্রাস্ট্রি, যেগুলো নিয়ে পশ্চিমবাংলার মানুষ আত্মমর্যাদাবোধ করত সেগুলোর কথা লেখা থাকবে। রাজ্যপালের ভাষণ যদি ভালো করে পড়া যায়, তাহলে দেখা যাবে যে, এগুলো লেখা নেই। সরকার পক্ষের যিনি বক্তৃতা রাখছেন, তিনি এসবের ধারেপাশে যাচ্ছেন না। তাঁরা কোথায় তৃণমূল কংগ্রেস কি করেছে, এন.ডি.এ. সরকার কোথায় কি করেছে সেইসব নিয়ে আলোচনা করছেন। আমরা আশা করেছিলাম যে, আমাদের রাজ্যে যেটা এই মুহূর্তে সবচেয়ে আলোচিত বিষয় সেই বিষয়ের অন্তত উল্লেখ থাকবে। আমাদের রাজ্যে জনসংখ্যার থেকে বেশি রেশন কার্ড রয়েছে। অবলীলাক্রমে আমাদের রাজ্যে বিদেশিদেরও রেশন কার্ড হয়ে যাচ্ছে। রাজ্য সরকার রয়েছে, পুলিশ রয়েছে, ইন্টালিজেন্স রয়েছে, সি.আই.ডি. রয়েছে, আই.বি. রয়েছে। সবাই থাকা সত্ত্বেও আমাদের রাজ্যে মানুষের সংখ্যার থেকে রেশন কার্ডের সংখ্যা বেশি আছে। যদি ভালো মতো হিসাব করে দেখেন এই রেশন কার্ড বেশি থাকার জন্য, আমরা জানি প্রত্যেক রেশন দোকানে এক্সেস রেশন কার্ড আছে। তাতে মৃত লোকের যেমন নাম আছে তেমনি যেসব রেশন দোকানের কোনো আস্তিত্ব নেই তারেদও নাম আছে। আর, প্রত্যেক জায়গায় এইসব রেশন দোকানের সঙ্গে যুক্ত আছে সি.পি.এমের মাতব্বররা। তারা মাস গেলে সাদা খামে যা পান নিয়ে চলে আসেন কিন্তু এর বিরুদ্ধে প্রতিবাদ করেন না। এই রকম কার্ড বা ভুয়ো ভোটার ধরা নিয়ে আমাদের রাজ্যের নেতৃবৃন্দ অদ্ভুত অদ্ভুত কথা বলছেন। অনিল বিশ্বাস ইজ এন এক্স্ট্রা-কনস্টিটিউশনাল অথরিটি। সাংবিধানিক অধিকার তাঁর কিছু নেই। কিন্তু এক্স্ট্রা কনস্টিটিউশনাল অথরিটি হিসাবে তিনি প্রতিদিনই বক্তব্য রেখে চলেছেন। আমি এই বামফ্রন্ট সরকারকেই দেখেছি ইলেকশন কমিশনের সার্টিফিকেট নিয়ে রাস্তায় রাস্তায় বক্তৃতা করতে। মাননীয় বুদ্ধদেববাবু, জ্যোতিবাবুকে ইলেকশন কমিশনের সার্টিফিকেট নিয়ে বক্তৃতা করতে দেখেছি—আমাদের এখানে কত ভালো নির্বাচন হয়েছে ; কিন্তু আজকে যখন

ইলেকশন কমিশন তার নিজের ক্ষমতার সীমানার ভেতর দাঁড়িয়ে কাজ করছে তখন অনিল বিশ্বাসের হাঁটু কাঁপছে, বিমান বসুর হাঁটু কাঁপছে, বুদ্ধদেববাবুর হাঁটু কাঁপছে। কারণ কি ? না, আরামবাগে আর অনিলবাবুরা ১ লক্ষ ৮ হাজার ভোটে জিততে পারবেন না। এই কারণে অনিলবাবু, বিমানবাবুরা গণ অভ্যুত্থানের কথা বলছেন। ক্যান হি সে দ্যাট ? পশ্চিমবঙ্গে যারা শাসক দল, সর্ববৃহৎ দল, তারা পশ্চিমবঙ্গ বিধানসভায় বসে আছে, তাদের সংবিধানের প্রতি যদি কোনো দায়বদ্ধতা থাকত তাহলে এটা বলত না 'গণ-অভ্যুত্থান হবে। ' এটা একটা থ্রেট। ইলেকশন কমিশনকে থ্রেট করে বলছেন যে, কোনো অবস্থাতেই যেন সীমানা অতিক্রম না করেন। সীমানা অতিক্রম করলে বলা যায়, সীমানা অতিক্রম করেছেন কেন ? ইলেকশন কমিশন ভুয়ো ভোটার ধরবেন, বিদেশিদের নাম বাতিল করবেন, মৃত ভোটারের নাম বাতিল করবেন—তাতে আপনাদের জ্বালা ধরছে। আর একজন মহাবিপ্লবী সুভাষবাবু বলছেন 'ট্যান্ডনের কাজ দেশদ্রোহী' দেশদ্রোহিতা কী জিনিস তার সবার জানা আছে। আপনাদের ইতিহাসে দেশদ্রোহিতা ছাড়ানো আছে। ভারতবর্ষের স্বাধীনতা থেকে আরম্ভ করে চীনের ভারত আক্রমণ পর্যন্ত বিভিন্ন বিষয়ে দেশদ্রোহিতা কী তা কমিউনিস্ট পার্টির ইতিহাসে লেখা আছে। আপনারা আশা করেছিলেন চীন আমাদের দেশ আক্রমণ করে আপনাদের ক্ষমতায় বসিয়ে দিয়ে চলে যাবে ? তাই সেদিন বলেছিলেন 'ভারতবর্ষ চীন আক্রমণ করেছে ?' আমরা মনে করি এই সব যে ধরনের উক্তি বামফ্রন্ট সরকারের পক্ষ থেকে করা হচ্ছে তা ভয়ংকর অসাংবিধানিক এবং তা গণতন্ত্রকে হত্যা করার একটা পরিকল্পনা। ই.এম.এস.নামুদ্রিপাদ যখন মুখ্যমন্ত্রী হয়েছিলেন তখন তিনি বলছিলেন 'আমরা সংবিধানকে ভাঙতে চাই সংবিধানের মধ্যে থেকে।' জ্যোতিবাবু বলেছিলেন 'ভারতবর্ষের সংবিধান গণতন্ত্র সম্মত নয়।' আজকে তাঁদের উত্তরসুরীরা পশ্চিমবঙ্গে ক্ষমতায় আছেন এবং তাঁরা সুনির্দিষ্টভাবেই পার্টির স্বার্থের বিরুদ্ধে গেলে সংবিধানকে আক্রমণ করবেন, কিন্তু আবার ইলেকশন কমিশন যখন বলবে 'নির্বাচন ভালো হয়েছে' তখন সেই সার্টিফিকেট নিয়ে নেমে পড়বেন এবং বলবেন 'ইলেকশন কমিশন আমাদের সার্টিফিকেট দিয়েছে'। আজকে এই বইয়ের মধ্যে দিয়ে আইন-শৃঙ্খলা নিয়ে শান্তি প্রকাশ করেছেন পশ্চিমবঙ্গের মহামান্য রাজ্যপাল। এ ব্যাপারে অবশ্য তাঁকে দোষ দিয়ে লাভ নেই, তাঁকে লিখে দেওয়া হয়েছিল।

[1.25—1.35 p.m.]

কিছুদিন ধরে লক্ষ করছি একটা নতুন শব্দ এসেছে পশ্চিমবঙ্গে, আমরা জানি না শব্দটি কোথা থেকে এল, আগে কখনো শুনিনি—সুপারি দিয়ে মারা। বম্বের মতো জায়গায় এবং পশ্চিম ভারতে এই ধরনের শব্দ ব্যবহার হয়েছে শুনেছি, পশ্চিমবঙ্গে শুনিনি, কিন্তু এখন শুনতে হচ্ছে। বম্বেতে বড় বড় ক্রিমিন্যাল রয়েছে, সেখানে শুনেছি সুপারি দিয়ে মানুষকে হত্যা করা হয়েছে। এই বুদ্ধদেববাবুর সরকারের আমলে তার অপদার্থতায় এখন এখানেও ওই কথা শুনতে হচ্ছে। নদিয়ার কল্যাণীতে অমূল্য পালকে ওইভাবে হত্যা করা হল। সি.পি.এমের লোক সুপারি দিয়ে খুন করছে, এটা আমাদের

খবর নয়, সংবাদপত্রেই বেরিয়েছে। শচীন মুখার্জীকেও ওইরকম সুপারি দিয়ে খুন করা হয়েছে। এই ধরনের ক্রিমিনালাইজেশন অফ পলিটিক্স এই রাজ্যে চলছে। তারপরে অবনী রায়কে গুলি কারা করল ? অবনী রায়কে গুলি তো ওদেরই দল করল, তা না হলে কারা করল ? তারপরে অলোকেশ দাসের ক্ষেত্রেও ওই একই শব্দ ব্যবহার করা হয়েছে। অলোকেশ দাসের গ্রুপ ভার্সেস অলোকেশ দাসের বিরোধী গ্রুপের দ্বন্দ্ব, তোলাবাজির ভাগ নিয়ে কাড়াকাড়ি। এইভাবে ৩০ বছর ধরে পশ্চিমবঙ্গের সর্বনাশ করে দিয়েছেন, আজকে প্রতিটি জায়গায় রাজনীতিকে সামনে রেখে একটার পর একটা ক্রিমিন্যাল এবং মাফিয়ার জন্ম পশ্চিমবঙ্গ সরকার দিচ্ছে। খবরের কাগজ পড়লেই দেখা যাবে যে নদিয়ায় নারীপাচার চক্র এবং শিশু পাচার চক্রের খোঁজ পাওয়া গেছে। আমার কাছে কিছু সংবাদ আছে, এটা কাগজে বেরিয়েছে, আমার লেখা নয় তার এক নম্বর হচ্ছে 'বালিকা ধর্ষিত, ধৃত যুবক বলল বাবা সি.পি.এম. নেতা, কিছুই হবে না'। পশ্চিমবঙ্গের একটি প্রতিষ্ঠিত কাগজে এই খবর বেরিয়েছিল। তাপরে আরেকটি ঘটনার কথা বলছি—'ধর্ষণকারীর জন্য ধর্ষিতার বাবার কাছেই টাকা দাবি করল সি.পি.এম.।' এই পশ্চিমবঙ্গে বুদ্ধদেববাবুর রাজত্বে এইসব ঘটনা ঘটছে। 'ধর্ষণকারী ধর্ষিতার বাবার কাছে টাকা দাবি করছে।' 'সি.পি.এমের ধর্ষণকারী ধর্ষিতার বাবার কাছে টাকা দাবি করছে।' তারপরে কি দেখছি—ভোট প্রচারে গিয়ে গৃহবধুর শ্লীলতাহানির অভিযোগে সি.পি.এম. নেতা গ্রেপ্তার।' এইভাবে পশ্চিমবঙ্গে ক্রিমিনালাইজেশান চলছে, এটা আমার কথা নয়, আপনাদের তথ্য এবং সংবাদপত্রই দিচ্ছে। আপনাদের সরকারি তথ্য অনুযায়ী ২০০৩ সালে রাবারি ৩০, বার্গলারি ২৫, চুরি ৫৯৩, আর ২০০৪ সালে রাবারি ৩৮, বার্গলারি ৮৩, চুরি ৪৪৬, এইভাবে প্রতিদিন ক্রিমিন্যাল অ্যাকটিভিটিজ বাড়ছে। নারী নির্যাতন বাড়ছে। আমার মনে হয় যদি আজকে কবি সুকান্ত ভট্টাচার্য, বুদ্ধদেববাবুর কাকা বেঁচে থাকতেন তাহলে এইসব অবস্থা দেখে কি লিখতেন। তিনি বেঁচে থাকাকালীন এক সময়ে লিখেছিলেন ''আমার বসন্ত কাটে খাদ্যের সারিতে প্রতীক্ষায়, আমার বিনিদ্র রাতে সতর্ক সাইরেন ডেকে যায়।'' তিনি যদি এখন বেঁচে থাকতেন তাহলে লিখতেন—''আমার বসন্ত কাটে ধর্ষণের সারিতে তিতিক্ষায়, আমার বিনিদ্র রাতে জহ্লাদ কমরেড হেঁটে যায়।'' এই পশ্চিমবঙ্গকে কি না উপহার আপনারা দিয়েছেন—পশ্চিমবঙ্গ থেকে এম পি হয়ে যাবার পরেই মায়ের সেবা শুশ্রুষা করার জন্য একজন মহিলা রেখে তার উপরে কি কান্ডটাই না করল। তিনি এম পি বলে আইনের সুযোগ নিয়ে বেরিয়ে আসতে পারলেন। কিন্তু পশ্চিমবঙ্গের মানুষ কি তাকে ক্ষমা করবে ? সি.পি.এমের এম পি হয়ে তাঁর বাড়িতে তার মাকে সেবা শুশ্রুষা করার জন্য একজন মহিলাকে রেখে তার উপরে যেভাবে অত্যাচার করেছেন পশ্চিমবঙ্গের মানুষ কখনোই তাকে ক্ষমা করবে না। তারপরে জ্যোতির্ময়ী শিকদার, তিনি এম পি হওয়ার পরেই মদের একটি মধুচক্রের আসরের সঙ্গে জড়িয়ে পড়লেন।

আপনাদের রাজত্বে পিনাকীর জন্ম হয়। যে পিনাকী সংবাদপত্রে বলেছে, আমি তো আমাদের পার্টির দাদাদের মোটা তোফা দিতাম, মোটা অংকের টাকা দিতাম। সেই করে এই রাজ্যে সাম্রাজ্য চালিয়েছি। তাকে দিয়ে রিগিং করিয়েছেন। হাত কাটা দিলিপ থেকে

শুরু করে চুনু মিঁয়া, পচা, কেলো, গুপী এদের সবাইকে দিয়ে সাম্রাজ্য চালিয়েছেন। পশ্চিমবঙ্গের আজকে তারই ফলশ্রুতি আমরা তো দেখছি। বুদ্ধদেববাবু সেদিন মন্ত্রী হিসাবে পশ্চিমবঙ্গের দেওয়ালে, দেওয়ালে হোর্ডিং দিতেন, মদ ছাড়ান, নিজে মদ ছাড়ুন। সেই হোর্ডিং আজকে আমরা দেখছি পশ্চিমবঙ্গে কেন নেই ? তাহলে কি সাংস্কৃতিক জীবন তৈরি করবার কোনো প্রয়োজন নেই ? আজকে বুদ্ধবাবু মদের দোকানের লাইসেন্স দিচ্ছেন। পাড়ায় পাড়ায় মদের দোকানের লাইসেন্স দিয়ে দিচ্ছেন। আমার পাড়ায় ৭২ দিন আন্দোলন করে মদের দোকান আটকে দিয়েছি। মন্ত্রী মহাশয়কে জানিয়ে চিঠি দিয়েছি। আজকে সন্ধ্যেবেলা পাড়ার মধ্যে দিয়ে গেলে দেখা যাবে তরুণ বন্ধুরা লোটোর দোকানে দাঁড়িয়ে আছে, তারা সর্বস্বান্ত হয়ে পড়ছেন। পশ্চিমবঙ্গে কোনদিন মুখ্যমন্ত্রী বলবেন আমরা রেভিনিউ আর্ন করতে পারছি না। তাই পাড়ায়, পাড়ায় প্রস কোয়ার্টারের লাইসেন্স দিয়ে দেবেন, বলবেন আমার সরকার চলছে না। সরকারটা আপনার ডিপার্টমেন্টের রেভিনিউ আর্নের উপর চলে না, পশ্চিমবঙ্গের সরকার রেভিনিউ আর্নের উপর চলে না, কিসের উপরে চলে সেই কথায় পরে আসছি। আজকে দু-তিনটি বিষয়ের উপর আমি বলব, তথ্য-প্রযুক্তির ক্ষেত্রে রাজ্য সরকারের অগ্রাধিকারে আসছি। এখানে বলেছেন যে, চক্রবৃদ্ধি হার ৮৮ শতাংশ। বর্তমানে ১৮০টি আই.টি এবং ৫৫টি এ.আই.টি কলকাতায় কাজ করছে। রপ্তানির পরিমাণ ২০০ কোটিরও অধিক। মাননীয় স্পীকার স্যার, আপনি চোখ বন্ধ করে আছেন, জানি না, ঘুমোচ্ছেন, না জেগে আছেন। স্যার, কোন্‌টা সত্যি আমি বুঝতে পারছি না, এখানে বলেছেন ১৮০টি আই.টি. আর সি.পি.আই.এম.-এর ইউনিয়ন পশ্চিমবঙ্গ সাব-অর্ডিনেট ইঞ্জিনিয়ারস অ্যাসোসিয়েশন এবং সি.পি.আই.এম.-এর লেখা বই 'সংযোগ', সেখানে শুভাশিস গুপ্ত সহ সি.পি.এম. নেতাদের লেখা বেরোয়। সেখানে লিখেছেন, কে লিখেছেন ? দেবু দত্তগুপ্ত—তাত্ত্বিক লোক, তিনি বলেছেন এই বইতে যে সল্টলেকে সফটওয়্যার পার্কের অন্তর্ভুক্ত ১৬৫টি সংস্থা, এখানে বলেছেন। এবারে এটাতে বলছেন ১৬৫টি সংস্থা। আমি বরাবরই জানি যে অসীমবাবু জাগ্‌লারি স্ট্যাটিসটিক করেন প্রথম বছর থেকে। এখানে বলেছেন ১৮০টি, আর রপ্তানির পরিমাণ কত বলছেন ? রপ্তানির পরিমাণ বলছেন যে ২ হাজার কোটি টাকা। আর এই বইতে বলছেন যে বিস্তারিতভাবে লেখা আছে। এর মধ্যে বলছেন যে ২০০৪ এবং ২০০৫ সালে রপ্তানির পরিমাণ অর্থমূল্যে ১৮৩ কোটি টাকা। সি.পি.এম.-এর লেখা বই, সেখানে বলেছেন ১৮৩ কোটি টাকা রপ্তানি। এটা হচ্ছে সি.পি.আই.এম.-এর ইউনিয়ন পশ্চিমবঙ্গ সাব-অর্ডিনেট ইঞ্জিনিয়ারস অ্যাসোসিয়েশন তাদের লেখা বই 'সংযোগ' তাতে এই কথা বেরিয়েছে। আর রাজ্যপালকে যে কথা লিখিয়ে নিয়েছেন, সেখানে আপনারা বলেছেন যে ২ হাজার কোটি টাকা। আমি শেষ করব আর একটি কথা বলে যে, পশ্চিমবঙ্গ সরকার আজকে সম্পূর্ণভাবে দ্বিচারিতা করছেন, পশ্চিমবঙ্গে আজকে কোনো শিল্প হচ্ছে না, কল-কারখানা হচ্ছে না, সেই কথা রাজ্যপালের ভাষণে লেখা নেই, সেখানে উল্লেখই করলেন না, রাজ্যপালের ভাষণে নতুন শিল্পের কথা উল্লেখ করলেন না। কিন্তু আজকে নীতিহীনতা কেন ? আপনারা বলেছিলেন যে, জি.পি.এফ.-এ সুদ বাড়াবেন, আত্মসমর্পণ করেছেন

ইউ.পি.এ., কংগ্রেস সরকারের কাছে। আপনারা বলেছিলেন, সেদিন লড়াই করেছিলেন বিমানবন্দরের বে-সরকারিকরণ রোধের জন্য। আর তারপর বুদ্ধবাবু আবার বললেন যে বে-সরকারি টাকায় পশ্চিমবঙ্গে বিমানবন্দর তৈরি করবেন।

[1.35—1.45 p.m.]

কোনটা নীতি, কোনটা মুখ, কোনটা মুখোশ ? আজকে বুদ্ধদেববাবু বলছেন যে, লোনের টাকার দিকে তাঁর লোভ নেই। বি. টি. রণদিভ-এর বিরোধিতা করেছিলেন। আজকে বলা হচ্ছে আমেরিকার কনস্যুলেট কেন বুদ্ধদেববাবুকে চিঠি দেবে ? আজকে আপনারা হাঁটু গেড়ে হাত জোড় করে ইউ.পি.এ. সরকারকে সমর্থন করছেন। আজকে আপনারা ডি.এফ.আই.ডি.-এর টাকায় সরকার চালাচ্ছেন, এ.ডি.বি.-এর টাকায় সরকার চালাচ্ছেন, ওয়ার্ল্ড ব্যাংকের টাকায় সরকার চালাচ্ছেন। ওয়ার্ল্ড ব্যাংকের কাছ থেকে টাকা নিলে তাদের শর্ত মেনে চলতে হবে—এটাই ওয়ার্ল্ড ব্যাংকের নির্দেশ। আপনারা একটার পর একটা কারখানা বন্ধ করে দিচ্ছেন এবং বাইরে থেকে টাকা এনে শ্রমিকদের পাওনা-গন্ডা মিটিয়ে দিচ্ছেন। হাতে হাত মিলিয়ে রাস্তায় আপনারা মানব বন্ধন করবেন, সাম্রাজ্যবাদের কাছ থেকে টাকা নিয়ে, ডি.এফ.আই. ডি.-এর কাছ থেকে টাকা নিয়ে বন্ধ কারখানার শ্রমিকদের দিয়ে তাদের আপনারা বাড়ি পাঠিয়ে দিচ্ছেন। বিভিন্ন কোম্পানির শেয়ার আপনারা বিক্রি করে দিচ্ছেন। এই দ্বিচারিতার বিরুদ্ধে মানুষ আজকে সোচ্চার হচ্ছে। বুদ্ধদেববাবু দিল্লিতে গিয়ে শিল্পপতিদের সঙ্গে সম্মেলন করছেন, আর অন্যদিকে ট্রেড ইউনিয়নকে দিয়ে দিল্লির সিদ্ধান্তের বিরোধিতা করছেন। প্রত্যেকটি ক্ষেত্রে আপনারা ইউ.পি.এ. সরকারের কাছে আত্মসমর্পণ করেছেন। একটার পর একটা ব্যাংকের সুদ্ কমিয়েছেন, ই.পি.এফ.-এর সুদ কমিয়েছেন, পেট্রোল-ডিজেলের দাম বাড়িয়েছেন। পশ্চিমবাংলায় আপনারা গ্রেট ইস্টার্ন হোটেল বিক্রি করে দিয়েছেন, কিন্তু যখন সেন্টুর হোটেল বিক্রি হয়ে গেল তখন আপনারা সারা দেশে ধর্মঘট করলেন। আর আপনারা এখানে গ্রেট ইস্টার্নের প্রত্যেকটি কর্মীকে ডি.এফ.আই.ডি.-র টাকা দিয়ে তাড়িয়ে দিয়েছেন। এই নীতিহীনতার বিরোধিতা করে এবং রাজ্যপালের ভাষণের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী মোরসালিন মোল্লা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় রাজ্যপাল যে ভাষণ রেখেছেন, সেই ভাষণকে সমর্থন করে আমাদের মহামান্য রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব উত্থাপন করা হয়েছে তাকে সম্পূর্ণভাবে সমর্থন করে বিরোধীদের আনা সংশোধনী প্রস্তাবের বিরোধিতা করে আমার বক্তব্য রাখছি। খুব সুন্দর করে আমাদের বিরোধী বন্ধুরা বললেন যে পশ্চিমবঙ্গে সুপুরি রাজ চলছে। শব্দটা নতুন আমদানি হয়েছে। আমি বিনয়ের সঙ্গে জিজ্ঞেস করছি আপনাদের দলের নেতা শ্রীমুখার্জী নিহত হলেন, এর জন্য কারা সুপুরি দিয়েছিল, কারাইবা সুপুরি পেয়েছে ? একবারও বলেছেন ? নিজের দলের নেতা খুন হয়ে গেলে প্রতিবাদ জানানো হয়। কই একবারও তো উচ্চারণ হতে শুনলাম না। দুর্নীতির রাজনীতি যে নতুন দর্জা আপনারা খুলেছেন তার বিরুদ্ধে দাঁড়িয়ে প্রতিবাদ এবং প্রতিরোধ করছে পশ্চিমবাংলার জনগণ। কাজেই ওই নতুন শব্দটা আমাদের

উত্যক্ত করে না। আমরা জানি আপনারা সাড়ে ৬ বছর কেন্দ্রে থেকে যে কাজ শুরু করে দিয়েছেন তার বিরুদ্ধে দাঁড়িয়ে, পশ্চিমবাংলার মানুষ তার নিজস্ব অভিজ্ঞতার মধ্যে দাঁড়িয়ে বামফ্রন্ট সরকারকে গত ২৯ বছর ধরে সমর্থন করে এসেছে। আপনারা ভোটার লিস্টের কথা বলছেন, কার্ডের কথা বলছেন, নদিয়ায় কি হচ্ছে, নদিয়ায় কারা ধরা পড়ছে— একবারও বললেন কি ? আমাদের এখানে রাজনৈতিক দুর্বিত্তায়ন আমরা ধরে থাকি। সব রাজনৈতিক দল সততার সঙ্গে যদি শ্রমজীবী মানুষের সঙ্গে থাকে, আপনারা যদি থাকতেন তাহলে আমাদের কাজটা করতে সহজ হবে। দুর্বিত্তায়ন একমাত্র সি.পি.এমই ঠেকাতে পারে। আপনারা বলেছেন সুন্দরভাবে হাঁটু গেড়ে আমরা ইউ.পি.এ. সরকারকে সমর্থন করছি। আপনারা বুঝতেই পারছেন সাম্প্রদায়িকতাকে ঠেকানোর জন্য কি যন্ত্রণার মধ্যে থেকে স্বাধীন ভারতবর্ষে বামফ্রন্ট সরকারকে কংগ্রেস সরকারকে সমর্থন করতে হচ্ছে।

কি যন্ত্রণার মধ্যে থেকে হিন্দু মৌলবাদের আগুন নিয়ে যেভাবে দেশটাকে ছারখার করে দিতে চাইছিলেন, তার থেকে শ্রমজীবী জনগণকে বাঁচাবার কোনো পথ কি খোলা রেখেছিলেন সারা ভারতবর্ষের মধ্যে ? যখন গুজরাটে রাষ্ট্রীয় সন্ত্রাস সৃষ্টি করছেন আমেরিকার সাম্রাজ্যবাদের প্রতিভূ হিসাবে, তখন শ্রীমতী ফুল পাঠাচ্ছেন, আপনারা এখান থেকে ফুল পাঠাচ্ছেন। আর আমাদের এখানে কবি কওমি তাঞ্জিমের নামে মুসলমান সংখ্যালঘুদের কাছে স্তোক বাক্য উচ্চারণ করছেন, বাণী উচ্চারণ করছেন। মুসলিম সংখ্যালঘুদের সংরক্ষণ দেবেন বলছেন। পাঁচ বছর ধরে এসব চালিয়ে এসেছেন বি.জে.পি.-কে সঙ্গে নিয়ে। সাড়ে ৬ বছর একটানা—কখনো মন্ত্রী, কখনো মন্ত্রী নয় কখনো মন্ত্রী থেকেও দপ্তর নেই, এতবড় ক্ষমতার অধিকারী হয়েও একটা কাজও করতে পারলেন না কলকাতা কর্পোরেশনে। অথচ যখন ভোট আসে, তখনই আপনাদের কওমি তাঞ্জিমের কথা মনে পড়ে। ভারতবর্ষের মধ্যে যখন রাষ্ট্রীয় সন্ত্রাস-এর সাম্প্রদায়িকতা মাথা চাড়া দিয়ে উঠছে, তখন একদিনও কওমি তাঞ্জিমের কথা মনে পড়ে না আপনাদের ? মুখোশের কথা বলছেন ? সত্য করে বলুন তো আপনাদের মুখটা কি ? আপনারা কাদের সমর্থন করতে চান ? ভোগবাদী ভারতীয় সমাজকেই তো ? বলছেন একে এক লড়াই করতে হবে। আজকে ভয় কিসের? আমাদের হাঁটু কাঁপবে কেন ? যদি নীতি থাকে, আদর্শ থাকে, কর্মসূচি থাকে তাহলে মানুষের সামনে নিয়ে আসুন এবং এনে বলুন এই আমাদের কর্মসূচি, আমরা এই করতে চাই। গ্রীকের সেই ঘোড়ার পেটের মধ্যে আপনারা লুকিয়ে আছেন। লুকিয়ে এসে, মুখোশ পরে পশ্চিমবাংলার মানুষকে ধোঁকা দেওয়া যাবে না। স্বাধীনতার পর থেকে দীর্ঘ বছর ধরে যুব-কর্মী, ছাত্র-কর্মী আর শ্রমজীবী জনগণ সংগ্রামের মধ্যে দিয়ে তাদের অভিজ্ঞতা সঞ্চিত শক্তিতে দাঁড়িয়ে আছেন। কাজেই মুখোশ পরে মুখোশের গল্প যতই করুন না কেন, পশ্চিমবাংলার জনগণ আপনাদের চিনে নিয়েছেন, আপনাদের তারা ছাড়বে না। স্যার, কয়েকদিন আগে কাগজে দেখলাম আমাদের এখানে সেনসেক্স বেড়েছে। তখন আমাদের বৈদ্যুতিন মাধ্যম, প্রচার মাধ্যম সবাই মিলে বলছে যে, আমাদের দেশ, আমাদের আর্থিক সঙ্গতি উঠে যাচ্ছে। আপনারা তো অনেকেই রাজনৈতিক ইতিহাসের ছাত্র আছেন, তখন তো বললেন না। আপনারা সাড়ে ৬ বছরের যে রাজত্বটা চালিয়েছেন এবং এখন

সেভাবে চালিয়ে নিয়ে যেতে চাইছেন তাতে আমাদের খাদ্য, স্বাস্থ্য, শিক্ষা, কর্মসংস্থানের সামাজিক অবস্থার সুবিধাটা আমাদের কোথায় বাড়বে একবারও কি মনে রেখেছেন ? যে কর্মসূচিকে আপনারা সমর্থন করেন অথচ মুখে বলেন না, তার ফলে আমাদের সামাজিক অবস্থানের শ্রমজীবী মানুষের মাথার উপরে যে ছাদটা ছিল সেটা ছাড়িয়ে দিয়ে একেবারে ভোগবাদী অর্থনীতির ভুবনায়নের মোহ আমাদের চোখে কাজল বুলিয়ে দিয়েছে। তার ফলে যে অবস্থা দাঁড়িয়েছে, ২৮টা রাজ্যকে নিয়ে যে কেন্দ্রীয় সরকার, তার মধ্যে দাঁড়িয়ে পশ্চিমবাংলা তাদের হাঁটু কাঁপছে না, সোজা হয়ে নিজের পায়ে দাঁড়িয়ে প্রতিটি স্তরে সেই প্রতিবাদ করছেন এবং যে কর্মসূচিকে নিয়ে এই কেন্দ্রীয় সরকারকে আমরা সমর্থন করেছি সেই কর্মসূচি যাতে তারা রূপায়িত করেন সেই জন্য আমরা এগিয়ে যাচ্ছি। আমরা জানি যে, এই ভোগবাদী অবস্থা, যেটাকে আপনারা টেনে এনেছেন, তা ভারতবর্ষের সামগ্রিক অর্থনীতিতে আমাদের কোথায় এনে দাঁড় করিয়েছে। রাষ্ট্রসংঘের মানব সম্পদ উন্নয়ন সূচক, যা তারা প্রকাশ করেছেন, ইন্টারন্যাশনাল মনিটরি ফান্ডের পক্ষ থেকে যে তথ্য তারা প্রকাশ করেছেন—ইন্ডিয়ান প্যাটার্ন অফ ডেভলপমেন্ট— সেখানে যে কথা তারা বলছেন, সেখানে এটা স্বীকার করতে হচ্ছে যে, গত ১৫ বছর ধরে ভারতবর্ষের অর্থনৈতিক উন্নয়নের সূচকটা, মান উন্নয়নের সূচকটা ক্রমান্বয়ে নেমে যাচ্ছে।

[1.45—1.55 p.m.]

১২৭তম অবস্থানে আমরা দাঁড়িয়ে আছি। সেই অবস্থার মধ্যে দাঁড়িয়ে পশ্চিমবাংলার প্রেক্ষাপট যদি বিচার না করি, পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকারের কর্মসূচি যদি বিশ্লেষণ না করি, তাহলে আপনারা ধোঁয়ায় থেকে যাবেন। মানুষের কাছে আপনাদের দায়বদ্ধতা প্রকাশ করুন। আমরা জানি যে কৃষক আজকে যে অবস্থায় উঠে এসেছে সেই অবস্থায় কৃষকের ঘরের সন্তান তারা আজকে স্নাতক হয়ে উঠছে, নতুন প্রজন্ম, নতুন ভারতবর্ষ গড়তে চাইছে। সেই নতুন ভারতবর্ষ গড়ার সাধনায় বামফ্রন্ট সরকার পাখির তীক্ষ্ম চোখের মতো তাকিয়ে, পশ্চিমবাংলার শিল্পকে এগিয়ে নিয়ে যেতে চাইছে। আপনারা বলেছেন যে মহামান্য রাজ্যপাল যে শিল্পের উন্নয়নের কথা বলেছেন, সেটা অসত্য কথা। কোনটা সত্য, কোনটা পথ আপনারা বলুন না। আপনারা বলুন আপনারা কি নীতি নিয়ে চলতে চান ? পশ্চিমবাংলার শ্রমজীবী মানুষের জন্য, মধ্যবিত্ত মানুষের জন্য, গরিব কৃষকের জন্য আপনাদের নীতি কি ? তাদের জন্য আপনারা কি কাজ করতে চান ? আপনাদের নেত্রী লাঙল কাঁধে নিয়ে শহরের রাস্তায় এসে দাঁড়ালেন, তাহলেই পশ্চিমবাংলার কৃষক সমাজ সব ভুলে যাবেন। সেই ছবি তারা চিনতে পারেন। ছবি ছাপিয়ে ভোট পাওয়া যাবে না। পশ্চিমবাংলার কৃষক আপনাদের চিনতে ভুল করবেন না। যখন বাংলার কৃষক জমির লড়াইতে তাদের অধিকার চাইছে, সেচ ব্যবস্থা উন্নত করার জন্য রাষ্ট্র বা রাজ্য তার দায়িত্ব পালন করুন, এই কথা তারা বলছেন, যখন কৃষকরা বলছেন যে আমরা দারিদ্র্যসীমার নীচে আছি, আমাদের হাতটা ধর, স্বাধীন ভারতবর্ষের গণতান্ত্রিক অধিকারগুলো যা আমাদের জন্য অবস্থিত সেখানে আমাদের স্বমহিমায় প্রতিষ্ঠা কর, তখন আপনাদের চেহারা দেখা যায়নি।

এই শ্রমজীবী মানুষগুলোর যন্ত্রণাক্লিষ্ট মানুষগুলোর যন্ত্রণা উপশন করার জন্য তখন কি একদিনও আপনারা পাশে এসে দাঁড়িয়েছেন ? আর এখন লাঙল কাঁধে ছবি তুলে বলছেন আমরা চাষির পাশে এসে দাঁড়াই। আর যাই হোক না কেন, পশ্চিমবাংলার চাষি আপনাদের ক্ষমা করবে না। আমরা জানি, এই ভোগবাদী সমাজে শিল্পকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য যে পথ আমাদের অতিক্রম করতে হবে তা অত্যন্ত কঠিন ও কঠোর। এই পরিস্থিতির মধ্যে শিল্পকে এগিয়ে নিয়ে যাওয়ার পথ আমরা খুঁজছি, সেই পতে আমরা এগোচ্ছি। প্রার্থিত সেই মন্দিরের পথ আমরা ভুলে যাইনি। আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী, যে যে শিল্প প্রকাশিত হওয়ার সুযোগ আছে সেই পথ ধরে এগোনোর চেষ্টা করছেন। সেই পথ ধরেই আমরা এগিয়ে যাচ্ছি। শিল্পের নতুন মানচিত্রে—খাদ্য প্রক্রিয়াকরণের জন্য ফুড পার্ক তৈরি করা হয়েছে। কৃষিজাত শিল্পকে কি করে আরও এগিয়ে নিয়ে যাওয়া যায় তার জন্য হলদিয়াতে ট্রাক কারখানা কোক ওভেন টাটা এই সমস্ত নতুন নতুন প্রকল্প পশ্চিমবাংলার মাটিতে গড়ে উঠেছে। গড়ে ওঠার সুযোগ পাচ্ছে। এর মধ্যে দিয়ে পশ্চিমবাংলার বেকার যুবকদের কর্মসংস্থানের পথ সুগম হবে। আমরা জানি নতুন, নতুন শিল্প নগরী তৈরি হচ্ছে—কর্মসংস্থানের সুযোগ বাড়বে এবং বেকারদের যন্ত্রণার উপশম হয়ে। আজকে হাওড়া, হুগলিতে যে কোক কারখানা তৈরি হচ্ছে তাতে পশ্চিমবাংলার মানচিত্রে আমরা নিশ্চিতভাবে অনেক সমৃদ্ধতর, উন্নততর জায়গায় পৌঁছতে পারব। ইউরাল-রাশিয়া বছরে ৭ হাজার ট্রাক তৈরি করতে পারবে। এর থেকে প্রকাশিত যে আমাদের উন্নয়নের যে পরিধি, সেই পরিধি আরও প্রসারিত হবে। সেই পরিধি আরও বেশি জোরদার হবে। আমাদের চেম্বার অফ কমার্সে গত শনিবার আলোচনা হচ্ছিল যে, ভারতীয় অর্থনীতি কোন পথে যাবে। রাষ্ট্রসংঘের প্রতিনিধি মিঃ সিন্‌হা এখানে এসেছিলেন। তাঁর সঙ্গে আমাদের পশ্চিমবঙ্গের বিখ্যাত অর্থনীতিবিদ ডঃ বাগচীও ছিলেন। তাঁরা আলোচনা করছিলেন যে, ভারতীয় অর্থনীতি কোন পথে যাবে ? এটা কি কালিফোর্নিয়ার পথে যাবে। কাজেই আপনারা তো জানতে পারবেন যে, আমাদের যে কর্মসূচি, আমাদের পশ্চিমবঙ্গে শিল্পকে এগিয়ে নিয়ে যাওয়ার যে পথ আমরা বেছে নিয়েছি, সেই পথের মধ্য দিয়েই সকলকে নতুনভাবে অংশগ্রহণ করতে হবে। আপনারা বুঝতে পারবেন যে, সারা দেশের অন্যান্য রাজ্যের থেকে আমাদের রাজ্যের চাষিদের এখন আত্মহত্যা করতে হয় না। সারা ভারতের অন্যান্য রাজ্যের তূলা চাষিরা আত্মহত্যা করছে যখন, ঠিক সেই সময় আমাদের দেশের কোটিপতির সংখ্যা ১৭,০০০ ছাড়িয়ে গেছে। আমাদের দেশে এখনও ৩০ কোটি মানুষ দারিদ্র্যসীমার নিচে বসবাস করছে। এই অবস্থার মধ্যে দাঁড়িয়ে আমাদের পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার শ্রমজীবি মানুষকে সঙ্গে নিয়ে এগিয়ে যেতে চাইছেন। অথচ অন্যান্য রাজনৈতিক দল এখনও আমাদের সমালোচনা করে চলেছেন। এখানে কালিফোর্নিয়া অর্থনীতির ভোগবাদকে প্রতিষ্ঠিত করার বিরুদ্ধে যখন বিক্ষোভের সৃষ্টি হচ্ছে, তখন দেখা যাচ্ছে যে, আপনারা ক্ষেপে যাচ্ছেন। সাম্রাজ্যবাদী মানুষরা যখন দেখবে যে, আমরা বাজার দুনিয়া দখল করার মতো জায়গায় পৌঁছে গেছি, তখন তারা উৎকণ্ঠিত হয়ে পড়বে। তারা অসহিষ্ণু হয়ে পড়বে। তাই তারা পশ্চিমবঙ্গের

বামফ্রন্ট সরকারকে এবং বামফ্রন্ট সরকারের মুখ্যমন্ত্রীকে অপমান করতে চাইছে অথচ আপনারা একদিনও কি এর বিরুদ্ধে প্রতিবাদ করেছেন ? অন্য রাষ্ট্রের প্রতিনিধি আমাদের দেশের আভ্যন্তরীণ নীতি নিয়ে আমাদেরকে উপদেশ দিতে চাইছেন। এতবড় স্পর্ধা হওয়া কখনোই উচিত নয়। এটা আমাদের সারা ভারতবর্ষের অপমান। এটা শুধু আমাদের রাজ্যের নয়, সারা দেশের অপমান। ইরাক, ইরান ধ্বংস করে দেওয়ার পরেও এই সাম্রাজ্যবাদীদের বিরুদ্ধে একটা কথা উচ্চারণ করার মত সৎ সাহস আপনাদের হয়নি। আপনারা নিজেদের বিলিয়ে দিয়েছেন। অন্য রাষ্ট্রের প্রতিনিধি আমাদের অপমান করবে, আর আমাদের দেশের মানুষকে তা মাথা নিচু করে সহ্য করতে হবে, এটা কখনোই সম্ভব নয়। পশ্চিমবঙ্গের মানুষের মেরুদণ্ড কত সোজা এবং সতেজ আছে, তা এই ঘটনাই প্রমাণ করেছে। আমরা সঠিক পথেই এগিয়ে যেতে চাইছি। স্যার, আপনি জানেন যে, আমাদের যে উন্নয়নের ধারা, সেই ধারাকে সঙ্গে নিয়েই আমরা পুনরায় আগাম সপ্তম বামফ্রন্টের পদধ্বনি শুনতে পাচ্ছি। সেই পদধ্বনির মধ্যে দাঁড়িয়ে যখন আমরা এগোতে চাইছি, তখন আমাদের বিরোধী দলের বন্ধুদের কোনো নীতি নেই, কোনো কর্মসূচি নেই, শ্রমজীবী বেকার মানুষদের জন্য কোনো নির্দিষ্ট রূপরেখা নেই। তারা শুধুমাত্র সমালোচনার জন্য সমালোচনা করে চলেছেন। আমরা কি সংখ্যালঘু, কি প্রান্তিক মানুষ, কি তফসিলি মানুষ, সমস্ত অংশের মানুষকে সংঘবদ্ধ করে তাদেরকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য আমরা এক বলিষ্ঠ পদক্ষেপ নিয়েছি। আমাদের এখানে বিচ্ছিন্নতাবাদী শক্তি তার দোসরদের নিয়ে যখন বিভিন্ন জায়গায় আক্রমণ করতে চাইছে, তখন এই বিচ্ছিন্নতাবাদী শক্তির কত অংশ আপনাদের মানুষকে আক্রমণ করতে পেরেছে ?

[1.55—2.05 p.m.]

আমাদের জেলা পরিষদের সভাধিপতি থেকে শুরু করে, আমাদের পার্টির সর্বোচ্চ জেলা নেতৃত্ব থেকে শুরু করে বিভিন্ন স্তরের আমাদের কর্মীদের যখন তারা আক্রমণ করছে, তার বিরুদ্ধে আপনারা তো প্রতিবাদ করলেন না। আপনারা তো বলছেন না, কেন তাদের উপর আক্রমণ হবে ? রাজনৈতিক মতপার্থক্য থাকতেই পারে, রাজনীতি করার জন্য যদি একজন রাজনৈতিক কর্মী আক্রান্ত হন এবং সেই আক্রমণকারীদের বিচ্ছিন্নতাবাদী মানসিকতার মধ্যে দাঁড়িয়ে আক্রমণের বিরুদ্ধে আপনারা প্রতিবাদ করেন না। এর মধ্যে দাঁড়িয়ে পাহাড়ে সুভাষ ঘিসিং থেকে শুরু করে জি.এন.এল.এফ.কে রাজনৈতিকভাবে তাদের যতটুকু সঠিকভাবে ষষ্ঠ তফসিলের অন্তর্ভুক্তিকরণের যে দাবি সেই দাবিকে সমর্থন করে আমাদের রাজ্যের মানুষকে আমরা ঐক্যবদ্ধ রাখার চেষ্টা করেছি। আর আপনারা কি করেছেন ? যখন উত্তরবঙ্গে গ্রেটার কোচবিহারের দাবির জন্য আন্দোলন হয়েছিল তখন আপনারা উল্লাসিত হয়েছিলেন এবং আপনাদের নেতৃত্ব সেখানে গিয়ে বলেছিলেন গ্রেটার কোচবিহার হয়ে গেছে। ২৯ বছর ধরে বামফ্রন্ট সরকার ঐক্যবদ্ধভাবে উন্নয়নের যে কাজ করেছেন সেই কাজের কি প্রাণশক্তি নেই ? তাই সেই আন্দোলন ধসে পড়েছে। কি হল ?

গ্রেটার কোচবিহার আন্দোলনকে আমাদের শ্রমজীবী সাধারণ মানুষ ঐক্যবদ্ধভাবে সম্পূর্ণভাবে তার মোকাবিলা করেছেন, মানুষ বুঝতে পেরেছেন যে, তারা ভুল পথে যাচ্ছিল। পশ্চিমবঙ্গকে সন্ত্রাসবাদের ক্ষেত্রে মৃগয়াক্ষেত্র করা চলবে না। পশ্চিমবঙ্গের দক্ষিণ বাংলার মধ্যে বাঁকুড়া, পুরুলিয়ায় দাঁড়িয়ে সেখানে মাওবাদী ও অন্যান্য বিচ্ছিন্নতাবাদী শক্তি যারা গোলমাল পাকাতে চাইছে তার বিরুদ্ধে আমরা সাধারণ মানুষকে সঙ্গে নিয়ে এগিয়ে চলেছি, সাধারণ মানুষ, শ্রমজীবী মানুষের পাশে থাকতে চাইছি। সেজন্য যাঁরা কাজ করে এগিয়ে যেতে চাইছেন তার বিরুদ্ধে যেখানে প্রতিরোধ হচ্ছে সেখানেই সাধারণ মানুষ সেই প্রতিরোধের মোকাবিলা করছেন ঐক্যবদ্ধভাবে, আর আপনারা তাতে আতংকিত হয়ে পড়ছেন। আমি মনে করি, আমাদের আর্থিক স্বচ্ছলতা, সবলতা যদি আরও বাড়াতে হয় তাহলে শুধু শহর কেন্দ্রিক হয়ে থাকলে চলবে না, তাকে প্রসারিত করতে হবে। সেজন্য গ্রামবাংলাকে নগরোন্নয়নের জায়গায় নিয়ে এসে তার উন্নয়নকে আরও তুলে ধরার জন্য নগরোন্নয়ন দপ্তরের ভারপ্রাপ্ত মাননীয় মন্ত্রী মহাশয় নতুনতর পরিকল্পনাগুলোকে বাস্তবায়িত করছেন এবং বাস্তবায়িত হচ্ছে। স্বাভাবিকভাবে গ্রামবাংলা সম্পূর্ণভাবে পাল্টে যাচ্ছে, গণতন্ত্রের প্রসারিকরণ করে আমরা ২৯ বছর ধরে যে কাজ করে আসছি, তাকে আরও এগিয়ে নিয়ে যাওয়ার জন্য চেষ্টা করছি। আগে দেখা যেত গ্রামে যেসব রাজনৈতিক নেতৃত্ব শক্তি হিসেবে সামনে এগিয়ে আসতেন, তাঁরা কেউ জমিদার ছিলেন, কেউ জোতদার ছিলেন, তা না হলে হোলসেল মালিক ছিলেন। কিন্তু এখন গ্রামে যেসব রাজনৈতিক নেতৃত্ব শক্তি হিসেবে সামনে আসছেন তাঁরা হচ্ছেন ঠেলাওয়ালা, দর্জি, সাধারণ শ্রমজীবী মানুষ বা সাধারণ প্রান্তিক চাষি—যাঁরা আগে মাথা নিচু করে সেলাম জানাতেন তাঁরাই আজকে মাথা উঁচু করে দাঁড়িয়ে আছেন। আজকে গণতন্ত্রের বিন্যাসের প্রতীক হিসেবে, গ্রামবাংলার শক্তি হিসেবে, গণতন্ত্রের আধার হিসেবে শ্রমজীবী মানুষ, সাধারণ মানুষ উঠে আসছেন। এই উঠে আসা এমনি এমনি শুধু মাত্র বক্তৃতা করে হয় না, লাগাতারভাবে হাজার হাজার শ্রমজীবী মানুষ, সাধারণ মানুষের পাশে আমরা দাঁড়িয়ে আছি এবং তারা মানুষের পাশে আছে এবং ২৪ ঘণ্টা, ৩৬৫ দিনই আমরা তাদের পাশে আছি। তাই আমাদের ভয় পাওয়ার কিছু নেই, আমাদের হাঁটু কাঁপবে না। আপনারা আমাদের বিরুদ্ধে যতই প্রচার করুন, আমাদের যতই ভয় দেখান, তাতে আমাদের হাঁটু কাঁপবে না। কারণ আমাদের শক্তি আমাদের জনগণ এবং আমাদের শক্তি এই জনগণ তাঁরাও জানেন শত্রু কে, আর মিত্র কে। মাননীয় রাজ্যপাল মহাশয়ের ভাষণে উপর যে ধন্যাবদ জ্ঞাপক প্রস্তাব এসেছে আমি সেই ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাবকে আবার সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী নেপাল মাহাতো : মিঃ স্পীকার স্যার, মহামান্য রাজ্যপাল শ্রী গোপালকৃষ্ণ গান্ধী মহাশয় যে ভাষণ দিয়েছেন সেই ভাষণের বিরোধিতা করে এবং বিরোধীদের আনা যে অ্যামেন্ডমেন্টগুলি আছে সেগুলিকে সমর্থন করে দু-চারটি কথা বলছি। আমি এই বিধানসভায় ৪/৫ বছর বিধায়ক হিসাবে মাননীয় রাজ্যপালের ভাষণ শুনছি এবং পড়ছি। এবারের রাজ্যপলের ভাষণের মধ্যে একটা বিষয়ে খুব সত্যি কথা লেখা আছে। একটু

আগে মাননীয় বিধায়ক বলছিলেন পুরুলিয়া বাঁকুড়ার কথা। মাননীয় রাজ্যপাল খুব সত্যি কথা বলেছেন তার বক্তব্যে, তিনি বলেছেন এই এম.সি.সি., মাওবাদীদের কার্যকলাপ মোকাবিলায় রাজ্য সরকার এইসব প্রত্যন্ত এলাকার অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়া মানুষের সার্বিক আর্থ-সামাজিক উন্নয়নেই গুরুত্ব আরোপ করেছে এবং এই প্রকল্পগুলিতে কঠোর নজরদারির ব্যবস্থা করা হচ্ছে। আপনারা আজকে সেখানে উন্নয়নের জন্য গুরুত্ব আরোপ করেছেন এবং চেষ্টা করছেন। আজ ২৯, ৩০ বছর ক্ষমতায় থাকা সত্ত্বেও ওখানে কোনো উন্নয়ন হয়নি, এই কথাটা মাননীয় রাজ্যপাল অকপটে স্বীকার করেছেন। তাই আজকে আপনার মাধ্যমে জানাতে চাই মাননীয় বিধায়ক বলছিলেন মাওবাদী, এম.সি.সি.-দের কথা। একজন বিরোধী দলের নেতাকে হত্যা করে যে কাজ তারা করেছে আমরা সবাই তার বিরোধিতা করছি, কিন্তু প্রশ্ন হচ্ছে এই ঘটনা ঘটছে কেন ? এই ঘটনা ঘটার পিছনে কি কি কারণ আছে ? এর আগেও বহুবার এই ঘটনা ঘটেছে। এখন পুরুলিয়া, পশ্চিম মেদিনীপুর, বাঁকুড়ার পরিস্থিতি আপনারা জানেন ওইসব এলাকায় উন্নয়ন হয়নি। বান্দোয়ানে এই ১ বছর হলো সেখানে অ্যাম্বুলেন্স পরিষেবা চালু হয়েছে। বান্দোয়ান থেকে পুরুলিয়া সদর হাসপাতারে দূরত্ব হচ্ছে ৮৫ কিলোমিটার। তারপরে অন্নদয় যোজনা এবং আন্ত্যোদয় যোজনার কথা বলি, যে যোজনার মাধ্যমে গরিব মানুষ বিশেষ করে আদিবাসী অধ্যুসিত এলাকার মানুষদের চাল, ডাল পেয়ে উপকৃত হওয়া কথা। আজকে আপনারা ডিস্ট্রিক্ট কন্ট্রোলারের সঙ্গে দেখা করুন এবং একজন সাধারণ বেনিফিসিয়ারির সঙ্গে কথা বলুন দেখবেন এই দুইয়ের মধ্যে আকাশ-পাতাল তফাত হচ্ছে তাদের স্টেটমেন্টে। একজন বেনিফিসিয়ারির টোটাল যে ইউনিট অর্থাৎ সাড়ে ১৭ প্লাস সাড়ে ১৭ মোট ৩৫ ইউনিট পাওয়ার কথা প্রত্যেকটি জায়গাতে। কিন্তু প্রত্যেক জায়গা এম.আর.ডিলার., ডিস্ট্রিক্ট কন্ট্রোলার, ফুড অফিসারদের লোকদের সঙ্গে তথাকথিত সি.পি.এম. নেতাদের যোগাযোগ রয়েছে, তাই এখনও পর্যন্ত কোন গরিব মানুষ তার টোটাল ইউনিট যে চাল, গম ওইসব এলাকায় পাওয়ার কথা সেটা তারা পায় না। আরও আশ্চর্যের ব্যাপার যেখানে বলা হয়েছে গরিব মানুষদের খাবারের জন্য বয়েলড্ রাইস দিতে হবে—আপনারা জানেন পশ্চিম মেদিনীপুর, পুরুলিয়া ওইসব এলাকায় গরিব মানুষ যে চাল খায় সেটা কখনই র রাইস বা আতপ চাল হতে পারে না। কিন্তু দুঃখের বিষয় আমরা বারে বারে বলা সত্ত্বেও ওইসব এলাকায় আতপ চাল সাপ্লাই করা হচ্ছে এবং যা দেওয়া হচ্ছে তাও আবার ওজনে কম। ডি.এম. বলছেন আমার দ্বারা সম্ভব নয় যেভাবে চুরির পরিকাঠামো তৈরি করা হয়েছে তা থেকে একে বের করা। আজকে আপনারা উন্নয়নের কথা বলছেন, আজকে ওই এলাকায় যান ইতিমধ্যেই একটা নতুন ঘটনা ঘটছে, ঝাড়খন্ড এলাকা থেকে রাস্তার কুকুরদের অজ্ঞান করে এখানে এনে ছেড়ে দেওয়া হচ্ছে এবং এই দু-আড়াই মাসের মধ্যে বান্দোয়ান—ঝালদা বর্ডার এরিয়াতে সেখানে গরিব মানুষদের কুকুর কামড়ানোর ফলে তাদের ইনজেকশন নেওয়ার জন্য লম্বা লাইন দিতে হচ্ছে। কোথাও ইনজেকশন পাওয়া যাচ্ছে না। সি.এম.ও.এইচ. বলছেন ৩টি কোম্পানি এই ইনজেকশন সাপ্লাই করে।

[2.05—2.15 p.m.]

তিনটি কোম্পানি, এর মধ্যে দুইটি কোম্পানি বলেছে, আমরা সাপ্লাই বন্ধ করেছি। সেটা মাননীয় মন্ত্রী জানেন, পশ্চিমবঙ্গের হেলথ ডিপার্টমেন্টের ডাইরেক্টর যিনি আছেন, তিনিও জানেন। কিন্তু পুরুলিয়ার সি.এম.ও.এইচ. জানে না। পুরুলিয়ার গরিব মানুষগুলি ইঞ্জেকশন, ওষুধ কিনতে পারছে না। আপনারা স্ট্যাটিসটিক্স দেখুন, দেখবেন, গত ১৫/২০ দিন ধরে ৩/৪ হাজার লোক ৪টি স্বাস্থ্যকেন্দ্রে লাইন দিয়ে দাঁড়িয়ে আছে। তার মধ্যে ১০/১৫ জন ভ্যাকসিন পান, বাকিরা পান না, ফলে অবশ্যম্ভাবী জলাতঙ্কে মৃত্যু হবে। এর জন্য উপায় কি ? আপনারা উন্নয়নের কথা বলছেন ; পুরুলিয়া, বাঁকুড়া, মেদিনীপুরে উন্নয়নের কথা বলা হচ্ছে। উন্নয়নের অভাবে সেখানে বিভিন্ন রকম কার্যক্রম শুরু হচ্ছে। সেখানে গণতান্ত্রিক প্রক্রিয়া বলে কিছু নেই। কোনো ব্যাপারে, কোনো অফিসারের কাছে যদি প্রতিবাদ জানান হয়, তিনি তার কোনো রকম গুরুত্ব দেন না। পঞ্চায়েতি ব্যবস্থার মাধ্যমে যে সমস্ত উন্নয়নের কাজের কথা বলা হয়েছে, এখানে অনেক বড় বড় কথাও বলা হচ্ছে, বিধানসভার বাইরে গিয়ে বলবেন, পঞ্চায়েতি ব্যবস্থা এমন সুন্দরভাবে সেখানে কার্যকরি করা হচ্ছে, পঞ্চায়েতের কয়েকজন সদস্য ও কমরেড ছাড়া কেউ এর উপকার পাচ্ছে না। এখন পর্যন্ত ইন্দিরা আবাস যোজনায়, অন্নপূর্ণা অন্ত্যোদ্বয় যোজনায় কয়েকজন ফিক্সড লোক আছে, তাদের কাছে ছাড়া ডিস্ট্রিবিউট হয় না। আপনারা ২৯ বছর রাজত্ব করার পর ভাবছেন, এই এলাকার উন্নয়নের দায়িত্ব কার, কংগ্রেসের, তৃণমূল কংগ্রেসের, বি.জে.পি.-র কার ? আপনারা বিভিন্ন অভিযোগ আনছেন। আপনারা ত্রিশ বছর ধরে সেখানে কিছু করতে পারেননি, উল্টে বিরোধীদের ঘাড়ে দোষ চাপাচ্ছেন। অরিজিনাল রিয়েলিটি কি ? কি তার কারণ ? আপনারা এর জন্য আলোচনা করুন সবার মতামত নিন। কেন এটা হবে ? আপনাদরে পুলিশ প্রশাসন সেখানে আছে, তাদের বক্তব্য কি ? সেটা আপনার দেখেছেন ? মাননীয় ডি.জি. সাহেব বলছেন, সি.পি.এম.-এর নেতারা একটা ঘরে এক রাত্রের বেশি যেন না ঘুমায়, এটা প্রশাসনের কথা ! এই রকম যদি পুলিশ প্রশাসনের বক্তব্য হয়, কোথায় সিকিউরিটি, কিভাবে প্রশাসন চলছে ? আপনারা তো অনেক বড় বড় কথা বলেছেন তাই স্যার, আমি আপনার মাধ্যমে বলতে চাই, এই ব্যাপারগুলি সরকারের পক্ষ থেকে ভালোভাবে দেখা উচিত। সর্বশিক্ষা অভিযানের উপর এখানে বক্তব্য রাখা হয়েছে। সর্বশিক্ষা অভিযান আমাদের একটা লজ্জা। পশ্চিমবঙ্গের গোটা রাজ্যের থেকে যেখানে সর্বশিক্ষা অভিযানে কেন্দ্রের টাকা ফেরত গিয়েছে, সেটা আপনারা আমাদের থেকে ভালো করে জানেন। কেন ফেরত যাবে ? সর্বশিক্ষা অভিযান একটা স্বপ্ন বেকার ছেলেদের কাছে, তাদের মনে আশার আলো দেখা গিয়েছিল। দেখা গেল কি, শুধুমাত্র টেকনিক্যাল ডিফেক্টের জন্য প্রশাসনের যারা উপরতলায় বসে আছেন, ডি.আই, ডি.পি.ই.পি. প্রজেক্ট অফিসার যারা আছেন, তাঁরা ভালো করে আইনটা জানেন না। কিভাবে কাজটা করতে হবে। আজকে দেখা গেল বিভিন্ন জায়গায় শতকরা ৩০ থেকে

৪০ ভাগ যেখানে নিয়োগ করেছিলেন, তাদের কি হল ? এটার জন্য দায়ী কে ? প্রশাসনের দুর্বলতা আছে কি না সেটা দেখতে হবে। তার কারণ পশ্চিমবাংলা থেকে ১৪৫ কোটি টাকা ফেরত যাচ্ছে। আমরা পুরুলিয়া জেলায় লক্ষ করলাম, গত বছরে সর্বশিক্ষা অভিযানে মাত্র ১৯ জন ছেলের অ্যাপয়েন্টমেন্ট হয়েছিল মাধ্যমিক স্কুলে। যেহেতু ১৯ জন ছেলে তারা কংগ্রেসি মনোভাবাপন্ন, সেই জন্য আমি আপনার মাধ্যমে জানাতে চাই, তাদের এখন পর্যন্ত বেতন দেওয়া হয়নি। কিন্তু পুরুলিয়া জেলায় সর্বশিক্ষা অভিযান-এর এই হচ্ছে পরিস্থিতি। পাশের রাজ্য থেকে সবাই খবর নিয়ে আসছেন ঝাড়খন্ড থেকে সর্বশিক্ষা অভিযানে প্রচুর ছেলে কাজ করছে, তাদের অ্যাপয়েন্টমেন্টটা দেখুন। তাদের অ্যাপয়েন্টমেন্টে একটা প্রসিডিউরাল সিমপ্লিসিটি আছে, কোনো রকম দলবাজি নেই। কিন্তু এখানে আপনাদের দলের লোক হওয়া চাই প্রথমত, তারপর আপনাদের গ্রুপ অনেকগুলি আছে, তাদের জন্য কতকগুলি নিয়ম আছে। তারপর ফরওয়ার্ড ব্লক, আর.এস.পি.-র মধ্যে ভাগ-বাটোয়ারা হওয়া চাই। এখন এইসব প্রক্রিয়া করতে গিয়ে সর্বশিক্ষা অভিযান নামে যে প্রকল্প সেই প্রকল্প মুখ থুবড়ে পড়েছে পুরুলিয়া জেলায়। পুরুলিয়া জেলায় এর কোনো অস্তিত্ব নেই আর আপনারা এখানে উন্নয়ন নিয়ে বড় বড় কথা বলছেন ? আপনারা শিক্ষার উন্নয়ন নিয়ে কথা বলছেন ? সারা পশ্চিমবঙ্গে যতগুলি জেলা আছে তার মধ্যে বেশিরভাগ জেলাতেই ইঞ্জিনিয়ারিং এবং মেডিক্যাল কলেজ আছে। কিন্তু পুরুলিয়া জেলায় আছে ? এই জেলায় এখানো পর্যন্ত কি খোলার সময় হয়নি ? অথচ পুরুলিয়া জেলার পাশে বোকারো, রাঁচি, জামসেদপুর, মুরিতে ছেলেরা ইঞ্জিনিয়ারিং পড়ে পাশ করে চাকরি পাচ্ছে। কিন্তু এখানে কোনো পরিকল্পনা করতে পারেননি। এই জেলায় যে প্রয়োজন আছে সেটা এখনো পর্যন্ত আপনারা উপলব্ধি করতে পারেননি। শিক্ষার ক্ষেত্রে আদার ব্যাকওয়ার্ড ক্লাসের রিজারভেশন ৭ পারসেন্ট দেওয়া হল এবং এই দেওয়াটা বিভিন্ন প্রক্রিয়ার মাধ্যমে হয়েছিল। এই নিয়ে ক্যাবিনেট মিটিং ২০ বার হয়েছিল। ওইসব মিটিং-এ অনেক মন্ত্রী অনেক রকম কথা বলেছিলেন। বিধানসভায় সর্বসম্মতিকক্রমে পাশও হয়েছে। আপনারা বলেছিলেন, শিক্ষা ক্ষেত্রে আদার ব্যাকওয়ার্ড ক্লাসের রিজারভেশন ৫ বছরের মধ্যে দেব। জ্যোতিবাবু যখন মুখ্যমন্ত্রী ছিলেন তখন বলেছিলেন দেব বলে। ৫ বছর তো কমপ্লিট হয়ে গেল, আজও পর্যন্ত দিতে পারেননি, ইচ্ছাকৃতভাবে কিনা জানি না। আজকে মাওবাদী অ্যাকটিভিটিজ কোথায় ? যেসব এলাকায় গরিব মানুষরা আছেন, যেখানে এস.সি., এস.টি. এবং ব্যাকওয়ার্ড ক্লাসের লোকেরা থাকেন। আপনারা তো বিভিন্ন প্রক্রিয়ার মাধ্যমে এদের জন্য অনেক উন্নয়ন সাধিত করেছেন বলেন। বাস্তবে কি তা হচ্ছে ? এখনো কি আপনাদের অ্যানালাইজ করার সময় আসেনি ? আপনারা ভাষণে বলেন, ৩০ বছর ধরে অনেক উন্নয়ন করেছি। আর কতদিন সময় লাগবে ? উচ্চশিক্ষার ক্ষেত্রে কিছুদিন আগে মাননীয় অর্থমন্ত্রী ঘোষণা করেছিলেন সারা পশ্চিমবঙ্গে যতগুলি জুনিয়ার হাইস্কুল আছে সেগুলিকে হাইস্কুল করা হবে। আপনারা বলেছিলেন, ওইসব স্কুলগুলিকে ১ বছরের মধ্যেই করা হবে। ঘোষণা হওয়ার পর ১ বছর অতিক্রান্ত হয়ে গেল, বাস্তবে কি হয়েছে ? আপনারা বিধানসভায় ভাষণ দিয়েছেন, রাজ্যপালের ভাষণে

উল্লেখ করেছিলেন, কিন্তু বাস্তবক্ষেত্রে তা হয়নি। খালি পার্টিগত যে লিস্ট এসেছে সেই লিস্ট ছাড়া আর কোনো জুনিয়ার স্কুল হাইস্কুলে রূপান্তরিত হয়নি। এগুলি কি পক্ষপাতিত্ব নয় ? এইরকম পরিস্থিতির মধ্য দিয়ে আমরা চলছি। এরপর আর.এস.ভি.ওয়াই. স্কিম অর্থাৎ রাষ্ট্রীয় শ্রম বিকাশ যোজনা এটা পুরুলিয়া জেলায় আছে। এই স্কিমের মাধ্যমে প্রচুর সেচের ব্যবস্থা করা যায়। কিন্তু আজ কি দেখছি ? আর.এস.ভি.ওয়াই. স্কিম ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের উপর দায়িত্ব দেওয়া আছে। তিনি বিভিন্নভাবে কাজ করার চেষ্টা করছিলেন। কিন্তু জেলা পরিষদ ইন্টারফেয়ার করার পর ওই স্কিম বন্ধ হয়ে গেছে, এক টাকাও খরচ করা যায়নি পুরুলিয়া জেলায়। এই আর.এস.ভি.ওয়াই. স্কিম সারা পশ্চিমবঙ্গের ৩/৪টি জেলায় আছে। যতদূর জানি, এই বড় পরিকল্পনার টাকা সম্পূর্ণ দিল্লির, কিন্তু পুরোপুরি বন্ধ হয়ে গেল, কোনো রকম কাজ হচ্ছে না শুধুমাত্র টেক্‌নিক্যাল ডিফিকালটির জন্য। জেলা পরিষদ এবং এস.এ.ই.র. ইন্টারফেয়ারেন্স এবং ডিস্ট্রিক্ট অ্যাডমিনিস্ট্রেশনের গাফিলতির জন্য সমস্ত কাজ পুরোপরি বন্ধ হয়ে গেছে। এগুলি অ্যানালিসিস করার সময় আসেনি ? এগুলি কি বলা উচিত নয় ? প্রকৃত ঘটনার কথা আমাকে তুলে ধরতেই হবে।

[2.15—2.25 p.m.]

আমরা আজকে কোন জায়গাতে আছি। পঞ্চায়েতের মাধ্যমে যে প্রক্রিয়াকরণগুলো হচ্ছে, কোথায় আমাদের অসুবিধা আছে তার সঠিক মূল্যায়ন আপনারা করছেন না। যেহেতু পঞ্চায়েতের মাধ্যমে আপনাদের ভোটের প্রক্রিয়া চালু আছে, তাই আপনারা সেদিকে বেশি লক্ষ রাখছেন। স্বাধীনতা সংগ্রামীদের কথা বলা হচ্ছে, স্বাধীনতা সংগ্রামীদের জন্য কিছু টাকা আপনারা বাড়িয়েছেন। গতবার আপনারা এ ব্যাপারে একটা স্টেটমেন্ট দিয়েছিলেন, এখন একটা ভালো ব্যবস্থা চালু হয়েছে। বিভিন্নভাবে বলা হচ্ছে টাকার যে সমস্যা ছিলো, সেটা দূর হয়েছে। অনেক কাজে এমবার্গো ছিলো, সেগুলো দূর হচ্ছে। কোনো জায়গাতেই আর টাকা-পয়সার কোনো অভাব নেই। কিন্তু বাস্তবে দেখা যাচ্ছে এক্ষেত্রে কোনো পেনশন অর্ডার বেরোলেও অনেক সমস্যার সম্মুখীন হতে হচ্ছে। আপনি ট্রেজারিতে যান, কপি নিয়ে যান, সেখানে গেলে আপনাকে বলবে আপনার কাগজ এখনো আসেনি। এক মাস পরে গেলেও সেই একই কথা শুনবেন। এই করে করে ৭/৮ মাস কেটে যাবে। ট্রেজারিতে কোনো পোস্ট অফিসের মাধ্যমে চিঠি যায় ? ক্যান্ডিডেটের হাতে সরাসরি চিঠি গেলো অথচ ট্রেজারি অফিস চিঠি পাচ্ছে না। এইভাবে সমস্ত বিষয়টি ৭/৮ মাস ধরে ঝুলতে থাকবে। আমাদের ওখানে একজন স্বাধীনতা সংগ্রামীর কাছে এ রকম কাগজ আছে, অথচ ট্রেজারি কোনো চিঠি পায় না, আর ট্রেজারির টাকাও পাওয়া যায় না। যাঁরা এ রকম গুরুত্বপূর্ণ ব্যক্তি তাঁদের নিয়ে এ রকম ছিনিমিনি খেলা উচিত নয় বলেই আমি মনে করি। আজকে শিল্প নিয়ে অনেক কথা বলা হচ্ছে। এই প্রসঙ্গে অনেক বড় বড় আওয়াজ আমরা শুনতে পাচ্ছি। বড় বড় কথা কাগজে শিল্প নিয়ে লেখা হচ্ছে। প্রকৃতপক্ষে হলদিয়া আর মিৎসুবিসি ছাড়া কোনো বড় শিল্প এখানে গড়ে ওঠেনি। বেশিরভাগটাই ছোট শিল্প এবং তার বিনিয়োগের পরিমাণ ১ থেকে ১০ কোটি টাকার মধ্যে। ক্রমশ ছোট শিল্পগুলো বন্ধ হয়ে যাচ্ছে। বিড়ি শিল্প, আমার ওখানে পুরুলিয়াতে লাক্ষা শিল্প এক সময় বিখ্যাত শিল্প ছিল। এই শিল্প পুরোপুরি বন্ধ হয়ে

গেছে। এই শিল্প এখন পাশের রাজ্যে চলে গেছে। লাক্ষা শিল্পকে পুনরুদ্ধারের জন্য কোনো পরিকল্পনা নেওয়া হচ্ছে না। এই শিল্পের প্রতি সরকার চরম খারাপ মনোভাব নিয়েছে। পুরুলিয়া জেলার ৩/৪টি জায়গায় লাক্ষার প্রচুর চাষ হয়, আজ থেকে প্রায় ৩০/৩৫ বছর আগে এই শিল্পের একটা বিশেষ নাম ছিল। ইন্টারন্যাশানালে এই শিল্প খুব জনপ্রিয় ছিল। আজকে রাজ্যপালের ভাষণে তার কোনো উল্লেখ দেখলাম না। তথ্য প্রযুক্তি ক্ষেত্রে আপনারা অনেক দেরিতে রিয়েলাইজেশন করেছেন, আপনারা অনেক দেরিতে কম্পিউটার চালু করেছেন। এ জন্য আপনারা আজকে পিছিয়ে পড়েছেন। এখন আপনারা বুঝেছেন যে কম্পিউটার শিক্ষার দরকার। কল্যাণীতে কম্পিউটার শিক্ষা কেন্দ্র গড়ার কথা বলছেন। আপনারা দেরি না করলে এই ক্ষেত্রে অনেক ডেভলপ করতে পারতেন। কম্পিউটার শিক্ষা ছাড়া ইনফরমেশন টেকনোলজিতে কাজ পাওয়া অসুবিধাজনক। কৃষির ক্ষেত্রের আমরা দেখেছি পার হেক্টর উৎপাদনে ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গ চতুর্থ স্থানে আছে। আমরা যাকে পিছিয়ে পড়া রাজ্য বলে জানি, সেই উড়িষা এক্ষেত্রে পঞ্চম স্থানে আছে। আর ধান নিয়ে আপনারা বলছেন, আমরা তো কংগ্রেসের সময় থেকে বরাবরই ধানে উৎপাদনে প্রথম স্থান দখল করে আসছি। যেহেতু আমরা বেশি জায়গাতে ধান লাগাই, তাই ধান উৎপাদনে আমরা প্রথম স্থানে আছি। প্রথম প্রথম আপনাদের প্রডাকশন রেট ঠিক ছিল, পরবর্তীকালে সেই রেট কমতে শুরু করেছে। আপনারা লক্ষ্যমাত্রা পূরণ করতে পারেন নি।

(এই সময় মাইক বন্ধ হয়ে যায়)

শ্রী পরেশ অধিকারী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মহামান্য রাজ্যপাল এই বিধানসভায় যে ভাষণ দিয়েছেন আমি তাকে পূর্ণ সমর্থন করে এই বিষয়ের উপর কয়েকটি কথা বলতে চাই। আমার আগে দুজন বিরোধী বন্ধু বক্তব্য রাখলেন। শোভনদেববাবু প্রথমে বললেন যে রাজ্যপালের ভাষণ, এটা সরকারের সাজানো এবং অসত্য কথায় ভরা। নেপালবাবুকে ধন্যবাদ জানাই তিনি উঠে দাঁড়িয়ে প্রথমে বললেন যে রাজ্যপালের ভাষণে সত্য কথা লেখা আছে। তিনি এই কথা উল্লেখ করেছেন। উনি বলেছেন যে পুরুলিয়া জেলা অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়া জেলা, এই সত্য কথা এখানে লেখা আছে। আমি এবার শোভনদেববাবুর কথায় ফিরে আসি। শোভনদেববাবু বলেছেন আমাদের এই রাজ্যে পর্যবেক্ষক আসার ফলে নাকি অনিলবাবুর এবং বুদ্ধদেববাবুর পা কাঁপছে। উনি হয়তো জানেন না, কাগজে বার হয়েছে যে অনিলবাবু আহ্বান জানিয়েছেন আগামী বিধানসভা নির্বাচন পর্যন্ত এই পর্যবেক্ষকদের এই রাজ্যে থাকার জন্য। আমি এই কথা বলব বিরোধী বন্ধুদের যে আগামী সপ্তম বামফ্রন্ট সরকার এখানে যে আসছে সেই দিন ওনারা নিজেরা যেন এই পর্যবেক্ষকদের এখানে থাকার জন্য আহ্বান জানান। এই কথাটা আমি উল্লেখ করছি। তিনি এখানে খুনের ঘটনার কথা উল্লেখ করেছেন। নদিয়ায় অবনীবাবুর খুনের ঘটনা উল্লেখ করেছেন। খুনের ঘটনা নিশ্চয়ই দুঃখজনক। তিনি বলেছেন ক্রিমিনাল এবং মাফিয়াদের জন্ম হয়েছে বামফ্রন্ট সরকারের আমলে। ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সালে আমরা কি দেখেছিলাম ? সেই ইতিহাস আমরা যদি বিশ্লেষণ করি তাহলে দেখব সেই সময় মায়েরা

অপেক্ষা করে থাকত যে বাড়ির অভিভাবক বাইরে বার হয়েছে, তাঁর সিঁথির সিঁদুর অক্ষুণ্ণ থাকবে কিনা। এই কথা আপনারা ভুলে গেলেন ? এখানে নেপালবাবু মাওবাদীদের কথা বলেছেন, সে কথা রাজ্যপালের ভাষণে স্পষ্টভাবে লেখা হয়েছে। তিনি বলেছেন যে আমাদের পশ্চিমাঞ্চলে মাওবাদীদের আক্রমণ চলছে। আপনারা যে আইন-শৃঙ্খলার কথা তুলেছেন সেই বিষয়ে আমি উল্লেখ করছি। উত্তরবঙ্গে ২০শে ডিসেম্বর আন্দোলন হল, গ্রেটার কুচবিহার পিপলস অ্যাসোসিয়েশন, তারা এই দেশ থেকে আলাদা হতে চায়। তারা সেইদিন গোটা কুচবিহার ঘেরাও অবস্থানের ডাক দিয়েছিল। এই অবস্থান বিক্ষোভে সেইদিন যে অবস্থার সৃষ্টি হয়েছিল, আমি নিজে সেইদিন নিজে কুচবিহার শহরে ছিলাম, আমি দেখেছি সেইদিন পুলিশ যে ধৈর্য দেখিয়েছে তা অতুলনীয়। সেই আন্দোলনকারীদের মোকাবিলায় যদি পুলিশ ধৈর্য হারাতো তাহলে কি ঘটনা ঘটে যেত বলা যায় না। সেইদিন সেখানে ৫ জন মারা গেছে, ৩ জন পুলিশ এবং ২ জন আন্দোলনকারী।

[2.25—2.35 p.m.]

একজন পুলিশের ডি.এস.পি. ব্যাঙ্কের অফিসার মারা গেলেন। এই মারা যাওয়ার ঘটনাটা অত্যন্ত দুঃখজনক। কিন্তু পুলিশ যদি ধৈর্যহারা হতেন, তাহলে অজস্র প্রাণ বলিদান হত। একথা অকপটে স্বীকার করছি। আমি অবাক হয়েছিলাম, বিরোধী দলের নেতা পঙ্কজবাবু হাসপাতালে গেলেন, যারা আহত হয়েছে তাদেরকে দেখতে। কিন্তু আমরা আশা করেছিলাম যে—তিনি বিরোধী দলের নেতা, যারা আজকে আমাদের এই দেশটাকে টুকরো টুকরো করবার আন্দোলনে নেমেছেন—এই বিষয়ে একটা তীব্র প্রতিবাদ ওনাদের কাছ থেকে আসবে। কিন্তু আমরা অবাক হলাম, পঙ্কজবাবু আহতদের দেখতে গিয়ে সেই আন্দোলনকারীদের বিরুদ্ধে পুলিশকে ঘটনার বিষয়ে তদন্তের দাবি করলেন। কিন্তু সেই আন্দোলনকারীদের বিষয়ে একটি কথাও বললেন না। যারা দেশটাকে টুকরো টুকরো করতে চায়, সে বিষয়ে প্রতিবাদে সোচ্চারও হলেন না। আমরা আশা করেছিলাম, বিরোধী দলের নেতা হিসাবে ওনার বক্তব্যে এই বিষয়টা থাকবে। আমাদের এই রাজ্যে পশ্চিমবঙ্গে যে কথা বারেবারে বলা হয়েছে এবং রাজ্যপালের ভাষণেও যে কথা বলা হয়েছে যে আমাদের এই রাজ্যের ভৌগোলিক অবস্থানটা এমনই—আমাদের পাশে আসাম, অরুণাচল প্রদেশ আজ অশান্ত হয়ে উঠেছে। নেপালে চরম জঙ্গি কার্যকলাপ বেড়েছে। পাশেই বাংলাদেশ থেকে উগ্রপন্থী, জঙ্গি, মৌলবাদীরা বারে বারে আঘাত হানছে। এই অবস্থায় পশ্চিমাঞ্চলে মাওবাদী কার্যকলাপ দিনের পর দিন বৃদ্ধি পাচ্ছে। উত্তরবঙ্গে কে.এল.ও., কে.পি.পি.—এইসব অস্থিরতা ক্রমে হ্রাস পাচ্ছে। কিন্তু কোচবিহার জেলায় গ্রেটার কোচবিহার পিপলস অ্যাসোসিয়েশনের যে কার্যকলাপ এটা রাজনৈতিকভাবে বিভিন্ন সংগঠন এবং আমাদের সরকারের তরফ থেকে প্রতিহত করার চেষ্টা করা হচ্ছে। তাতে এই আন্দোলন দুটো ভাগে বিভক্ত হয়ে গেছে। এই অবস্থার মধ্যে দাঁড়িয়ে এই কথা গর্বের সঙ্গে বলতে পারি যে, মৌলবাদী উস্কানি সত্ত্বেও আমাদের এই রাজ্যে সাম্প্রদায়িক সম্প্রীতি, ঐতিহ্য মজবুত আছে। আমরা এই কথা জোর দিয়ে বলতে পারি। নেপালবাবু চলে গেলেন। তিনি

তফসিলি জাতি এবং উপজাতিদের উন্নয়নের কথা বললেন। আমি নিজে তফসিল সম্প্রদায়ের অর্ন্তভুক্ত। আমি এই কথা জোর গলায় বলতে পারি যে, আমাদের এই রাজ্যে তফসিল জাতি ও উপজাতিদের উপর নির্যাতনের ঘটনা বিরল। আমি এই কথা গর্বের সঙ্গে বলি। শুধু এই কথা নয়। পশ্চিমবঙ্গের ভূমি সংস্কারের ব্যাপারে যে কথা বারেবারে উল্লেখ করা হয়েছে, গত বাজেট সেশনেও উল্লেখ করেছি এবং রাজ্যপালের ভাষণেও এই কথা উল্লেখ করা হয়েছে, বিরোধীরাও এই কথা স্বীকার করবেন যে পশ্চিমবঙ্গ ভূমি সংস্কারে সফল। সারা দেশে বিলিকৃত জমির পরিমাণ ৫৩.৭৯ লক্ষ একর, সেখানে আমাদের রাজ্যে পশ্চিমবঙ্গে বিলিকৃত মোট জমির পরিমাণ ১০.৫৫ লক্ষ একর। যা মোট জাতীয় বিলিকৃত জমির পরিমাণের প্রায় ২০ শতাংশ। আজকে আমরা একথাও গর্বের সঙ্গে বলি যে, আমাদের রাজ্যে ক্ষুদ্র, প্রান্তিক, বর্গাদারদের হাতে প্রায় ৭০ শতাংশ জমি সুরক্ষিত আছে। তাই আজ গ্রামে-গঞ্জে ওই বর্গাদার উচ্ছেদের কাহিনী শোনা যায় না। আজকে বর্গাদার, ভাগচাষিদের আইনে সুরক্ষিত করা হচ্ছে। বাজারের চাহিদার উপর নির্ভর করে সব্জিতে বৈচিত্র্য আনবার জন্য কৃষি দপ্তর চেষ্টা করছে। সব্জি উৎপাদনে আমাদের রাজ্য প্রথম স্থানে আছে। রাজ্যপাল ওনার ভাষণে এই কথা অকপটে স্বীকার করেছেন। এই ব্যাপারে কৃষি বিপণন দপ্তরও উল্লেখযোগ্য ভূমিকা পালন করছে। আজ গ্রামের যুবক এবং মহিলাদের পাটজাত দ্রব্য তৈরির জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করা হচ্ছে। কেন্দ্র থেকেও তাদের কর্মসংস্থানের ব্যবস্থা করা হচ্ছে। আজ কৃষকদের কৃষিতে অগ্রাধিকার দেওয়া হচ্ছে। সেই ব্যবস্থা কৃষি দপ্তর থেকেই করা হচ্ছে। কৃষিতে ১৩ বছর ধরে শীর্ষ স্থান অধিকার করে আছে—এ কথা মাননীয় রাজ্যপাল তার ভাষণে উল্লেখ করেছেন। তিনি বলেছেন, চাহিদা এবং যোগানের মধ্যে ফারাক আছে। এই দুই ফারাককে যাতে সমন্বয়ের মধ্যে আনা যায়—তার চেষ্টা করা হচ্ছে।

মাননীয় রাজ্যপাল তাঁর ভাষণে তথ্যপ্রযুক্তির কথা উল্লেখ করেছেন। তথ্যপ্রযুক্তির যারা বড় বড় কোম্পানি তারা এই রাজ্যে বিনিয়োগ করেছে, যার পরিমাণ দু'হাজার কোটি টাকার ওপরে। আমি সবশেষে এই কথা বলতে চাই, এই রাজ্যের আভ্যন্তরীণ উৎপাদনের হার ৭.১ শতাংশ। ভারতবর্ষে মাথাপিছু গড় আয়ের ওপরে এই রাজ্যের মাথাপিছু আয়, যার পরিমাণ ৫.৫ শতাংশ। আমি বিরোধীদের বক্তব্যকে খন্ডন করে এবং রাজ্যপালের ভাষণকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী গোবিন্দ চন্দ্র নস্কর : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপাল গত ২রা ফেব্রুয়ারি যে ভাষণ পাঠ করেছেন, বামফ্রন্ট সরকারের মন্ত্রিসভা যে ভাষণ লিখে দিয়েছিলেন তা পাঠ করেছেন। তার মধ্যে বহুলাংশ অসত্য কথা এবং অসম্পূর্ণ বক্তব্য থাকার জন্য সেদিন তিনি সমস্ত ভাষণ পাঠ করেননি। আমরা সেদিন শুনলাম প্রতিটি প্যারাগ্রাফের প্রথম লাইন কোনো রকমে পড়লেন। তিনি প্রথমে শোক প্রস্তাব বাংলায় পড়লেন এবং তারপর প্যারাগ্রাফগুলোর ফার্স্ট লাইন, বড় বড় প্যারাগ্রাফের ফার্স্ট লাইন,

সেকেন্ড লাইন পড়লেন। তিনি ভাষণের সবটা যে পড়লেন না তার কারণ কি—তার কারণ তিনি অন্তরে ব্যথা পেয়েছেন। পশ্চিমবঙ্গে এসে তিনি যে চিত্র দেখছেন, বাস্তবে তা ভাষণের মধ্যে তুলে ধরা নেই। মাননীয় রাজ্যপাল উত্তরবঙ্গ ইউনিভার্সিটিতে গিয়েছিলেন। সেখানে বক্তব্য রাখতে গিয়ে তিনি বললেন, পশ্চিমবাংলায় বিশেষ করে আমলাশোলে এতগুলো লোক অনাহারে মারা গেল, উত্তরবঙ্গের চা-বাগানে এত লোক মারা গেল অনাহারে, এগুলো আমাদের দেখতে হবে। পশ্চিমবঙ্গে এত মানুষ অনাহারে মারা যাচ্ছে, সরকারের পক্ষ থেকে তার প্রতিকারের কোনো ব্যবস্থা নেওয়া হচ্ছে না। এসসব কোনো কথা ভাষণের মধ্যে উল্লেখ নেই। সংবিধানের ষষ্ঠ তফসিল অনুযায়ী কেন্দ্রীয় সরকারের সহযোগিতা নিয়ে দার্জিলিং স্বাশাসিত পার্বত্য পরিষদ ঘোষণা করা হল। কিন্তু আজকে দার্জিলিংয়ে কি অবস্থা ? দার্জিলিংয়ে বাঙালি বা বাংলা ভাষাভাষী মানুষের কোনো স্থান নেই। পশ্চিমবঙ্গে আজকে গ্রেটার কোচবিহার তৈরি করছে, কোচবিহারে আজকে গ্রেটার কোচবিহার নিয়ে আন্দোলন হচ্ছে। এটা কারা করছে ? পশ্চিমবঙ্গ এইভাবে টুকরো টুকরো হয়ে শেষ হয়ে যাবে আর সরকার ঠুঁটো জগন্নাথ হয়ে বসে থাকবে ? আজকে পশ্চিমবঙ্গের অধিকাংশ জেলা মাওবাদীদের শ্মশানে পরিণত হয়েছে। আজকে দেখা যাচ্ছে হাজার হাজার যুবক, যারা এদের সঙ্গে জড়িত নয়, তাদের মিথ্যা মাওবাদী বলে জেলে বন্দি করে রাখা হচ্ছে। পশ্চিম মেদিনীপুর, বাঁকুড়া এবং পুরুলিয়ার হাজার হাজার যুবক, হাজার হাজার মানুষ অনাহার, অত্যাচার, নিপীড়ন, নিষ্পেষণ সহ্য করতে না পেরে উন্মাদ হয়ে গেছে। পশ্চিমবঙ্গের বামফ্রন্টের বিরুদ্ধে লড়াই করতে গিয়ে মানুষ খুন হচ্ছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে কলকাতা শহরে জঙ্গি হামলা হচ্ছে। লস্করী তৈবা এবং আলকায়দা জঙ্গি গোষ্ঠী এখানে ধরা পড়েছে। এই জঙ্গি গোষ্ঠীর দুই সাগরেদকে—রফিক এবং আনোয়ারকে জামসেদপুর এবং বেনারসে ধরা হয়েছে। আজকে গোটা পশ্চিমবঙ্গ উগ্রপন্থী জঙ্গিদের ঘাঁটি হয়ে দাঁড়িয়েছে। আমরা এখানে একটা বারুদের স্তূপের মধ্যে বাস করছি। যে কোনো সময়ে, যে কোনো বড় ধরনের ঘটনা এখানে ঘটে যেতে পারে। মাননীয় মুখ্যমন্ত্রী, অপদার্থ মুখ্যমন্ত্রী বসে আছেন, কোনোভাবে এর মোকাবিলা করতে পারছেন না। এখানে মানুষ খুন হয়ে যাচ্ছে, শিশু খুন হয়ে যাচ্ছে, এখানে সন্ত্রাস, রাহাজানি, শিশু মৃত্যু হচ্ছে, নারী নির্যাতন বেড়ে চলেছে, নারী পাচার হয়ে যাচ্ছে, সবদিক থেকে পশ্চিমবঙ্গে বেহাল অবস্থা। কয়েকদিন আগে বেহালায় এবং তিলজলায় শিশু মৃত্যু হয়েছে। নারী নির্যাতন হচ্ছে, নারী পাচার হয়ে যাচ্ছে অথচ পুলিশ কোনো ব্যবস্থা নিতে পারছে না। এখানে নারী নির্যাতন দিনের পর দিন বেড়েই চলেছে। গতকাল মাননীয় মুখ্যমন্ত্রী হাওড়ায় মহিলাদের একটা স্বনির্ভর গোষ্ঠী প্রকল্পের উদ্বোধন করতে গিয়েছিলেন। সেখানে স্বয়ং মুখ্যমন্ত্রী বলেছেন, পশ্চিমবঙ্গে নারী নির্যাতন, নারী পাচার ক্রমাগত মাত্রা ছাড়িয়ে যাচ্ছে। আমরা ঠিকমত ব্যবস্থা নিতে পারছি না। পুলিশ ঠিকমত ব্যবস্থা নিতে পারছে না। আমাদের নারী নির্যাতন বন্ধ করতে হবে, নারী পাচার বন্ধ করতে হবে।

[2.35—2.45 p.m.]

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে গোটা পশ্চিমবাংলাকে বিদেশি শিল্প গোষ্ঠীর কাছে বিক্রি করে দেওয়ার চক্রান্ত হচ্ছে। আমাদের দক্ষিণ ২৪ পরগনায় সালিম গোষ্ঠীকে এনে ভাঙর, গোসাবা, ক্যানিং, সোনারপুর, বাসন্তী, মগরাহাট মায় ডায়মন্ড হারবার পর্যন্ত ৫ হাজার ১০০ একর জমি তাদের হতে তুলে দিতে চাইছে। বলছে, আমরা শিল্পায়ন করব। কিন্তু কৃষি জমির পরিবর্তে শিল্পায়ন ? সব ভাঁওতা, ধান্দাবাজী কথা। তাই আমি এর প্রতিবাদ করছি। কৃষকদের জীবন-জীবিকা বিপন্ন করে এই যে নগরায়ন হবে, বড় বড় অট্টালিকা হবে এবং ৫০ লক্ষ টাকা খরচ করে এক একটা আবাস পাওয়া যাবে সেই সব কথা মাননীয় রাজ্যপালের ভাষণে উলেখ করা হয়নি।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ২০০১ সালের আদমসমুারি অনুযায়ী পশ্চিমবাংলার লোকসংখ্যা ৮ কোটি ১৫ লক্ষ। কিন্তু এখানে রেশন কার্ড আছে ৯ কোটি। অর্থাৎ প্রায় ৮৫ লক্ষ ভুয়ো রেশন কার্ড রয়েছে। এই ভুয়ো রেশন কার্ড নিয়ে রাজনীতি হয়েছে। এই ভুয়ো রেশন কার্ডের চাল, গম, ইত্যাদি মাল কে খেল ? এর তদন্ত হওয়া দরকার। মাননীয় রাজ্যপালের ভাষণে এই ভুয়ো রেশন কার্ড বা তার মালের ব্যাপারে কোনো কিছুর উল্লেখ নেই।

পশ্চিমবাংলায় নির্বাচন কমিশন এসেছিল। তাতে সি.পি.এম. ত্রাহি ত্রাহি রব ছাড়ছে। ওঁদের নেতা বলছেন, 'গণ অভ্যুত্থান হবে'। আমরা কি বলেছি ? আমাদের নেত্রী বলেছেন, 'গণতন্ত্রকে বাঁচাতে হবে, ফ্রি অ্যান্ড ফেয়ার নির্বাচন করতে হবে'। প্রত্যেক বছর দেখা যাচ্ছে ভোটার লিস্ট থেকে আরম্ভ করে রিগিং, বোমাবাজি, দলবাজি, সন্ত্রাস সৃষ্টি করে ভোট করে যাচ্ছেন। সেই অবস্থার মধ্যে আমাদের নেত্রী লড়াই শুরু করেছেন এবং আমরাও করছি। কিন্তু মাননীয় রাজ্যপালের ভাষণে ভুয়ো ভোটার, বিদেশি নাগরিকদের ভোটার হওয়ার ব্যাপারে কোনো উল্লেখ নেই। প্রায় ৬৯ লক্ষ বিদেশি ভোটার। এ ব্যাপারে কি ব্যবস্থা নেওয়া হবে ? সে ব্যাপারে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনো উল্লেখ নেই।

মহামান্য রাজ্যপালের ভাষণে 'ভূমি ক্ষেত্রে বিপ্লবের' কথা বলা হয়েছে। কিসের বিপ্লব ? কারা বিপ্লব এনেছে ? প্রথম ভূমি রাজস্ব মন্ত্রী কে ? শ্রীবিমল সিন্হা। নিজে জমিদার হয়েও 'ডেথ ওয়ারেন্টে' স্বাক্ষর করেছিলেন। ১৯৫৩ সালে জমিদারি প্রথা রদ হয়। ১৯৫৫ সালে ভূমি সংস্কার আইন হয়। আর, ১৯৭২ সালে শ্রীমতী ইন্দিরা গান্ধীর নেতৃত্বে জমিদারি ঊর্ধ্বসীমা আইন পাশ হয়। তাতে পশ্চিমবাংলায় ১০ লক্ষ ৫০ হাজার একর জমি উদ্ধার হয় এবং ১৯৭২ থেকে ১৯৭৭ সাল পর্যন্ত ৬ লক্ষ ৫০ হাজার একর জমি আমরা গরিবদের মধ্যে বিলি করতে পারি। রায়তিস্বত্ব, পাট্টা তুলে দিয়ে লর্ড কর্ণওয়ালিশের মতো চিরস্থায়ী বন্দোবস্ত হল। কিন্তু ১৯৭২ সাল থেকে ২০০৬ সালের মধ্যে কত ভেস্টেড জমি বিলি হয়েছে ? ৩০ বছরে ৩ লক্ষ ৫০ হাজার একর জমি। কত কম ? এর মধ্যে আবার ২ লক্ষ একর জমি হাইকোর্টে কেস ছিল। মাননীয় ভূমি রাজস্ব

মন্ত্রী নিজেই আজকে বলছেন 'আমার ভূমি রাজস্ব দপ্তর দূর্নীতিতে ডুবে আছে, আমি চালাতে পারছি না, বাধ্য হয়ে এই দপ্তর ছেড়ে দিতে হবে'। একটা ভূমিনীতি বামফ্রন্ট করেছে ? সমস্ত ভূমিনীতি আমাদের সময়ে অর্থাৎ ১৯৭২-৭৭ সালে হয়েছিল। ১০ লক্ষ বর্গাচাষির নামে ১৯৭২-৭৭ সালে বর্গা রেকর্ড হয়েছিল। এখন কত হয়েছে ? ১৫ লক্ষ। ৩০ বছরে মাত্র ১৫ লক্ষ। তাই বলতে চাই, পশ্চিমবাংলায় ভূমি সংস্কারের ক্ষেত্রে যদি কোনো বিপ্লব হয়ে থাকে সেটা হয়েছিল ১৯৭২-৭৭ সালে এবং সেই সময় গরিবদের মধ্যে সুষ্ঠুভাবে ভূমি বন্টন হয়েছিল।

আজকে শিক্ষাক্ষেত্রে চরম নৈরাজ্য, অরাজকতা চলছে। পশ্চিমবাংলায় ৩০ হাজার মাধ্যমিক শিক্ষক তাদের পেনশন, গ্রাচ্যুইটি, পি.এফ. পাচ্ছেন না, ৫০ হাজার প্রাইমারি শিক্ষক পেনশন, পি.এফ., গ্রাচ্যুইটি কিছুই পাচ্ছেন না।

সব দিক দিয়ে একটা আর্থিক দেউলিয়ার মধ্যে এই সরকার ভুগছে। ১ লক্ষ ৩৭ হাজার ৪০০ কোটি টাকা আজকে আমাদের সরকারে কেন্দ্রীয় সরকারের কাছে দেনা এবং প্রতি বছর তার জন্য ১২ হাজার কোটি টাকা সুদ গুণতে হচ্ছে। মহামান্য রাজ্যপালের ভাষণে এইসব বিষয়ের কোনো উল্লেখ নেই। আপনারা কেন্দ্রের ইউ.পি.এ. সরকারের কাছে ভিক্ষাপাত্র নিয়ে ছুটছেন, হাজার হাজার কোটি টাকা নিয়ে আসছেন আর এখানে এখানে বড় বড় বিপ্লবের কথা বলছেন। বিগ্রেড প্যারেড গ্রাউন্ডের সভায় গিয়ে মাননীয় মুখ্যমন্ত্রী বলছেন 'প্রেসিডেন্ট বুশ সারা বিশ্বের খুনিদের নেতা, খুনিদের মধ্যে সর্বশ্রেষ্ঠ নায়ক।' কিন্তু আপনারাই আবার ভিক্ষাপাত্র নিয়ে হাজার হাজার কোটি টাকা, ডলার বিনিয়োগ এখানে যাতে হয় তার জন্য আমেরিকার দ্বারস্থ হচ্ছেন। লজ্জা করে না ? এতো ঔদ্ধত্য মুখ্যমন্ত্রীর কিসের জন্য ? তিনি গতকালই হাওড়াতে একটি জনসভায় গিয়ে বললেন তৃণমূলকে আমরা আর উঠতে দেব না। কংগ্রেস-তৃণমূল এক হতে কিছুতেই দেব না। কংগ্রেসকে বলব তোমরা শুয়ে থাক, তোমাদের আর উঠতে দেওয়া হবে না। আজকে এই ধরনের ধাপ্পাবাজির কথা আর কতদিন বলবেন ? গতকালই ইলেকশনের আগে একটা উড়াল পুল চালু করলেন, যার ২৫ পার্সেন্ট কাজই হয়নি, অথচ হুটপাট করে উড়াল পুলটির উদ্বোধন করে এলেন। তারপরে সর্বশিক্ষা অভিযানের ব্যাপার মাননীয় মন্ত্রী নিজে এখানে বলেছেন যে, ১৫১ কোটি টাকা কাজে লাগানো যায়নি। কোনো স্কুলের ইনফ্রস্ট্রাকচারের ব্যাপারে এ.আই., এস.আই. এবং ডি.আই. ঠিকমতো রিপোর্ট দিতে পারেনি। ফলে সর্বশিক্ষা অভিযানের ব্যাপারে পশ্চিমবঙ্গ পিছিয়ে গেছে। তারপরে প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনা, ইন্দিরা আবাসন যোজনা এস.জি.আর.ওয়াই. এবং দরিদ্র দূরীকরণের জন্য যে সমস্ত প্রকল্প রয়েছে তার জন্য কেন্দ্রীয় সরকার প্রচুর টাকা দিয়েছে, কিন্তু তার সদ্ব্যবহার ঠিকমতো হয়নি। আজকে সেখানে কোটি কোটি টাকার দুর্নীতি হয়েছে, ১৮৪ কোটি টাকার দুর্নীতি হয়েছে। ফলে এইসব প্রকল্পের কাজ ঠিকমত বাস্তবে রূপায়িত হতে পারেনি। আজকে পশ্চিমবঙ্গের একদিকে সন্ত্রাস চলছে, অন্যদিকে দূর্নীতি চলছে। কেন্দ্রীয় সরকারের টাকা নয়ছয় করে শেষ করে দিচ্ছে, ডি.পি.পি. প্রকল্পের ২০০ কোটি টাকায় প্রাথমিক শিক্ষার

জন্য যে প্রকল্প তার বাস্তব রূপায়ণ করা যায়নি। তফসিলি জাতি এবং আদিবাসী শ্রেণির জন্য যে টাকা আসছে, সেই টাকা তারা পাচ্ছে না। তফসিলি জাতি এবং উপজাতি ছাত্র-ছাত্রীরা স্ট্রাইপেন্ড পাচ্ছে না। আশ্রম হোস্টেল গড়ার জন্য যে কেন্দ্রের টাকা আসছে তার সদ্ব্যবহার করা হয়নি। তাই এই রাজ্যপালের ভাষণের উপরে যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব এসেছে তার বিরোধিতা করে আমাদের আনীত সংশোধনীকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী নির্মল দাস : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মহামান্য রাজ্যপাল যে ভাষণ এই মহতী সভায় পেশ করেছেন এবং তার উপরে যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব উত্থাপিত হয়েছে তাকে আমি প্রথমেই সমর্থন জানিয়ে আমার বক্তব্য শুরু করছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়। অনেকক্ষণ ধরে বক্তৃতা শুনছিলাম আমার মনে হচ্ছিল এই বক্তব্য শুনে যে, 'এ কী শুনি আজ মন্থরার মুখে'। অনেক সুন্দর সুন্দর কথা বললেন, বললেন যে ১৯৭২ থেকে ১৯৭৭ সাল পশ্চিমবঙ্গের স্বর্গরাজ্য ছিল। কি ধরনের স্বর্গ রাজ্য ছিল তা বঙ্গবাসীই জানে। ১৯৭২ থেকে ১৯৭৭ সালে এই স্বর্গরাজ্যে কিভাবে গণতন্ত্রকে হরণ করা হয়েছিল সেটাও এই বঙ্গবাসীই জানে। মাননীয় বিরোধী দলের সদস্য মহাশয় আপনাদের কি মনে আছে—ভারতবর্ষের মুক্তি আন্দোলনের বিশিষ্ট নেতা, যিনি সর্বোদয় আন্দোলনে অন্যতম নেতৃত্ব দিয়েছেন, সেই জয়প্রকাশ নারায়ণ কলকাতায় ইউনিভার্সিটি ইনস্টিটিউট হলে বক্তৃতা করতে এলে তার জিপের উপরে দাঁড়িয়ে তার কণ্ঠরোধ করার চেষ্টা করা হয়েছিল যিনি করেছিলেন তিনি কে এই বঙ্গবাসী ভালো করেই চেনেন।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ভারতবর্ষ মুক্তি আন্দোলনের অন্যতম বিশিষ্ট নেতা, নেতাজীর সহকর্মী, গোয়া মুক্তি আন্দোলনের পুরোধা, অনুশীলন সমিতির সমাজতান্ত্রিক নেতা এবং আর.এস.পি.-র সাধারণ সম্পাদক ত্রিদিব চৌধুরী দমদমে ভাষণ করতে গেলে কারা তাকে সভা করতে দেয়নি এবং গাড়ি আটকে দিয়েছিলেন আপনাদের জানা নেই ? যারা সেই সময়ে ওখানে ছিলেন তাদের কেউ কেউ এখানে উপস্থিত আছেন, তাদের আমি জিজ্ঞাসা করি—তাদের মুখে কি এই স্বর্গরাজ্যের কথা বলা শোভা পায় ? এসব কথা শুনে তো মনে হচ্ছে 'এ কী শুনি আজ মন্থরার মুখে'। গণতন্ত্রের কণ্ঠরোধ করে যেভাবে পশ্চিমবঙ্গের সর্বনাশ করেছিলেন পশ্চিমবঙ্গের মানুষ তা কখনো ভুলতে পারবে না। তখন তো সিগারেটের খাপে চাকুরি দেওয়ার রেওয়াজ ছিল। ওইভাবে কত লোকের যে চাকুরি হয়েছে তার ঠিক নেই। কিভাবে মানুষ লুণ্ঠিত হয়েছে কিভাবে জরুরি অবস্থা জারি করে মানুষকে হেনস্থা করেছেন তার ইতিহাস বঙ্গবাসীরা হাড়ে হাড়ে জানে। আপনাদেরই অন্যতম নেত্রী এশিয়ার মুক্ত সূর্য ইন্দিরা গান্ধীর সপার্ষদ নব কংগ্রেস যারা যুগ যুগ জিও এবং ঢুক ঢুক পিও এই নীতিতে বিশ্বাসী, তারা বাংলার বুকে অন্ধকারময় জগৎ তৈরি করে দিয়েছিলেন। গণতন্ত্র বলে সেই সময়ে কিছু ছিল না, সন্ত্রাসের রাজনীতি শুরু করেছিল। আর আজকে তাদের মুখেই শোনা যায় শান্তির বাণী। বাংলার মানুষ তাই আপনাদের অপসারণ করেছে। নির্বাচন কমিশনের দায়িত্বটা কি—সুষ্ঠুভাবে নির্বাচন পরিচালনা করা। নির্বাচন কমিশনকে কাজে লাগিয়ে বৈতরণী পাড় হতে চাইছেন ?

আপনারা যতই নির্বাচন কমিশনকে কাজে লাগানোর চেষ্টা করুন না কেন শাসনক্ষমতায় আসতে গেলে চাই জনগণের সমর্থন। আপনারা যদি ভালো কাজ করেন তাহলে আগামী নির্বাচনে আসতে ভয় পাচ্ছেন কেন ? ভালো কাজ করলে বিরোধীদল হিসাবে আপনারা ভালো ফল পাবেন কিন্তু আপনারা তো তা করেননি।

[2.45—2.55 p.m.]

এতই যদি আপনার বামফ্রন্ট সরকার একেবারে অকম্মা হয়ে থাকে, তাহলে ভয় কিসের ? এতো চিৎকার কেন ? কোনো চিৎকারের দরকার নেই। জনগণই তো রায় দেবেন। সেটা আপনারা বিশ্বাস করতে পারছেন না, ভরসা করতে পারছেন না। জনগণের উপর ভরসা করতে পারছেন না। সেই জন্য আতঙ্কিত আপনারা, তাই একে ধরে তাকে ধরে, বি.জে.পি. ছাড়া চলবে না, আমি এন.ডি.এ.-তেও আছি, সকলকে নিয়ে চলব। এন.ডি.এ.-তে কংগ্রেসকে ঢোকালে তাতে আমাদের আপত্তি কিসের ? আমরা খুশি হব যদি এন.ডি.এ.-তে কংগ্রেসকে নেন। কারণ পশ্চিমবাংলার মানুষ কংগ্রেসকে চেনে, তৃণমূলকে পশ্চিমবাংলার মানুষ চেনে, ভারতীয় জনতা পার্টিকে পশ্চিমবাংলার মানুষ চেনে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এখানে আমি বলব না যে, পশ্চিমবঙ্গ সরকার জনগণের যে আশা-আকাঙ্খা, সেটা সবটাই পূরণ করতে পেরেছেন। পেরেছেন একটা জিনিস, সেটা হচ্ছে এই যে অস্থিরতা, যে অস্থিরতার ভিতর দিয়ে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হয়েছিল, ওই যে মানুষের কণ্ঠরোধ করে সেই সময় লক্ষ লক্ষ যুবকদের হত্যা করে সেই রক্তে তাদের যে কালো হাত, তাদের সেই রক্তাক্ত রাস্তা, সেই রাস্তা অতিক্রম করে পশ্চিমবাংলার মানুষ এই সরকারকে বহাল করেছিলেন, সেই সরকারের আমলে কিছুই হয়নি, তবে একটা জিনিস হয়েছে, তা হচ্ছে যে সুস্থিতি এসেছে। আপনারা লক্ষ করেছেন যে ওই কংগ্রেসের যিনি বর্তমান নেতা এবং যিনি প্রধানমন্ত্রীও বটে এবং ওই যে বিশিষ্ট নেতা প্রণব মুখোপাধ্যায় তাদের হাত ধরে গ্লোবালাইজেশন, প্রাইভেটাইজেশন এবং লিবারালাইজেশন-এর থিওরি এসে গিয়েছে এবং ওদের পরিত্যক্ত যে জুতো সেটা পরে এন.ডি.এ. চলছে। আবার এখানে ইউ.পি.এ. এসেছে, আন্ডার কম্পালসান বামপন্থীদের সমর্থন নিয়ে চলছে। কিন্তু একটা কথা আমরা বলতে চাই, সেটা হচ্ছে এতে গিমিকের কোনো ব্যাপার নেই। চা-বাগানের কথা বলছি। চা-বাগান পরিচালনা করে কারা ? বামফ্রন্ট সরকার ? নাকি চা-বাগানের মালিকরা ? সেই মালিকদের সঙ্গে কারা আছে ? অবলিগেটরি যে সমস্ত ব্যাপার ছিল সেগুলি ভঙ্গ হয়েছে। কেন্দ্রীয় সরকারের মন্ত্রী, যিনি আপনাদের প্রতিনিধি তিনি বলছেন যে প্যাকেজ ঘোষণা করবেন। প্যাকেজ ঘোষিত হয়েছে কিছু কিছু। সেই প্যাকেজের সুযোগ কারা নিচ্ছেন ? নিচ্ছেন সেই মালিকরা। ব্যাংক ঋণ, পশ্চিমবঙ্গ সরকার তারা যে লিজ ল্যান্ডের অর্থ সেটা সাড়ে চার হাজার করে দিয়েছেন। কিন্তু ক্রন্দন শোনা যায় চা-বাগানের মজুরদের, তাদের ক্রন্দন থেমে যায়নি। আপনারা লক্ষ করেছেন যে প্রায় ৩৫টি চা-বাগান বন্ধ ছিল, পরে খুলেছে। সেটা খুলেছে কিন্তু বামফ্রন্ট সরকারের মন্ত্রী। বামফ্রন্ট সরকার এখানে সুযোগ-সুবিধা ঘোষণা

করলেও ওদেরকে বাগে আনতে পারছেন না। কারণ কেন্দ্রীয় আইন। কেন্দ্রীয় সরকার পরিচালিত হচ্ছে ভাঁরতবর্ষের বড়লোকদের স্বার্থ দেখার জন্য। এবং আন্তর্জাতিক যেসমস্ত প্রতিষ্ঠান আসছে তাদের স্বার্থ যাতে সুরক্ষিত হয় তার জন্য তাদেরকে মদত দিচ্ছেন। এইজন্য মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি যে কথা বলতে চাই যে, এই ব্যবস্থার মধ্যে গ্রেটার, কি স্মলার, কি কে.এল.ও. হোক যারাই এই অস্থিরতা তৈরি করতে চাইছে সেখানে মানুষই প্রতিরোধ করছেন, মানুষই শেষ কথা বলবে, ওই তৃণমূলের মহান নেত্রী শেষ কথা বলবে না, কংগ্রেসের নেতাও শেষ কথা বলবে না, ভারতীয় জনতা পার্টির নেতাও শেষ কথা বলবে না, শেষ কথা বলবে পশ্চিমবাংলার জাগ্রত জনগণ। তাদের অভিজ্ঞতা থেকে ২৮ বছর রাজত্ব করেছে বামফ্রন্ট সরকার, ২৮ বছরের আগে ২৯ বছরের দায়িত্ব কে নেবে ? সেই দায়িত্ব তো কংগ্রেস সরকারের। কংগ্রেস সমাজতান্ত্রিক ধাঁচের সমাজ ব্যবস্থা গড়ে তুলবেন বলেছিলেন। সেই ব্যবস্থার কি হল ? দেখলাম শতকরা ১৫-২০ ভাগ মানুষ-এর জন্য করা হয়েছে, ভারতবর্ষের ৮০ ভাগ মানুষ বঞ্চিত হয়েছে। তাহলে তার দায়িত্ব কে নেবে ? তার দায়িত্ব কি বামফ্রন্ট সরকার নেবে? তার দায়িত্ব আপনাদের নিতে হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, প্রশাসনিক পরিষেবার উন্নতি দরকার। প্রত্যেকটি প্রত্যন্ত জায়গায় যাতে প্রশাসনিক পরিষেবা পায় সেদিকে নজর দিতে হবে। সেখানে কে.এল.ও.র আক্রমণ হোক, গ্রেটার আক্রমণ হোক, কি মাওবাদী জঙ্গী আক্রমণই হোক, আমরা মনে করি প্রকৃতপক্ষে উন্নয়নের পরিষেবা যদি সঠিকভাবে সর্বত্র পৌঁছে দেওয়া যায় তাহলে এই আন্দোলন থেমে যাবে। পুলিশ দিয়ে, মিলিটারি দিয়ে কিছু হবে না, আসল কথা হচ্ছে মানুষকে জাগ্রত করা। মানুষের জন্য বামফ্রন্ট সরকারের যে প্রতিশ্রুতি সেগুলো পৌঁছে দেওয়ার চেষ্টা আমাদের করতে হবে। বর্ডার এরিয়া ডেভলপমেন্ট প্রোজেক্টে যে অর্থ আসে, সেই অর্থ জলপাইগুড়ি, কোচবিহার, নদিয়া, মুর্শিদাবাদ, মালদহ প্রভৃতি জেলাগুলোতে যাতে সঠিকভাবে ব্যবহার করা হয় সেটা দেখতে হবে। উত্তরবঙ্গে ২ কোটি মানুষ বসবাস করে। উত্তরবঙ্গে একটি মাত্র বিশ্ববিদ্যালয় এবং একটি মাত্র মেডিক্যাল কলেজ আছে। এই সরকার, এই প্রশাসন মানুষের কাছে প্রতিশ্রুতিবদ্ধ। উত্তরবঙ্গের মানুষের জন্য, আরও বিশ্ববিদ্যালয়, আরও মেডিক্যাল কলেজ গড়ে তোলা হোক। উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ বহু আন্দোলন, সংগ্রামের ফলে গঠিত হয়েছে। উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদের জন্য যত টাকা দরকার তত টাকা পাচ্ছে না। উত্তরবঙ্গে ৬টি জেলা পরিষদ আছে। একটি জেলা পরিষদে যে টাকা খরচ হয় সেই টাকাও উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদের জন্য বরাদ্দ হয় না। এই সরকার জনগণের কাছে, পশ্চিমবাংলার মানুষের কাছে, উত্তরবঙ্গের মানুষের কাছে প্রতিশ্রুতিবদ্ধ ভালো পরিষেবা দেওয়ার জন্য। উত্তরবঙ্গের ৬টি জেলার জন্য ন্যূনতম ২০০ কোটি টাকা বরাদ্দ করা দরকার। বরাদ্দ যাতে না কমে সেটাও দেখা দরকার। বন্যা নিয়ন্ত্রণের ব্যবস্থা করতে হবে। কেন্দ্রীয় মন্ত্রী প্রিয়রঞ্জন দাশমুন্সি বলেছিলেন যে গঙ্গা-পদ্মা ভাঙন প্রতিরোধের জন্য গঙ্গা বোর্ডের মতো একটা বোর্ড করা হবে। উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদের হাতে বন্যা নিয়ন্ত্রণ পর্ষদ থেকে টাকা দিতে হবে। বহুদিন পরে ব্রহ্মপুত্র বোর্ড গঠনের জন্য সিদ্ধান্ত হয়েছে।

পশ্চিমবঙ্গের জন্য মাত্র ১০ কোটি টাকা দেওয়া হয়েছে। আমি যে এলাকার প্রতিনিধি সেখানে আরও টাকার দরকার। কেন্দ্র ১০০ কোটি টাকা দেওয়ার কথা ঘোষণা করেছিল— সেটা আমরা আশা করব এবং বিরোধী দলের নেতা, তারাও আশা করবে। আপনারা শুধু বলছেন বামফ্রন্ট সরকারকে ফেলে দেব। জনগণ তো চাইছে বামফ্রন্ট সপ্তমবার পশ্চিমবঙ্গে আসুক। এই কথা জনগণের কথা। এখানে বিরোধিতা করলে কিছু যায় আসে না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি যে মেডিক্যাল কলেজের কথা বললাম, বিশ্ববিদ্যালয়ের কথা বললাম সেই ব্যাপারটা একটু বিবেচনা করবেন। চা-বাগিচাতে প্যাকেজ ঘোষণার মাধ্যমে মালিকদের যেন সুবিধা পাইয়ে দেওয়া না হয় সেটা যেমন দেখতে হবে, তেমন শ্রমিক মজুরেরা যাতে পানীয় জল পায়, শিক্ষা, স্বাস্থ্য পরিষেবা পায়, রেশন পায়, সেটাও দেখা দরকার। ডুয়ার্সে জমির সমস্যা সমাধানের জন্য কিছু উদ্যোগ কেন্দ্রীয় সরকার নিয়েছে। কিন্তু লিজ ল্যান্ডের ব্যাপারে এখনও কোনো কার্যকরী ব্যবস্থা নেওয়া যায়নি। এই সমস্যার সমাধানের জন্য আমি মন্ত্রিসভার কাছে আবেদন জানাচ্ছি, মুখ্যমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি এবং রেজ্জাক মোল্লা সাহেবের কাছেও আবেদন জানাচ্ছি। শুধু তাই নয়, জয়গাঁ হচ্ছে ইন্টারন্যাশনাল বর্ডার এলাকা। সেখানে নগরায়ণের বিপুল সুযোগ সৃষ্টি হয়েছে। সেখানে পৌরসভা করার কথা ঘোষণা করা হয়েছিল জলপাইগুড়ি, শিলিগুড়ি উন্নয়ন পর্ষদের মতো ওই এলাকার জন্যও একটা উন্নয়ন পর্ষদ গঠন করা হোক। উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থা আছে। সেখানে গাড়ির সংখ্যা কমে এক-এর তিন, এক-এর চারে নেমে এসেছে। উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থার জন্য রেল একটা সময় টাকা দিত। অধিকাংশ রেলের যাত্রীরাই উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থায় যাতায়াত করে। তারা সেই টাকাটা দেওয়া এখন বন্ধ করে দিয়েছে। উত্তরবঙ্গের অন্যতম আকর্ষণ হচ্ছে পর্যটন শিল্প। উত্তরবঙ্গে পর্যটন শিল্প বিকাশের সুযোগ আছে। ডুয়ার্স উৎসব হয়েছিল। সেই উৎসবে লক্ষ লক্ষ মানুষ অংশগ্রহণ করেছে। কারণ মানুষ আনন্দ চায়। সেই আনন্দ দেওয়ার জন্য এই সরকার চেষ্টা করছে, এখানকার মানুষ চেষ্টা করছে।

[2.55—3.05 p.m.]

সেই জন্য মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার আবেদন, পর্যটন শিল্পের বিকাশের জন্য বাগডোগরা এয়ারপোর্টের মতো হাসিমারা এয়ারপোর্টকে আংশিকভাবে সিভিল এভিয়েশনের মধ্যে নিয়ে এসে যাত্রী পরিষেবা যাতে দেওয়া যায় তার ব্যবস্থা করা দরকার স্বাস্থ্যের পরিষেবা, শিক্ষার পরিষেবা, উন্নয়নের পরিষেবা সর্বত্র দেওয়ার যে চেষ্টা শুরু হয়েছে সেই চেষ্টা যদি অব্যাহত থাকে তাহলে পশ্চিমবাংলার মানুষ বামফ্রন্টকে সপ্তমবারের জন্য পুনরায় নিয়ে আসবে, এই বিশ্বাস রাখি। অবশেষে আপনাকে ধন্যবাদ জানিয়ে, মাননীয় রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব এসেছে তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী চৌধুরীমোহন জাটুয়া : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, ২রা ফেব্রুয়ারি মাননীয় রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন, তার উপর যে ধন্যবাদ সূচক প্রস্তাব এসেছে তার বিরোধিতা করে এবং বিরোধীদের আনা সমস্ত সংশোধনিকে সমর্থন করে আমার বক্তব্য রাখছি।

প্রথমত রুলিং পার্টির সদস্যদের বক্তব্য শুনে মনে হচ্ছে পশ্চিমবাংলার মানুষ একেবারে দুধে-ভাতে আছে, সুখে শান্তিতে আছে। গ্রামবাংলায় গিয়ে কিন্তু তা দেখতে পাই না। কয়েক মাস আগে আমরা কয়েকজন পাঞ্জাবে গিয়েছিলাম, তাতে সি.পি.এম.-এর এম.এল.এ-রাও ছিলেন। সেখানে আমরা ইচ্ছেমত ৫০০ কিলোমিটার ঘুরেছি, কোথাও কোনো মৌজা দেখিনি যেখানে বিদ্যুৎ পৌঁছোয়নি। এমন কোনো জমি পাইনি যেখানে ইরিগেশনের ব্যবস্থা নেই। সমস্ত জমিই সেখানে সেচসেবিত এবং দুটো, তিনটে করে ফসল হয়। আর পশ্চিমবাংলায় স্বাধীনতার ৫৬ বছর পরেও, সি.পি.এম.-এর রাজেত্বের ২৯ বছর পরেও কি দেখতে পাচ্ছি আমরা ? প্রথমত:, ওরা বলছেন বেকার সমস্যার সমাধান করে ফেলেছেন। ওদের হিসেব মতো ৭৫ লক্ষ বেকার। তারা কি করছে ? এখানে একটা কাজ করেছেন, বিনোদনের ব্যবস্থা করেছেন। এলাকায় এলাকায় মদের দোকান খুলে দিয়েছেন, স্থানীয় ছেলেরা মদ খেয়ে বেহুঁশ হয়ে পড়ে থাকছে, তাতে আপনাদের কোনো অসুবিধে নেই, আর যখন বলবেন চল ময়দান ভরাতে হবে, তখন যাবে। এখানে মদ শিল্পের অভাব নেই। মাননীয় মুখ্যমন্ত্রী শিল্প শিল্প বলে হাঁক-ডাক করছেন। কোথায় শিল্প করেছেন ? পুরুলিয়া, বাঁকুড়া, মেদিনীপুরে যান, সেখানে শিল্প নেই। সুন্দরবন এলাকায় যান, কাকদ্বীপ, কুলপি, মন্দিরবাজারে যান, সেখানে কোনো শিল্পের নিদর্শন নেই। একটা স্যাম্পেল দেখলেই বুঝতে পারবেন। মন্দিরবাজার কনস্টিটিউয়েন্সি দেখুন, সেখানে একটাও শিল্প গড়ে ওঠেনি। সেখানকার হাজার হাজার এম.এ. পাশ পর্যন্ত যুবক-যুবতীরা একটা এক হাজার টাকার চাকরির জন্য হন্যে হয়ে ঘুরছে। তাও তারা পাচ্ছে না। টোটাল কাজের পরিবেশ নেই। ইন্‌ফরমেশন টেকনোলজি করেছেন সল্টলেকে। শিল্প গড়ে উঠছে কলকাতায়, গড়ে উঠছে সল্টলেকে, তাতে গ্রামের মানুষের কি হবে ? গ্রামের লোক তো আর শহরে আসতে পারছে না। একজন সরকার পক্ষের এম.এল.এ. বন্ধু বললেন, সিডিউল কাস্ট, সিডিউল ট্রাইবদের নাকি খুব উন্নতি হয়েছে ! কি উন্নতি হয়েছে আমি জানি না ! উনি এম.এল.এ. হয়েছেন, আমি এম.এল.এ. হয়েছি, এটা যদি উন্নতির নমুনা হয়ে থাকে তাহলে কিছু বলার নেই ! এস.সি., এস.টি., ও.বি.সি. মিলিয়ে ৪৫ পার্সেন্ট গ্রামবাংলার পপুলেশন, তাদের কতজন কাজ পাচ্ছে ? কিভাবে চাকরি পাচ্ছে, কোথায় চাকরি পাচ্ছে সেটা দেখুন। মুসলমানদের জন্য কোনো চাকরি নেই। মাইনরিটিদের জন্য একটা লোন দেওয়া হয় স্বনিযুক্তি প্রকল্পে। এই যে স্বনিযুক্তি প্রকল্পে লোন দেওয়া হয় ; এর ইন্টারেস্ট হচ্ছে ৬ পার্সেন্ট ; কিন্তু এই ক্ষেত্রেও একটা কন্ডিশন আপনারা করে দিয়েছেন ; একজন গ্যারান্টার থাকতে হবে। এই গ্যারান্টারকে অবশ্যই সরকারি কর্মচারী হতে হবে অথবা স্কুল মাস্টার হতে হবে। গ্রাম-বাংলায় কটা মুসলমান চাকরি পেয়েছে ? গ্রাম-বাংলায় একটা লোকও মুসলমানদের মধ্যে চাকরি পায়নি। সারা দেশে ২.৮ পার্সেন্ট মুসলমান চাকরি পেয়েছে। গ্রাম-বাংলায় একজনও মুসলমান চাকরি পায়নি। কে গ্যারান্টার হবে ? তাই তারা লোন পাচ্ছে না। তারা চাকরির সুবিধাও পাচ্ছে না। বেকারত্বের জ্বালা নিয়ে তারা কোথায় যাবে ? অথচ সরকার কি কিছুই ভাবছেন। সরকার বলে যাচ্ছেন অনেক উন্নতি হয়েছে। আপনাদের

উন্নয়ন নিয়ে আপনারা থাকুন। শরৎচন্দ্রের ভাষায় বলতে হয়, 'হাসিম শেখ আর রামা কৈবর্তের কথা কে ভাববে, কে বলবে এদের কথা ?' ৫৬ বছর স্বাধীনতার পরেও ২৯ বছর বাম রাজত্বের পরেও তাদের কথা সেইভাবে কেউ ভেবেছে ? সেখানে কিছু সমস্যা আছে, যেমন পুরুলিয়া, বাঁকুড়া, মেদিনীপুরের কিছু অংশ, এই সমস্ত জায়গায় আপনারা বলছেন ওখানে কিছু পরিকাঠামো বাড়াতে হবে, আরও কাজ করতে হবে। ২৯ বছর পরে একটা সরকার বলছেন, 'এটা করতে হবে, ওটা করতে হবে' ! তার মানে যেখানে এই রকম অবস্থার সৃষ্টি হবে—আমাদের সুন্দরবন এলাকায় যদি বান্দওয়ানের মতো অবস্থা তৈরি হয় তবেই সরকার বসে আছেন সেখানে কিছু কাজ করবেন বলে। স্বাস্থ্য পরিকাঠামোর কথা বলি। যে সমস্ত হেলথ সেন্টারগুলো আছে সেখানে ডাক্তার নেই। একজন ডাক্তার যদিও বা আছেন তিনি সকালে যান, বিকেলে চলে আসেন, রাত্রে থাকেন না। হেলথ সেন্টারে রোগী নিয়ে গেলে তারা বলে যে, ডায়মন্ডহারবার সাব-ডিভিশনাল হাসপাতালে নিয়ে যাও। সাব-ডিভিশনাল হাসপাতালের ডাক্তাররা তাদের প্রাইভেট প্র্যাকটিস নিয়ে এত ব্যস্ত যে তারা বলে, 'কলকাতায় নিয়ে যাও'। কলকাতায় নিয়ে এসে রোগী এখানে ওখানে ঘুরে যদি বা ভর্তি হতে পারল তো ওষুধ নেই, বেড নেই, রোগী মাটিতে শুয়ে থাকে। এই হচ্ছে স্বাস্থ্যের পরিষেবা ! আপনারা অনেক উন্নয়ন করছেন বলেছেন, কিন্তু গ্রাম বাংলার মানুষ দেখতে পাচ্ছেন, আমরাও দেখতে পাচ্ছি কি রকম উন্নতি হয়েছে ! কবি সুকান্ত ভট্টাচার্যের ভাষায় বলি, 'পূর্ণিমার চাঁদ যেন ঝলসানো রুটি'। আপনারা যতই পূর্ণিমার চাঁদ দেখুন। গ্রাম-বাংলার মানুষ ঝলসানো রুটি দেখছে। কলকাতায় বসে আপনারা চাঁদ দেখছেন, গ্রাম-বাংলায় গিয়ে মানুষের প্রকৃত অবস্থাটা দেখে আসুন, গ্রাম-বাংলার প্রকৃত অবস্থা কি ? আমি আবার ফিরে আসি এস.সি., এস.টি.-দের অবস্থার বিষয়ে। শুধু একটা সার্টিফিকেট পেতে তাদের কি অবস্থা হচ্ছে। আমার মনে আছে ছোটোবেলায় আমরা সার্টিফিকেট পেতাম। একবার এস.ডি.ও.র কাছে দরখাস্ত করলাম, তারপর সাতদিনের মধ্যে আমরা সার্টিফিকেট পেয়ে যেতাম। আর এখন সার্টিফিকেট পেতে গেলে জুতোর চামড়া ক্ষয়ে যায় তিন মাস থেকে তিন বছর লেগে যাচ্ছে সার্টিফিকেট পেতে। এস.ডি.ও.র কাছে গেলে তিনি বলেন, 'বি.ডি.ও.র কাছে যান'। বি.ডি.ও. বলেন, 'সার্টিফিকেটের ব্যাপারে আমাদের ইন্সপেক্টর আছেন, তার কাছে যান'। এইভাবে ঘুরে ঘুরে তাদের জুতোর চামড়া উঠে গেলো। জুতোই বা কিনবে কোথা থেকে এই হচ্ছে এস.সি., এস.টি.-দের প্রকৃত অবস্থা। অন অ্যান অ্যাভারেজ ৬ থেকে ৯ মাস কেটে গেছে, তারা সার্টিফিকেট পায়নি। সার্টিফিকেট পেলেও কি সরকারি অফিস, কি বেসরকারি অফিস, সেখানে তাদের জন্য যে কোটা আপনারা স্থির করে দিয়েছেন সেই কোটা অনুযায়ী তারা চাকরি পাচ্ছে না। এবারে আমি শিক্ষার কথা বলি। শিক্ষার অবস্থা আরও খারাপ। ৪৫ সালে আমরা যখন প্রাইমারি স্কুলে পড়তাম, তখন একটা স্কুলে চারজন শিক্ষক ছিলেন। আর আজকে স্বাধীনতার ৫৬ বছর পরেও, আপনাদের ২৯ বছরের রাজত্বের পরেও একটা স্কুলে একজন, দুজন করে শিক্ষক যখন ছাত্র সংখ্যা তিনগুণ বেড়ে গেছে। তাই বলি সামগ্রিক উন্নয়ন করতে হবে। আজকে গ্রাম-বাংলার অবস্থা খুবই খারাপ। আপনারা উন্নয়ন নিয়ে যতই চেঁচামেচি করুন, কবি সুকান্তের ভাষায়

বলতে হয়, পূর্ণিমার চাঁদকে গ্রামের মানুষ ঝলসানো রুটির মতোই দেখবে। ভয়াবহ এক অবস্থার সৃষ্টি হবে। আপনারা দেখতে পাবেন সারা পশ্চিমবাংলায় পুরুলিয়া, বাঁকুড়া, মেদিনীপুরের মতো অবস্থা সৃষ্টি হবে।

[3.05—3.15 p.m.]

শ্রী শেখ ইলিয়াস মহম্মদ : মাননীয় ডেপুটি স্পিকার স্যার, মাননীয় রাজ্যপাল শ্রী গোপালকৃষ্ণ গান্ধী গত ২রা ফেব্রুয়ারি এই পবিত্র হাউসে যে ভাষণ রেখেছেন, তাকে সম্পূর্ণরূপে সমর্থন করছি এবং সেই ভাষণে পক্ষে যে ধন্যবাদসূচক প্রস্তাব মাননীয় সদস্য শ্রী পদ্মনিধি ধর মহাশয় এখানে নিয়ে এসেছেন, তাকে সমর্থন করছি। স্যার, বিরোধী দলের মাননীয় সদস্যরা এখানে সংশোধনী নিয়ে এসেছেন আমি তার তীব্র বিরোধিতা করছি। স্যার, গত ৬ই ফেব্রুয়ারি থেকে আমি খুব গুরুত্ব সহকারে আলোচনা শুনে চলেছি। স্যার, আমি বিরোধীপক্ষের সদস্যদেরও বক্তব্য শুনেছি। তারা প্রধানত যে বিষয়গুলি নিয়ে তাদের বক্তব্য এখানে রেখেছেন, সেই বিষয়গুলি হচ্ছে (১) আইন-শৃঙ্খলা, (২) মাওবাদীদের বিষয়, (৩) উত্তরবঙ্গের জঙ্গী কার্যকলাপ, (৪) আমাদের কৃষি ব্যবস্থা, (৫) আমাদের শিল্প ব্যবস্থা। আমি এখানে আমার বক্তব্যকে সেইদিকেই পরিচালিত করতে চাইছি। প্রথমেই বলি— আমাদের রাজ্যের উত্তর সীমান্তে প্রধানত কোচবিহার, জলপাইগুড়ি এলাকায় কে.এল.ও. এবং কে.পি.পি. ইত্যাদি জঙ্গী সংগঠনের কার্যকলাপকে রাজ্যের বামফ্রন্ট সরকার পুলিশ প্রশাসন এবং ব্যাপক জনগণের সমর্থন নিয়ে নিরস্ত্র করতে সক্ষম হয়েছে। আজকে আর এক নতুন জঙ্গী সংগঠনের আবির্ভাব ঘটেছে। এর নাম হচ্ছে কোচবিহার পিপল্‌স ফ্রন্ট। তাদের লক্ষ্য আমাদের রাজ্যের পরিস্থিতি অস্থির করে তোলা। সেই ফ্রন্ট ভাঙছে এবং আগামীদিনে পশ্চিমবঙ্গ সরকার এই জঙ্গী সংগঠনকে জনগণের থেকে বিচ্ছিন্ন করে দেবে। এই বিশ্বাস আমাদের আছে। আমাদের পশ্চিমবঙ্গ প্রধানত বনাঞ্চল এরিয়া। বাঁকুড়া, পুরুলিয়া এবং মেদিনীপুরের এই বনাঞ্চল এরিয়ায় বিভিন্ন নকশাল গোষ্ঠী সশস্ত্র হামলা করছে। এরা প্রধানত তফসিলি জাতি এবং উপজাতিভুক্ত এলাকাতেই হামলা করছে। আমাদের সরকারের নীতি হল তৎপরতা বাড়ানো, (২) অনুন্নত এলাকাতে উন্নয়নের ধারাকে অব্যাহত রাখা, (৩) অর্থনৈতিক এবং সামাজিক দিক থেকে পিছিয়ে পড়া মানুষের উন্নয়ন ঘটানো এবং ব্যাপক অংশের মানুষকে এই উন্নয়নের সঙ্গে শামিল করা। এই লক্ষ্যমাত্রা নিয়েই আমরা এগিয়ে চলেছি। এছাড়া মাওবাদী গোষ্ঠী যারা, যাদের বন্দুকের নলই হচ্ছে শ্রেষ্ঠ উপাদান, এই পথে যারা বিশ্বাসী, তাদের বিরুদ্ধে লড়তে গেলে চাই মানুষকে ঐক্যবদ্ধ। এই মানুষকে ঐক্যবদ্ধ করে জনগণ থেকে মাওবাদীদের বিচ্ছিন্ন করার প্রক্রিয়া শুরু হয়েছে। স্যার এখানে বলতে চাই যে যারা সশস্ত্র বিপ্লবে বিশ্বাসী, কেবলমাত্র আমরা বামপন্থীরা বিভিন্ন কর্মসূচি গ্রহণ করে চলেছি। এই সমস্ত এলাকায় আমরা কর্মকান্ড চালিয়ে যাচ্ছি। কিন্তু স্যার, দুর্ভাগ্যের বিষয় যে, বিরোধী রাজনৈতিক দল যারা বসে আছে, তাদের কোনো কর্মকান্ড নেই, তাদের নিজস্ব কোনো কর্মসূচি নেই। অথচ যখন কোনো একটা ঘটনা ঘটে যাচ্ছে, তখন তারা ওই ঘটনাস্থলে গিয়ে বিরাট বিরাট বক্তৃতা দিয়ে চলে আসছেন। এটাই

হচ্ছে বিরোধীদের কাজ। পক্ষান্তরে তারা এই মাওবাদীদেরই সমর্থন করে চলেছেন। আমরা মনে করি যে, যারা এই পথের পথিক হয়ে মাওবাদীদের উস্কানি দিচ্ছেন, আগামীদিনে তারা ব্যর্থ হবে এবং স্যার, আজকে ভাবতে অবাক লাগছে ৫৮ বছর ধরে ভারতবষে তিনটি অঙ্গরাজ্য যেখানে ভূমি সংস্কার চলছে। তার মধ্যে আমাদের রাজ্য পশ্চিমবঙ্গে কর্মসংস্থানের মূল হাতিয়ার হচ্ছে ভূমি সংস্কার। সারা ভারতবর্ষে যত কৃষিজমি আছে তার সাড়ে তিন ভাগ কৃষি জমি রয়েছে আমাদের রাজ্যে। সারা ভারতবর্ষে মাথাপিছু কৃষিজমির পরিমাণ ৩২ ডেসিম্যাল, পশ্চিমবঙ্গে মাথাপিছু কৃষিজমির পরিমাণ ১৬ ডেসিম্যাল, অর্থাৎ আমাদের রাজ্যে কৃষিজমির পরিমাণ কম। আমাদের রাজ্যে ১০ লক্ষ ১০ হাজার একর জমি ২৮ লক্ষ ৩২ হাজার ভূমিহীন মানুষকে পাট্টা দিতে পেরেছি। আমাদের রাজ্যে ১১ লক্ষ ১১ হাজার একর পরিমাণ জমি আমরা ১৫ লক্ষ ৬ হাজার গরিব মানুষকে দিয়ে বর্গাদার হিসেবে তাদের নাম নথিভুক্ত করেছি। এইসব বর্গাদাররা মারা গেলে তাদের উত্তরাধিকারী হিসেবে তাদের সন্তানরাও ওই জমির বর্গাদার হিসেব চিহ্নিত হয়ে থাকে। আমরা জানি, ১৯৭৬-১৯৭৭ সালের আগে আমাদের রাজ্যের জমিগুলো ছিল প্রধানত জমিদার ও জোতদারদের হাতে। কিন্তু পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পরে পশ্চিমবঙ্গে জমির কেন্দ্রীভবন কমেছে এবং এখানে গরিব মানুষের হাতে জমি তুলে দেওয়া হয়েছে এবং সেইসব ছোট্ট ছোট্ট জমিগুলো গরিব কৃষকরা পুত্রস্নেহে উর্বর করে তুলেছে এবং বিজ্ঞানভিত্তিক পথে নানা ধরনের রাসায়নিক স্যার, কীটনাশক ওষুধ, সেচের সম্প্রসারণ করে তারা সেইসব জমিগুলোকে দো-ফসলি, তিন-ফসলি করে গড়ে তুলেছেন। এর ফলে কৃষির উন্নতি ঘটেছে। কংগ্রেস আমলে আমরা দেখেছিলাম এখানে মানুষ অনাহারে, দারিদ্রতায় দিন কাটাচ্ছেন, তখন খাদ্যের স্বয়ংভরতা ছিল না, কিন্তু এখন আমাদের রাজ্যে খাদ্যে স্বয়ংভরতা এসেছে। খাদ্য উৎপাদনে আমাদের রাজ্য সারা ভারতবর্ষের মধ্যে প্রথম স্থান অর্জন করতে চলেছে। ২০০৪-২০০৫ সালে আমাদের রাজ্যে ১৬১.০৪ লক্ষ মেট্রিক টন খাদ্যশস্য উৎপাদন হয়েছিল, ২০০৫-২০০৬ সালে আমাদের রাজ্যে খাদ্যশস্য উৎপাদনের লক্ষ্যমাত্রা রয়েছে ১৬৫ লক্ষ মেট্রিক টন এবং ২০০৬-২০০৭-এ আর্থিক বছরে আমাদের রাজ্যে খাদ্যশস্য উৎপাদনের লক্ষ্যমাত্রা রয়েছে ১৭৫.৩ লক্ষ মেট্রিক টন। অর্থাৎ আমাদের রাজ্যের মানুষ খাদ্যে স্বয়ংভরতা অর্জন করতে চলছে এবং তার মূলে রয়েছে অমাদের রাজ্যের কৃষক সম্প্রদায়ের সবচেয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা। কৃষকরা কৃষির অগ্রগতি ঘটাতে সক্ষম হয়েছে। আমরা কৃষিতে যেমন এগিয়ে আছি, তার পাশাপাশি আমরা শিল্পের বিকাশও চাই। কৃষির অগ্রগতির সঙ্গে শিল্পের বিকাশ—একে অপরের পরিপূরক শক্তি। কৃষির প্রসারের উপর শিল্প গড়ে ওঠে। কৃষি আমাদের ভিত্তি, শিল্প আমাদের ভবিষ্যৎ। এভাবে আমরা এগিয়ে যেতে চাইছি। সেখানে দেখতে পাচ্ছি, বিরোধী দলের মাননীয় সদস্যরা যাঁরা কোনোদিন জমির আন্দোলনে শামিল হননি, যাঁরা কোনোদিন গরিব মানুষরে স্বার্থের কথা চিন্তা করেননি, যাঁরা কোনোদিন ক্ষুদ্র ও প্রান্তিক চাষিদের স্বার্থের কথা চিন্তা করেননি, তাঁরাই আজকে গরিব কৃষকের মনকে ভেঙে দেওয়ার জন্য কিছু মানুষের কাঁধে লাঙল তুলে দিয়ে তাঁদের দিয়ে বলাচ্ছেন, গ্রামের জমি বাঁচাও, কৃষি বাঁচাও, এই স্লোগান তৃণমূল কংগ্রেস

দিচ্ছে। আমি বলতে চাই শিল্প গড়তে হবে, ছোটো ছোটো শিল্প গড়তে হবে। বেকারত্বের ভয়াবহতা শুধু আমাদের রাজ্যে নয়, সারা ভারতবর্ষেই রয়েছে। সারা ভারতবর্ষে প্রায় ১৭ কোটি বেকার রয়েছেন, সেখানে আমাদের রাজ্যে রয়েছেন ৭০ লক্ষ বেকার। এই বেকারদের ভবিষ্যৎ কী হবে ? তাই আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী এবং রাজ্য সরকার শিল্পের বিকাশ ঘটানোর জন্য বিনিয়োগকারীদের কাছে যাচ্ছেন, লগ্নিকারীদের কাছে যাচ্ছেন। এখন আমাদের রাজ্যে শিল্পের বিকাশ ঘটেছে। আমাদের বিরোধী দলের মাননীয় সদস্যরা মহাজোট নিয়ে ব্যস্ত আছেন সপ্তমবারের জন্য বিধানসভার নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করার জন্য। মমতা ব্যানার্জী বলেছেন, তাঁরা এন.ডি.এ. ছাড়বেন না, কংগ্রেস বলছে তৃণমূল কংগ্রেস এন.ডি.এ. না ছাড়লে জোট হবে না। আবার কংগ্রেসের কিছু নেতা বলছেন বিধানসভার ভোটে ১০০টির বেশি আসনে তাঁদের প্রার্থী দেওয়া ক্ষমতা নেই। কংগ্রেস, তৃণমূল কংগ্রেস, এন.ডি.এ. ঐক্যবদ্ধ ভাবে মহাজোট করে আমাদের হারাবার জন্য চক্রান্ত করছে, সপ্তমবার বিধানসভার ভোটে আমাদের হারাবার লক্ষ্যমাত্রাকে সামনে নিয়ে তাঁরা আগামীদিনের পরিকল্পনা রচনা করছেন। পশ্চিমবঙ্গে আগামীদিনে বিধানসভার ভোট আসছে। পশ্চিমবঙ্গের মানুষ এঁদের ইতিহাস জানেন, তাই পশ্চিমবঙ্গে মানুষ এঁদেরকে আস্তাকুঁড়ে নিক্ষেপ করে পশ্চিমবঙ্গের নতুন ইতিহাস রচনা করবেন। ধন্যবাদ।

[3.15—3.20 p.m.]

শ্রী দীপক কুমার ঘোষ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এখানে মাননীয় রাজ্যপালের ভাষণের উপরে যে ধন্যবাদসূচক প্রস্তাব আনা হয়েছে তার বিরোধিতা করে এবং বিরোধীদের থেকে যে সংশোধনী প্রস্তাব আনা হয়েছে তাকে সমর্থন করে আমার বক্তব্য শুরু করছি। মাননীয় রাজ্যপালের ভাষণের প্রথম অনুচ্ছেদে বলা হয়েছে ২০০১ সালে এই বামফ্রন্ট সরকার জনাদেশ পেয়েছিলেন, উন্নততর বামফ্রন্টের জন্য জনাদেশ। সেই জনাদেশ আমরা জানি, ১৯৯টি আসনের মধ্যে ১০০টি আসন ছিল রিগিং করে পাওয়া। ৪৪ জন মন্ত্রীর মধ্যে ২৭ জন মন্ত্রী রিগিং করে জিতেছিলেন, তার মধ্যে শ্রেষ্ঠ রিগিং করেছিলেন বলাবাহুল্য মুখ্যমন্ত্রী। তিনি যেখানে দেড় লক্ষ ভোটারের মধ্যে যাদবপুরে ৬ হাজার ভোটে পিছিয়ে থেকেও সেখানে ২৯ হাজার ভোটে জিতেছিলেন। কারা জিতিয়ে ছিলেন ? আপনাদের এক মন্ত্রীর কথায় যাদবপুর স্টেডিয়ামে সংস্কৃত কলেজের অধ্যাপকরা ছিলেন, তাঁরা ভোট দিয়ে তাঁকে জিতিয়ে ছিলেন। এই ভুতুড়ে ভোটার ইতিমধ্যেই ১০ লক্ষ ধরা পড়েছে, আরও ১০ লক্ষ ধরা পড়ার অপেক্ষায় রয়েছে। এই ভুতুড়ে ভোটারের জনাদেশ তাঁরা জিতে এসেছেন, এই ভুতুড়ে ভর চলছে। অনেক আগে থেকেই আমি এই কথা বলে আসছি। এখন আপনাদের একটা নতুন কথা হল শিল্প শিল্প শিল্প। প্রোগ্রেস অর পেরিশ, শিল্প থেকে প্রোগ্রেস। তা শিল্পের সর্বশেষ নমুনা কী ? না, আমরা সবদিক থেকে এগিয়ে যাচ্ছি। আপনারা কৃষিতে সবার আগে আছেন, এখন শিল্পেও সবার আগে হবেন। এই কিছুদিন আগে পশ্চিমবঙ্গ সরকার থেকে নিযুক্ত সি.এম.আই.ই. নামে একটা সংস্থা কাজ করছে, এই সি.এম.আই.ই. এদের রিপোর্ট বলছে ২০০৫ সালের অক্টোবর পর্যন্ত সারা ভারতবর্ষে বিনিয়োগ হয়েছে ৮ হাজার ৫১ লক্ষ কোটি টাকা। পশ্চিমবাংলায় বিনিয়োগ ২৯ হাজার

কোটি টাকা, ৩.৩৮ পারসেন্ট। অন্যান্য রাজ্যের মধ্যে কোন জায়গায় আছি, সপ্তম স্থানে। মহারাষ্ট্র, গুজরাট অনেক আগে, তারপরে পঞ্চম স্থানে ওড়িশা, তাদের বিনিয়োগ ৫৩ হাজার কোটি টাকা, ৬.২৯ পারসেন্ট। ফরেন ডায়রেক্ট ইনভেস্টমেন্ট, সেখানে আমরা কোন জায়গায় আছি ? সেখানে বিনিয়োগ হয়েছে পশ্চিমবঙ্গে ৩,৫৫০ কোটি টাকা, ১.৭৭ পারসেন্ট, ভারতবর্ষের মধ্যে অষ্টম স্থানে। এই হচ্ছে শিল্পের চিত্র। নতুন শিল্প এমন যে কাজের সংস্থান কিছুই হয়নি। যে শিল্পগুলি আসছে সেগুলি আই.টি. সেক্টর এবং এমন সেক্টর যে যেখানে চাকরি প্রায় হয়ই না, বিশেষ করে আনস্কিল্ড ওয়ার্কারদের। কৃষিতে আপনারা সবচেয়ে ভালো ভালো বলে ঘোষণা করেন। কৃষিমন্ত্রী কমল গুহ চুঁচুড়াতে বলেছেন ফুড সিকিওরিটি না দেখে রাজ্য সরকার যে শিল্পের জন্য জমি জমি করে চিৎকার করছে সেটা ভুল। ফুড সিকিওরিটি কোথায় ? ১৬১ লক্ষ টন খাদ্যশস্য হয়েছে গত বছরে, তা সত্ত্বেও ফুড কর্পোরেশন পাঞ্জাব, হরিয়ানা এবং অন্যান্য জায়গা থেকে খাদ্যশস্য এনেছে ২৫ লক্ষ টন, যেটা রেশনের মাধ্যমে দেওয়া হবে, এর দাম হচ্ছে ২ হাজার কোটি টাকা। তাহলে এই টাকা পশ্চিমবাংলার মানুষের টাকা—এটা যাচ্ছে পাঞ্জাব, হরিয়ানায়, তাদের শিল্পকে উন্নত করার জন্য। এইরকম ট্রেড চ্যানেলে আসছে ১০ লক্ষ টন, এটার দাম ১ হাজার কোটি টাকা। এই পশ্চিমবাংলায় যাঁরা খাবার আনছেন তাঁরাই পাঠাচ্ছেন পাঞ্জাব, হরিয়ানা, অন্ধ্রপ্রদেশে যাতে সেখানে শিল্প গড়ে ওঠে। কিন্তু পশ্চিমবাংলার শিল্পে কোনো বিনিয়োগ নেই। কোথা থেকে সাপ্লাই হচ্ছে ? সাপ্লাই হচ্ছে পাঞ্জাব, হরিয়ানা, অন্ধ্রপ্রদেশ থেকে। এই হচ্ছে কৃষির অবস্থা। এখানে হচ্ছে ১৬১ লক্ষ টন, আর দরকার হচ্ছে ১৬৪ লক্ষ টন, এর মধ্যে বাইরে থেকে আসছে ৪০ হাজার টন তারপরেও একটা গ্যাপ থেকে যাচ্ছে ২০ পারসেন্টের মতো, যেটা ফুড কর্পোরেশন দিচ্ছে ট্রেড চ্যানেলের আনছে রেশনের মাধ্যমে দিচ্ছে। ট্রেড চ্যানল আনছে বাসমতি চাল, এই গ্যাপটা যাবে কোথায় ? কৃষি উৎপাদন নিয়ে লাফালে তো হবে না, কৃষি উৎপাদনের দুইটি দিক। নিজেদের খাদ্যের অভাব মেটানো আর একটা হচ্ছে সারপ্লাস। সারপ্লাস উৎপাদন যেটা হবে সেটা শিল্পে বিনিয়োগ হবে। এর কোনটা আমরা দেখতে পাচ্ছি। কাজেই সফল সফল বলে লাভ কি ? হ্যাঁ, বোরোতে উৎপাদন বেড়েছে, অন্য কোথাও এই রকম বোরো ধানের মত জমি নেই, কাজেই বোরো ধানের উৎপাদন তো বেড়েছে, কাজেই ধানে তো আমরা প্রথম হব। কিন্তু পেটের খিদে তো মিটছে না। ১ লক্ষ ৬১ হাজার টন উৎপাদন, আর অন্য জায়গা থেকে আনতে হচ্ছে ৪০ হাজার, প্রায় ২০ শতাংশ গ্যাপ থেকে যাচ্ছে।

শিক্ষা সম্পর্কে যত কম বলা যায় ততই ভালো। পত্রিকায় কিছুদিন আগে দেখছিলাম, ক্যাবিনেটের সভায় মুখ্যমন্ত্রী উচ্চ শিক্ষামন্ত্রীকে ধমকেছেন, উচ্চশিক্ষা ঠিকমত চলছে না বলে। কাগজে দেখলাম, উচ্চশিক্ষামন্ত্রী যাচ্ছেন, স্কুল শিক্ষামন্ত্রী যাচ্ছেন, আর একজন এখানে বসে আছেন, তিনিও যাচ্ছেন স্কুলের এত উন্নতি হয়েছে, সব মন্ত্রী বিদেয় হয়ে যাচ্ছে। এই হচ্ছে শিক্ষার চিত্র।

আর স্বাস্থ্যের কথা, এই লজ্জা রাখব কোথায়। কাগজ খুললেই দেখা যাচ্ছে, এমন একটা দিন নেই, স্বাস্থ্য দপ্তরের কেলেঙ্কারির কথা বেরিয়ে আসছে। এই পরিপ্রেক্ষিতে বলি

গত পরশুদিন মুখ্যমন্ত্রী আমতলা স্বাস্থ্যকেন্দ্রের সামনে ৪০টি চোঙা লাগিয়ে সভা করছিলেন, হাতপাতালের সমস্ত কর্মীদের অনুরোধ, উপরোধ অগ্রাহ্য করে, ইলেকশনের মিটিং সেখানে করলেন। সেখানে স্বাস্থ্যকেন্দ্রের গেট বিকালবেলায় আটকে রেখে, ঐখানে ৪০ জন রোগী ছিল, তাদের আত্মীয়স্বজনকে সেখানে ঢুকতে দেওয়া হল না। কেননা, সেখানে মুখ্যমন্ত্রী নির্বাচনী জনসভা করতে গিয়েছেন। এই হচ্ছে স্বাস্থ্য ব্যবস্থা।

এবারে আইনশৃঙ্খলার কথায় বলি, প্লেটো একটা সময় বলেছিলেন আদর্শ রাষ্ট্র থেকে কবিদের বের করে দেওয়া হবে। মাননীয় মুখ্যমন্ত্রী তো একজন কবি, অন্তত তিনি এটা দাবি করেন কবি বলে। কবি না হলেও কবির ভাইপো তো বটে। এটা তো ঠিক। তিনি কবিদেরকে নির্বাসন দিচ্ছেন না। আর একজন কবি, মুখ্যমন্ত্রীর থেকে ভালো কবি বলে জানি, জয় গোস্বামী তিনি আনন্দবাজার পত্রিকায় লিখেছিলেন, শিল্প সংস্কৃতির তীর্থে এই সমস্ত ঘটনা ভালোবাসার হাতকে নোংরা করে দেয়। এটা কি ? একজন সার্জেন্টকে একজন লাখড়া, বাঙ্গালোর থেকে এক দম্পতি আসছিল, বেহালায় তাদের বাড়িতে ফিরছিল, সেখানে রাত্রিবেলায় চারজন কনস্টেবলের সহায়তায় তাদের সর্বস্ব লুঠ তো করেছে, ভদ্রমহিলার শ্লীলতাহানিও করেছে। এখন আবার এনকোয়ারি কমিটি হয়েছে। অর্থাৎ যারা রক্ষক তারাই ভক্ষক। জয় গোস্বামীর কথায় মুখ্যমন্ত্রী তো দায়ী। তিনি পরিবারের কর্তা। কোনো বাড়ি থেকে যদি রাস্তায় নোংরা ফেলা হয় তাহলে লোকে ঝিকে না বলে পরিবারের কর্তাকে বলেন। জয় গোস্বামী একজন কবি, আর একজন কবির কাছে আবেদন রাখছেন, তিনি হাউসে এখন আসছেন না, তিনি যদি এই বিষয়গুলির প্রতি আর একটু নজর দেন তাহলে ভালো হবে। তিনি এখন নির্বাচনী সভা করে বেড়াচ্ছেন।

আমরা তো জানি, '৬৪ সালের ৭ই নভেম্বর শহিদ মিনার ময়দানে, তখনও শহিদ মিনার হয়নি, তখন মনুমেন্ট ছিল, প্রমোদ দাশগুপ্ত সি.পি.এম.-এর জনসভায় আস্থাপ্রকাশ করে বলেছিলেন, জঙ্গীপন্থীরা বিপ্লব করে না, তাই আমরা আলাদা হলাম। আমরা বিপ্লব করবো। আমরা কি বিপ্লব দেখলাম, তিন বছর পরে বিপ্লব দেখলাম, প্রথম যুক্তফ্রন্টের বিপ্লব। নির্বাচনে হেরে গিয়ে প্রতিদ্বন্দ্বিদের সঙ্গে হাত মিলিয়ে জনসংঘের একজন বিধায়ক এসেছিলেন, হিঙ্গলগঞ্জ থেকে। তাঁকে সঙ্গে নিয়ে গভর্নমেন্ট গড়া হল। নিজেদের অন্তর্দ্বন্দ্বের ফলে সরকার ভাঙলো। আবার যুক্তফ্রন্ট হল, সাঁইবাড়ি হল, সবই আমরা জানি। এই হিংসার রাজত্বের মধ্যে দিয়ে আপনারা এসেছেন, সেই বিপ্লবটা আপনারা করছেন। যেটা এখন ব্যালট বক্স-এর বিপ্লব, ওইসব ভূতেদের ধরে ধরে ব্যালট বক্সে ফেলছেন। আজকে মুখ্যমন্ত্রী ভয় পেয়েছেন, এমন ভয় পেয়েছেন রাওকে মাও বলে ভয় পাচ্ছেন। ওখানে মাওবাদীদের আপনারাই ডেকেছিলেন, জনযুদ্ধের নাম করে, ২০০১ সালে তারা এসেছিল।

[3.25—3.35 p.m.]

এখানে তাঁরা বেশ জাঁকিয়ে বসেছে। আপনাদের দলের নেতারা মাঝে মধ্যে দিনেরবেলা ওখানে গিয়ে বক্তৃতা দিয়ে আসছেন মাথা ভেঙে দেবেন, ক্যাডারদের হাতে অস্ত্র তুলে দেবেন বলে। কী ভয় পেয়েছেন ! মেদিনীপুরে পর্যবেক্ষক শ্রী কে. জে. রাও এসেছিলেন।

সরস্বতী পুজোয় ডি.ওয়াই.এফ.আই. কে. জে. রাওয়ের মূর্তি গড়েছিলেন। তাঁরা সরস্বতী পুজোর মন্ডলে কে. জে. মাও লিখেছিলেন। কে. জে. রাও আর কে. জে. মাও—সব গুলিয়ে ফেলেছেন। বড্ড ভয়, ভয়ে ঠকঠকানি শুরু হয়ে গেছে। এবারে সেই ভয় থেমে যাবে। এবারে ভূতুড়ে ভোটার ১০ লক্ষ বাদ গেছে। আরো ১০ লক্ষ যদি বাদ হয় তাহলে কাকে দিয়ে ভোট দেবেন ? সংস্কৃত কলেজের অধ্যাপক কোথায় পাবেন ? যাদবপুর স্টেডিয়ামে কোথায় রাখবেন ? সল্টলেকে পিনাকী আর পলাশদের কি জায়গা হবে—এটাই মূল প্রশ্ন ? আপনারা কী উন্নয়ন করেছেন সেকথা পুরুলিয়া জেলার মাননীয় সদস্য শ্রী নেপাল মাহাতো বলেছেন। ২টি মেয়ে বেলপাহাড়িতে ধরা পড়েছে। একজন বিমলা আর একজন সুলেখা। তাঁরা বলেছেন, আমরা পেটের জ্বালায় মাওবাদী হয়েছি, কারণ ওরা খেতে দেয়। কিন্তু তা বলে তো গুলি খেতে পারবুনি, সেই জন্য পুলিশের হাতে ধরা দিলাম। এই হচ্ছে পেটের জ্বালা। এই পেটের জ্বালা—স্ত্রী বা পুরুষের কোনো ভেদাভেদ নেই। কাজেই একটা পুরুষ যেমন পেটের জ্বালায় যাচ্ছে, তেমনি একটা মহিলাও পেটের জ্বালায় যাচ্ছে, উন্নয়ন নেই বলেই যাচ্ছে। আপনারা উন্নয়নের যে স্বপ্ন দেখাচ্ছেন সেটা সম্পূর্ণ ভাঁওতা। এই ভাঁওতার স্বপ্ন যেটা রাজ্যপালের ভাষণে দেখিয়েছেন তার আমি তীব্র বিরোধিতা করি এবং ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের তীব্র বিরোধিতা করে এবং আমাদের সমস্ত সংশোধনী প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী ভবানীশঙ্কর হাতিয়াল : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত ২ ফেব্রয়ারি, ২০০৬ তারিখে মহামান্য রাজ্যপাল এই মহামহিম সভায় যে ভাষণ প্রদান করেছেন, সেই ভাষণের প্রতি এবং মাননীয় বিধায়ক শ্রী পদ্মনিধি ধর মহাশয় যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব উত্থাপন করেছেন সেই প্রস্তাবকে সর্বান্তঃকরণের সমর্থন করে এবং বিরোধী পক্ষের আনা সংশোধনীগুলির বিরোধিতা করে দু-চারটি কথা বলার চেষ্টা করছি। আমার পূর্ববর্তী বক্তা মাননীয় বিধায়ক শ্রীযুক্ত দীপক কুমার ঘোষ মহাশয়ের পূর্ব কাজের পরিচিতি অনেকেই জানেন। তিনি ছিলেন বিখ্যাত আমলা। তাঁর কার্যক্রম বর্তমান পশ্চিম মেদিনীপুরেই ছিল। তাঁর কাজ ছিল গরিবদের ঠেঙানো, গরিব মানুষদের শোষণ করা, জমিদার-জোতদারদের সঙ্গে হাতে হাত মিলিয়ে সমাজকে শোষণ করা। আপনারা নিজেরা নিজেদের বুকে হাত দিয়ে প্রশ্ন করবেন আপনাদের ২৫ বছরের রাজত্বের কৃত কল্পের কথা ? এখানে মাননীয় বিরোধীপক্ষের নেতা বসে আছেন। বামফ্রন্ট সরকারের আমলে পশ্চিমবঙ্গে এলো রুল অফ ল্। কিন্তু আপনাদের সময়ে গণতন্ত্র বলে কিছু ছিল না। আমি এইটুকু আপনাদের স্মরণ করতে বলি, আপনাদের চোখে যেটা গণতন্ত্র, সেটা আমাদের চোখে নয়। আপনারা গণতন্ত্রকে ভাবেন, অন্লি পলিটিক্যাল থট অফ ফিউ মেন, কতিপয় জমিদার-জোতদার, ভূস্বামী পয়সাওলার গণতন্ত্র। আর আমরা গণতন্ত্রকে ভাবি, অধিকাংশ মানুষের পার্টিসিপেটরি ডেমোক্র্যাসি। ম্যাক্সিমাম পারসেনটেজ অফ পিপিল মাস্ট ইনভ্লভড, মাস্ট পার্টিসিপেট ইন দি পলিটিক্যাল অ্যান্ড ইকনমিক অ্যাকটিভিটিজ। দিজ ইজ আওয়ার ডেমোক্র্যাসি। এই কথাটা স্মরণ করিয়ে দিতে চাই। ১৯৭৭ সালের আগে আপনারা কী

পরিচয় দিয়েছেন ? প্রথম দিকে আপনারা গণতন্ত্রের কবর দিয়েছিলেন, গণতন্ত্রকে আপনারা শ্মশানে পাঠিয়েছিলেন। কিন্তু বামফ্রন্ট সরকার ১৯৭৭ সালে ক্ষমতায় এসে গণতান্ত্রিক পরিকাঠামোকে আবার গড়ে তোলার চেষ্টা করেছেন। সেটাই আমাদের বড় অপরাধ ? যা আপনাদের চক্ষুশূল ছিলো। ১৯৭৭ সালে যখন বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হলো, তখন সরকারের সামনে কিছু কর্মসূচি ছিলো, সেই কর্মসূচিকে সামনে রেখেই আমাদের সরকারের যাত্রা শুরু। সেই কর্মসূচির সফল রূপায়ণের মধ্যে বিগত ২৯ বছর ধরে বিভিন্ন ক্ষেত্রে বামফ্রন্ট সরকার সাফল্য অর্জন করেছে। তার ভিত্তিতে আগামীদিনে আমাদের কাজের অভিমুখ স্থির করা হয়েছে। সেই অভিমুখ বা দিশা মহামান্য রাজ্যপালের ভাষণে স্পষ্টভাবে উল্লিখিত হয়েছে। এক নম্বর বিষয় হলো—শিক্ষাকে আরো সম্প্রসারিত করা এবং মজবুত করা, দু-নম্বর হলো স্বাস্থ্য কর্মসূচিকে আরো সুনিবিড় করা। এবং তিন নম্বর হচ্ছে—দারিদ্র্যসীমার নিচে বসবাসকারী সাধারণ মানুষের জন্য কর্মসংস্থানের ব্যবস্থা করা এবং সেটা সম্ভব শিল্পায়নের মাধ্যমে। সমস্যা সমাধানের জন্য সুযোগ এবং সম্ভাবনা বৃদ্ধি করতে হবে। সেটা শিল্পের দ্বারা হচ্ছে। আগামী সপ্তম বামফ্রন্ট সরকারের আগমনের আগমনী বার্তা শোনা যাচ্ছে। কৃষি আমাদের ভিত্তি, শিল্প আমাদের ভবিষ্যৎ। আজকে আমরা গণতন্ত্রকে ফিরিয়ে এনেছি। ১৯৭৭ সালের আগে আপনরা যে নৈরাজ্য সৃষ্টি করেছিলেন সেই নৈরাজ্যের অবসান ঘটিয়ে পঞ্চায়েত, পুরসংস্থা, স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয়, সমবায় সমিতি, সমস্ত প্রতিষ্ঠানে আমরা নির্বাচনের ব্যবস্থা করেছি। এবং নির্বাচিত প্রতিনিধিদের হাতে ক্ষমতা তুলে দিয়ে গণতান্ত্রিক ব্যবস্থাকে সম্প্রসারিত করেছি। আমাদের পূর্বসুরিরা পঞ্চায়েতের নির্বাচন করেননি, পুর সংস্থার নির্বাচন করেননি। আপনারা স্কুল, কলেজ অ্যাডহক কমিটি দিয়ে পরিচালিত করতেন। দীর্ঘকাল অ্যাডহক কমিটি তৈরি করে সমস্ত পরিচালনা করেছেন। আজকে আপনারা বুকে হাত দিয়ে স্মরণ করুন যে আমি সত্য বলছি না মিথ্যা বলছি। আমরা সর্বনিম্নস্তরে অর্থাৎ গ্রাসরুট লেভেলে গণতন্ত্রকে নিয়ে যাওয়ার চেষ্টা করেছি। গ্রাম উন্নয়ন সমিতি তৈরি করে আপনাদের আহ্বান জানিয়েছি। আপনারা আসুন, অংশগ্রহণ করুন। গ্রামীণ উন্নয়ন কিভাবে হবে, কি পরিকল্পনা নেওয়া হবে সে ব্যাপারে আপনাদের আমরা আহ্বান জানিয়েছি। আমার নির্বাচনী কেন্দ্র থেকে লক্ষ করেছি আপনারা বিষয়টির প্রতি বিশেষ গুরুত্ব দেননি। এর চেয়ে দুর্ভাগ্যের কি আছে। এই গণতান্ত্রিক পরিবেশের সুযোগ দিয়ে কি হয়েছে ? আপনাদের বক্তারা অনেক দিক তুলে ধরছেন, পশ্চিম মেদিনীপুর, পুরুলিয়া, বাঁকুড়া, এইসব অঞ্চলে জঙ্গি কার্যকলাপের কথা বলা হচ্ছে। আমি আমার মনোভাবে কথা উল্লেখ করছি। Stagnant water is condusive place for breeding mosquitoes যদি কোনো এলাকা ভৌগোলিক দিক থেকে বিচ্ছিন্ন হয়, স্বশাসিত সংস্থাগুলি বা সরকারি প্রতিষ্ঠানগুলি যদি সঠিক দায়-দায়িত্ব পালন না করে সেটা বদ্ধ জলাশয়ের আকার ধারণ করে। আর দু-নম্বর কারণ হলো সংবেদশীল বামফ্রন্ট সরকারের কাছে আবেদন কেবলমাত্র জঙ্গি কার্যকলাপ বলে উড়িয়ে দিলে আমরা ভুল করবো। ১০টি রাজ্যে ওদের অগ্রগতি ছড়িয়ে পড়েছে। তাদের একটা মত এবং পথ আছে। তাদের হিংস্র নারকীয়,

অবিবেচক কার্যকলাপ আমি সমর্থন করি না। I hate the hatred path of annihilator আমি বিরোধীপক্ষের মাননীয় সদস্যগণকে বলি আপনারা যথেষ্ট অভিজ্ঞ, আপনারা দয়া করে এইসব ব্যাপারগুলো উস্কে দেবেন না, বুমেরাং হয়ে ফিরে আসতে পারে। উত্তরবঙ্গে কোনো গোষ্ঠী নিজেদের অস্তিত্ব জাহির করার জন্য উগ্রপন্থীদের সঙ্গে আছে তারা দেশের ভিতর বিশৃংখলা সৃষ্টি করছে। আশা করবো আমাদের বামফ্রন্ট সরকার শক্ত হাতে রাজনৈতিকভাবে, প্রশাসনিকভাবে, সামাজিকভাবে এই ধরনের কার্যকলাপ বন্ধ করবে। আমাদের সংবেদনশীল বামফ্রন্ট সরকারের সর্বস্তরে প্রচেষ্টা থাকবে, এই হিংস্র কার্যকলাপ যাতে আর না ঘটে। আমাদের সরকার এই কার্যকলাপ বন্ধ করতে সফল হবে এই আশা আমি রাখি।

[3.35—3.45 p.m.]

এই আধা ধনতান্ত্রিক এবং আধা সামন্ততান্ত্রিক ব্যবস্থায় যে ভাইরাসগুলো আছে সেই ভাইরাসগুলোর পোকা অনেক সময় নড়েচড়ে বসে এবং একটা সামাজিক অস্থিরতা সৃষ্টি করে। সেই অস্থিরতাকে মোকাবিলা করে মানুষকে সঠিক পথে দিশা দেওয়ার জন্য বামফ্রন্ট সরকারের দায়বদ্ধতা মোকাবিলা করে মানুষকে সঠিক পথে দিশা দেওয়ার জন্য বামফ্রন্ট সরকারের দায়বদ্ধতা আছে। আমি আশা করি এই সংবেদনশীল বামফ্রন্ট সরকার যোগ্যতার সঙ্গে সেই কাজ করবে। আমরা যেমন সামগ্রিক সাফল্যকে গণতান্ত্রিক প্রক্রিয়ার মাধ্যমে সর্বনিম্নস্তরে পৌঁছে দিতে পেরেছি। এটা যেমন একটা সাফল্য, ঠিক তেমনি বামফ্রন্ট সরকারের দ্বিতীয় সাফল্য হলো ভূমিসংস্কার। বামফ্রন্ট সরকারের দ্বিতীয় সাফল্য হলো ভুমিসংস্কারকে বাস্তবায়িত করা। ১১.১১ লক্ষ একর কৃষি জমিতে ১৫.০৭ লক্ষ বর্গাদার নথিভুক্ত হয়েছে। ১০.২০ লক্ষ একর খাস জমিতে ২৮.৩২ লক্ষ কৃষককে পাট্টা দেওয়ার হয়েছে। ৫.৫০ লক্ষ ভূমিহীনকে বস্তিভিটা দেওয়া হয়েছে। এই সমস্ত ঘটনাগুলো মহামান্য রাজ্যপালের ভাষণে বিবৃত হয়েছে। তাই এই ভাষণকে আমি আবার সর্বান্তকরণে সমর্থন করছি। কৃষি জমির বিষয়ে আর একটা ঘটনা মাননীয় বিরোধী পক্ষের বিধায়ক, নেতা এবং মাননীয় সৌগতবাবু শুনুন। ১৯৭৭ সালের আগে গ্রামবাংলায় কৃষি জমির শতকরা ৯০ ভাগ জমি ১০ ভাগ লোকের হাতে ছিল, আর এখন কৃষি জমির ৭২ ভাগ জমি ক্ষুদ্র এবং প্রান্তিক চাষিদের দখলে আছে। যার ফলে পশ্চিমবাংলায় কৃষিতে উন্নতি ঘটেছে এবং কৃষি উৎপাদনে ভারতবর্ষের শীর্ষ স্থান অধিকার করেছে। ১৯৭৫-৭৬ সালে রাজ্যে উৎপাদিত খাদ্যশষ্যের পরিমাণ ছিল ৭৪ লক্ষ মেট্রিক টন। বর্তমানে এই উৎপাদনের পরিমাণ দ্বিগুণের বেশি অর্থাৎ ১৬১ লক্ষ মেট্রিক টন হয়েছে। এখন কৃষিতে বৈচিত্র্য আনার চেষ্টা করছে। খাদ্যে নিরাপত্তা বজায় রেখে অন্যান্য অর্থকরী ফসলের চাষে কৃষকদের উৎসাহিত করা হচ্ছে। শাকসব্জী, ফুল-ফল প্রভৃতি বিভিন্ন রকম অর্থকরী ফসল উৎপাদনে আমাদের রাজ্য শীর্ষ স্থানে পৌঁছেছে। আনারস, লিচু, আম, আলু ও সব্জি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ৫টি কৃষি রপ্তানি অঞ্চল গড়ে তোলা হয়েছে। পাঁশকুড়াতে একটা ফুলের বাজার এবং তমলুকে পানের বাজার গড়ে তোলা হয়েছে। মল্লিকঘাট ফুলের বাজারকে আধুনিকীকরণের পদক্ষেপ

গ্রহণ করা হয়েছে। ক্ষুদ্র এবং প্রান্তিক চাষির হাতে কৃষি জমির জাতীয় গড় হচ্ছে ৩৪.৩ শতাংশ। সেখানে পশ্চিমবাংলায় ৭০ শতাংশ। ১৯৮১ সাল থেকে ১৯৯১ সাল পর্যন্ত সমীক্ষা করে স্বামীনাথন দেখিয়েছেন ১৯৭৯-৮০ সালের তুলনায় ১৯৯২-৯৩ সালে কৃষি শ্রমিকদের মজুরি পশ্চিমবাংলায় বেড়েছে ২.৮০ শতাংশ সেখানে পাঞ্জাবে ১.৬৭ শতাংশ এবং মহারাষ্ট্রে ২.১৬ শতাংশ। আমাদের রাজ্যের সঙ্গে মহারাষ্ট্রের তুলনা করা হয়, সেখানে কৃষি শ্রমিকের মজুরি কমেছে। গবেষক নীলকান্ত রথ দেখিয়েছেন ১৯৮১-৮২ সাল থেকে ১৯৯৪-৯৫ সাল পর্যন্ত পশ্চিমবাংলায় মাথাপিছু কৃষি উৎপাদন বেড়েছে ৭০ শতাংশ। মাথাপিছু খাদ্য গ্রহণের পরিমাণও বেড়েছে। স্বামীনাথন এবং রামচন্দ্রন জাতীয় নমুনার তথ্য বিশ্লেষণ করে দেখিয়েছেন। গ্রামীণ ভারতে খাদ্য ক্যালারির গ্রহণের পরিমাণ কমেছে ২০২৭ কিলো থেকে ২১৫৩ কিলো ক্যালারিতে। সেখানে পশ্চিমবাংলায় বেড়েছে ২০১৭ কিলো ক্যালারি থেকে ২২২১ কিলো ক্যালারিতে। ১৯৭৭ সালের আগে গ্রামীণ দারিদ্রের হার ছিল ৭০ শতাংশের বেশি, বর্তমানে সেই হার ২৫ শতাংশ-র নিচে। কেবল কৃষিতে নয় মৎস্য উৎপাদনে, বনসৃজনে ও প্রাণীসম্পদ বিকাশে আমাদের রাজ্য শীর্ষ স্থানে আছে। আমাদের রাজ্যে যে অভ্যন্তরীন বাজার যা সৃষ্টি হয়েছে তার মূল্য হলো ১৮ হাজার কোটি টাকা। তার ফলে মানুষের ক্রয়ক্ষমতা বৃদ্ধি পেয়েছে। যার ফলে বিভিন্ন রকম জিনিসের চাহিদা বেড়েছে। সামগ্রিক চাহিদা বৃদ্ধির ফলে শিল্পের বৃদ্ধি ঘটছে। তার এই সাফল্যের ফলে শিল্পে বিকাশের সম্ভাবনা দেখা দিয়েছে। যার জন্য শিল্প বিকাশের উপর জোর দেওয়া হয়েছে। এই পটভূমিতে শিল্পোন্নয়নের অগ্রগতি ঘটেছে। কৃষি ও শিল্প পরস্পরের প্রতিযোগী নয় এবং পরস্পরের পরিপূরক কৃষির উপর ভিত্তি করে শিল্পের অগ্রগতি ঘটছে। ১৯৯১ সাল থেকে ২০০৪ সালের মধ্যে পশ্চিমবঙ্গে ৯৯১টি নতুন শিল্প ইউনিট স্থাপন হয়েছে। লোহা, ইস্পাত, রাসায়নিক, পেট্রোকেমিক্যাল, সিমেন্ট, কাঁচ, সিরামিক, প্লাস্টিক, খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প গড়ে উঠেছে। এতে মোট বিনিয়োগের পরিমাণ হলো ২৬,৬৮০ কোটি টাকা। এই হিসাবের মধ্যে ক্ষুদ্র এবং কুটির শিল্পের বিনিয়োগ, রাস্তা, সেতু, উড়ালপুল টেলিযোগাযোগ বিদ্যুৎ, আবাসন ক্ষেত্রে বিনিয়োগের হিসাব ধরা হয়নি। তথ্য প্রযুক্তির ক্ষেত্রে আমাদের রাজ্যে বিকাশের বার্ষিক হার শতকরা ৫০ শতাংশে, যেখানে ভারতের গড় হিসাব ৩৫ শতাংশ মাত্র। সংবাদ মাধ্যমে একাংশ রাজ্যের শিল্পোন্নয়নের এই কর্মসূচিকে তারিফ করতে কার্পণ্য করলেও দরাজ প্রশংসা মিলেছে বারেবারে। ইস্টার্ন ইকনমিক রিভিউ, দেশীয় শিল্পপতি থেকে বিদেশি শিল্প সংস্থা সকলেই জানেন যে এই দেশের সম্ভাবনাময় রাজ্য পশ্চিমবঙ্গ, কলকাতাকে চিহ্নিত করা হচ্ছে। এই অবস্থায় দাঁড়িয়ে আমি আবেদন করব, বামফ্রন্ট সরকার এক হয়ে সাধারণ মানুষের কথা ভাবুন। সাধারণ মানুষকে কৃষিতে সংহত রেখে শিল্প উন্নয়নের পথে এগিয়ে যেতে দিন। প্রাইমারি সেক্টরের মূল কথা হল কৃষি। কলকাতা হচ্ছে এশিয়ান সারপ্রাইজিং নিউ টেক হাল। সেকেন্ডারি স্টেজে আসতে গেলে চাষের পরিকাঠামোর উন্নতির প্রয়োজন। আন্ডার ডেভেলপের লক্ষণ হচ্ছে, কৃষিতে আটকে থাকা। আমাদের কৃষি এবং শিল্প—এই দুটোতে উন্নয়ন ঘটাতে হবে। সকলকে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমতী মঞ্জু বসু : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতিক্রমে মহামান্য রাজ্যপালের প্রদত্ত ভাষণের উপর বিতর্কে অংশগ্রহণ করতে পারায় আমি আপনাকে

অজস্র ধন্যবাদ জানাচ্ছি। স্যার, গত ২রা ফেব্রুয়ারি, ২০০৬-এ ভারতীয় সংবিধানের ১৭৬ নং অনুচ্ছেদ অনুসারে বিধানসভার অধিবেশনে পশ্চিমবঙ্গের রাজ্যপাল মহামান্য শ্রী গোপালকৃষ্ণ গান্ধী কর্তৃক প্রদত্ত ভাষণের সভায় যে ধন্যবাদ জ্ঞাপন করেন, তার তীব্র প্রতিবাদ জানিয়ে এবং আমাদের বিরোধী দলের আনীত সংশোধনীর সম্পূর্ণ সমর্থন জানাতে কয়েকটি বিষয়ের প্রতি যুক্তি সহকারে আলোকপাত করছি। স্যার, এটা নিশ্চয়ই অস্বীকার করার কোনো জায়গা নেই— যে রাজ্য সরকারের কল্পনাপ্রসূত বক্তব্যগুলি এই রাজ্যপাল লিপ দেন বা দিতে বাধ্য হন। কিন্তু যতই বাধ্যবাধকতা থাকুক না কেন এটা আমাদের মনে করিয়ে দিয়েছেন আর একবার যে, তিনি আমাদের গর্বের জাতির জনকের পৌত্র। যাঁর ধমনীতে সেই রক্তই বইছে। যাতে মিশে আছে সততা ও অহিংসার ধারা। তার জন্যই তিনি মেনে নিতে পারেননি রাজ্য সরকারের অসত্য ভাষণ। তাই তিনি শোক সংক্রান্ত অনুচ্ছেদটি বাংলায় পাঠ করার পর ১৪ পাতায় বাকি অনুচ্ছেদগুলি থেকে একটি দুটি করে লাইন ইংরাজিতে পাঠ করে ভাষণ শেষ করে দেন। অর্থাৎ সাংবিধানিক দায়িত্বটুকু পালন করেন। মাত্র ১৩ মিনিটের মধ্যে সমস্ত প্রক্রিয়া শেষ করে রাজ্যপাল বিধানসভাকক্ষ ত্যাগ করেন। ১৪ পাতার লিখিত ভাষণে অনেক কিছু থাকলেও অত্যন্ত গুরুত্বপূর্ণ সাম্প্রতিক বিষয়গুলি সচতুর কৌশলে বাদ দেওয়া হয়েছে। নেই-এর তালিকায় রয়েছে (১) সালিম গোষ্ঠীর বিনিয়োগ, (২) লাগাতার শিশু হত্যা, ছাত্র অপহরণ, নারী ধর্ষণ, তীব্র বেকার সমস্যা, (৪) জাল রেশন কার্ড, ভুয়ো ভোটার, ভুয়ো বি.পি.এল. কার্ড, (৫) কৃষি জমি লুঠ, (৬) আর্থিক দেউলিয়াপনা ইত্যাদি স্পর্শকাতর বিষয়গুলি এড়িয়ে গেলেন অথচ সরকারের দাবি-রাজ্যের মানুষের জীবন ধারনের গুণগত পরিবর্তন ঘটেছে। টাকাই নেই তো উন্নয়ন হবে কোথা থেকে ? আর এই সম্পূর্ণ ধাপ্পাবাজিতেই আমাদের বিরোধিতা। স্যার, আগামী ২০০৬-এ বিধানসভা নির্বাচন। এই বিধানসভা নির্বাচনকে কেন্দ্র করে ভোটার তালিকা সংশোধনীর কাজকে ত্রুটিমুক্ত করতে কেন্দ্রীয় নির্বাচন কমিশনের পর্যবেক্ষকদের ঐকান্তিক প্রচেষ্টায় রাজ্যে লক্ষ লক্ষ ভুয়ো ভোটারের সন্ধান পাওয়া গেছে। এরই জেরে লক্ষ লক্ষ (প্রায় ৮৫ লক্ষ) ভুয়ো রেশন কার্ড ধরা পড়েছে। সুতরাং ভূতের ভোটেই দীর্ঘ ২৯ বছর বামফ্রন্টের জয় অত্যন্ত আশ্চর্যের বিষয়। এই এত বড় ভুয়োর ঘটনাকে কি করে আড়াল করা হল ? অথচ পর্যবেক্ষকদের এই সুমহান কর্তব্যনিষ্ঠাকে শাসক দল কটাক্ষ করছেন। স্যার, রাজ্যপালের ভাষণে রাজ্যে একাধিক পার্ক ও শিল্প বিকাশের কথা থাকলেও, নেই চর্মনগরী যা নিয়ে প্রায়ই বড়াই করে থাকেন মাননীয় মুখ্যমন্ত্রী। বর্তমানে মাত্র ৫৬টি ট্যানারি চর্মনগরীর কাজ শুরু করেছে। অথচ ট্যাংরা তপসিয়া অঞ্চলে মোট ট্যানারির সংখ্যা ছিল প্রায় ৪৫০টি। পরিবেশ দূষণ ঠেকাতে কোর্টের নির্দেশে ২০০২ সালে ট্যানারিগুলি বন্ধ করে দেওয়া হয়েছিল।

[3.45—3.55 p.m.]

গত তিন বছরে মাত্র দশ শতাংশ ট্যানারিকে চর্মনগরীতে সরিয়ে নিয়ে যাওয়া সম্ভব হয়েছে। বাকি পাঁচশোটির উৎপাদন কার্যত বন্ধই। এই হিসাব দেবে কে ? শুধু তাই নয়,

মাননীয় মুখ্যমন্ত্রী যে সালিম গোষ্ঠীর হাত ধরে বাংলায় শিল্পের জোয়ার আনতে সারা রাজ্যে ঝড় তুলে নিজেকে মহা পরাক্রমশালী রূপে তুলে ধরার চেষ্টা করলেন, সে বিষয় সম্পূর্ণ অদৃশ্য। গত বছর বিদেশি টাকা আনতে সদলবলে সিঙ্গাপুর, ইন্দোনেশিয়ায় গিয়েছিলেন আমাদের মুখ্যমন্ত্রী। বিদেশের মাটিতে দাঁড়িয়ে রাজ্যের চেহারাটাকে পাল্টে দেওয়ার মতই প্রতিশ্রুতি দিয়েছিলেন তিনি। ইন্দোনেশিয়ায় সালিম গোষ্ঠীর টাকায় দক্ষিণ ২৪ পরগনায় গড়ে উঠবে শিল্পনগরী, তারই সঙ্গে তৈরি হবে আবাসন। এছাড়াও সালিম গোষ্ঠী তৈরি করে দেবে স্বাস্থ্যনগরী। ভবিষ্যতে ৪৪ হাজার কোটি টাকা বিনিয়োগ আসবে এই কর্মকান্ডে। এ ব্যাপারে কোনো উচ্চবাচ্য নেই রাজ্যপালের ভাষণে। উলুবেড়িয়ার বিতর্কিত মোটর সাইকেল কারখানার বিষয়টিই বা গেল কোথায় ? শিল্পে বিনিয়োগ নিয়ে গর্বের শেষ নেই মাননীয় মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্যের। রাজ্যপালের ভাষণে বলা হয়েছে, রাজ্যে বিনিয়োগের ক্ষেত্রে খুবই অনুকূল পরিবেশ থাকার ফলে বিগত কয়েক বছরে রাজ্যে বিনিয়োগ গড় বার্ষিক ২,২০০ কোটি টাকা। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় হলো, আর্থিক সমীক্ষার মত সরকারি হিসাবে শিল্প বিনিয়োগ নিয়ে রাজ্য সরকার যে দাবি করেছিল, তার সঙ্গে রাজ্যপালের ভাষণের কোনো মিলই নেই। আর্থিক সমীক্ষার পরিসংখ্যান হলো :—২০০১ সালে ২৩৯টি শিল্পে বিনিয়োগ হয়েছে ১,৫৪১.২৭ কোটি টাকা। ২০০২ সালে ৩৩৭টি শিল্পে ৪,৬৫৯.৮৮ কোটি টাকা। ২০০৩ সালে ৩৮৫টি শিল্পে ৬,৪৭৩.০২ কোটি টাকা এবং ২০০৪ সালে ৪৫৬টি শিল্পে ৭,৫৯৩.৯০ কোটি টাকা। রাজ্যপালের ভাষণে স্থান পায়নি বর্তমানে রাজ্যের এক প্রধান ও ভয়াবহ সমস্যা— বেকার সমস্যা। সরকারি নথিভুক্ত বেকারের সংখ্যা প্রায় ৭৯ লক্ষ। এই বিশাল বেকারি থেকে নানান বিপত্তি দেখা দিচ্ছে অহোরাত্র। তীব্র দারিদ্র্য, নিষ্কর্মের জ্বালা সহ্য করতে না পেরে যুব সমাজ আজ বিপথগামী। সমাজের মূল শক্তি যুবশক্তিহীন রাজ্যে পরিণত আজকে পশ্চিমবঙ্গ। এই অপদার্থতার দায় অস্বীকার করার কোনো উপায় নেই। এই কারণেই আমাদের রাজ্যে সরকারের প্রতি বিরোধিতা। চরম দারিদ্র্যে আমলাশোল, চাঁচল, জলঙ্গির মানুষ আজ অনাহারে মারা যাচ্ছে। এই নির্মম সত্যটাকে মাননীয় রাজ্যপালও স্বীকার না করে পারেননি, তাঁর এক্ জনসভায় ভাষণে আমরা শুনেছি। যে সর্বশিক্ষা অভিযানের সাফল্য নিয়ে ঢাকঢোল পেটান বামফ্রন্ট সরকার তা যে কতখানি অসত্যের তর্জন-গর্জন সার তা বোঝা যায় এই প্রকল্পে দেওয়া কেন্দ্রীয় সরকারের ১৫০ কোটি টাকা রাজ্য সরকার খরচ করতে না পারায় ফেরত গেছে। রাজ্যে প্রায় ২৫ হাজার প্রাথমিক বিদ্যালয় (কলকাতা সার্কেলেই ১০০টি) বন্ধ হয়ে গেছে উপযুক্ত পরিকাঠামো ও ছাত্রছাত্রী সংখ্যার অভাবে। অতএব শিক্ষাক্ষেত্রে রাজ্য সরকারের ব্যর্থতার কথা অবগুণ্ঠিত থাকলো 'নিঃশব্দ চরণে'।

সুতরাং আর না এগিয়ে যেখানে বলার শেষ নেই—রাজ্যপালের এই অসত্য, অসংবদ্ধ পরস্পর বিরোধী ভাষণকে তীব্র প্রতিবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী দীপক সরকার : মাননীয় উপাধ্যক্ষ মহোদয় মাননীয় রাজ্যপাল গত ২রা ফেব্রুয়ারি আমাদের সামনে যে ভাষণ রেখেছেন, আমি তাকে সম্পূর্ণভাবে সমর্থন করছি এবং বিরোধী পক্ষের বন্ধুরা যে সংশোধনীগুলি এনেছেন তার বিরোধিতা করছি। আমরা

দেখতে পাচ্ছি, মাননীয় রাজ্যপাল তাঁর বক্তব্যে বলেছেন উত্তরবঙ্গে সশস্ত্র জঙ্গি কার্যকলাপ সম্বন্ধে। তাঁর ভাষণে কোচবিহারে 'গ্রেটার কোচবিহার'-এর নাম করে কিছু বিচ্ছিন্নতাবাদী শক্তি বিশৃঙ্খলা সৃষ্টির চেষ্টা করছে বলে উল্লেখ করেছেন। এবং সেখানে আমরা দেখেছি এর আগেও কে.এল.ও., কামতাপুরিরা নানাভাবে অশান্তির পরিবেশ সৃষ্টি করতে চেষ্টা করেছিল। অসমের উলফা, নেপালের মাওবাদী এবং আই.এস.আই.-এর সঙ্গেও ওদের যোগাযোগ আছে। আমরা খুব দুঃখিত হচ্ছি যখন দেখছি কোচবিহার এবং উত্তরবঙ্গে 'গ্রেটার কোচবিহারের সমর্থকরা বিরোধিতা করছে কিন্তু আমাদের বিরোধী বন্ধু, বিশেষ করে কংগ্রেস এবং তৃণমূল কংগ্রেসের পক্ষ থেকে সে সবের কোনো বিরোধিতা করা হচ্ছে না। ওই 'গ্রেটারের' বিরুদ্ধে অন্য কোথাও বলে থাকলেও থাকতে পারেন কিন্তু কোচবিহারে আপনাদের দলের লোকেদের কোনো বক্তব্য নেই। ওখানে হাঙ্গামার ফলে আহত মানুষদের মাননীয় পঙ্কজবাবু দেখতে গিয়েছিলেন ? দেখে তাদের কিছু মিষ্টি খাওয়ার পয়সা দিয়ে চলে এসেছেন। কিন্তু পুলিশ খুন হওয়ার মধ্যে দিয়ে যে অশান্ত পরিবেশের সৃষ্টি হয়েছিল তাকে শান্ত করার চেষ্টা তো করলেনই না বরঞ্চ কিভাবে অবস্থার আরো অবনতি হয় তার জন্য হাওয়া দিয়ে এলেন। আমরা, বিশেষত কোচবিহারের মানুষ বিরোধী দলের নেতার কাছে এটা আশা করিনি। কোচবিহারের মানুষ ওদের ওই আচরণে মর্মাহত। যারা কোচবিহারকে পশ্চিমবাংলা থেকে আলাদা করার চেষ্টা করছে তাদের আপনারা বিরোধিতা করছেন না। গতকাল ওই বিচ্ছিন্নতাবাদীদের দুটো সমাবেশ হয়েছিল এবং তাতে প্রায় তিন-চার হাজার লোক সমাগম হয়েছিল। আপনারা জানেন হয়তো, অর্থনৈতিক দুর্নীতির অভিযোগের ভিত্তিতে 'গ্রেটার কোচবিহার' দু'ভাগে বিভক্ত হয়ে গেছে। অর্থনৈতিক দুর্নীতির অভিযোগ উঠেছে ওদের নেতা বংশীবদনবাবুর বিরুদ্ধে। খবর নিলে দেখতে পাবেন রবিবার কোচবিহারের সাহেব হাটে সংগঠনের সভার ডাক দেন বংশীবদন বর্মণ গোষ্ঠীর সদস্যরা। সেখানে তিন হাজার লোকের সমাগম হয়। অন্যদিকে মাথাভাঙায় সংগঠনের বিক্ষুব্ধ গোষ্ঠীর নেতা জ্যোতিষ বর্মণ আর একটি সম্মেলনের আয়োজন করেন। সেখানেও প্রায় এক হাজার মানুষের জামায়েত হয়। দ্রুত 'গ্রেটারে'র সমর্থন কমছে। কোচবিহারের সাধারণ মানুষ তাদের মোকাবিলা করছে। কিন্তু মাননীয় মুখ্যমন্ত্রী ২৪শে সেপ্টেম্বর বিমানঘাঁটির ওখানে ময়দানে যে সমাবেশ করেছিলেন তাতে প্রায় চার লক্ষ মানুষের সমাগম হয়েছিল। বামফ্রন্টের পক্ষ থেকে ওখানে যে সমাবেশ করা হয়েছিল তার খবর আপনারাও নিশ্চয় পেয়েছেন। কোচবিহারের মানুষ সেই সমাবেশে গিয়ে বলেছেন, 'আমরা বিচ্ছিন্ন হতে চাই না, পাকিস্তানপন্থীদের সঙ্গে হাত মেলাতে চাই না। উলফাদের সঙ্গে হাত মেলাতে চাই না, কংগ্রেস, তৃণমূল কংগ্রেস যাই বলুক না কেন আমরা আলাদা হতে চাই না।'

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপাল মহাশয় তাঁর ভাষণে বলেছেন, 'বিদ্যুৎ পরিস্থিতির উন্নতি হয়েছে।' ঠিকই তো। ১৯৭৭ সালের আগে যখন রাজ্যে কংগ্রেস সরকার ছিল, তখন আমরা দেখেছি ভয়ঙ্করভাবে লোডশেডিং হত। তখন 'লোডশেডিং জামা' বেরিয়েছিল। একই জামার উপরে এক রকম এবং নিচে অন্য রকম রং থাকত। কংগ্রেসের দয়ায় সেইসব দিন তৈরি হয়েছিল। কিন্তু আজকে আর লোডশেডিং জামা আছে ? চেষ্টা করলেও 'লোডশেডিং জামা' পাবেন না, তা গায়ে দিতেও পারবেন না ;

লোডশেডিংও উঠে গেছে। বক্রেশ্বর থেকে শুরু করে বিদ্যুৎ ক্ষেত্রে যে বিভিন্ন ব্যবস্থা নেওয়া হয়েছে তার ফলে অবস্থার উন্নতি হয়েছে তা আপনারা যত নিন্দাই করুন না কেন। বাস্তবে পরিস্থিতির অনেক উন্নতি হয়েছে। এখন গ্রীষ্মকালে যে সামান্য সমস্যা দেখা দেয় সেটাও মেটানোর চেষ্টা হচ্ছে, সরকার প্রচেষ্টা করছে। কিন্তু বিরোধী দলের পক্ষ থেকে তা সত্ত্বেও লোডশেডিং নিয়ে চিৎকার-চেঁচামেচি করা হচ্ছে।

মাননীয় নেপালবাবু বললেন 'কংগ্রেস আমলে রাজ্য খাদ্যে স্বয়ং সম্পূর্ণ ছিল।' এটা তিনি কি বললেন' নেপালবাবু কি ভুলে গেলেন কংগ্রেস আমলে ভয়ংকর দুর্ভিক্ষ হয়েছিল, মানুষকে খাওয়ানের জন্য লঙ্গরখানা খুলতে হয়েছিল, আবার লঙ্গরখানার খাবার খেয়ে ডাইরিয়া হয়ে অনেক মানুষ মারা গিয়েছিল এবং না খেতে পেয়েও অনেক মানুষ মারা গিয়েছিল ? মাননীয় নেপালবাবু তাও বললেন, 'কংগ্রেস আমলে, সিদ্ধার্থশংকর রায়ের আমলে পশ্চিমবঙ্গ খাদ্যে স্বয়ংম্ভর ছিল।' আমরা দেখেছি অতীতে 'লেভি' চালু করা হয়েছিল এবং কৃষকদের জমির ধান জোর করে কেড়ে নিয়ে তাই দিয়ে লঙ্গরখানা চালু করা হয়েছিল আমেরিকা থেকে শুয়োরের খাবার এনে, মাইলো খাওয়ানো হয়েছিল অভুক্ত মানুষগুলোকে। কেন করেছিলেন ? সেইসব দিনের কথা কি মাননীয় নেপালবাবু ভুলে গেলেন ? এসব কথা কি ভোলা যায় ? কি করে এসব কথা বললেন ? মাননীয় নেপালবাবু এইসব কথা পুরুলিয়ায় বলছেন বলুন কিন্তু এখানে, বিধানসভাতেও বলবেন, আমি এর তীব্র বিরোধিতা করছি এবং মাননীয় রাজ্যপালের ভাষণের সম্পূর্ণ সমর্থন করছি।

মাননীয় রাজ্যপাল মহাশয় বলেছেন, 'পুরুলিয়া, বাঁকুড়ায় বিচ্ছিন্নতাবাদী শক্তি যে স্বপ্ন দেখছে তার পরিপ্রেক্ষিতে সেখানে সরকার উন্নয়নের বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করেছে এবং যেখানে ঘাটতি আছে আমাদের সরকার তা মেটানোর চেষ্টা করছে।'

[3.55—4.05 p.m.]

বিরোধীপক্ষরা হাওয়া দিচ্ছেন, উস্কানি দিচ্ছেন, এই বিষয় সম্পর্কে দয়া করে অনুধাবন করুন। আমরা কি দেখছি—তথ্য প্রযুক্তির ক্ষেত্রে আমরা নিশ্চয় গর্ব করতে পারি। গোটা ভারতবর্ষে অঙ্গরাজ্যগুলো যে আছে তাতে আমাদের রাজ্য তথ্য প্রযুক্তির ক্ষেত্রে একটা উল্লেখযোগ্য জায়গা নিতে পেরেছে। কংগ্রেস পরিচালিত রাজ্যগুলো যে আছে, যেখানে কংগ্রেস সরকার চালাচ্ছে, সেখানেও তথ্য প্রযুক্তিতে আমাদের থেকে এগিয়ে নেই। পাঞ্জাবের থেকে আমরা এগিয়ে আছি, অন্ধ্রপ্রদেশের থেকে এগিয়ে আছি। অন্ধ্রপ্রদেশে চন্দ্রবাবু নাইডু তথ্য প্রযুক্তির ক্ষেত্রে যা অগ্রগতি ঘটিয়েছেন আমরা তার থেকে এগিয়ে আছি। আমরা এই সরকারের আমলেই দেখেছি বর্গাদারদের নাম নথিভুক্ত করা হয়েছে। ভূমি সংস্কার হয়েছে। অতীতে জমিদার-জোতদাররা লক্ষ লক্ষ বিঘা জমি দখল করে রেখেছিল, জমি চুরি করে ছাগলের নামে, গরুর নামে, যে বাচ্চা পেটে আসেনি, তার নামেও জমি নথিভুক্ত করা হয়েছিল। ১৯৭৭ সালে বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পরে ওইসব জমি উদ্ধার করে ১৫ লক্ষ বর্গাদার রেকর্ডভুক্ত করেছে। আজকে এখনও

সেইসব বর্গাদারদের উচ্ছেদ করার জন্য আপনারা মামলা চালাচ্ছেন, কিন্তু আমরা সেই বর্গাদারদের পক্ষে হয়ে লড়ে যাচ্ছি এবং যাব। এই রাজ্যপালের ভাষণ প্রসঙ্গে অনেক অঙ্গভঙ্গ করলেন। এদিকে রাজ্যপালের সম্পর্কে বলছেন মহাত্মা গান্ধীর নাতি অথচ তিনি যখন ভাষণ দিতে উঠলেন তখন যেভাবে নাটক করলেন এবং নাচন-কোঁদন করলেন তাতে কোনভাবেই আপনাদের সমর্থন করতে পারি না। এই কথা বলে এই রাজ্যপালের ভাষণের উপরে যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব এসেছে তাকে সমর্থন করে, বিরোধীদের আনা সংশোধনী প্রস্তাবের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী মহবুল হক : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপাল শ্রী গোপালকৃষ্ণ গান্ধী মহাশয় পশ্চিমবঙ্গে ভারতীয় সংবিধানের ১৭৬ ধারা অনুযায়ী এই বিধানসভাতে যে বক্তব্য রেখেছেন তার প্রতিলিপি আমরা পেয়েছি। সেই প্রতিলিপির প্রথম অংশে অর্থাৎ শোক প্রস্তাব যেগুলো নেওয়া হয়েছে তার সঙ্গে আমি একমত হয়ে তাদের পরিবারকে সহানুভূতি জানাচ্ছি এবং সমর্থন করছি। কিন্তু একটি কথা—আমরা দেখতে পাচ্ছি দীর্ঘ ২৯ বছর বামফ্রন্ট সরকার ক্ষমতায় থাকা সত্ত্বেও অগ্রগতি যেভাবে হওয়ার কথা ছিল, সেইভাবে হয়নি। আমরা যদি ঠিকমতো রাজ্যপালের ভাষণ অনুধাবন করি এবং খোঁজখবর নিই তাহলে দেখা যাচ্ছে পশ্চিমবঙ্গ অনেক পিছিয়ে যাচ্ছে। যা হওয়ার কথা ছিল সেটা হচ্ছে না। আমি উত্তরবঙ্গের লোক হলেও চা-বাগান এলাকার লোক নই। উত্তরবঙ্গে চা-শিল্প হচ্ছে সবচেয়ে বড় শিল্প, বিশ্বে একটা বড় স্থান করে নিয়েছিল, কিন্তু সেই চা শিল্পে আজকে দুরবস্থা। কলকারখানার কি দূরবস্থা সেকথা আপনারা নিশ্চয় জানেন। চা-বাগানগুলো বসে যাচ্ছে যার ফলে শ্রমিকরা কর্মহীন হয়ে পড়ছে, তাদের দিকটা তো দেখতে হবে। তাদের কর্মসংস্থানের তো ব্যবস্থা করতে হবে। আপনারা তো বারেবারে নতুন শিল্প এবং কর্মসংস্থানের কথা বলছেন, অনেক হোর্ডিং করে প্রচার করে বলছেন যে প্রচুর কর্মসংস্থান হবে। আগে দেখুন কেন চা-বাগানগুলো বন্ধ হয়ে গেছে, কেন শ্রমিকরা .অসহায় অবস্থায় রয়েছে, কেন বেকারি বাড়ছে, কেন মানুষেরা অনাহার, অর্ধাহারে দিন কাটাচ্ছে—এই বিষয়ে তো খোঁজ খবর নেবেন। বহু কারখানা এবং চা-বাগান বন্ধ হয়ে গেছে এবং তাতে বহু শ্রমিক বেকার হয়ে পড়েছে। ওই বেকার শ্রমিকদের রুজি-রোজগার বন্ধ হয়ে গেছে, যার ফলে তারা অন্য প্রদেশে চাকুরির জন্য চলে যাচ্ছে। অনেক শ্রমিক অনাহারে মারা যাচ্ছে, অর্ধাহারে মারা যাচ্ছে এই কথাগুলো কি আপনারা অস্বীকার করতে পারেন ? আজকে দেখা যাচ্ছে যে সিটু-র যে ইউনিয়ন, সেই ইউনিয়ন আজকে শ্রমিকদের স্বার্থ না দেখে মালিকপক্ষকে অবলম্বন করছে। কয়েকদিন আগে আপনারা অনেক কিছু কলকাঠি নাড়িয়ে, অনেক কিছু প্রচার করে আপনারা ত্রিপাক্ষিক চুক্তি করেছেন। কলকাতায় আপনারা বসেছিলেন, তার মধ্যে সরকার পক্ষ ছিল, বিভিন্ন ইউনিয়ন ছিল এবং মালিক পক্ষ ছিল। সেখানে দেখলাম যে, সেই চুক্তি কিভাবে মালিক পক্ষ ভঙ্গ করে যাচ্ছে, কিভাবে চুক্তি মানছে না, আপনারা সেই অসহায় অবস্থার মধ্য দিয়ে আপনারা সেই শ্রমিকদের রক্ষা করতে পারছেন না। আপনারা কি জানেন যে, সেই চুক্তি কিভাবে মালিক পক্ষ গোপনভাবে রফা করছে। আই.এন.টি.ইউ.সি.

শিলিগুড়িতে শ্রম দপ্তরে তারা প্রতিবাদ আন্দোলন করেছে এবং সরকার তার দুর্বলতার জন্য আজকে চা-বাগানের মালিকদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে পারছে না। আপনারা আজকে চিন্তা-ভাবনা করবেন না ? আজকে ডুয়ার্সে চা-শিল্প একটা বিরাট শিল্প ছিল। সেখানে দেখা যাচ্ছে যে, সরকারের প্রশাসনে যারা আছেন, তারা একের পর এক সেই চা মালিকদের কাছ থেকে সেই প্রশাসন আজকে উৎসবের নাম করে ১০ লক্ষ টাকা চাঁদা আদায় করছে, বিভিন্ন জায়গা থেকে তারা আদায় করছে এবং মালিকদের তুষ্ট করার জন্য প্রশাসনের এস.ডি.ও. ডি.এম. তারা তাদের পক্ষ নিচ্ছেন। শ্রমিকদের কথা আপনারা বলেন কিন্তু আজকে শ্রমিকরা বেকার হয়ে যাচ্ছে, তাদের রুজি-রোজগার বন্ধ হয়ে যাচ্ছে। আপনারা কি সেটা আজকে অস্বীকার করতে পারেন ? আজকে দেখা যাচ্ছে যে আমাদের হাওড়া জেলা, যাকে শেফিল্ড বলা হত, এখানে ছোট, ছোট কারখানা ছিল, সেই কারখানাগুলিতে প্রায় ১০ থেকে ২০০ জন শ্রমিক কাজ পেত। ১৯৭৭ সালের আগে কারখানাগুলি চালু ছিল, আজকে দেখা যাচ্ছে সেখানে যে ছোট ছোট যন্ত্রপাতি নির্মাণ করা হত, সেখানে শ্রমিকরা কাজ পেত, সেখানে আজকে ১৫ হাজার যে স্মল স্কেল ইন্ডাস্ট্রির কারখানা ছিল, সেই কারখানাগুলি বন্ধ হয়ে যাচ্ছে। শ্রমিকরা বেকার হয়ে যাচ্ছে। তবুও কি আজকে বলতে হবে যে আপনারা এগিয়ে যাচ্ছেন ? আজকে আপনারা একদিকে এগিয়ে যাচ্ছেন, আর যেটা ছিল সেটা বন্ধ হয়ে যাচ্ছে। সেটা তো আপনারা চিন্তা-ভাবনা করলেন না ? আজকে স্মল স্কেল ইন্ডাস্ট্রির কথা ছেড়েই দিচ্ছি কিন্তু যে বিগ ইন্ডাস্ট্রি ছিল যেমন গেস্ট কিং উইলিয়ামস, রেমিংটন, গ্যাঞ্জেস মিল, বাউড়িয়া কটন মিল, কানোরিয়া জুট মিল ছিল। সেখানে ১ লক্ষ শ্রমিক সব বেকার হয়ে গেল, সেটা চিন্তা করলেন না ? তারা কি অবস্থায় আছে সেটা ভেবে দেখলেন না ? আজকে পশ্চিমবঙ্গে সেখানে সেই হিসাব নেই। আজকে পশ্চিমবঙ্গ থেকে প্রত্যেক গ্রাম থেকে শয়ে শয়ে শ্রমিকরা তারা ভিন্ন রাজ্যে চলে যাচ্ছে, তারা চলে যাচ্ছে দিল্লি, হরিয়ানা, পাঞ্জাব, উড়িশায়, আজকে কত লক্ষ শ্রমিক বাংলাদেশে চলে যাচ্ছে সেই রেকর্ড আপনাদের কাছে নেই। আজকে দেখা যাচ্ছে মালদা জেলাতে কয়েকদিন আগে ১১ জন শ্রমিক মারা গেল, সেই শ্রমিকদের দেহ নিয়ে আপনারা রাজনীতি করেছিলেন। সেই শ্রমিকরা কি কাজ করতে গিয়েছিলেন ? তারা সেখানে যে বিল্ডিং তৈরি হচ্ছিল, সেখানে মজুরের কাজ করতে গিয়েছিল, কেউ বা রাজমিস্ত্রীর কাজ করতে গিয়েছিল, কেউ ইলেকট্রিকের কাজ করতে গিয়েছিল এবং কেউ বা দর্জির কাজ করতে গিয়েছিল। আজকে শ্রমিকরা পশ্চিমবঙ্গ থেকে চলে যাচ্ছে। আজকে ভাবনা-চিন্তা করলেন না যে, কেন তারা চলে যাচ্ছে ? তার কারণ তারা ওখানে বেশি মজুরি পাচ্ছে, তারা কাজ পাচ্ছে, তারা তাদের সংসার চালাতে পারছে, তারা সেই টাকা দিয়ে কোনো রকমে সংসার চালাচ্ছে। আজকে এই কথা আপনারা ভাবনা-চিন্তা করলেন না ? আজকে যদি এই অবস্থা না হত তাহলে নিশ্চয়ই আমি আজকে সমর্থন করতাম। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়, আজকে নতুন নতুন যে ইন্ডাস্ট্রি হচ্ছে সেখানে ইনভেস্টেমেন্ট অনেক বেশি কিন্তু সেখানে কর্মসংস্থানের সংখ্যা অনেক কম। সেখানে তথ্য প্রযুক্তির ক্ষেত্রে যেসব কর্মীদের নিয়োগ করছেন, তাদের সংখ্যাও কম। আজকে বেকারদের সংখ্যা হু-হু করে বাড়ছে। শিক্ষার ক্ষেত্রে দেখুন, স্কুলে ১৪ হাজার টাকা ১৩

হাজার টাকা বেতন দিচ্ছেন আর অন্যদিকে কনট্রাক্ট বেসিসে ২ হাজার টাকা, প্রাইমারি স্কুলে ১ হাজার টাকা বেতন দিয়ে কিভাবে স্কুলে বেকারদের আপনারা অন্যায়ভাবে দমিয়ে রেখেছেন, তারা কোনো পথ না পেয়ে ২ হাজার টাকা, ১ হাজার টাকা চাকরির জন্য তারা আপ্রাণ চেষ্টা করছেন। এ কথা কি আপনারা ভাবনা-চিন্তা করবেন না ? আজকে মাননীয় রাজ্যপাল তাঁর ভাষণে তিনি বলেছেন, সেখানে দেখা যাচ্ছে স্বাস্থ্য পরিষেবার বিষয়ে বলেছেন যে, রাজ্য সরকার জনসাধারণকে কার্যকর ব্যয়সাধ্য ও পক্ষপাতহীন স্বাস্থ্য পরিষেবা প্রদানের লক্ষে একটি মধ্য মেয়াদি স্বাস্থ্য সংস্কার কর্মসূচি রূপায়িত করার পদক্ষেপ গ্রহণ করেছে।

[4.05—4.15 p.m.]

আমি বলতে চাই আজকে আপনারা গণতন্ত্রের নামে পার্টিতন্ত্র কায়েম করেছেন। সরকার বলছে আমরা গণতন্ত্রের মাধ্যমে সরকারে এসেছি। কিন্তু আমরা দেখছি পার্টি যা বলে তাই করা হয়। মালদহে চাঁচল সাব-ডিভিশন হয়েছে ২০০১ সালে। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বলেছিলেন চাঁচল সাব-ডিভিশনের সামনে সাব-ডিভিশনাল হাসপাতাল হবে, এর ফলে উত্তরবঙ্গ অর্থাৎ মালদহের লোকেরা স্বাস্থ্য পরিষেবা পাবে। কিন্তু সেখানে আজকে তারা স্বাস্থ্য পরিষেবা পাচ্ছে না, তারা ফিরে আসছে। মালদহের চাঁচল সাব-ডিভিশনাল হাতপাতাল করার বদলে আমরা দেখছি রতুয়ায় ৩টি গ্রামীণ স্বাস্থ্য কেন্দ্র আগামী কয়েকদিনের মধ্যে ওপেন করার জন্য মাননীয় স্বাস্থ্যমন্ত্রী যাচ্ছেন। সেখানকার নির্বাচিত প্রতিনিধি খাদ্য প্রক্রিয়াকরণ মন্ত্রী শৈলেন সরকারের এলাকাতে ৩০ বেডের ৩টি গ্রামীণ স্বাস্থ্য কেন্দ্র গড়ার চেষ্টা করছেন এবং তার ফিতে কাটতে যাচ্ছেন। কিন্তু চাঁচল সাব-ডিভিশনাল হাসপাতাল কেন হল না ? আজকে সরকার বলছে টাকা নেই। আজকে চাঁচলে ট্রেজারি হল না। সেখানে ৯ লক্ষ টাকা খরচ করে টি.এ.ডি.এ. চালু করার কথা ছিল। কিন্তু সরকারের গয়ংগচ্ছ নীতির জন্য এবং অফিসার নিয়োগ করতে না পারার জন্য সেখানে ট্রেজারি চালু করা গেল না। আজকে একদিকে লোক কষ্ট পাচ্ছে, আর একদিকে সরকারের টাকা অপচয় হচ্ছে। আমরা বিরোধী দল অর্থমন্ত্রীকে যুক্তিপূর্ণভাবে বোঝাবার চেষ্টা করেছি। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় সেটা বুজেছেন। আজকে দার উদ্‌ঘাটনের অভাবে সেটা হল না। আপনারা মাওবাদীদের কথা বলছেন, গ্রেটার কোচবিহারের কথা বলছেন, আলফার কথা বলছেন—সমীক্ষায় দেখা গিয়েছে অর্থনৈতিক কারণে তারা ওই সমস্ত সংগঠনের সঙ্গে যোগ দিয়েছে। সমস্ত সংগঠনের নেতা যারা অসহায়, যারা বেকার তাদেরকে দলে টানার চেষ্টা করছে। সহজেই তারা তাদের ফাঁদে পা দিচ্ছে। আজকে তারা আন্দোলন করছে, অনেক জায়গায় তারা অঘটনও ঘটাচ্ছে। আজকে আইন শৃঙ্খলার কি অবস্থা ? প্রতিদিনই আমরা পেপারে লক্ষ করছি খুন হচ্ছে, নারী নির্যাতন হচ্ছে, ধর্ষণ হচ্ছে। এখন আবার ধর্ষণের নতুন সংজ্ঞা দেখা যাচ্ছে ধর্ষণ করে তাকে হত্যা করা হচ্ছে। আজকে হু হু করে বেড়েছে এইসব ঘটনা। এই অবস্থার মধ্যে দিয়ে আমাদেরকে চলতে হচ্ছে। মাননীয় রাজ্যপালের ভাষণে লেখা হয়েছে আইন-শৃঙ্খলার অবস্থা খুব ভালো আছে। আজকে প্রতিদিন পেপারে দেখলাম হাওড়ার সাঁকরাইলের অষ্টাদশী শ্রমিক কন্যা মসলিমা

খাতুনের মাথায় অ্যাসিড ঢেলে খুনের চেষ্টার ঘটনার তদন্তের জন্য রাজ্যপাল হাওড়ার জেলাশাসককে নির্দেশ দেন। আন্দুলের একটা নার্সিং হোমে তাকে ভর্তি করানো হয়েছে। ডি.এম. নার্সিং হোমে তাকে দেখতে গিয়েছিলেন। যদি আইন-শৃঙ্খলার অবস্থা ভালো হত তাহলে কি রাজ্যপালকে ঘটনার তদন্তের জন্য ডি.এম.-কে টেলিফোন করে বলতে হত ? মাননীয় মুখ্যমন্ত্রী বাগনানে একটা সভায় বলেছেন যে, আমরা স্বনির্ভরের মাধ্যমে কিছুটা এগিয়েছি। কিন্তু দেখা যাচ্ছে প্রশাসন নারী নির্যাতন বন্ধ করতে পারছে না। মুখ্যমন্ত্রী বলেছেন আমার কাছে চিঠি লিখে পাঠান। লক্ষ লক্ষ মানুষ যদি মুখ্যমন্ত্রীকে চিঠি লিখে তাহলে মাননীয় মুখ্যমন্ত্রীর পক্ষে কি প্রত্যেকটা চিঠি পড়া সম্ভব হবে ? আমার এলাকায় ১৯৭৫ সালে একটা জুনিয়ার মাদ্রাসা স্কুল হয়েছিল। গত ২৯ বছর ধরে সেই জুনিয়ার মাদ্রাসা স্কুলটিতে নবম-দশম শ্রেণি চালু করা গেল না। বারবার আশ্বাস দেওয়া হলেও, নেতাদের কাছে গেলেও তারা বলছে হাইকোর্টে চলে যান, হাইকোর্ট থেকে বের করে নিয়ে আসুন। এইসব কথা রাজ্যপালের ভাষণে নেই, তাই এই ভাষণকে সমর্থন করতে পারছি না। আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ করব আপনি এইসব ব্যাপারে বলিষ্ঠ পদক্ষেপ নেবেন, পার্টির দিকে তাকাবেন না। আর একবার রাজ্যপালের ভাষণে বিরোধিতা করে আমাদের আনা অ্যামেন্ডমেন্টগুলোকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

পার্টির দিকে তাকাবেন না, আজকে গণতন্ত্রকে রক্ষা করার জন্য সচেষ্ট হবেন। এই কথা বলে মাননীয় রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদ সূচক প্রস্তাব এসেছে তার বিরোধিতা করে এবং বিরোধীদের আনা সংশোধনীগুলিকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী নারায়ণ বিশ্বাস : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদ সূচক প্রস্তাব এসেছে তাকে আমি সমর্থন জানাচ্ছি। এই সঙ্গে সঙ্গে বিরোধী বন্ধুদের বলতে চাই, ওরা মিথ্যে কথা, অসত্য কথা, বানানো কথা এত সুন্দরভাবে বলতে পারেন বিশ্বাসযোগ্য করে যে, ওদের এই গুণটাকে স্বীকার করে নিতেই হবে। মাননীয় রাজ্যপাল এই রাজ্যের সংস্কৃতির প্রতি ভীষণ শ্রদ্ধাবান। কিন্তু সেদিন বিরোধী বন্ধুরা যে নজির রাখলেন হাউসে, তাতে তিনি তাঁর ভাষণ সংক্ষিপ্তভাবে দিয়েই বেরিয়ে গিয়েছেন। সেদিন আপনারা শালীনতার যে নিদর্শন রেখেছেন তা আমাদের রাজ্যের মর্যাদাকেই কালিমালিপ্ত করেছে।

মাননীয় রাজ্যপাল তাঁর ভাষণের প্রথমেই যে কথা উল্লেখ করেছেন, আমাদের রাজ্যে কে থাকবে, কে থাকবে না। আজকে আমরা, সরকারি পক্ষ বা বিরোধী পক্ষের বন্ধুরা এইভাবে এই সদনে আসতে পারব কি পারব না, এই চ্যালেঞ্জ করেছে বিচ্ছিন্নতাবাদী শক্তি, সাম্প্রদায়িক শক্তি, সন্ত্রাসবাদী শক্তিরা। এবং গোটা রাজ্য জুড়েই তারা চক্রান্ত করছে। আজকে কামতাপুরী, গ্রেটার কোচবিহার, উত্তরাখন্ড, ঝাড়খন্ড, মাওবাদী, এই সমস্ত আক্রমণ যেগুলো কেন্দ্রীভূত হচ্ছে, বিরোধী বন্ধুদের বলতে চাই, এই রাজ্যকে অখন্ড রাখার, ঐক্যবদ্ধ রাখার জন্য সেখানে আপনারা কি দায়িত্ব পালন করছেন ? এই দায়িত্ব কি শুধু সরকারের, আপনাদেরও নয় ? সেখানে আপনারা কি ভূমিকা, কি দায়িত্ব পালন করছেন ? এই

দীপকবাবু যা বললেন তা অত্যন্ত সত্য কথা, আপনারা উত্তরাখন্ড, গ্রেটার কোচবিহার-এর লোকেদের উৎসাহিত করছেন। কার বিরুদ্ধে করছেন ? আজকে পশ্চিমবাংলা তথা গোটা দেশের মানুষের সামনে এটা প্রতিষ্ঠিত যে, সমস্ত শক্তি আক্রমণ করছে বামপন্থীদের। বামপন্থী কর্মীরা আক্রান্ত হচ্ছে, খুন হচ্ছে ওদের দ্বারা। আমার সহকর্মী রবিবাবু, তিনি অত্যন্ত ভালো মানুষ ছিলেন, তিনি খুন হলেন। খবরের কাগজে কোথাও দেখলাম না যে তার জন্য আপনারা দুঃখ প্রকাশ করেছেন। এই হচ্ছে আপনাদের কালচার। আমরা সবাই জানি রাজ্যপালের ভাষণে অত্যন্ত সঠিকভাবেই উল্লেখ করা হয়েছে, এখানে কোনো বাগাড়ম্বর নেই, বাস্তবতাকেই তুলে ধরা হয়েছে। আজকে নিশ্চিতভাবেই কোনো কোনো ক্ষেত্রে উন্নয়নের অভাব আছে, এটা রাজ্য সরকার অস্বীকার করেনি। রাজ্যপাল তাঁর ভাষণের মধ্যে এটা উল্লেখ করেছেন। কিন্তু আজকে এই বিচ্ছিন্নতাবাদী কার্যকলাপ, সন্ত্রাসবাদী কার্যকলাপগুলো কি শুধু উন্নয়নের সমস্যার জন্য ? তা নয়। কারা আছে এর পেছনে ? এর পেছনে কি সাম্রাজ্যবাদী শক্তির মদত নেই ? দেশ-বিরোধী শক্তির মদত নেই এর পেছনে ? সেই জায়গায় দাঁড়িয়ে আমাদের বিরোধী দলের কি ভূমিকা আমরা দেখতে পাচ্ছি ? তারা কি দেখতে পাচ্ছেন না এর পরিণাম কি ? এটা তো শুধু বামপন্থীদের বিরুদ্ধে নয়, রাজ্যের বিরুদ্ধে চক্রান্ত। তাই আপনাদের অনুরোধ করব, বাস্তবের মাটিতে ফিরে আসুন, এই রাজ্যকে যদি ভালোবাসেন, এই রাজ্যের প্রতি যদি দায়বদ্ধতা থাকে তাহলে এই রাজ্যের শত্রুদের বিরুদ্ধে ঐক্যবদ্ধভাবে প্রতিবাদ করুন, ঐক্যবদ্ধভাবে প্রতিরোধ করুন।

[4.15—4.25 p.m.]

তাহলে এই শক্তিগুলো দুর্বল হবে, তাদের নিশ্চিহ্ন করা সহজ হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি যে কথা বলতে চাই, আমাদের বিরোধী বন্ধুরা উন্নয়নের প্রশ্নে সেই বস্তা পচা বিরোধিতা করে যাচ্ছেন। ১৯৫৯ সালে একটা রাজ্যের মানুষ কলকাতা শহরে ভিড় জমিয়েছিল খাদ্যের দাবিতে এবং তারা সেই খাদ্য পায়নি, বদলে তারা গুলি পেয়েছিল। আজকে ২৯ বছরে বামফ্রন্ট সরকারের আমলে আপনাদের সেই ক্ষমতা আছে আপনারা মানুষকে খাদ্যের দাবি নিয়ে কলকাতা শহরে মানুষকে জমায়েত করতে পারবেন ? পারবেন মানুষকে থালা বাটি হাতে নিয়ে কলকাতা শহরে নিয়ে আসতে। মানুষ এসেছিল ক্ষুধার তাড়নায় স্বতঃস্ফূর্তভাবে মিছিল করে মানুষ কলকাতায় এসেছিল। তখন আমাদের রাজ্যের লোকসংখ্যা ছিল সাড়ে তিন কোটি। প্রফুল্ল সেন বলেছিলেন কাঁচ কলা খাও, চাল নেই তো কি হয়েছে, কাঁচ কলায় আয়রণ আছে। আর আমাদের মুখ্যমন্ত্রী বলতে পারেন আমি পশ্চিমবাংলার ৮ কোটি মানুষকে পেট ভরে খাওয়াতে পারি, তারপরেও আমাদের ঘরে চাল থাকে। পশ্চিমবাংলার মাটি যা ছিল তাই আছে, মাটি তো পশ্চিমবাংলায় বাড়েনি। আপনারা বারবার বলেন আমরা বারবার ভূমি সংস্কারের কথা বলি। কেন বলি ? শুধুমাত্র আমাদের কৃষকের হাতে জমি গেছে, তাই নয়, ভূমি সংস্কার হচ্ছে জাতীয় সমস্যা সমাধানের পথ। কিছুক্ষণ আগে গোবিন্দবাবু বলছিলেন 'আমরা ভূমি সংস্কার করেছি'। আপনারাই যদি ভূমি সংস্কার করে থাকেন, তাহলে কেন পশ্চিমবঙ্গ, কেরালা,

ত্রিপুরা ছাড়া কংগ্রেস পরিচালিত কোনো রাজ্যে ভূমিসংস্কার হল না ? নিজেদের পকেটে যতই ঝোল টানুন, মানুষের কাছে তা বিশ্বাসযোগ্য হবে না। ভূমিসংস্কারের কারণেই আমরা গ্রামের মানুষের দারিদ্র্য দূর করতে পেরেছি। উদ্বৃত্ত আয়ের একটা নতুন পরিস্থিতি আমরা তৈরি করতে পেরেছি। এই বাস্তবতাকে আপনাদের মানতেই হবে। গণতন্ত্র বলে আপনারা চিৎকার করছেন। আপনাদের গণতন্ত্র মানেই তো মমতার ক্ষমতা। আর আমাদের নেতা জ্যোতি বসু ১৯৭৭ সালে যখন মুখ্যমন্ত্রী হয়ে এলেন, রাইটার্স বিল্ডিংসের করিডোরে দাঁড়িয়ে বক্তৃতা করলেন, এখানে ক্ষমতা নয়, ক্ষমতা দিতে হবে মানুষের হাতে, গ্রামাঞ্চলের মানুষের হাতে ক্ষমতা দিতে হবে। জ্যোতি বসুর হাতে ক্ষমতা নয়, বুদ্ধদেববাবুর হাতে ক্ষমতা নয়, গ্রামাঞ্চলের মানুষের হাতে ক্ষমতা দিতে হবে। এই হচ্ছে বামফ্রন্টের মতাদর্শ। এই হচ্ছে বামফ্রন্টের দৃষ্টিভঙ্গী। মানুষের হাতে ক্ষমতা দিতে হবে। আমরা যতদূর সম্ভব সেটা কার্যকরী করতে পেরেছি। আমি মনে করি এটাই হচ্ছে বামফ্রন্ট সরকারের সাফল্যের মূল কথা। এই সাফল্য হচ্ছে মানুষের হাতে ক্ষমতা দেওয়ার ফলশ্রুতি। ১৯৭৮ সালে যখন পঞ্চায়েত নির্বাচন হল, আমরা দেখেছি মানুষের মধ্যে কি বিপুল উৎসাহ, উদ্দীপনা। কিন্তু সেই পঞ্চায়েতও ছিল প্রধানকেন্দ্রিক, সদস্যকেন্দ্রিক এবং সভাপতিকেন্দ্রিক। কিন্তু আজকে ২০০৬ সালে আমরা পঞ্চায়েতকে গ্রাম সংসদ কেন্দ্রিক তৈরি করেছি। সেই পঞ্চায়েতে এখন সাধারণ মানুষ অংশগ্রহণ করতে পারে। এখন গ্রামের প্রতিটি সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে সাধারণ মানুষ অংশগ্রহণ করছে। এইভাবে আজকে আমরা গণতন্ত্রের ভিতকে শক্তিশালী করে তুলেছি। আজকে আপনারা যতই ভুতুড়ে ভোটার লিস্ট নিয়ে আসুন না কেন, যতই ওঝা নিয়ে আসুন, মমতার ঘাড় থেকে আপনারা ভূত নামাতে পারবেন না, এটা আপনারা মনে রাখবেন। আজকে আপনারা যতই চিৎকার করুন, ক্ষমতায় কোনোদিনই আপনারা আসতে পারবেন না। আজকে পশ্চিমবঙ্গের মানুষ যে ক্ষমতা ভোগ করছে, পশ্চিমবঙ্গের মানুষ আগামীদিনে সেই ক্ষমতাই ভোগ করবে। তাপসবাবু কোনোদিনই আপনারা এইদিকে আসতে পারবেন না। আগামীদিনে আপনারা ওইদিকেই থাকবেন। এই কটি কথা বলে রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদসূচক প্রস্তাব এসেছে, তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী নির্মল ঘোষ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপাল কর্তৃক ভাষণের উপর যে ধন্যবাদসূচক প্রস্তাব এখানে উত্থাপিত হয়েছে, আমি তার সম্পূর্ণরূপে বিরোধিতা করে, বিরোধীদের আনা সংশোধনীগুলিকে সমর্থন করে কয়েকটি কথা আমি এই হাউসের সকলকে উদ্দেশ্য করে বলতে চাইছি। স্যার, আজকে তিনদিন ধরে একই আলোচনা শুনে আসছি। আমি এই আলোচনায় এতটা প্রবেশ করতে চাই না। আমি আমার আলোচনা আমার জেলার মধ্যেই সীমাবদ্ধ রাখতে চাই। আজকে স্যার, এই হাউসকে একটা কথা বলতে চাই যে, পশ্চিমবঙ্গের আইন-শৃঙ্খলা, মানুষের জীবন, ধনসম্পদ সত্যি কি নিরাপদে আছে ? আপনি বারাসাত ঘটনা তুলে ধরুন, শচীনবাবুর ঘটনা তুলে ধরুন, আমার জেলার

অবনীবাবুর ঘটনা তুলে ধরুন, এদের তো আপনি রক্ষা করতে পারলেন না ? গাইঘাটায় আপনার দলের ছেলেরা যেভাবে বিরোধীদের বিরুদ্ধে প্রচার করছে, তাতে আমার মনে হয় আপনার দল বিভ্রান্ত হয়েছে এবং সকলের কাছে বিভ্রান্তি ছড়িয়ে দিচ্ছে। সেই কারণে বলতে চাই যে, বাংলার জনগণ যে অশান্তির আগুনে ভুগছে, পরে তারাই এর বিচার করবে। আমি একটা কথা বলতে চাই যে, পশ্চিমবঙ্গের সকল মানুষই চায় যে, পশ্চিমবঙ্গের নষ্ট হয়ে যাওয়া গৌরব ফিরে আসুক। গণতান্ত্রিক অবস্থা ফিরে আসুক। এই গণতান্ত্রিক অবস্থায় ফিরে যাওয়ার সবচেয়ে বড় পদক্ষেপ হচ্ছে একটা সুস্থ নির্বাচন। স্যার, উত্তর ২৪ পরগনা জেলায় ২ লক্ষ ৮০,০০০-এর মতো ফলস ভোটার আছে। এদের নিয়ে আপনারা গর্ব করেন। সারা পশ্চিমবঙ্গে কমবেশি ১,০০,০০০ এর মতো ভুয়ো ভোটার আছে। এদের উপর নির্ভর করে আপনারা জেতেন। আজকে সেটা ধরা পড়েছে। আমরা আশা করছি যে, এবারে নির্বাচন কমিশন যত ভূয়ো ভোটার আছে, তাদের বাদ দেবে। এই ভুয়ো ভোটার বাদ দিলে এবং পশ্চিমবঙ্গের গণতান্ত্রিক মানুষ যদি বোঝেন তাহলে আপনারা আমাদের দিকে চলে আসবেন এবং আমরা আপনাদের দিকে চলে যাব। এটা বাংলার মানুষের সংকল্প। এই কথা আপনাদের স্মরণ করিয়ে দিতে চাই। আমাদের রাজ্যের মুখ্যমন্ত্রী বিদেশে যতবার গিয়েছেন, ততবারই তিনি সালেম থেকে শুরু করে উইপ্রো ইত্যাদি পৃথিবীর মাল্টি ন্যাশানালিস্টদের তো তেল মেরে গিয়েছেন।

[4.25—4.35 p.m.]

যেটা আপনারা উৎপাদন করছেন। সেই তেল দিয়ে সমস্ত বিদেশি পুঁজিপতিদের পশ্চিমবঙ্গে নিয়ে আসতে চাইছেন। আমরা সবাই চাই পশ্চিমবঙ্গে ইনভেস্টমেন্ট হোক, পশ্চিমবঙ্গে বিদেশি ইনভেস্টমেন্ট হোক, এখানে ফরেন ডাইরেক্ট ইনভেস্টমেন্ট হোক। বেকারদের চাকরি হলে আমরা খুশি হবে। ১৯৭৭ সালে পশ্চিমবঙ্গে ১১ লক্ষ রেজিস্টার্ড বেকার নিয়ে আপনারা শাসনকার্য শুরু করেছিলেন, আজকে সেখানে রেজিস্টার্ড বেকারের সংখ্যা ৮০ লক্ষে পৌঁছে গেছে। পশ্চিমবঙ্গে এখন ৮ কোটি মানুষের মধ্যে ২ কোটি মানুষ নিরন্ন রয়েছেন। মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর জবাবি ভাষণে বলবেন যে, কত সুন্দরভাবে আপনারা পশ্চিমবঙ্গকে চালিয়ে নিয়ে যাচ্ছেন ! আপনাদের একজন মাননীয় সদস্য বলেছেন, পশ্চিমবঙ্গে ১৯৭৫-১৯৭৬ সালে ৭৫ লক্ষ মেট্রিক টন খাদ্যশস্য উৎপাদন হতো, আর এখন পশ্চিমবঙ্গে ১৬১ লক্ষ মেট্রিক টন খাদ্যশষ্য উৎপাদন হচ্ছে। আপনারা বলেছেন পশ্চিমবঙ্গে খাদ্যশস্য উৎপাদনে ঘাটতি আছে। আমরা বলছি, আপনারা খাদ্যশস্য উৎপাদনে ঘাটতি দেখাচ্ছেন ১২ লক্ষ মেট্রিক টন, কিন্তু পশ্চিমবঙ্গে খাদ্যশস্য উৎপাদনে তার থেকে আরও দুগুণ অর্থাৎ ২৫ লক্ষ মেট্রিক টন মতো আমাদের ঘাটতি আছে এবং এই ঘাটতির জন্য ভিন রাজ্যগুলোকে আমাদের অনেক বেশি পয়সা দিতে হয়। এখানে বেকার সমস্যা রয়েছে। কিন্তু আপনারা সরকারের দলের সদস্যরা বলবেন, ভালোভাবেই রাজত্ব চলছে, কিন্তু প্রজারা যে নিপীড়িত, বঞ্চিত, নির্যাতিত হচ্ছে সেটা আপনারা বলবেন না। কিন্তু আমরা বিরোধী সদস্যরা নিপীড়িত, বঞ্চিত, নির্যাতিত প্রজাদের কথা বলি। আপনারা শিল্পায়নের কথা বলেছেন, সন্ত্রাসের সূত্রপাত ঘটিয়ে দিয়েছেন। আপনি সেলিমকে এখানে আসতে বলেছেন।

আপনি সেলিমকে বলেছেন, 'আসুন, এখানে এয়ারপোর্ট তৈরি করুন।' আর আপনাদের লোকেরা এয়ারপোর্টকে বন্ধ করে দিয়ে ওখানকার মানুষদের জীবনজীবিকা বিধ্বস্ত করে দিয়েছিল। আপনি বিদেশে গিয়ে, বলেছেন, আমি এয়ারপোর্ট করতে দেব। আপনি সেক্টর-৫-কে কর্পোরেশন থেকে বার করেছেন, আপনি সেক্টর-৫-কে সল্টলেক কর্পোরেশন থেকে বার করেছেন, আপনি বলেছেন সেখানে স্পেশাল ইকোনমিক জোন করবেন, সেখানে স্বায়ত্বশাসন দেবেন বিদেশিদের। সল্টলেকের সেক্টর-৫ কার স্বপ্ন ছিল ? সল্টলেকের সেক্টর-৫ ডাঃ বিধানচন্দ্র রায়ের স্বপ্ন ছিল, আজকে সল্টলেকের সেক্টর-৫-এ আপনি স্পেশাল ইকোনমিক জোন করবেন বিদেশিদের হাতে তুলে দিয়ে। সেখানে বিদেশিরা ৩০ টাকা, ৬০ টাকা মজুরি দিয়ে লোক রাখবে, তারা মিনিমাম ওয়েজেস মানবে না, তারা কোনো সোশাল সিকিউরিটি মানবে না। এ ব্যাপারে আপনি আপনার জবাবী ভাষণে বলবেন। আরেকটি ব্যাপারে বলছি যে, পারমাণবিক ক্ষেত্রে বিশ্বের ৫টি শক্তিধর রাষ্ট্র আমেরিকাকে সমর্থন জানিয়েছে—এর মধ্যে ২টি কমিউনিস্ট দেশ রাশিয়া এবং চীন আছে। তারা কি কারণে আমেরিকাকে সমর্থন জানিয়েছে এবং তাদের সমর্থনে আপনার বক্তব্য কি, আপনি রাজ্যের মুখ্যমন্ত্রী হিসেবে আপনার জবাবী ভাষণে এ ব্যাপারে নিশ্চয় বলবেন বলে আশা রাখি। আপনারা শিল্পের নামে একের পর এক জমি নিচ্ছেন। এ ব্যাপারে আমার জেলার ব্যাপারে বলি। এখানে আমার অনেক সিনিয়র বন্ধু রয়েছেন। আপনারা জানেন, আমার জেলায় যেসব জমি বর্গাদাররা পেয়েছিলেন, কি কংগ্রেস শাসনে, কি আপনাদের শাসনে, আজকে সেখানে আপনারা জলকর বসিয়েছেন। বসিরহাট মহকুমার ৩ ভাগের ২ ভাগ জমিতে জলকর বসিয়েছেন। আপনাদের এই দুঃশাসনের ফলে আজকে পশ্চিমবঙ্গের মানুষ ভুগছে। আজকে তারা ভয় পাচ্ছে, আজকে তারা রাজনৈতিক সন্ত্রাসের বলি হচ্ছে। আজকে ছোট ছোট কৃষক, বিশেষ করে বর্গাদাররা যাদের ১ বিঘে, ২ বিঘে, আড়াই বিঘে জমি আছে আজকে তারা নিপীড়িত, নির্যাতিত হচ্ছে। কারণ জলকরের জন্য যে পদ্ধতি তারা গ্রহণ করেছিল, তাতে তারা নিপীড়িত, নির্যাতিত, বঞ্চিত হচ্ছে—তারা ধান উৎপাদন করলে সেই ধান তারা তুলতে পারবে না, তারা পাট উৎপাদন করলে সেই পাট তারা তুলতে পারবে না, সেগুলো অন্য লোকে কেটে নিয়ে যাচ্ছে। তার ফলে তাদের চাপ বেড়ে গেছে।

আমি বলতে চাই কৃষকের হাত থেকে জমি কেড়ে নিয়ে আপনারা যে শিল্পের কথা বলছেন, আমি বলছি ৫০০-র কাছাকাছি যে বড় শিল্প, যেমন ডানলপের মতো শিল্প আপনারা বেসরকারি হাতে তুলে দিলেন, আমরা কিন্তু বাধা দিইনি। আপনি মেটাল বক্স খুলে দিন, যাকে খুশি দিয়ে দিন, কিন্তু চালান। ৫০০'র মধ্যে ৩৮৮টি যাদের জমির পরিমাণ প্রতিটি কারখানার ৪০ বিঘার মতো, কারোর কারোর ৪০০ বিঘার মতো, এই বন্ধ কারখানাগুলির মোট জমির ১০ হাজার একরের মতো, এগুলি সব বন্ধ হয়ে পড়ে আছে। আপনি এই বন্ধ কারখানার জমিগুলি তাদের দিন না, তা না দিয়ে আপনি কৃষকের হাত থেকে জমি কেড়ে নিয়ে আরও বেকারত্ব তৈরি করছেন। আমি বলতে চাই মাননীয় রাজ্যপালের ভাষণে প্রকৃত তথ্য প্রকাশ পায়নি। কৃষকের হাত থেকে জমি যাবে এবং বিদেশিরা সেটা অধিগ্রহণ করবে বিনা পয়সায়। আপনি বলুন তো তারা পয়সা দিয়েছে

কিনা ? তারা কত পয়সা দিয়েছে ? আপনারা ব্যারাকপুর বিবেকানন্দ মিশনকে জমি দেননি। তারা জমি চেয়েছিল ডিমড ইউনিভার্সিটি করবে বলে। তাঁরা সাধু, তাঁরা আমাদের কৃষ্টি, সংস্কৃতির ধারক। তারা যখন মন্ত্রীর কাছে পারমিশন চাইতে গিয়েছিল ডিমড ইউনিভার্সিটি করবে বলে, তখন তিনি বলেছিলেন আগে ১০ কোটি টাকা গভর্নমেন্টের কাছে জমা দিন। আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে জিজ্ঞাসা করছি আপনি রিলায়েন্স গ্রুপকে যে জমি দিয়েছেন সেটা কি স্বার্থে দিয়েছেন এবং তারা কত টাকা গভর্নমেন্টের কাছে দিয়েছে তবে তাদের পারমিশন দিলেন আই.টি. বিশ্ববিদ্যালয় করতে। আপনার ক্ষমতা ছিল না আই.টি. বিশ্ববিদ্যালয় করার ? আপনি কেন রিলায়েন্সকে নিয়ে এলেন ? সেখানে আমাদের দেশের বিবেকানন্দ মিশন তারা ডিমড ইউনিভার্সিটি করতে চেয়েছিল, কিন্তু আপনার সরকার তাদের দিলেন না, তারা বারো ক্লাস করতে চেয়েছিলেন, তাদের দেননি, আপনার শিক্ষামন্ত্রী দেননি। আপনি বলছেন আপনারা দেশকে এগিয়ে দিচ্ছেন, আপনারা রিলায়েন্সকে ডেকে আনছেন, সেখানে আপনারা দেশের লোককে দিলেন না। স্যার, আমি এর পরে আসছি খাদ্যের ব্যাপারে। এখানে অনেকেই বলেছেন খাদ্যে নাকি আমরা স্বয়ংসম্পূর্ণ আজও পশ্চিমবাংলায় অনাহারে মানুষ মারা যায়, চা-বাগানে অনেক শ্রমিক মারা গেছে। কেন মারা গেছে ? অনেকে বলছেন বিনা চিকিৎসায় মারা গেছে, অনেকে বলছেন বিনা ওষুধে মারা গেছে, অনেকে বলছেন না খেয়ে মারা গেছে। মোট ১২০০ লোক মারা গেছে। আপনার যদি খাদ্য থাকে তাহলে লোক মরবে কেন ? আপনি সেই খাদ্য তাদের পাঠালেন না কেন ? আমলাশোলে কেন মারা গেল ? লোকগুলি মারা গেল বিনা চিকিৎসায়। আপনি হাসপাতালগুলিকে জয়েন্ট সেক্টরে নিয়ে গেছেন। আপনারা আজকে ৭০ পারসেন্ট ফ্রি বেডকে পেইং বেড করেছেন, আর ৩০ পারসেন্ট বেড হচ্ছে ফ্রি বেড। আগে ৭০ পারসেন্ট বেড ছিল, এটা আমাদের গর্ব ছিল, সেগুলিকে আপনারা পেইং বেড করে দিলেন। আপনি বলুন তো আর. জি. কর. হসপিটাল, এস.এস.কে.এম. হসপিটাল, এন.আর.এস. হসপিটাল, বি.এন. বোস হসপিটাল, পানিহাটি স্টেট জেনারেল হসপিটাল, এইসব হসপিটালের মতো একটাও বড় হসপিটাল আপনারা করতে পেরেছেন ? এগুলি সব আমরাই করেছি। একটা হসপিটালের নাম বলুন ? পি.জি-র মতো একটা হসপিটাল করুন যেখানে অর্ধেক বেড থাকবে গরিব মানুষের জন্য আর অর্ধেক থাকবে পয়সাওয়ালা লোকদের জন্য যেখানে পশ্চিমবাংলার মানুষরা চিকিৎসা পাবে, দিন না সেই সুযোগ করে। স্যার, এবারে আসি বেকারদের অবস্থার কথা নিয়ে। আপনারা বিদেশি পুঁজির বিরোধিতা করেছেন, তাহলে আমেরিকার ব্রিটেনের টাকা দিয়ে কেন আমাদের দেশের শ্রমিকদের ছাঁটাই করেছেন ? ১৪টি কারখানায় ছাঁটাই করলেন। টাকা কোথা থেকে ভিক্ষা করলেন ? না, যে বিদেশিদের এখান থেকে তাড়ানোর জন্য ক্ষুদিরামের মতো অনেক বিপ্লবী আত্মত্যাগ করেছেন। সেই বিদেশি পুঁজিবাদী শক্তির কাছ থেকে বা মার্কিন সাম্রাজ্যবাদী শক্তির কাছ থেকে টাকা নিয়ে এসে আপনি শ্রমিকদের ছাঁটাই করলেন এবং হাইকোর্টের নির্দেশ তাদের উপর ধরিয়ে দিলেন। নিউ এমপ্লয়েমেন্ট জেনারেশনের জন্য সরকারি ক্ষেত্রে সেখানে গত ৫ বছরে যে ভ্যাকেন্সি হয়েছে সেই ভ্যাকেন্সি কিন্তু আপনারা পূরণ করেননি।

[4.35—4.45 p.m.]

নির্বাচনের আগে প্রাক্তন মুখ্যমন্ত্রী জ্যোতি বসু বলেছিলেন ৫০ হাজার লোকের চাকরি দেবো, আপনার সরকার বলেছিল মাত্র ১০ হাজার দেবো, নির্বাচনে গিমিক দেবার জন্য। আপনি যে কথা বলছেন, রাজ্যে শিক্ষিত বেকার, ২০ লক্ষ শিক্ষিত বেকার অপেক্ষা করে আছে, আমরা কবে চাকরি পাবো, কবে খেতে পাবো, আমরা বাঁচতে পারবো। তাই বলছি, আমরা পরিবর্তন চাই। এই যে ইনক্রিজিং আন-এমপ্লয়মেন্ট, সরকারি ক্ষেত্রে কোনো এমপ্লয়মেন্ট নেই। বিদেশি টাকা নিয়ে শ্রমিক ছাঁটাই হচ্ছে, মানুষের ধন-সম্পত্তি বিনষ্ট হচ্ছে, শ্রমিক-কৃষকের জমি হারিয়ে যাচ্ছে, লক্ষ লক্ষ বন্ধ কারখানার শ্রমিক কাঁদছে, ৩৮৮টি বড় কারখানা বন্ধ আছে, তার মধ্যে ৬ লক্ষ শ্রমিক বেকার, তাদের পরিবারের অবস্থা দেখে আপনারা বলুন এই রাজ্য কার হাতে ? তাই আজকে কিছু মানুষ চাইছে পরিবর্তন। আমি আশা করি সামনের দিনে পরিবর্তন হবে। আমরা ওইদিকে, আপনারা এদিকে বসবেন, এই কথা বলে, রাজ্যপালের ভাষণের উপর ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব-এর বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী শেখ মাজেদ আলি : মাননীয় ডেপুটি স্পিকার স্যার, গত ২রা ফেব্রুয়ারি মহামান্য রাজ্যপাল এই মহতি বিধানসভায় যে ভাষণ দিয়েছিলেন এবং তার পরিপ্রেক্ষিতে আমাদের মাননীয় সদস্য শ্রী পদ্মনিধি ধর যে ধন্যবাদসূচক প্রস্তাব রেখেছিলেন তার সমর্থনে এবং বিরোধীদের যে কাটমোশন তাকে বিরোধিতা করে আমি বলছি। সারা ভারতবর্ষে প্রায় ৭০/৮০ ভাগ মানুষ যারা কৃষির উপর নির্ভরশীল থাকে আমরা ১৯৭৭ সালের পর দেখেছি জমিতে যে কেন্দ্রীভবন জোতদার, জমিদার, মহাজন তাদের কাছে জমিগুলি কেন্দ্রীভূত হয়ে ছিল এবং যারা ভাগচাষী ছিল, ভাগচাষ করতো, যারা বর্গা ছিল তাদের জমি চাষ করার যে অধিকার সেই অধিকার কিন্তু তাদের ছিল না। যখন তখন তাদের জমি থেকে উচ্ছেদ করে দেওয়া হোত। সেই জন্য যুক্তফ্রন্ট সরকারকে অপারেশন বর্গা করতে হয়েছিল এবং এই অপারেশন বর্গার মাধ্যমে তাদের চাষিদের যে অধিকার সেটা বলবৎ করতে হয়েছিল এবং তার ফলে সারা পশ্চিমবাংলায় ১১ লক্ষ একর জমি ১৫ লক্ষ কৃষকের মধ্যে বিলি করতে হয়েছিল। তাদের মধ্যে যে আত্মনির্ভরশীলতা হওয়া তার মধ্যে মাথা উঁচু করে যে চলা গ্রাম পর্যন্ত যে ভারসাম্য ছিল, জোতদার, জমিদার, মহাজন, সুদখোরের যে গ্রাম ছিল, সেই গ্রামে সবই তফসিলি জাতি উপজাতি শ্রমিক কৃষকের মধ্যে কিছু পরিবর্তন ঘটেছিল যে পরিবর্তন সারা ভারতবর্ষের অন্যান্য রাজ্যের কোথাও ঘটেনি। সেই জন্য যখন পশ্চিমবাংলার বাইরে ভূমি নিয়ে জমি নিয়ে লড়াই চলে যখন মহাবীর সেনা, শিবসেনা লড়াই করে, জোতদার, জমিদারদের লেঠেল বাহিনী জমির অধিকার থেকে বর্গাদারদের বঞ্চিত করে, এখানে শুধু রাজনৈতিক অধিকারকে প্রতিষ্ঠিত করা নয়, তার সঙ্গে সঙ্গে ১০ লক্ষ একর জমি ২৮ লক্ষ মানুষের কাছে যা পাট্টা হিসাবে দেওয়া হয়েছিল, সেই জমি নিয়ে তার সামগ্রিক যে কৃষি কাজ সেই কাজকে আরো সুষ্ঠভাবে সম্পন্ন করার জন্য, তার জন্য কৃষি ঋণ-এর ব্যবস্থা করা হয়েছিল এবং এই যে পাট্টা

জমির পরিমাণ একই ব্যক্তি এক একর-এর বেশি পাট্টা পায়নি, সেই জন্য সারা ভারতবর্ষের মানুষের মধ্যে আমাদের পশ্চিমবাংলায় যে প্রান্তিক চাষি, সেই প্রান্তিক চাষি আমাদের এখানে সবচেয়ে বেশি। আমরা দেখেছি, সেই সময় আমাদের বিরোধি বন্ধুরা বলেছিলেন তখন যে ব্যবস্থা করতে ভিটা রেকর্ড করেছিল, ৮ শতক করে, সেই জায়গায় এই রকম সাড়ে ৫ লক্ষ মানুষের ভিটা রেকর্ড করা হয়েছে এবং সমবায়ের মাধ্যমে এই চাষিদের যে উন্নয়ন, তার জন্য উন্নতমানের বীজ, সার, জলসেচ ব্যবস্থা তা সম্পূর্ণভাবে করা হয়েছিল, তার ফলে কংগ্রেসি শাসনে ১৯৭৭ সালের আগে যেখানে ২৭ ভাগ সেচ ব্যবস্থা ছিল, সেখানে এখন ৭০ ভাগ সেচ সাফল্য হয়েছে, তার ফলে আমরা উন্নত জায়গায় দাঁড়িয়েছি। কংগ্রেসি জমানায় যে পি.এল. ৪৮০, জোয়ার, মাইলো, এই সমস্ত গরিব মানুষেরা খেয়ে জীবনধারণ করতো, সেখান থেকে একটা মুক্ত জায়গায় এসে দাঁড়িয়েছে এবং আমাদের সমবায় ব্যাঙ্কের যে ব্যবস্থাপনা, সমবায় ব্যাঙ্কের যে আন্দোলন তাতে গ্রামের যে চরিত্র সেই চরিত্রের পরিবর্তন ঘটিয়েছে। রাজ্য সমবায় ব্যাঙ্ক এবং সেন্ট্রাল সমবায় ব্যাঙ্ক—এই দুটো ব্যাঙ্কের আমানতের পরিমাণ প্রায় ২৪১ কোটি টাকা। সমবায় ব্যাঙ্কের আমানত শুধু নয়, গ্রামের গরিব মানুষের কথা যাদের বলছেন সেই সমস্ত তফসিলি জাতি, তফসিলি উপজাতি, সাধারণ গরিব মুসলিম ঘরের মহিলাদের নিয়ে স্বয়ম্বর গোষ্ঠী তৈরি করা হয়েছে এবং সেই গোষ্ঠীর সংখ্যা হচ্ছে ২৭ হাজার ৯৮৮টি। দুঃখ পেলেও বাস্তব সত্য, তারা তাদের নিজেদের শেয়ারের টাকা ২০ টাকা থেকে ৫০ টাকা পর্যন্ত মাসিক জমা দিয়ে ৮/১০/১২ জনকে নিয়ে গোষ্ঠী করে ৬ মাস পরে সেই টাকার চার গুণ টাকা সমবায় ব্যাঙ্ক থেকে ঋণ পায় এবং এই ঋণের মাধ্যমে তাদের নিজেদের বিভিন্ন রকমের যে চাহিদা সেই চাহিদা উৎপাদন করে নিজেদের পায়ে দাঁড়াচ্ছে। এইভাবে তারা বিভিন্ন ব্যাঙ্কে যে টাকা জমাচ্ছে সেই টাকার পরিমাণ হচ্ছে ৩১ কোটি ৪৯ লক্ষ টাকা। আজকে এখানে যে দুরবস্থার কথা বলা হচ্ছে, গ্রামের গরিব মানুষদের অর্থনৈতিক বুনিয়াদ ভেঙে গেছে বলে চিৎকার করছেন, প্রকৃত চিত্র কিন্তু তা নয়। তফসিলি জাতি, উপজাতি ঘরের মহিলারা এবং গ্রামের সাধারণ গরিব মানুষরা তারা নিজেদের পায়ে দাঁড়াচ্ছে, ব্যাঙ্ক থেকে ঋণ নিয়ে সুদ সমেত ফেরত দিচ্ছে। তারা স্বয়ম্বর গোষ্ঠীর মাধ্যমে ৩১ কোটি ৪৯ লক্ষ টাকা জমিয়েছেন এবং তার পরিবর্তে ৬৪ কোটি ৭৪ লক্ষ টাকা ঋণ পেয়েছে এবং এই ঋণের মাধ্যমে তাদের জীবন ধারণের জন্য ছাগল, মুরগি পুষছে। গ্রামে-গঞ্জে যারা আছে তারা কৃষি কাজের মাধ্যমে ফসল উৎপাদন করে নিজেদের পায়ে দাঁড়িয়ে তাদের অর্থনৈতিক বিকাশ ঘটাচ্ছে। বামফ্রন্ট সরকারের স্লোগান ছিল, "স্বচ্ছতা, সততা এবং দ্রুততা" আর আছে ত্রিস্তর পঞ্চায়েত। বিরোধী দলের সদস্যরা জানেন, ৬ মাস অন্তর গ্রাম সংসদ বসে। গ্রাম সংসদের প্রকৃত যারা ভোটার তারা নিজেরা ভোট দিয়ে গ্রাম সংসদ তৈরি করে। সেখানে ১ মাস অন্তর গ্রাম সভা হয়। গ্রামের কি উন্নয়ন হবে—সেখানে বিদ্যালয় হবে, নাকি নালা হবে, নাকি গ্রামের রাস্তা হবে অর্থাৎ কি উন্নয়ন হবে—সেখানে বিদ্যালয় হবে, নাকি নালা হবে, নাকি গ্রামের রাস্তা হবে অর্থাৎ কি উন্নয়ন তারা ঘটাবে তা নিয়ে সমস্ত পরিকল্পনা গ্রামের মানুষ তৈরি করে যেটা

কংগ্রেসী জমানায় ছিল না। ওদের আমলে সমস্ত পরিকল্পনা ওপর থেকে তৈরি হতো। আই.এ.এস. এবং আই.পি.এস. অফিসাররা এবং সদর মহকুমাস্তরের অফিসাররা যাদের গ্রামের মাটির সঙ্গে কোনো রকম সম্পর্ক ছিল না তাদের পরিকল্পনা জোর করে গ্রামে বাস্তবায়িত হতো। ফলে সমগ্র পরিকল্পনা গ্রামের মানুষের জন্য কার্যকরী ভূমিকায় যেতে পারতো না। কিন্তু বামফ্রন্ট সরকারের আমলে তার পরিবর্তন হয়েছে। আজকে সমগ্র পরিকল্পনা গ্রামের মানুষই রচনা করছে। আমরাই তাদের গণতান্ত্রিক অধিকার দিয়েছি এবং এই গণতান্ত্রিক অধিকার দেওয়ার ফলে সামগ্রিকভাবে গ্রামের চেহারা পাল্টে গেছে, ভারসাম্যের পরিবর্তন ঘটেছে। একটু আগে বিরোধী দলের একজন বন্ধু সর্বশিক্ষা অভিযান নিয়ে ব্যঙ্গ করলেন। কিন্তু এই সর্বশিক্ষা অভিযান প্রতিটি গ্রামে আজকে সাড়া পড়ে গেছে। ১৯৯৫ সালে মিড ডে মিল চালু হয়েছিল। ওই সময়ে চালের যে ব্যবস্থা ছিল তার পরিবর্তন ঘটিয়ে ২০০৩ সালে শিশুদের রান্না করে খাওয়ানোর ব্যবস্থা করা হল। ফলে ড্রপ আউটের সংখ্যা অর্থাৎ স্কুল ছুট ছেলে-মেয়ের সংখ্যা কমতে শুরু করলো। আজকে সর্বশিক্ষা অভিযানের মাধ্যমে যেসব বিদ্যালয়ের পরিকাঠামো খুব খারাপ ছিল, সেইসব স্কুলকে দেড় লক্ষ টাকা থেকে ১ লক্ষ ৭০ হাজার টাকা দেওয়া হয়েছে। আজকে সারা ভারতবর্ষের মানচিত্রে সাক্ষরতা যেখানে ৬০ ভাগ হয়েছে, পশ্চিমবাংলায় সেক্ষেত্রে ৭০ থেকে ৭৫ ভাগ সাক্ষরতায় পৌঁছেছে। প্রাথমিক স্কুলে ৫ থেকে ১৩ বছরের ছেলে-মেয়েরা যাচ্ছে। শুধু প্রাথমিক নয়, মাধ্যমিক, উচ্চ-মাধ্যমিক, এমন কি বিশ্ববিদ্যালয়স্তরেও শিক্ষার মাধ্যমে সামগ্রিক চেতনা আনতে পারে, শিক্ষা মুক্তি দিতে পারে।

[4.45—4.55 p.m.]

মানুষের সঙ্গে আমাদের নিবিড় থেকে নিবিড়তর সম্পর্ক রয়েছে। জলের সঙ্গে মাছের যে সম্পর্ক, জনগণের সঙ্গে আমাদের সেই সম্পর্ক। সেই সম্পর্ক নিয়েই আমরা চলেছি। আমাদের সমগ্র কর্মকাণ্ড মানুষকে ঘিরে। আমাদের কর্মকাণ্ড সততা, স্বচ্ছতা এবং দ্রুততার সঙ্গে রূপায়িত হচ্ছে। আপনারা মাওবাদীদের নাম করে বা অন্য কিছুর নাম করে সারা দেশের মধ্যে একটা বিশৃংখলা অবস্থা তৈরি করে পশ্চিমবঙ্গের শান্তির বাতাবরণকে বানচাল করতে চাইছেন। তাই রাজ্যপালের ভাষণের ওপর বিরোধীরা যে সংশোধনী এনেছেন, তার বিরোধিতা করে মহামান্য রাজ্যপালের ভাষণকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

Adjournment

The house was the adjourned at 4.47 p.m. till 11.00 a.m. on Tuesday the 14th February, 2006. at the Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Tuesday, the 14th February, 2006 at 11.00 a.m.

PRESENT

Mr. Speaker (SHRI HASHIM ABDUL HALIM) in the Chair, 23 Ministers, 07 Ministers of State and 166 Members.

[11.00–11.10 a.m.]

Starred Questions
(to which oral answers were given)

বন্যায় ক্ষতিগ্রস্ত চাষযোগ্য জমির পরিমাণ

*৩৮। (অনুমোদিত প্রশ্ন নং *৩৮) **শ্রী পঙ্কজ বন্দ্যোপাধ্যায়** : কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) গত আগস্ট-সেপ্টেম্বর মাসের বন্যায় পূর্ব ও পশ্চিম মেদিনীপুর এবং উত্তর ও দক্ষিণ ২৪-পরগনা জেলায় মোট কত পরিমাণ জমির চাষ ক্ষতিগ্রস্ত হয়েছে ; এবং

(খ) উক্ত ক্ষতিগ্রস্ত চাষীদের অন্তর্বর্তী ও দীর্ঘমেয়াদী কোন সাহায্য সরকার করেছে কি না ?

শ্রী কমলকান্তি গুহ :

(ক) বিভিন্ন জেলায় ১০০ শতাংশ ক্ষতিগ্রস্ত এলাকা নিম্নরূপ :

জেলা	জমির পরিমাণ (হেক্টরে)	ক্ষতিগ্রস্ত ফসলের নাম	টাকার অঙ্কে ক্ষতির পরিমাণ (টাকা)
পূর্ব মেদিনীপুর	৫৫,১০৫	১) আউশ ধান, ২) আমন ধান, ৩) সবজি ও অন্যান্য ফসল	১ শত ১৩ কোটি ৯৬ লক্ষ ৮০ হাজার
পশ্চিম মেদিনীপুর	২৩,৪১০	ঐ	৫০ কোটি ৫৭ লক্ষ
উত্তর ২৪-পরগনা	১৬,৬৩০	ঐ	৪৪ কোটি ৫৯ লক্ষ ৫০ হাজার
দক্ষিণ ২৪-পরগনা	২০,৪৬৫	ঐ	৫২ কোটি ৪৫ লক্ষ

(খ) হ্যাঁ। ক্ষতিগ্রস্ত কৃষকদের অন্তর্বর্তী সাহায্য হিসাবে বিনামূল্যে বিভিন্ন ফসলের বীজ ও সারের কিট এলাকার চাহিদা এবং জোগান অনুসারে দেওয়া হয়েছে।

শ্রী পঙ্কজ ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী বিশদভাবে জানালেন যে পূর্ব মেদিনীপুর, পশ্চিম মেদিনীপুর, উত্তর ২৪-পরগনা এবং দক্ষিণ ২৪-পরগনা মিলিয়ে ১ লক্ষ ১৫ হাজার ৬১০ হেক্টর পরিমাণ জমি এই বন্যায় ক্ষতিগ্রস্ত হয়েছে। তার ফলে আউশ ধান, আমন ধান, সবজি এবং অন্যান্য ফসল ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। টাকা অঙ্কে সব মিলিয়ে ২৬ কোটি ৬৫ লক্ষ ৮৩ হাজার টাকা ক্ষতি হয়েছে। দ্বিতীয় প্রশ্নে উত্তরে উনি বলেছেন যে ক্ষতিগ্রস্ত কৃষকদের অন্তর্বর্তী সাহায্য হিসাবে বিনামূল্যে বিভিন্ন ফসলের বীজ ও সারের কীট এলাকার চাহিদা এবং জোগান অনুসারে দেওয়া হয়েছে। আমার জিজ্ঞাসা হল কত টাকা মূল্যের বীজ এবং কীট কোন জেলায় আপনি সরবরাহ করেছেন এই ক্ষতিগ্রস্ত কৃষকদের যাতে তারা ক্ষতি মিটিয়ে পরবর্তীকালে চাষ করতে পারে ?

শ্রী কমলকান্তি গুহ : পূর্ব মেদিনীপুরে দেওয়া হয়েছে ২ কোটি ৭ লক্ষ ২ হাজার ১০০ টাকা, পশ্চিম মেদিনীপুরে দেওয়া হয়েছে ২১ লক্ষ ৪৩ হাজার, উত্তর ২৪-পরগনায় দেওয়া হয়েছে ৩ কোটি ৭৩ লক্ষ ৭৩ হাজার ৪০৯ টাকা এবং দক্ষিণ ২৪-পরগনায় দেওয়া হয়েছে ২ কোটি ২৯ লক্ষ ৪৯ হাজার ৪৩৭ টাকা।

শ্রী পঙ্কজ ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি লক্ষ করুন যেখানে পূর্ব মেদিনীপুরে ক্ষতি হয়েছে ১১৩ কোটি টাকা, সেখানে দেওয়া হয়েছে ২ কোটি টাকার বীজ ও কীট। যেখানে পশ্চিম মেদিনীপুরে ক্ষতি হয়েছে ৫০ কোটি টাকা সেখানে দেওয়া হয়েছে ২১ লক্ষ টাকার বীজ ও কীট। উত্তর ২৪-পরগনায় যেখানে ক্ষতি হয়েছে ৪৪ কোটি ৫৯ লক্ষ টাকা সেখানে দেওয়া হয়েছে ৩ কোটি টাকার বীজ ও কীট। দক্ষিণ ২৪-পরগনায় যেখানে ৫২ কোটি ৪৫ লক্ষ টাকার ক্ষতি হয়েছে, সেখানে আপনি দিয়েছেন ২ কোটি টাকার সার এবং কীট। মাননীয় মন্ত্রিমহাশয়, তাহলে আপনি বলুন যে যেখানে ১১৩ কোটি টাকার ক্ষতি হল, আপনি সেখানে ২.২ কোটি টাকার কীট এবং বীজ দিলেন। তা দিয়ে কৃষকরা যারা ফসল লাগিয়েছে, তার পরিমাণটা কত ? তারা কি তাদের ক্ষয়-ক্ষতি মিটিয়ে নতুন করে চাষ করতে পারছে, তারা কি ন্যায্য ক্ষতিপূরণ পেয়েছে ? না অন্য খাতে দেওয়ার কথা ভাবছেন বা দিয়েছেন, যদি না দিয়ে থাকেন। যেখানে ক্ষতি হয়েছে ২০৯ কোটি টাকা, আর আপনি ক্ষতিপূরণ দিয়েছেন সাড়ে ৭ কোটি টাকার মতো। এই যে চাষীরা ক্ষতিগ্রস্ত হয়েছে, এই অপর্যাপ্ত সাহায্য পেয়ে তাদের কি ক্ষতিপূরণ হয়েছে ? যাদের মাঠে আউশ ধান, আমন ধান, সব্জি, অন্যান্য ফসল নষ্ট হয়েছে তাদের বাঁচাবার জন্য বা রক্ষা করবার জন্য বা আর্থিক ভিত্তিতে দাঁড় করাবার জন্য আর কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন ?

শ্রী কমলকান্তি গুহ : আমাদের সাহায্য করবার কতকগুলো নিয়ম-কানুন আছে। সেই বাধা-নিষেধের মধ্যে আমরা যেটা দিয়েছি, সেই উপকৃত কৃষকদের সংখ্যা

পূর্ব মেদিনীপুরে ৭৮ হাজার ৩ শত, পশ্চিম মেদিনীপুরে ৫১ হাজার, উত্তর ২৪-পরগনায় ১ লক্ষ ৫৩ হাজার ৪ শত ৮৫, দক্ষিণ ২৪-পরগনায় ৮২ হাজার ৮৫৫।

শ্রী পঙ্কজ বন্দ্যোপাধ্যায় : আপনি কত জনকে সাহায্য দিয়েছেন, সেটা জানতে চাইনি। আপনার হিসাবমত ৪টি জেলায় ক্ষতি হয়েছে ২০৯ কোটি ৫০ লক্ষ। সেখানে আপনি আপনার দপ্তর থেকে সাহায্য দিয়েছেন ৭ কোটি ৫০ লক্ষ টাকা। এই কৃষকরা যারা সর্বস্বান্ত হল বন্যার ফলে, তাদের রক্ষা করা গেল না। এই কীট তারা কতজনকে দিয়েছে, সেটা জানার বিষয় নয়। বিষয়টা হচ্ছে, যে ক্ষতি হয়েছে, সেখানে কতটা সরকার ক্ষতিপূরণে এগিয়ে এসেছে। যেখানে ক্ষতি হয়েছে ১১৩ কোটি টাকা, সেখানে আপনি কীট এবং বীজ দিয়েছেন ২ কোটি টাকার। তাতে কি চাষীরা শস্য উৎপাদন করে পরিবার নিয়ে বেঁচে থাকবে বা পারছে ? যদি না পেরে থাকে, তাহলে কি কি ব্যবস্থা নিয়েছেন ?

শ্রী কমলকান্তি গুহ : আমি এই সাহায্যের ব্যাপারে আগেই বলেছি কতকগুলো নিয়মকানুন আছে। এগ্রিকালচার ডিপার্টমেন্ট থেকে যে কীট দেওয়া হয় বা সাহায্য দেওয়া হয়, সেখানে প্রান্তিক চাষী ও ক্ষুদ্র চাষীদেরই দেওয়া হয়। অন্য চাষীদের সেখানে সাহায্য করবার বাধা আছে। ত্রাণ দপ্তর বাকী কাজগুলো করেন।

শ্রী পঙ্কজ বন্দ্যোপাধ্যায় : আপনি বলছেন, ত্রাণ দপ্তর দিয়েছে, কিন্তু সেদিন ত্রাণ দপ্তরের মাননীয় মন্ত্রী তাঁর বক্তব্যে বলেছেন তিনি কিছু দেননি, দিতে পারেননি। আমি জানতে চাই, এই যে বাজেট হল, সেখানে ক্রপ ইনসিউরেন্স খাতে কত টাকা দেওয়া হয়েছে। যাদের ক্রপ ইনসিউরেন্স করা ছিল, তারা এই ক্রপ ইনসিউরেন্সে ক্ষতিপূরণ বাবদ কত টাকা পেয়েছে ? কতটা জমি এদের ক্রপ ইনসিউরেন্সে ছিল ? ক্রপ ইনসিউরেন্স বাবদ ক্ষতিপূরণ হিসাবে কত টাকা পেয়েছে বা অন্যান্য কি সামগ্রী পেয়েছে ?

শ্রী কমলকান্তি গুহ : এই মুহূর্তে আপনাকে ক্রপ ইনসিউরেন্সের ব্যাপারে বলতে পারি যে, ক্রপ কাটিংয়ের কাজ অনেক জায়গায় চলছে। যেগুলো হয়ে গেছে, আমরা সেগুলো সেই দপ্তরে পাঠিয়েছি। কত টাকার সাহায্য তারা অনুমোদন করবেন, সেটা এই মুহূর্তে বলতে পারছি না।

শ্রী পঙ্কজ বন্দ্যোপাধ্যায় : ক্রপ ইনসিউরেন্স সারা ভারতবর্ষে চালু হয়েছে। কিন্তু পশ্চিমবঙ্গে ক্রপ ইনসিউরেন্স ব্যাপকভাবে হলেও গ্রামে গ্রামে প্রান্তিক চাষী, ক্ষুদ্র চাষীদের এখনও ক্রপ ইনসিউরেন্স করা হয়নি। আপনার কাছে কি হিসাব আছে যে এই ৪টি জেলায় কত হেক্টর জমি চাষ হচ্ছে, যেটা ক্রপ ইনসিউরেন্সের আওতায় আছে। ৪টি জেলার কতজন চাষীকে এই ক্রপ ইনসিউরেন্স—এই রক্ষা কবচের আওতায় নিয়ে আনা হয়েছে ?

শ্রী কমলকান্তি গুহ : আমি এখন বলতে পারছি না। আপনাকে পরে আমি লিখিতভাবে জানিয়ে দেব।

[11.10–11.20 a.m.]

শ্রী তপন হোড় : স্যার, আমার অতিরিক্ত প্রশ্ন—মাননীয় বিরোধী দলের নেতা পঙ্কজ বন্দ্যোপাধ্যায় খুবই উদ্বিগ্ন, দেখা যাচ্ছে মেদিনীপুর এবং ২৪-পরগনার ক্ষতিগ্রস্ত চাষীদের জন্য খুবই উদ্বিগ্ন, গ্রামে না গিয়েও খুবই উদ্বিগ্ন—যেটা, এই যে মেদিনীপুরের বন্যা বা ঝঞ্ঝা যেটা এসেছিল, সামুদ্রিক জলোচ্ছ্বাস, কোটাল, সেখানে দাঁড়িয়ে এই ব্যাপারে রাজ্য সরকারের পক্ষ থেকে কেন্দ্রীয় সরকারকে দৃষ্টি আকর্ষণ করা হয়েছিল, কেন্দ্রীয় সরকার ক্ষতিগ্রস্ত চাষীদের ক্ষতিপূরণ করার ক্ষেত্রে, ত্রাণের ক্ষেত্রে কৃষি দপ্তরকে সাহায্য করেছিল কিনা ? কেন্দ্রীয় সরকারের কাছ থেকে কৃষি দপ্তর সাহায্য পেয়েছিল কিনা ?

শ্রী কমলকান্তি গুহ : কেন্দ্রীয় সরকার ত্রাণ দপ্তরকে টাকা দেন প্রাকৃতিক বিপর্যয়ে। ত্রাণ দপ্তর থেকে সেই টাকা আমাদের ভাগ করে দেওয়া হয়।

শ্রী দীপক সরকার : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় মন্ত্রিমহোদয়ের নিকট আমার প্রশ্ন—মাননীয় মন্ত্রিমহোদয় তাঁর উত্তরে বলেছেন, আমাদের রাজ্য সরকার, বিশেষত কৃষি দপ্তর তাদের সাধ্যমত মেদিনীপুরের ক্ষতিগ্রস্ত কৃষকদের পাশে দাঁড়িয়েছে। মিনিকিট দিয়েছে। কেন্দ্রীয় সরকার যাদের বাজেট আছে তারা মেদিনীপুরের যারা ক্ষতিগ্রস্ত কৃষক, তাদের সরাসরি কোনও সাহায্য করেছে কিনা ? কৃষকদের সাহায্য দেবার জন্য কৃষি দপ্তরকে টাকা দিয়েছে কিনা, বা আমরা কি তাদের কাছে সাহায্য চেয়েছিলাম ?

শ্রী কমলকান্তি গুহ : আমি তো বলেছি, সব মিলিয়ে রাজ্যে যে ক্ষতিগুলো হয়, রাজ্য সরকার তার জন্য কেন্দ্রের কাছে কিছু সাহায্য চায়। কেন্দ্রীয় সরকার তা আবার ভাগ করে দেয় এবং ত্রাণ দপ্তরের মাধ্যমে তা বণ্টিত হয়।

শ্রী অসিত মিত্র : মাননীয় মন্ত্রিমহোদয়, বিভিন্ন জেলায় ক্ষতির পরিমাণ নিরূপণ করার ক্ষেত্রে আপনাদের পদ্ধতিটা কি রকম ? অনেক সময়ে দেখা যায় আপনারা যেভাবে নিরূপণ করেন তাতে কোনও কোনও ক্ষেত্রে বেশি, কোনও কোনও ক্ষেত্রে কম হয়। আপনারা কাদের রিপোর্টের ওপরে ভিত্তি করে এই জায়গায় এত ক্ষতি হয়েছে, ওই জায়গায় এত ক্ষতি হয়েছে বলেন ? কৃষির ক্ষেত্রে আপনি যে ক্ষতির পরিমাণের কথা বলছেন, তার সঙ্গে নিশ্চয়ই সেচ দপ্তর বা অন্য দপ্তরের ক্ষতির পরিমাণ সংযুক্ত নয়। ক্ষতির পরিমাণ নির্ধারণে আপনারা কি পদ্ধতি অবলম্বন করেন ?

দ্বিতীয়ত, আপনারা কেন্দ্রীয় সরকারের কাছে কৃষকদের ক্ষতির কথা জানিয়েছেন বললেন। কেন্দ্রীয় সরকার ত্রাণ দপ্তরকে সাহায্য দিয়েছিল। ত্রাণ দপ্তর সেই টাকা ভাগ করে দিয়েছে বললেন। আপনি কি কেন্দ্রীয় সরকারকে সরাসরি লিখে জানিয়েছিলেন শুধুমাত্র ত্রাণ নয়, নতুন করে কাজ করার জন্য কৃষকদের বীজ, সার দিতে হবে ? আপনি আমার এই দুটি প্রশ্নের উত্তর দিন।

শ্রী কমলকান্তি গুহ : আমি তো আপনাকে বলেছি যে, আমাদের রাজ্যে এই ধরনের কত ক্ষতি হয় তার একটা হিসেব নিয়ে মাননীয় মুখ্যমন্ত্রী কেন্দ্রকে জানান। তারপরে আলাপ-আলোচনা হয় এবং কথাবার্তা বলে যেটা আসে সেটা হয়।

শ্রী অসিত মিত্র : কত চাষ নষ্ট হয়েছে না হয়েছে তা নিরূপণ কি পদ্ধতির মাধ্যমে করেন এবং এজন্য কাদের উপর নির্ভর করেন ?

শ্রী কমলকান্তি গুহ : নীচের তলা থেকে যে অফিসাররা আসেন তাঁরা হিসাব দেন। সেই হিসাবকে একসাথে করে রাজ্য সরকারকে জানাই।

শ্রী শেখ ইলিয়াস মহম্মদ : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে একটা অতিরিক্ত প্রশ্ন রাখছি। গত আগস্ট এবং সেপ্টেম্বর মাসে আমাদের রাজ্যে অতিরিক্ত বর্ষণের ফলে চারটে জেলা, পূর্ব মেদিনীপুর, পশ্চিম মেদিনীপুর, উত্তর ২৪-পরগনা ও দক্ষিণ ২৪-পরগনায় বন্যার ফলে ব্যাপক ক্ষয়-ক্ষতি হয়। প্রধানত কৃষি দপ্তরের যে ক্ষয়-ক্ষতি, যেটা শস্যহানির জন্য হয়েছে, প্রায় ২০৯ কোটি টাকার ক্ষতি হয়েছে। রাজ্য সরকার ক্ষতিগ্রস্ত চাষীদের বিনা পয়সায় উন্নতমানের বীজ ও কীটনাশক ঔষধ সরবরাহ করেছেন। কিন্তু এই যে বিভিন্ন জায়গাগুলো আছে, যেখানে ক্ষতিগ্রস্ত কৃষকরা শস্যবীমার আওতায় নেই সেই পরিপ্রেক্ষিতে আমার প্রশ্ন, প্রধানত তারা বিভিন্ন ব্যাঙ্কের মাধ্যমে ঋণ নেয়। আপনি কি এ ব্যাপারে বিভিন্ন রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কের সাথে যোগাযোগ করেছেন যাতে কিনা ক্ষতিগ্রস্ত চাষীরা সহজ শর্তে ঋণ পেতে পারেন। যদি করে থাকেন তাহলে দয়া করে একটু জানান।

শ্রী কমলকান্তি গুহ : আপনি কি বললেন আমি ঠিক বুঝতে পারলাম না। অনুগ্রহ করে একটু আস্তে আস্তে বলুন।

শ্রী শেখ ইলিয়াস মহম্মদ : গত আগস্ট এবং সেপ্টেম্বর মাসে চারটে জেলাতে ভয়াবহ বন্যা হয়। তাতে প্রচুর ক্ষয়-ক্ষতি হয় এবং শস্যহানিও ব্যাপক হয়েছে। রাজ্য সরকার, আপনার দপ্তর কেবলমাত্র বীজ এবং কীটনাশক ঔষধ কৃষকদের বিনা পয়সায় দিয়েছেন। এতে একটা ব্যাপক অংশের কৃষক, ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক লাভবান হয়েছেন তাতে কোনও সন্দেহ নেই। কিন্তু বিভিন্ন রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলো কৃষকদের ঋণ দেওয়ার ক্ষেত্রে নানা প্রতিবন্ধকতা সৃষ্টি করে। এক্ষেত্রে কোনও উদ্যোগ নিয়েছেন যাতে কিনা ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকরা বিভিন্ন রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক থেকে ঋণ পেতে পারেন। করে থাকলে দয়া করে জানাবেন।

শ্রী কমলকান্তি গুহ : স্যার, মাইকের শব্দ ঠিকমত আমার কাছে এসে পৌঁছচ্ছে না। সেইজন্য আমি ওনাকে ফলো করতে পারছি না।

মিঃ স্পীকার : আপনি একটু আস্তে আস্তে প্রশ্ন করুন।

শ্রী শেখ ইলিয়াস মহম্মদ : ক্ষতিগ্রস্ত যে সমস্ত কৃষক বোরো চাষ করতে চায় সেই সব ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক যাতে রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক থেকে সহজ শর্তে ঋণ পেতে পারে তার জন্য কি পদক্ষেপ গ্রহণ করেছেন দয়া করে যদি জানান ?

শ্রী কমলকান্তি গুহ : ব্যাঙ্কের সাথে রাজ্য সরকার এই বিষয় নিয়ে বসেন যখন এই ধরনের পরিস্থিতির সৃষ্টি হয় এবং সেখানে রাজ্য সরকার সমস্ত জেলার ক্ষতিগ্রস্তদের ঋণ দেওয়ার কথা বলেন। কিন্তু যে ধরনের ঋণ দেওয়া উচিত বা যত সংখ্যায় দেওয়া উচিত রাষ্ট্রীয় ব্যাঙ্কগুলো তার থেকে অনেক কম ঋণ দেয় এবং কৃষকদের ঘোরায়।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় মন্ত্রিমহোদয় জানাবেন কি যে, ২০০৫-০৬ সালের জন্য যে টোটাল বাজেট ধার্য হয়েছিল তাতে এই রকমের ক্ষয়ক্ষতি,—তা সে অতিরিক্ত জলোচ্ছ্বাসের জন্য বলুন বা অতিরিক্ত বৃষ্টিপাতের জন্য বলুন—সেই পরিপ্রেক্ষিতে কত টাকা ক্ষতিপূরণের জন্য বরাদ্দ আছে।

[11.20–11.30 a.m.]

যেখানে বরাদ্দ অনুযায়ী ২১০ কোটি টাকার ক্ষতিপূরণ সেখানে কত টাকা আপনি পূরণ করতে পেরেছেন বা দিতে পেরেছেন দয়া করে জানাবেন কি ?

শ্রী কমলকান্তি গুহ : এই প্রশ্নের থেকে সারা রাজ্যের হিসাব দেওয়া মুশকিল। আমার কাছে মাননীয় পঙ্কজ ব্যানার্জী প্রশ্ন করেছেন ৪টি জেলা সম্পর্কে, সেখানে আমার পক্ষে এখনই সমস্ত জেলার কথা বলা মুশকিল।

শ্রী কাশীনাথ মিশ্র : আমি সমস্ত জেলার চাইনি, আমাদের বিরোধী দলনেতা যে ৪টি জেলার প্রশ্ন করেছেন, তার উপরেই বলছি যে, এই ব্যাপারে ২০০৫-০৬ সালে ক্ষতিপূরণ বাবদ বরাদ্দকৃত অর্থ কত পেয়েছেন এবং সেখানে ২১০ কোটি টাকার যে ক্ষতি হয়েছে, তাতে কত টাকা আপনারা দিয়েছেন দয়া করে জানাবেন কি ?

শ্রী কমলকান্তি গুহ : আমরা দু রকমভাবে কৃষকদের সাহায্য দিয়ে থাকি। একটা হচ্ছে নর্মাল ইয়ারে বাজেটের মধ্যেই যেটা বরাদ্দ থাকে, সেই টাকার থেকেই সাহায্য দিই। আরেকটা হচ্ছে প্রাকৃতিক বিপর্যয়ের ব্যাপারে ত্রাণ দপ্তরের মাধ্যমে আমাদের রাজ্য সরকার যে টাকা পায়, সেটা খরচ করার জন্য ৪টি জেলার যে হিসাব চেয়েছেন সেটা আমরা দিয়েছি। আর বাড়তি প্রশ্নগুলো যদি পরবর্তীকালে করেন আমি আপনাকে তথ্য দিয়ে জানিয়ে দেব।

শ্রী নির্মল দাস : মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন যে, প্রাকৃতিক বিপর্যয়ে যেমন—২৪-পরগনা, মেদিনীপুর এবং রাজ্যের কয়েকটি জেলায় ক্ষতি হয়েছে, সেই ক্ষতিপূরণ দেওয়ার ক্ষেত্রে আমার মনে হয় রাজ্যে অনেক জায়গায় কৃষি খামার রয়েছে যেগুলো ব্যবহৃত হচ্ছে না। সেই কৃষি খামারগুলো ব্যবহার করে ওখানে যদি বীজ উৎপাদন

করা যায় এবং সেই বীজ সরবরাহ করা হয় তাহলে পরে অন্যের উপরে নির্ভর করে যে আনসার্টেনটির মধ্যে থাকতে হয় এবং বীজ যে সাপ্লাই হয় অত্যন্ত নিম্নমানের তারও সম্ভাবনা কম হবে। তাতে গণ্ডগোলটাও কম হবে। এইক্ষেত্রে আমার প্রশ্ন যে, কৃষি দপ্তর এই বছরে ন্যাচারাল ক্যালামেটি ফান্ড থেকে কত অর্থ পেয়েছে এবং ওই ৪টি জেলা শুধু নয়, সারা রাজ্যের যে চাষের ক্ষতি হয়েছে, সেই ব্যাপারে আপনারা কী করছেন এবং ইতিমধ্যেই ধসা রোগে আলু চাষের ক্ষতি হয়েছে। এই ব্যাপারে আপনার দপ্তর মোকাবিলা করার জন্য কী কী ব্যবস্থা গ্রহণ করেছে অনুগ্রহ করে জানাবেন কি ?

শ্রী কমলকান্তি গুহ : মাননীয় সদস্য ব্যাপকভাবে প্রশ্ন করেছেন। প্রথম হচ্ছে কৃষি খামার থেকে বীজ দেওয়ার কথা বলেছেন, কিন্তু পশ্চিমবঙ্গের জলবায়ু অনুসারে সব শস্য বীজ এখানে ঠিকমতো তৈরি করা যায় না। তবুও আমরা যথাসাধ্য চেষ্টা করছি এবং সেই বীজ তৈরি করে স্বল্প মূল্যে স্থানীয় কৃষকদের বিক্রি করা হয়। আরেকটি যে প্রশ্ন করেছেন আলু চাষ বাবদ কত ক্ষতিপূরণ দেওয়া হয়েছে ইত্যাদি ইত্যাদি। এই প্রসঙ্গে জানাই যে, গত বছরে ক্রপ ইনসিওরেন্স বাবদ কত পেয়েছিলাম সেই ব্যাপারে আলাদা প্রশ্ন করবেন আমি উত্তর দেব।

ক্ষতিগ্রস্ত পরিবারবর্গকে অর্থ সাহায্য

*৩৯। (অনুমোদিত প্রশ্ন নং *৮৭) **শ্রী আবু আয়েশ মণ্ডল :** ত্রাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০০৪-'০৫ আর্থিক বছরে রাজ্যে অগ্নিকাণ্ডজনিত দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত পরিবারবর্গকে গৃহ মেরামত ও পুনর্গঠনের জন্য কোনো অর্থ সাহায্য করা হয়েছিল কি না ; এবং

(খ) হয়ে থাকলে, (১) উক্ত সাহায্যের পরিমাণ কত ; ও
(২) সাহায্যপ্রাপ্ত পরিবারের সংখ্যা কত ?

শ্রী হাফিজ আলম সৈরাণী :

(ক) হ্যাঁ, অর্থ সাহায্য করা হয়েছিল।

(খ) (১) ২০০৪-০৫ আর্থিক বছরে বরাদ্দকৃত অর্থের পরিমাণ মোট ১৭,১৭,০০০ টাকা
(২) সাহায্যপ্রাপ্ত পরিবারের সংখ্যা মোট ৯৩৪ জন।

শ্রী আবু আয়েশ মণ্ডল : ২০০৪-০৫ আর্থিক বছরে আমাদের রাজ্যে যে অগ্নিকাণ্ডজনিত দুর্ঘটনায় আপনি যে পরিসংখ্যান দিলেন সাহায্যের পরিমাণ এবং সাহায্যপ্রাপ্ত পরিবারের সংখ্যার, সেখানে সাহায্যপ্রাপ্ত পরিবারের সংখ্যা বলেছেন ৯৩৪ জন। আমি

জানতে চাইছি সাহায্যের পরিমাণের মধ্যে আপনি সর্বনিম্ন কত টাকা দিয়েছেন এবং সর্বোচ্চ কত টাকা দিয়েছেন সেই তথ্য যদি আপনার কাছে থাকে তাহলে দয়া করে জানাবেন।

শ্রী হাফিজ আলম সৈরাণী : আমাদের রাজ্যে অগ্নিকাণ্ডজনিত কারণে পূর্ণ ক্ষতিগ্রস্ত হলে পরে সেই ক্ষতিগ্রস্ত পরিবার ২ হাজার টাকা পায়, আর আংশিক ক্ষতিগ্রস্ত হলে পরে ১ হাজার টাকা পায়। অর্থাৎ সর্বনিম্ন ১ হাজার টাকা এবং সর্বোচ্চ ২ হাজার টাকা পায়।

শ্রী আবু আয়েশ মণ্ডল : মাননীয় মন্ত্রিমহাশয়, এই যে হাউজ বিল্ডিং গ্রান্ট প্রকল্প—গৃহ নির্মাণ অনুদান প্রকল্প থেকে অগ্নিকাণ্ডজনিত কারণে ক্ষতিগ্রস্ত হলে যে দেন, এটা আমাদের রাজ্যে কোন সাল থেকে চালু করা হয়েছে এবং চালু করার পরিপ্রেক্ষিতটা কী ছিল সেটা যদি দয়া করে জানান ভাল হয়।

শ্রী হাফিজ আলম সৈরাণী : ১৯৯৯ সালে আমার যতটুকু মনে হচ্ছে নভেম্বর মাসের আগে পর্যন্ত কেন্দ্রীয় সরকারের একটি রাজ্য বিমা প্রকল্প ছিল, সেই রাজ্য বিমা প্রকল্পের মাধ্যমে অগ্নিকাণ্ডের ফলে ক্ষতিগ্রস্ত হলে পরে তাকে এই টাকা দেওয়া হত। কিন্তু ১৯৯৯ সালের নভেম্বর মাসে কেন্দ্রীয় সরকার চিঠি করে আমাদেরকে জানিয়ে দেন এই প্রকল্পটি তারা তুলে নিচ্ছে, স্বাভাবিকভাবেই তখন আমাদেরকে চিন্তা-ভাবনা করতে হয় এবং চিন্তা-ভাবনা করে আমরা প্রাকৃতিক দুর্যোগের ক্ষেত্রে যে হাউজ বিল্ডিং গ্রান্ট প্রকল্প আছে, সেই হাউজ বিল্ডিং গ্রান্ট প্রকল্পের আওতায় আমরা অগ্নিকাণ্ডকেও নিয়ে আসি এবং তখন থেকে আমরা অগ্নিকাণ্ডজনিত কারণে কোন ক্ষয়-ক্ষতি হলে পরে সেই হাউজ বিল্ডিং গ্রান্ট প্রকল্প থেকে যদি সম্পূর্ণ ক্ষতিগ্রস্ত হয় তাহলে ২ হাজার টাকা এবং আংশিক ক্ষতিগ্রস্ত হলে পরে ১ হাজার টাকা আমরা দিই।

শ্রী আবু আয়েশ মণ্ডল : মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, ১৯৯৯ সালের নভেম্বরে কেন্দ্রীয় সরকারের এই রাজ্য বিমা প্রকল্প যার মাধ্যমে অগ্নিকাণ্ডজনিত কারণে ক্ষতিগ্রস্ত হলে মানুষদের সাহায্য করা হত সেটা বন্ধ করে দেয়। এই বন্ধ করার কোনো কারণ জানানো হয়েছিল কিনা এবং এর পরিপ্রেক্ষিতে আপনি কিছু জানতে চেয়েছিলেন কিনা জানাবেন এবং সাথে সাথে আর একটি প্রশ্ন, ২০০৫-'০৬ আর্থিক বছরে ২০০৪-'০৫-এর তুলনায় কত টাকা বরাদ্দ করেছেন ক্ষতিগ্রস্ত মানুষদের জন্য জানাবেন।

শ্রী হাফিজ আলম সৈরাণী : আমরা জানতে চেয়েছিলাম এবং ওরা বলেছিল যে, সব জায়গায় এখন এই অগ্নিকাণ্ডজনিত যে ঘটনা ঘটছে সেটার দায়ভার সম্পূর্ণটা কেন্দ্রীয় সরকারের পক্ষে বহন করা সম্ভব নয়, স্বাভাবিকভাবেই এই প্রকল্পটি আমরা আর চালাতে চাই না। সেই জন্য এখন রাজ্যগুলি চিন্তা করবে এই ঘটনা ঘটলে পরে তারা যদি কোনো প্রকল্পের মাধ্যমে সাহায্য করতে পারে তাহলে তারা সাহায্য করবে, তাতে কেন্দ্রীয় সরকারের কোনো আপত্তি থাকবে না। তখন আমরা এটাকে হাউজ বিল্ডিং গ্রান্ট প্রকল্পের মধ্যে নিয়ে এই কাজটা আমরা তখন থেকে চালিয়ে যাচ্ছি। দ্বিতীয় প্রশ্নটি করলেন যে, ২০০৫-'০৬ আর্থিক বছরে

এই প্রকল্প বাবদ কত টাকা আমরা ধরেছি, সেটার সঠিক হিসাব আমি এখন আপনাকে দিতে পারছি না কিন্তু ওই প্রকল্পে কত টাকা খরচ করেছি সেটা আমি বলছি এখনো পর্যন্ত আমরা ১৩.২.০৬ পর্যন্ত যে টাকা খরচ করেছি সেটা হচ্ছে ১৮ কোটি ৭৫ লক্ষ ৮৫ হাজার টাকা।

[11.30–11.40 a.m.]

শ্রী জ্যোতির্ময় কর : মাননীয় মন্ত্রিমহাশয় সম্পূর্ণ ঘর ভেঙে গেলে ২ হাজার টাকা দেওয়া হচ্ছে, এটা কি আর্থিক অনুদান দেওয়া হচ্ছে না ব্যঙ্গ করা হচ্ছে—এটা আপনি নিশ্চয়ই বুঝতে পারছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কুটির বীমা প্রকল্পের অনুকরণে আপনার দপ্তর রাজ্যে বিমা প্রকল্প তৈরি করার জন্য ৭৫ লক্ষ টাকা দিয়েছে। ৭৫ লক্ষ টাকা যদি বিমা প্রকল্পে দেওয়া হয় তাহলে তার এক্তিয়ারে অনেক বেশি মানুষকে অন্তর্ভুক্ত করা যায়। গ্রুপ ইনসিয়োরেন্সের নিয়ম অনুযায়ী স্থায়ী বিমা-কুটির অগ্নিকাণ্ডের ফলে, দুর্ঘটনাজনিত কারণে এই গ্রুপ কি আর্থিক অনুদানের জন্য কোন কুটির বিমা প্রকল্পের মডেলে রাজ্যে কোনো বিমা প্রকল্প করার পরিকল্পনা আছে কি ?

শ্রী হাফিজ আলম সৈরাণী : এখনও পর্যন্ত এইরকম কোনও ভাবনা-চিন্তা আমাদের দপ্তর করেনি। কিন্তু আপনি যেটা বললেন এটাকে নিয়ে আমি আলোচনা করে দেখব। যদি সেটা গ্রহণযোগ্য হয় তাহলে নিশ্চয়ই সেটা বিবেচনা করা হবে।

শ্রী নাজমুল হক : স্যার, আমার অতিরিক্ত প্রশ্ন পশ্চিমবাংলায় বিপর্যয় হলে কিংবা পশ্চিমবাংলা বিপর্যস্ত হলে ওরা যেটা চান সেটা হচ্ছে মূলত ৩৫৬। এবার বিপর্যস্ত মানুষদের জন্য কিছু কিছু টাকা খরচ করা হয়। আমার প্রশ্ন হচ্ছে ২০০৪-০৫ সালে পূর্ণ ক্ষতিগ্রস্ত এবং আংশিক ক্ষতিগ্রস্ত আবেদনকারীর সংখ্যা কত ছিল ? আপনি বলেছেন ১৭ লক্ষ টাকা দেওয়া হয়েছে এবং ৯৫৭টি পরিবার উপকৃত হয়েছে।

শ্রী হাফিজ আলম সৈরাণী : ২০০৪-০৫ আর্থিক বছরে পূর্ণ ক্ষতিগ্রস্তের সংখ্যা ছিল ৭৮৩ জন এবং আংশিক ক্ষতিগ্রস্তের সংখ্যা ছিল ১৫১ জন।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন ২০০৪-০৫ সালে অগ্নিকাণ্ডজনিত দুর্ঘটনায় পরিবারগুলোর গৃহ মেরামতি এবং পুনর্গঠনের জন্য যে অর্থ দিচ্ছেন সেটা কি টোটাল পরিবারবর্গের জন্য দিচ্ছেন না তারা যাতে কোনরকম পুনর্গঠন করতে পারেন তার জন্য দিচ্ছেন।

শ্রী হাফিজ আলম সৈরাণী : অগ্নিকাণ্ডজনিত কোনও পরিবার ক্ষতিগ্রস্ত হলে আমাদের ত্রাণ দপ্তর থেকে প্রথমে তাদের রিলিফ দেই, তারপলিন দেই, জামাকাপড় দেই। অ্যাডাল্টদের ১২ কিলো জি.আর দেই এবং মাইনরদের ৬ কিলো জি.আর দেই। এটা দেওয়ার পর আমাদের অফিসাররা এনকয়ারি করে, প্রস্তাব পাঠায়। সেই প্রস্তাব অনুযায়ী যারা সম্পূর্ণ

ক্ষতিগ্রস্ত তাদের ২ হাজার টাকা দেওয়া হয় এবং যারা আংশিক ক্ষতিগ্রস্ত তাদের ১ হাজার টাকা দেওয়া হয়। আমি আগেই বলেছি রিলিফ কথাটার মানে অন্য। আপনারা যা বলছেন তা যদি হত তাহলে রিলিফ কথাটা থাকত না। রিলিফ কথাটার অর্থ হচ্ছে যা সামর্থ্য থাকবে সেটা নিয়ে মানুষের কাছে দাঁড়াতে হবে। যাতে তাদের মনোবল না ভেঙে যায় সেই জায়গাটা ঠিক থাকবে, এটাই হচ্ছে রিলিফ দেওয়ার উদ্দেশ্য।

শ্রী অশোক দেব : কার সুপারিশে এই ক্ষতিপূরণটা দিয়ে থাকেন ? ডি.এম. না, জেলা পরিষদ না কি এম.এল.এ., এম.পি. কারা এই সুপারিশটা করে থাকেন ?

শ্রী হাফিজ আলম সৈরাণী : প্রাকৃতিক দুর্যোগ ঘটলে আমাদের বলা আছে, যে গ্রাম পঞ্চায়েত এলাকায় ঘটনা ঘটবে সেই গ্রাম পঞ্চায়েতের একজন সদস্য, যে পঞ্চায়েত সমিতি এলাকায় ঘটবে তার একজন সদস্য এবং বি.ডি.ও. অফিসের একজন সদস্য, এই তিনজন গিয়ে তদন্ত করবেন এবং তদন্ত করে তালিকা তৈরি করবেন, সেই তালিকা বি.ডি.ও.-র মাধ্যমে এস.ডি.ও.-র কাছে যাবে, এস.ডি.ও.-র কাছ থেকে যাবে ডি.এম.এ.-র কাছে এবং ডি.এম.-এর কাছ থেকে আমার দপ্তরে আসবে। সেই ভিত্তিতে এই সাহায্যটা করা হয়ে থাকে।

রেল কলোনির উচ্ছেদ হওয়া পরিবারবর্গের পুনর্বাসন

*৪০। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৬) **শ্রী কাশীনাথ মিশ্র :** শরণার্থী ত্রাণ ও পুনর্বাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

কলকাতার গোবিন্দপুর, টালিগঞ্জ, বালিগঞ্জ রেল কলোনির উচ্ছেদ হওয়া পরিবারবর্গের পুনর্বাসনের জন্য রাজ্য সরকার কী কী ব্যবস্থা গ্রহণ করেছে/করছে ?

শ্রী নয়ন সরকার :

উল্লিখিত এলাকাগুলির মধ্যে শুধুমাত্র ১২নং টালিগঞ্জ কলোনিটিই রাজ্য সরকার স্বীকৃত উদ্বাস্তু 'রেল কলোনি'র মধ্যে অন্তর্ভুক্ত। বাকী অংশগুলি এই দপ্তরের অন্তর্ভুক্ত নয়। ১২নং টালিগঞ্জ রেল কলোনির উদ্বাস্তুদের পুনর্বাসনের জন্য সরকার নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করেছেন।

ব্যবস্থা গ্রহণের তথ্য

১২নং টালিগঞ্জ রোডে অবস্থিত এই জমিটি বারংবার অনুরোধ সত্ত্বেও রেল দপ্তর হস্তান্তর করেনি। এখানে ১৪৭টি উদ্বাস্তু পরিবার বাস করত। রাজ্য সরকার এদের পুনর্বাসনের জন্য কে.এম.ডি.এ.-র থেকে নোনাডাঙা মৌজায় ৩.১২ একর জমি নিয়েছে। উচ্ছেদ হওয়া এই ১৪৭টি পরিবারকে পরিবার পিছু ১৪ ছটাক জমি আবন্টন করা হবে।

শ্রী কাশীনাথ মিশ্র : নোনাডাঙার এই জমি কবে বণ্টন হবে মাননীয় মন্ত্রী তা বলবেন কি ?

শ্রী নয়ন সরকার : জমির সার্ভে হয়ে গেছে, প্লটিং হয়ে গেছে এবং এই পরিবারগুলোকে জানানোও হয়েছে। তারা যখন যাবে এই প্লট অনুযায়ী তাদের প্লটগুলো দেওয়া হবে।

শ্রী কাশীনাথ মিশ্র : রাণাঘাটের ওখানে যে কুপার্স ক্যাম্প হয়েছিল, সেইভাবেই কি নোনাডাঙারটা করবেন, না কি অন্য কোনও প্ল্যান এস্টিমেট আছে সেইভাবে করবেন ? এটা দয়া করে যদি জানান।

শ্রী নয়ন সরকার : কুপার্স ক্যাম্পের বিষয়টা হচ্ছে, ১৯৪৭ সালে দেশ বিভাজন হওয়ার পর যেসব ছিন্নমূল মানুষ এসেছিলেন, তাদের এই জাতীয় বিভিন্ন ক্যাম্পে আশ্রয় দেওয়া হয়েছিল, ডোল দেওয়া হয়েছিল। আর এখানে হচ্ছে, জবরদখল কলোনি, সেই কলোনি থেকে নিয়ে গিয়ে এই নোনাডাঙায় ৩.১২ একর জমিতে ১৪ ছটাক করে দিয়ে ব্যবস্থা করা হবে, সেখানে রাস্তাঘাটা, পানীয়জল, এসব ব্যবস্থা করা হবে। কিন্তু কুপার্স ক্যাম্পের সঙ্গে এসব জবরদখল কলোনির উদ্বাস্তুদের এক করা যায় না।

[11.40–11.50 a.m.]

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় মন্ত্রিমহাশয়, এই যে আপনি ১৪৭টা পরিবারকে ১৪ ছটাক করে জমি দেওয়ার কথা বলেছেন, এর পাশাপাশি তাদের ঘর তৈরি করে দেওয়ার জন্য কি কোনও আর্থিক সাহায্য করবেন ?

শ্রী নয়ন সরকার : না।

শ্রী পঙ্কজ বন্দ্যোপাধ্যায় : মাননীয় মন্ত্রিমহাশয়, আপনি বললেন যে লেক ক্যাম্প এবং টালিগঞ্জ ক্যাম্প, এই দুটো ক্যাম্পের দু রকম চরিত্র। কিন্তু পরবর্তীকালে যখন সরকারের সাথে কথাবার্তা হল, তখন আপনি জমির ব্যবস্থা করলেন। তখন বলেছিলেন দুটো ক্যাম্পের রেজিস্ট্রিভুক্ত সমস্ত পরিবার নতুন জায়গায় চলে যাবে। আপনি সেখানে মিটিং-এ বলেছিলেন টালিগঞ্জে যারা আছে তারা উদ্বাস্তু সরকার তাদের জন্য আলাপ-আলোচনা করে ব্যবস্থা করবে। আপনার মূল প্রশ্নের উত্তরে আপনি বলেছেন টালিগঞ্জ রেল কলোনির উদ্বাস্তুদের জন্য আপনারা পুনর্বাসনের ব্যবস্থা গ্রহণ করেছেন। তাই যদি করলেন, তাহলে পুলিশ দিয়ে তাদের তুলে দিতে গিয়ে, তাদের বাড়িঘর বুলডোজিং করে আপনারা সংঘাতের পথে গেলেন। সময়মত এদের স্থানান্তরের ব্যবস্থা করলেন না কেন ?

শ্রী নয়ন সরকার : জমি আগেই চিহ্নিতকরণ করা হয়েছিল। ওখানে যারা থাকে, তাদের সঙ্গে বসা হয়েছিল। তাদের আগেই জানিয়ে দেওয়া হয়েছিল যে তাদের ১৪ ছটাক করে জমি দেওয়া হবে। আর দুটো আমাদের বিষয়ের মধ্যে পড়ে না।

শ্রী পঙ্কজ বন্দ্যোপাধ্যায় : তাদের যদি সরকারের তরফে পুনর্বাসন করা হল, তাহলে সরকারের তরফে উচিত ছিল সময়মত তাদের শিফট করে দেওয়া।

শ্রী নয়ন সরকার : আগেই তাদের সঙ্গে বসা। তাদের যে জায়গা দেওয়া হবে সেটাও জানিয়ে দেওয়া হয়েছে। আর যা বললেন সেটা আমাদের বিভাগীয় বিষয় নয়।

শ্রী দীপক সরকার : মাননীয় মন্ত্রিমহাশয়, আপনার কাছে আমার প্রশ্ন হল এই যে, আমরা দেখেছি কোচবিহার জেলায় বহু উদ্বাস্তু কলোনি আছে যেগুলোকে আপনি স্বীকৃতি দিয়েছেন, আবার বহু কলোনি আছে যেগুলো কোনও সরকারি সাহায্য পায়নি বা স্বীকৃতি পায়নি। যারা স্বীকৃতি পায়নি তাদের জন্য কি সিদ্ধান্ত আপনি গ্রহণ করেছেন ?

শ্রী নয়ন সরকার : মাননীয় সদস্যকে জানাই আপনার প্রশ্নের সঙ্গে আজকের প্রশ্নের সম্পর্ক নেই, তবুও আমি উত্তর দিচ্ছি। আমাদের গভর্নমেন্ট কলোনি, জবরদখল কলোনি, প্রাইভেট কলোনি কেন্দ্রীয় সরকার অনুমোদিত সংখ্যা হচ্ছে ১৮শো। এর বাইরে ৯৯৮ গভর্নমেন্ট কলোনি রাজ্য সরকার স্বীকৃতি দিয়েছে। কেন্দ্রীয় সরকার স্বীকৃতি না দেওয়ার জন্য রাজ্য সরকারের জমিতে একশো শতাংশ জমিতে যেখানে ৮০ শতাংশ উদ্বাস্তু আছে, সেই ল্যান্ড ট্রান্সফার করে জমির দলিল দেওয়ার কাজ চলছে। কিন্তু রাজ্য সরকারের জমি নয়। ব্যক্তিগত মালিক কেন্দ্রীয় সরকারের জমি। এই জমিতে রাজ্য সরকার কিছু করতে পারে না, যতক্ষণ না কেন্দ্রীয় সরকার অনুমোদন দিচ্ছে। এছাড়াও কিছু চিহ্নিত করা হচ্ছে যে, রাজ্য সরকারের জায়গায় পুরোপুরি উদ্বাস্তু আছে এবং ১০০ শতাংশ জমি রাজ্য সরকারের এবং সেই উদ্বাস্তু তার প্রমাণপত্রসহ যদি সেখানে সে থাকে, তাহলে সেক্ষেত্রে বিশেষ ধরনের কলোনি হিসাবে ইতিমধ্যে গোটা দশেক অনুমোদন দেওয়া হয়েছে এবং দলিলও দেওয়া হয়েছে। এক্ষেত্রে সেই রকম যদি কিছু থাকে, তাহলে সে ব্যাপারেও নিশ্চয় কার্যকরী ভূমিকা গ্রহণ করতে হবে।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় মন্ত্রিমহাশয় এখানে প্রশ্নোত্তরে টালিগঞ্জ রেল কলোনির পুনর্বাসনের ব্যাপারে উত্তর দিয়েছেন। টালিগঞ্জ অঞ্চলে আমার কেন্দ্রে একটা কলোনি আছে। রাজীব গান্ধী যখন জীবিত ছিলেন, তখন এই কলোনির ব্যাপারে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে একটা চিঠি আসে। সেই সময় ওই কলোনিটিকে স্বীকৃত উদ্বাস্তু কলোনি হিসাবে চিহ্নিত করেই ওই চিঠি কেন্দ্রীয় সরকারের কাছ থেকে এসেছিল। এরপর আপনার দপ্তর থেকে ওখানে জরিপও হয়। বিভিন্ন এনকোয়ারি করা হয়। কিন্তু ওই কলোনির অধিবাসীদের যে অধিকার দেওয়ার কথা ছিল, যে পাট্টা তাদের দেওয়ার কথা ছিল, সেটা এখনও পর্যন্ত ওই কলোনির অধিবাসীরা পাননি। কেন্দ্রীয় সরকারের যে চিঠি এসেছিল, তাতে ওটাকে কলোনি হিসাবে স্বীকৃতি দেওয়া হয়েছিল। এই ব্যাপারে আপনারা পুনর্বাসনের জন্য কিছু পরিকল্পনা গ্রহণ করেছেন। যেমন—১২ নম্বর টালিগঞ্জ রেল কলোনিকে স্বীকৃত কলোনি বলেছেন। কিন্তু এরই পাশাপাশি গোবিন্দপুর কলোনি ছিল। কিন্তু এটাকে আপনারা স্বীকার

করেননি। অথচ আমাদের কাছে পরিষ্কার খবর আছে যে, কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ৫৪ নম্বর টালিগঞ্জ রোড সম্বন্ধে চিঠি আসে, যেটা আমার কেন্দ্রের মধ্যে পড়ে। তার সমস্ত প্রয়োজনীয় নথিপত্র সরকারি দপ্তরে আছে। সুতরাং এটাকে স্বীকৃতি দেওয়ার কোনও পরিকল্পনা আপনি গ্রহণ করেছেন কি ?

শ্রী নয়ন সরকার : ৫৪ নম্বর কলোনিতে ৭০০ পরিবার আছে। রেল দপ্তর থেকে জমির একটা অংশ পাওয়া গেছে। এখন আর ওই ব্যাপারে সমস্যা নেই। ২০০-র মতো দলিল দেওয়া হয়েছে। বাকী দলিল দেওয়ার জন্য চেষ্টা চলছে। কিছু সমস্যা আছে। আপনি খোঁজ নিয়ে দেখবেন যে, নিঃশর্ত জমি এখনও পায়নি। অ্যালটমেন্ট পেয়েছেন। বাকী যেটা আছে, সেটা যাতে দ্রুততার সঙ্গে হয় এবং দ্রুততার সঙ্গে ওখানে দলিল দেওয়া যায়, সেই ব্যবস্থা গ্রহণ করব।

শ্রী অশোক কুমার দেব : আমি দেখলাম যে, ১২ নম্বর টালিগঞ্জ রেল কলোনিতে ১৪৭ জন উদ্বাস্তুকে জমি বণ্টন করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন। আমি এখানে আপনার কাছে অতিরিক্ত প্রশ্ন করছি যে, কবে নাগাদ এই উদ্বাস্তুরা জমি পাবে ?

শ্রী নয়ন সরকার : এর আগেই আমি বলে দিয়েছি যে, কে এম ডি এ-র কাছ থেকে জমি আমাদের হাতে চলে এসেছে। প্লটও আমাদের তৈরি হয়ে গেছে। এখন শুধু এই ১৪৭টি পরিবারের যাওয়ার অপেক্ষা। ওখানে সমস্ত কিছুই রেডি করা আছে। উদ্বাস্তুরা যাওয়ার সঙ্গে সঙ্গেই ব্যবস্থা কার্যকর করা হবে।

শ্রী পদ্মনিধি ধর : মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে অতিরিক্ত প্রশ্ন—আমার জেলা হাওড়ায় সাউথ ইস্টার্ন রেলের পাড়ে অনেকগুলি টালিগঞ্জ ১২ নম্বর রেল কলোনির মতো কলোনি আছে। সেখানে রেল ইতিমধ্যে নোটিশ দিয়েছে। রেল ওই উদ্বাস্তু পরিবারদের সরিয়ে দিতে চাইছে। বালি থানার সি সি আরে প্রায় তিনটি উদ্বাস্তু কলোনি আছে।

[11.50–12.00 noon]

এগুলো ধরে অসংখ্য জায়গা আছে বোম্বে রোডের কাছে। যেখান থেকে বোম্বে রোড, দিল্লি রোড থেকে স্টার্ট করেছে সেখানে রেলের প্রচুর জমি আছে, সেগুলো ফ্যালো ল্যান্ড হিসেবে পড়ে আছে। মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, হাওড়া জেলায় সাউথ ইস্টার্নের লাইন, শিয়ালদহ থেকে যেটা রাজধানীর লাইন, সি.সি.আর. যায়, তার গায়ে যে কলোনিগুলো আছে তার পুনর্বাসনের জন্য কেন্দ্রীয় সরকারের সঙ্গে কথা বলেছেন বা রাজ্য সরকার পুনর্বাসনের জন্য ব্যবস্থা করবেন কি ?

শ্রী নয়ন সরকার : কেন্দ্রীয় সরকারকে আমরা বার বার জানিয়েছি, মাননীয় মুখ্যমন্ত্রীর মাধ্যমে জানানো হয়েছে ৯৯৮টি কলোনির অনুমোদন দেওয়ার জন্য। কিন্তু বার বার তারা নাকচ করে দিচ্ছে। উদ্বাস্তুদের স্বার্থ রক্ষা করার জন্য তাদের কোনও ভূমিকা নেই।

রেল কলোনি যদি কেন্দ্রীয় সরকারের স্বীকৃত কলোনি হয় তাহলে সেখানে নিশ্চয় তাদের জন্য জমি পাওয়া যাবে এবং রেলকে টাকা দিয়ে সেই জমি নিতে হবে, পরে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে সেই টাকা পেয়ে যাব। কিন্তু যে কলোনিগুলো রেলের অনুমোদনের বাইরে আছে সেই জায়গায় রেলের কাছ থেকে জমি পাওয়া যাবে না। কিন্তু আমাদের স্বীকৃত কলোনি হলে, তাদের ডেভেলপমেন্টের জন্য যদি দেখা যায় যে, রেল দপ্তর বা কেন্দ্রীয় সরকারের অন্যান্য দপ্তর কিছু দিচ্ছে না, তাহলে আমরা অন্য কোথাও তাদের নিয়ে গিয়ে—যেখানে উদ্বাস্তু দপ্তরের জমি আছে—যেমন ১২ নম্বর টালিগঞ্জ রেল কলোনির ক্ষেত্রে করা হয়েছে, সেই একইভাবে তাদের জন্যও সেখানে করা হবে।

আসানসোল আরবান আই.সি.ডি.এস.-২ প্রকল্প

*৪২। (অনুমোদিত প্রশ্ন নং *২৪৮) **শ্রী মলয় ঘটক** : নারী ও শিশু বিকাশ এবং সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

আসানসোলের আরবান আই.সি.ডি.এস.-২ প্রকল্পের আওতাধীন ২১৫টি অঙ্গনওয়ারি কেন্দ্র কবে নাগাদ চালু করা হবে বলে আশা করা যায় ?

শ্রী বিশ্বনাথ চৌধুরী :

(ক) নারী ও শিশু বিকাশ এবং সমাজ কল্যাণ দপ্তরের ৯.১২.২০০৫ তারিখের ৩৭৫(২)-এস.ডব্লু/এফ.এস. নম্বরের আদেশনামাটি সংশোধন করে ১৮.১.২০০৬ তারিখের ১৭৬(২)-এস-ডব্লু/এফ.এস নম্বরের যে আদেশনামা প্রকাশিত হয়েছে তদনুযায়ী আসানসোল (আর্বান)-২ সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্পে ৭৯টি অঙ্গনওয়ারি কেন্দ্র চালু করা হবে।

(খ) অঙ্গনওয়ারি কর্মী ও সহায়িকা নিয়োগের পর কেন্দ্রগুলো চালু করা যাবে।

শ্রী মলয় ঘটক : এর আগে বিধানসভায় আপনাকে প্রশ্ন করেছিলাম, আপনি সেই প্রশ্নের উত্তরে বলেছিলেন ২১৫টি অঙ্গনওয়ারি কেন্দ্র চালু হবে। কিন্তু রিসেন্ট যে সার্কুলার বেরিয়েছে, তাতে দেখলাম সেখানে ৭৯টি অঙ্গনওয়ারি কেন্দ্র চালু করা হবে। ২১৫টি থেকে কমে ৭৯টি করা হয়। এটা রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত এবং এটা ইচ্ছে করে করানো হয়েছে। আসানসোল-২এর যা এরিয়া তাতে ৭৯টি অঙ্গনওয়ারি কেন্দ্রে সবটা কভার হবে না।

শ্রী বিশ্বনাথ চৌধুরী : মাননীয় সদস্য যদি প্রথমে রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত কথাটা না বলে আমার কাছ থেকে জেনে নিয়ে বলতেন তাহলে ভাল হত। পশ্চিমবঙ্গে এমন কোন আই.সি.ডি.এস. প্রকল্প নেই যেখানে সমানভাবে সমবণ্টন করা হয়নি। আসানসোল-২ নম্বর প্রকল্পের পূর্বে কতকগুলোতে কেন্দ্রীয় সরকারের অনুমোদন ছিল। আসানসোল-২ নম্বর এলাকায় ২০০১ সালের জনগণনা অনুযায়ী লোকসংখ্যা ২ লক্ষ ৭২ হাজার ৪৩৯ জন। এই লোকসংখ্যা অনুযায়ী শহরের ৫০ পারসেন্ট লোক আই.সি.ডি.এস.-এর আওতার মধ্যে ধরে

নিয়ে এর ভিত্তিতে অঙ্গনওয়ারি কেন্দ্রের সংখ্যা হওয়া উচিত ১৩৬। এর মধ্যে সেখানে ৫৭টি অঙ্গনওয়ারি কেন্দ্রর জন্য ইতিমধ্যে অনুমোদন দেওয়া আছে, এবারে সেখানে ৭৯টি অঙ্গনওয়ারি কেন্দ্রের জন্য অনুমোদন দেওয়া হয়েছে। ২১৫টি অঙ্গনওয়ারি কেন্দ্রের অনুমোদন হয়েছিল অ্যাডহক ভিত্তিতে। এবারে জনসংখ্যার ভিত্তিতে অনুমোদিত হয় আসানসোলের ২টি প্রোজেক্ট—একটি আসানসোল আর্বান এবং আরেকটি আসানসোল-২ নম্বর এরিয়া। ২০০১ সালের আদমসুমারি অনুযায়ী লোকসংখ্যা ৪ লক্ষ ৭৫ হাজার ৪৩৯। আসানসোল আর্বান প্রকল্প এরিয়া-২-তে ২ লক্ষ ৩ হাজার। এর জন্য সেন্টার আছে ২০৩টি, এখানে আগে থেকেই বেশি সংখ্যা অনুমোদিত আই.সি.ডি.এস. দেওয়া আছে। আসানসোল-২ নম্বর প্রকল্প এরিয়ার লোকসংখ্যা ২ লক্ষ ৭২ হাজার। এর সেন্টার প্রাপ্য ১৩৬টি, ৫৭টি দেওয়া আছে এবং নতুন ৭৯ প্রকল্প অনুমোদিত হয়েছে।

শ্রী মলয় ঘটক : মাননীয় মন্ত্রীর অবগতির জন্য জানাই আসানসোল ২ নম্বর প্রকল্প যে এরিয়া সেটা একচুয়ালি ব্লক এরিয়া ছিল। যখন এটা মিউনিসিপ্যাল এরিয়া ছিল তখন বার্নপুর নোটিফায়েড এরিয়া নামে একটা নোটিফায়েড এরিয়া ছিল। পরবর্তীকালে ২ নম্বর প্রকল্প যেটা আপনি আসানসোল ব্লক যার সংখ্যা বলেছেন, কিন্তু বার্নপুর যে নোটিফায়েড এরিয়া অঞ্চল সেটা বড় অঞ্চল, আই.সি.ডি.এস. প্রকল্পের যে এরিয়া যে পপুলেশান তার মধ্যে কভার হচ্ছে না। নোটিফায়েড এরিয়াতে প্রায় ১০, ১২টি ওয়ার্ড আছে আসানসোল কর্পোরেশনের। সেই এরিয়া শুদ্ধু আসানসোল ২ আমরা কভার করছি। আপনি আগে যখন ৫৭টি কেন্দ্র দিয়েছিলেন সেটা বার্নপুর নোটিফায়েড এরিয়া মিলে হয়েছিল। এখন যে ৭৯ কেন্দ্র অনুমোদন করেছেন সেটাও মিলিয়েই হচ্ছে। এটা মিলিয়ে করতে গিয়ে দেখা যাচ্ছে একটা বিরাট অংশে আই.সি.ডি.এস. প্রকল্পের কাজ করা যাচ্ছে না। আমার অনুরোধ হচ্ছে আপনি এটাকে পুনর্বিবেচনা করে ওই ৭৯ সেন্টারের সংখ্যাটা বাড়ানো সম্ভব কি না দেখবেন ?

শ্রী বিশ্বনাথ চৌধুরী : আমাদের প্রত্যেকটি জায়গায় স্লাম এরিয়া যেখানে আছে শহরে সেখানে ৫০ পারসেন্ট হিসাব ধরে নিয়েই করি। প্রশ্ন হচ্ছে ৫০ পারসেন্টের উপরে আরও ১২ পারসেন্ট প্রত্যেকটি জায়গাতেই দেওয়া আছে। এছাড়াও গ্রাম যেগুলি আছে, সেখানে গ্রাম ধরা আছে, তার প্রোজেক্ট সংখ্যা অনুযায়ী দেওয়া আছে। স্বাভাবিকভাবেই এটা বৃদ্ধি করা সম্ভব নয়। তবুও আপনি যদি কোনো জায়গা দেখেন এবং দেন তাহলে আমি আবার দেখে নিতে পারি।

শ্রী মলয় ঘটক : স্যার, আমার তৃতীয় এবং শেষ প্রশ্ন। আসানসোল আর্বান-২-তে আপনি ৫৭টি সেন্টার এবং পরবর্তীকালে ৭৯ সেন্টার স্যাংশান করেছেন। কিন্তু স্ট্রেনথ অনুযায়ী সেখানে স্টাফ দেননি। সেখানে মাত্র একজন স্টাফ আছে এবং এমনকি সুপারভাইজার একজন আছে। একজন সুপারভাইজারের পক্ষে ১৩৬টা সেন্টার দেখা সম্ভব নয়। ক্ল্যারিক্যাল স্টাফও নেই। আর্বান-২-তে কোনো অফিস নেই। এটা আমরা রেড-ক্রশের

বিল্ডিংয়ে কোনো রকমে রিকোয়েস্ট করে কাজ করে চলেছি। বারে বারে লেখা হচ্ছে একটা অফিস অনুমোদনের জন্য। এটা আপনি দেখবেন কি ?

শ্রী বিশ্বনাথ চৌধুরী : এটা বুঝতেই পারছেন, নতুন প্রোজেক্ট যত স্যাংশান হয়েছে সমস্ত প্রোজেক্টে নতুন করে তার ঘর নিতে হবে, নতুন প্রোজেক্ট যত স্যাংশান হয়েছে তার জন্য স্টাফ যে পদ্ধতিতে নেওয়া হয় তাতে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জকে জানাতে হবে, সেখান থেকে তাদের ফল অনুযায়ী ইন্টারভিউ করতে হবে, তার পরে স্টাফ দিতে হবে। আমরা একটা চিন্তা-ভাবনা করছি, কোনো কোনো জায়গায় দু-এক জন করে দিয়ে প্রথমে সার্ভে করি। সি.ডি.পি.ও. নিতে হয় পি.এস.সি. থেকে। কাজেই পাশের সি.ডি.পি.ও.কে যুক্ত করে কাজ করা যায় কিনা আমরা সেই দিকেই লক্ষ রাখছি। এ ব্যাপারে আমরা একটা চিন্তা-ভাবনা করছি। যতক্ষণ পর্যন্ত না স্টাফ রিক্রুট করা না হবে ততক্ষণ পর্যন্ত স্টাফ দেওয়া সম্ভব নয়।

Starred Questions
(to which answers were laid on the 'Table')

উমরপুরে অনুমোদনপ্রাপ্ত নিয়ন্ত্রিত বাজার

*৪১। (অনুমোদিত প্রশ্ন নং *১০৭) **শ্রী জানে আলম মিঞা** : কৃষি বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার উমরপুরে অনুমোদনপ্রাপ্ত নিয়ন্ত্রিত বাজারটির নির্মাণকার্য কবে নাগাদ শুরু হবে বলে আশা করা যায় ? এবং

(খ) উক্ত বাজার নির্মাণের আনুমানিক ব্যয়ের পরিমাণ কত ?

কৃষি বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) মুর্শিদাবাদ জেলায় জঙ্গিপুর নিয়ন্ত্রিত বাজার সমিতি তাদের মুখ্য বাজার চত্বর স্থাপন কল্পে ওমরপুরের জমি ক্রয় করেন। ওই জমিতে পর্যায়ক্রমে পরিকাঠামো নির্মাণের পরিকল্পনা গ্রহণ করা হয়। ২০০৩ সালে, মহামান্য কলকাতা উচ্চ আদালত তাদের অন্তর্বর্তী আদেশবলে ওই জমিতে কোনো রকম নির্মাণ কাজ শুরু করার ওপর স্থগিতাদেশ প্রদান করেন। এর ফলে কোনরূপ নির্মাণ কাজ ইচ্ছা থাকা সত্ত্বেও শুরু করা যায়নি। মহামান্য কলকাতা উচ্চ আদালতে খুব গুরুত্ব সহকারে জঙ্গিপুর নিয়ন্ত্রিত বাজার সমিতি নির্মাণ কাজে স্থগিতাদেশটি প্রত্যাহারের চেষ্টা চালিয়ে যাচ্ছেন। স্থগিতাদেশটি প্রত্যাহিত না হওয়া পর্যন্ত কোনো রূপ নির্মাণ কাজ শুরু করা হচ্ছে না।

(খ) উক্ত বাজারটি পর্যায়ক্রমে নির্মাণ করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছিল। প্রথম পর্যায়ে আনুমানিক প্রায় ৭০ লক্ষ টাকা খরচ করার পরিকল্পনা ছিল।

কৃষি খামারগুলির পুনরুজ্জীবন

*৪৩। (অনুমোদিত প্রশ্ন নং *২৫৭) **শ্রী রামপদ সামন্ত** : কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, পাঁচের দশকে তৈরি রাজ্যের ভগ্নপ্রায় কৃষি খামারগুলিকে পুনরুজ্জীবনের জন্য সরকার সম্প্রতি এক নতুন পরিকল্পনা (নাবার্ডের সাহায্যে) গ্রহণ করেছে/করছে ; এবং

(খ) সত্যি হলে, পরিকল্পনাটির রূপরেখা কীরূপ ?

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ।

(খ) ন্যাবার্ডের সহায়তায় আর.ই.ডি.এফ. (দশম) প্রকল্পের অধীনে কৃষি খামারের পরিকাঠামো উন্নয়নের জন্য ১১৪টি খামারে ১০.২৪ কোটি টাকা (দশ কোটি চব্বিশ লক্ষ টাকা) অনুমোদন দেওয়া হয়েছে। এই প্রকল্পের অধীনে পরিকাঠামোর আধুনিকীকরণ, সেচ ব্যবস্থার উন্নতিসাধন, কৃষি যন্ত্রপাতি ক্রয়, খামারের চারিদিকে বেড়া দেওয়া ইত্যাদি প্রকল্প গ্রহণ করা হয়েছে। প্রকল্পগুলির কাজ এখন বাস্তবায়িত করা হচ্ছে।

প্রাকৃতিক দুর্যোগ সতর্কতা ব্যবস্থা

*৪৪। (অনুমোদিত প্রশ্ন নং *৩০৯) **শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক** : শরণার্থী ত্রাণ ও পুনর্বাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে 'প্রাকৃতিক দুর্যোগ সতকর্তা ব্যবস্থা' নামক একটি কর্মসূচি চালু করা হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, ঐ কর্মসূচিটির রূপরেখা কীরূপ ?

শরণার্থী ত্রাণ পুনর্বাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না, শরণার্থী ত্রাণ ও পুনর্বাসন বিভাগে এই রকম কোনো কর্মসূচি নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

হরিণঘাটা ডেয়ারি ফার্মের আধুনিকীকরণ

*৪৫। (অনুমোদিত প্রশ্ন নং *৪৫০) **শ্রী বঙ্কিম ঘোষ** : প্রাণী-সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হরিণঘাটার ডেয়ারি ফার্মটিকে আধুনিকীকরণের কোনো পরিকল্পনা সরকার গ্রহণ করেছে/করছে কি না ; এবং

(খ) করলে, পরিকল্পনাটির রূপরেখা কীরূপ ?

প্রাণী সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ।

(খ) উন্নতজাতের গরু আনা হচ্ছে। ইতিমধ্যে ১৮৯টি উন্নতজাতের গরু আনা হয়েছে।

(২) হিমায়িত গোবীজ কেন্দ্রটাকে অত্যাধুনিক করা হয়েছে। আই.এস.ও-৯০০০ হয়েছে। সারা দেশের অন্যতম শ্রেষ্ঠ কেন্দ্রে পরিণত হয়েছে।

(৩) একটি বুল মাদার ফার্ম তৈরির কাজ শুরু হয়েছে।

(৪) হিপার রিয়ারিং সেন্টার চালু করা হয়েছে।

Number of Closed Tea Gardens

*46. (Admitted Question No. *328) **Shri Nirmal Ghosh** : Will the Minister-in-Charge of the Labour Department be pleased to state—

(a) the number of closed tea gardens in the State during the period from 01.01.2004 to 31.12.2005 ;

(b) steps taken/proposed to be taken by the Government to re-open those tea gardens, and

(c) the number of tea workers died during the period due to such closure ?

The Minister-in-Charge of the Labour Department :

(a) 21 (twenty-one) gardens were closed during the period from 01.01.2004 to 31.12.2005. Another 4 (four) gardens got closed before 1.1.04.

(b) Negotiations with the Management and the Trade Unions of the respective gardens are being held by the Government for the purpose of reopening of the gardens. As a result of such attempt of the Government, out of 25 (twenty-five) gardens 10 (ten) gardens have since been reopened.

(c) No such report on death of tea workers during the period due to such closure has so far been received by the Government in the Labour Department, West Bengal.

আই.সি.ডি.এস. প্রকল্প

*৪৭। (অনুমোদিত প্রশ্ন নং *৩৩৩) **শ্রীমতী সোনালী গুহ** : নারী ও শিশু বিকাশ এবং সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যের কতগুলো ব্লককে ৩১/১২/২০০৫ তারিখ পর্যন্ত আই.সি.ডি.এস. প্রকল্পের আওতাভুক্ত করা যায়নি (জেলাওয়ারি) ?

নারী ও শিশু বিকাশ এবং সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

এই রাজ্যে নিম্নলিখিত দুটি ব্লককে ৩১.১২.২০০৫ তারিখ পর্যন্ত আই.সি.ডি.এস. প্রকল্পের আওতাভুক্ত করা যায়নি :

	ব্লকের নাম	জেলার নাম
১।	কালিয়াচক-১	মালদা
২।	খড়্গপুর-২	পশ্চিম মেদিনীপুর

পাইলট প্রজেক্ট ফর ফুডগ্রেনস্

*৪৮। (অনুমোদিত প্রশ্ন নং *৩৫৯) **শ্রী তমোনাশ ঘোষ** : নারী ও শিশু বিকাশ এবং সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে 'পাইলট প্রজেক্ট ফর ফুডগ্রেনস্ টু এডোলিসেন্ট গার্লস্, প্রেগন্যান্ট অ্যান্ড নার্সিং মাদার' নামক একটি প্রকল্প চালু আছে : এবং

(খ) সত্যি হলে, (১) প্রকল্পটির রূপরেখা কীরূপ ; ও

(২) প্রকল্পের ব্যয়ভার কারা বহন করে ?

নারী ও শিশু বিকাশ এবং সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) এই প্রকল্পটি ২০০২-২০০৩ সাল থেকে এই রাজ্যের পুরুলিয়া ও জলপাইগুড়ি জেলায় চালু আছে।

(খ) (১) উক্ত দুটি জেলার যে সমস্ত কিশোরী মেয়েরা (বি.পি.এল.-ভুক্ত) ৩৫ (পঁয়ত্রিশ) কেজি ওজনের কম ও অপুষ্টিজনিত রোগে ভুগছেন তাদের মাথাপিছু প্রতিমাসে ৬ (ছয়) কেজি করে চাল বিনামূল্যে দেওয়া হয়।

ইতিপূর্বে গর্ভবতী ও প্রসূতি মায়েরা যাদের ওজন ৪০ (চল্লিশ) কেজির নীচে তারা এর অন্তর্ভুক্ত ছিলেন। বর্তমানে শুধু কিশোরী মেয়েরাই এর অন্তর্ভুক্ত।

(২) প্রকল্পটির ব্যয়ভার সম্পূর্ণভাবে কেন্দ্রীয় সরকার বহন করেন।

[12.00–12.10 p.m.]

ADJOURNMENT MOTION

Mr. Speaker: To-day, I have received eight notices of Adjournment Motions. The First one is from Dr. Asish Banerjee on the subject of acute crisis of ARV in different hospitals in the State. The Second one is from Shri Kashinath Mishra. Shri Kallol Khan, Shri Pundarikakshya Saha and Shri Manturam Pakhira on the subject of failure of the State Government to utilise the entire fund allotted by the Union Government towards Sarba Siksha Abhijan. The Third one is from Shrimati Sonali Guha on the subject of Students' Union Election at Jogamaya Devi College and situation arisen therefrom. The Fourth one is from Shri Sobhan Deb Chattopadhyay on the subject of spurt in terrorist activities in the State. The Fifth one is from Shri Gobinda Chandra Naskar, the Sixth one is from Shri Saugata Roy and the Eighth one is from Shri Asit Mitra on the same subject of reported incidents of Bank robbery at Bankura and snatching away of arms from Kantadi Camp under Arsha P.S., Purulia on 13.02.2006. And the Seventh one is from Shri Ashok Kumar Deb on the subject of non-completion of the construction work of bridge over Kansai river at Dherua, Paschim Medinipur.

The subject matters of all the motions are not such that may call for adjournment of the business of the House. Members will get ample scope to raise the matters during Discussion on Governor's Address. Besides, the Members may invite attention of the concerned Ministers through Calling Attention, Mention, Question, etc.

I, therefore, withhold my concent to all the Motions.

One Member of the party may, however, read the text of the motion as amended.

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এক সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মূলতবী রাখছেন। বিষয়টি হল—

পশ্চিমবঙ্গে দ্রুত উগ্রপন্থী কার্যকলাপ বেড়ে চলেছে। সম্প্রতি দুজন মহিলা মাওবাদী কর্মী গ্রেপ্তার হয়েছেন যাঁরা বলেছেন অভাবের তাড়নায় তাঁরা উগ্রপন্থীদের দলে গিয়েছিলেন। এর আগেও উগ্রপন্থীরা ল্যান্ড মাইন বিস্ফোরণ থেকে শুরু করে পুলিশ কর্মীদের হত্যা

করেছে। এদের নেতৃত্বে যারা আছে তারা সকলেই গরিষ্ঠ শাসক দলের প্রাক্তন কর্মী। অনাহার, অপুষ্টি, অশিক্ষার সুযোগে রাজ্যে উগ্রপন্থী মাথাচাড়া দিচ্ছে। বাঁকুড়ায় ব্যাঙ্ক লুঠ, পুরুলিয়ায় পুলিশের রাইফেল লুঠ রাজ্যের পুলিশ প্রশাসনের দুর্বলতা প্রমাণ করল।

শ্রী অসিত মিত্র : জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মূলতুবি রাখছেন। বিষয়টি হল—

রাজ্যে মাওবাদীদের আক্রমণে পুলিশ প্রশাসন ভীত, সন্ত্রস্ত। ব্যাঙ্ক লুঠ, থানা লুঠের ঘটনায় মাওবাদীরা সক্রিয় ভূমিকা নিয়েছে। দিনের পর দিন এই ধরনের ঘটনা ঘটছে। মুখ্যমন্ত্রীর আশ্বাস সত্ত্বেও উন্নয়ন হচ্ছে না। শুধুমাত্র পুলিশ প্রশাসন নয় সাধারণ মানুষ ভীত ও সন্ত্রস্ত। শাসকদল ও পুলিশের অত্যাচারের জন্য সাধারণ মানুষ মাওবাদীদের আশ্রয়ে চলে যাচ্ছে। অবিলম্বে সরকার এ ব্যাপারে শ্বেতপত্র প্রকাশ করুক এবং মুখ্যমন্ত্রী বিবৃতি দিন।

CALLING ATTENTION

Mr. Speaker: Today, I have received six notices of Calling Attention on the following subjects, namely :

	Subject	Name
(i)	Alleged failure of the Government to supply Fluoride free drinking water at many villages under Rampurhat Constituency	Dr. Asish Banerjee
(ii)	Reported incidents of Bank robbery at Bankura and snatching of arms from Kantadi Camp under Arsha P.S., Purulia on 13.2.06	Shri Kashinath Mishra, Shri Kallol Khan, Shri Pundarikakshya Saha, Shri Manturam Pakhira, Shri Asit Mitra, Shrimati Manju Basu, Shri Gobinda Chandra Naskar & Shri Saugata Roy
(iii)	Alleged physical assault on a woman by one Shri Dipak Lakra, Sergeant of Kolkata Police on 12.2.06 at C.R. Avenue	Smt. Sonali Guha

	Subject	Name
(iv)	Steps taken by the State Government to supply arsenic free water from new deep tube wells at Tehatta, Nadia	Shri Kamalendu Sanyal
(v)	Greater Coochbehar movement and consequential situation arisen	Shri Nirmal Das
(vi)	Hunger strike by the local people at Garden Reach Government Hospital	Shri Ashok Kumar Deb

I have selected the notice of Shri Kamalendu Sanyal on the subject of 'Steps taken by the State Government to supply arsenic free water from new deep tube wells at Tehatta, Nadia.

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

Shri Probodh Chandra Sinha : Sir, the statement will be made on 15th February, 2006.

PRESENTATION OF COMMITTEE REPORT

Presentation of the Sixth Report of the Standing Committee on Public Works and Public Health Engineering (2005-2006)

Shri Jatu Lahiri : Mr. Speaker, Sir, I beg to present the Sixth Report of the Standing Committee on Public Works and Public Health Engineering (2005-2006) on "THE WEST BENGAL PUBLIC WORKS CONTRACTORS (REGULATION AND CONTROL) BILL, 2005".

MENTION

শ্রী লক্ষ্মীকান্ত রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার ধূপগুড়ি নির্বাচন ক্ষেত্র ধূপগুড়ি পৌরসভা, ষোলোটি গ্রাম পঞ্চায়েত এবং চা-বাগান এলাকা নিয়ে অবস্থিত। ২০০১ সালের জনগণনা অনুপাতে সেখানকার লোকসংখ্যা চার কোটির উপরে। ওই এলাকার লোকেদের একমাত্র চিকিৎসা কেন্দ্র হচ্ছে ধূপগুড়ি গ্রামীণ হাসপাতাল। মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমি আবেদন জানাচ্ছি,

ধূপগুড়ি গ্রামীণ হাসপাতালটিকে আগামীদিনে স্টেট জেনারেল হাসপাতালে উন্নীত করার জন্য এবং সঙ্গে সঙ্গে হাসপাতালের আসন সংখ্যা বৃদ্ধি করারও দাবি জানাচ্ছি। ওখানকার বেশিরভাগ লোকই কৃষক, শ্রমজীবী মানুষ এবং চা-বাগানগুলিতে কাজ করে। ওখানকার মানুষের কথা চিন্তা করে ওই গ্রামীণ হাসপাতালটিকে স্টেট জেনারেল হাসপাতালে উন্নীত করার দাবি জানাচ্ছি।

ডঃ আশিস ব্যানার্জী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট বিভাগের মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। রামপুরহাটের যানজটের সমস্যা নিয়ে ২০০১ সাল থেকে আমি এই হাউসে বলে আসছি। এই ব্যাপারে বারবার আমাকে আশ্বাস দেওয়া হয়েছে কিন্তু কোনো কার্যকরী ভূমিকা এখনো পর্যন্ত গ্রহণ করা হয়নি। মাননীয় অর্থমন্ত্রীর সঙ্গে এই সভাতে ব্যক্তিগতভাবে আমি কথা বলেছি এবং তিনি আমাকে আশ্বাস দিয়েছিলেন, কিন্তু সেই আশ্বাস পূরণ হয়নি। রামপুরহাটের যানজটের সমস্যা দূর করার জন্য বাইপাসের দাবি আমি দীর্ঘদিন ধরে এই হাউসে করছি। ঝাড়খণ্ড থেকে শুরু করে বিভিন্ন জায়গার লোক রামপুরহাটে আসে। বাইপাসের নাম করে জেলা পরিষদ লক্ষ লক্ষ টাকা আয় করছে, কিন্তু কোনো ব্যবস্থা গ্রহণ করছে না। তারাপীঠে পার্কিং জোনের নাম করে জেলা পরিষদ লক্ষ লক্ষ টাকা আয় করছে, কিন্তু সেখানে পার্কিং জোন বলে কিছু নেই। কিন্তু জেলা পরিষদ টোল ট্যাক্স হিসাবে টাকা আদায় করে যাচ্ছে। এই ব্যবস্থার আমি প্রতিবাদ জানাচ্ছি এবং অবিলম্বে এর প্রতিকার দাবি করছি।

শ্রী প্রফুল্ল ভৌমিক : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। নদিয়া জেলার নাজিরপুর থেকে করিমপুর ভায়া নতিডাঙা একটি রাস্তা আছে। এলাকাটি সংখ্যালঘু অধ্যুষিত এলাকা এবং সেখানে একটি হায়ার সেকেন্ডারি স্কুলও আছে। কিন্তু ওই রাস্তাটির অবস্থা খুবই খারাপ।

[12.10–12.20 p.m.]

ফলে এখানে যান চলাচল একেবারেই হচ্ছে না। বিষয়টি আমি একজিকিউটিভ ইঞ্জিনিয়ারকে জানিয়েছিলাম। আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, অবিলম্বে যাতে এই রাস্তাটি মেরামত করার ব্যবস্থা নেওয়া হয়। ধন্যবাদ।

শ্রী কাশীনাথ মিশ্র : স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আমাদের মন্ত্রিসভার তথা মাননীয় সদস্যদের দৃষ্টি আকর্ষণ করছি। আজকে দেখা যাচ্ছে বিভিন্ন জেলাতে বিভিন্নভাবে শিলান্যাস হচ্ছে। আজকে সরকার কিন্তু দেখল না যে একটা কাজ ২ বছর আগে শেষ হয়ে গেছে। সেই কাজের জন্য ৫ কোটি ৩২ লক্ষ টাকা খরচ করা হয়েছে। নাবার্ড থেকে টাকা দেওয়া হয়েছে। আর.আই.ডি.এফ. প্রকল্পে প্রকাশ্যে জেলা পরিষদের মাধ্যমে কাজটা হয়েছে। কিন্তু এক্ষেত্রে ল্যান্ড অ্যাকোয়ার না করেই ব্রিজ তৈরি হয়েছে। দু বছর আগে এই ব্রিজ তৈরি হল, কিন্তু তার পাশাপাশি যে অ্যাপ্রোচ রোডের দরকার, সেখানে ৩২০ ফুট

জায়গার দরকার : সেই জায়গাটা বা জমিটা তারা অ্যাকোয়ার করলেন না। এ বিষয়ে আমরা বার বার বলেছি, কিন্তু বিশেষ কোনো লাভ হয়নি। আমাদের বক্তব্য হল ল্যান্ড অ্যাকোয়ার না করেই রিপোর্ট দেওয়া হল যে, কাজটা সম্পূর্ণ হয়ে গেছে। কেন ব্রিজটা চালু হচ্ছে না ? সেখানে কেন মানুষ যাতায়াত করতে পারছে না ? এটা একটা বিপজ্জনক ব্যাপার। ৫ কোটি ৩২ লক্ষ টাকা খরচ করে ব্রিজটা তৈরি হল, যদি সেটা ব্যবহারই না করা যায়, তাহলে এটা করার কী দরকার ! এজন্য একটা ইন্টারেস্ট দিতে হচ্ছে। এটা ২৫১ নম্বর বিধানসভা কেন্দ্র এবং ওন্দা বিধানসভা কেন্দ্রের সঙ্গে যুক্ত। স্যার, আমি আপনার মাধ্যমে সমগ্র বিষয়টির প্রতি মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করলাম, আশা করি উপযুক্ত ব্যবস্থা এজন্য নেওয়া হবে।

শ্রীমতী মীনা সনাতনী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে আবেদন রাখছি—আমার বিধানসভা কেন্দ্র ঝাড়গ্রামে একটি কৃষি বিজ্ঞান কলেজ স্থাপন করার জন্য। এ ব্যাপারে আমি বিশেষভাবে অনুরোধ করছি। এখানে বিধানচন্দ্র রায় কৃষি বিশ্ববিদ্যালয়ের একটি কৃষি গবেষণা কেন্দ্র আছে। এটা ৩০০ একর জমির ওপর স্থাপিত, এর পরিকাঠামোও যথেষ্ট উন্নতমানের। কৃষি বিজ্ঞান কলেজটি স্থাপিত হলে এই গবেষণা কেন্দ্রের সাহায্য ও সহযোগিতা পাওয়া যাবে।

শ্রীমতী মঞ্জু বসু : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমাদের রাজ্য ঠগ, জাল এবং জুয়াচোরে ভরে গেছে। এ ব্যাপারে আমরা বিশেষভাবে উদ্‌বিগ্ন। গত কয়েকদিন আগে একটি জাল চক্র ধরা পড়েছে। রীতিমতো বেসরকারি শিক্ষা প্রশিক্ষণ সংস্থা বানিয়ে রাজ্যের মুখ্যমন্ত্রী, অর্থমন্ত্রী, শিক্ষামন্ত্রী এবং শিক্ষা দপ্তরের কর্তাদের স্বাক্ষর জাল করে নদিয়া, হুগলি, মুর্শিদাবাদে শতাধিক বেকার যুবক, যুবতীদের স্কুলে চাকরি পাইয়ে দেওয়ার নাম করে প্রায় ১ কোটি টাকা হাতিয়ে নেয়। শেষ পর্যন্ত এই প্রতারণা চক্রটি ধরা পড়ে। নদিয়ার হাঁসখালির বাসিন্দা মহম্মদ সফিউদ্দিন বিশ্বাস নামের এক ব্যক্তি প্রথম এ সম্পর্কে অভিযোগ জানান। এরপর সি.আই.ডি. তদন্তে নামে। প্রাথমিক তদন্তে গোয়েন্দারা জানতে পারেন মুর্শিদাবাদের ডোমকল এলাকার মামুদপুরের মান্নান আলি, ওবেদুল হক, হুগলি চুঁচুড়ার সমীর বন্দ্যোপাধ্যায়, খন্নানের অলোক বসু, চাঁপদানীর শেলী মণ্ডল এবং বর্ধমানের মেমারির বাসিন্দা বিশ্বনাথ ঘোষ এই প্রতারণা চক্রে শামিল রয়েছে। আজকে গোটা রাজ্যে বিভিন্নভাবে অরাজকতা চলছে, এ ব্যাপারে আমি মাননীয় মুখ্যমন্ত্রী ও মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যারা এই অপরাধের সঙ্গে যুক্ত আছে তাদের যেন চরম থেকে চরমতর শাস্তি দেওয়া হয়।

শ্রী শুভেন্দু চৌধুরী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বন দপ্তরের মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি মালদা জেলায় হালনা সংরক্ষিত বনাঞ্চলের ব্যাপারে। এই এলাকাটি সিডিউল কাস্ট্‌স, সিডিউল ট্রাইব অধ্যুষিত এলাকা। এই বনাঞ্চলের ক্ষেত্রে যদি উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হয় তাহলে সেটি পর্যটন কেন্দ্র হিসাবে গড়ে উঠতে পারে। এখানে প্রচুর পরিযায়ী পাখি আসে। সুতরাং পক্ষীনিবাস হিসাবে এটাকে গড়ে তোলা যায়। সেইজন্য

হালনা ফরেস্টের যাতে উন্নয়ন করা হয় তার জন্য আমি বন দপ্তরের মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীমতী সোনালী গুহ : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। রাজ্যে যেভাবে মাওবাদী হামলা হচ্ছে তাতে দেখছি, প্রশাসন সম্পূর্ণভাবে ব্যর্থ। গতকাল বাঁকুড়ার সারেঙ্গায় বিক্রমপুর শাখায় রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কের সশস্ত্র মাওবাদী হামলার পর সেখান থেকে ৯০ হাজার টাকা লুঠ করা হয়। পুরুলিয়া জেলার আরসা গ্রামে কাঁটাডি পুলিশ ক্যাম্পে মাওবাদীরা হামলা চালিয়ে রাইফেল ছিনতাই করে। সশস্ত্র মাওবাদী দলের বিমলা সর্দার এবং সুলেখা মাহাতোকে পুলিশ গ্রেপ্তার করেছে। তাদের সঙ্গে কথা বলে এবং তারা ধরা পড়ার পর বিভিন্ন অনুসন্ধান করে জানা গেছে, ওইসব অনুন্নত এলাকায় পানীয় জল, বিদ্যুৎ, এমনকি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র পর্যন্ত নেই। বারিকুল থানার ও.সি. প্রবাল সেনগুপ্ত মারা যাবার পর আমরা মাননীয় মুখ্যমন্ত্রীর বিবৃতি চেয়েছিলাম। তিনি বিবৃতি দিয়েছিলেন। কিন্তু তার পরেও ওই বারিকুল থানায় বিদ্যুৎ পৌঁছায়নি, সমস্ত এলাকাটাই অনুন্নত। সেইজন্য তারা সশস্ত্র বিপ্লবের পথ বেছে নিয়েছে। মাননীয় মুখ্যমন্ত্রী উন্নয়নের ধুয়ো তুলে বিভিন্ন জায়গায় ইনঅগারেট করতে যাচ্ছেন। আমার বক্তব্য হচ্ছে, ওইসব না করে অনুন্নত এলাকায় প্রাধান্য দিয়ে উন্নয়নের দিকে লক্ষ দিন এবং অবিলম্বে মাওবাদী হামলার জন্য মাননীয় মুখ্যমন্ত্রী বিবৃতি দিন। আমরা বিরোধীদলের পক্ষ থেকে এই দাবি করছি।

শ্রী শেখ ইলিয়াস মহম্মদ : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পূর্ব-মেদিনীপুর জেলার হেড়িয়া থেকে শিলাবেড়িয়া পর্যন্ত ৫০ কিলোমিটার পাকা রাস্তাটি ভগ্ন এবং বেহাল অবস্থায় রয়েছে। ওই রাস্তা দিয়ে প্রতিদিন অজস্র বাস, লরি, ট্যাক্সি, অটো যাতায়াত করে। এ ছাড়া রয়েছে প্রসিদ্ধ মসনদি আলার তীর্থক্ষেত্র। প্রতিদিন সারা রাজ্যের, সারা দেশের বিভিন্ন প্রান্ত থেকে অজস্র পুণ্যার্থী ওই মসনদি আলার তীর্থক্ষেত্রে যান। সুতরাং যে কোনো সময়ে দুর্ঘটনা ঘটার বিরাট আশঙ্কা আছে। তাই আমি মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, অবিলম্বে জরুরি ভিত্তিতে উক্ত রাস্তাটি সংস্কার করা হোক। ধন্যবাদ।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : স্যার, দিল্লিতে আমরা একটা ভাল নাটক দেখছি। নাটকটি হচ্ছে, ইরানের প্রশ্নে বামেদের অবস্থান। আজকের কাগজে দেখলাম, প্রকাশ কারাত দুঃখ করে একটা স্টেটমেন্ট দিয়েছে, "আমি ১৯ মাসে ১৯টি চিঠি দিয়েছি, কিন্তু ইউ.পি.এ. সরকার আজও আমাদের কথা শুনছেন না। দু-একটি ক্ষেত্র ছাড়া আর কোনো ক্ষেত্রেই আমাদের কথা শোনেননি।" রাজ্যের মুখ্যমন্ত্রী বিভিন্ন জায়গায় বক্তৃতা করে বলছেন, 'ইউ.পি.এ. সরকারকে আমরা যেমন চালাব, তেমনি চলবে। উঠতে বললে উঠবে, বসতে বললে বসবে।" অথচ তাঁদের দলের কেন্দ্রীয় নেতা বলছেন, '১৯ মাসে ১৯টি চিঠি দিয়েছি, একটা চিঠিও গ্রাহ্য করছে না।' গতকাল মাননীয় সদস্য শ্রী মোর্সালীন মোল্লা সাহেব বললেন,

"আমরা কষ্ট করে ইউ.পি.এ. সরকারের সঙ্গে আছি।" এদিকে সোনিয়া গান্ধীকে বলছেন, "ম্যাডাম, আমরা আপনাদের সঙ্গে আছি। তবে ভোট ব্যাঙ্ক রক্ষা করার জন্য ফোঁস ফোঁস করতেই হবে।" এই যে নাটক চলছে এটা বাংলার মানুষ বুঝতে পারছে যে এটা দিয়ে ভোট হবে না। যাই বলুন না কেন, আলটিমেটলি জানাই,—এই যে বলছেন উঠতে বললে উঠবে, বসতে বললে বসবে—এটা যে আপনাদের ফাঁকা আওয়াজ সেটা বাংলার মানুষ বুঝতে পারছে।

[12.20–12.30 p.m.]

শ্রীমতী কুমারী কুজুর : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। ডুয়ার্সের বিভিন্ন এলাকার বিভিন্ন ব্লকের মধ্যে কম বেশি চা বাগান বন্ধ আছে। যেগুলো খোলা আছে সেইগুলোর অবস্থা ভালো নয়। সেখানে বেতন এবং রেশন সময়মতো শ্রমিকরা পাচ্ছে না। আমার বিধানসভা এলাকা মাদারিহাটে রামঝরাই চা-বাগান দীর্ঘদিন ধরে বন্ধ আছে, মুন্নাই চা-বাগান দীর্ঘদিন ধরে বন্ধ আছে। এমতাবস্থায় শ্রমিকরা হতাশা বোধ করছে। সেখানকার শিশুরা, স্কুলের ছাত্র-ছাত্রীরা নিরাপত্তা বোধ করছে না। তাদের নির্দিষ্ট ভবিষ্যত না থাকার জন্য খুব অস্বস্তি বোধ করছে। এমতাবস্থায় আরো একটা অসুবিধা তৈরি হয়েছে। চা-বাগানের মধ্যে দুষ্কৃতীরা ঢুকে পড়ছে এবং মহিলাদের বাইরে নিয়ে যাওয়ার চেষ্টা করছে। বাইরে নিয়ে গিয়ে বিভিন্ন রাজ্যে বিক্রি করে দেবার চেষ্টা করছে। এখানকার মহিলাদের কাজ নেই, বেশি পয়সার কাজ দেবে এই প্রলোভন দেখিয়ে বাইরে নিয়ে যাওয়ার চেষ্টা করছে। চা-বাগানের মহিলাদের যদি নিরাপত্তার ব্যবস্থা করা হয় এবং কাজ দেওয়া হয় তাহলে আর প্রলোভন দেখিয়ে বাইরে নিয়ে যেতে পারবে না। চা বাগানে যাতে সুষ্ঠু পরিবেশ ফিরে আসে, চা-বাগান যাতে আবার চালু হয় এবং সকলে কাজ পায় তার জন্য মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গোটা পশ্চিমবাংলা মাওবাদীদের সন্ত্রাসে পরিণত হয়েছে। মুখ্যমন্ত্রী বারে বারে এই বিধানসভায় বলছেন যে, ব্যবস্থা গ্রহণ করছি। কিন্তু আজ পর্যন্ত সঠিকভাবে ব্যবস্থা গ্রহণ করতে পারেননি। গতকাল পুরুলিয়ার আরসাতে মাওবাদীরা হানা দিয়ে ৫ জন পুলিশকর্মীর থেকে ৫টি রাইফেল ছিনতাই করে নিয়ে চলে যায় এবং মাসকেট লুঠ করে নিয়ে চলে যায়। আবার একইদিনে দুপুরবেলায় সারেঙ্গাতে এলাহাবাদ ব্যাঙ্ক থেকে ১ লক্ষ টাকা চুরি করে নিয়ে চলে যায়। ওই ব্যাঙ্কে যে দুজন আর্ম গার্ড ছিল সেই দুজন আর্ম গার্ডের কাছ থেকে রাইফেল ছিনতাই করে নিয়ে চলে যায়। এইভাবে বাঁকুড়া পুরুলিয়ায় মাওবাদী সন্ত্রাস চলছে। যার ফলে গরিব মানুষরা ভীত সন্ত্রস্ত এবং বিভ্রান্ত। এর আগে গোয়েন্দা বিভাগ বলেছিল যে কোনো সময় মাওবাদীরা পুলিশ ব্যারাকে হানা দেবে এবং অস্ত্রশস্ত্র রাইফেল ছিনতাই করে নিয়ে চলে যাবে। তথাপিও পুলিশ কোনো ব্যবস্থা গ্রহণ করতে পারেনি। পুলিশ দপ্তরে নিষ্ক্রিয়তার ফলে এই ঘটনা ঘটছে। পশ্চিমবাংলায় মাওবাদী সন্ত্রাস বন্ধ করার ব্যাপারে হোম ডিপার্টমেন্ট ব্যর্থ, সেইজন্য আমি পুলিশমন্ত্রীর পদত্যাগ দাবি করছি। হোম ডিপার্টমেন্ট উনি অন্য কাউকে দিয়ে দিন।

শ্রী কিরীটি বাগদী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা এলাকার মধ্যে বাংলা থেকে বোগা-রঘুনাথপুর-জুনবেদিয়া-মুলিয়ান হয়ে পুরুলিয়ার মানবাজার যাবার একটা সটকাট রাস্তা আছে। এই রাস্তাটি দীর্ঘদিন ধরে অত্যন্ত খারাপ অবস্থায় পড়ে আছে। এই রাস্তা দিয়ে বাস চলে। এই রাস্তাটা সারানোর জন্য বিধানসভায় দৃষ্টি আকর্ষণ করেছি। কিন্তু আজ পর্যন্ত এই রাস্তাটি সংস্কার হয়নি। অবিলম্বে যাতে এই রাস্তাটি সংস্কার করা হয় তার জন্য আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী সৌগত রায় : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে এই হাউসের দৃষ্টি আকর্ষণ করতে চাই ক্রমবর্ধমান মাওবাদী সন্ত্রাসের ব্যাপারে। সি.পি.এম.-এর একজন মন্ত্রী স্বীকার করেছেন, মহেশ্বর মুর্মু বলেছেন যে মাওবাদীদের সন্ত্রাসের জন্য তাঁদের কর্মীরা বিভিন্ন গ্রামে যেতে ভয় পাচ্ছে। মাওবাদীরা কি পরিমাণ বেপরোয়া তা প্রমাণ হয়েছে, গতকাল বাঁকুড়া জেলায় এলাহাবাদ ব্যাঙ্কের একটা শাখায় তারা ১ লক্ষ টাকার বেশি লুঠ করেছে এবং সেখানে যারা প্রহরী ছিল তাদের বেঁধে রেখে ! মাত্র ৫-৬ জন মাওবাদীর দল এই কাজ করেছে। তারপর পুরুলিয়া জেলায় কাঁটাডিতে একটা হেলথ সেন্টার আছে সেই হেলথ সেন্টারে একটা পুলিশ ক্যাম্প আছে। সেই পুলিশ ক্যাম্পে পুলিশদের হাতে অস্ত্রশস্ত্র ছিল, সেই অস্ত্রশস্ত্র লুঠ করে নিয়ে যায় ২৫-২৬ জনের একটা মাওবাদী দল। সেখানে তারা সমস্ত অস্ত্র লুঠ করে, ৬টি রাইফেল, ৩টি মাসকেট ইত্যাদি ইত্যাদি। পুলিশ এই মাওবাদীদের হাতে রাইফেল ছিনতাই হওয়ার ভয়ে ক্যাম্প থেকে অধিকাংশ আগ্নেয়াস্ত্রই সরিয়ে রাখছে। আজকে আমার মনে হচ্ছে, প্রশাসন বারেবারেই মাওবাদীদের কাছে আত্মসমর্পণ করছে। একদিকে প্রশাসন উন্নয়নে ব্যর্থ, আর এই জন্যই জঙ্গল এলাকার—বাঁকুড়া, পুরুলিয়া, পশ্চিম মেদিনীপুরের ছেলেমেয়েরা, তারা মাওবাদীতে চলে যাচ্ছে। পুলিশ যেভাবে ব্যর্থ, সেইভাবেই ভয় পাচ্ছে। তাতে মাওবাদীরা এলাকার হিরো হয়ে যাচ্ছে। আমাদের মুখ্যমন্ত্রী এখানে গরম গরম বক্তৃতা দিচ্ছেন 'ওদের হাত ভেঙে দেব, ওদের মাথা ভেঙে দেব।' কিন্তু মাওবাদীদের ভয়ে ওরা ঘরে সিধিয়ে যাচ্ছে। আজকের এই পরিস্থিতি যেন শেষ হয়ে যায়। একদিকে মাওবাদীদের কড়া হাতে মোকাবিলার জন্য এবং অন্যদিকে দ্রুত উন্নয়নের জন্য দাবি জানাচ্ছি।

শ্রী ভবানীশঙ্কর হাতিয়াল : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি পশ্চিমবঙ্গের বিদ্যুৎ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র গোপীবল্লভপুর। এই গোপীবল্লভপুর বিধানসভা কেন্দ্রের ৫০ ভাগ মৌজায় এখনও বিদ্যুৎ পৌঁছোয়নি। ষষ্ঠ বামফ্রন্ট সরকারের কার্যকলাপ শেষ হতে চলেছে। আশা রাখছি, আগামী বিধানসভা নির্বাচনে আবার সপ্তম বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হবে। তাই বিদ্যুৎ দপ্তরের মন্ত্রিমহাশয়ের কাছে আগাম অনুরোধ করছি এবং দাবি রাখছি যাতে শীঘ্রই আমার বিধানসভা কেন্দ্র গোপীবল্লভপুরের সমস্ত মৌজায় বৈদ্যুতিকরণ হয়। সাথে সাথে গোপীবল্লভপুর ২নং ব্লকের চিংড়ায় একটি সাব-স্টেশন আছে, সেখানে যেন একটি ইলেকট্রিক

চার্জেস বিল দেওয়ার জন্য অফিস খোলা হয়, যাতে কনজিউমাররা বিল দিতে পারে, এই আবেদন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী অশোক দেব : স্যার, এই হাউসের একটা নিয়ম আছে, বিধানসভা চলাকালীন অন্তত ৬ জন মন্ত্রীকে উপস্থিত থাকতে হয়, কিন্তু এখন আমাদের সামনে একজন উপমন্ত্রীও নেই, দুজন মন্ত্রী বসে আছেন। সেই কারণে আমি দেখতে পাচ্ছি, যাঁরা মন্ত্রী তাঁরাই এই হাউসকে অবমাননার চেষ্টা করছেন। যাই হোক, আপনার মাধ্যমে মাননীয় কান্তিবাবুর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমার বিধানসভা কেন্দ্রের বজবজ টাউনের ৫১/১, মৌলানা আজাদ রোডে একটিমাত্র হিন্দী স্কুল আছে, যার নাম 'জনতা বিদ্যামন্দির জুনিয়র হাইস্কুল'। এই স্কুলটি ১৯৭৬ সালে স্থাপিত হয়। ১৯৯৬ সালে এটি অষ্টম শ্রেণী পর্যন্ত অনুমোদন পায়। কিন্তু দেখা যাচ্ছে, সেই স্কুলে ৬০০ ছেলেমেয়ে পড়াশোনা করছে, সেই অনুপাতে টিচার নেই। যারা আছেন, তাঁরা ঠিকমতো মাইনেও পান না। এই মুহূর্তে ৮ জন আছেন, তার মধ্যে ৬ জন টিচার এবং ২ জন অফিস স্টাফ। আমি অনেকবার কান্তিবাবুকে এই ব্যাপারে বলেছি এবং হাউসেও উত্থাপন করেছি, কিন্তু কোনো কাজ হয়নি। আমি আপনার মাধ্যমে পুনরায় মাননীয় কান্তিবাবুকে অনুরোধ করছি যাতে অবিলম্বে এই একটিমাত্র জুনিয়র হাইস্কুলকে হাইস্কুলে অনুমোদন দেওয়া হয়। তাহলে ছাত্রছাত্রীদের পড়াশোনা করতে সুবিধা হয়। তাদের টালিগঞ্জ এবং বালিগঞ্জে পড়াশোনার জন্য যেতে হয়। এই স্কুলে ক্রমে ক্রমে ছেলেমেয়েদের সংখ্যা কমে যাচ্ছে। টিচারদের সংখ্যা বাড়াতে হবে, টিচারদের ঠিকমতো মাইনে দিতে হবে এবং স্কুলটি নবম-দশম শ্রেণি পর্যন্ত বাড়াবার অনুমোদন দিতে হবে। সেটা যাতে হয়, দেখতে হবে। আপনার মাধ্যমে মাননীয় কান্তিবাবুর কাছে আবেদন করছি, এই ব্যবস্থাটা যাতে সুস্থভাবে করা যায়, সেই ব্যবস্থা করবেন। এই আবেদন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী গোবিন্দ রায় : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে রাজ্যের স্বাস্থ্যমন্ত্রী, উচ্চশিক্ষামন্ত্রী এবং মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। জলপাইগুড়ি জেলার ফার্মাসী কলেজের ছাত্ররা গতকাল স্ট্রাইক করেছে, রাস্তা অবরোধ করেছে। ওই কলেজের ৩০০ ছাত্র-ছাত্রীর ভবিষ্যৎ অনিশ্চিত। এখনও ২০ জন অধ্যাপকের পদ শূন্য, স্থায়ী অধ্যক্ষও নেই। অবিলম্বে অধ্যাপক এবং অধ্যক্ষের শূন্যপদ পূরণ করতে হবে। ওই কলেজের পরিকাঠামো উন্নয়নের শিলান্যাস করলেন মাননীয় মুখ্যমন্ত্রী। পি.ডব্লু.ডি. কনস্ট্রাকশান বোর্ডের কনস্ট্রাকশান ডিভিশনের কিছুটা গাফিলতির জন্যই কাজটা পিছিয়ে গেল। এখন এইচ.ডি.বি.এ. সেই কাজটা করছে। এই অবস্থায় কেন্দ্রে ফার্মাসি কলেজের পরিচালনা করে যে সংস্থাটি, তারা অ্যাফিলিয়েশন বাতিল করে দিতে পারে এই আশঙ্কা দেখা দিয়েছে। একই সঙ্গে জলপাইগুড়ি জেলার বি.এড. কলেজের ছাত্ররাও নিদারুণ সঙ্কটের মধ্যে আছে। তাদের অ্যাফিলিয়েশন বাতিল ঘোষণা হয়েছে।

[12.30–12.40 p.m.]

এই ছাত্রদের ভবিষ্যৎ অনিশ্চিত হয়ে পড়েছে। এদের রক্ষা করবার জন্য রাজ্যের সরকারকেই দায়িত্ব নিতে হবে—আমি এই আবেদন জানাচ্ছি। ধন্যবাদ।

শ্রী নির্মল দাস : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, ডুয়ার্সের নানাবিধ সমস্যার মধ্যে লিজ ল্যাণ্ডের সমস্যা আছে, মার্কেট ফাণ্ডেড ল্যাণ্ডে। আমাদের বিভাগীয় মন্ত্রী মাননীয় রেজ্জাক মোল্লা সাহেব দু'মাস আগে জলপাইগুড়িতে একটা বৈঠক করেছিলেন। সেখানে সিদ্ধান্ত হয়েছিল, যাদের লিজ ল্যাণ্ডের টাইম একস্‌পায়ার করে গেছে তাদের আবেদন করতে হবে। তারা আবেদন করে। এই রকম হাজারও আবেদন এসেছে। উনি বলেছিলেন, রাজ্য মন্ত্রিসভার বৈঠকে অনুমোদন সাপেক্ষে এই ব্যাপারে সিদ্ধান্ত নেওয়া হবে। ইতিমধ্যে দু'বার মন্ত্রিসভার বৈঠক হয়েছে। আমি আপনার মাধ্যমে অনুরোধ করছি, যারা লিজি, বিশেষ করে আলিপুরদুয়ার অঞ্চলের, তারা যাতে তাদের স্বত্ত্ব পান এবং ব্যাঙ্ক লোন থেকে গৃহ নির্মাণ ইত্যাদি অন্যান্য সুযোগ-সুবিধা পেতে পারেন। জেলা পরিষদকে অনুরোধ করছি, মন্ত্রিসভা থেকে তাদের বলা হোক মার্কেট ফাণ্ডেড ল্যাণ্ড যাতে তারা ডিস্ট্রিবিউট করে। আলিপুরদুয়ারে যারা রিফিউজি তাঁদেরও একই অবস্থা। তাঁরা পাট্টা পাননি। তাঁদের যাতে পাট্টা দেওয়া হয়, সেই ব্যাপারে দৃষ্টি দিতে আমি মন্ত্রিসভাকে অনুরোধ করছি।

শ্রী কমলেন্দু সান্যাল : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পূর্ত দপ্তরের মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে জানাচ্ছি যে, নদিয়া জেলায় তেহট্ট শহরে জনবসতি বৃদ্ধির জন্য অসাধারণ গুরুত্ব বেড়েছে। জলঙ্গী নদীর ওপরে অবিলম্বে একটি সেতু দরকার। এই বিষয়ে আমি পূর্বেও উল্লেখ করেছি। ওখানে সেতু নির্মিত হলে তেহট্টে জনবসতি যেহেতু বাড়ছে, সেইহেতু পশ্চিমদিকে সম্প্রসারিত করার ক্ষেত্রে সুবিধা হবে এবং বর্ধমান, উত্তরবঙ্গ এবং কলকাতার সাথে যোগাযোগ সহজসাধ্য হবে। এতে সব্‌জি বিক্রেতাদেরও সুবিধা হবে। ব্যবসা বাণিজ্য বৃদ্ধির সাথে সাথে স্বনির্ভরতার মাধ্যমে কর্মসংস্থানের সুযোগ হবে। আমি এই বিষয়ে মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী আশুতোষ মুখোপাধ্যায় : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমার নির্বাচন কেন্দ্রে পৃথিবী বিখ্যাত একটি কারখানা 'ডানলপ' সাত বছর বন্ধ থাকার পর নতুন করে খুলতে চলেছে। এটি রাজ্যবাসীর পক্ষে একটি সুসংবাদ। রাজ্য সরকারের মাননীয় মুখ্যমন্ত্রী এবং মাননীয় শিল্পমন্ত্রীর ঐকান্তিক প্রয়াসের ফলে এই কারখানা খোলার উদ্যোগ নেওয়া হয়েছে। এইজন্য তাঁদের ধন্যবাদ। নতুন মালিকানায় এই কারখানা খুলবে। এরজন্য শ্রমিক কর্মচারীদের অনেক স্বার্থ ত্যাগ করতে হয়েছে। অনেক বিভাগ তুলে দেওয়া হচ্ছে যেমন, তেমন এসেনশিয়াল সার্ভিসও উঠে যাবে। শ্রমিক কর্মচারীদের ক্ষতিপূরণের বিষয়টি সহানুভূতির সাথে বিবেচনা করা দরকার। তাদের ক্ষতিপূরণের অর্থ যাতে বৃদ্ধি করা যায়, তারজন্য আমি মাননীয় মুখ্যমন্ত্রী এবং মাননীয় শিল্পমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

ZERO HOUR

Dr. Asish Banerjee : Not Present.

শ্রীমতী সোনালী গুহ : স্যার, আপনার অনুমতি নিয়ে আমি সাবজেক্টটা চেঞ্জ করছি। আমি আপনার মাধ্যমে এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের ভাবতে লজ্জা লাগে যে,

এই সভারই একজন মাননীয় সদস্য এবং যিনি রাজ্যের প্রাক্তন আইনমন্ত্রী ছিলেন, যিনি ডায়মণ্ডহারবার বিধানসভা রিপ্রেজেন্ট করতে এই সভায় এসেছিলেন, শ্রী আব্দুল কায়ুম মোল্লা ১৯৯৭ সালে রোওশনা বিবি নামে একজন ভদ্র মহিলাকে চাকরি দেবেন বলে পঁচিশ হাজার টাকা নিয়েছিলেন। দীর্ঘ আট বছর পার হয়ে যাবার পর চাকরি না পাওয়ায় তিনি এস.ডি.জে.এম. আদালতে অ্যাপিল করেন। তখন তাঁর বিরুদ্ধে ৪২০ ধারা জারি করা হয়। এখানে শাসকদলের যাঁরা বিভিন্ন এলাকা রিপ্রেজেন্ট করেন, তাঁরা যদি এইভাবে মানুষকে ঠকিয়ে চাকরি দেবেন বলে টাকা নেন এবং প্রতারিত করেন তাহলে এর থেকে বড় লজ্জা এই সরকারের আর কিছু হতে পারে বলে আমার জানা নেই। অনিলবাবু অনেক কথা বলছেন বলে সংবাদে প্রকাশ। কিন্তু এ ব্যাপারে সি.পি.এম. মুখে কুলুপ এঁটেছে। এ ব্যাপারে মাননীয় মুখ্যমন্ত্রীর বিবৃতি দাবি করছি। আবার শুনছি মাননীয় নিশিথবাবু টিকিট পাবেন না। তিনি হয়তো পরের বার কাউকে প্রতারিত করবেন। তাই আমি এ ব্যাপারে মাননীয় মুখ্যমন্ত্রীর বিবৃতি দাবি করছি এবং অবিলম্বে সি.পি.এমের ঠগবাজীর এবং প্রতারণার বিরুদ্ধে জনমত গড়ে তুলতে সকল শ্রেণির মানুষকে আহ্বান জানাচ্ছি।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার অনুমতি নিয়ে আমার সাবজেক্ট একটু চেঞ্জ করছি। গতকাল সকাল এবং বিকেলে বাঁকুড়া ও পুরুলিয়া জেলায় মাওবাদীরা ভয়ঙ্কর তাণ্ডব চালানো এবং বাঁকুড়ার সারেঙ্গার এলাহাবাদ ব্যাঙ্ক থেকে ৯০ হাজার টাকা লুঠ হল, সেখানকার নিরাপত্তারক্ষীদের রাইফেল ছিনতাই হল। লুঠ করে যাওয়ার সময় তারা কিছু কিছু দ্রব্য সামগ্রী, যেমন—সাইকেল ইত্যাদি ফেলে পালাল এবং বিস্ফোরক পদার্থ নিক্ষেপ করল। পুরুলিয়া জেলার আসড়া থানার কাটাডিহ গ্রামে যে পুলিশ ক্যাম্প আছে, সেখান থেকে ৫টা রাইফেল ছিনতাই হয়ে গেল এবং গত ৬ মাস ধরে শুধু নয়, গত বিধানসভার পর থেকে যদি ঘটনাগুলো দেখেন তাহলে দেখতে পাবেন ভয়ঙ্কর একটা অবস্থার সৃষ্টি হয়েছে বাঁকুড়া, পুরুলিয়া ও পশ্চিম মেদিনীপুর প্রভৃতি অঞ্চলগুলোতে। মাননীয় মুখ্যমন্ত্রী আজকে মহামান্য রাজ্যপালের ভাষণের উপর জবাবি ভাষণ দেবেন। আমার বক্তব্য হচ্ছে, উক্ত ঘটনার পরিপ্রেক্ষিতে ব্যাঙ্কগুলোকে যদি প্রোটেকশন না দেওয়া যায়, রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কই বলুন বা গ্রামীণ ব্যাঙ্ক বলুন, যদি প্রোটেকশন না দেওয়া যায়, আপনারা বলছেন উন্নয়নমূলক কাজ করবেন, কিন্তু তার বেশিরভাগই এই সব গ্রামীণ ব্যাঙ্ক এবং রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কের মাধ্যমে হচ্ছে। সেখানে কোন স্টাফ আসতে চাইছে না, বসতে চাইছে না। সেই পরিপ্রেক্ষিতে বলব, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যেন জবাবি ভাষণে এ ব্যাপারে পরিষ্কারভাবে বলে দেন এবং মানুষের ভয়কে কাটিয়ে দেন।

শ্রী নাজমূল হক : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। খড়্গপুর (১) ও (২) নম্বর ব্লকের স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের অফিসারদের নিষ্ক্রিয়তার জন্য গ্রামীণ বৈদ্যুতিকরণের কাজ দারুণভাবে বাধাপ্রাপ্ত হচ্ছে। এ ব্যাপারে আমি উদাহরণ দিচ্ছি। বিধায়ক এলাকা উন্নয়ন প্রকল্পে ৩ লক্ষ টাকা কোটেশন মারফত ৮ মাস আগে নিয়েও এই দপ্তরের অফিসাররা কাজ না করার জন্য একটা নির্দিষ্ট

গ্রামে, কৃষ্ণনগর গ্রাম, সেখানে বৈদ্যুতিকরণ করা যাচ্ছে না। তেমনিভাবে পঞ্চায়েত থেকে ২ লক্ষ ৫০ হাজার টাকা ৪ মাস আগে পাওয়ার পরেও খুঁটি পোতার কাজও হয়নি এবং তার ফলে মুনিবগড় বঞ্চিত হচ্ছে বিদ্যুৎ পাওয়ার ক্ষেত্রে। আমি নির্দিষ্ট তথ্য এই জন্য দিলাম যে কিছু কিছু অফিসার সম্ভবত উদ্দেশ্যপ্রণোদিতভাবে কাজে ঢিলেমি করছেন। এবং তাদের উদ্দেশ্য হচ্ছে রাজনৈতিকভাবে ক্ষতি করা। মাননীয় মন্ত্রীকে অভিযোগ এবং অভিনন্দন যে, তিনি রাজ্যের ৮৬ শতাংশ এলাকায় বৈদ্যুতিকরণের কাজ সম্ভব করতে পেরেছেন। কিন্তু নির্দিষ্ট কিছু এলাকায়, বিশেষ করে পশ্চিম মেদিনীপুরের মতো এলাকায় কিছু কিছু অফিসার যে কাজ-কর্ম করছেন তা সমর্থনযোগ্য নয়। তাই এ ব্যাপারে মাননীয় মন্ত্রীর কাছে দৃষ্টি দেওয়ার আবেদন জানিয়ে বক্তব্য শেষ করছি।

[12.40–12.50 p.m.]

ডঃ আশিস ব্যানার্জী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার পূর্ববর্তী বক্তা যে বিষয়ের উপরে উল্লেখ করলেন আমিও ঠিক সেই একই বিষয়ে উল্লেখ করতে চাই। সেখানে বামফ্রন্টের পৌরসভা, তারাই বিধায়কদের এলাকা উন্নয়ন প্রকল্পের একজিকিউটিভ এজেন্সি হিসাবে কাজ করেন। আমরা লক্ষ লক্ষ টাকা প্রকল্পের জন্য দিচ্ছি—কোথাও সেতু নির্মাণের জন্য, কোথাও মুক্ত মঞ্চ নির্মাণের জন্য, কোথাও রোড তৈরির জন্য—এইভাবে লক্ষ লক্ষ টাকা একজিকিউটিভ এজেন্সিকে দিয়েছি। কিন্তু দুর্ভাগ্যের বিষয় এখানে পলিটিক্যাল কনসিডারেশানই প্রাধান্য পেয়েছে। সেখানে তারা ধীরগতিতে বা কাজ না করার একটা মানসিকতা দেখাচ্ছেন। এটা রামপুরহাটের জনসাধারণকে বিস্মিত করে তুলেছে। রামপুরহাট মিউনিসিপ্যালিটিতে এইরকম যদি ডিরেকশান দেওয়া হয়ে থাকে—পলিটিক্যাল কনসিডারেশানই বড় হয়ে থাকে তাহলে এই ধরনের কাজ ওই এজেন্সির করা উচিত নয়। শুধু আজকে নয়, দীর্ঘদিন ধরে বারেবারে চিঠিপত্র দেওয়া থেকে শুরু করে ডি এম অফিসে গেছি। মেমো নম্বর এবং চেক তাড়াতাড়ি পাঠিয়ে দেওয়া সত্ত্বেও রামপুরহাটের একজিকিউটিভ এজেন্সি কোনো সফলতা দেখাতে পারেনি। তারা ২, ৩ বছর ধরে কাজ ফেলে রেখেছে। সেই কারণে মাননীয় উপাধ্যক্ষ মহাশয়কে অনুরোধ করবো এই বিধায়কদের যে মৌলিক অধিকার, বস্তুত সেই অধিকার যাতে সুরক্ষা করা যায় সেই বিষয়ে দৃষ্টি দেবেন। সাধারণ মানুষ যাতে এই অবস্থার মধ্যে বা বিপর্যয়ের মধ্যে না পড়ে সেইদিকে দৃষ্টি দেবেন। সাধারণ মানুষ যে অবস্থায় দাঁড়িয়ে আছে তাতে তারা সেতু পাচ্ছে না, তারা বিধায়কদের এলাকা উন্নয়নের টাকা ঠিকমতো ব্যবহার করতে পারছে না, সুতরাং এই অবস্থার থেকে তাদেরকে মুক্তি দেবার ব্যবস্থা করুন এবং বিধায়কদের এলাকা উন্নয়নের কাজগুলো ত্বরান্বিত করা হোক এই দাবি আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীর কাছে রাখছি।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে কিছুক্ষণ পরেই মহান মুখ্যমন্ত্রী রাজ্যপালের ভাষণের উপরে যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব এসেছে এবং তার উপরে যে বিতর্ক, তার জবাবি ভাষণ দেবেন। সেখানে দাঁড়িয়ে তিনি নিশ্চয় বলবেন রাজ্যের

কি অসাধারণ উন্নতি হয়েছে—শিল্পে, শিক্ষায়, সংস্কৃতি এবং পরিকাঠামোগত কত উন্নতি হয়েছে। অথচ এই রাজ্যেরই একজন মন্ত্রী মহেশ্বর মুর্মু একটি উক্তি করেছেন সেটাই আমি কোট করে শোনাচ্ছি—'বাম জমানায় ২৯ বছর পরেও রাজ্যের বহু প্রত্যন্ত গ্রামাঞ্চলে অপুষ্টি, অশিক্ষা এবং দারিদ্র থেকে গিয়েছে। আর এই সুযোগকে কাজে লাগিয়ে প্রত্যন্ত গ্রামাঞ্চলের মানুষের খাওয়া পরার অভাব দেখিয়ে দলে টানছে মাওবাদীরা।' মন্ত্রী বলেছেন 'এখনও শিক্ষা নেই, স্বাস্থ্য নেই, কাজ নেই, বিদ্যুৎ নেই, জল নেই।' রাজ্যে এমন বহু গ্রাম থেকে গিয়েছে।' স্যার, এটাই আমরা পশ্চিমবঙ্গের মানুষের কাছে বলতে চেয়েছিলাম যে রাজ্যে একটি সরকার ২৯ বছর, ৩০ বছর ধরে সরকার চালাচ্ছেন, তাঁদের দলের একজন মন্ত্রী অকপটে স্বীকার করেছেন আমরা ব্যর্থ, মানুষকে পানীয় জল, শিক্ষা, খাদ্য, চাকরি, কাজ পৌছে দিতে। এইসব দিতে আমরা ব্যর্থ হয়েছি। তারপরেই আজকে বিকেল ৫টার সময়ে মাননীয় মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য, যাঁকে বৌদ্ধ যুগের সূচক হিসাবেও বলা হয়েছে, কোথাও কোথাও লেখা হয়েছে, তিনি তাঁর জবাবি ভাষণে বলবেন পশ্চিমবঙ্গ কত উন্নতি করেছে, রাজ্য কত ক্ষেত্রে এগিয়ে যাচ্ছে ইত্যাদি। বাস্তব অবস্থাটা কি—রাজ্য ক্রমশ পিছিয়ে পড়ছে, যার ফলে বেকারত্ব বাড়ছে এবং সমাজবিরোধী কাজ দিনের পর দিন বাড়ছে। এর সুযোগ নিয়ে উগ্রপন্থীরা মাথা চাড়া দিয়ে উঠছে। এরজন্য দায়ী যে রাজনীতি, সেই রাজনীতির ধারক-বাহক পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য। আগামীদিনে ২০০৬-এর নির্বাচনে তাঁর পরিণতি তিনি দেখতে পাবেন।

শ্রী গোবিন্দ রায় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রীর কাছে উল্লেখ করতে চাই। জলপাইগুড়ির অর্থনীতির প্রধান সম্পদ হচ্ছে চা শিল্প। এই চা শিল্পের প্রসারের জন্য বহুদিন ধরে দাবি এবং আন্দোলন করার ফলে ওখানে চা নিলাম কেন্দ্র প্রতিষ্ঠিত হয়েছে। একদিকে চা বাগানগুলো বন্ধ হয়ে যাচ্ছে, অপরদিকে চা নিলাম কেন্দ্র শুকিয়ে যাচ্ছে, এর ফলে ওখানে উন্নয়ন বলতে গেলে স্তব্ধ। এর পেছনে মূলত মালিকদের অসহযোগিতা কাজ করছে। পরিকল্পিতভাবে গোটা ডুয়ার্স অঞ্চল এবং উত্তরবঙ্গ জুড়ে তারা একটা অর্থনৈতিক সংকটের সৃষ্টি করছে। এই জিনিস একশ্রেণির মালিকপক্ষ করার চেষ্টা করে চলেছে। আমাদের রাজ্যের শ্রমমন্ত্রী বারে বারে তাদের সভায় ডেকেছেন কিন্তু তারা সেই আমন্ত্রণ প্রত্যাখ্যান করে, কেবলমাত্র তাদের প্রতিনিধিকে পাঠিয়ে দিয়ে একটা দায়সারা গোছের কাজ করে চলেছেন। এই যে মালিকদের এই ধরনের আচরণ যা কিনা উত্তরবঙ্গের চা শিল্পকে ধ্বংস করতে চাইছে, তার মোকাবিলা করার জন্য এবং শ্রমিকদের স্বার্থ রক্ষার জন্য শ্রমমন্ত্রীর সঙ্গে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী এবং মাননীয় শিল্পমন্ত্রী যাতে বসেন তার দাবি জানাচ্ছি। সর্বোচ্চ পর্যায়ে পদক্ষেপ গ্রহণের দাবি জানাচ্ছি, যাতে পুলিশ এই সমস্যাগুলোর দ্রুত সমাধান করতে পারে। উত্তরবঙ্গের চা বাগানগুলোকে কেন্দ্র করে নানা ধরনের অসাধু কাজ, নানা ধরনের সমাজবিরোধী কার্যকলাপ বেড়ে চলেছে। পাশের রাষ্ট্র ভুটান থেকে, আসাম থেকে উগ্রপন্থীরা ঢুকে পড়ছে। এর মোকাবিলার ব্যবস্থা এখনই গ্রহণ করা দরকার। এই ব্যাপারে মাননীয় মুখ্যমন্ত্রীকে উদ্যোগী হওয়ার জন্য দাবি জানাচ্ছি।

শ্রীমতী শান্তা ছেত্রী : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, দার্জিলিং পাহাড়িদের মধ্যে থেকে ওয়েস্ট বেঙ্গল পুলিশ এবং কলকাতা পুলিশের কনস্টেবলের জন্য আগে দার্জিলিং-এ ইন্টারভিউ হত। কিন্তু ইদানীং কলকাতায় এই সমস্ত ইন্টারভিউ হচ্ছে। দার্জিলিং-এর বেকার-গরিব ছেলেদের কলকাতায় এসে ইন্টারভিউ দেওয়া সম্ভব নয়। এই ব্যাপারে আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে ব্যক্তিগতভাবে অনুরোধ করেছিলাম। এই হাউসে আমি আপনার মাধ্যমে আর একবার মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে দার্জিলিং-এর ছেলেমেয়েদের পুলিশের জন্য ইন্টারভিউ দার্জিলিং-এ করা হয়।

শ্রীমতী মঞ্জু বসু : স্যার, আমার সাবজেক্টটা একটু চেঞ্জ করছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী তথা পুলিশমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। উগ্রপন্থীর বিষয়ে আমার পূর্ববর্তী একাধিক বক্তা বলেছেন। তবুও না বলে উপায় নেই। আজকে সারা রাজ্যে সন্ত্রাস ছড়িয়ে পড়েছে। আজকে সন্ত্রাস যেভাবে ছড়িয়ে পড়েছে তাতে সি.পি.এম., তৃণমূল কংগ্রেস, কংগ্রেসের ব্যাপার নয়, এর জন্য সকলের সোচ্চার হওয়া দরকার। আজকে পশ্চিম মেদিনীপুর, বাঁকুড়া, পুরুলিয়ার দাবানল সারা রাজ্যে ছড়িয়ে পড়েছে। মাননীয় মুখ্যমন্ত্রীকে এই ব্যাপারে সোচ্চার হতে হবে। আমরা দেখেছি বেলপাহাড়িতে মাওবাদীদের সংগঠনের ২ জন মহিলা ধরা পড়েছে। তাদের বয়স খুব কম। তাদের একজনের নাম বিমলা সর্দার এবং আর একজনের নাম সুলেখা মাহাতো। তারা স্বীকার করেছে পেটের খিদের জন্যই তারা এই দলে যোগ দিয়েছে। এই ঘটনার পর ৭ দিন যেতে না যেতেই মাওবাদীরা বাঁকুড়া জেলার সারেঙ্গার একটা ব্যাঙ্ক থেকে প্রায় ২ লক্ষ টাকা লুঠ করেছে এবং ব্যাঙ্করক্ষীদের রাইফেল লুঠ করে তারা নিয়ে গিয়েছে। মাওবাদীরা পুরুলিয়ার ক্যাম্পও লুঠপাট করেছে। নিরাপত্তারক্ষীরা সেখানে সম্পূর্ণ নিষ্ক্রিয় থেকেছে। যেভাবে মাওবাদীরা মাথাচাড়া দিয়ে উঠছে, এটা একটা চিন্তার ব্যাপার হয়ে দাঁড়াচ্ছে। পুলিশের একটা অংশ কিন্তু এ ব্যাপারে নিষ্ক্রিয় থাকছে। একটা অংশের পুলিশের ভিতর বিক্ষোভ দেখা দিয়েছে। মনে হচ্ছে পুলিশ ইচ্ছে করেই কিছু করছে না। ডু অর ডাই এই দৃষ্টিভঙ্গি নিয়ে মাননীয় মুখ্যমন্ত্রীকে মাওবাদীদের সমস্যার সমাধান করতে হবে। কারণ পুরুলিয়ার সি.পি.এম. বিধায়িকা সাম্যপিয়ারী মাহাতোর উপর কিছুদিন আগে হামলা হয়েছিল। (এই সময় মাইক অফ হয়ে যায়)

[12.50–1.00 p.m.]

শ্রী কমলেন্দু সান্যাল : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই সভার দৃষ্টি আকর্ষণ করে জানাচ্ছি যে, সন্ত্রাস সত্যি সত্যিই খুব বাজে জিনিস। কিন্তু রাজনৈতিক ক্ষমতা দখলের জন্য সন্ত্রাসের যে প্রকার ৭২ সালে আমরা দেখেছি এবং ১৯৭২-১৯৭৭ সাল পর্যন্ত অন্ধকারের কালো দিন আমাদের মনে আছে। এরপরে কেশপুরে সন্ত্রাসের ভিতর দিয়ে ক্ষমতায় আসার পর আপনারা সেটাকে এগিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা করতে গিয়ে ধাক্কা খেলেন ছোট আঙারিয়ায়। আমাদের সব মনে আছে। সেইজন্য বলছি সত্যি সত্যি সন্ত্রাসের বিরুদ্ধে আন্তরিক যদি আপনারা হন তাহলে আপনারা সেইরকম আন্দোলনে সামিল হন এবং

এই জাতীয় সন্ত্রাস বন্ধ করার জন্য আমি বিরোধীদের কাছে আবেদন জানাচ্ছি। গতকাল এই কংগ্রেসের থেকে বহরমপুরে সন্ত্রাস সৃষ্টি করে সেটাকে বামেদের ঘাড়ে চাপানোর চেষ্টা হচ্ছে, তাই এই অপচেষ্টা যাতে বন্ধ হয় তার আবেদন জানাচ্ছি।

শ্রী নির্মল দাস : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্যে এবং দেশের সর্বত্র জলাশয় ভরাট করে মানুষকে বিপদের মধ্যে ঠেলে দেওয়ার বিরুদ্ধে আইন হচ্ছে, আমরা লক্ষ্য করছি যে, আমাদের পশ্চিমবঙ্গে ব্যক্তিগতভাবে নয়, কিছু কিছু প্রোমোটার রেল দপ্তরের বিরাট পুকুর বুজে সেখানটায়, বলা যেতে পারে গোটা এলাকাটিকে জতুগৃহ করে তুলেছে। আলিপুরদুয়ারে রেল ডিভিশান সেখানে আলিপুরদুয়ার রেল জংশন একটা অন্যতম জংশন, তার পাশে যে বিরাট পুকুর ছিল, যেখান থেকে অগ্নিনির্বাপণের জন্য জল নেওয়া হত সেটা বন্ধ করে দেওয়া হয়েছে। আমি এই ব্যাপারে সংশ্লিষ্ট মন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি তিনি যেন এই ব্যাপারে খোঁজখবর নেন এবং যে পুকুরটা বন্ধ করা হয়েছে রেলের সেটার জন্য আলিপুর ডিভিশানকে যেন বাধ্য করা হয় পুনরায় যাতে পুকুর করা হয় এবং সেখান থেকে যাতে অগ্নিনির্বাপণের ব্যবস্থা করা হয় সেটা দেখবেন। এর আগে ওখানে যে ফায়ার স্টেশন ছিল সেটা উঠিয়ে দিয়েছে, যেটা বহু আন্দোলন করে করা। সেটা আলিপুরদুয়ার রেল ডিভিশান তুলে দিয়েছে। এই ফায়ার স্টেশনটি যাতে হয় এবং যে পুকুরটা ভরাট করা হয়েছে সেটা যাতে পূর্বের অবস্থায় ফিরিয়ে আনা হয় তার জন্য আমি বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী হরিপদ বিশ্বাস : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমার বিধানসভা কেন্দ্রের মধ্যে খ্রিস্টান হসপিটালটি প্রায় ১৮ বছর বন্ধ ছিল। এটা এই সভাতে বহুবার আলোচিত হয়েছে। ওখানকার কাউগাছি ১ নম্বর পঞ্চায়েত এবং সাধারণ মানুষের উদ্যোগে ওই হাসপাতালটি আগামী ১লা বৈশাখ-এ চালু হবে, কাজ চলছে। এটা চালু করার ক্ষেত্রে আইনি যে সমস্ত ব্যবস্থা আছে সেই ব্যাপারে আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী এবং স্বাস্থ্যমন্ত্রীর কাছে আবেদন করছি সেই ব্যাপারে সহযোগিতা করার জন্য এবং ইতিমধ্যেই সাংসদ দেবব্রত বিশ্বাস ৩০ লক্ষ টাকা দিয়েছেন, আমার বিধায়ক কোটা থেকে ৫ লক্ষ টাকা দেওয়া হয়েছে, আরও যে সমস্ত টাকা পাওয়া গিয়েছে তার পরিমাণ ১ কোটি টাকা। এটা আমাদের দীর্ঘদিনের প্রত্যাশা, তাই এটা যাতে হয় সেই ব্যাপারে আমি সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সঙ্গে সঙ্গে আর একটি ব্যাপার হচ্ছে ডানবার কটন মিল বিক্রি হয়ে গিয়েছে কিন্তু তার শ্রমিকরা যে ৫০০ টাকা করে পেত সেটা বন্ধ হয়ে গিয়েছে।.....

মি. ডেপুটি স্পীকার : না, আর হবে না।

শ্রী সৌগত রায় : আমি সাবজেক্ট চেঞ্জ করে আপনার মাধ্যমে বলছি যে, রাজ্য সরকার যে বেপরোয়া এবং বেহিসেবীভাবে সরকারি বিজ্ঞাপন দিয়ে দেশের মানুষের টাকা নষ্ট করছেন নির্বাচনী প্রচারের জন্য আমি তার তীব্র বিরোধিতা করছি। আজকে সারা কলকাতায় গেলে দেখা যাবে যে, পশ্চিমবঙ্গ সরকারের সব বিজ্ঞাপন, 'কৃষি আমাদের ভিত্তি,

শিল্প আমাদের ভবিষ্যৎ'। তারপর লেখা আছে শিল্পে কাজ করবে গ্রামের ছেলেরাও, আবার লেখা আছে, শিল্পকলার রাজধানীতে বইছে শিল্পায়ণের হাওয়া', এগুলো সবই নির্বাচনের আগে সেলিম প্রকল্প নিয়ে মানুষকে স্বপ্নের বেলুন দেখানো। এগুলো সবই নির্বাচনের আগে শাসক দলের প্রচার সরকারি টাকা খরচ করে এবং এ খবরও আছে যে, এর জন্য নাকি ১৬ কোটি টাকা ব্যয় হচ্ছে এবং এই খরচটা সি.পি.এম.-এর প্রভাবিত কয়েকটি বিজ্ঞাপন এজেন্সির থ্রু দিয়ে করা হচ্ছে। এগুলো সবটাই নির্বাচন-এর প্রচার। ২০০৬-এ হোর্ডিং লেখন শুরু হল কেন ? এটা আমার প্রশ্ন। তার সঙ্গে এক ছোট্ট কলকাতা কর্পোরেশন তারা সাড়ে চার কোটি টাকার বিজ্ঞাপন দিচ্ছে এক-একটা কাগজের দুটো পাতা জুড়ে বিজ্ঞাপন যে, ওমুক ওয়ার্ডের ওমুক রাস্তার ড্রেন পরিষ্কার করা হচ্ছে। সেটা বিজ্ঞাপন দিয়ে বলা হচ্ছে। আজকে বামফ্রন্ট সরকারের এমন প্যাথেটিক অবস্থা যে সরকারি টাকায় খবরের কাগজে বিজ্ঞাপন দিয়ে, হোর্ডিং লাগিয়ে এমনকি কর্পোরেশনও বিজ্ঞাপন দিচ্ছে কোথায় কি করেছে, এসব করে মানুষের সমর্থন পেয়ে নির্বাচনে জেতার চেষ্টা করছেন। মুখ্যমন্ত্রীর ভাবমূর্তি তোলার চেষ্টায় সরকারি অর্থের এই বিপুল অপচয়ের আমরা তীব্র বিরোধিতা করছি এবং সংবাদপত্রকে প্রভাবিত করার চেষ্টারও বিরোধিতা করছি।

শ্রী অশোক দেব : স্যার, আমরা দেখতে পাচ্ছি নির্বাচন যত এগিয়ে আসছে খবরের কাগজে ততই রিপোর্টিং কমে গিয়ে সরকারের অ্যাডভার্টাইজমেন্ট বেশি হচ্ছে। দুদিন আগে তারাতলা ওভারব্রীজ চালু করলেন, কিন্তু প্রকৃতপক্ষে সেটা চালু হয়নি। আপনারা জনগণকে দেখাতে চাইছেন যে কাজ করছেন। আর এই করতে গিয়ে তাড়াতাড়ি করার ফলে কাজ খারাপ হচ্ছে, সরকারি পয়সার অপচয় হচ্ছে। অনেক ব্রীজ ৬ মাসের মধ্যেই ভেঙে পড়ছে। অনেক রাস্তা ওপেনিং করে দিচ্ছেন সম্পূর্ণ চলাচলের উপযোগী করার আগেই। আবার দেখছি কর্পোরেশনও অ্যাডভার্টাইজমেন্ট দিচ্ছে। এইভাবে সরকারি পয়সার অপচয় করার কি অর্থ আছে ? যদি সত্যিই কাজ করেন তাহলে মানুষ দেখতেই পারবে। আর কাজ করছেন না বলে এবারে আপনারাই তো ১০ জন মন্ত্রীকে নমিনেশন দিচ্ছেন না। সরকারি পয়সা এইভাবে অপচয় না করে, কাজগুলো ভালোভাবে করার দাবি জানাচ্ছি।

শ্রী অসিত মিত্র : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র তথা মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবাংলার আইন-শৃঙ্খলা ভেঙে গেছে, এটা সকলেই জানেন। এত নিকৃষ্টমানের আইন-শৃঙ্খলা বোধহয় ভারতবর্ষের আর কোথাও নেই। গতকাল রাতে, আমাদের এখানকার বিধায়ক শ্রী শঙ্কর সিং-এর গাড়ি এম.এল.এ. হস্টেলের কাছে অতিথি নিবাসে রাখা ছিল। সেখানে পাহারা থাকার দরকার। গতকাল রাতে সেখানে শঙ্কর সিং-এর গাড়ি ভাঙচুর করে তার টেপ রেকর্ডার-সহ অন্যান্য জিনিসপত্র চুরি করে নিয়েছে। আমি শুনেছি একজন বামপন্থী বিধায়কেরও ক্ষতি হয়েছে। এম.এল.এ. হস্টেল, যেখানে এম.এল.এ.-রা থাকেন, তাদের গাড়ি বা সামান্য সম্পত্তিও সেখানে আপনারা নিরাপত্তা দিতে পারেন না, তাহলেই বোঝা যায় পশ্চিমবাংলার আইন-শৃঙ্খলার পরিস্থিতি কোন জায়গায় পৌঁছে গেছে। এটা শুধু আমাদের নয়, আপনাদেরও যথেষ্ট উদ্বেগের কারণ। তদন্ত করে অবিলম্বে কারা শঙ্কর সিং-এর গাড়ি ভাঙচুর করেছিল তাদের এবং অন্যান্য ক্ষেত্রে

অপরাধীদের গ্রেফতার করে, আইন-শৃঙ্খলার পরিস্থিতি উন্নত করার দাবি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে রাখছি।

শ্রী প্রফুল্ল কুমার ভৌমিক : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, নদিয়া জেলার হোগলবেড়িয়া থানার অন্তর্গত করিমপুর ১ পঞ্চায়েত সমিতি এলাকায় হরেকৃষ্ণপুর গ্রাম পঞ্চায়েতে মহিলা প্রধান সি.পি.এম. দলের বলে, গত ৩০ তারিখে কংগ্রেস এবং তৃণমূল কংগ্রেস আশ্রিত কিছু দুষ্কৃতী তার উপর হাঙ্গামা করে। চলে আসার সময় তারা কাগজে লিখে দিয়ে আসে—১৫ দিনের মধ্যে পদত্যাগ না করলে তাকে খুন করা হবে। স্যার, ওরা মুখে বলে সন্ত্রাসের বিরুদ্ধে, কিন্তু নিজেরাই এইভাবে সন্ত্রাস চালাচ্ছে। মাননীয় মুখ্যমন্ত্রী তথা পুলিশমন্ত্রীর কাছে অনুরোধ যে, অবিলম্বে ওইসব দুষ্কৃতীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিন।

[1.00–1.30 p.m. including recess]

শ্রীমতী কুমারী কুজুর : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় অগ্নিনির্বাপণ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র মাদারিহাট বীরপাড়া এলাকা একটি ব্যবসায়ী কেন্দ্র। জনবহুল এলাকা। এই এলাকায় বহু স্কুল আছে, কলেজ, স্টেট জেনারেল হাসপাতাল অবস্থিত। ১৯৯৬ সালে এবং ২০০৩ সালে ওখানে ভয়াবহ অগ্নিকাণ্ড ঘটে এবং তার ফলে বহু টাকার ক্ষয়, ক্ষতি হয়। বহু ঘরবাড়ি পুড়ে ছাই হয়ে যায়। এই অবস্থায় ২০০৬ সালে ২রা ফেব্রুয়ারি আবার অগ্নিকাণ্ড ঘটেছে। ফলে বহু টাকার ক্ষয়ক্ষতি হয়েছে, বহু জিনিসপত্র নষ্ট হয়েছে। আমি মাননীয় মন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি মাদারিহাট, বীরপাড়া এলাকায় একটি দমকল কেন্দ্র স্থাপন করা হোক।

(At this stage the House was adjourned till 1.30 p.m.)

[1.30–1.40 p.m. after recess]

DISCUSSION ON GOVERNOR'S ADDRESS

শ্রী জ্যোতির্ময় কর : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের মাননীয় রাজ্যপাল ভারতীয় সংবিধানের ১৭৬ নাম্বার অনুচ্ছেদ অনুসারে বিধানসভায় যে ভাষণ দিয়েছেন, মাননীয় সদস্য শ্রী পদ্মনিধি ধর মহাশয় তার উপর যে ধন্যবাদসূচক প্রস্তাব এনেছেন, তার বিরুদ্ধে এবং সংশোধনীর সপক্ষে আমি আমার বক্তব্য এখানে উপস্থাপিত করছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের ৩৭টি অনুচ্ছেদ অনুধ্যান করলে দেখা যাবে যে, তাঁর মূল কথাগুলি হল—আইনশৃঙ্খলা পরিস্থিতি ভালো। কৃষির উপর, ভূমিসংস্কারের উপর এই রাজ্যের উন্নতি দাঁড়িয়ে আছে এবং আমাদের ভবিষ্যৎ হল শিল্প। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের মাননীয় অর্থমন্ত্রী যে রিসার্চ পেপারের উপর ভিত্তি করে, যে গবেষণা পেপারের উপর ভিত্তি করে গত বিধানসভায় আমাদের অভ্যন্তরীণ উৎপাদন, জি ডি পি উৎপাদন বৃদ্ধি

পেয়েছে বলে বলেছিলেন, সেই একই তথ্যের উপর ভিত্তি করে ভিন্নতর পিকচার এই অ্যাসোক্যান-ইকোপালস এর তথ্যে পেয়েছি। এদের তথ্য অনুযায়ী বিদেশি পুঁজি বিনিয়োগের ক্ষেত্রে এই রাজ্যের স্থান ৮ম। সি আই আই ও বিশ্বব্যাঙ্ক-এর যৌথ উদ্যোগে ভারতবর্ষের ১২টি অঙ্গরাজ্যে বিদেশি বিনিয়োগের অনুকূল পরিকাঠামো এবং তাতে আমাদের রাজ্যের স্থান একাদশ। তবে একই তথ্য অনুযায়ী আমাদের রাজ্যের অভ্যন্তরীণ বা জি ডি পি যদি বৃদ্ধি পেয়েই থাকে, তাহলে নিশ্চয় আমাদের রাজ্য এগোচ্ছে। কিন্তু না, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, তথ্য অন্য রকম। কারণ এই যে অভ্যন্তরীণ উৎপাদন বৃদ্ধি পেয়েছে জি ডি পি বৃদ্ধি পেয়েছে, ওইটা দুটো সম্পদের উপর দাঁড়িয়ে বৃদ্ধি পেয়েছে— (১) ব্যাঙ্কিং ইনসিওরেন্স (২) ফিনানসিং যাকে বলে মানি লেন্ডিং অথবা প্রোমোটিং যাকে বলে পরিষেবা ক্ষেত্র। এই দুটোর ক্ষেত্রে আমরা যদি তথ্য নিই, তাহলে দেখব যে, ব্যাঙ্কিং বা ইনসিওরেন্স এর ক্ষেত্রে অভ্যন্তরীণ উৎপাদন বৃদ্ধি পেয়েছে ৫৪ শতাংশ। ফিনানসিং এবং মূলধন কারবারী এবং রিয়েল এস্টেট বা প্রোমোটিং-এর ক্ষেত্রে বৃদ্ধি পেয়েছে ৪৩ শতাংশ। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, জি ডি পি এক শতাংশ বৃদ্ধি পেয়েছে কৃষি উন্নয়ন-এর ক্ষেত্রে। জি ডি পি এই প্রোমোটিং-এর ক্ষেত্রে যদি বৃদ্ধি পায়, তাহলে দেখা যাবে ভূমিসংস্কারের সলিল সমাধি ঘটবে। অর্থাৎ ভূমির দাম হু হু করে বাড়তে থাকবে। যেমন—রাজারহাটে ঘটেছে এই রাজারহাটে নগরোন্নয়নের আগে, শিল্পায়নের আগে জমির যে দাম ১ লক্ষ টাকা ছিল, এখন সেটা বেড়ে ১ কোটি টাকাতে এসে দাঁড়িয়েছে। অর্থাৎ এই যে আনআর্নড মানি, অনার্জিত সম্পদ, এই অনার্জিত সম্পদ কখনো শ্রম দিবস সৃষ্টি করে না। এই অনার্জিত সম্পদের দ্বারা কখনো শিল্পের বিকাশ ঘটে না। কখনই কৃষি উৎপাদনে সহায়তা করে না। জি.ডি.পি বাড়ছে, অভ্যন্তরীণ উৎপাদন বাড়ছে, কিন্তু শ্রমদিবস তৈরি হচ্ছে না—অর্থনীতির এটাই হচ্ছে আসল চিত্র। বিশ্ববিখ্যাত, বিশ্ববন্দিত সমাজ বিজ্ঞানী হেনরী জর্জ তাঁর 'দারিদ্র এবং প্রগতি' গবেষণা গ্রন্থে দেখিয়েছেন, শিল্প এবং নগরোন্নয়নের সঙ্গে সঙ্গে জমির দামও অভূতপূর্বভাবে বেড়ে যায়। আমরা দীঘার ক্ষেত্রে দেখেছি এবং আপনারাও দেখেছেন যে, একটা শিল্প হবে বলে, আগুন উঠলে যেমন আগুনের তাপ থাকে, তার পাশেও তাপ থাকে, তার পাশের জমিও পুড়ে যায়, কিন্তু অনার্জিত এবং সারপ্লাস মানি আসে, কিন্তু সেই সারপ্লাস মানি উৎপাদনের সঙ্গে যুক্ত হয়ে অভ্যন্তরীণ উৎপাদনের ও তার জি.ডি.পি.-র সঙ্গে যুক্ত হয়ে জি.ডি.পি.-টা ছুঁয়ে তাকে বড় হয়ে গেল, প্রকৃতভাবে রাজ্যের বা প্রকৃতভাবে মানুষের হাতে সম্পদ এল না। এটা হচ্ছে আমাদের রাজ্যের অর্থনীতির বা অভ্যন্তরীণ সম্পদ বৃদ্ধির মূল কথা। আপনারা এখানে বলেছেন ভূমিসংস্কার হয়েছে। হ্যাঁ, ভূমিসংস্কার হয়েছে, ভূমির পাট্টা দেওয়া থেকে শুরু করে বিতরণ—এ ব্যাপারে আমরা বিতর্কে যাচ্ছি না, আমরা ডিনাই করছি না। কিন্তু দয়া করে দেখবেন, ওই যেমন ছেলেবেলায় আমরা অঙ্ক করতাম—তৈলাক্ত বাঁশে উঠিতে লাগে ১ মিনিট, নামিতে লাগে ২ মিনিট, আপনারা কতজনকে পাট্টা দিয়েছেন ? পাট্টা হস্তান্তরের চিত্রটা পরিসংখ্যানটা নেহাত কম নয়। কারণ সেক্ষেত্রে দেখা যাচ্ছে যে, শিল্পায়ন বা নগরোন্নয়নের ফলে উচ্চমূল্য পাচ্ছে। স্বাভাবিকভাবে আমার যদি ৫ ডেসিম্যাল জায়গা থাকে, ১০ ডেসিম্যাল জায়গা থাকে, আমি যদি দেখি একজন বরফকলের মালিক বা একজন লবণ

শিল্পের মালিক বা একজন মৎস্য শিল্পের মালিক যদি আমাকে বলেন যে, 'তোমার কাছে যদি এ বছর ১০ মণ ধান থাকে, তুমি আমাকে সেই ধান দাও'। আমি নিশ্চয় দেব, কারণ এটা লাভজনক। কিন্তু পরবর্তীকালে যখন দেখা যাবে, ৪ বছর পরে যখন পরিত্যক্ত হয়ে যাবে, তখন জমির দামও হু হু করে পড়ে যাবে। এটাই নিয়ম। সুতরাং আজকে বাংলার মুখ্যমন্ত্রী নব ভগীরথ, এই যে সালিমের কথা বলছেন, সালিমের ইতিহাস আমি বিস্তৃতভাবে বলতে চাইছি না, সালিমের ইতিহাস সাম্রাজ্যবাদকে বিকশিত করার ইতিহাস, সালিমের ইতিহাস পশ্চিমবঙ্গে, ভারতবর্ষে ইস্ট ইণ্ডিয়া কোম্পানির চেয়েও খারাপ ইতিহাস, সালিমের ইতিহাস বিখ্যাত অর্থনৈতিক কেলেঙ্কারীর নায়ক হর্ষদ মেহতার থেকেও খারাপ, তাকে নিয়ে আপনারা বাংলার শিল্পায়নের স্বপ্ন দেখছেন। আপনারা বলেছেন কৃষিতে আপনারা স্তম্ভ। কৃষির মানেটা কি ? কৃষির মানে শুধু ধান ? কৃষির মানে শুধু দানাশস্য ? দানাশস্যে, ডাল উৎপাদনে আমরা স্বয়ম্ভর ? তেলে আমরা স্বয়ম্ভর ? গমে আমরা স্বয়ম্ভর ? আমরা কৃষির সবক্ষেত্রে পশ্চাদপদতার মধ্যে থেকে পশ্চিমবঙ্গকে ভুল তথ্য দিচ্ছি যে, আমরা কৃষিতে স্বয়ম্ভর, কৃষিতে আমরা স্তম্ভ। কিসের স্তম্ভ ? দানাশস্যে আমরা কিসের স্তম্ভ ? গম আমাদের আমদানি করতে হয়, নারকেল তেল আমাদের আমদানি করতে হয়, সর্ষের তেল আমাদের আমদানি করতে হয়, মশলা আমাদের আমদানি করতে হয়। কৃষির কোন ক্ষেত্রে আমরা স্বয়ম্ভর ? এ ব্যাপারে যদি তথ্যভিত্তিক চিত্র আমাদের দেন তবেই আমরা ভাববো যে, আমরা স্বয়ম্ভর। আপনারা বলেছেন, সাম্প্রদায়িকতার সূত্র ধরে সারা রাজ্যের আইনশৃঙ্খলা ভাল। আমি ২টি কথা বলি—উত্তরবঙ্গ উত্তপ্ত, দক্ষিণবঙ্গ অগ্নিগর্ভ, আই শেয়ার দি অ্যাংজাইটি অ্যান্ড এংগার অ্যাগনি উইথ দি গভর্নমেন্ট। পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী বা রাজ্য সরকার একবারও বিরোধীপক্ষকে ডেকে বলেছেন যে, 'চলুন আমরা ভাই ভাই করে যাই রাজ্যের এই সাম্প্রদায়িকতা, উগ্রপন্থীর বিরুদ্ধে আমরা লড়াই করি' ? দয়া করে তথ্যটা দেবেন, চিৎকার করবেন না। দুঃশাসন চিৎকার করত, কংস চিৎকার করত, এজিদ চিৎকার করত—ইতিহাস এদের ক্ষমা করেনি। ক্ষমতায় থেকে কংস শেষ কথা বলেনি, সেদিনও তাকে বলা হয়েছিল, 'তোমাকে বধিবে যে, গোকুলে বাড়িছে সে'। আজকে মন্ত্রী ক্লান্ত, ভীত—হাত ধরে বলছেন বাঁচাও। আজকে সমাজ জীবনের তোষণের কথা বলছেন। আপনারা বলছেন এই রাজ্যে আইনশৃঙ্খলার পরিস্থিতি ভাল। এখানে কিসের আইনশৃঙ্খলা পরিস্থিতি ভাল ? আজকে এখানে আইনশৃঙ্খলার পরিস্থিতি ভাল হলে উত্তরবঙ্গ উত্তপ্ত হয়, দক্ষিণবঙ্গ উত্তপ্ত হয় ? তাই আমি মাননীয় উপাধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে বলতে চাই যে, আমি মনে করি আরও বাঁচার দিন আছে, সমঝে চলুন, ভেবে চলুন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী আবু আয়েশ মণ্ডল : মাননীয় উপাধ্যক্ষ মহাশয় মাননীয় রাজ্যপাল মহাশয়ের ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এখানে এসেছে, সেই ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের উপর আজ চারদিন ধরে বিতর্ক চলছে। প্রথম দিন থেকে এই পর্যন্ত মাননীয় সদস্যদের বক্তব্য শুনলাম এবং বুঝলাম,

[1.40–1.50 p.m.]

তাতে আমার মনে হয়েছে মাননীয় বিরোধীপক্ষের সদস্যরা নিদারুণ হতাশা ও যন্ত্রণাতাড়িত হয়ে বলে আসছেন। উদ্দেশ্যমূলক অভিযোগ রচনা এবং অপব্যাখ্যামূলক রটনাই তাঁদের ভাষণের মূল বিষয়বস্তু। এটা আপনারা প্রথমদিন থেকেই বলছেন মাননীয় রাজ্যপালের ১৪ পাতার ভাষণের মধ্যে কোনো সাফল্যের দিক নেই, কোনো সমস্যা তুলে ধরেননি ইত্যাদি নানান অভিযোগ আপনারা বলার চেষ্টা করেছেন। আইনশৃঙ্খলার বিষয়েও আপনারা বারে বারেই বলেন—মাননীয় রাজ্যপাল তাঁর ১৪ পৃষ্ঠার ভাষণে বলেছেন "বাঁকুড়া, পুরুলিয়া, পশ্চিম মেদিনীপুর জেলায় বাম চরমপন্থী কার্যকলাপ রাজ্য প্রশাসনের কাছে চরম উদ্বেগের কারণ হয়ে রয়েছে।" তাই আইনশৃঙ্খলার প্রশ্নে তিনি কিছুই আলোকপাত করেননি—একথা মানায় না। আপনারা যে কথাটা বলেছেন তাতে মানুষকে অপমান করা হয়। এতদিন রাজ্য সরকার থাকবে কেন ? আবার আসবে কেন ? এটাই হচ্ছে আপনাদের মূল যন্ত্রণার কারণ। আমি বলতে চাই এর দ্বারা মানুষকে অপমান করা হয়। আপনারা নানান কথা বলেছেন, বলেছেন আইনশৃঙ্খলা নিয়েও। বিগত কয়েক বছর ধরে এই হাউজে মাননীয় সরকার পক্ষের সদস্যরা যা বলেছেন সেই সব তুলে ধরে আপনাদের অভিযোগগুলি খণ্ডন করতে চেষ্টা করবো না। আমরা বলিনি বামফ্রন্ট সরকারের পক্ষে, তার সাফল্যের পক্ষে। বিভিন্ন পত্র-পত্রিকা, পার্শোনালিটি এবং ইউনিভার্সিটি কি বলছে সেগুলি তুলে ধরতে চাই। ধরুন শিক্ষা নিয়ে একটা কনভেনশন হয়ে গেল, অল ইণ্ডিয়া এডুকেশন কনভেনশন, এটা নিশ্চয়ই আপনারা খবর রাখেন যাঁরা শিক্ষা নিয়ে বামফ্রন্ট সরকারের সমালোচনা করেন, তাঁদের উদ্দেশ্যে বলতে চাই অল ইণ্ডিয়া এডুকেশন কনভেনশন যেটা ১২, ১৩ই জানুয়ারি দিল্লির জওহরলাল নেহরু ইউনিভার্সিটিতে অনুষ্ঠিত হল, এটা খুব বেশি দিনের কথা নয়। সেখানে ২০০ জনের বেশি প্রতিনিধি ছিলেন বিভিন্ন গণসংগঠনের, ভারতবর্ষের ২৫০টি ইউনিভার্সিটির প্রায় সবাই অংশ নিয়েছিলেন, বিভিন্ন স্কুল, কলেজ এবং গণসংগঠন এতে অংশ নিয়েছিল। সেখানে স্বাধীনতার পর থেকে এতদিন পর্যন্ত শিক্ষাক্ষেত্রে শিক্ষার সাফল্য নিয়ে কি বলা হলো ? It is the Ruling Classes who decide as to how much and what type of education must be accessible to the common people at specific juncture. It has also been stated that at present education is no longer considered as a right of the people. It has also been stated that the problem was and is lack of political will, lack of resources. তাঁরা এটা বললেন যে প্রাইভেট ফাণ্ডিং এডুকেশনে চলে আসছে। কেন চলে আসছে ? কেন্দ্রীয় সরকারের সেখানে ফাণ্ড নেই, সেই পলিটিক্যাল উইল নেই যাতে উচ্চশিক্ষার ক্ষেত্রে ৬ পারসেন্ট অর্থ ব্যয় করতে পারে। তাঁরা এ কথাও বললেন যে বর্তমান কেন্দ্রীয় সরকারের ন্যাশানাল ইনকাম—জি.ডি.পি. .০৪ পারসেন্ট অর্থাৎ হায়ার এডুকেশনে ০.০৪ পারসেন্ট মানে ১০০০ টাকায় মাত্র ৪ টাকা, আর টেকনিক্যাল এডুকেশনে ০.০১ পারসেন্ট মানে ১০০০ টাকায় মাত্র ১ টাকারও নিচে। আপনারা অনেকেই তখন থেকে বামফ্রন্ট সরকারের এডুকেশানের সাফল্য নিয়ে ইত্যাদি নিয়ে বলেছেন। নিশ্চয় আপনাদের

আলোচনায়, সমালোচনামূলক যে দিকটা আছে, সেটা উড়িয়ে দেওয়া যায় না। কিন্তু সারা ভারতবর্ষের প্রেক্ষাপটে এটা ভেবে দেখা দরকার এবং অল ইণ্ডিয়া এডুকেশান কনভেনশানে ১২ ও ১৩ই জানুয়ারি যা দিল্লিতে অনুষ্ঠিত হয়ে গেল, সেখানে সারা ভারতবর্ষ থেকে বিভিন্ন কলেজের সরকারি ও বেসরকারি স্কুলের ছাত্ররা এসেছিল, তারা অংশগ্রহণ করেছিল, সেই কনভেনশানের যে কনক্লুশান সেটা নিয়ে আমাদের ভাবতে হবে।

এখানে রাজ্যপালের ভাষণে যাই থাকুক, সেখানে আপনাদের বক্তৃতার যে এসেন্স সেটা তুলে ধরতেই হবে। গোবিন্দবাবু কালকেই ভূমিসংস্কার নিয়ে বলেছেন আপনাদের বলি, টাইমস অফ ইণ্ডিয়ায় ২৭.৫.২০০২-তে যে রিপোর্টটা বেরিয়েছে, সেখানে বলছে, ল্যাণ্ড রিফর্মস নিয়ে, Land Reforms in Bengal is an Asian Success Story. এটা আমার কথা নয়। এখানে কেন্দ্রীয় তথ্য সম্প্রচার দপ্তরের মন্ত্রী প্রিয়রঞ্জন দাশমুন্সি '৯৭ সালে ১৯শে মার্চ—লোকসভার সদস্য ছিলেন, তখন তিনি লোকসভায় বলেছিলেন, পশ্চিমবাংলার ভূমিসংস্কার ও বর্গা প্রথা নিয়ে সারা ভারতবর্ষের শিক্ষা নেওয়া উচিত। পশ্চিমবাংলাকে মডেল করে ভারতবর্ষের শিক্ষা নেওয়া উচিত। বর্তমানে অবস্থাটা কি, পশ্চিমবঙ্গে ল্যাণ্ড রিফর্মস হচ্ছে, ভারতবর্ষে ভূমিসংস্কার দূরে থাক, এটা জেনে রাখুন ভারতবর্ষে ল্যাণ্ড রিফর্মসও হচ্ছে না। এখন হচ্ছে রিভার্স ল্যাণ্ড রিফর্মস। সরকারি উদ্যোগে কৃষকদের জমি থেকে তাড়িয়ে দেওয়া হচ্ছে। বিহারে কি হচ্ছে ? নীতীশকুমার আসার পরে যে জমি চাষিদের ছিল, সেখানে রণবীর সেনা পাঠিয়ে দখল করে নিচ্ছে। কর্ণাটকে কি হচ্ছে, মহারাষ্ট্রে কি হচ্ছে, সেখানে কৃষকরা জমি বেচে ফেলতে বাধ্য হচ্ছে। এটা আপনাদের মনে রাখতে হবে। পশ্চিমবঙ্গ সরকারের ক্ষেত্রে শিল্পের জন্য জমি অধিগ্রহণ নিয়ে আপনারা যখন হৈ চৈ করছেন, করতে পারেন, এটা পশ্চিমবাংলা। কৃষকের জমিতে হাত দিলে মানুষ ছেড়ে কথা বলে না। নেওয়া উচিত কি উচিত নয়, অধিগ্রহণ নিয়ে অনেক আলোচনা হয়, বিধানসভার ভেতরে এবং বাইরে অনেক আলোচনা হয়, আলোচনায় একটা জায়গায় যাওয়া যায়। সেখানে অন্যান্য রাজ্যে কি হচ্ছে, ওড়িশায় কলিঙ্গনগরে দীর্ঘদিন ধরে আদিবাসীরা যে জমিতে চাষ করতো, সেখানে পুনর্বাসন না দিয়ে তাদেরকে পিটিয়ে হটিয়ে দেওয়া হল। এটা সাধারণ চিত্র। ওড়িশা হোক, কর্ণাটক হোক, মহারাষ্ট্র হোক, বিহার হোক সর্বত্রই এটা চলছে। সেখানে পশ্চিমবাংলায় শিল্পের জন্য যে জমি নেওয়া হচ্ছে, সেখানে আপনারা চিৎকার করছেন, করতেই পারেন। অন্যান্য রাজ্যের ক্ষেত্রে সেখানে যা হচ্ছে, সেই ব্যাপারে চিৎকার না করে, 'কাকস্য পরিবেদনা'—এইগুলি নিয়ে যদি আপনারা আলোচনা করেন তাহলে ভাল হয়। কিন্তু তা না করায় পশ্চিমবাংলার মানুষকে আপনারা অপমান করছেন, ছোট করছেন, মানুষকে সমালোচনা করছেন। আমি একটি উদাহরণ দিতে চাই, ২০০৩ সালে আসানসোলে চিত্রা সিনেমা হলে তৃণমূল কংগ্রেসের ২ দিনের একটি কনভেনশান হয়েছিল, সেখানে ভারতীয় জনতা পার্টি এবং কেন্দ্রের মানবসম্পদ উন্নয়ন দপ্তরের মন্ত্রী মুরলী মনোহর যোশী গিয়েছিলেন সেখানে তিনি ছিলেন, কি বলেছিলেন তিনি, আমি আপনাদের কাছে বিনয়ের সঙ্গে বলতে চাই, তিনি বলেছিলেন, বাঙালি নির্বোধ এবং মেধাহীন। আপনারা যারা সেই কনভেনশানে ছিলেন, তারা সেদিন হাততালি দিয়েছিলেন। কারণ, আড়াই দশক ধরে পশ্চিমবাংলার বাঙালিরা এত নির্বোধ, এত মেধাহীন ? তাপসবাবু কনভেনশানের কাগজপত্র আনিয়ে ভাল করে পড়ে দেখবেন।

[1.50—2.00 p.m.]

আড়াই দশক ধরে এই সরকারকে তারা ক্ষমতায় রেখেছেন। এটা তো আমার কথা নয়, বিভিন্ন জায়গা থেকে এই তথ্যগুলো আমি তুলে ধরছি।

আইন-শৃঙ্খলা নিয়ে আপনারা প্রশ্ন তুলেছেন। ২৭.৯.২০০০ তারিখে আনন্দবাজার পত্রিকায় একটা সংবাদ বেরিয়েছে এবং এই সংবাদের শিরোণাম হচ্ছে—'নানান রাজ্যের নানান মাপকাঠি, পশ্চিমবাংলার স্থান কেমন'। লিখেছেন, বিবেক দেবরায়, দিল্লির রাজীব গান্ধী ইনস্টিটিউট ফর কন্টেমপোরারি স্টাডিজের অধিকর্তা। তিনি বলেছেন, আইন-শৃঙ্খলার অবনতির দিক থেকে সবচেয়ে খারাপ হচ্ছে বিহার, তারপরে হরিয়ানা, তারপর অন্ধ্রপ্রদেশের, তারপরে কর্ণাটক, তারপরে দিল্লি, তারপরের স্থান হচ্ছে পশ্চিমবাংলার। তিনি পশ্চিমবাংলাকে ছাড়েননি॥ এই তথ্য সেখানে তুলে ধরা হয়েছে।

দারিদ্র দূরীকরণ নিয়ে আপনারা অনেক কথা বলছেন। আমি একটা তথ্য তুলে ধরতে চাই। এটা রাষ্ট্রসঙ্ঘের প্রতিবেদন। শিরোণামটা হচ্ছে 'দারিদ্র দূরীকরণ ২০০০ ও পশ্চিমবাংলা'। আমি বলতে চাই, পৃথিবীতে অনেক দেশ আছে। আর ভারতবর্ষের মধ্যে পশ্চিমবাংলা হচ্ছে একটা রাজ্য। কিন্তু এই প্রতিবেদনে দারিদ্র দূরীকরণ ও পশ্চিমবাংলার কথা কেন বলা হয়। সেই প্রতিবেদনে বলা হয়েছে—Successful poverty reduction as in West Bengal suggests that reforms in institutional arrangement and in governance can speak the progress. পশ্চিমবাংলা পথ দেখিয়েছে এই সমস্যার সমাধানে।

নারীদের উপর অত্যাচার নিয়ে আপনারা অনেক কথা বলেন। কিন্তু এই ক্ষেত্রে সারা দেশের অবস্থাটা কি সেটা একবার ভেবে দেখুন। ১৯৯৬ সালের ৩রা জানুয়ারি পাঞ্জাবের পাতিয়ালায় ভারতীয় বিজ্ঞান কংগ্রেসের অধিবেশনে অধ্যাপিকা মিনাক্ষী বক্তৃতা দিতে গিয়ে বলেছিলেন, যখন বিজ্ঞান কংগ্রেসে আমি বক্তৃতা করছি তখন প্রতি ৫৪ মিনিটে একজন মহিলা ধর্ষিতা হয়, প্রতি ৪৩ মিনিটে একজন মহিলা অপহৃতা হয়, প্রতি ২৬ মিনিটে একজন মহিলা নিগৃহীত হয় এবং প্রতিদিন পণপ্রথার বলি হচ্ছেন ১৭ জন। তিনি বক্তৃতা দিতে গিয়ে এই প্রশ্ন তুলেছিলেন—যে দেশের নারী সমাজের এই অবস্থা সেই দেশ কোন মুখে সভ্যসমাজের গর্ব করে, যে দেশের নারী সমাজের এই অবস্থা সেই দেশের মানবিকতা আজকে কোথায় ? ভারতবর্ষের একটা অংশ হচ্ছে পশ্চিমবাংলা, তবুও আমরা স্রোতের বিপরীতে হাঁটার চেষ্টা করছি। তবে সবক্ষেত্রেই আমাদের সাফল্য এটা ঠিক নয়, এটা হতে পারে না।

আপনারা দুর্নীতি নিয়ে অনেক কথা বলেছেন, অরাজকতা নিয়ে অনেক কথা বলেছেন। মাওবাদীদের নিয়ে আপনাদের আনন্দ করার কিছু নেই। এটা চিন্তা করার বিষয়। আজকের কাগজেই পড়েছেন মাওবাদীরা ডাকাতি করেছে, পুলিশের ক্যাম্প থেকে বন্দুক ছিনতাই করেছে, ছত্রিশগড়ের রায়পুরে একটা নাগা ব্যাটেলিয়নের কাছ থেকে অস্ত্র ছিনতাই

করে তাদের শেষ করে দিয়েছে। তাই মহামান্য রাজ্যপাল তাঁর ভাষণে যথাযথভাবে উল্লেখ করেছেন—The leftwing extremism in Purulia, Bankura and Paschim Medinipur districts has continued to pose serious problems to the state administration. He has raised the question. He has stated this in his speech. আপনারা দুর্নীতির কথা বলছেন ? আমি বিনয়ের সঙ্গে আপনাদের স্মরণ করিয়ে দিতে চাই, কয়েকদিন আগে গত ২৩ ডিসেম্বর, ১১ জন এম.পি.-র—রাজ্যসভা এবং লোকসভার—কি দশা হল ? আমি প্রথমেই বলতে চাই, রাজনীতিতে নৈতিকতার অধঃপতন আমাদের দেশের গণতন্ত্রের শোচনীয় পরিস্থিতি হবে। সবচেয়ে বেশি হল নীতিহীন নৈতিকতা এবং মূল্যবোধের অভাব। এরজন্যই ১১ জন এম.পি. বহিষ্কৃত হয়েছেন। তবে এটা প্রথম নয়, স্বাধীনতা লাভের শুরুতেই এই জিনিস হয়েছিল এবং সেটা হচ্ছে ১৯৫১ সালে। আপনাদের নিশ্চয়ই ১৯৫১ সালের কথা মনে আছে। অর্থ বিলের প্রশ্নে মুদগল বহিষ্কৃত হয়েছিলেন। তিনি ছিলেন কংগ্রেস সাংসদ। এটা আপনাদের স্মরণ করিয়ে দিচ্ছি। তারপর নাগরাওয়ালা, ১৯৭১ সালে ইন্দিরা গান্ধীর পরামর্শ মতো স্টেট ব্যাঙ্ক থেকে বে-আইনিভাবে অর্থ তোলার কেলেঙ্কারীতে তাঁকে তাড়ানো হয়েছিল। এগুলি সব পুরানো ইতিহাস। আপনারা সাব-মেরিন কেলেঙ্কারীর ইতিহাসের কথা জানেন। হাওলা কেলেঙ্কারীর ইতিহাসের কথা জানেন, নরসিমা রাও সংখ্যাগরিষ্ঠতা আনার জন্য জে.এম.এম. অর্থাৎ ঝাড়খণ্ড মুক্তি মোর্চার সাংসদদের উৎকোচ দিয়েছিলেন। তারপর তহলকা কেলেঙ্কারী, গোপন ক্যামেরায় দেখা গেল টাকা নিচ্ছে। অত্যন্ত দুঃখের কথা, উদ্বেগের কথা, পরিতাপের কথা কি জানেন ? প্রতিরক্ষা দপ্তরের শীর্ষ স্থানীয় ব্যক্তি উৎকোচ গ্রহণ করলেন তার নাম জর্জ ফার্ণাণ্ডেজ। কি বলবো ? কফিন কেলেঙ্কারী। বীর সেনানী যারা দেশের জন্য জীবন দিল তাদের শবদেহ কফিনে করে স্ব-স্ব বাড়িতে সসম্মানে নিয়ে যাবার জন্য যে কফিন তাতেও উৎকোচ গ্রহণ—কোথায় আছি আমরা ? মানুষের কাছে এগুলি তো তুলে ধরা দরকার। প্রাক্তন প্রধানমন্ত্রী অটলবিহারী বাজপেয়ি সম্পূর্ণভাবে নিয়ম-কানুন ভেঙে পেট্রোল পাম্পের বরাত দিয়েছিলেন। তাই আমি বিনয়ের সঙ্গে বলতে চাই, কয়েকদিন ধরে যে সমস্ত মাননীয় সদস্যরা বক্তৃতা করেছেন তাতে কোনো গঠনমূলক দিক নেই, সব ডেসট্রাকটিব—তা আমি বলছি না। কিন্তু আমাদের দেশের মানুষের যে বিপদ, উগ্রপন্থা যে দেশের ঐক্য, সংহতিকে বিনষ্ট করছে, সাম্প্রদায়িক সম্প্রীতিকে যে বিঘ্ন করছে, দেশ যে বিপদের পথে সেটা আমাদের মনে রাখতে হবে এবং তারই জন্য দলমত-নির্বিশেষে যাতে ঐক্যবদ্ধ হতে পারি—রাজনীতি থাকবেই, কোনোদিন একদলের সঙ্গে অন্য দলের মিল হবে না, কোনোদিন সবাই আমরা একমত ছিলাম না, নেই, থাকবো না, ভবিষ্যতেও হবে না। এটা মেনে নিয়েই আমাদের এগুতে হবে, তাহলেই দেশের অগ্রগতি রক্ষিত হবে। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের মাননীয় রাজ্যপাল ভারতীয় সংবিধানের ১৭৬ নম্বর অনুচ্ছেদ অনুযায়ী যে ভাষণ এখানে রেখেছেন তার উপর যে ধন্যবাদসূচক প্রস্তাব এসেছে, আমি তার সঙ্গে একমত হতে পারছি না। রাজ্যপালের

ভাষণে দীর্ঘ জায়গা জুড়ে সারা পশ্চিমবাংলার আইন-শৃঙ্খলার কথা বলা আছে আর মাওবাদী ও কট্টর বামপন্থী আন্দোলনের কথা বলা আছে। কিন্তু আজকে কেন এই অবস্থার সৃষ্টি হল তার কোনো সঠিক ব্যাখ্যা এর মধ্যে নেই। আজকে পশ্চিমবাংলায় গণতন্ত্র বিপন্ন। আজকে শাসকদলে যাঁরা আছেন তাঁরা বিরোধী রাজনৈতিক দলের কণ্ঠ জোর-জবরদস্তি বন্ধ করে দিয়েছেন এবং তার সঙ্গে সঙ্গে সাধারণ মানুষের যে অধিকার সেটাকে খর্ব করতে শুরু করেছেন। এর জন্যই আজকে পশ্চিমবাংলায় এই অবস্থার সৃষ্টি হয়েছে। আমার পূর্ববর্তী বক্তা কেন্দ্রীয় সরকারের এবং আন্তর্জাতিক স্তরের বহু তথ্য তুলে ধরে বক্তৃতা দিলেন। কিন্তু পশ্চিমবঙ্গ ভারতবর্ষ থেকে আলাদা নয়। তিনি বললেন না যে কি করে পশ্চিমবাংলার যা জনসংখ্যা তার থেকে ৮৫ লক্ষ রেশন কার্ড বেড়ে গেল ?

[2.00–2.10 p.m.]

আমাদের পশ্চিমবাংলার গণবণ্টন ব্যবস্থার নামে এমন একটা অবস্থার সৃষ্টি হয়েছে। দুর্নীতির কথা তিনি বলছিলেন, আজকে দুর্নীতি এমন পর্যায়ে পৌঁছেছে যে সাধারণ মানুষ তাদের জন্য বরাদ্দকৃত অন্নপূর্ণা অন্ত্যোদয় যোজনার চাল, গম তারা পাচ্ছে না। দেখা যাচ্ছে রেশন দোকান থেকে সেই চাল, গম রাজ্য সরকারের যারা শাসক দল আছেন তাদেরই সাহায্যে অন্য জায়গায় চলে যাচ্ছে। আমলাশোলে না খেতে পাওয়া মানুষজনের কথা যখন বলা হয়, তখন আপনারা বলেন এগুলো প্রচার মাধ্যমের অপপ্রচার। বিরোধীদের চক্রান্ত। আমি বর্ধমান জেলায় বাস করি, আমাদের বিধানসভা কেন্দ্র আউশগ্রাম। গত দু বছর আগে সেখানকার খেটে খাওয়া সাধারণ মানুষ বিদ্রোহ শুরু করেছিল। কারণ এরা কেউ তাদের জন্য বরাদ্দকৃত অন্নপূর্ণা অন্ত্যোদয় যোজনার চাল, গম বছরের পর বছর পাচ্ছিল না। এই চাল, গম রেশন দোকান থেকে বিক্রি হয়ে যাচ্ছিল এবং এই ঘটনার সঙ্গে শাসকদলের কিছু ব্যক্তি যুক্ত ছিলেন। এইসব সাধারণ খেটে খাওয়া মানুষরা কিন্তু মার্কসবাদী কমিউনিস্ট পার্টির সমর্থক ছিলেন। এইসব মানুষগুলো চাল, গম ঠিকমতো না পাওয়ার ফলে সেই দোকানের সামনেই বিদ্রোহ দেখাতে শুরু করে। তারা বিক্ষোভ দেখাতে থাকে। কিন্তু এইসব মানুষগুলোর ওপর লাঠি চালানোর জন্য পুলিশকে লেলিয়ে দেওয়া হয়। আজকে পুরুলিয়া, মেদিনীপুরে বিভিন্ন জঙ্গি কার্যকলাপ ঘটছে। আসলে সাধারণ দরিদ্র খেটে খাওয়া মানুষ তাদের অধিকার, তাদের পাওয়া থেকে বঞ্চিত হতে হতেই আজকে এমন একটা জায়গায় গিয়ে পৌঁছেছে। সেই জায়গা থেকেই এই মাওবাদী বা অন্যান্য জঙ্গি কার্যকলাপের সৃষ্টি হচ্ছে। কয়েকদিন আগে দুজন মহিলা মাওবাদীকে পুলিশ গ্রেপ্তার করেছে। সেই মহিলা জঙ্গিরা জানিয়েছে যে পেটের জন্যই তারা এই কাজে যুক্ত হয়েছে। এদের মোকাবিলা করার জন্য কেবলমাত্র পুলিশের হাতে কারবাইন তুলে দিয়ে কোন লাভই হবে না। আজকে এমনই একটা অবস্থার সৃষ্টি হয়েছে যে পশ্চিমবাংলায় আগামীদিনে অগ্নিগর্ভ পরিবেশ সৃষ্টি হতে পারে। আইন-শৃঙ্খলার অবনতি তো অনেক দিক থেকেই হয়েছে। কোথাও গণতান্ত্রিক অবস্থা বজায় থাকছে না। আমাদের মুখ্যমন্ত্রী অথচ কথায় কথায় বলেন যে পশ্চিমবাংলা একটা মরূদ্যান, তিনি খাতাপত্র খুলে বলেন যে এত নারী লাঞ্ছিত হয়েছে, এতগুলো চুরি হয়েছে ইত্যাদি ইত্যাদি। অন্য রাজ্যে তার ১০ গুণ

হয়েছে। পশ্চিমবাংলায় দুর্নীতি নিয়ে কোনো অভিযোগ নেই। আসলে থানায় তো কোনো অভিযোগই নেওয়া হয় না। আজকে পশ্চিমবাংলায় সাধারণ মানুষের নিরাপত্তা নেই। আগে যারা রাত্রে ডাকাতি করত, এখন তারা দিনের বেলায় শাসক দলের সাহায্যে সেই কাজ করছে। আজকে এখানে সাধারণ মানুষের গণতান্ত্রিক অধিকার লাঞ্ছিত হচ্ছে। এখানে আইন-শৃঙ্খলার চূড়ান্ত অবনতি হয়েছে। সরকার যদি এগুলো দমন না করেন যদি এগুলো নিয়ে বিস্তারিত আলোচনা না করেন এই সমস্যার সমাধান হবে না। মাননীয় রাজ্যপাল শুধুই বললেন কিভাবে রাইফেল এবং বন্দুক দিয়ে উগ্রপন্থা দমন করা হবে। যা পশ্চিমবাংলার পক্ষে মঙ্গলজনক নয়। আমরা সেই কারণে রাজ্যপালের ভাষণের বিরোধিতা করছি। আজকে বলা হচ্ছে যে পশ্চিমবাংলা কৃষিতে অনেকটা এগিয়ে গেছে। কৃষি ক্ষেত্রে, উৎপাদন ক্ষেত্রে পশ্চিমবাংলা স্বয়ম্ভর জায়গা লাভ করেছে। বিভিন্ন বক্তা বিভিন্ন বিষয় নিয়ে বলেছেন— এখানে উল্লেখ করা দরকার পশ্চিমবাংলার কৃষিতে যে উন্নতি ঘটেছে তার জন্য বেশিরভাগ কৃতিত্বই কৃষকের প্রাপ্য। এতে রাজ্য সরকারের কোনো কৃতিত্ব নেই। তার কারণ এখনও পর্যন্ত প্রায় ১ হাজার কোটি টাকার ধান গম দানা সরষের বীজ প্রতি বছর অন্য রাজ্য থেকে আমাদের আমদানি করতে হয়। স্বাভাবিকভাবেই কৃষকদের সেই বীজ অনেক বেশি দাম দিয়ে কিনতে হয়। আমরা দেখেছিলাম এর আগে ডাঃ বিধানচন্দ্র রায় মহাশয় যখন মুখ্যমন্ত্রী ছিলেন তখন পশ্চিমবাংলায় ব্লক ডেভেলপমেন্ট সেন্টার তৈরি করা হয়েছিল এবং সেখানে কৃষি খামার তৈরি করার ব্যবস্থা ছিল। বিগত ২৮ বছরে সেই কৃষি খামার ধ্বংস হয়ে গেছে, সেখাতে আর কৃষি বীজ তৈরি হয় না, রাজ্য সরকারের সেখানে কৃষি বীজ তৈরি করার কোন চিন্তা-ভাবনা নেই। ফলে কৃষি বীজ বাইরে থেকে আমদানি করতে হয়। ফলে চাষিদের বীজ কেনার খরচ বেড়েছে, সেই সঙ্গে রাসায়নিক সার থেকে আরম্ভ করে কৃষিকার্যে ব্যবহৃত সমস্ত জিনিসের দাম বেড়েছে। ফলে উৎপাদিত ফসলের দাম আর উৎপাদিত ফসলের বিক্রয়মূল্য, এর ফারাক অনেক কমে গিয়েছে। তাতে সাধারণ কৃষক দারুণভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে। এই কথা রাজ্যপালের বক্তব্যের মধ্যে তুলে ধরা হয়নি। বিদ্যুতের ব্যাপারে রাজ্য সরকারের কৃতিত্ব দেখিয়ে রাজ্যপাল মহাশয় বলেছেন শুধুমাত্র নাকি প্রখর গ্রীষ্মের সময় লোডশেডিং হয়, বাকি সময় বিদ্যুৎ উদ্বৃত্ত হয়। কিন্তু এই মুহূর্তে আমি দেখেছি আমাদের এলাকায় ঘণ্টার পর ঘণ্টা লোডশেডিং হচ্ছে। তার সঙ্গে আমরা লক্ষ করছি কৃষির জন্য যে বিদ্যুৎ সেই বিদ্যুৎ নিয়ে চরম দুর্নীতি চরম দলবাজী হচ্ছে। আজকে ক্ষুদ্রসেচের জন্য যে বিদ্যুৎ সেই বিদ্যুৎ পাওয়ার ক্ষেত্রে কে কোন দলের মানুষ সেটা বিচার করা হচ্ছে। বিদ্যুৎ সংযোগ দিতে গিয়ে এই ধরনের দুর্নীতি হচ্ছে। এই দুর্নীতির ফলে কৃষকরা ক্ষতিগ্রস্ত হচ্ছে, পশ্চিমবাংলার কৃষিক্ষেত্র ক্ষতিগ্রস্ত হচ্ছে। এই যে ক্ষতিগ্রস্ত হচ্ছে, এর কোন সঠিক হিসাব এই ভাষণের মধ্যে নেই। এই ভাষণে শিক্ষার উন্নতির কথা বলা হয়েছে, উচ্চশিক্ষার উন্নতির কথা বলা হয়েছে। অনেক ফ্যাকালটি, অনেক বিশ্ববিদ্যালয় খোলা হয়েছে বলে গর্ব বোধ করা হয়েছে। কিন্তু দিনের পর দিন নিম্ন মধ্যবিত্ত, মধ্যবিত্ত, খেটে খাওয়া মানুষের ছেলেমেয়েদের পড়াশোনা দুরস্ত হয়ে যাচ্ছে। আজকে বিশ্ববিদ্যালয়, ফ্যাকালটি দূরের কথা, পশ্চিমবাংলার বিভিন্ন কলেজে যে নতুন অনার্স কোর্স চালু করা হচ্ছে সেটা সেল্ফ ফাইনানসিং স্কিম করা হচ্ছে। অর্থাৎ একটা ছাত্রছাত্রীকে

পড়াশোনা করতে গেলে একটা শিক্ষাবর্ষে যে খরচ হবে সেটা তাকে বহন করতে হবে। অনেক ছাত্রছাত্রীর সেই টাকা বহন করার ক্ষমতা না থাকার ফলে তারা পড়াশোনার সুযোগ হারাচ্ছে। ওনারা বলছেন যে ফ্যাকালটি খুলছি, শিক্ষার প্রসার ঘটছে। কিন্তু পশ্চিমবাংলায় একটা স্তরের মানুষ যাদের আর্থিক আয় কম তাদের কাছে দিনের পর দিন উচ্চশিক্ষা লাভ দুরস্ত হয়ে যাচ্ছে। জাতীয় সাক্ষরতা মিশনের সাহায্যে সাক্ষরতা উন্নয়নের কথা বলেছেন। অত্যন্ত দুর্ভাগ্যের কথা গত ২ বছর হল, পশ্চিমবাংলায় সাক্ষরতা প্রকল্পের সঙ্গে যারা যুক্ত সেই পেরক এবং সহ-পেরকদের একটা সামান্য সাম্মানিক ভাতা দেওয়া হয় সেটা তারা পাচ্ছে না, গত ২ বছর আগে বন্ধ হয়ে গেছে। এর পর আবার সাক্ষরতা প্রকল্পের উন্নতির কথা বলবেন ? স্বাস্থ্য পরিষেবার উন্নয়নের অনেক কথা এখানে আছে। কিন্তু বাস্তব কি ? স্বাস্থ্য পরিষেবার উন্নয়ন সারা পশ্চিমবাংলার সাধারণ মানুষ মর্মে মর্মে উপলব্ধি করছে। এই পর্যন্ত বিশ্ব ব্যাঙ্কের ৮০০-৯০০ কোটি টাকা খরচ করা হয়েছে পশ্চিমবাংলার মহকুমা হাসপাতাল এবং জেলা হাসপাতাল উন্নয়নের জন্য। যদিও সেই উন্নয়নের সঙ্গে বেড বৃদ্ধির কোনও ব্যবস্থা ছিল না, শুধু পরিকাঠামো উন্নয়ন এবং উন্নতমানের যন্ত্রপাতির কথা বলা ছিল। এখন যদি খবর নেওয়া যায় তাহলে দেখা যাবে সেই যন্ত্রপাতির শতকরা ৯০ ভাগ বিকল হয়ে গিয়েছে। সেখানে চিকিৎসা ব্যবস্থা একটা বিভ্রাটে পরিণত হয়েছে। এমন পরিস্থিতি সেখানে তৈরি হয়েছে যে মানুষ হাসপাতালে চিকিৎসা পাচ্ছে না। তাই মাননীয় রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব আনা হয়েছে সেই প্রস্তাবের সঙ্গে আমি একমত হতে পারছি না। এই কথা বলে সকলকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[2.10–2.20 p.m.]

শ্রীমতী তপতী দত্ত : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি রাজ্যপালের ভাষণের বিরোধিতা করে এবং বিরোধীদের আনা সংশোধনী প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য পেশ করছি। মাননীয় রাজ্যপাল তাঁর ভাষণে বলেছেন, আইন-শৃঙ্খলার পরিস্থিতি সন্তোষজনক। কিন্তু বারে বারে খুন, ডাকাতি, ধর্ষণ, শিশু হরণ, শিশু মৃত্যু-র ঘটনা মোটেই সন্তোষজনক নয়। গত ৫ তারিখে একটি ঘটনা ঘটেছে। একজন প্রবাসী বাঙালি দম্পতি পুলিশের দ্বারা যেভাবে রাস্তার উপর নিগৃহীত হলেন—এই ঘটনাকে সন্তোষজনক বলে আখ্যা দেওয়াটা বোধ হয় সমীচীন নয়। রাজ্যপাল তাঁর ভাষণের ৩ পৃষ্ঠায় বলেছেন, মহিলাদের উপর নির্যাতনের ঘটনা সীমায়িত রাখার প্রয়াস অব্যাহত। এই সীমায়িত কথাটা বেশ অর্থবহ। আমার জানতে ইচ্ছা করছে, মহিলাদের উপর নির্যাতনের সীমারেখা কতটুকু। মহিলাদের উপর নির্যাতনের সীমারেখা কতখানি হলে সেটা লঙ্ঘন করবে। আর যদি সীমারেখার মধ্যে থাকে, তাহলে কি আইনি ব্যবস্থা গ্রহণ করা হবে না ? কাজেই এই কথাটা বলার আগে রাজ্যপালের এই বিষয়টা নিয়ে ভাবা জরুরি ছিল বলে মনে হয়। মাননীয় রাজ্যপাল মহাশয় স্বাস্থ্য পরিষেবার কথা বলেছেন। কিন্তু তিনি কি জানেন যে প্রকৃতপক্ষে গরিব মানুষের স্বাস্থ্যের উন্নতির জন্য যে যে কর্মসূচি গ্রহণের কথা বলেছেন, সেগুলো সর্বাংশে ব্যর্থ। গরিব মানুষেরা কোনো চিকিৎসাই পায় না। সরকারি হাসপাতালে গেলে সেখানে তাদের কোনো

চিকিৎসা জুটবে না। তাই প্রসূতি, সদ্যোজাত শিশুদের যে চিকিৎসার কথা বলেছেন, সেটা প্রহসনে পরিণত হয়েছে। সেখানে আসন্ন প্রসূতি সরকারি হাসপাতালে জায়গা না পেয়ে বা দূর থেকে আসা বা প্রত্যন্ত গ্রাম থেকে আসা গরিব মানুষদের রাজপথে শিশু জন্মগ্রহণ করছে। এই যে পরিষেবার কথা বলেছেন, তা আরেকবার ভাবতে অনুরোধ করব। এ কোন ধরনের পরিষেবা ? উত্তর ২৪-পরগনা এলাকাকে আর্সেনিক জোন হিসাবে চিহ্নিত করা হয়েছে এবং সরকারিভাবে সেটা চিহ্নিত করা হয়েছে। ১১ পৃষ্ঠায় আপনি বলেছেন, কিন্তু আপনি জানেন হাবড়ার একজন মানুষ আর্সেনিকে আক্রান্ত হয়ে মারা গেলেন। বহু প্রতিষ্ঠিত অফিসার সেখানে গেলেন, স্বাস্থ্য আধিকারিকরাও সেখানে গেলেন। কয়েকদিন ধরে খুব সেমিনার হল। হলেও কিন্তু যে কে সেই থেকে গেল। আর্সেনিক দূর করার জন্য কোনও আর্সেনিক ফ্রি বা কোনও প্রক্রিয়াকরণই সেখানে চালু হল না। আমি সরকারের কাছে অনুরোধ করব, রাজ্যপাল তাঁর ভাষণে এই সব কথা বললেও আগে প্রকৃতপক্ষে তা যাচাই করে নেওয়া জরুরি ছিল এবং অনুরোধ করব আগামীদিনে যাতে এই জায়গাগুলো আর্সেনিক মুক্ত করা যায়, সেই বিষয়ে নিশ্চয়ই যত্নবান হবেন। এছাড়া আর একটি পয়েন্টের কথা বলছি। সংখ্যালঘু সম্প্রদায়ের উপর, তাদের ঋণ সংক্রান্ত বা অন্যান্য বিষয়ের উপর সরকার যথেষ্ট গুরুত্ব দিয়েছেন। এর আগের সেশনে মুখ্যমন্ত্রী উপস্থিত থাকাকালীন (২৩ শে ডিসেম্বর '২০০৪) কিছু কাগজপত্র আমি মুখ্যমন্ত্রীকে জমা দিয়েছিলাম। সেখানে একটি সংখ্যালঘু সম্প্রদায়ের ছেলে ব্যাঙ্কের ঋণের জন্য আবেদন করেছিল। সেই আবেদন মঞ্জুরও হল না, সেই টাকাও পেল না। অথচ তার কাছে ব্যাঙ্কের কাছ থেকে টাকা ফেরত দেওয়ার নোটিশ আসতে লাগল। এই সমস্ত কাগজপত্র আমি মুখ্যমন্ত্রীকে দিয়েছিলাম। তিনি বলেছিলেন, এই বিষয়ে তিনি খবর নেবেন। পুনরায় এই বিষয়টা যাতে না ঘটে, সেই বিষয়ে নজর দেবেন। কিন্তু অত্যন্ত দুঃখের সঙ্গে বলতে হচ্ছে, আজও সেই প্রক্রিয়া একইভাবে চলছে। আজও সেই ছেলেটা নোটিশ পেয়ে যাচ্ছে, কিন্তু সেই ছেলেটি ঋণ পায়নি। তাই আমি এই ভাষণের সম্পূর্ণ বিরোধিতা করে এবং বিরোধীদের আনা সংশোধনী প্রস্তাবকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী তারাপদ চক্রবর্তী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত ২রা ফেব্রুয়ারি মাননীয় রাজ্যপালের ভাষণের উপরে যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে, তাকে আমি সমর্থন করে এবং বিরোধীদের আনীত সংশোধনীগুলির বিরোধিতা করে দু'চার কথা বলতে চাই। বিরোধীদের মধ্যে জ্যোতির্ময়বাবু এবং রবীন্দ্রনাথবাবু তাঁরা বললেন যে, রাজ্যপালের ভাষণে উন্নয়ন সম্বন্ধে বলা হয়েছে, কিন্তু রাজ্যে কোনো অগ্রগতি হয়নি। তাঁরা বললেন পশ্চিমবঙ্গ দুর্বৃত্তদের পীঠস্থান, আইন-শৃঙ্খলার অবনতি হয়েছে, শিল্প বিকাশ এখানে হয়নি ইত্যাদি ইত্যাদি বললেন। কিন্তু আমরা বাস্তবে কি দেখছি ? পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হওয়ার পর গ্রামে-গঞ্জে সাধারণ খেটে খাওয়া মানুষের অর্থনৈতিক অবস্থার পরিবর্তন হয়েছে। এটা ওঁরা দেখছেন। সকলেই এটা দেখতে পাচ্ছে। যার ফলে এই গরিব মানুষেরা তারা বামফ্রন্টকে চোখের মণির মতো করে রেখেছে। আর ওঁরা গ্রামের কৃষক ও শ্রমিকদের স্বার্থে বামফ্রন্টের

যেসব কাজ হয়েছে তার বরাবরই বিরোধিতা করে গেছেন। তার ফলে পশ্চিমবাংলার সাধারণ মানুষের কাছে ওঁরা কোন ঠাঁই পাচ্ছেন না, তাদের কাছে ওঁরা যেতে পারছেন না। ওঁরা কলকাতায় বসে টিভির পর্দায় মিডিয়ার কাছে সরকারের ব্যর্থতার কথা তুলে ধরছেন। এই হচ্ছে ওঁদের অবস্থা। ওঁরা এখানে মাওবাদী কার্যকলাপ সম্বন্ধে বড় বড় কথা বলছেন। বাঁকুড়া, পশ্চিম মেদিনীপুর এবং পুরুলিয়ায় মাওবাদী কার্যকলাপ বেড়ে গেছে, একথা ঠিক। অস্বীকার করার উপায় নেই। কিন্তু মাওবাদীদের হাতে কারা মারা যাচ্ছে ? আটটি গ্রাম পঞ্চায়েতের মধ্যে চারটি ওঁদের দখলে। ওঁদের গ্রাম পঞ্চায়েতগুলিতে মাওবাদী কার্যকলাপ সবচেয়ে বেশি বৃদ্ধি পেয়েছে। বারিকুল গ্রাম পঞ্চায়েত, রাউতোড়া গ্রাম পঞ্চায়েত, হারুলদা গ্রাম পঞ্চায়েত এবং রানীবাঁধ গ্রাম পঞ্চায়েত, এই চারটি গ্রাম পঞ্চায়েত তৃণমূল এবং ঝাড়খণ্ডীদের দখলে আছে। ওই জায়গাগুলিতেই মাওবাদী কার্যকলাপ বেশি বৃদ্ধি পেয়েছে। ওঁদের দখলে থাকা পঞ্চায়েতগুলিতে আজ পর্যন্ত মাওবাদীদের বিরুদ্ধে কোনো মিছিল, মিটিং বা প্রতিবাদ সভা ওঁরা করেননি। এখানে ওঁদের নেতারা মাওবাদীদের নিয়ে বলছেন অথচ ওই সমস্ত এলাকায় গিয়ে কোনো প্রতিবাদ করেননি, মিছিলে সক্রিয় অংশগ্রহণ করেননি। আজকে এখানে কুম্ভিরাশ্রু বর্ষণ করছেন, বলছেন পুরুলিয়া, পশ্চিম মেদিনীপুরে মাওবাদী কার্যকলাপ বেড়ে গেছে। এই কুম্ভিরাশ্রু বর্ষণ এই সভাতে শোভা পায়, বাইরে গিয়ে করলে লোকে ঘৃণা প্রদর্শন করবে। বিরোধীরা এখানে আইন-শৃঙ্খলা নিয়ে বলছেন। আমাদের সীমিত ক্ষমতার মধ্যে সীমিত পুলিশবাহিনী নিয়ে শান্তি শৃঙ্খলা আমরা বজায় রাখার চেষ্টা চালিয়ে যাচ্ছি। আমরা যে সময়ে আদিবাসী অধ্যুষিত বনাঞ্চলে উন্নয়ন প্রক্রিয়া চালিয়ে যাচ্ছি, সেখানে ২৫ বছর আগে কি অবস্থা ছিল ? আপনারা যখন শাসনক্ষমতায় ছিলেন তখন বন উধাও হয়ে গিয়েছিল। তার জন্য পুনরায় আমাদের বামফ্রন্ট সরকার বন সৃজনের মাধ্যমে বনাঞ্চলগুলিকে নতুন করে সাজাচ্ছেন। আজকে আদিবাসী এলাকায় বনাঞ্চলে ফরেস্ট প্রোটেকশন কমিটি গঠিত হয়েছে। কাঠ থেকে আমাদের প্রতি বছর যে ৫-৬ কোটি টাকা রাজস্ব আদায় হয়, সেই টাকা প্রতি বছর ফরেস্ট প্রোটেকশন কমিটি আজকে পাচ্ছে।

[2.20–2.30 p.m.]

ফরেস্ট প্রোটেকশন কমিটি এলাকার আদিবাসী, শ্রমজীবী মানুষ, খেটে-খাওয়া মানুষের দ্বারা গঠিত হয়েছে। তারা তাদের লভ্যাংশ পাচ্ছে। এটা কি আমাদের সাফল্য নয় ? ওই ফরেস্ট প্রোটেকশন কমিটির মাধ্যমে আজকে বনকে বহুলাংশে রক্ষা করা যাচ্ছে। এর সঙ্গে যুক্ত মানুষেরা প্রত্যেক বছর তাদের লভ্যাংশ পাচ্ছে। এটা কি উন্নয়ন নয় ? বনজ সম্পদের উন্নয়ন নয় ?

বিনিয়োগের ক্ষেত্রেও আমাদের রাজ্য একটা বিশিষ্ট জায়গায় আছে। এ বছর ২ হাজার ২০০ কোটি টাকা বিনিয়োগ হয়েছে। আই.টি ক্ষেত্রে বিনিয়োগের ক্ষেত্রে কলকাতা ভারতবর্ষের মধ্যে প্রথম স্থান অধিকার করেছে। এটা আপনারা অস্বীকার করতে পারেন ? আই.টি. সেক্টরে উন্নতি হয়নি এটা কি আপনারা বলতে পারেন ? বলতে পারবেন না। আই.টি

ক্ষেত্রের বড় বড় কোম্পানি কলকাতায় তাদের কোম্পানি খোলবার জন্য আসছে, মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে দরবার করছে। অপরদিকে হলদিয়া পেট্রো-কেমিক্যাল রয়েছে। এছাড়া নতুন নতুন শিল্প স্থাপনের জন্য প্রকল্প গড়ে উঠছে, বিনিয়োগ হচ্ছে।

ভূমি সংস্কারের মধ্যে দিয়ে যে সকল উন্নয়ন ঘটে চলেছে তা তো সকলে দেখতেই পাচ্ছেন। ভূমি সংস্কারের ফলে গরিব, খেটে-খাওয়া মানুষ, পাট্টাদার, বর্গাদাররা নিজস্ব স্বাধীনতা পেয়েছে, এলাকায় নিজেদের প্রতিষ্ঠিত করতে পেরেছে। কৃষিতে উন্নয়ন হয়নি আপনারা বলছেন। বাঁকুড়া, পুরুলিয়ায়, জেলায় জেলায় গিয়ে দেখতে পাবেন সবুজায়নের মেলা চলছে যেন। দেখতে পাবেন কী রকম বোরো চাষ হচ্ছে। খাদ্যাভাব নেই, মানুষকে আজ আর মাইলো খেতে হয় না, লঙ্গরখানায় যেতে হয় না, সব সবুজ হয়ে আছে। বোরো চাষ হচ্ছে না তা বলতে পারবেন না।

অন্যদিকে আবার শিল্পায়নও হচ্ছে পুরুলিয়া-বাঁকুড়াতে। স্পন্জ আয়রনের কারখানা-সহ নানা কারখানা গড়ে উঠছে। বড়জোড়া, বিষ্ণুপুরে শিল্প স্থাপনের নতুন নতুন সম্ভার নিয়ে শিল্পপতিরা আসছেন এবং শিল্প স্থাপনও হচ্ছে। তবে এটা আমরা অস্বীকার করি না যে, স্পন্জ আয়রন কারখানার মধ্যে দিয়ে বাঁকুড়া-তে কিছু দূষণ হচ্ছে। এ ব্যাপারে মাননীয় সদস্য কাশীবাবু বলেছেন। কিন্তু দূষণ নিয়ন্ত্রণের জন্য পরিবেশ দপ্তর এলার্ট আছে। যেখানে সেখানে স্পন্জ কারখানা করলেই হবে না দূষণ প্রতিরোধের ব্যবস্থাও যাতে নেওয়া হয় সেটা দেখতে হবে। মনে রাখতে হবে দূষণের ফলে বনাঞ্চলগুলো নষ্ট হয়ে যেতে পারে। সুতরাং, স্পন্জ আয়রন কারখানার মাধ্যমে যাতে দূষণ না ছড়ায় তার জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি বসাতে হবে। নিয়মের মধ্যে থেকে অনেক কিছু হচ্ছেও।

আজকে বনাঞ্চলে নতুন নতুন বন্যপ্রাণী সংরক্ষিত হচ্ছে। জয়পুরের জঙ্গলেও বন্যপ্রাণী সংরক্ষিত হতে আমরা দেখছি। সেখানে আমরা ১২টা হরিণ ছেড়েছিলাম এখন তার সংখ্যা গিয়ে দাঁড়িয়েছে সাড়ে ৪০০। মুকুটমণিপুর আজকে একটা উন্নত পর্যটন কেন্দ্র হিসাবে পরিগণিত হচ্ছে। বাঁকুড়া এবং পুরুলিয়ায় যাতায়াতের ক্ষেত্রে প্রভূত উন্নয়ন হচ্ছে। এই অবস্থার বিরুদ্ধে যতই সমালোচনা করুন জনগণের সাহায্য নিয়ে এই বামফ্রন্ট সরকার টিকে আছে এবং আগামীদিনেও টিকে থাকবে এই আশা রেখে এবং মহামান্য রাজ্যপাল মহাশয় যে ভাষণ দিয়েছেন তাকে সমর্থন জানিয়ে বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী শিশির অধিকারী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সংবিধানের ১৭৬ ধারা অনুযায়ী মহামান্য রাজ্যপাল গত ২রা ফেব্রুয়ারি, ২০০৬ তারিখে যে ভাষণ রেখেছেন, সেই ভাষণের উপরে বলতে গিয়ে আমাদের বিরোধীদের আনা সংশোধনী প্রস্তাবকে সমর্থন করে কিছু বক্তব্য রাখছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের মুখ দিয়ে বাণী প্রকাশ হয়েছে। অনেক কথাই বেরিয়েছে এই প্রসঙ্গে, কেউ কেউ বলেছেন গাঁধী বাড়ির ছেলে। গাঁধী বাড়ির ছেলে এইসব অনেক কথা তুলেছেন, আমি সেই প্রসঙ্গে যাচ্ছি না, আমি বলতে চাই একটা গতানুগতিক পদ্ধতি চলে আসছে। ১৯৭৭ সালের পর থেকে বামফ্রন্ট সরকার চলে আসছে।

প্রথমে একজন অর্থমন্ত্রী ছিলেন, পরে অন্যের হাতে চলে গেল, পরে মুখ্যমন্ত্রী নিজের হাতে অর্থ দপ্তর নিয়ে নিয়েছিলেন, বর্তমানে একজন অর্থমন্ত্রী আছেন। ঠিক যেভাবে প্রতি বছর ভাষণ সাজানো হয়, এই বছরও ঠিক সেইভাবে সাজানো হয়েছে। এটা একটা অকল্পনীয় ব্যাপার যে, পশ্চিমবাংলার অর্থনীতি ধ্বংস হয়ে গেছে প্রথমেই। আপনি নিশ্চয় জানেন ১৯৭৬-৭৭ সালের বাজেট যখন উত্থাপিত করা হয়েছিল তাতে দেখা গেছিল মাইনাস ব্যালেন্স ছিল। ১৯৭৬-৭৭ সালে ৫৬ হাজার ১১৮০ টাকা ছিল মাইনাস ব্যালেন্স, ১৯৭৭-৭৮ সালে ৫৯ হাজার ৭৪,৭৭৪০ টাকা ছিল, পরে দেখা গেল অর্থাৎ আজকে ২০০৩-০৪ সালে ৭০,৭২০১১,৩৬৯৪ টাকা যেখানে ছিল, সেখানে মাইনাস ব্যালেন্স আস্তে আস্তে নেমে এসে দাঁড়িয়েছে ৪২,৬৭,৯৩ টাকায়। অতএব মাইনাসের মধ্যে দিয়েই গোটা অর্থনীতিটা চলছে। আমি অর্থনীতির মধ্যে না গিয়ে যেটা বলতে চাই যে, কেউ কেউ কে এল ও, মাও, মাও, হাও, হাও, এইসব করলেন। অনেকেই হাও হাও করে বললেন কিন্তু এর উৎপত্তিটা কোথায় বলুন তো ? রাজ্যপালের ভাষণে বলা হয়েছে জনাদেশ নিয়ে এসেছে ব্যালট বাক্সে। কিন্তু বাস্তবে তা নয়, পুলিশের সংঘবদ্ধতাই এখানে বামফ্রন্টকে নিয়ে এসেছে। একজন মার্কসবাদী নেতা টিভিতে বলেছেন, টাকা-কড়ির লেনদেনের কথা বলেছেন। আমি বলতে চাই এই যে, কেন্দ্রীয় সরকার কাড়িকাড়ি টাকা পাঠাচ্ছে সেই টাকা কি পশ্চিমবঙ্গে খরচ হচ্ছে ? একবার বুকে হাত দিয়ে বলুন তো কি সম্পদ তৈরি হয়েছে কি পঞ্চায়েতে বলুন, কি পৌরসভাতে বলুন ? রাজ্যের শিক্ষা, স্বাস্থ্য, কৃষি আজকে কোন মহালগ্নে নাকি অন্তিম লগ্নে এসে দাঁড়িয়েছে সেটা আপনারাও বুঝতে পারছেন, আমরাও বুঝতে পারছি। আবার আপনারাই নাকি নতুন বিধানসভায় আসবেন আবার নতুন করে সম্পদ সৃষ্টি করবেন। বাংলার সম্পদ সৃষ্টি করার নামে নতুন করে আপনারা কৃষি জমিকে শিল্পের কাজে লাগাচ্ছেন। কৃষি জমিকে শিল্প জমিতে পরিণত করতে চলেছেন। যে তিন ফসলা জমিতে চাষ করে কৃষকরা ২৮২ দিন শ্রমদিবস পালন করেছে, কর্মসংস্থানের ব্যবস্থা করেছে এবং দু-ফসলা জমিতে চাষ করে ১৪০ দিন শ্রমদিবস পালন করেছে, আজকে সেই জমির উপরে শিল্প গড়তে চলেছেন। ৫৫ হাজার ফ্যাক্টরী বন্ধ হয়ে গেছে। ৪৫ হাজার হেক্টর জায়গা ওই ফ্যাক্টরীর জন্য রয়েছে। গত বছরই অর্থমন্ত্রী তাঁর বাজেট ভাষণে বলেছেন যে গ্রামের সব ভেস্ট জমি বিলি হয়ে গেছে। কেউ যদি নতুন করে জমি দিতে চায় তাকে উপযুক্ত বাজার মূল্য দিয়ে তার জমি নেব। আমি জানি আপনাদের ৪৫ হাজার একর জমি হাতে রয়েছে এবং বিশিষ্ট শিল্পপতিরা সেই জমি পাওয়ার জন্য হাত পেতে বসে আছেন। রাইটার্স বিল্ডিংস-এ বসে তাদের সঙ্গে গোপন পরামর্শ করে তাদেরকে দুশো একর, একশো একর জমি ছেড়ে দিচ্ছেন। ওই জমি তাদেরকে আবার উচ্চমূল্যে বিক্রি করতে সহযোগিতাও করছেন। বানতলাতে চর্ম নগরী করার জন্য একজন শিল্পপতিকে ২০০ একর সারপ্লাস জমি দিয়েছিলেন। বানতলায় চর্মনগরী করার জন্য শিল্পপতি ডালমিয়া ২৫০ একর সারপ্লাস জায়গা চেয়েছিলেন। আপনারা গোপনে পরামর্শ করে তাঁকে একশো, দুশো একর জায়গা দিয়ে দিলেন। এইভাবে ডালমিয়া একশো দুশো একর জায়গা দখল করে নিলেন। আপনাদের যে দলিল তৈরি হয়েছিল, সেই দলিলে লেখা ছিল জমি অ্যাকুইজিশান করা হয়েছে ফ্যাক্টরী করার

জন্য, কিন্তু ফ্যাক্টরী না করে সেই জমি ডালমিয়া বিক্রি করার ব্যবস্থা করলেন। কথা আছে যে, যদি ফ্যাক্টরী না হয় তাহলে সেই জমি সরকারকে ফেরত দিতে হবে। সেখানে গভর্নমেন্ট ডালমিয়াকে চর্মনগরী করার জন্য জমি দিলেন।

[2.30–2.40 p.m.]

ওখানে আড়াই শত একর জায়গা প্রথমে রিজেক্ট করে অফিসাররা, পরে মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপে ১০০ একর জায়গা ডালমিয়াকে ব্যক্তিগতভাবে বিক্রি করে দিয়েছেন এবং শুধু ডালমিয়া নয় আমার কাছে ৩০-৪০টি পরিসংখ্যান আছে দেখাতে পারি। কয়েক হাজার একর জায়গা বেচে দিয়েছেন। দল আছে ? ২০০১ সালে বিধানসভা নির্বাচনের পরে পঞ্চায়েত নির্বাচন, লোকসভা নির্বাচনের পরে গ্রামে-গঞ্জে কোনো মিছিল হয় ? আজকে টি.ভি.-তে দেখাচ্ছে রাজনৈতিক নেতারা টাকা নিচ্ছেন। সরকারী স্কিমের ২৫ পারসেন্ট টাকা পার্টি অফিসে না দিলে কোনওদিন কাজ হয় না। কনট্রাকটাররা ৩০ পারসেন্ট কাজ করে। আজকে কি অবস্থা তৈরি করেছেন ? সি.পি.এমের পুলিশ আছে, কনট্রাকটার আছে। কেন্দ্রীয় সরকারের বিভিন্ন পরিকল্পনার টাকা থেকে লুঠপাট করে ৮৫০ কোটি টাকা দিয়ে পার্টির সম্পদ তৈরি করেছেন, সেটা অস্বীকার করতে পারবেন ? পার্টির সম্পদ কোথা থেকে তৈরি করছেন ? আমরা জানিনা সি.পি.এম.-কে মানুষ এবারে কি করবে ? যার জন্য আওয়াজ উঠছে, পরিবর্তনের সেই আওয়াজে ধুয়েমুছে সব সাফ হয়ে যাবেন কিনা জানি না। কিন্তু কিছু কিছু বুদ্ধিজীবী মানুষরা বলছেন যে, এরা আর একটা টার্ম থাকুক, তারপর নিজেরা খাওয়া-খাওয়ি করে গুণ্ডা, গদ্দারি করে শেষ হয়ে যাবে। কিন্তু বাংলার কবি কাজি নজরুলের যে বাংলা, সেই বাংলায় পরিবর্তনের হাওয়া বইছে, সেই পরিবর্তনের হাওয়ায় ধুয়েমুছে সব সাফ হয়ে যাবে। আজকে এখানে বলতে চাই যে, তফসিলি জাতি, তফসিলি উপজাতিদের নিয়ে যে গালভরা কথা বলছেন, এখানে তফসিলি বন্ধুরা আছেন, মাইনরিটির বন্ধুরা আছেন, সেই মাইনরিটি লোনে কি করেন ? কিভাবে অনাদায় হলে সেটা কিভাবে আদায় করেন। মাইনরিটি লোনে যুবক হলে যদি টাকা নিতে চায় তাহলে তার স্ত্রীকে নিয়ে যেতে হবে। বেকার হলে বাবা-মাকে নিয়ে যেতে হবে মাইনরিটি লোনের ফর্ম ফিলআপের জন্য। আমি প্রশ্ন করেছিলাম বাবা-মাকে নিয়ে যেতে হবে কেন ? একটা যুবক ব্যবসা করবে, সে তার বৌকে কেন নিয়ে যাবে ? আমাকে বলে কি জানেন ? মুসলমান বাড়ির মেয়েরা পর্দানসিন, জেলায় না নিয়ে গেলে, ওই তেলেভাজা না খেলে, বাইরে না বেরলে চলবে না। আমি বলেছিলাম বাবা-মাকে নিয়ে যেতে হবে কেন ? মাইনরিটি লোনে বাবা-মাকে সই করতে হবে কেন ? বলেছিল, জেলা সদর দেখেনি গ্রামে-গঞ্জের লোক, তারা মজুরী খাটে, লাঙল দেয়, তাই তাদের নিয়ে আসতে হবে। কিছু লোন দিয়ে সেখানে ভিক্ষা দিচ্ছেন। এই মাইনরিটির দরখাস্ত নিচ্ছেন, কিন্তু এই যে ৫ হাজার টাকা লোন দিলেন মানুষকে এবং ৫০০ টাকা করে কিস্তি, একটা ব্যাঙ্কের কাছ থেকে ১০ খানা চেক নিয়ে নিলেন। এই ৫০০ টাকা করে অনাদায় হলে কি হবে ? এখানে অনেক 'ল-ইয়ার' আছেন, ১৩৮ সেকশানে কেস হবে মাইনরিটি লোনের হেড অফিস আলিপুরে। ১৩৮ সেকশানে কেস্ করতে গেলে গ্রামে-গঞ্জের মাইনরিটির যুবক হলে তার স্ত্রীকে নিয়ে

আসতে হবে, বেকার হলে তার ভাইকে নিয়ে সেখানে আসতে হবে জামিন হিসাবে ১৩৮ সেকশানে। কে বলেছিল আপনাদের এইসব করতে ? কেন অনাদায় হল সে কথা আমি বলিনি, লোন নিলে সেই লোন দিতে হবে। কিন্তু কেন আলিপুরে আসতে হবে সারা বাংলার মানুষকে মাইনরিটি লোনের জন্য ? এখানে তফসিলি জাতির বন্ধুরা আছেন, তফসিলি উপজাতির বন্ধুরা আছেন। একটা তফসিলি সার্টিফিকেট নিতে গেলে কি করতে হবে ? প্রতিষ্ঠিত সম্ভ্রান্ত আত্মীয়-স্বজনকে সেই ফর্মে স্বাক্ষর করে নিয়ে আসতে হবে। আমাদের ধোপা, নাপিত, বাগদী এবং সাঁওতাল সম্প্রদায় আছে, সেখানে প্রতিষ্ঠিত সম্ভ্রান্ত আত্মীয়-স্বজনের কথা বলা হচ্ছে কেন ? ২৮-২৯ বছরে বামফ্রন্ট সরকার, যারা ওইদিকে বসে আছে, বাহবা পাচ্ছেন, তারা এখানে বলছেন, হরেকৃষ্ট হরেরাম, এখানে বলছেন, কেন্দ্রীয় সরকারকে ফেলে দেব, আর ওখানে বলছেন ওই ঠাণ্ডি ঘরে বসে বলছেন, বাপরে বাপ, হরেকৃষ্ণ হরেরাম, আমাদের সনিয়াজি বেঁচে থাকুন, আর এখানে এই বাংলার মানুষকে শোষণ করে যাও। এখানে শোষণ করে ক্ষমতায় এসে আরও কিছু গুণ্ডা তৈরি করে, আরও কিছু গদ্দার তৈরি করে বাংলার শান্তি নষ্ট করি। আজকে এই অবস্থা দাঁড়িয়েছে বামফ্রন্ট সরকারের। আমি এই কথা শেষে নিবেদন করতে চাই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমি অনেক কথা শুনেছি। তাই রাজ্যপালের ভাষণের বিরোধিতা করে, আমাদের আনা সংশোধনীগুলোকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমতী শান্তা ছেত্রী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ২ ফেব্রুয়ারি ২০০৬ সালে মাননীয় রাজ্যপাল এই হাউসে যে বক্তব্য রেখেছিলেন, সেই পরিপ্রেক্ষিতে অল্প সময়ের মধ্যে আমি আমার বক্তব্য রাখছি। মাননীয় রাজ্যপালের ভাষণের মধ্যে রয়েছে যে, দার্জিলিং-এ অলটারনেটিভ টু দ্য কাউনসিলর কনস্টিউসনাল গ্যারেন্টেড বডি আন্ডার সিক্স সিডুল হয়েছে। ইনপ্রিন্সিপুল মেমোরেন্ডাম অফ সেটেলমেন্ট ৬ ডিসেম্বর ২০০৫ সই হয়েছে, আমাদের রাজ্যের মুখ্যমন্ত্রী, আমাদের কেন্দ্রীয় ইউনিয়ন মিনিস্টার এবং অ্যাডমিনিস্ট্রেটর মাননীয় সুবাস ঘিসিং-এর উপস্থিতিতে। আমি আমার দার্জিলিং-এর সমস্ত জনগণের পক্ষ থেকে এবং আমাদের মাননীয় অ্যাডমিনিস্ট্রেটর সুবাস ঘিসিং-এর পক্ষ থেকে আমাদের রাজ্যের মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ জানাচ্ছি। এর সাথে সাথে এই হাউসের সমস্ত বিধায়কগণকেও ধন্যবাদ জানাচ্ছি। কারণ সিক্স সিডুল হওয়ার আগে এখানে যে বিল এসেছিল সেই বিলে অ্যাডমিনিস্ট্রেটর করার জন্য আমরা সবাই একমত হয়েছিলাম। মাননীয় রাজ্যপালের ভাষণের মধ্যে আইন শৃঙ্খলার বিষয়ে উল্লেখ করা হয়েছে। আমাদের দার্জিলিং হচ্ছে নেপালের বর্ডার। দার্জিলিং-এর সান্দরপুর এবং ফালুটে ব্যারিগেট নেই। ওখানে এস.এস.বি. মোতায়েন রয়েছে, কিন্তু তাও কম সংখ্যায় রয়েছে। নেপাল থেকে মাওবাদীরা ওখান দিয়ে সহজেই দার্জিলিং-এ ঢুকে পড়ছে। ওখানে ব্যারিগেট করার জন্য আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি। আমাদের মন্ত্রী মাননীয় অশোক ভট্টাচার্যকে বলছি মিরিকে রাস্তা না বানিয়ে সান্দকপুর এবং ফালুটে ব্যারিগেট করুন। কারণ ওখান দিয়ে মাওবাদীরা সহজেই ঢুকে পড়ছে। মাননীয়

রাজ্যপালের ভাষণের মধ্যে পাবলিক সেক্টার কোম্পানি, যেগুলো সিক হয়ে গিয়েছে, সেগুলো রিভাইভ করার কথা রয়েছে। কিন্তু দুঃখের সঙ্গে বলতে হচ্ছে আমাদের দার্জিলিং-এ চা শিল্পের পরে যে শিল্পটার স্থান সেটা হচ্ছে সিংকোনা শিল্প। এটা ব্রিটিশরা করে গিয়েছিল। কিন্তু আজকে সেটা একেবারে ডিফাংক হয়ে গিয়েছে। সেগুলো রিভাইভ করার জন্য সরকারের পক্ষ থেকে কোনো উদ্যোগ এখনও পর্যন্ত নেওয়া হচ্ছে না। সিংকোনা প্ল্যানটেশানে ৫০০-৬০০ কর্মী যুক্ত আছে। সিংকোনা প্রোডাকশান যেটা হয় সেটা পড়ে থাকে। কাঁচামাল পড়ে আছে। সেগুলো বিক্রি করার কোনো উদ্যোগ রাজ্য সরকার নিচ্ছে না। ওখানে সিংকোনার যে কাঁচামাল আছে সেগুলো আস্তে আস্তে চুরি হয়ে যাচ্ছে। মাননীয় রাজ্যপালের ভাষণে দার্জিলিং-এর ফল রফতানির কথা বলা আছে। ফ্লোরিকালচারের ক্ষেত্রেও আমাদের কালিম্পং, মিরিক, কার্সিয়াং খুবই উন্নত। সেই জন্য আমি সংশ্লিষ্ট মন্ত্রীর কাছে অনুরোধ করছি ওখানে ফ্লোরিকালচারের ব্যাপারে উদ্যোগ নেওয়ার জন্য। এই আবেদন জানিয়ে আমার বক্তব্য এখানে শেষ করছি।

[2.40–2.50 p.m.]

শ্রী অপূর্ব মুখার্জী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজপ্যাল শ্রী গোপালকৃষ্ণ গান্ধীর যে প্রতিবেদন হাতে পেয়েছি, তার একটি কথার উপরেই আমার বক্তব্য সীমাবদ্ধ রাখব। উনি লিখেছেন পশ্চিমবাংলার ৭৫ লক্ষ বেকারের কথা। কিন্তু স্পষ্ট করে কোথাও উল্লেখ করেননি যে, এই ৭৫ লক্ষ বেকার কোথায় গিয়ে দাঁড়াবে। কিছু কথা লিখেছেন, সমবায় করে কিছু গরু, ছাগল পুষে, কিছু হাঁস, মুরগী পালন করে তাদের জীবিকা নির্বাহ করবে। মাননীয় বিধায়করা এখানে আছেন, বলুন তো পঞ্চায়েত এলাকায় হোক বা মিউনিসিপ্যাল এলাকায় বা কর্পোরেশন এলাকায়, যেখানেই হোক কোনো একজন বেকার তার প্রকল্প জমা দেওয়ার পর সেই প্রকল্প ব্যাঙ্কে আসার পর, ব্যাঙ্ক থেকে টাকা পেতে তার কি অবস্থা হয় ? এর ফলে সমবায় করে হোক বা যেভাবেই হোক, কোনো কাজ কি সঠিকভাবে করতে পারবে ? আমি আমার অভিজ্ঞতা দিয়ে বলছি—পারে না। কিছু ফানুস উড়িয়েছেন পশ্চিমবাংলার তথাকথিত উন্নততর ষষ্ঠ বামফ্রন্ট সরকার। শপথ গ্রহণের পর থেকে আজ পর্যন্ত যা তা বলে এসেছেন কাজে তা দেখাতে পারেননি। আমি দুর্গাপুরের মানুষ, শিল্প নগরীর মানুষ, যে শিল্প নগরীকে ঘিরে আমরা স্বপ্ন দেখি, সেখানে কিছু ছোটখাটো কলকারখানা তৈরি হওয়া ছাড়া আর কিছু হয়নি। এক ভয়ঙ্কর অবস্থা। স্ট্যান্ডিং কমিটি অন কমার্স অ্যান্ড ইণ্ডাস্ট্রিজ অ্যান্ড ইণ্ডাস্ট্রিয়াল রিকনস্ট্রাকশন কমিটির সদস্য হওয়ার সুবাদে পশ্চিমবাংলার বিভিন্ন প্রান্ত ঘুরে দেখার সুযোগ আমার হয়েছে। বিগত কয়েকদিনে বাঁকুড়া, পুরুলিয়া, দুর্গাপুর অঞ্চলগুলো ঘুরে যে অভিজ্ঞতা হয়েছে তাতে দেখছি যে কলকারখানাগুলো ওখানে তৈরি হয়েছে, সেখানে মুনাফাখোরদের মুনাফা লোটার ব্যবস্থা করে দেওয়া ছাড়া আর কিছু হয়নি। রাজ্য সরকার কম দামে জমি দিয়েছে, বিদ্যুৎ দিয়েছে, পরিকাঠামো দিয়েছে। আমি দায়িত্ব নিয়ে বলছি, ওখানকার আশপাশের ছেলেরা, যুবকরা সেখানে কর্মের সুযোগ পায়নি। কর্ম চাইতে গেলে তাদের বলা হয়, তোমাদের দ্বারা এই কাজ করা সম্ভব নয়। তাদের

কাজ করার সুযোগ না দিয়েই এই কথা বলে ফিরিয়ে দিচ্ছে। ন্যূনতম মজুরী পর্যন্ত সেখানে দেওয়া হয় না। রাজ্য সরকারের পরিষ্কার নির্দেশ আছে, আনস্কিলড্ লেবার হলে ৯০ টাকার উপর মাইনে দিতে হবে রোজ। পি.এফ. দিতে হবে, সঙ্গে সঙ্গে ই.এস.আই. ফেসিলিটি দিতে হবে, না হলে সমমূল্যের স্বাস্থ্য পরিষেবা দেওয়ার ব্যবস্থা করতে হবে। কিন্তু কোনো কোম্পানিই সেইগুলো মানছে না। মাননীয় শ্রমমন্ত্রী আছেন, আপনি বলবেন—দুর্গাপুরের বুকে একটা টাস্কফোর্স তৈরি করেছেন, তার প্রতিবেদন যেটা বেরিয়েছে, সেটা যদি বিধানসভায় ফাঁস করা হয় তাহলে দেখা যাবে আমার কথাগুলো ছত্রে ছত্রে মিলে যাচ্ছে। সেখানে স্বাস্থ্যের যে পরিষেবা সেই পরিষেবা দেওয়া হয়নি। ওখানে কাজের যে পরিবেশ সেই পরিবেশ এমন জায়গায় পৌঁছে গেছে যেটা আশপাশে যারা থাকেন, সংলগ্ন এলাকায় যারা থাকেন, ওখানকার যারা বিধায়ক তাদের নতুন করে বলে দিতে হবে না। যারা আশপাশে থাকেন না তারা জানেন না কি ভয়ঙ্কর পরিস্থিতি ওখানে চলছে। আমরা ওখানে গিয়ে হাসতে হাসতে একটা কথা আলোচনা করছিলাম। বাচ্চাদের যদি জিজ্ঞাসা করা হয় গাছের রং কি, তারা বলবে না যে গাছের রঙ সবুজ, তারা বলবে গাছের রঙ কালো। এই পরিস্থিতি সেখানে দাঁড়িয়েছে। বাঁকুড়া, পুরুলিয়া, দুর্গাপুর, আসানসোল এলাকা যেখানে, যেখানে এই সমস্ত কারখানা স্থাপন করা হয়েছে, সেখানকার আশপাশের মানুষ তিতিবিরক্ত হয়ে গেছে এই কারখানার সুবাদে। সেখানে দাঁড়িয়ে এই যে কর্মবিনিয়োগের কথা বলা হচ্ছে, আমি দায়িত্ব নিয়ে বলতে পারি যে রাজ্যের বেকার যুবকরা যে কর্মে সুযোগ পেয়েছে সেটা ২০ পারসেন্টের বেশি নয়। বাইরে থেকে লোক নিয়ে আসা হচ্ছে। তাদের কাছ থেকে শ্রম আদায় করা হচ্ছে। তাদের ১২, ১৪ ঘণ্টা কাজ করিয়ে নিয়ে ৪৫, ৫০ টাকা দেওয়া হচ্ছে। এই সমস্ত কথা রাজ্যপালের ভাষণে লেখা নেই। ৭৫ লক্ষ বেকারের কথা রাজ্যপালের ভাষণে লেখা নেই। আবার তাঁরাই দায়িত্ব নিয়ে গর্ব করে বলছেন যে আমরা সপ্তম বিধানসভা গঠন করব। আমি জানি না কি করে তারা আসবেন। ৭৫ লক্ষ বেকার যুবককে আপনাদের কৈফিয়ত দিতে হবে। আজকে আপনাদের বাড়িতেও এক একটা বেকার তৈরি হচ্ছে। সে আপনাকে বলবে বাবা আমাকে একটা কাজ দাও, আমারও কাজ পাওয়ার অধিকার আছে। তখনও কি আপনারা পার্টির ধুয়ো তুলে থাকবেন ? তাই রাজ্যপালের প্রতিবেদনের বিরোধিতা করে, আমাদের আনা সংশোধনীর সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমতী কুমারী কুজুর : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদসূচক প্রস্তাব এসেছে তাকে সমর্থন করে আমি দু-একটি কথা বলতে চাই। উত্তরবঙ্গে যে জঙ্গি আক্রমণ প্রসারিত হয়েছিল সেই আক্রমণকে প্রশমিত করার ব্যবস্থা করেছেন আমাদের সরকার। যারা বিভিন্ন ভাষাভাষী মানুষের মধ্যে সাম্প্রদায়িকতা সৃষ্টি করার চেষ্টা করছে বামফ্রন্ট সরকার সেই সাম্প্রদায়িকতা যাতে ছড়িয়ে পড়তে না পারে তার জন্য ব্যবস্থা গ্রহণ করেছেন। উত্তরবঙ্গ পাহাড়ী এলাকা, চারিদিকে চা-বাগান, চা-বাগান থাকা সত্ত্বেও সেখানে নদী ভাঙনে জল ঢুকে যায়। ওইসব এলাকা ক্ষতিগ্রস্ত হয়। বামফ্রন্ট সরকার নদী বাঁধ দিয়ে এই নদী ভাঙন রোখার চেষ্টা করেছেন। এইভাবে বহু উন্নয়নমূলক কাজ সেখানে হয়েছে। গ্রামাঞ্চলে বিদ্যুৎ সংযোগ প্রসারিত হয়েছে। যা কিছু কাজ বাকি আছে আমাদের দাবি

থাকল সেই সব কাজ সম্পূর্ণ করার জন্য। বাগানে বিভিন্ন ভাষাভাষী মানুষ বাস করে। হিন্দি ভাষাভাষী মানুষ বাস করে। রাজ্য সরকার সর্বশিক্ষার মাধ্যমে শিক্ষার প্রসার ঘটিয়েছেন। চা-বাগানে হিন্দি ভাষাভাষী মানুষ বাস করেন, কেন্দ্রীয় সরকার যদি সহযোগিতা করেন আমাদের দাবি থাকল ওই এলাকায় হিন্দি স্কুল, কলেজ যাতে হয় সেই ব্যবস্থা গ্রহণ করবেন।

[2.50–3.00 p.m.]

পাশাপাশি চা বাগান এলাকায় রেশন কার্ড নিয়ে অনেক সময় সমস্যা দেখা দিচ্ছে। রেশন কার্ড থাকা সত্ত্বেও চা বাগান এলাকার শ্রমিকরা সঠিকভাবে রেশন পাচ্ছে না। তাই চা বাগান এলাকায় সঠিকভাবে যাতে রেশন বিলি বণ্টন করা হয়, তার জন্য আমি আবেদন জানাচ্ছি। উত্তরবঙ্গে যদি একটা বিশ্ববিদ্যালয় এবং একটা মেডিক্যাল কলেজ স্থাপনের মঞ্জুরি আসে, তাহলে উত্তরবঙ্গের মানুষ উপকৃত হবে। উত্তরবঙ্গের ৬টি জেলায় সঠিকভাবে উন্নয়ন ঘটেনি। এই ব্যাপারে আরও নজর দিতে হবে। উত্তরবঙ্গের আদিবাসী এলাকাগুলিতে তফসিলি জাতি ও উপজাতি অধ্যুষিত এলাকাগুলিতে শিক্ষা ব্যবস্থায় প্রসার ঘটানোর বিশেষ প্রয়োজন আছে বলে মনে করি। এই বামফ্রন্ট সরকার থাকাকালীন এই উত্তরবঙ্গের উন্নয়ন ঘটেছে। তাই আশা রাখি যে, আগামীদিনেও বামফ্রন্ট সরকার বিপুল ভোটে জয়যুক্ত হয়ে এখানে আসবে। এই কটি কথা বলে রাজ্যপালের ভাষণকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী তাপস রায় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত ২ ফেব্রুয়ারি মাননীয় রাজ্যপাল গোপালকৃষ্ণ গান্ধী মহাশয় এখানে যে ভাষণ রেখেছেন এবং তার উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এখানে আনা হয়েছে, আমি তার সম্পূর্ণ বিরোধিতা করছি এবং বিরোধী সদস্যদের আনা সমস্ত সংশোধনীকে সম্পূর্ণরূপে সমর্থন করে আমি আমার বক্তব্য রাখছি। পশ্চিমবঙ্গের দৈন্যদশা আমরা জানি। কিন্তু মার্কসবাদী কমিউনিস্ট পার্টির বক্তাদের এই দৈন্যতা আমি ৪ দিন ধরে লক্ষ করলাম। একমাত্র সঠিক বক্তব্য রাখলেন মুস্তাফা বিন কাশেম সাহেব মহাশয়। আমি তাঁকে শ্রদ্ধা করি। তাঁর বক্তৃতা আমি মন দিয়ে শুনেছি। বারবার তাঁকে ব্যবহার করে তাঁর ব্যক্তিসত্তাকে ভোঁতা করে দেওয়া হয়েছে। আপনি সেদিন কি বললেন ? আপনি বললেন ৩০ লক্ষ বাদ দিয়ে আমরা ৯ থেকে ১-এ এসে পৌঁছেছি। এই কথা বলতে আপনাদের লজ্জা হল না ? এই কথা আপনারা তো বললেন না যে, এই ৩০ লক্ষের উপর কতজন জিতে এসেছেন ? আমরা শূন্যে যেতে রাজী আছি। পশ্চিমবঙ্গের গণতন্ত্রকে ১০০-তে পাঠিয়ে আমরা শূন্যে যেতে রাজী আছি। আপনারা গণতন্ত্রকে গোল্লায় পাঠিয়ে ১০০-তে যেতে রাজী আছেন। এটাই হচ্ছে আপনাদের সঙ্গে আমাদের ফারাক। আপনি সৌগত রায়কে প্রতিটি ব্যাপারে কটাক্ষ করে গেলেন। আমার এতে আপত্তি নেই। আপনি বললেন নারায়ণ বিশ্বাস কোর্টে আত্মসমর্পণ করেছে। এটা খুবই ভালো কথা। তাহলে দুলাল ব্যানার্জীর দুই শাগরেদ এখনও আত্মসমর্পণ করল না কেন ? তাদের এখনও ধরা গেল না কেন ? সি পি এমের সুক্কুর আলি, তপন ঘোষকে ধরা হল না কেন ? তারা এখনও আত্মসমর্পণ করল না কেন, এই কথা তো আপনাদেরই বলতে হবে। এটা অত্যন্ত দুঃখের কথা। আপনি তো এই কথা তো বললেন না যে, আপনারই দলের পলিটব্যুরোর একজন সদস্য এবং বামফ্রন্টের

চেয়ারম্যান, তিনি কোলকাতা শহরকে কাঁপিয়ে তুলে মিছিল করে বললেন ''লালা তুই বাংলা ছেড়ে পালা।'' আমরা তখন এই অমিতাভ লালাকে দেখিনি। আমরা তখন বিচারব্যবস্থা পালাক, এটাই দেখতে পাচ্ছিলাম। অর্থাৎ মার্কসবাদী কমিউনিস্ট পার্টি তখন ওইটাই বলতে চেয়েছিলেন। এর বিরুদ্ধে কাশেম সাহেব, আপনি কোনো রকম প্রতিবাদ জানালেন না। দুঃখের বিষয় হচ্ছে—এখানে একটা সুর বাজে— ''আনন্দলোকে, মঙ্গলালোকে,'' কোন আনন্দ, কোন মানুষের মঙ্গল, বিরাজ সত্য সুন্দর। এই বইটার মধ্যে কোন সত্য বিরাজ করছে, কোন সুন্দর বিরাজ করছে ? স্যার বলুন, আমি এর প্রতিবাদ করবো না ? আপনি পশ্চিমবাংলার বুকে মুসলমানের বাড়ি পুড়িয়ে দেওয়ার কথা বলেছেন ? আমরা এ কথা বলবো না ? কুতুবউদ্দিনকে এনে আপনার দলের বর্তমান একজন সাংসদ সারা কোলকাতা শহর, সারা বাংলা ঘুরে ঘুরে ভোট ভিক্ষা করলেন। গুজরাটের কুতুবউদ্দিনকে আনতে হতো না, আজকে পশ্চিমবাংলার সংখ্যালঘুদের কেস পড়ি তাহলে দেখবো যে, নানুরের সুঁচপুরে যে ১৩ জন সংখ্যালঘু ছিলেন এবং ছোট আঙারিয়ায় যে ১১ জন সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষ ছিলেন—আপনি তো তাদের কথা বললেন না যে, যখন তাঁদের খুঁচিয়ে খুঁচিয়ে মারা হচ্ছে, কাটা হচ্ছে, যখন তাঁদেরকে স্যার পুড়িয়ে মারা হচ্ছে, তখন তাঁরা তো কুতুবউদ্দিনের মতো হাত জোড় করে বলেছিলেন যে, 'আমাদের মেরো না, আমাদের হত্যা কোরো না।' মুস্তাফা সাহেব, এ ব্যাপারে আপনার কোনো বয়ান, আপনার কোনো প্রতিবাদ এই সদনে পাইনি এবং এই সদনের বাইরেও পাইনি। প্রতিবাদ সেই জায়গায় স্যার। এখন এখানে মাননীয় মুখ্যমন্ত্রী নেই স্যার। স্যার, আমার ভাল লাগছে যে, সারাজীবনে গান্ধীর নাম এতবার উচ্চারণ করিনি, কিন্তু এই কয়মাসে গান্ধী গড্‌সেকে নিয়ে যতবার আমি বুদ্ধদেববাবুকে গান্ধীজির নাম উচ্চারণ করতে দেখলাম এই সদনের ভিতরে এবং বাইরে। কিন্তু আমি দেখতে পাচ্ছি বান্দোয়ানে গিয়ে বলছেন 'মাথা ভেঙে দাও'। গান্ধীজির মাথা ভেঙে দেওয়ার কথা বলছেন না। সুতরাং মাথা ভেঙে দেওয়ার কথা বলুন, অথবা গান্ধী বলুন—দুটো বলবেন না, এটা দ্বিচারিতা, এটা ডাইকোটোমি। এই ডাইকোটোমিতে কেন বুদ্ধদেব ভট্টাচার্য মহাশয় ভুগছেন ? তিনি বলছেন, 'মাথা ভেঙে দাও'। আবার তিনি বলছেন গান্ধী, গান্ধী-গড্‌সে। গড্‌সের সঙ্গে তো আপনাদের মিলন ১৯৬৭ সালে, ১৯৭৭ সালে, ১৯৮৯ সালে। তখন মনে ছিল না, যখন ইউ.এফ. গভর্নমেন্ট ১৯৬৭ সালে ফ্রন্ট গড়লেন, তখন গোসাবার সংরক্ষিত আসনে গিরীন মণ্ডলের সমর্থন নিয়ে এই বাংলার মাটিতে সরকার গড়েননি ? ১৯৭৭ সালে ইন্দিরা গান্ধীর বিরুদ্ধে ১ : ১ ফর্মূলাতে আপনারা সেদিন জনসংঘদের সাহায্য নেননি ? সবাই দেখেছেন ১৯৮৯ সালে এই পশ্চিমবাংলায়, এই কোলকাতার মাটিতে বি.জে.পি.-কে এনে আপনারা রাজীব গান্ধীর বিরুদ্ধে ১ : ১ করেননি ? আপনার মুখে গান্ধী গড্‌সে কথা শোভা পায় ? যদি তাই শোভা পায় তাহলে গান্ধীজি একটা প্রতিষ্ঠান, একটা প্রতীক, একটা শান্তি-সম্প্রীতির প্রতীক, সেই গান্ধীজির ফলোয়ার্স ১২ হাজার রাজনৈতিক কর্মী—তাঁরা শান্তিপ্রিয়, যাঁরা গান্ধীয়ান ফিলোজফিতে বিশ্বাস করেন, যাঁরা গান্ধীজির আদর্শে বিশ্বাস করেন—এই রকম কতজন গান্ধীয়ান ফিলোজফিতে বিশ্বাস করা মানুষকে আপনাদের গড্‌সেরা হত্যা করেছে এই বাংলার মাটিতে ? এটা আপনাকে বলতে হবে। এই যে ডাবল্ স্ট্যান্ডার্ড পলিটিকস্-এর বিরুদ্ধে আমার বক্তব্য। আজকে আমরা দেখতে পাচ্ছি যে, পশ্চিমবঙ্গে আমলাশোলে, জলঙ্গিতে,

জলপাইগুড়িতে যখন মানুষ খেতে পায় না, তখন কোটি কোটি টাকা খরচা করে গ্লো সাইন, হোর্ডিংস, কিয়স্ক—এসব করা হচ্ছে। এই হোর্ডিংস এবং কিয়স্কগুলোতে কিসব লেখা আছে ? সেই সব হোর্ডিংস এবং কিয়স্কগুলোতে লেখা আছে—

"বাংলার মাটি দুর্জয় ঘাঁটি
বুঝে নিক দুর্বৃত্ত।"

'বাংলার মাটি দুর্জয় ঘাঁটি'—সেই দুর্জয় ঘাঁটিতে দুর্বৃত্তকে কে নিয়ে আসছে ? সেদিন আপনারা দুর্বৃত্তকে নিয়ে এলেন। ইন্দোনেশিয়ার মাটি—যে ইন্দোনেশিয়ার মাটি ৫ লক্ষ কমিউনিস্টের রক্তস্নান করা মাটি—সুহার্তের বন্ধু সালিম, তার হাত রক্তাক্ত—তার হাতে ধরে নয়, তার পায়ে ধরে নিয়ে এলেন বাংলার মাটিতে। সেই দুর্বৃত্তকে দিয়ে যাঁরা তেভাগা আন্দোলনের শহিদ, যারা তেভাগা আন্দোলনের নায়ক—তাঁরা সাচ্চা কমিউনিস্ট, তাঁরা আপনাদের মত সোশ্যাল ডেমোক্র্যাট, ফ্যাসিস্ট নয়—তাঁদের শায়েস্তা করতে, বঞ্চিত করতে, কেড়ে নিতে, হত্যা করতে আপনি ইন্দোনেশিয়া থেকে সালেমকে আমন্ত্রণ জানাচ্ছেন। আপনাদের লজ্জা করে না ? তারপর বলছি কিয়স্ক-এর ব্যাপারে। সেই কিয়স্ক কি ? সেই কিয়স্ক হচ্ছে রামমোহন, বিদ্যাসাগরের পথে ? না, কি অন্য কোনো পথে ? আমারও প্রশ্ন রামমোহনের পথে বাংলা হাঁটবে ? বিদ্যাসাগরের পথে বাংলা হাঁটবে ? না, কি অন্য কোনো পথে বাংলা হাঁটবে ? যখন দেখি এই বাংলার, কলকাতার বুকে যখন কনে যাত্রীরা—মায়েরা, বোনেরা যাওয়া বন্ধ করে দিয়েছে, বরযাত্রী মায়েরা, বোনেরা যাওয়া বন্ধ করে দিয়েছে, আর বাংলার একজন দম্পতি যখন কলকাতার একজন সার্জেন্টের দ্বারা লাঞ্ছিত হন, তখন বুদ্ধবাবু বলুন যে, এটা রামমোহনের পথ, না বিদ্যাসাগরের পথ ? এটা কোন পথ সেটা আপনাকে বলতে হবে বুদ্ধবাবু। বুদ্ধবাবু, এখন আপনি এখানে নেই, আপনি এখন এখানে থাকলে জিজ্ঞাসা করতাম যে, এটা কোন পথ ? এটাই কি বুদ্ধদেব ভট্টাচার্যর পথ ? এ কোন পথে আমরা রয়েছি ? আবার তার পাশাপাশি আরেকটা কিয়স্কে লেখা আছে—"আমার এই পথ চলাতেই আনন্দ।" এই পথ চলাতেই জ্যোতিবাবুর আনন্দ ছিল, বুদ্ধদেববাবুরও কি এই পথ চলাতেই আনন্দ ? যে পথে বাংলার মানুষ খেতে পায় না, যে পথে বাংলার মানুষ গণতন্ত্রের কথা বলতে পারে না।

[3.00–3.10 p.m.]

৮৫ লক্ষ ভুয়া রেশন কার্ড, এখনই ১০ লক্ষ বাদ গেছে। পর্যবেক্ষকদের ঘাড় ধাক্কা দিয়ে কথা বললেন, বিমান বসু বললেন পর্যবেক্ষকরা তৃণমূলের দালাল। জ্যোতি বসু তাদের বললেন—আমি জ্যোতি বসুকে শ্রদ্ধা করি—আমার ৯২ বছর বয়স হয়েছে আমাকে দমদম উপহার দাও, তারপরে বললেন আমার ৯২ বছর বয়স হয়েছে আমাকে সপ্তম বামফ্রন্ট উপহার দাও। এটা কি মামার বাড়ির আবদার। তিনি বলতে পারতেন আমি কাজ করেছি, আমার উত্তরসূরি বুদ্ধদেব ভট্টাচার্য কাজ করেছে, এই কাজের জন্য আমাকে উপহার দাও। তাই বলছি আজকে গণতন্ত্র কোথায় এসে দাঁড়িয়েছে ? একটা দলের সাংসদ এবং প্রাক্তন মুখ্যমন্ত্রীর আপ্ত-সহায়ক এদেরকে পোলিং বুথে ঢোকার অধিকার কে দিয়েছে ? বিধাননগরে একটা পোলিং স্টেশনে

ঢোকার অধিকার কে দিয়েছে ? আমরা দেখলাম সেলিম এবং মানব পরশুদিন একটা মিটিংয়ে বলছে কলকাতা শহরে আমরাই বিকল্প। যেখানে দাঁড়িয়ে মিটিং করছিলেন সেটা হচ্ছে বেন্টিঙ্ক স্ট্রিট এবং ব্রিটিশ ইণ্ডিয়ান স্ট্রিট-এর কাছাকাছি। পৌরসভা নির্বাচনের দিন সি.পি.এমের মদতপুষ্ট সমাজবিরোধীরা ওই অঞ্চলে ভোট লুঠ করেছিল। একটা বাংলা দৈনিকে পরপর দুই দিন ছবিসহ এটা বেরিয়েছিল। পুলিশ বাজেটের দিন মাননীয় মুখ্যমন্ত্রী বলেছিলেন দুজনকে ধরা হয়েছে, আরও একজনকে ধরতে বাকি আছে, ধরা হবেই। মুখ্যমন্ত্রী এই সদনে বলেছিলেন কিন্তু বলা সত্ত্বেও আজ ৮ মাস হয়ে গেল তারা ধরা পড়েনি। এই হচ্ছে গণতন্ত্র। আজকে বলার মতো অনেক কিছুই আছে কিন্তু আমার সময় খুব কম, তাই বলছি মাননীয় রাজ্যপালের ভাষণে বেকারদের কথা থাকে না, কর্মচ্যুত শ্রমিকদের কাজের কথা থাকে না, শিশু শ্রমিকদের কথা থাকে না—তাই আমি আজকে বলি বুদ্ধদেববাবু যে কথা বলেছেন যে বিশ্বে সবচেয়ে বেশি সংগঠিত খুনে বাহিনীর নায়ক ডব্লু জর্জ বুশ। আমি তার কথার বিতর্কে যাচ্ছি না, আমি কি বলতে পারি না পশ্চিমবাংলায় সবচেয়ে বেশি সংগঠিত ঘাতক বাহিনীর নেতৃত্ব দিয়েছেন যিনি তার নাম বুদ্ধদেব ভট্টাচার্য।

শ্রী দেবপ্রসাদ সরকার : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপালের ভাষণের উপরে যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব আনা হয়েছে আমি তার বিরোধিতা করছি। স্যার, আজকে মাননীয় মুখ্যমন্ত্রী তাঁর ভাষণে শিল্পায়নের কথা বলেছেন, কিন্তু আমরা কি দেখতে পাচ্ছি ? আজকে শিল্পায়নের নামে, পরিকাঠামো উন্নয়নের নামে সালিম শ্রীপুত্র গোষ্ঠী বিভিন্ন জেলাতে কৃষকদের জমি কেড়ে নিচ্ছে এবং সালিম শ্রীপুত্র গোষ্ঠী ইন্দোনেশিয়ার সঙ্গে যুক্ত হয়েছে। এই সরকার হাওড়াতে একটা বড় আবাসন প্রকল্প তৈরি করাবে এবং সেই চুক্তি বিয়ণ্ড লিমিট ইন্টারন্যাশানাল, এদের যুক্ত চুক্তি করেছে। সেখানে ৩৯০.২ একর জমি বিক্রি করেছে মাত্র ৯৫ কোটি টাকায় অর্থাৎ এই রকম একটা বড় প্রকল্প করার জন্য বিদেশের সঙ্গে যখন চুক্তি করতে হয় তখন বিশ্ব টেণ্ডার করাই আইনসঙ্গত কাজ। কিন্তু কোনও টেণ্ডার না করে এই সালিম শ্রীপুত্র গোষ্ঠীর সঙ্গে চুক্তি হল এবং বিয়ণ্ড লিমিট ইন্টারন্যাশানাল লিমিটেড বলছে এখানে তারা যে সমস্ত ফ্ল্যাট তৈরি করবে তার দাম ২৪ লক্ষ থেকে ৭৪ লক্ষ টাকা করে এবং সেই ফ্ল্যাট যদি ৫০ লক্ষ টাকাতেও বিক্রি করে তাহলে ৭ হাজার ফ্ল্যাট করে তারা সাড়ে ৩ হাজার কোটি টাকা পাবে। এর খরচ হবে বলে তারা ঘোষণা করেছে ১৫১৮ কোটি টাকা, অর্থাৎ ১৯৮২ কোটি টাকা তারা লাভ করবে। সেখানে জলের দামেও যদি তারা ফ্ল্যাট বিক্রি করে তাহলেও তারা ১৯৮২ কোটি টাকা লাভ করবে। ১৯৮২ কোটি টাকা তারা লাভ করে নেবে, এটা বুদ্ধদেববাবুরা বলছেন। এই যে রিসারজেন্ট ইন বেঙ্গল এতে কার লাভ হবে, আমরা জানি না ; এই অবস্থা, একটা মারাত্মক পরিস্থিতি, এই রকম একটা চুক্তি থেকে, এত গোপনীয়তা বজায় রেখে যে চুক্তি করা হল, আমরা এর তদন্ত দাবি করছি।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে তারা বলছেন শিল্পায়নের কথা, উন্নয়নের কথা ; প্রতিদিন সংবাদপত্রে তারা বিজ্ঞাপন বের করছেন, বুদ্ধদেববাবুকে দেখা যাচ্ছে না, তিনি প্রচার করছেন, কিন্তু আজকে এই যে উন্নয়ন, শিল্পায়ন এইসব নিয়ে এই রাজ্য সরকারের নিয়োজিত

একটা সংস্থা সেন্টার ফর মনিটরিং ইণ্ডিয়ান ইকনমি, সেই সংস্থা তারা দেখিয়েছে যে শিল্পায়নের ক্ষেত্রে পশ্চিমবাংলায় ভারতবর্ষের যে প্রথম সারির রাজ্যগুলি তার মধ্যে তাদের স্থান সপ্তম। পরিকাঠামোর ক্ষেত্রে রাস্তা, বিদ্যুৎ, বন্দর এই সমস্ত ক্ষেত্রে আজকে পশ্চিমবাংলা অনেক পিছিয়ে আছে। এই রকম একটা পরিস্থিতির ফলে তারা যে উন্নয়নের কথা বলছে, শিল্পায়নের কথা বলছে, তাদের নিয়োজিত সংস্থার রিপোর্ট থেকে, এটা পরিষ্কার উন্নয়ন কি হচ্ছে ? এখন মহারাষ্ট্রে যেখানে রাস্তা ২ লক্ষ ৬৭ হাজার কি.মি., পশ্চিমবাংলায় রাস্তার পরিমাণ ৯২ হাজার কি.মি. এবং বিদ্যুৎ পরিষেবার ক্ষেত্রে আজকে স্থান দশম। কলকাতার বন্দরের স্থান ১২, এটা কি শিল্প ও উন্নয়নের প্রকৃত চেহারা ! আজকে তারা কৃষির এবং শিল্পায়নের কথা বলছেন, অথচ গত ১৫ বছরে এই রাজ্যে যেখানে ২৯ হাজার কারখানা বন্ধ হয়ে গেছে, যেখানে ১২ লক্ষ শ্রমিক কর্মচ্যুত হয়েছে, সেখানে কাজ হয়েছে ৪৩ হাজারের। উন্নয়নের কথা বলছেন, উন্নয়ন বলতে আমরা কি বুঝি—কলকারখানা খুললে, কৃষির উন্নয়ন হলে। কৃষির আজকে কি অবস্থা—বছরের পর বছর খরা, বন্যায়, হাজার হাজার বিঘা জমি—গ্রামের পর গ্রাম, মুর্শিদাবাদ মালদার নদীর জলের তলায় চলে যাচ্ছে, এই রকম একটা অবস্থায় সরকারের কিছু করার নেই। সরকার নীরব দর্শক। এরপর কৃষির উপর সেচ, সেস বাড়িয়ে দেওয়া হয়েছে। কর বসিয়ে দেওয়া হয়েছে। মারাত্মকভাবে কর বাড়িয়ে দেওয়া হয়েছে। রেজিস্ট্রেশন ফিজ বাড়িয়ে দেওয়া হয়েছে। পঞ্চায়েত ট্যাক্স বসিয়েছে, ট্যাক্স না আদায় করলে পঞ্চায়েতের অনুদান বন্ধ করে দেওয়া হবে। ফলে একটা সর্বাত্মক কৃষির উপর আক্রমণ হবে। অথচ তারা বলছেন, কৃষির উন্নয়ন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা দেখতে পাচ্ছি, তারা মার্কিন বিরোধিতায় একটা প্রগতিশীল সাজবার জন্য মার্কিন বিরোধিতার ভাণ করছে। অথচ তারা বলছেন, মুখ্যমন্ত্রী মার্কিন রাষ্ট্রদূতকে কড়া করে চিঠি লিখেছেন, আমাদের প্রাক্তন মুখ্যমন্ত্রী বলছেন ইরাক নিয়ে সেখানে মিথ্যা কথা বলে দখল করা হল। আবার ইরানে সেখানে মধ্যপ্রাচ্যে দখল নেবার জন্য ইরানের উপর হাত বাড়ানো হচ্ছে, ফলে এইরকমভাবে যে স্বাধীন বিদেশ নীতি বর্জন করা হচ্ছে, ফলে এই যে তারা মুখে মার্কিন বিরোধিতার নীতির কথা বলছে, কার্যত সেখানে আমরা দেখছি মার্কিন পুঁজিকে তারা স্বাগত জানাচ্ছে। মার্কিন পুঁজিকে স্বাগত জানিয়ে রাজনৈতিক বিরোধিতা করতে চায়। মার্কিন পুঁজির যারা মালিক তারা সেই রাজনৈতিক চাপানে, আজকে মার্কিন পুঁজির সেবা দাস হিসাবে সেই রাজনীতি করবে। কলাইকুণ্ডায় একদিকে তারা মহড়ার ক্ষেত্রে বাধা দেবেন আবার এই সামরিক চুক্তিকে তারা মেনে নেবেন, এটা হচ্ছে দ্বিচারিতা। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা দেখতে পাচ্ছি, সরকারী স্বাস্থ্য পরিষেবার ক্ষেত্রে, সরকারি চিকিৎসার সুযোগ-সুবিধা সমস্ত কেড়ে নেওয়া হচ্ছে।

[3.10–3.20 p.m.]

এবং থ্রি পি সিস্টেম—পাবলিক, প্রাইভেট পার্টনারশিপ-এর মাধ্যমে গোটা ব্যবস্থাকে, স্বাস্থ্য পরিষেবাকে বেসরকারীকরণ, বাণিজ্যকরণের পথে নিয়ে যাচ্ছেন। মাননীয় মুখ্যমন্ত্রী ২০০০ সালে প্রাইভেট পার্টনারশিপের কথা বলেছিলেন, অথচ প্রতিদিনই মাননীয় মুখ্যমন্ত্রী এবং

স্বাস্থ্যমন্ত্রী বলছেন তারা ৭০ শতাংশ রাজ্যবাসীকে চিকিৎসা পরিষেবা দিচ্ছেন। অথচ সরকারি পরিসংখ্যান বলছে আট কোটি রাজ্যবাসীর জন্য ৭০২টি সরকারি হাসপাতাল, ৭১,৩২৮টি বেড এবং মাথাপিছু ৩৮ পয়সা করে বরাদ্দ করা হয়। যা দিয়ে একটা ট্যাবলেটও কেনা যায়না। এই হচ্ছে আজকে পশ্চিমবাংলার স্বাস্থ্য পরিষেবার চিত্র। আজকে হাসপাতালগুলিতে ডাক্তার নেই, নার্স নেই, স্বাস্থ্যকর্মীর অভাব। গ্রামীণ হাসপাতালে রোগী ভর্তির হার ৫২ শতাংশ, যেখানে সর্বভারতীয় ক্ষেত্রে হার হচ্ছে ৮০ শতাংশ। কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকার আর্থিক অসুবিধার অজুহাত দেখিয়ে আর্থিক দায়-দায়িত্ব ঝেড়ে ফেলতে চাইছে। আজকে বিশ্বায়নের নামে দেশীয় পুঁজিকে বিদেশি পুঁজিপতিদের অবাধ লুণ্ঠনের সুযোগ করে দেওয়া হচ্ছে। আজকে শিক্ষা, স্বাস্থ্য, বিদ্যুৎ সমস্ত ক্ষেত্রকে বাণিজ্যকরণ এবং বেসরকারীকরণের দিকে ঠেলে দেওয়া হচ্ছে এবং সরকার সমস্ত দায়বদ্ধতা নিজেদের কাঁধ থেকে ঝেড়ে ফেলতে চাইছে। ফলে কেন্দ্রীয় সরকারের জনবিরোধী নীতির সঙ্গে বামফ্রন্ট সরকার-এর নীতির কোনো পার্থক্য নেই। রাজ্যের প্রকৃত চিত্রকে ঢেকে, মিথ্যাচারের সুযোগ নিয়ে আবার আপনারা ক্ষমতায় ফিরে আসতে চাইছেন। মাননীয় রাজ্যপালের ভাষণের উপরে যে ধন্যবাদ সূচক প্রস্তাব এসেছে তার বিরোধিতা করে এবং আমাদের সংশোধনীগুলিকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী কিরীটি বাগদী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মহামান্য রাজ্যপাল গত ২রা ফেব্রুয়ারি যে ভাষণ এই বিধানসভায় রেখেছেন সেই ভাষণের উপরে যে ধন্যবাদসূচক প্রস্তাব এসেছে তাকে সম্পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য রাখছি। গত চার দিন ধরে যে আলোচনা এর উপরে চলছে তাতে বিরোধীপক্ষের বক্তব্য শুনে মনে হচ্ছে পশ্চিমবাংলায় এই বামফ্রন্ট শাসনকালে কিছুই হয়নি। স্বাস্থ্য পরিষেবার কোন উন্নতি হয়নি, শিক্ষার ক্ষেত্রে কোনো উন্নতি হয়নি, পশ্চিমবাংলার কোন উন্নয়নই হয়নি। পশ্চিমবাংলার কোন উন্নয়নই যদি না হয়ে থাকে তাহলে বার বার বামফ্রন্ট সরকার ক্ষমতায় ফিরে আসছে কি করে। আপনারা বলছেন রিগিং করে বামফ্রন্ট সরকার ক্ষমতায় ফিরে এসেছে, তাহলে আপনারাও রিগিং করে ক্ষমতায় ফিরে আসার জন্য তৈরি হন না। আজকে গ্রামবাংলার দিকে আপনারা একবার তাকিয়ে দেখুন, তাকালেই দেখতে পাবেন কিভাবে গ্রামবাংলার উন্নতি হয়েছে। আজকে ভূমিসংস্কার করে ছোট, মাঝারি কৃষক এবং ভূমিহীন ক্ষেতমজুরদের হাতে এই সরকার পাট্টা তুলে দিয়েছে। সেই জমিকে আজকে তারা নিজের জমি মনে করে ফসল ফলাচ্ছে এবং গ্রামের মানুষের আর্থিক অবস্থার উন্নতি হচ্ছে। আগে তারা অন্যের জমি চাষ করত। আজকে বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পরে তাদের জমির মালিক করে দিয়েছে, সে বুঝতে পেরেছে এই জমিটা আমার, এই জমিতে আমি ফসল ফলাব এবং আমার অর্থনৈতিক অবস্থার উন্নতি ঘটাব। সেইজন্য আজকে গ্রামের মোড়ে মোড়ে চায়ের দোকান থেকে আরম্ভ করে মনোহারীর দোকান খুলেছে, রাস্তার মোড়ে মোড়ে মানুষের ভিড়। আজকে সন্ধ্যাবেলা গ্রামে মিটিং করতে গেলে কোনো মানুষকে পাবেন না। ৮টার পর মানুষ বাড়িতে ফেরে। অথচ আপনারা গ্রামের উন্নয়ন দেখতে পাচ্ছেন না। শিক্ষার ক্ষেত্রে তফসিলি জাতি ও উপজাতির ছেলেমেয়েরা স্কুলের গণ্ডি

মাড়াতো না। আজকে সেইসব তফসিলি উপজাতির ছেলেমেয়েরা, পিছিয়ে পড়া অংশের ছেলেমেয়েরা স্কুলে-স্কুলে বসার জায়গা পাচ্ছে না। আরো নতুন নতুন স্কুল স্যাংশন করে স্কুলের সংখ্যা বাড়াতে হচ্ছে। আমরা আগে কি দেখেছি ? আমরা দেখেছি, গ্রামের পিছিয়ে পড়া মানুষরা, গরিব মানুষরা বলত আমাদের জি.আর. দাও, আমাদের খাওয়ার ব্যবস্থা কর। আর আজকে গ্রামের মানুষরা বলছে, আমাদের বিদ্যুৎ দাও, রাস্তা দাও, স্কুল করে দাও। সুতরাং কি রকম তাদের পরিবর্তন এসেছে সেটা একবার ভাবুন। আজকে ওইসব ঘরের ছেলেমেয়েদের ধরে রাখার জন্য বামফ্রন্ট সরকার মিড-ডে মিলের ব্যবস্থা করেছে, দুপুরে তাদের খাবার দেবার ব্যবস্থা করেছে। আজকে তাই ওইসব ছেলেমেয়েরা আনন্দের সঙ্গে স্কুল যাচ্ছে, দুপুরবেলা খাবার খাচ্ছে আর বিকালবেলা বাড়ি ফিরে আসছে। এইসব উন্নয়ন আপনাদের নজরে আসে না ? সেইজন্য বলছি, আপনারা গ্রামে যান, আপনারা যে কৃতকল্প করেছেন তার প্রায়শ্চিত্য করে আসুন। আপনারা এখানে আইন-শৃঙ্খলার কথা বলছেন ? আপনাদের আমলে আমরা কি দেখেছি ? আইন করে বিনা-বিচারে আটক করে কত যুবকের আপনারা প্রাণ নিয়েছেন। লস্কর মাণ্ডি থেকে আরম্ভ করে ভৈরব মাণ্ডি থেকে আরম্ভ করে জোয়ান ছেলেদের বিনা বিচারে আটক রেখেছিলেন এবং তারজন্য আইন রচনা করতে হয়েছিল। আজকে আপনাদের তারই প্রায়শ্চিত্য করতে হচ্ছে এবং সেটা অনেকদিন আপনাদের ভোগ করতে হবে। সেইজন্য বলছি, আপনারা মানুষের কাছে যান, মানুষের কাছে গিয়ে ক্ষমা প্রার্থনা করুন। মানুষ যদি আপনাদের ক্ষমা করেন তাহলে নিশ্চয়ই আগামীদিনে আপনারা আসতে পারবেন। এ ছাড়া আর কোনও উপায় নেই। আজকে পিছিয়ে পড়া মহিলাদের নিয়ে স্বয়ম্ভর গোষ্ঠী গঠন করে তাদের নিজেদের পায়ে দাঁড় করানোর জন্য বিভিন্ন উন্নয়নমূলক কাজ করা হচ্ছে। বামফ্রন্ট সরকার তাদেরকে বিভিন্ন কাজের প্রশিক্ষণ দিয়ে তাদের নিজেদের পায়ে দাঁড় করানোর জন্য ব্যাঙ্ক থেকে লোন দিয়ে তাদেরকে স্বয়ম্ভর করে তুলছে। এইসব উন্নয়নমূলক কাজ আপনাদের নজরে পড়ছে না। তাই বলছি, রাজ্যপাল তাঁর ভাষণ সঠিকভাবেই রেখেছেন। রাজ্যপালের ভাষণকে আর একবার সমর্থন জানিয়ে বিরোধীদের আনা সংশোধনীর বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি। নমস্কার।

[3.20–3.30 p.m.]

শ্রীমতী সোনালী গুহ : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, মহামান্য রাজ্যপালের ভাষণের বিরোধিতা করে বিরোধীদের আনা সমস্ত সংশোধনীকে সমর্থন করে বক্তব্য রাখছি। আজকে রাজ্যপালের ভাষণের ওপর বিতর্কের শেষ দিন, আমরা আশা করেছিলাম যে আজকে আমাদের মুখ্যমন্ত্রী এখানে থাকবেন। কোন মন্ত্রীই নেই। মাত্র দুজন আধা মন্ত্রী আছেন। কিছু বলা যাবে না, আমাদের রাজা নিদ্রা গিয়েছেন। রাজার নিদ্রা ভাঙলে তারপর তাঁকে তৈরি করে দেওয়া স্পিচ দেওয়া হবে। সেটা দেখে তিনি গড় গড় করে পড়বেন। গতবার রাজ্যপাল নতুন এসেছিলেন, তাই তাঁকে দিয়ে অনেক অসত্য কথা বলিয়ে নেওয়া হয়েছিল। এবার রাজ্যপাল ১৩ পাতার বইয়ের ভাষণটি ১৩ মিনিটেই শেষ করেছেন। কারণ গত এক বছরে তিনি গ্রামে গঞ্জের প্রান্তরে প্রান্তরে ঘুরে বুঝতে পেরেছেন যে আমলাশোলে

সত্যিই মানুষ অনাহারে মারা যাচ্ছে। বিরোধীরা যে স্কেলিটন দেখাচ্ছেন সেটা সত্যি। মাননীয় মুখ্যমন্ত্রী আমাদের রাজ্যে হসপিটালে রোগীর পথ্য আজ মিলছে না, সেই পথ্য না পেয়ে বিনা চিকিৎসায় হসপিটালে রোগী মারা যাচ্ছে। এখানে আজকে বিরোধীদের কণ্ঠরোধ করার চেষ্টা হচ্ছে। রাজ্যপালের ভাষণের দুদিনের মাথায় বিরোধী নেতা শচীন মুখোপাধ্যায়কে সুপারী দিয়ে খুন করা হয়েছে। কালকে মুরসেলিম সাহেব অনেক কথাই বলছিলেন—আপনরা সেটা বুঝতে পারেননি। মহামান্য রাজ্যপাল বুঝতে পেরেছেন। তাই তিনি বিরোধী দলের প্রধান নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের কাছে চিঠি লিখে গভীরভাবে শোক প্রকাশ করেছেন। আমরা তাই আন্তরিকভাবে তাঁর কাছে কৃতজ্ঞ, তাঁকে আমাদের কৃতজ্ঞতা জানাই। স্যার, আজকে মুখ্যমন্ত্রী তৈরি হচ্ছেন। শচীন মুখোপাধ্যায়কে কে মারলো তার জবাব দেওয়ার জন্য। এই সমস্ত ঘটনা বলতে গেলে বলতে হয়, গত ২৮ বছরে কখনো কান্দুয়ায় হাত কাটা গেছে, কখনো কেশপুরে গণহত্যা হয়েছে, কখনো বা ছোট আঙারিয়ায় পুড়িয়ে মারা হয়েছে। নানুরে কুঁচিয়ে, কুঁচিয়ে হত্যা করা হয়েছে। কল্যাণীতে উত্তম অধিকারীর বাবা টিভির সামনে বলল, আমার ছেলেকে খুন করল সি.পি.এম.-এর তপা এবং ভোলা। উত্তম কে ? উত্তম ডি.ওয়াই.এফ.আই.-এর নেতা। বারাসাতে অমূল্য পাল মারা গেছে। আজকে গোষ্ঠীদ্বন্দ্বে জীর্ণ এই সি.পি.এম.। অমূল্যর পরিবারের লোক এবং স্থানীয় মহিলারা যখন সি.পি.এম. নেতারা সেখানে মিটিং করতে গেছেন, তখন তারা বলেছে তোমরা স্থানীয় সি.পি.এম. নেতাদের আড়াল করছ। সুবল পোদ্দারদের আড়াল করছ, তাদের আড়াল করা যাবে না। রাজ্যপালের কাছে আজকে প্রকৃত তথ্যটা উঠে এসেছে। স্যার, ওরা একটা স্লোগান দিয়েছে—কৃষি আমাদের ভিত্তি, শিল্প আমাদের ভবিষ্যৎ। কৃষি আমাদের ভিত্তি, স্যার, আমি একটা গ্রামীণ এলাকা থেকে নির্বাচিত হই। গ্রামের এম.এল.এ.-রা জানেন কৃষকদের পঞ্চায়েত থেকে ডিলারদের মাধ্যমে কেরোসিন বরাদ্দ করা হত। ১৯৯৮ সাল থেকে সেই বরাদ্দকৃত কেরোসিন তুলে দেওয়া হয়েছে। উপরন্তু একফসলি, দোফসলি জমি অধিগ্রহণ করে মুখ্যমন্ত্রী তা সালিম ও সুপুত্রা গোষ্ঠীকে দিয়ে দিচ্ছেন। আজকে তো আমরা প্যান্টশার্ট পরা মুখ্যমন্ত্রীকে দেখতে চাই। যিনি ইন্দোনেশিয়ায় গিয়ে ধুতির বদলে প্যান্টশার্ট পরে সালিম সুপুত্রার কাছে অনেক অভিনন্দন কুড়িয়েছেন। তিনি আসুন এখানে এসে বলুন সালিম সুপুত্রাকে দিয়ে কি উদ্বোধন করাবেন, কোন কারখানা উদ্বোধন করাবেন ? একটাই কারখানা উদ্বোধন করাতে পারেন যে কারখানা পর্যবেক্ষকরা ধরে ফেলেছেন, ক্ষুদ্র ও কুটির শিল্প, যা সি.পি.এম.-এর ব্লক অফিস, জোনাল অফিস, লোকাল অফিসে যে কারখানাগুলি আছে। স্যার, ভারতের প্রধানমন্ত্রী একশো দিনের কাজের জন্য একটা প্রকল্প চালু করেছেন ন্যাশনাল রুরাল এমপ্লয়মেন্ট গ্যারান্টি স্কিম। সঙ্গে সঙ্গে আলিমুদ্দিন স্ট্রিট এবং সি.পি.এম.-এর নেতারা সক্রিয় হয়ে গেছেন তাঁরা ওয়েস্ট বেঙ্গল রুরাল এমপ্লয়মেন্ট গ্যারান্টি স্কিমের নাম বের করে ফেলেছেন। সামনেই বিধানসভা ভোট পকেটে ভোটটা তো পুরতে হবে। আজকে জোর করে বলা হচ্ছে এই রাজ্যে তফসিলি জাতি ও উপজাতিদের নির্যাতনের ঘটনা বিরল। সত্যিই এই ঘটনা বিরল। এরকম ঘটনা এ রাজ্যে ঘটেনি। আদিকন্ত দলুই, শুধুমাত্র তৃণমূল কংগ্রেস করত এবং পঞ্চায়েতের একজন সদস্য ছিল। সি.পি.এম.-এর কমরেডরা তাকে পঞ্চায়েত থেকে ডেকে নিয়ে গিয়ে জ্যান্ত পুড়িয়ে

মারে। যখন তার স্ত্রী খবর পেয়ে সেখানে যায়, তখন সি.পি.এম.-এর কমরেডরা এবং পুলিশ একত্রিত হয়ে বলেছে যে ওখানে একটা কুকুরকে পোড়ানো হচ্ছে। রাজ্যপালের ভাষণে জোর করে বলা হয়েছে এই রাজ্যে মহিলাদের ওপর নির্যাতনের ঘটনা সীমায়িত। যদি সত্যিই তাই হয়, তাহলে কেন আজকে জয় গোস্বামীকে কলম ধরতে হবে ? কেন জয় গোস্বামীকে বলতে হবে যে মুখ্যমন্ত্রী আমি আপনার দিকে আঙুল দেখাচ্ছি। আপনি বাড়ির কর্তা, আপনার বাড়ির নর্দমার অবস্থা দেখুন। এই কর্দমাক্ত অবস্থায় ঘুরতে ঘুরতে এই পঙ্কিল হাতে একদিন মুখ্যমন্ত্রী দুঃসময় নাটক লেখেন। এই নাটক লিখে জ্যোতিবাবুর মন্ত্রিসভা থেকে পদত্যাগ করেছিলেন। আজকে বুঝতে পারছেন মুখে যাই বক্তৃতা ওঁরা দিন, আলটিমেটলি ওঁরা কোনো কাজ করেননি। কোনো উন্নয়নমূলক কাজ ওঁরা করেননি। পলিটব্যুরো সমস্ত বুঝতে পেরেছে, তাই যেদিন রাজ্যপাল বক্তৃতা দিয়েছিলেন, তার দু-দিনের মধ্যে পলিটব্যুরো মিটিং করেছে। পলিটব্যুরো মিটিং করে বলছে—শিক্ষায় গলদ, তাই টিকিট নয় ৪ মন্ত্রীকে। রাজ্যের শিক্ষা দপ্তরের গলদ ঢাকতে ৪ জন শিক্ষামন্ত্রীকে নির্বাচনের টিকিট দেবে না সি.পি.এম.। আমরা বলছি না, কংগ্রেস বলছে না, এস.ইউ.সি.আই বলছে না, জি.এন.এল.এফ. বলছে না। কে বলছে ? আজকে সি.পি.এম. পলিটব্যুরোর বৈঠকে প্রার্থী তালিকা চূড়ান্ত হয়েছে। সত্যসাধন চক্রবর্তী, কান্তি বিশ্বাস, ইভা দে এবং নিমাই মাল, এই ৪ জন শিক্ষাকে এত বেশি এগিয়ে নিয়ে গেছে, এত সর্বশিক্ষা এবং সাক্ষরতার টাকা লুটেপুটে খেয়েছে যে আজকে ওদের টিকিট দেওয়া যাবে না। নতুন মুখ না আনলে মানুষের কাছে আজকে ওদের তুলে ধরা যাবে না। তাই পলিটব্যুরো এই সিদ্ধান্ত নিয়েছে। রাজ্যপালকে দিয়ে বলানো হয়েছে যে আজকে এই রাজ্যে মাওবাদীদের একটা চরমপন্থী কার্যকলাপ চলছে। হ্যাঁ, সরকার এটা স্বীকার করেছে। গতকাল বাঁকুড়ার সারেঙ্গাতে একটা রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে মাওবাদীরা হামলা চালিয়েছে। দুজন রাইফেলধারীর কাছ থেকে রাইফেল ছিনিয়ে নিয়েছে। পুরুলিয়ার আরসা থানার কাটারি পুলিশ ক্যাম্পে হামলা চালিয়েছে। কিন্তু কেন বলুন তো বিমলা সর্দার এবং সুলেখা মাহাতোদের অ্যারেস্ট করার পর খেজুরি একটা গ্রাম সেই গ্রামের একজন প্রবীণ মানুষ বলছেন যে এখানে তো কিছু নেই, রোজগারের রাস্তা বলতে শুধু বাবুই দড়ি, কাঠ এবং খাটিয়া বানানো ? প্রাথমিক স্কুল সবে চালু হয়েছে, স্বাস্থ্য কেন্দ্র বহু দূরে, বিদ্যুৎ আসেনি। বারিকুল থানায় এখনও বিদ্যুৎ আসেনি। নির্বাচনের আগে শুধু উন্নয়নের ভাঁওতা দেওয়া হয়। এই যে অনুন্নত সমাজ, এই অনুন্নত সমাজকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য সঠিক সদর্থক পদক্ষেপ এই রাজ্যে গত ২৯ বছরে নিতে পারেনি। একটা চটকল শ্রমিকদের মিটিং-এ জ্যোতিবাবু এবং বুদ্ধদেববাবু গিয়েছিলেন। সেখানে গুলি চালনা নিয়ে আলোচনা হয়েছিল। জ্যোতিবাবু দাঁড়িয়ে বলেছিলেন যে আমার রাজ্যে তো এই রকম ঘটনা ঘটেনি। তার মানে বুদ্ধদেববাবুর আমলে এই ঘটনা ঘটল। বুদ্ধদেববাবু পরের দিন একটা প্রকল্প উদ্বোধন করতে গিয়েছিলেন, সেখানে জ্যোতিবাবু ছিলেন। সেখানে বুদ্ধদেববাবু বলেছিলেন ২৭ বছরে এটা প্রথম। তার মানে জ্যোতিবাবুর আমলে কখনও উদ্বোধন হয়নি। কেন উন্নয়ন হয়নি ? আজকে সর্বক্ষেত্রে ওরা পশ্চিমবাংলাটাকে পেছিয়ে নিয়ে গেছে। যদি রাজ্যপালকে দিয়ে অসত্য কথা বলানো চেষ্টা না হয়ে থাকে তাহলে কেন মেনশানের সময়, টেজারী বেঞ্চে যাঁরা বসে আছেন

তাঁদের দলের প্রত্যেকে কোনও না কোনও বিষয়ে কোনও না কোনও মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলেন, আমার এলাকায় বিদ্যুৎ নেই, আমার এলাকায় সেচ ব্যবস্থা খারাপ, আমার এলাকায় প্রাইমারি স্কুল ভেঙে পড়ছে। ২৯টা বছর তাহলে করলেনটা কি ? শুধু ভুয়া রেশন কার্ড, শুধু ভুয়া বি.পি.এল কার্ড, শুধু ভুয়া ভোটার আইডেনটিটি কার্ড ? এখন আবার ওয়েস্ট বেঙ্গল রুরাল ডেভেলপমেন্ট গ্যারান্টি স্কিম-এর নামে ভুয়া ফর্ম ছাপিয়ে এলাকায় বিলি করছে। স্যার রাস্তায় একটা মিনিবাস আছে। সেই মিনিবাসে একজন ড্রাইভার একজন কনডাক্টর এবং একজন চালক আছে। প্রথমে পাদানিতে পা দিলে কনডাক্টর আপনার পেছনে একটা আলতো চাপড় মারবে। দ্বিতীয় পাদানিতে পা দিলে জোরে একটা চাপড় মেরে বলবে পেছনের দিকে যান। আপনি চোখ বুজে একটু ভাবেন এই বাংলা একটা মিনিবাস তাহলে বুদ্ধদেববাবুরা হচ্ছে সেই মিনিবাসের ড্রাইভার, অনিলবাবু এবং বিমানবাবু হচ্ছেন সেই মিনিবাসের কনডাক্টর এবং হেলপার। এরা ক্রমাগত ২৯ বছর ধরে পেছনের দিকে এগিয়ে চলেছে সামনের দিকে এগিয়ে নিয়ে যাওয়ার আমাদের আর কোনো পথ নেই। তাই সামনে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য তৃণমূল কংগ্রেস এবং বিরোধীরা যখন পরিবর্তনের কথা বলছে তখন ওরা এলাকায় এলাকায় সন্ত্রাস সৃষ্টি করে তৃণমূল কংগ্রেসের কর্মীদের গলা টিপে কণ্ঠরোধ করে দেবার চেষ্টা করছেন। আজকে কেন জয় গোস্বামীর হাতে উঠে আসছে—তাহলে কি বাংলার মেয়েরা রাতে বার হবে না। "শোষক আর শাসকের নিষ্ঠুর একতার বিরুদ্ধে একত্রিত হোক আমাদের সংহতি।" সেই সংহতি আজকে পরিবর্তনের আওয়াজ তুলেছে। তাই সেই আওয়াজে ভীত বুদ্ধদেববাবু। আজকে বিরোধীদের কথায় তিনি ভয় পাচ্ছেন। তিনি হয়তো চুপিসাড়ে আর একটা দুঃসময় নাটক লিখে দিবা নিদ্রায় ব্যস্ত। তাই সরকারের তৈরি করে দেওয়া বয়ান রাজ্যপালের মতো পড়ে এসে এখানে বক্তৃতা দিয়ে বাজার গরম করবেন। এই তো সেই বুদ্ধদেববাবু যিনি উস্তি গ্রামে ডাকাতি হয়েছিল, ভ্যানে চড়ে ডাকাতি দেখতে গিয়েছিল। আজকে কোথায় সেই বুদ্ধদেববাবু, আমলাসোলে মৃত্যু হল, বুদ্ধদেববাবুকে দেখতে পাওয়া যায়নি। জায়গায় জায়গায় বিরোধীদের কণ্ঠরোধ করা হচ্ছে, বুদ্ধদেববাবুকে দেখা যায়নি। শুধুমাত্র নির্বাচনের আগে কয়েকটি উড়ালপুল করতে আমরা দেখলাম সেইদিন অমরবাবুকে নিয়ে গিয়েছিলেন। সেখানে গিয়ে অমরবাবুকে দিয়ে উড়ালপুল উদ্বোধন করালেন। আবার সেই অমরবাবুকে পঞ্চায়েত নির্বাচনের সময় তাড়া করবে, অমরবাবু দৌড়তে গিয়ে চশমা পড়ে যাবে এবং চশমাটা ভেঙে যাবে। এদের কোনো কিছু ঠিক নেই। নিজেরা গোষ্ঠী দ্বন্দ্বে জর্জরিত। সুভাষবাবুর কথা বলছি। সংস্কৃত কলেজের অধ্যাপককে দিয়ে ভোট করাবেন ? বলেন এটা আমাদের পরম্পরা। এই পরম্পরা এবার আর থাকবে না স্যার। কারণ সুভাষবাবুরা পিনাকি মিত্রদের চিনতো, সেই পিনাকি মিত্র এখন জেলে। তাই স্যার, রাজ্যপালকে দিয়ে অসত্য বলার এই যে বার বার প্রয়াস সেই প্রয়াসের বিরোধিতা করে শুধু একটা কথা বলতে চাই। এই বাংলায় একদিন জীবনানন্দ লিখেছিলেন,

[3.30–3.40 p.m.]

তাই বাংলার কবি জীবনানন্দ দাশ বলেছেন,

'আমি বাংলায় গান গাই আমি বাংলার গান গাই,
আমি আমার আমিকে এই বাংলায় চিরদিন খুঁজে পাই।
বাংলা আমার তৃষ্ণার জল তৃপ্ত শেষ চুমুক,
আমি একবার দেখি বারবার দেখি, দেখি বাংলার মুখ।'

এবার তৃণমূল কংগ্রেস সেই বাংলারই মুখ দেখাবে। এই কথা বলে রাজ্যপালের ভাষণের বিরোধিতা করে এবং বিরোধীদের আনা সমস্ত অ্যামেন্ডমেন্টগুলো সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

ডঃ দেবেশ দাস : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, গত ২রা ফেব্রুয়ারি ভারতীয় সংবিধানের ১৭৬নং অনুচ্ছেদ অনুসারে রাজ্যপাল শ্রী গোপালকৃষ্ণ গান্ধী মহাশয় যে ভাষণ দিয়েছেন, তাকে সমর্থন করে কয়েকটি কথা বলছি। বিধানসভায় বিরোধীদের বক্তব্যে সারবত্তা কিছু নেই। প্রতি বছরই আইন-শৃঙ্খলার কথা ওরা বলেন। আমি শুধু দু-একটি কথা বলব। খেজুরির সেই মেয়েটি সুজাতা দাস না সেঁজুতি দাস—তাকে ধর্ষণ করে খুন করেছিল তৃণমূল কংগ্রেসের কর্মী, সেই তৃণমূল কংগ্রেস এখন কেমন আছে, আমার বিরোধী নেত্রী এবং বিরোধী নেতাদের কাছে জানতে ইচ্ছা করে। সৌগতবাবু বক্তৃতার শুরুতে বলেছিলেন যে, তৃণমূল নেতা শচীন মুখোপাধ্যায় খুন হয়েছে। কে খুন করেছে ? কে অ্যারেস্ট হয়েছে ? বিশ্বজিৎ দেবনাথ নামে যে তৃণমূল নেতা গ্রেপ্তার হয়েছে, তার সাথে আপনাদের সম্পর্ক কি ? এটা তৃণমূল নেতা কর্মীদের কাছে জানতে ইচ্ছা করে। ওনাদের বক্তাদের মধ্যে একজন বক্তা বললেন বুদ্ধবাবু নাকি কিছু করেননি, জ্যোতিবাবু করেছিলেন। জ্যোতিবাবু দুটো প্রজেক্ট চালু করেছিলেন—হলদিয়া পেট্রোকেমিক্যালস এবং মিথসুবিসি। জ্যোতিবাবু থাকার সময় একবারও তো বলেননি, 'জ্যোতিবাবু আপনাকে অভিনন্দন জানাই, আপনি এগুলি করেছেন। ' জ্যোতিবাবু থাকার সময় কি বলেছিলেন, 'জ্যোতিবাবু, আমরা লজ্জিত। ১৪ বছর ধরে হলদিয়া পেট্রোকেমিক্যালসকে আমরা অনুমোদন দিইনি, আপনি করতে পেরেছেন, আপনাকে অভিনন্দন।' এখন বুদ্ধদেববাবু নয়, জ্যোতিবাবু করেছেন, আপনি কিছু করেননি। এরপর আবার বলবেন, বুদ্ধবাবু আগের টার্মে এই কাজগুলো করেছেন, এই টার্মে কিছু করেননি। আপনি বলছেন, টাটা নাকি ট্রাক কোম্পানি করবে। করবে, নিশ্চয়ই করবে, নলেজ সিটি হবে। এই জিনিসগুলো সামনের বছরেই দেখতে পাবেন। পশ্চিমবঙ্গে যে শিল্প এগিয়ে, এই তথ্য সবসময় প্রকাশ পাবে। হলদিয়া পেট্রোকেমিক্যালস জ্যোতিবাবুর আমলে হয়েছে। সেই অনুসারেই শিল্প এখানে হচ্ছে। বর্তমানে ৭৪টি, তা আরও বাড়বে। বিদ্যুতের ক্ষেত্রে আমাদের অবস্থানটা কোথায় ? আমি সেই কথা বলছি না। কিন্তু আপনারা জানেন এবং আমি স্পষ্টভাবেও বলছি, রাজ্য বিদ্যুৎ পরিস্থিতির উল্লেখযোগ্যভাবে উন্নতি ঘটেছে। দিনের কম চাহিদার সময় রাজ্যে এখন বিদ্যুৎ উদ্বৃত্ত। ঠিক এই কথার পাশাপাশি আপনাদের একটা কথা মনে করিয়ে দিতে চাই। একজন ভদ্রমহিলা ২২শে সেপ্টেম্বর ১৯৭২ সালে ডায়েরিতে লিখেছেন—'আলো নেই, জিনিসপত্র পাওয়া যাচ্ছে না, কলকাতা শহর আজকাল গ্রামেরও অধম হয়েছে, মানুষের থাকার উপযোগী নয়।' সেই ভদ্রমহিলা ২২শে সেপ্টেম্বর ১৯৭২

সালে তাঁর নিজের ডায়েরিতে এই কথা লিখেছেন। এই ভদ্রমহিলার নাম শ্রীমতী বিজয়া রায়। সত্যজিৎ রায়ের স্ত্রী। সেই ভদ্রমহিলা ২রা মে ১৯৭৩ সালে লিখেছেন, 'স্যুটিং করার সময় পাওয়ার কাট হয়ে গেল বাড়িতে ফিরে আসার পরও দেখি পাওয়ার কাট। সুস্থ হলেও তিনি এটা সহ্য করতে পারতেন না। তাই সেদিন সত্যজিৎ রায় অসুস্থ হয়ে পড়েছিলেন। 'দেশ' পত্রিকায় পরপর লেখাগুলো বেরিয়েছিল। সেই লেখা পড়ে আপনাদের অবস্থানটা ১৯৭২-৭৩ সালে কোথায় ছিল, সেটা জানতে পারবেন। বিজয়া রায়ের লেখা থেকে জানতে পারবেন, তখন কি ছিল। আর আমরা বুক বাজিয়ে বলছি, সাহসের সাথে বলছি বিদ্যুতে আমরা উন্নতি করেছি, বিদ্যুৎ উদ্বৃত্ত, বিদ্যুৎ বাইরে দিচ্ছি। এই বিদ্যুৎ শিল্পায়নে সাহায্য করবে। আমরা তাই লিখেছি যে, আমাদের এখানে দাঁড়িয়ে শিল্পের ক্ষেত্রে দাঁড়িয়ে, শ্রমিক-মালিক সম্পর্কের ক্ষেত্রের ওপরে দাঁড়িয়ে একটা উল্লেখযোগ্য অগ্রগতি ঘটেছে। তার পরিচয় হিসাবে আমাদের রিপোর্টেই বেরিয়েছে যে, ১৯৮০ সালে যেখানে স্ট্রাইক হয়েছে ৭৮টি, ২০০৪ সালে তা ২০তে নেমেছে। এখানে শ্রমিক-মালিক সম্পর্কের অনেক বেশি উন্নতি হয়েছে। কারখানা বন্ধের ক্ষেত্রে যদি রেকর্ড দেখেন, যেগুলো সিক ইন্ডাস্ট্রি হয়ে যায়, যেগুলো বি.আই.এফ.আর.-এ যায়, এ.আই.এফ.আর.-এ যায় তার সংখ্যা আমাদের তুলনায় মহারাষ্ট্র, কর্ণাটকে অনেক বেশি। সেখানে অনেক বেশি কারখানা আজকে সিক ইন্ডাস্ট্রি হয়ে গেছে। সরকারি হিসাবে আমাদের দ্বিগুণ শিল্প সেখানে বি.আই.এফ.আর-এর আওতায় আছে। আপনারা প্রতিবার আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে বলেন। আমি শুধু আপনাদের একটা সরকারি তথ্য দেখতে বলবো। কেন্দ্রীয় সরকারি তথ্য—কেন্দ্রীয় সরকারের স্বরাষ্ট্র দপ্তর কর্তৃক প্রচারিত তথ্য বই হয়ে বেরিয়েছে। ওয়েবসাইটে দেখাচ্ছে। সেই তথ্যগুলো আমি দেখতে বলবো। আমি এখুনি ওয়েবসাইটে দেখলাম, মহিলাদের বিরুদ্ধে যে ক্রাইম, রেট অফ কগনিজিবল্ ক্রাইমে দেখা যাচ্ছে অন্ধ্রপ্রদেশ ২৩.৬, অসম ১৯.২, হরিয়ানা ১৮.৯, জম্মু-কাশ্মীর ২০.২, মধ্যপ্রদেশ ২৩.৫, দিল্লি ২২.১, চণ্ডীগড় ১৬.৬ এবং পশ্চিমবঙ্গ ১০.৩। ২৮টি রাজ্যের মধ্যে রেট অফ কগনিজিবল্ ক্রাইমের ক্ষেত্রে মহিলাদের বিরুদ্ধে পশ্চিমবঙ্গ ২২তম। আমরা চাই পশ্চিমবঙ্গ ২৮তম হোক। আমরা নিশ্চয়ই সেটা চাইবো। কিন্তু পশ্চিমবঙ্গের অবস্থাটা হচ্ছে এই যে, আমি যদি শহরগুলো বা পৌর এলাকাগুলোর দিকে তাকাই তাহলে দেখবো, আগ্রায় রেট অফ কগনিজিবল্ ক্রাইম হচ্ছে ২৩.৩। দিল্লিতে ২২.৬, ফরিদাবাদে ৮৬.৮, জব্বলপুরে ৩৬.৯, মুম্বাইয়ে ১২.৭, আর কলকাতায় ৫.৫। আমরা মোট ৭০টি যে সিটিগুলোকে নেওয়া হয়েছে, কেন্দ্রীয় সরকারের স্বরাষ্ট্র দপ্তর কর্তৃক প্রচারিত হয়েছে, তার মধ্যে আমাদের অবস্থান ৩৪তম। আমাদের এখানে মহিলাদের ওপরে অত্যাচার, রেপের ক্ষেত্রে কম। সিডিউল কাস্টের ক্ষেত্রে আমরা নেগলিজিবল্। সরকারি রিপোর্ট এটা। তার ফলে, সিডিউল কাস্টদের যে আসনগুলো আছে, সেগুলোর একটিও আপনারা পাবেন না। ২৮টি রাজ্যের মধ্যে পার হেড পুলিশের খরচ আমাদের রাজ্যে সবচেয়ে কম। আমাদের এই যে পরিস্থিতি আমরা তৈরি করেছি, এই পরিস্থিতির তুলনায় আপনারা যখন ছিলেন—আমি আবার সেই মহিলার কথা বলবো—সেই মহিলা লিখেছেন, 'দেশের ল' অ্যান্ড অর্ডার একেবারে মুখ থুবড়ে পড়েছে।' ১৯৭২ সালে তিনি লিখেছেন, 'কতদিন এটা চলবে তা আমি জানি না, একটা অদল-বদল দরকার।' সেই

পাতায় ২রা এপ্রিল দেশ পত্রিকায় বেরিয়েছে ভদ্রমহিলার সাথে সিদ্ধার্থ শংকর রায়ের সুসম্পর্কের কথা।

[3.40–3.50 p.m.]

ইন্দিরা গান্ধীর বাড়িতে গিয়ে ডিনার খাওয়ার কথা আছে। সেই পাতাতেই উনি লিখছেন 'দেশের ল্ অ্যান্ড অর্ডার মুখ থুবড়ে পড়েছে। কতদিন এইভাবে চলবে জানি না। একটা বিরাট অদল-বদল হওয়ার দরকার। কোন দল খারাপ, কোন দল ভালো বলতে পারব না। সি.পি.এমের পলিসি বুঝি না। কিন্তু মনে হয় এর থেকে ওরাই ভালো ছিল।' এইরকম অনেক মানুষ আছেন, তাঁদের সঙ্গে হয়তো আপনাদের সুসম্পর্ক আছে কিন্তু তাঁরা মনে করেন আপনাদের বদলে অন্যদের আনা দরকার। তাই আপনাদের আসার আর কোনো সুযোগ নেই। তাই আপনাদের এই চিৎকার শুধুমাত্র অরণ্যে রোদন ছাড়া আর কিছু নয়। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী নৃপেন্দ্রনাথ রায় : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, মহামান্য রাজ্যপাল গত ২রা ফেব্রুয়ারি এই মহতি সভায় তাঁর যে বক্তব্য পেশ করেছেন তার উপরে মাননীয় সদস্যরা বক্তব্য পেশ করেছেন। মহামান্য রাজ্যপাল মহাশয় সেদিন যে ভাষণ পেশ করেছেন আমি তাকে সমর্থন করছি। বিরোধী বন্ধুরা বিগত চার বছর ধরে উল্টোপাল্টা, অসত্য কথা বলে সভাকে বিভ্রান্ত করার চেষ্টা করেছেন। তার নিন্দা করে আমি কিছু কথা বলছি। আজ থেকে ২৮ বছর আগে যখন আমাদের এই বামফ্রন্ট সরকারে আসে তখন আমাদের স্লোগান ছিল 'এই বামফ্রন্ট সরকার সংগ্রামের হাতিয়ার।' আর, গরিব মানুষের উন্নয়নের জন্য আমরা বিভিন্ন কর্মসূচি নিয়েছিলাম। কিন্তু আমরা দেখছি প্রতিবারই নির্বাচনের সময় আসলে বিরোধীপক্ষ ক্ষমতায় আসার স্বপ্ন দেখে। এবারও নির্বাচন এসে গেছে এবং বিরোধীপক্ষের দাদা-দিদিরা যথারীতি ক্ষমতায় আসার স্বপ্ন দেখতে শুরু করেছেন। কিন্তু তাঁদের সে আশার 'গুড়ে বালি।' এ বিষয়ে ওরা সফল হবেন বলে মনে হয় না। তাঁর 'যেমন বেণী তেমনি রবে' জলে ভিজবে না। পশ্চিমবাংলার জনগণ আপনাদের পক্ষে রায় দেবে বলে মনে হয় না। আমরা ২৮ বছর ধরে পশ্চিমবাংলার জনগণের স্বার্থে, কৃষকদের স্বার্থে, শ্রমিকদের স্বার্থে, তফসিলি জাতি, উপজাতিদের স্বার্থে, শিক্ষার স্বার্থে, সংস্কৃতির স্বার্থে, আপামর জনগণের স্বার্থে উন্নয়নের কাজ করে যাচ্ছি। আর, তাই আজকে মানুষের মধ্যে চাহিদা বেড়ে চলেছে। চাহিদা কখন বাড়ে ? মানুষ যখন উন্নয়ন লক্ষ্য করে তখন। এবং আমরা সেই উন্নয়ন করে চলেছি। সীমিত ক্ষমতার মধ্যে থেকেও বামফ্রন্ট সরকার রাজ্যের জনগণকে উন্নয়ন উপলব্ধ করাতে চায়, ভালো পরিষেবা দিতে চায়। আর, সেইজন্যই আগামী নির্বাচনে সপ্তম বামফ্রন্ট সরকার এখানে আসবে একথা আমরা সবাই হলপ করে বলতে পারি। স্যার, আমরা দেখতে পাচ্ছি আইন-শৃঙ্খলার ক্ষেত্রে, শিক্ষার ক্ষেত্রে, কৃষির ক্ষেত্রে এই সরকার অগ্রগতি ঘটিয়ে চলেছেন। কৃষি পণ্যকে শিল্পের উপযোগী করে গড়ে তোলা হচ্ছে। পশ্চিমবাংলার কৃষকদের কাছে পাট একটা অর্থকরী ফসল। এগুলো দেখার জন্য কৃষি দপ্তর ও কৃষি বিপণন দপ্তর কাজ করে

চলেছে। কিন্তু আমরা দেখছি পাটের ন্যূনতম দাম নিয়ে কেন্দ্রীয় সরকার অনেক সময়ই টালবাহানা করে। পাট সামগ্রীর উপরে কৃষি বিপণন দপ্তর থেকে অনেক প্রশিক্ষণ কেন্দ্র খোলা হয়েছে। দিনহাটায় এবং জলপাইগুড়ির ভেলাকেটায় প্রশিক্ষণ কেন্দ্র খুলে মহিলাদের স্বনির্ভর করার চেষ্টা হচ্ছে। কৃষি দপ্তর কোচবিহার, বীরভূম, বাঁকুড়ার বিভিন্ন গ্রামে অল্প শিক্ষিত যুবকরা যাতে উন্নতভাবে কৃষিকাজ করতে পারে তার জন্য 'কৃষি স্কুল' খুলে প্রশিক্ষণের ব্যবস্থা করেছে। পাশাপাশি বিদ্যুতের ক্ষেত্রে আমরা এগিয়ে চলেছি। ২৮ বছর পূর্বে এমন বহু জায়গায়, যেখানে মানুষের বিদ্যুৎ ব্যবহারের বাসনা ছিল কিছু পূর্ণ হয়নি আমাদের সরকারের আমলে তা পূর্ণ হয়েছে। কিন্তু ২৮ বছর আগে রাজ্যে যে সরকার ছিল তারা বিদ্যুৎ দেওয়ার নাম করে শুধুমাত্র খুঁটি পুঁতে তাদের কাজ শেষ করেছেন। সঠিকভাবে মানুষের কাছে বিদ্যুৎ পৌঁছে দেয়নি। আজকে বিদ্যুতের ব্যবহার মানুষের কাছে পৌঁছেছে। মানুষ কৃষির কাজে, শিল্পের কাজে বিদ্যুৎ ব্যবহার করতে শিখেছে। ফলে বিদ্যুতের চাহিদাও বেড়েছে। আমাদের সরকার তার সীমিত ক্ষমতার মধ্যে থেকেও সবদিক থেকে উন্নতি করার চেষ্টা করছে। আমরা যখন রাজ্যের উন্নতি করতে চাইছি তখন তৃণমূল কংগ্রেস রাজ্যে বিচ্ছিন্নতাবাদ সৃষ্টি করার চেষ্টা করছে। ১৯৬৭ সালে যখন যুক্তফ্রন্ট সরকার এসেছিল তখন উত্তরবঙ্গকে বিচ্ছিন্ন করার জন্য এই বিরোধীপক্ষের মদতে সেই সময়ে কোচবিহারে শান্তির পরিবেশকে নষ্ট করার চেষ্টা করেছিলেন। ১৯৭৭ সালে বামফ্রন্ট সরকার আসার পরে ৩৬ দফা কর্মসূচির প্রস্তাব নিয়ে এল। সেই সরকারই বারেবারে নির্বাচিত হয়ে আজকে ২৯ বছর ধরে রাজত্ব করছে। সেখানে উত্তরবঙ্গে শান্তি বিঘ্নিত করার জন্য বিরোধীপক্ষের মদতে কখনো সেখানে কে বি পি, কখনো কে এল ও গোষ্ঠী, কখনো কামতাপুরী গোষ্ঠী নানাভাবে গণ্ডগোল করে উত্তরবঙ্গকে বিচ্ছিন্ন করার চেষ্টা করেছে। আর দক্ষিণবঙ্গে মাওবাদী গোষ্ঠী এবং কলকাতাতে মমতার নামে স্লোগান তুলে বিচ্ছিন্ন করার চেষ্টা করেছিল। আমরা ২০০১ সালে কি দেখেছিলাম—গোপনে কে বি পি-র সঙ্গে আঁতাত করে উত্তরবঙ্গকে বিচ্ছিন্ন করার চেষ্টা করেছিলেন। সম্প্রতি আবার কে এল ও-কে মদত দিচ্ছেন, যাতে করে সপ্তম নির্বাচনে বামফ্রন্ট সরকারকে পর্যুদস্ত করা যায় সেইজন্য নানাভাবে সন্ত্রাস সৃষ্টি করে কোচবিহারের শান্তি বিঘ্নিত করার চেষ্টা করা হচ্ছে। এই যে কে.বি.পি., কে.এল.ও এবং গ্রেটার কোচবিহার পিপলস্ অ্যাসোসিয়েশান—এদের সবাইকে আপনারা মদত দিয়ে চলেছেন। গ্রেটার কোচবিহার পিপলস্ অ্যাসোসিয়েশান কোচবিহারে একটা বিশৃঙ্খলা সৃষ্টি করার চেষ্টা করছে। গত ২রা সেপ্টেম্বর যখন গ্রেটার কোচবিহার পিপলস্ অ্যাসোসিয়েশান কোচবিহারে সন্ত্রাস সৃষ্টি করেছিল তখন পুলিশ সেখানে যথেষ্ট ধৈর্যের পরিচয় দিয়েছিল। সেখানে পুলিশ গুলি চালায়নি ওই বিচ্ছিন্নতাবাদী আন্দোলনের উপরে। ওদেরকে কন্ট্রোল করতে গিয়ে সেখানে নিরস্ত্র একজন অ্যাডিশনাল এস.পি.সহ দুজন পুলিশকর্মী মারা গেলেন। আর দুজন আন্দোলনকারী মারা গেছিলেন। ওখানকার মানুষ ওদের মদত চায় না, মানুষ ওদের বিরুদ্ধে। মানুষ গণতান্ত্রিক উপায়ে লড়াই করে বাঁচতে চায় এবং সেইজন্যই তারা বামফ্রন্টের প্রতি সহানুভূতিশীল। এই বিরোধীদল বিভিন্ন জেলায় জেলায় গিয়ে উস্কানি দিচ্ছে, পুলিশের সমালোচনা করছে এবং নানাভাবে বিশৃঙ্খলার সৃষ্টি করতে চাইছে। জনগণ খুবই সতর্ক, তারা ওইসব উস্কানিতে কান দেবে না। ফলে জনগণের কাছে

আজকে আর বিরোধীদের ঠাঁই নেই। এই সরকার উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ গঠন করেছে। সেই টাকা যে দেওয়া হচ্ছে, তার পরিমাণ যাতে বৃদ্ধি হয় তার দাবি জানাচ্ছি। ওই টাকা বৃদ্ধি করে যাতে ওখানকার মানুষদের শিক্ষার, স্বাস্থ্যের এবং শিল্পের উন্নতি করা যায়। আমার নির্বাচনী এলাকা সীমান্তবর্তী এলাকায় কোচবিহারের মানুষের দিনের পর দিনের দাবি যে, আদাবাড়ি ঘাটে এবং সিংহিমাড়ির উপরে একটি সেতু নির্মাণ করা হোক। এই মহতী সভাতে আমি রাজ্য সরকারের কাছে দাবি জানাচ্ছি যে, কোচবিহারের মানুষের আত্ম-সামাজিক বিকাশের জন্য, তাদের নিরাপত্তার জন্য রাজ্য সরকার পরিকল্পনা গ্রহণ করে কেন্দ্রীয় সরকারের কাছে অর্থের দাবি করুক এবং সাথে সাথে আদাবাড়ির ঘাটের উপরে সেতু নির্মাণের দাবি জানাচ্ছি। এই কথা বলে রাজ্যপালের ভাষণের উপরে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী অসিত মিত্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপাল যে বক্তব্য রেখেছিলেন এবং সেই বক্তব্যের উপরে যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে তার চূড়ান্ত বিরোধিতা করে বিরোধী দলের এবং আমাদের দলের সংশোধনীগুলো সমর্থন করে আমার বক্তব্য রাখছি। স্যার, যখন আমি আজকে এখানে বক্তব্য রাখছি তখন সভায় মুখ্যমন্ত্রী নেই। তিনি আগেও থাকেননি, থাকার প্রয়োজনও মনে করেন না।

[3.50–4.00 p.m.]

আমি আপনাকে শুধু এটুকু দুঃখের সঙ্গে বলতে চাই যে, আমাদের ২০০১ সালের নির্বাচিত সদস্যদের নিয়ে গঠিত বিধানসভার এটাই শেষ অধিবেশন। এরপর নির্বাচন। এটাকে অনেক বেশি গুরুত্ব দিয়ে মন্ত্রীসভার সদস্যদের যেভাবে গ্রহণ করা উচিত ছিল, কেউই সেইভাবে গ্রহণ করেননি। ফলে মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আপনিও হতাশ হয়েছেন এবং আমরাও হতাশ হয়েছি। আমি সবার আগে একটা দুর্নীতির কথা বলে আমার বক্তব্য শুরু করব। সেটা হল, গতবারে আমি খাদ্য দপ্তরের বাজেটের সময় বলেছিলাম যে, রাজীব গান্ধীর বিরুদ্ধে একসময় মার্কসবাদী কমিউনিস্ট পার্টি এবং অন্যান্য বন্ধুরা ৬৪ কোটি টাকার দালালির অভিযোগ এনেছিলেন বোফর্স কামান কেনার জন্য। স্যার, আপনি জানেন যে, বোফর্স কামান কি এবং এটা কেন কেনা হয়েছে। এরজন্য যৌথ পার্লামেন্টারি কমিটি তৈরি হয়েছিল, যৌথ সংসদীয় কমিটি তৈরি হয়েছিল। আজকে যারা মাননীয় বিধায়ক তাঁরা অথবা তাদের দল বামফ্রন্টের পক্ষ থেকে তা সমর্থন করা হয়নি, তাঁরা সেখানে যোগ দেননি। আমি আপনাকে এই কথা বলব যে, সেই ৬৪ কোটি টাকা নিয়ে তাঁরা 'রাজীব হটাও, দেশ বাঁচাও' স্লোগান তুলেছিলেন। আমি স্যার, আপনার মাধ্যমে বলছি যে, কার দপ্তর, কে তার মন্ত্রী আমি এ কথা বলছি না। কিন্তু ই.সি.এস.সি.-র ১৬২ কোটি টাকা দুর্নীতির দায়ে যারা অভিযুক্ত তাদের মন্ত্রীকে যখন আমি এবং বিরোধীদলের মুখ্য সচেতক শোভনদেব চট্টোপাধ্যায় গত বাজেট অধিবেশনে সমস্ত তথ্য দিয়ে বক্তব্য রেখে বলেছিলাম যে, এই অন্যায়ের বিরুদ্ধে আপনি তদন্ত কমিটি করুন এবং সি.বি.আই এনকোয়ারি চেয়েছিলাম, তিনি বলেছিলেন যে, কোন

অপরাধীকে ছাড়া হবে না। আজকে স্যার, আমার সংক্ষিপ্ত বক্তব্যের শুরুতে আমি এটুকু বলতে চাই যে, ই.সি.এস.সি.-র স্পেশাল অডিট রিপোর্ট-এ বলা হয়েছে ১৪০ কোটি টাকা ক্ষতি হয়েছে এবং সেটা সংবাদপত্রে বেরিয়েছে। অদ্যাবধি বিভিন্ন পাওনাদারদের কাছ থেকে পাওনা টাকা—বিভিন্নভাবে ২৪০ কোটি ৫২ লক্ষ ৪৮ হাজার টাকা তাঁরা বিভিন্ন কোম্পানির কাছ থেকে পাবেন। স্যার, ই.সি.এস.সি. আয়রন-ওর-এর ব্যবসা করবে, এটা কি কেউ ভাবতে পেরেছিলেন ? মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আমি এই বক্তব্য রাখতে চেয়েছিলাম। জানি না, তিনি রেকর্ড দেখে তাঁর কথা বলবেন কিনা ! তিনি তো দুর্নীতির বিরুদ্ধে কথা বলেন ! আমি বলছি, ই.সি.এস.সি.-র বিরুদ্ধে যেখানে ২৪০ কোটি ৫২ লক্ষ ৪৮ হাজার টাকা বিভিন্ন পাওনাদারদের কাছে রয়ে গেছে তার উদ্ধারের বন্দোবস্ত কি করেছেন ? ১৪০ কোটি টাকা ক্ষতি হয়েছে। সি.কোয়েস্ট কোম্পানিকে জাহাজ আমদানি করার জন্য বলা হয়েছিল। সেখানে সি.কোয়েস্ট কোম্পানির অস্তিত্ব ছিল কিনা জানি না। তার অফিস কখনও বাংলাদেশে, কখনও মালয়েশীয়ায় ছিল। স্যার, ভাবতে পারেন যে এরকম একটা দুর্নীতির কোনো (অভিযোগের) তদন্ত হবে না ? আমি বামফ্রন্টের বন্ধুদের এই কথা বলব, মাননীয় সদস্যদের এই কথা বলব যে, একটা তদন্ত করে প্রমাণ করুন নির্বাচনের আগে যে আপনারা দুর্নীতির বিরুদ্ধে লড়াই করতে চান। আর তা যদি মুখ্যমন্ত্রী না করেন, তাহলে আমরা বুঝব যে সমস্তটাই এই বামফ্রন্টের ৩০ বছরের রাজত্বে দুর্নীতির দলিল নিয়ে তৈরি করা, এইবারে অন্য কোনো কিছু নয়। স্যার, এখনও এই কনসার্নকে ১ কোটি ৮০ লক্ষ টাকা পার মান্থ সুদ দিতে হচ্ছে। ২২.৭.০৫-এ খাদ্যমন্ত্রী বলেছিলেন, দোষীদের কাউকে ছাড়া হবে না। তা এখনও হয়নি। তাই আজকে সবার আগে আমি এর সি.বি.আই তদন্ত দাবি করে আমার বক্তব্য শুরু করছি। আমি আর একটি দুর্নীতির কথা বলছি আপনাকে। স্যার, অনেকেই অনেক কথা বলেছেন, বিরোধীদলের বন্ধুরা অত্যন্ত তথ্য সমৃদ্ধ বক্তব্যের মধ্যে দিয়ে বলেছেন কিভাবে আইন-শৃঙ্খলা ভঙ্গ হয়েছে ইত্যাদি। কে.এম.ডি.এর কোটি কোটি আর্থিক অনিয়ম হয়েছে। কে.এম.ডি.এ চোখের সামনে কি করছে ? কে.এম.ডি.এ-র দুটো অডিট রিপোর্ট আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে দেখতে বলব। ২০০০-০১ এবং ২০০১-০২ আর্থিক বছরের দুটি অডিট রিপোর্টে বলা হয়েছে ২৪২ কোটি ৮৪ লক্ষ টাকার প্রকল্পের কাজ শেষ হয়ে গিয়েছে, কিন্তু সেগুলো এখনও অসমাপ্ত বলে উল্লেখ করা হয়েছে। ৭ কোটি ৭৮ লক্ষ টাকা স্বল্পমেয়াদি তহবিলে বিনিয়োগ করা হল। স্যার, কোথাও কিন্তু এর নথি পেশ করা হয়নি। এইরকম কোটি কোটি টাকার আর্থিক অনিয়ম হয়েছে এইরকম হাজার হাজার তথ্য আমি আপনাদের সামনে তুলে ধরতে পারি। স্যার, আপনি চাইলে আপনার সামনেও আমি উপস্থিত করব। আমি বলতে চাই যারা দুর্নীতির বিরুদ্ধে লড়ছেন, যারা বলছেন, 'আগামী নির্বাচনে আমরা জিতব।' আমি তাদের সামনে বলছি, জেতা হারা পরের কথা, আপনারা বলুন—আগে আমরা দুর্নীতির তদন্ত করব, তারপর আমরা নির্বাচনে যাব। যদি এটা করতে পারেন তাহলে আমরা বুঝব আপনাদের সাহস আছে, আপনাদের স্পর্ধা আছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে যখন মাননীয় রাজ্যপাল ভাষণ দিলেন তখন অবস্থাটা কি ? অর্থনৈতিক ঋণের পরিমাণ ১ কোটি ৩৭ লক্ষ কোটি টাকা। ফিসক্যাল ডিভিসিট কত ? ১২ হাজার কোটি টাকা। ২০০৪-০৫-, হায়েস্ট ইন

ইন্ডিয়া। উত্তরপ্রদেশের পর আমাদের সব থেকে বেশি ঋণ। উত্তরপ্রদেশের ঋণের পরিমাণ আমাদের থেকে একটু বেশি। তারপরে আমরা যদি কেউ বলি মহারাষ্ট্র কি ঋণ নেয়নি, গুজরাত কি ঋণ নেয়নি, কর্ণাটক কি ঋণ নেয়নি ? আমি বলছি হ্যাঁ, সবাই নিয়েছে। যেক্ষেত্রে তারা ঋণ নিয়েছে তার উন্নয়নের কথা ভেবেছে। স্যার, আমি আপনাদের কাছে বলছি এই ২৮ বছরে খুনের সংখ্যা হচ্ছে ৪৩ হাজার ৭৯৪ জন। রাজনৈতিক খুনের সংখ্যা হচ্ছে ১২ হাজার। স্যার, আমরা যখন এই রাজ্যপালের ভাষণ নিয়ে আলোচনা করছি, তখন রেশন কার্ডের অবস্থা কি ? জনসংখ্যা হচ্ছে ৮ কোটি ১৫ লক্ষ, রেশন কার্ড হচ্ছে ৮ কোটি ৬৩ লক্ষ। আমার মনে হচ্ছে বুদ্ধদেববাবু শুধু আমাদের রাজ্যের মুখ্যমন্ত্রী নন, বাংলাদেশেরও। বাংলাদেশের কয়েকটি জেলাও আমাদের সঙ্গে যুক্ত হয়ে গিয়েছে বলে মনে হচ্ছে। স্যার, ভূতের রাজা দিল বর, ভূতের রাজার বরে এই রেশন কার্ড হয়েছে। আমাদের সংস্কার মন্ত্রী, যিনি নিজে অনেক দায়িত্ব নিয়ে সংস্কারের কাজ করেন, আমি তাঁকে বলছি ভূতের রাজার বরে এই রেশন কার্ড হয়েছে কি না দয়া করে তিনি বলবেন। কৃষি জমি ন্যস্ত হয়েছে, আমি এই কথা অনেক শুনেছি। শুধু একটা কথা বলছি ১৯৭২-৭৭ সাল অবধি, আমাদের অতীশদাও বলেছেন ১.৭৫ লক্ষ একর জমি ন্যস্ত হয়েছিল। আর আপনাদের ২৮ বছরে তার পরিমাণ কত দাঁড়িয়েছে ; ৩.২০ লক্ষ একর। ১.৭৫ লক্ষ একর হচ্ছে আমাদের ৫ বছরের অ্যাচিভমেন্ট, আর ২৮ বছরে এই হচ্ছে ওদের অ্যাচিভমেন্ট ! আইন-শৃঙ্খলার এই অবস্থার মধ্যেও রাজ্যপালের ভাষণ পেশ করা হয়েছে। মাননীয় রাজ্যপাল সঠিকভাবেই কে.এল.ও-র কথা বলেছেন। মাননীয় মুখ্যমন্ত্রী আমাদের কাছে বার বার আশ্বাস দিয়েছেন এবং বলেছেন কে.এল.ও এবং মাওবাদী এই দুটি জঙ্গিগোষ্ঠীর দুই রকম অবস্থান। মাননীয় রাজ্যপালের ভাষণ থেকে আমি পড়ছি না। তিনি বলেছেন কে.এল.ও-র বেশ কিছু জঙ্গিদের নাকি মূল স্রোতে ফিরিয়ে আনতে পারবেন ! মাননীয় মুখ্যমন্ত্রী আজও সংবাদপত্রে দেখছি কোথাও হামলা হয়েছে, কোথাও থানা লুঠ হয়েছে, কোথাও প্রবাল সেনগুপ্ত, নীলকমল দাস, রবি করেরা খুন হচ্ছে। আপনারা বলছেন আমরা নাকি এই খুনে আনন্দিত। মোটেই না। তার কারণ আমাদের দায়িত্ব আপনাদের থেকে কোনো অংশে কম বলে মনে করি না। আমরা উদ্বিগ্ন। ২০০১-২০০২ থেকে বলে আসছেন, 'আমরা উন্নয়নের মাধ্যমে ওদের মূল স্রোতে ফিরিয়ে আনব।' কিন্তু, প্রব্লেম হচ্ছে উন্নয়নের মাধ্যমে ওই এলাকার মানুষদের মূল স্রোতে ফিরিয়ে আনা যায়নি।

[4.00–4.10 p.m.]

এবং আমরা সে চেষ্টাই করিনি। মাননীয় মুখ্যমন্ত্রী, আপনাকে আমি বারবার জিজ্ঞেস করেছি, এখনও করছি—আপনি বা আপনার সরকার কি মাওবাদীদের নিষিদ্ধ ঘোষণা করবেন বলে ভাবছেন ? অথবা শুধুমাত্র পুলিশের দ্বারা তাদের মোকাবিলা করবেন বা উন্নয়নের যেসব পথ খোলা আছে তার দ্বারা করবেন ? আপনি চেষ্টা করেন কখনো কখনো কিন্তু আপনার ত্রুটি হ'ল, যাদের চোখ দিয়ে দেখেন তাদের কথা বলেন না। সেখানে অনুন্নয়নের সঙ্গে সঙ্গে যুক্ত হয়েছে শাসক দলের অগণতান্ত্রিক আচরণ। পঞ্চায়েতের তৃণমূল স্তর থেকে উপরতলা পর্যন্ত ওই এলাকার মানুষ অন্তত বিগত ১৫ বছর ধরে গণতন্ত্রের স্বাদ পায়নি। নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা

করার সাহস পর্যন্ত তাদের নেই। শুধু ছোট আঙারিয়া নয়, ঝাড়গ্রাম, খাতরা মহকুমা, পুরুলিয়ার বান্দোয়ানও আছে পাশাপাশি। আমরাও চাই সেসব জায়গার উন্নয়নের সঙ্গে সঙ্গে ঝাড়খণ্ডের সঙ্গে কথা বলে আমাদের অবস্থানটা মজবুত করুন, ওইসব এলাকার সুরক্ষার বন্দোবস্ত করুন। আজকে অবস্থা এমন যে, রাত্রিবেলা পুলিশকে গিয়ে যদি বলা হয়, আমার মেয়েটা হারিয়ে গেছে, খুঁজে দিন অথবা এখানে তাণ্ডব চলছে, আপনারা চলুন, পুলিশ তখন বলে, যেতে পারব না। বি.এস.এফ.-কে বললে তারা বলে, আমাদের লোক কম, যেতে পারব না। মাননীয় মুখ্যমন্ত্রী, পুলিশ কার কন্ট্রোলে আছে ? পুলিশের মধ্যে কি সমন্বয় নেই ? এই ব্যাপারে আপনার সুস্পষ্ট বক্তব্য আজকে জানতে চাইছি। আমি জানি আপনাদের দলের নেতাদের সিকিউরিটি দিয়েই মনে করছেন ওরা তো নিশ্চিন্ত হ'ল, নিরাপদ হ'ল। কিন্তু অনেক মানুষ খুন হয়ে যাচ্ছে। এ কথা কেন বুঝতে পারছেন না ? মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, সরকার কেন মনে করতে পারছে না এর ফলে সাধারণ মানুষের জীবন কোন্ জায়গায় গিয়ে পৌঁছেছে ? এটা দেখা দরকার। কলকাতা শহরের মহিলাদের নিরাপত্তার কথা আমি আগেও বলেছি, আবারও বলছি। মাননীয় মুখ্যমন্ত্রী, আমিও জানি কলকাতা শহরের মহিলাদের নিরাপত্তার অভাব কিছু কিছু ক্ষেত্রে আছে, এই বিষয়ে বিতর্ক নেই। আপনি বলেছেন আমরা কিছু সামাজিক ফোরাম তৈরি করে সেক্ষেত্রে আলোচনা করে সেই সচেতনতা ফিরিয়ে আনার চেষ্টা করব। সেই ব্যাপারে কোনো ব্যবস্থা নিয়েছেন কি ? কলকাতা শহরে চুরি-ডাকাতি বাড়ছে এবং সঙ্গে সঙ্গে মানুষও খুন হচ্ছে। আজকের হিন্দুস্থান টাইমস্ খবরের কাগজে লিখেছে, একজন অ্যাডিশনাল এস.পি.-র মেয়েকে গতকাল সন্ধ্যায় এক যুবক ভ্যালেন্টাইন ডে-র কথা বলে টিজ্ করেছে। বলেছে, 'আমার সঙ্গে ওর প্রেম আছে।' মেয়েটিকে টানাটানি করার চেষ্টা করছিল। মেয়েটি কোনরকমে নিজেকে রক্ষা করেছে। তার বাবা-মায়ের ডাকে পুলিশ গিয়ে যুবকটিকে নিরস্ত করার চেষ্টা করে। একজন অ্যাডিশনাল এস.পি.-র মেয়ে বলে সে রক্ষা পেল। কোনো সাধারণ মানুষের মেয়ে হলে সে ইভ্ টিজিং-এর হাত থেকে নিস্তার পেতে পারত না এবং গুণ্ডাদের দ্বারা অত্যাচারিত হত। বাগনানে এস.এইচ.জি. গ্রুপের জনসভায় আপনার উপস্থিতি তাদের উদ্দীপ্ত করে। ওই গ্রুপের একজন মহিলা বলেছিল, মহিলাদের উপর কিভাবে অত্যাচার চলছে। মাননীয় মুখ্যমন্ত্রী বলেছিলেন, 'যদি বিচার না পান আমার কাছে চিঠি লিখে পাঠাবেন।' কিন্তু এটা তো সিস্টেম হতে পারে না ! মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এমন একটি রাজ্যের মুখ্যমন্ত্রীর সঙ্গে কথা বলছি, যে রাজ্য নজরুলের জন্মস্থান, রবীন্দ্রনাথের জন্মস্থান, যেখানে নর এবং নারীকে মর্যাদা দেওয়া হয়েছে।

'এই জগতে যাহা কিছু মহান চির কল্যাণকর।
অর্ধেক তার করিয়াছে নারী অর্ধেক তার নর।'

রবীন্দ্রনাথের 'স্ত্রীর পত্র' এই রাজ্যে আলোড়ন সৃষ্টি করে। এমন রাজ্য যেখানে সোনালীর বলা জয় গোস্বামীর কবিতা চোখ খুলে দিল। সেই রাজ্যে মহিলাদের নিরাপত্তার ব্যবস্থা করতে পারেননি। সেই ব্যবস্থা করতে পারেননি, যে ব্যবস্থায় মহিলারা নির্দিষ্টভাবে মুখ্যমন্ত্রীকে চিঠি লেখার আগে থানায় দাঁড়িয়ে বলতে পারে যে, আমার উপর অত্যাচার করেছে, আপনারা ব্যবস্থা করুন !

আপনি একথা সেদিন বলেছেন। মুখ্যমন্ত্রী মহাশয় আমি আপনাকে বলব, আপনাকে সেদিন যারা পরিচালিত করেছেন, যাদের হয়ে আপনি সেদিন কথা বলেছেন, যাদের বক্তব্য রেখেছেন তার বাইরেও কিছু বলার ছিল। হয়তো আপনার সময়ের অভাব ছিল, আরও অনেকের বলার ছিল তাদের কাউকে বলতে দিলে ভাল হত। সেল্ফ হেলপ গ্রুপের যারা ছিল, তাদের কথা বলার সুযোগ তারা পায়নি। তবুও আপনাকে ধন্যবাদ আপনি সেদিন গিয়েছেন বলে। আমি এবারে আপনাকে পথ দুর্ঘটনার কথা বলব। পশ্চিমবাংলায় পথ দুর্ঘটনায় মৃত্যু হয়েছে ২০০৪ সালে ৪২০, ২০০৩ সালে ৪৪২, ২০০২ সালে ৪৫৭, ২০০১ সালে ৪৪০ এবং ২০০৫ সালে ৪৮৩। আপনি বলুন পথ দুর্ঘটনায় যারা মারা গিয়েছেন তাদের পরিবারের জন্য কি ব্যবস্থা নেওয়া হয়েছে ? আর দুর্ঘটনা ঘটানোর বিরুদ্ধে কি ব্যবস্থা নিয়েছেন ? কয়েকটা মাত্র লাইসেন্স বাতিল করা হয়েছে। কতগুলো খুনের কিনারা হয়নি। ৯ই ফেব্রুয়ারি চিড়িয়াখানায় একজন ব্যক্তি খুন হন, সেই খুনের কোনো কিনারা হয়নি। ২০০৫ সালের ৯ মার্চ লেক পাম্প হাউসে একজন মহিলা খুন হন, সেই খুনের বিচার হয়নি। ১লা মে তালতলায় একজন মহিলা খুন হন, সেই খুনের কিনারা হয়নি, ৪ঠা মে একটি দোকানে একজন মহিলা খুন হন তার কোনো বিচার হয়নি। ৬ই মে একজন ব্যবসায়ী খুন হলেন, তার বিচার হল না। ৪ঠা জুলাই কড়েয়া কারখানায় দুজন খুন হলেন কাউকে ধরা যায়নি, ২রা সেপ্টেম্বর হোটেলে একজন মহিলাকে খুন করা হল তার কোনো কিনারা হয়নি। ৮ই সেপ্টেম্বর একজন তরুণী খুন হলেন, ৬ই নভেম্বর ট্যাংরায় একজন অপহৃত হয় এবং পরে তাকে খুন করা হয়। কোনো একটা ঘটনারও কোনো কিনারা হয়নি। তাই আমি আপনাকে আজকে বলতে চাই যে আপনি শিল্পের ক্ষেত্রে ব্র্যান্ড অ্যামবাসাডর, যেমন—ব্র্যান্ড অ্যামবাসাডর অমিতাভ বচ্চন, পরে সৌরভ গাঙ্গুলী, তেমনি শিল্পের ক্ষেত্রে আপনি ব্র্যান্ড অ্যামবাসাডর। দু হাজার কোটি টাকার বেশি ইনভেস্টমেন্ট হচ্ছে আপনাদের রাজত্বে। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়, ১২ হাজার কোটি টাকা আমাদের রাজ্য থেকে বাইরে চলে গিয়েছে। কেন জিন্দাল আমাদের রাজ্য থেকে ঝাড়খণ্ডে চলে গেল ? তার কোনো উত্তর নেই। ১২ হাজার কোটি টাকার ইনভেস্টমেন্ট হলে আমার রাজ্যের হাজার হাজার ছেলে চাকরি পেত। আমরা তথ্য প্রযুক্তি নিয়ে গর্ব করব, কিন্তু বাংলার বেকার যুবকরা সেখানে চাকরি পাবে না। তাই আমি আবার আপনাকে বলি, যেভাবে চলা উচিত ছিল সেভাবে আপনি চলেননি। বাংলার মানুষ আপনাকে প্রশ্ন করবে, যেমন—বীরবাহুর মা রাবণকে প্রশ্ন করেছিল, 'কেন আমার বীরবাহু মারা গেল ?' রাবণ কোনো উত্তর দিতে পারেনি। বীরবাহুর জননী বলেছিল, "মজালে রাক্ষসকূলে, মজিলা আপনি।" ঠিক সেরকমই বুদ্ধদেববাবু, আপনিও কোনো উত্তর দিতে পারবেন না। আপনি বাংলার মানুষকে মজিয়েছেন, আপনি নিজেও মজেছেন। এই কথা বলে রাজ্যপালের ভাষণের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী পঙ্কজ ব্যানার্জী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপাল গত ২রা ফেব্রুয়ারি ভারতীয় সংবিধানের ১৭৬ অনুচ্ছেদ অনুসারে বিধানসভার অধিবেশন শুরুর প্রাক্কালে যে ভাষণ দিয়েছেন এবং তার ওপর সরকার পক্ষ থেকে যে ধন্যবাদসূচক প্রস্তাব আনা হয়েছে আমি তার বিরোধিতা করছি এবং বিরোধীদের নানা মোট ১০০৪টি

সংশোধনীকে সমর্থন করছি। কেন আমি এই প্রস্তাবের বিরোধিতা করতে বাধ্য হচ্ছি, সে সম্পর্কে কিছু বক্তব্য আপনার মাধ্যমে রাখতে চাই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী শুধু মুখ্যমন্ত্রী নন, তিনি স্বরাষ্ট্র মন্ত্রীও। তিনি নির্বাচনের আগে ক্যামেরা-ম্যান সঙ্গে নিয়ে মায়ের কোলের ছোট ছোট শিশুদের গাল টিপে আদর করে হাসিমুখে বলেছিলেন, 'এই সুন্দর শিশুদের আমরা এগিয়ে নিয়ে যাব।' আজকে মাননীয় মুখ্যমন্ত্রীকে প্রশ্ন করি : মাননীয় মুখ্যমন্ত্রী, কলকাতার ট্যাংরা অঞ্চলে যখন ইকবাল নামে একটা ছেলে হারিয়ে গেল, তন্ন তন্ন করে খোঁজ করে শেষে সেপ্টিক ট্যাংকে তার গলিত মৃতদেহ পাড়া-পড়শিরা উদ্ধার করল তখন আপনি কি একবারও মনে করেছিলেন, 'বন্যেরা বনে সুন্দর, শিশুরা মাতৃক্রোড়ে' ? ইকবালের তো মায়ের কোলে থাকার কথা ছিল, সেপ্টিক ট্যাংকে নয়।

[4.10–4.20 p.m.]

মাননীয় মুখ্যমন্ত্রী আপনি স্বরাষ্ট্রমন্ত্রী হিসাবে বলুন—কসবায় গৌতম যাদব হারিয়ে গেল। মা, বারেবারে থানায় গেলেন। কিন্তু তাকে খুঁজে পাওয়া গেল না। মাটির তলা থেকে ৩ মাস পরে তার করোটি খুঁজে পাওয়া গেল। এই শিশুটি মাতৃক্রোড়ে খেলতে পারল না। আপনি তাকে খেলতে দিলেন না। আপনি বলুন তো বেহালার খক নামে শিশুটিকে তার প্রতিবেশী নির্মমভাবে খুন করে কিভাবে সেফটি ট্যাংকে ঢুকিয়ে দিল। আপনার পুলিশ আততায়ীদের চিহ্নিত করতে পারলেন না। খক চিরদিনের মতো তার মার কোল ছেড়ে চলে গেল। আপনি বলুন তো, টালিগঞ্জ থানার পিছনে সন্ধ্যার সময়ে বিবেকের মৃতদেহ পাওয়া গেল। তার মা সন্তানহারা হলেন। মাননীয় মুখ্যমন্ত্রী, আপনি কি এই সকল সন্তানহারা মায়েদের কাছে গিয়ে বলেছেন যে, "মা, আমি তোমাদের পরিপালক। আমি তোমাদের রাজ্য চালাচ্ছি। আমি পারিনি। আমি শিশুদের দেখভাল করতে পারিনি। এই কারণে আমি তোমাদের কাছে দুঃখিত।" তাই এই ইকবাল, গৌতম, খক এই সকল শিশুদের মায়েদের কাছে আপনার বলা উচিত ছিল যে, "আমি পারিনি। তোমরা আমাকে বল দাও। তোমরা আমাকে ভরসা দাও। আমি পারব ?" আপনি কখনোই পারবেন না। তার কারণ আপনি মানসিক ক্ষমতা হারিয়ে ফেলেছেন। আপনি পশ্চিমবঙ্গকে ভারতবর্ষের মরূদ্যান রূপে আখ্যা দিয়েছেন। আমি মুখ্যমন্ত্রীকে বারবারই বলেছি যে, আপনি আপনার নিজের পিঠ নিজে চাপড়ানোটা বন্ধ করুন। আপনি রাজ্যে কি করছেন ? ইউ হ্যাভ পলিটিক্যালাইজড্ দ্য এনটায়ার অ্যাডমিনিস্ট্রেশান অ্যান্ড ক্রিমিনালাইজড্ দ্য এনটায়ার পলিটিক্যাল অ্যাটমসফিয়ার। গোটা পলিটিকস্টাকে আপনি প্রশাসনের মধ্যে ঢুকিয়ে দিয়েছেন। আর আপনি সমাজবিরোধীদের রাজনৈতিক আঙিনায় ঢুকিয়ে দিয়েছেন। তাই আজকে পশ্চিমবঙ্গ দুবৃত্তদের বিচরণভূমিতে পরিণত হয়ে গেছে। আইনুল হক কলকাতায় ধরা পড়ল। উনি আই এস আইয়ের এজেন্ট। ওয়াকার কলকাতা থেকে ধরা পড়ল। গার্ডেনরীচ অঞ্চল থেকে মহ: মহসিন সঈদ ধরা পড়ল। আকুল বাকি বসিরহাট থেকে ধরা পড়ল। দিল্লির পুলিশ এখানে এসে তাকে ধরে নিয়ে গেল। জম্মু কাশ্মীর পুলিশ মহঃ আবুকে হিলি থেকে ধরে নিয়ে গেল। মহঃ তারিক আনোয়ারকে দিল্লির পুলিশ এখানে এসে চিহ্নিত করে ধরে নিয়ে গেল। এইভাবে দিল্লির পুলিশ এখানে এসে তাদেরকে একের পর এক ধরে নিয়ে গেল। কিন্তু আপনারা কিছুই করতে পারলেন না। সুতরাং আপনার ব্যর্থতা আকাশচুম্বী হয়ে গেছে।

অথচ আপনি এখানে বলছেন যে, পশ্চিমবঙ্গ মরূদ্যানে পরিণত হয়েছে। গোটা ভারতবর্ষের তাবড় সন্ত্রাসবাদী দল, গোটা ভারতবর্ষের তাবড় বিচ্ছিন্নতাবাদী দল, গোটা ভারতবর্ষের আই এস আইয়ের চরেদের চরে খাওয়ার জায়গা হয়ে গিয়েছে পশ্চিমবঙ্গ। আজকে পশ্চিমবঙ্গ সমাজবিরোধীদের মুক্ত বিচরণ ভূমিতে পরিণত হয়ে গিয়েছে। এরপরেও আপনি বলছেন যে, পশ্চিমবঙ্গে নাকি একটা স্বপ্নের পরিধির বিস্তার ঘটেছে ? পশ্চিমবঙ্গ নাকি ভারতবর্ষের মরূদ্যানে পরিণত হয়ে গিয়েছে। আপনার আই জি নজরুল ইসলাম, তাঁর লেখা বইতে বলেছেন প্রোমোশান পেতে গেলে নাকি তেল মারতে হবে। পোস্টিং পেতে গেলে নাকি টাকা দিতে হবে। যদি তিনি মিথ্যা কথা বলে থাকেন, তাহলে আপনি তাঁর বিরুদ্ধে কি ব্যবস্থা নিয়েছেন ? আপনি তাঁর বিরুদ্ধে কোনো ব্যবস্থা নিতে পারেননি। এর কারণ হচ্ছে তাঁর বইতে যে কথাগুলি তিনি বলবার চেষ্টা করেছেন, এটাই হচ্ছে পশ্চিমবঙ্গের ভাগ্য। পশ্চিমবঙ্গকে এটুকু মেনে নিয়েই চলতে হচ্ছে। তার কারণ আপনারা পশ্চিমবঙ্গে বে-আইনিভাবে ক্ষমতায় এসেছেন। ২০০১ সালের নির্বাচনের সময়ে আপনার পার্টির দপ্তর থেকে নির্বাচন কমিশনের দিকে কামান দাগা হয়েছে। ওখানে বলা হয়েছে যে, একে ধাক্কা দিয়ে বের করে দাও। ওখানে বলা হচ্ছে গণ অভ্যুত্থান হবে। ২০০১ সালের নির্বাচনে মোর দ্যান ৮৫ পারসেন্ট যেখানে পোল হয়েছে, এই রকম ২৩টি কনস্টিটিউয়েন্সিতে জিতেছেন। ১, ২, ৮, ৮৪, ১৯৬, ২০৩, ২০৫, ২০৭, ২০৯, ২১৪ এই রকম ২৩টি কনস্টিটিউয়েনশির নাম আমি বলতে পারি। মোর দ্যান ৮০-৮৫ পারসেন্ট পোল হয়েছে, এই রকম ৭৮টি আসনে আপনারা জিতেছেন। মোর দ্যান ৭৫-৮০ পারসেন্ট পোল হয়েছে, এই রকম ৭৬টি আসনে আপনারা জিতেছেন। এইভাবে জবরদখল করে আপনারা আসন পেয়েছেন। এইভাবে আপনারা ২০০টি আসনের মধ্যে ১৭৭টি আসনে জিতেছেন। বাকি ২৩টি কনস্টিটিউয়েনশিতে আপনারা মাঝামাঝি স্তরে জিতেছেন। এখানে কোথাও ১০,০০০ ভোটের ব্যবধানে, কোথাও ২৫,০০০ ভোটের ব্যবধানে, আবার কোথাও ৩০,০০০ ভোটের ব্যবধানে জিতেছেন। আর যেখানে ভুয়ো ভোটার বাদ পড়েছে, সেখানে ৫৫-৬৫ ভোটে জিতেছেন। তাই নির্বাচন কমিশন সঠিক জায়গাতেই হাত দিয়েছেন। তাই আজকে আপনাদের মনে আতঙ্ক তৈরি হয়েছে। তাই আপনারা আজকে এত চিৎকার করছেন। আমরা শুনেছি যে, গণতান্ত্রিক অধিকার কেড়ে নিলে গণঅভ্যুত্থানের সূচনা হয়। তাই আমাদের পাশের রাষ্ট্র বাংলাদেশের শেখ মুজিবর সেখানকার গণতান্ত্রিক অধিকারকে ফিরিয়ে আনার জন্য গণঅভ্যুত্থান ঘটিয়ে ছিল। আর পশ্চিমবঙ্গের নির্বাচনে গণতান্ত্রিক ব্যবস্থাকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য নির্বাচন কমিশন যখন ভুয়ো ভোটার তালিকা ঠিক করার চেষ্টা করছেন, তখন আপনারা বলছেন যে, গণঅভ্যুত্থান ঘটবে। গণঅভ্যুত্থানকে সমাধি দিতে, যে গণঅভ্যুত্থানের নায়ক আপনারা, পশ্চিমবাংলার মানুষ আজকে আপনাদের দেখে লজ্জিত হচ্ছে। তার কারণ গণতন্ত্রকে পায়ের তলায় মাড়িয়ে দিয়ে যে শাসনের কারাগার আপনি তৈরি করেছেন, সেই কারাগারকে বজায় রাখার জন্য আজকে গোটা ব্যবস্থাটাকে ক্রিমিনালদের হাতে তুলে দিয়েছেন। তাই যে কথা বলছিলাম, আজকে আপনি মুখ্যমন্ত্রী, আপনি রাজনৈতিক সভা করতে যাচ্ছেন, গিয়ে বলছেন,—বিরোধীদের মাথাগুলো আমি ভেঙে দেব, বিরোধীদের হাতগুলো আমি ভেঙে

দেব। আপনি যদি বলেন মাথা ভেঙে দেব, তাহলে হুব্বা বা শ্যামল, তারা বলবে, মাথা কেটে নেব। আপনি যদি বলেন হাতগুলো ভেঙে দেব, তাহলে হাতকাটা দিলীপ বলবে, 'আমার হাত নেই, অন্যের হাত থাকবে কেন, তার হাতও কেটে নেব।' তার ফলে আপনি এমন একটা অবস্থা সৃষ্টি করে দিয়েছেন যে, পশ্চিমবাংলার গোটা রাজনৈতিক বাতাবরণকে আপনি দূষিত করে দিয়েছেন। আজকে সমাজবিরোধীদের হাতে গোটা পশ্চিমবাংলার মানুষের ধন, মান, জীবন এবং তাদের সম্পত্তি আপনি তুলে দিয়েছেন। তার জন্য আজকে আপনি ভয় পাচ্ছেন এবং ভয় পাওয়ার জন্য আজকে আপনারা একবার চীৎকার করছেন, আরেকবার ক্ষমা চেয়ে নিচ্ছেন। কখনও বলছেন 'ওরা তৃণমূলের এজেন্টের মতো কাজ করছেন, আবার কখনও বলছেন, না, ঠিকই করছে, আমরা ওদের পাশে আছি।' ঠিক করে বলুন, আপনারা ওদের পাশে আছেন, না, আপনারা ওদের তিরস্কার করতে চান। দুটো পাশাপাশি একসঙ্গে বলে আপনারা পশ্চিমবাংলার মানুষকে বিভ্রান্ত করতে পারেন না। আপনি গোটা পশ্চিমবাংলা ছেয়ে দিয়েছেন এ্যাডভারটাইজমেন্টে—'কৃষি আমাদের ভিত্তি', শিল্প নাকি আপনাদের ভবিষ্যৎ। কৃষির কোন্ ভিত্তির উপর আমাদের দাঁড় করিয়েছেন ? ১৯৪৭-১৯৪৮ সালে রাজ্যের উৎপন্ন খাদ্যশস্যের পরিমাণ ছিল ৩৯.৩৩ লক্ষ মেট্রিক টন, ২৪ বছর পর ১৯৭১-১৯৭২ সালে খাদ্য উৎপাদন ১০০ পারসেন্ট বৃদ্ধি পেয়ে হয়েছিল ৭৮.৫৫, বৃদ্ধির হার ছিল ২.৯%। ১৯৭৭-১৯৭৮ সালে আপনাদের সময় খাদ্যশস্য উৎপাদন ছিল ৮৯.৭ লক্ষ টন। ২০০৩-২০০৪ সালে এসে আপনার খাদ্যশস্য উৎপাদন করেছেন ১ লক্ষ ৬০ হাজার মেট্রিক টন, অর্থাৎ ২৬ বছরে উৎপাদন বৃদ্ধি ৭০.৩০ লক্ষ টন, অর্থাৎ ২.৩ পারসেন্ট। কংগ্রেস আমলে যেখানে উৎপাদনের হার ছিল ২.৯ পারসেন্ট, সেখানে আপনারা উৎপাদনের হার এনেছেন ২.৩ পারসেন্টে। আজকে আপনারা বলছেন, ২৯ বছরে আপনারা নাকি কৃষিতে একটা ভিত্তি স্থাপন করে গেছেন, কৃষিতে আপনাদের ভিত্তি হয়ে গেছে, কৃষির আর দরকার নেই, আর কৃষি জমির দরকার নেই, আর সেচ বাড়াবার দরকার নেই, এবার ডেকে আনো বিদেশিদের—উপঢৌকন দিয়ে দাও জমি, তারা এখানে এসে কৃষকদের উৎখাত করুক, এখানে হাব্ তৈরি করুক, যে হাব্ সম্বন্ধে ইন্দোনেশিয়ায় আপনি বললেন, 'আমি সই করে এসেছি', আমার জীবনের আজকে উল্লেখযোগ্য দিন।'

মাননীয় রাজ্যপাল মহাশয়ের ভাষণে আপনি একটা কথাও বললেন না যে, পশ্চিমবাংলায় আপনি ইন্দোনেশিয়ার একজন নতুন পুঁজিপতিকে নিয়ে আসছেন, একথা তাঁকে দিয়ে বলাতে পারেননি। তার কারণ আপনি যা বলেন, তা করেন না, আর আপনি যা করেন, তা আপনি বলেন না। খাদ্যশস্যের ব্যাপারে আসছি। ২০০১ সালের আদমসুমারি অনুযায়ী পশ্চিমবাংলায় ৮.২ কোটি মানুষের বসবাস। ভারতবর্ষের ১০২.৭ কোটি মানুষের ভিতর ৭.৮ পারসেন্ট মানুষ এখানে বাস করে। আর আপনি ১৬০ লক্ষ মেট্রিক টন যদি ৮ কোটি মানুষের ভিতর বিতরণ করে দেন তাহলে আপনার এখানে বরাদ্দ হচ্ছে ৭.৫ পারসেন্ট। তার মানে খাদ্যে ঘাটতি আছে, তার মানে খাদ্যের ব্যাপারে স্বয়ংসম্পূর্ণ নন। এফ.সি.আই. আপনাকে চাল দিলে আপনার রেশন ব্যবস্থা চালু থাকে আর এফ.সি.আই. যদি চাল পাঠাতে দেরি করে তাহলে আপনার রেশনিং ব্যবস্থা, আপনার পাবলিক ডিস্ট্রিবিউশন সিস্টেম ভেঙে পড়ে। আর

আপনি বারবার বড়াই করে বলছেন যে, আপনি নাকি খাদ্যশস্যে এত স্বয়ম্ভর হয়ে গেছেন যে, এখন আর দরকার নেই, এখানে জমি বিক্রি করে দেওয়া যেতে পারে, বিদেশিদের হাতে তুলে দেওয়া যেতে পারে। কোথায় আছি আমরা ? মাননীয় মুখ্যমন্ত্রী গম, ডাল, তৈলবীজ এমনকি একাধিকক্রমে ১৪ বছর ধরে বলছেন যে, মাছ উৎপাদনে আমরা ভারতবর্ষের মধ্যে প্রথম। যদি একদিন অন্ধ্রপ্রদেশের ট্রাক পশ্চিমবাংলায় না ঢোকে তাহলে বাংলার হেঁসেলে এখনও মাছ ঢোকাতে পারছেন না।

১৯৪৭-১৯৪৮ সালে ৫.২ লক্ষ হেক্টর জমিতে ডাল হয়েছিল ২.৯৫ লক্ষ টন, ১৯৭৭-১৯৭৮ সালে ডাল হয়েছিল ৫.৬ লক্ষ হেক্টর জমিতে ৩.৩৪ লক্ষ মেট্রিক টন। ২০০২-২০০৩ সালে এখানে ডাল হয়েছে ২ লক্ষ ৪২ হেক্টর জমিতে ২.৬৮ লক্ষ টন, আর সেটা দেশের উৎপাদনের ১.৫ পারসেন্ট, যেখানে রাজ্যের প্রয়োজন ১১.৩ লক্ষ মেট্রিক টন, সেখানে আপনি ১৪.৯ পারসেন্ট এখানে উৎপাদন করছেন। গোটা ডাল পশ্চিমবঙ্গের বাইরে থেকে আমদানি করা হচ্ছে। ২০০২-২০০৩ সালের পরিসংখ্যানে মোট খাদশস্যের উৎপাদন আপনি বলেছেন ভারতবর্ষের মধ্যে আপনি এক নম্বর। ডাহা মিথ্যে কথা বলছেন। ভারতবর্ষে খাদশস্য উৎপাদনে প্রথম হচ্ছে উত্তরপ্রদেশ। উত্তরপ্রদেশে খাদ্যশস্য উৎপাদন হয়েছে ৩.৬৩ কোটি মেট্রিক টন।

[4.20–4.30 p.m.]

আর পশ্চিমবাংলার ৪ ভাগের ১ ভাগ যার লোকসংখ্যা সেই পাঞ্জাবে হচ্ছে ২.৩৫ লক্ষ মেট্রিক টন। তৃতীয় জায়গায় পশ্চিমবাংলা। আপনি পশ্চিমবাংলায় এই খাদ্যশস্য উৎপাদন করে বড় বড় কথা বলেছেন, 'আমরা স্বয়ংসম্পূর্ণ হয়ে গেছি, কৃষিকে আমাদের স্তম্ভ করে দিয়েছি।' এবারে জল এবং কৃষির দিকে আমি যদি মুখ তুলে তাকাই—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আলুতে প্রথম হচ্ছে উত্তরপ্রদেশ, উৎপাদন ১০১.৬ লক্ষ মেট্রিক টন আর আমরা করেছি মাত্র ৬৯ লক্ষ মেট্রিক টন। গম এবং তৈলবীজ উৎপাদনে আমরা পঞ্চম এবং ডাল উৎপাদনে আমরা ষষ্ঠ। জাতীয় নমুনা অনুযায়ী যেখানে ভারতবর্ষে মাথাপিছু ব্যয় সারা ভারতবর্ষে ৪৮৬১, সেখানে পশ্চিমবঙ্গের কৃষকের ব্যয় হচ্ছে ৪৫৪ টাকা মাত্র। কোথায় আপনি আজকে বাংলার কৃষককে এনে দাঁড় করিয়ে দিয়েছেন ? যেখানে বাংলার চাষিদের মাথাপিছু মাসিক ক্রয়ক্ষমতা ৫৬০ টাকা, সেখানে কেরালায় ৯০০.৫৯ টাকা, পাঞ্জাবে ৮২৪ টাকা, হরিয়ানায় ৭৪১ টাকা। পশ্চিমবাংলায় মাত্র ৫৬০ টাকা ! অর্থাৎ চাষিদের ঘরে ঘরে আপনি দৈন্যদশা ছড়িয়ে দিয়েছেন। আপনি চাষকে আপনার ভিত্তি হিসাবে দাবি করতে পারেন না। এখানে আপনার চরম নৈরাজ্য, চরম ব্যর্থতা এবং আকাল দেখা দিয়েছে। আর শিল্প ! শিল্প নিয়ে রোজ আপনি বড় বড় কথা বলছেন যে, শিল্পে নাকি আমরা আকাশ ছুঁইয়ে গেছি। শিল্পনীতি ঘোষণা করেছিলেন ১৯৯৪ সালে। ১৯৯৪-২০০০, জ্যোতিবাবুর শেষ ৬ বছরে বাংলায় শিল্পে বিনিয়োগ হয়েছিল ১৬৪৫৫ কোটি টাকা, তখন ৩৩৪টি শিল্প তৈরি হয়েছিল। আর আপনি ২০০১-০৪ সাল বুদ্ধদেববাবুর এই ৪ বছরে—শিল্পে বিনিয়োগ হয়েছে ৯১১৯.৪৯ কোটি টাকা, উদ্যোগ হলো ৪৩২টি। তার ফলে কি হয়েছে ? ২০০০ সালে

পশ্চিমবাংলায় রাষ্ট্রায়ত্ত এবং বেসরকারি কারখানায় মোট কর্মরত শ্রমিক ছিল ২৪ লক্ষ ৫২ হাজার, তা ২০০৪ সালে এসে দাঁড়িয়েছে ২২ লক্ষ ৮ হাজারে। অর্থাৎ ৯৭ হাজার শ্রমিক অর্গানাইজ সেক্টরে আজকে কর্মচ্যুত হয়ে গেছে। তাই আপনাকে বলি ব্যর্থতা কোথায় সেটা আপনি বোঝার চেষ্টা করুন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিদেশি পুঁজি নাকি ঝড়ের বেগে উড়ে আসছে। জ্যোতিবাবুর শেষ ৩ বছরে ১৯৯৭-২০০০ বিদেশি পুঁজি মোট বিনিয়োগ হয়েছিল ২১২৭ কোটি ৬০ লক্ষ টাকা, আর বুদ্ধবাবুর ১.৪.২০০০ থেকে ৩১.১২.২০০৪-এর মধ্যে বিনিয়োগ হয়েছে ১০৯৯ কোটি ৪৬ লক্ষ টাকা। অথচ ১৯৯১-২০০৪ এই কয়েক বছরে ভারতবর্ষে বিনিয়োগের চেহারাটা কি ? মাননীয় অধ্যক্ষ মহাশয়, মহারাষ্ট্রে ৩৭ হাজার ২০, দিল্লি ৩০,৫১৯, তামিলনাড়ু ২২৬৪২। মহারাষ্ট্র করেছে ৩৭ হাজার কোটি টাকা, আর আপনি করেছেন ১০৯৯ কোটি টাকা। দিল্লিতে হয়েছে ৩০ হাজার কোটি টাকা, আর আপনি করেছেন ১০৯৯ কোটি টাকা। তামিলনাড়ুতে ২২ হাজার কোটি টাকা, আর আপনি করেছেন ১০৯৯ কোটি টাকা। তারপরে গুজরাটে ১২ হাজার ৪৩৭ কোটি টাকা, তুলনায় আমরা কোথায় পড়ে আছি ? মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিশ্বব্যাঙ্কের তথ্য যদি নিই তাহলে আমরা দেখতে পাবো ভারতবর্ষে মোট বিদেশি ঋণ ১০৪.৪ বিলিয়ন ডলার, যা ভারতের জি.ডি.পি.-র ৯২.৭ পারসেন্ট। আর ইন্দোনেশিয়া যার ১৩২.২ বিলিয়ন হচ্ছে ঋণ, তার জি.ডি.পি. ৮০.৩ পারসেন্ট। ৮০ পারসেন্ট দেউলিয়া একটা রাষ্ট্র, আবার সেই রাষ্ট্রের একজন পুঁজিপতি তিনি আমাদের পশ্চিমবঙ্গে এসেছেন বিনিয়োগ করতে। তিনি কখনও বলছেন 'অর্জুন' করবো, কখন বলছেন 'মহাভারত' করবো, কখনও বলছেন 'হাফ' করবো, কখনও বলছেন শিল্পে জোয়ার আনবো, আর কখনও বলছেন এখনও আমাদের ব্লু-প্রিন্ট তৈরি হয়নি। কখনও বলছেন, আমাদের এখনও সিদ্ধান্ত হয়নি। কখনও বলছেন, আমরা মানসিকভাবে তৈরি হয়নি। এখনও বামফ্রন্ট সরকার তাদের নীতি ঘোষণা করতে পারেননি। আর আপনারা এগজিস্টিং ইণ্ডাস্ট্রির অবস্থা কি করেছেন মাননীয় মুখ্যমন্ত্রীকে আপনার মাধ্যমে জিজ্ঞাসা করতে চাই। বেলেঘাটা থেকে ট্যাংড়া পূর্ব কলকাতায় কি ছিলো ? পূর্ব কলকাতায় ছিল বড় বড় শিল্পের সারি—টায়ার কর্পোরেশন অফ ইণ্ডিয়া, ট্যানারি ইউনিট, বেঙ্গল পটারিজ, ন্যাশানাল ট্যানারি, স্মিথ স্টেইন্সস্ট্রিট, ই.এম.সি., সাইন্টিফিক ইণ্ডিয়ান গ্লাস কোম্পানি, আর ছোট-বড় ৫৫০টি ট্যানারি। ব্যারাকপুর ট্রাংক রোডের সব উঠে গেছে। ব্যারাকপুর ট্রাংক রোডের দুধারে ছিল ইঞ্জিনীয়ারিং, ওষুধ ও সুতাকল। ছিল পানিহাটি, সোদপুর, আগরপাড়া ইত্যাদি জায়গায়—ছিল বাসন্তী কটন মিল, মোহিনী মিল, বঙ্গোদয় কটন মিল, সোদপুর কটন মিল, বেণি ইঞ্জিনীয়ারিং, দীপ্তি হ্যারিকেন ও ল্যাম্প। দমদম লেক টাউন পাতিপুকুর এলাকায় অ্যাপোলো জিপার, অ্যামকো, ইস্ট, অ্যাংলিয়া প্লাস্টিক, রুবি পেন্ট, হিন্দুস্থান আয়রন, এ আর পি রাবার, নিউলা রাবার, বিজনেস ফার্ম, অ্যাসিলা ফার্মাসিউটিক্যালস্, ই এম সি, মটর মেশিনারী ম্যানুফ্যাকচারিং, পল লেম্যান, এয়ারপোর্ট হোটেল, ভিগ্যাল ইঞ্জিন অ্যান্ড ইঞ্জিনীয়ারিং। সিদ্ধেশ্বরী হোসিয়ারি, বি এম টি মিল, ইস্টার্ন পেপার মিল বন্ধ হয়ে গেছে। যাদবপুর-টালিগঞ্জে জয় ইঞ্জিনীয়ারিং, সুলেখা, বেঙ্গল ল্যাম্প, কৃষ্ণা গ্লাস, অন্নপূর্ণা গ্লাস, ডাবর, চোপড়া মটর, চালিহা রোলিং মিলস্ বন্ধ। তারাতলা হাইড রোড এলাকায় ২২০টি কোম্পানি বন্ধ। আমেরিকান রেফ্রিজারেটার, এম এম সি, বেঙ্গল ইন্সপোর্ট, দাস

রিফ্রোগ্রাফিক্স, অ্যাভেরি, গ্লাক্সো রোলিং মিলস, পোদ্দার প্রজেক্ট, শালিমার টার, রোলস প্রিন্ট, মেটাল বক্স, সিদ্ধার্থ অ্যাপারেল, ওয়েবেল এয়ার কণ্ডিশান, কেশরাম কটন, ফেরিনি, অ্যাঙ্গেল ইণ্ডিয়া, মাহিন্দ্রা অ্যান্ড মাহিন্দ্রা, অ্যালসন, ইউনিভার্সাল অটো ক্রাফ্ট ইত্যাদি আপনি বন্ধ করে দিয়েছেন। বন্ধ কারখানা খোলবার কোনো ব্যবস্থা নেই। বন্ধ কারখানার জমিতে নতুন করে শিল্পদ্যোগ করার কোনো ব্যাপার নেই। নতুন নতুন জমি নিচ্ছেন। অথচ পুরনো শিল্পগুলি ক্রমাগত মুখ থুবড়ে পড়ছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীকে আবারও বলি, আজকে যে প্রস্তাব করেছেন, সেই প্রস্তাবে অর্থনৈতিক দেউলিয়া চিত্র ফুটে উঠেছে। আর বি আই বলেছে, ২০০৩-০৪ সালে পশ্চিমবাংলার ঋণ ১ লক্ষ ৩৭ হাজার কোটি টাকা। এইভাবে চললে যেটা হবে, ২০০৭-০৮ সালে তা বেড়ে দাঁড়াবে ২ লক্ষ কোটি টাকা। এই ২ লক্ষ কোটি টাকার যে ঘাটতি, সেই ঘাটতি শুধু নয়, দেনায় দেনায় আপনারা এমনভাবে নিমজ্জিত হয়ে গিয়েছেন যে রাজস্ব ব্যয় ও আয়ের মধ্যে বিপুল ফারাক সৃষ্টি করেছেন গত ২৮ বছরে। রাজ্য সরকার এই আয় ব্যয়ের ঘাটতি মেটাতে কেন্দ্রীয় সরকারের থেকে ২০০৩-০৪ সালের ৩১শে মার্চ পর্যন্ত প্রায় ৯০ হাজার কোটি টাকা দেনা করে। প্রায় ৯০ হাজার কোটি টাকার এই পাহাড় প্রমাণ দেনা বাংলার সামগ্রিক আভ্যন্তরীণ উৎপাদনের ৫২.০২ শতাংশ। সেখানে রাজ্যের মোট রাজস্ব প্রাপ্তির টাকা থেকে সুদ হিসাবে কেন্দ্রীয় সরকারকে দিতে হচ্ছে। এছাড়া আপনি সব মিলিয়ে ২০০৩-০৪ সালে শুধুমাত্র সুদ হিসাবে গুণে দিয়েছেন ৯ হাজার ৩৫৪ কোটি টাকা, এই হচ্ছে উন্নততর বামফ্রন্ট ! উন্নততর বামফ্রন্ট ক্ষমতাসীন হওয়ার প্রাক্কালে '৯৯-২০০০ সালে সুদের পরিমাণ ছিল ৪ হাজার ১৭৪ কোটি টাকা। বৃদ্ধিমাত্র ১২৪ শতাংশ। আপনি রাজত্ব নিলেন, মুখ্যমন্ত্রীর দায়িত্ব নিলেন, উন্নততর সরকার গড়লেন, উন্নততর বামফ্রন্ট বললেন, আপনার সময়ে ঋণ গ্রহণের মাত্রা হল, ১২৪ শতাংশ—এক্সেস। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনাকে আমি বলি, বিহার, ওড়িশা, তামিলনাড়ু, কেরল, অন্ধ্রপ্রদেশ যেখানে ২৭ শতাংশ, ৩০ শতাংশ, ২০ শতাংশ, ২৮ শতাংশ, ২৫ শতাংশ মোট তাদের জি ডি পি.-র সুদের হার, সেখানে আমাদের দাঁড় করিয়ে দিয়েছেন ৫৬ শতাংশ। উনি অর্থনৈতিক চিত্রটা কোথায় নিয়ে গিয়ে দাঁড় করিয়ে দিয়েছেন ? ৫৬ শতাংশ সুদ গুণতেই রাজস্ব খাতের টাকা খরচ করে ফেলছেন। ২০০৩-'০৪ সালের আর্থিক বছরে ভারত সরকারের কাছ থেকে অগ্রিম ও কর্জ বাবদ পশ্চিমবঙ্গ নিয়েছে ২০ হাজার ৯ কোটি টাকা। মূল কিস্তি ও সুদ কেটে নেওয়ার পরে যে টাকা পাওয়া গিয়েছে তা হচ্ছে ৩ হাজার ১০ কোটি টাকা, অর্থাৎ ফিফ্‌টিন পারসেন্ট অফ টোটাল অ্যালটমেন্ট। এর চেয়ে খারাপ ও জঘন্য ডেট্ ম্যানেজমেন্ট কিছু হতে পারে ? ঋণ শোধ করার ব্যবস্থাকে আপনারা কোথায় নিয়ে গিয়েছেন ? আর কোথায় নিয়ে গিয়ে দাঁড় করাবেন ? আমার শেষ প্রশ্ন, আমি আপনাকে জিজ্ঞাসা করি, পশ্চিমবাংলায় কি পুঁজি বিনিয়োগ হচ্ছে না। আপনারাই বলুন ! হলদিয়া পেট্রো কেমিক্যালসের পরে আর কোথায় বড় শিল্প হচ্ছে ? কিছু কিছু স্টিল, রোলিং মিল হচ্ছে। বেআইনিভাবে কয়লা তোলা হচ্ছে, বিদ্যুৎ নেওয়া হচ্ছে, কোনো রকম ভাবেই প্রশাসনকে না মেনে। শিল্প নীতি না মেনে যা হচ্ছে, সেখানে দেখা যাচ্ছে একের পর এক নতুন নতুন কারখানা করার জন্য জমি নিচ্ছে আপনাদের কাছ থেকে ; কিন্তু সেইভাবে

কিছু হচ্ছে না। মাননীয় মুখ্যমন্ত্রীকে বলি, উত্তরবঙ্গে গিয়ে কি হবে ? উত্তরবঙ্গে কার মাথা ফাটাতে যাবেন, কার হাত কাটতে যাবেন ? সেখানে একটার পর একটা চা বাগান বন্ধ হয়ে যাচ্ছে, এরজন্য কয়টি মিটিং করেছেন সেখানে ? চা বাগানের মালিকদের একজনকেও কি বাধ্য করিয়েছেন চা বাগান খুলতে ? এই কি আপনাদের বিনিয়োগের চেহারা ? মাননীয় শিল্পমন্ত্রী এখানে আছেন, উনি বলুন, ২০০৩-০৪ সালের আর্থিক বছর থেকে ২০০৪-০৫ সালের আর্থিক বছরের ৩১শে ডিসেম্বর পর্যন্ত সময়কালে মোট কতজন অনাবাসী ভারতীয় রাজ্যে নতুন শিল্পক্ষেত্রে অর্থ বিনিয়োগ করার প্রস্তাব দিয়েছেন ?

[4.30–4.40 p.m.]

মাননীয় শিল্পমন্ত্রী বলুন, ২০০৪-২০০৫ আর্থিক বছরে এবং ২০০৫-২০০৬ আর্থিক বছরের ৩১শে ডিসেম্বর পর্যন্ত এই সময়কালে মোট কতজন অনাবাসী ভারতীয় শিল্প স্থাপনের প্রস্তাব রাজ্য সরকারকে দিয়েছে। মাননীয় শিল্পমন্ত্রী এই প্রশ্নের উত্তরে বলেছেন, 'উক্ত সময়কালের মধ্যে কোনো অনাবাসী ভারতীয়ই এই রাজ্যে নতুন শিল্প স্থাপনের কোনো প্রস্তাব দেননি।' মাননীয় অধ্যক্ষ মহাশয়, বেড়ালটা ঝুলি থেকে বেরিয়ে পড়েছে। এটা আমার কথা নয়, মাননীয় শিল্পমন্ত্রী প্রশ্নোত্তরের সময় এই কথা স্বীকার করতে বাধ্য হয়েছেন। এই রাজ্যে কোনো ইনফ্রাস্ট্রাকচার নেই, সেইজন্য কোনো অনাবাসী ভারতীয়ই এই রাজ্যে আসছে না। অথচ কেরালায় যে পুঁজি বিনিয়োগ হয়েছে তার ২৭ শতাংশ এসেছে এন.আর.আইদের কাছ থেকে, গুজরাটে টোটাল পুঁজির ৩৭ শতাংশ বিনিয়োগ করেছে এন.আর.আইরা—যারা পৃথিবীর চারিদিকে ব্যবসা-বাণিজ্য করছেন, তারা গুজরাটে বিনিয়োগ করেছেন। আর পশ্চিমবাংলায়—বাঙালি এন.আর.আইয়ের কথা ভুলে যান—দেখুন কি অবস্থা,—আমার প্রশ্ন ছিল ভারতীয় কোন কোন এন.আর.আই এখানে শিল্প স্থাপনের জন্য আবেদন করেছে ? মাননীয় শিল্পমন্ত্রী বলেছেন, 'একজনও না।' কোনো অনাবাসী ভারতীয় এই রাজ্যে নতুন শিল্প স্থাপনের জন্য সুসংহত প্রস্তাব রাজ্য সরকারের কাছে দেয়নি। এই লজ্জা আমরা রাখব কোথায় ? শুধুমাত্র প্রচারের ঢক্কানিনাদ, রাস্তায় রাস্তায় কিয়স্ক, নির্বাচনের আগে ট্রামের গায়ে গায়ে খোদাই করে দেওয়া হচ্ছে, রাস্তায় যতগুলো সাইন বোর্ড আছে, হোর্ডিং আছে, মোবাইল ভ্যান আছে, সেখানে লিখছেন—'কৃষি আমাদের ভিত্তি, শিল্প আমাদের ভবিষ্যৎ।' কোন ভবিষ্যতের দিকে আপনারা নিয়ে যাচ্ছেন পশ্চিমবাংলাকে ? গোটা ভারতবর্ষে যেখানে ৪ কোটি ৭৬ লক্ষ বেকার, সেখানে একমাত্র পশ্চিমবাংলাতেই ৭৫ লক্ষ বেকার আপনারা সৃষ্টি করেছেন। মাননীয় রাজ্যপালের ভাষণে এই বেকার সমস্যার সমাধানের সুরাহার কোনও ইঙ্গিত নেই। যে রিকশাওয়ালা ভাই রিকশা টানতে টানতে ক্লান্ত হয়ে, যক্ষ্মা রোগে আক্রান্ত হয়েও তার ছেলেটাকে ল্যাম্পের বাতিতে পড়িয়ে বি.কম পাশ করাচ্ছে ; যে মজুর মাথায় বোঝা টেনে টেনে তার মেরুদণ্ড নুইয়ে গেছে, সে কিন্তু তার মেয়েটাকে বি.এ. পাশ করাচ্ছে যে করেই হোক। আজকে সেই শিক্ষিত যুবক-যুবতীদের নাম বেকারের খাতায় ঢুকিয়ে দিচ্ছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি জেলের একজন পরিদর্শক। পশ্চিমবাংলার জেলে দু ধরনের প্রিজনার আছে, এক হচ্ছে আন্ডার ট্রায়াল প্রিজনার এবং আর এক কনভিকটেড

প্রিজনার। প্রতি ১০০ জন বন্দীর ভিতরে ৭৩ জন বন্দীর বয়স হচ্ছে ১৯ থেকে ৩২ বছর। মাননীয় মুখ্যমন্ত্রী, যদি কোনো যুবকের বাবা পঙ্গু হন, মা যদি অসুস্থ হন, বোনটার লজ্জা ঢাকবার জন্য যদি শাড়ি কেনবার দরকার হয়, ভাইটার আবদারে যখন লজেন্স কেনবার দরকার হয়, দরজায় দরজায় ঘুরেও যখন সেই বেকার যুবকটা চাকরি চেয়েও পাচ্ছে না তখন তার হাতে কোনো প্যাকেট দিয়ে কেউ যদি বলে এটা খিদিরপুরে এই জায়গায় পৌঁছে দিয়ে আয় ১০০টা টাকা পাবি, তখন তার চোখ দুটি জ্বলজ্বল করে ওঠে ১০০ টাকা পাবার আশায়। ওই ১০০ টাকায় তার বাবা-মায়ের পথ্য, বোনটার শাড়ি এবং ভাইয়ের আবদার সে মেটাতে পারবে এই আশায়। আর মাঝরাস্তায় পুলিশ যদি তাকে ধরে ফেলে, তখন তাকে জেলে পাঠিয়ে দেওয়া হয়। আর জেলের বন্দী তালিকা দীর্ঘায়িত হয়, বেকারদের তালিকা দীর্ঘায়িত হয়, হাহাকার আকাশচুম্বী হয়। আর কোটি কোটি টাকা খরচ করে আপনি রাস্তাঘাট কিয়স্কে ঢেকে দিচ্ছেন আপনার কৃতিত্ব ও মন্ত্রিসভায় কৃতিত্ব তুলে ধরবার জন্য। আপনারা আজকে অপপ্রচারে নেমে পড়েছেন, আসল জিনিসটা চাপবার চেষ্টা করছেন। বস্তার তলায়, কার্পেটের তলায় স্কেলিটোনগুলো পাচার করার চেষ্টা করছেন কাপবোর্ডের দরজা বন্ধ করে দিয়ে। সমস্ত মৃতদেহগুলো, পূতিগন্ধময় আবর্জনাগুলোকে আপনারা চাপা দেওয়ার চেষ্টা করছেন। কিন্তু পশ্চিমবাংলার মানুষ আজকে কাপবোর্ডের দরজাটা খুলে ফেলেছেন। পাটাতনের উপর যে কাপড়টাকে আপনারা ঢাকা দিয়ে রেখেছেন, সেই কাপড়টাকে টেনে নিয়ে বলছে,—মুখ্যমন্ত্রী তোমার দাবি কত অসার, মুখ্যমন্ত্রী তুমি কোন অন্ধকারে বাস করছ ? মাননীয় মুখ্যমন্ত্রী আপনি শুধুমাত্র উগ্রপন্থার নাম করে কিছু যুবককে, কিছু তরুণীকে জেলে পুরে দিচ্ছেন। সেদিন যে দু'জন তরুণী ধরা পড়েছে তারা কি মাওবাদী, তারা কি মাওয়ের তত্ত্ব শিখে ফেলেছে ? তা নয়, অভাবের তাড়নায়, খেতে না পেয়ে তারা আজকে ওদের দলে নাম লিখিয়েছে। ওদের বলেছে, 'আমাদের পোশাক পরো, আমাদের সাথে চলাফেরা করো, তোমরা দু'বেলা খেতে পাবে।' তাই পুলিশ যখন ওদের গুলি করতে গিয়েছিল তখন ওরা পুলিশকে বলেছে, 'আমরা গুলি খেতে যাইনি, আমরা বাঁচবার জন্য গিয়েছিলাম, চাল কেনবার জন্য গিয়েছিলাম।' আমরা গুলি খাবার জন্য যাইনি, আমরা বাঁচবার জন্য গিয়েছিলাম। তাই হাত তুলে দাঁড়িয়ে গেছেন পুলিশের সামনে। বলেছে, তোমরা আমাদের গুলি করো না। তোমাদের কাছ থেকে চাল চেয়েছিলাম, তোমরা দাওনি, কিন্তু ওরা আমাদের খেতে দিয়েছে। তোমাদের কাছ থেকে বস্ত্র চেয়েছিলাম, দাওনি। ওরা আমাদের পোশাক দিয়েছে, বাঁচবার স্বাদ দিয়েছে। তাই আমরা ওদের কাছে গেছি, তোমরা আমাদের গুলি করে মেরো না। ওদের দুঃখ আমরা বুঝি, ওদের বেদনা আমরা বুঝি, ওদের করুণ দশা আমরা বুঝি। কোন আর্থনীতিক সমাজব্যবস্থা ওদের ওই রাস্তায় ঠেলে দিয়েছে, মাননীয় মুখ্যমন্ত্রীকে সেটা বোঝবার জন্য আবেদন জানাই। যদিও শাসক যদি শোষক হয়, ভোগবাদে বিশ্বাসী হয়, ক্ষমতাকে যখন করায়ত্ত করার চেষ্টা করে তখনই সাধারণ মানুষের কাছ থেকে দৃষ্টি সরে যায় এবং তখনই শোষকের ভূমিকা পালন করে এবং তখনই শোষিত অনুগামীরা কি লেখেন ? আমি একটা ছোট্ট কথা তুলে মাননীয় মুখ্যমন্ত্রীর বিবেকের কাছে আবেদন জানাচ্ছি। চিঠিটি লিখেছিলেন লাল-ফৌজের এক সৈন্য মহামতী লেনিনকে, ১৯১৮ সালের ২৫ ডিসেম্বর,

বিপ্লবের প্রায় ২ বছর পরে। তিনি লিখেছিলেন, You sat "Down with Prisons, down with shootings, down with soldiering. The people felt the revolution begun to breathe easily. We were allowed to meet to say what we liked, fearing nothing. And then you took away freedom from the people. Instead of training, Prisons to schools, they were full of innocent victims, Instead of forbidding shootings, you have organised terror and thousands of the people are shot mercilessly everyday. একথা বলেছিলেন লালফৌজের একজন সৈন্য যিনি ভেবেছিলেন বিপ্লব হবে, লেনিন আসবেন, ভিক্ষার গান মানুষ গাইবে না, সমাজ জাগবে, আমরা স্বাধীনতা পাব, জার থাকবে না, শোষণ থাকবে না, রক্ত চক্ষু থাকবে না, মিলন মুখর একটা সমাজ হবে। সমাজ চেতনার বোধোদয় হবে। চেকা যে ২ লক্ষ ৮০ হাজার মানুষকে খুন করেছিল ৪ বারে, অর্থাৎ ১৯১৮ থেকে ১৯২২ সাল পর্যন্ত এই ৪ বছরে—১৯১৮ সালের ২৫ ডিসেম্বর লালফৌজের ওই সেনানীর চোখের পটি খুলে গেল, তার চেতনার উন্মেষ ঘটে গেল। তিনি মহামতী লেনিনকে বললেন, 'এটা পাপ, এটা অন্যায়, এটা অগণতান্ত্রিক, এটা শোষণ, পিছিয়ে দেওয়ার ষড়যন্ত্র, লেনিনের কাছ থেকে এর জবাব চাই ? তুমি যা বলেছো তা তুমি করতে পারোনি।' তাই মাননীয় মুখ্যমন্ত্রী যা বলেছিলেন তা কিন্তু আপনি করলেন না। নির্বাচনের আগে ডায়মণ্ডহারবারে যার বাড়িতে ডাকাতি হল, আপনি সেখানে ক্যামেরা নিয়ে ভ্যান রিকশা করে গেলেন। তখন আপনি নতুন মুখ্যমন্ত্রী, দুই চোখে পুরো স্বপ্ন, সবে অ্যাপ্রেনটিশসিপ হয়েছে, ২০০০ সালে মুখ্যমন্ত্রী হিসাবে কিছু কিছু কাজ করেছেন আর ২০০১ সালে আপনি পারমানেন্ট মুখ্যমন্ত্রী হতে যাচ্ছেন। সেইজন্য আপনার স্বপ্ন ছিল। সেইজন্য আপনি ভ্যান রিকশা করে যার বাড়িতে ডাকাতি হয়েছিল তার বাড়িতে গিয়েছিলেন এবং ডাকাতি কি করে হল, প্রশাসন কেন ব্যর্থ হল সেইসব নিয়ে অনুসন্ধান করেছিলেন। কিন্তু আমি আপনাকে জিজ্ঞাসা করছি, আপনার থানার ও.সি. যখন বোমার বাক্স ঘাঁটতে গিয়ে লুটিয়ে পড়লো, তখন আপনি কি তাঁর পরিবারের কাছে গেছেন ? গিয়ে কি বলেছেন, তুমি যে উর্দি পরেছিলে শান্তি রক্ষা করার জন্য তারজন্য তুমি জীবন দিয়েছো, তোমার জন্য দেশ গৌরবান্বিত, আমাদের রাজ্য গৌরবান্বিত, সরকার তোমার পরিবারের দায়িত্ব নিচ্ছে। না, একথা বলতে পারেননি। শুধু ফ্ল্যাশগান, শুধু ছবি, শুধু বাহবা, শুধু হাততালি কুড়িয়েছেন। নির্বাচনের আগে শুধু চমক, পরে শুধু পিছনে হাঁটা। নির্বাচনের পর বাতিগুলি নিভিয়ে দাও, প্রতিশ্রুতি থেকে মুখ ফিরিয়ে নাও—এটা ঠিক নয়। তাই রাজ্যপালকে দিয়ে সাজানো যে কসমেটিক ভাষণ দিয়েছিলেন ৫০টি অনুচ্ছেদে—রাজ্যপালের উপায় নেই, সাংবিধানিক দায়িত্ব তাঁকে পালন করতে হবে। তিনি এই ভাষণ পড়ার প্রয়োজনীয়তা বা তাগিদ বোধ করেননি।

[4.40–4.50 p.m.]

উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ে ডিগ্রি দিতে গিয়ে মহামান্য রাজ্যপাল ছাত্রদের কাছে বললেন, 'পশ্চিমবাংলার আমলাশালে মানুষ মারা যাচ্ছে। পশ্চিমবাংলায় অভাব আছে, বেকারি আছে, তরুণ, যুবক তোমরা আগামীদিনে এর মোকাবিলা করবে। এখানে যাতে কোনও ভুখা মানুষ

মারা না যায় সেটা দেখতে হবে।' যদিও এখানে তা লেখা নেই। রাজ্যপাল তাঁর ভাষণ এক লাইন এক লাইন করে পড়লেন। অবশ্য পড়তে তাঁর মন চাইছিল না। কাজেই তিনি এক পা এগোলেন তো দু-পা পিছোলেন। যেহেতু তিনি দায়িত্ব নিয়েছেন, তাই তাঁকে দায়িত্ব তো পালন করতেই হবে। কিছু করার নেই ! তিনি সরকারি চাকরি নিয়েছেন, যদিও তাঁর মনে তাতে সায় ছিল না। এতে তাঁর মনের সায় নেই, তিনি জানেন যে তাঁকে দিয়ে যা বলানো হচ্ছে তা অসত্য, অসত্য, অসত্য। সেই ভাষণকে আপনি ধন্যবাদ জানাতে পারেন, কিন্তু আমরা পশ্চিমবাংলার মানুষের কথা এই বিধানসভায় পৌঁছে দিতে এসেছি, বাংলার প্রতিনিধি হিসাবে আমরা কি করে সেই মিথ্যা স্তোককে, সাজানো এই কসমেটিক ফেসকে আমরা আহা রে বলি ! আহা কি ভালো বলেছেন। তাই আপনাদের অনেক ধন্যবাদ জানাই। আমরা এই প্রস্তাবের তীব্র বিরোধিতা করছি। মাননীয় মুখ্যমন্ত্রী আপনি বাংলার চেহারাটা দেখুন এবং বাংলার এই মুখটাকে চিনুন। আজকে বাংলার এই ক্লিন মুখ, এই শীর্ণকায় মুখ, এই মলিন বদন, যক্ষ্মা রোগগ্রস্ত অ্যানিমিক রোগাক্রান্ত বাংলা ? পিছিয়ে চলা বাংলা, ক্রন্দনরতা বঙ্গজননীকে রক্ষা করার চেষ্টা করুন। ক্ষমতায় থেকে অন্তত দায়িত্বটা পালন করুন। যে দায়িত্ব পালন করে না তার কর্তব্যও নেই। আর যার কর্তব্য নেই তার অধিকার জন্মায় না। আপনি ভেবে দেখুন—রাজ্যকে শাসন করার কি আপনার অধিকার আছে ? মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই কটি কথা বলে তথাকথিত এই ভাষণের বিরোধিতা করে সমস্ত সংশোধনী প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মহামান্য রাজ্যপালের ভাষণের ওপর যে সম্মতিসূচক প্রস্তাব এখানে আনা হয়েছিল বিরোধীরা সেই প্রস্তাবের বিরোধিতা করেছেন। আমি সেই প্রস্তাবের সমর্থনে এখানে কয়েকটি কথা বলব। প্রথমত বিরোধীরা কয়েকটি মৌলিক বিষয় সম্পর্কে সন্দেহ প্রকাশ করেছেন। যার সঙ্গে বাস্তবের মিল নেই। আজকে দুনিয়াটা অনেক ছোট হয়ে গেছে। দেশের মানুষ এখন অনেক খবর রাখেন। আমরা ১০০ ভাগ সফল না হলেও কৃষিতে আমাদের সাফল্য এসেছে, শিল্পায়নেও আমাদের সাফল্য এসেছে। (নয়েজ) কৃষি আমাদের ভিত্তি, শিল্প আমাদের ভবিষ্যৎ। আপনার পছন্দ না হলে গা জ্বলে উঠলে কিছু করার নেই। এটা বাস্তব চেহারা এবং এই রাজ্যের মানুষ তা জানেন। গত কয়েক বছরে আমাদের রাজ্যে টানা ... (নয়েজ ফ্রম দ্য অপজিশন বেঞ্চ)....

(ভয়েস : এই সার্টিফিকেট আপনাদের কে দিল ?)

কেন্দ্রীয় সরকার, প্ল্যানিং কমিশন। শুধু খবরের কাগজ পড়ে বক্তৃতা করলে এই অবস্থাই হবে। আমাদের এখানে সবচেয়ে বেশি ধান উৎপাদন হয়। আমাদের প্রয়োজন ১৩৮-১৪০ লক্ষ মেট্রিক টন। কিন্তু এবারে সব মিলিয়ে বোরোতে আমাদের উৎপাদন ১৬০ লক্ষ মেট্রিক টন ছাড়িয়ে যাবে। সুতরাং একটা কথা ঠিক আমাদের রাজ্যে ধান উৎপাদন বেড়েছে এবং সারা দেশের মধ্যে ধান উৎপাদনে আমরা প্রথম স্থানে আছি। অবশ্য তার মানে এই নয় যে সমস্ত মানুষের কাছে সেই খাদ্য, শতকরা ১০০ ভাগ যা প্রয়োজন তা আমরা পৌঁছে দিতে পারছি। আমাদের রাজ্যে ১১৬ লক্ষ মেট্রিক টন সবজি হয়েছে, সারা দেশের মধ্যে এক্ষেত্রেও

আমরা প্রথম। এটা বাস্তব ঘটনা, এ নিয়ে বিতর্ক করে লাভ নেই। কিন্তু সেই সবজির একটা বড় অংশ মার্কেট মেকিং, বা বাজারের সমস্যার জন্য মাঠেই পড়ে থাকে। আমরা সবজিগুলোকে গুদামজাত করতে বা কোনও স্টোরেজে রাখতে পারি না। সারা বছর মানুষ যাতে সস্তায় সবজি খেতে পারে সেই চেষ্টা আমরা করছি। সবজির উৎপাদনে আমরা প্রথম, এটা কিন্তু বাস্তব ঘটনা। এখানে ৮ থেকে ১০ শতাংশ সবজি নষ্ট হয়ে যায়। সেজন্য দ্রুত মার্কেট মেকানিজম করার চেষ্টা চলছে। এছাড়া মাল্টিপারপাস কোল্ড স্টোরেজ, কোল্ড চেন এগুলোর ব্যবস্থাও করা হচ্ছে। আমাদের কোস্টাল এরিয়া কম থাকা সত্ত্বেও ইনল্যাণ্ড ফিসারিজ ও সামুদ্রিক মাছ বাদ দিয়ে টানা দশ বছর সবচেয়ে বেশি মাছ আমরা উৎপাদন করেছি। কিন্তু এটা ঠিকই বলেছেন যে, এখান থেকে অন্য জায়গায় চারাপোনা নিয়ে গিয়ে সেটাকে বড় করে আমাদের খাইয়ে দিচ্ছে। কি করে সমাধানসূত্র করা যাবে ? ৫-৬ বছর এই চারাপোনা ধরে রাখার মতো আর্থিক সঙ্গতি আমাদের মৎস্যজীবীদের নেই। এটা বাস্তব সমস্যা। কিন্তু তার মানে এই নয় যে আমরা এগোতে পারব না। মাছ উৎপাদনে আমরা সবচেয়ে বেশি, সবজি উৎপাদনে আমরা সবচেয়ে বেশি, ধান উৎপাদনে আমরা সবচেয়ে বেশি। কিন্তু এটা আমরা মানছি, সমস্যা একটা আছে, সেটা হচ্ছে ক্রপ ডাইভারসিফিকেশান হচ্ছে না। ডাল গম এবং তৈলবীজ—তৈলবীজ তাড়াতাড়ি ঘোরাতে না পারলে অসুবিধা হবে। আমাদের এখানে যে এটার ঘাটতি আছে সেটা আমরা মানতে মাধ্য। তৈলবীজ, বিশেষ করে সরষের তেলের জন্য আমাদের অনেকটা বাইরের উপর নির্ভর করতে হচ্ছে। যদিও এই বছর রবি ভাল হয়েছে, সরষে এবং সূর্যমুখী ভাল হবে। কিন্তু প্রয়োজনের তুলনায় এতটা নয়। এই বাস্তবটা ঘুরিয়ে দেবার চেষ্টা করে কোনও লাভ নেই। গ্রামের মানুষের আয় বেড়েছে, গ্রামের কৃষকদের হাতে দুটো বাড়তি পয়সা এসেছে, এটা অস্বীকার করিয়ে দেবার কোনও উপায় নেই। এটা তারা জানে এবং সবাই জানে। কিন্তু আর একটা জিনিস হচ্ছে, এই সাফল্যের পাশাপাশি কি আমাদের রাজ্যে দরিদ্র পীড়িত গ্রাম নেই ? আছে। সেই দরিদ্র পীড়িত গ্রামের জন্য খবর কাগজ থেকে নাম শিখতে হয় না। আমরা নিজেরা সার্ভে করে আমরা নিজেরা গিয়েছি যে যে জায়গায় দরিদ্র পীড়িত গ্রামগুলো রয়েছে প্রতিটি গ্রাম এবং সেই ব্লকগুলোর পরিকল্পনা দপ্তর এবং আমি নিজে মনিটরিং করি।

(গোলমাল)

বক্তৃতা করতে দিন, এইরকমভাবে কথাবার্তা বলবেন না। এটা শোভনতা নয়, নামটা যা, ব্যবহারটা তা হচ্ছে না। সেই দরিদ্র পীড়িত গ্রামগুলোর মনিটর আমি নিজে করি কত দ্রুত তাদের দারিদ্র্যসীমা থেকে তোলা যায়। পুয়োরেস্ট অফ দি পুয়োর ভিলেজের এ্যাকুইরেট ফিগার করা যায় না। তবুও ৪৬১২টি গ্রামের ৭০ ভাগের আমরা এই কাজটা শুরু করেছি—কত দ্রুত এই দরিদ্র পীড়িত গ্রামগুলোকে তোলা যায়। একেবারে অস্বীকার করছি না যে দারিদ্র নেই। কিন্তু যেটা দাবি করছি সেটা হচ্ছে সারা দেশের মধ্যে সবচেয়ে কম এখানে। সারা দেশের মধ্যে দারিদ্র্যসীমা থেকে তুলে আনায় সবচেয়ে সাফল্য আমাদের। এই দাবিটা আমরা করছি। কিন্তু এটা বলছি না যে দারিদ্র নেই। আমি পরিষ্কার করে বলছি আত্মহত্যাজনিত মৃত্যু

একটাও হয়নি এই রাজ্যে। অনাহার এবং অর্ধাহার এবং মৃত্যুমুখের সীমানাটা খুব পরিষ্কার নয়। এই সমস্যার মধ্যে থেকে আমরা এখনও বেরিয়ে যেতে পারিনি। জোর গলায় বলতে পারব না যে অনাহার অনিদ্রাতে একজনও মানুষ নেই। আছে। অনাহার, অপুষ্টিতে এবং অর্ধাহারে কিছু মানুষ আছে। কিন্তু সেটা আমাদের রাজ্যে সারাদেশের মধ্যে সবচেয়ে কম এবং সবচেয়ে দ্রুত কমছে। যখন ১৯৭৭ সালে এসেছিলাম এবং আজকে তার যে চেহারা এই বাস্তবতা আপনাদের মানতে হবে। না মানলে কিছু করার নেই ! এটা সারা দুনিয়া জানে, সারা রাজ্য জানে, দিল্লি জানে, প্ল্যানিং কমিশন জানে। দেশের শিল্প বিকাশের ক্ষেত্রে ১৯৯৪ সাল পর্যন্ত আমাদের জটিলতা ছিল কোনো সন্দেহ নেই। ১৯৯২ সালে তথাকথিত উদারনীতির ফলে যে অবস্থাটা হল, লাইসেন্স উঠে গেল, আমরা তখন ঘুরে দাঁড়াবার চেষ্টা করেছি। কিন্তু এটা ঠিক সৌগতবাবু আগের দিন বলেছেন যে একটা ইমেজের সমস্যা পশ্চিমবাংলায় ছিল। আমরা কি সত্যিই ইনভেস্টমেন্ট ফ্রেণ্ডলি গভর্ণমেন্ট ? আমরাকি সত্যিই চাইছি দেশি পুঁজি, বিদেশি পুঁজি ? এই ধারণাগুলো কাটাতে অনেক পরিশ্রম করতে হয়েছে। অনেক জায়গায় পৌঁছতে হয়েছে, ছুটতে হয়েছে, বোঝাতে হয়েছে। তারপর আস্তে আস্তে পরিবেশটা পালটেছে। আজকে উনি বললেন যে যারা ক্যালকাটা বেসড তারা গভর্নমেন্টের প্রশংসা করছে। তা নয়। কলকাতার বাইরে যখন যাই সে সি.আই.আই বলুন, ফিকি বলুন, এ.এস বলুন প্রত্যেক সভায় প্রত্যেকে বলছে আমাদের মূল অ্যাজেণ্ডা হচ্ছে ওয়েস্ট বেঙ্গল। এটা হচ্ছে বাস্তব। এই বাস্তব আজকে প্রতিষ্ঠিত। আমি শুধু ৫ বছরের দাবিটা করছি। আমি ১৯৯২ সাল থেকে যাচ্ছি না, ১৯৯৪ সালের দিকে যাচ্ছি না। আমি ২০০১ সাল থেকে ২০০৫ সাল পর্যন্ত ইনভেস্টমেন্টটা শুধু বলছি। আমার কাছে ইনডাস্ট্রি ওয়াইজ আছে, আমি এতটা বলব না, আমার সময় লাগবে। ২০০১ সালে আমাদের ইনভেস্টমেন্ট হয়েছিল ২১৯৪ কোটি ৫৪ লক্ষ টাকা। ২০০২ সালে ২৩২৫ কোটি ৯৫ লক্ষ টাকা এবং ২০০৩ সালে ২৩৩৫ কোটি ১৯ লক্ষ টাকা।

[4.50–5.00 p.m.]

২০০৪ সালে ২ হাজার ২৪৩ কোটি ৮০ লক্ষ টাকা। ২০০৫ সালে—গত বছরে হিসাবটা একটু কমে গেছে—১ হাজার ৯১৪ কোটি ৭২ লক্ষ টাকা। এই বছরে সেটা দ্বিগুণ হবে। কেন হবে, সেটাতে আমি আসছি। এর মধ্যে সবচেয়ে বেশি ইনভেস্টমেন্ট হয়েছে আয়রণ অ্যান্ড স্টিলে—২ হাজার ৮৪০ কোটি টাকা। দ্বিতীয় পেট্রোকেমিক্যালস—৩ হাজার ২৪ কোটি টাকা। তারপর আছে ফুড প্রসেসিং—এটা থার্ড হয়েছে—১ হাজার ১৯৭ কোটি টাকা। আমি অন্যান্যগুলোতে যাচ্ছি না। সেখানে ৪০০ কোটি ৭০০ কোটি, এইভাবে হয়েছে।

এবার ডাইরেক্ট এমপ্লয়মেন্টের ব্যাপারে আসছি। ২০০১ সালে ৯ হাজার ৬৫৩, ২০০২ সালে ১৯ হাজার ৪৯১, ২০০৩ সালে ১০ হাজার ৪৭২, ২০০৪ সালে ২৬ হাজার ৭০, ২০০৫ সালে একটু কমেছে—১২ হাজার ১৭৯। ডাইরেক্ট এমপ্লয়মেন্টের সঙ্গে ইনডাইরেক্ট এমপ্লয়মেন্টও যুক্ত আছে। আমি ওই যে ইনভেস্টমেন্টের কথাটা বললাম সেটা এর মধ্যে নেই। যেটা গুরুত্বপূর্ণ ইনভেস্টমেন্ট, সেটা হচ্ছে পাওয়ার। পাওয়ার সেক্টর এর মধ্যে নেই। আপনারা জানেন ডি.পি.এল. সাঁওতালডি এবং বক্রেশ্বরে নতুন ইউনিট করছি।

গ্রিন ফিল্ড প্রজেক্ট হচ্ছে সাগরদীঘিতে। জাপানিরা করছে বক্রেশ্বরে আর সাগরদীঘিতে চাইনিজরা করছে। পাওয়ার সেক্টরে ইনভেস্টমেন্টের কথা বলিনি, এক্ষেত্রে টোটাল ইনভেস্টমেন্ট ৫ বছরে ১১ হাজার ১৪ কোটি ২০ লক্ষ টাকা। পাওয়ার বাদে, রোডস, ফ্লাই ওভার, ব্রিজ বাদে এবং হসপিটাল বাদে—আমি হসপিটালের কথা বলিনি। অ্যাপেলো থেকে শুরু করে প্রাইভেট হসপিটাল এই সময় এক গাদা হয়েছে। আরেকটা অ্যাপেলো হচ্ছে রাজারহাটে। কোল্ড স্টোরেজেস এর মধ্যে নেই। যেগুলো মেজর ইনভেস্টমেন্ট হয়েছে তার সঙ্গে বলব, আমি খুব অপেক্ষা করছি ছোট-মাঝারি অনেক কোম্পানির সঙ্গে কথাবার্তা বলার জন্য। আমি এবার দু-তিনটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্তের ব্যাপারে আসছি। প্রথমত অশোক লেল্যান্ড, প্রায় চূড়ান্ত হয়েছে। টাটা মোবাইলস্, এটির সিদ্ধান্তও প্রায় চূড়ান্ত হয়েছে। উইপ্রোর জমি নিয়ে সমস্যা হচ্ছে। উইপ্রো লার্জেস্ট ইউনিট ইন্ডিয়ায় করবে। ৫২ একর জমি চেয়েছেন অজিম প্রেমজী। অশোক লেল্যান্ড এবং টাটা মোবাইলসের জন্য অপেক্ষা করছি। এখন উনি বলবেন—সৌগতবাবুর একটু গুলিয়ে গেছে—গত সপ্তাহে উনি দেখেননি যে, মিতসুবিসি কেমিক্যালস যখন প্রথম এসেছিল পি.টি.এ. প্ল্যানে তখন তাদের ইনভেস্টমেন্ট ছিল ১ হাজার ৪০০ কোটি টাকা। সেকেন্ড ইউনিটটির জন্য ইনভেস্টমেন্ট হবে—যেটা গত মাসে বোর্ডের সঙ্গে সিদ্ধান্ত করে কলকাতায় এসেছিলেন মিতসুবিসির চেয়ারম্যান—১ হাজার ৬০০ কোটি টাকা। একটি কোম্পানি এক বছর আসার পর তার প্রফিট করা এবং তিন বছর পর সেকেন্ড প্ল্যান করা ছোট কথা নয় ! এটা জাপানি ইনভেস্টমেন্টের ক্ষেত্রে একটা বড় প্রভাব ফেলবে। এরপর অন্যরাও আছে। পিটুচু এসেছে, মাবুবিনি এসেছে, আরও আসবে। সুতরাং জাপানিজ ডাইরেক্ট ফরেন ইনভেস্টমেন্ট ইন ইন্ডিয়া পশ্চিমবাংলায় এখন সবচেয়ে বেশি। আশা করছি, আরও বেশি হবে। আপনারা বলছেন, সালিম গোষ্ঠী এখানে কি করতে আসছে ? আমি কালকেই যাচ্ছি। সালিম গোষ্ঠী হাওড়া ওয়েস্টে প্রথম বিদেশি কোম্পানি হিসাবে টাউনশিপ করছে, কাল একটা উদ্বোধন করব। সেটা হচ্ছে উলুবেড়িয়াতে মোটর সাইকেলের। এটাতে ইনভেস্টমেন্ট হয়েছে ১ হাজার ১২৫ কোটি টাকা, সেটা এই বছরেই হয়েছে। এর মধ্যে যে কথাটা সৌগতবাবু উত্তেজিত হয়ে বললেন, গৌতমবাবু সেদিন ছিলেন না। রাজারহাটের জমি কিভাবে দেওয়া হচ্ছে, কি পদ্ধতিতে, কি দামে দেওয়া হচ্ছে ?' একদিন আপনি ওর সঙ্গে ২ ঘণ্টার অ্যাপয়েন্টমেন্ট চান। কত জমি দিয়েছেন, হাউসিংয়ের জন্য কি করে দেওয়া হচ্ছে, ইন্ডাস্ট্রিকে কি করে দেওয়া হয়, কোন পদ্ধতিতে দেওয়া হয়, কি দামে দেওয়া হয়—আপনার কোনো বিভ্রান্তি থাকলে আপনি দয়া করে গৌতমের সঙ্গে অ্যাপয়েন্টমেন্ট করবেন। তাহলে আপনি সবই জানতে পারবেন।

শ্রী সৌগত রায় : আমরা হাউসে একটা প্রস্তাব আনছি। শুক্রবারের আলোচনায় শুনব কাকে কাকে কত জমি দেওয়া হয়েছে।

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : হ্যাঁ, হ্যাঁ, আমার মন্ত্রী প্রস্তুত আছেন। তারপর যে কথাটা বললেন, একটু খারাপ কথা বলে ফেললেন ! এটা সৌগতবাবু ১০ বছর আগে বলতেন না। এটা একটু বি.জে.পি.-র ছোঁয়া বলে ফেললেন। ''সংখ্যালঘুদের জমি চলে যাচ্ছে।'' এই

কথাটা আপনার মুখ দিয়ে বেরোনো ঠিক হয়নি। সংখ্যালঘুদের জমি—এটা একটু ছোঁয়া লেগে গেছে। বড়দাদার ছোঁয়া লেগে গেছে। এটা ভালো হল না। এটা যদি আপনি তুলে নেন, তাহলে খুবই ভালো হয়। সংখ্যালঘুদের জমি নেওয়া হচ্ছে—এই কথাটা আপনার মুখ দিয়ে আগে বেরোত না, সেটা আমি জানি। এটা আপনার একটুখানি পশ্চাৎগতি হয়ে গেছে। এখানে পংকজবাবু একটা তালিকা পড়ে গেলেন। আমি তাঁর সঙ্গে একমত। এত কারখানা বন্ধ হয়েছে। কিন্তু সবটায় তো আমাদের সমালোচনা করে লাভ নেই। সেন্ট্রাল গভর্নমেন্ট আন্ডারটেকিংস এতগুলো বন্ধ হয়েছে। এখন একটা বাঁচোয়া, জেশপ প্রাইভেটাইজ করে একটু দাঁড়িয়েছে। আমাকে বার্ণ, ব্রেথওয়েট কথা দিয়েছে, প্রায় চূড়ান্ত। বার্ণ, ব্রেথওয়েট হবে, বিবিজে হবে, টায়ার কর্পোরেশন (কাঁকিনাড়াটা) হবে। দু-নম্বর যেটা ভালো সেটা হচ্ছে, এই যে বিবিজে নিয়েছেন, ওঁকে আগে চিনতাম না। ডানলপের সময়ে ওঁকে চিনলাম। ডানলপটা হল। এখন কথা হচ্ছে, এমএমসি-টাও তিনি করতে চাইছেন দুর্গাপুরে। আমি জানি না, কি হবে ! সন্তোষমোহনবাবু আমাকে ফোনে জিজ্ঞাসা করেছিলেন, আমাদের কোনো মতামত আছে কিনা। আমি বলেছি, না। উনি যদি নিতে চান কোনো অসুবিধা নেই। আমরা চেষ্টা করছি। (ভয়েস : ইনকাম ট্যাক্স সম্বন্ধে বলুন ?) ইনকাম ট্যাক্সকে কাজ করতে দিন। ইনকাম ট্যাক্স ইনকাম ট্যাক্সের মতো চলবে। আমরা চাই কারখানাটা খুলুক। সৌগতবাবু ওই কাগজগুলো আমিও পড়েছি, আমি জানি। আমি সতর্ক আছি। এখন কথা হচ্ছে, এই যে বললেন বন্ধ কারখানাগুলোর কি করবো—আমরা সেন্ট্রাল গভর্নমেন্ট আন্ডারটেকিংসগুলোকে খোলার জন্য আপ্রাণ চেষ্টা করছি। আমি এখনও বলতে চাই সন্তোষমোহনবাবুর কাছে, কোনো সন্দেহ নেই তিনি করেছেন। বাকিগুলোর কোনো পথ নেই। এগুলোতে অসুবিধা আছে। আমরা চেষ্টা করছি কয়েকটি বন্ধ কারখানা খুলতে। সেগুলোর জন্য চেষ্টাও হয়েছে। কিন্তু এটা ঠিক, ওই যে তালিকাগুলো বলে গেলেন, যে স্পিরিট থেকে বললেন, এই যে ধড়ফড় করে বন্ধ হয়ে যাওয়া এত কারখানা, এটা আমাদের রাজ্যে একটা বিশেষ সমস্যা। যদিও আমাদের চাইতে মহারাষ্ট্রে সিক ইউনিট বেশি। আমাদের এখানে যতটা পারা যায়—কিছু আছে সেগুলোর ভবিষ্যৎ নেই, কিছু আছে যেগুলোর ভবিষ্যৎ আছে—সেগুলোর জন্য আমরা চেষ্টা করবো। কিন্তু কথা হচ্ছে, নতুন শিল্প আসছে। তথ্য প্রযুক্তিতে আমাদের গ্রোথ রেট ৭৩ পার্সেন্ট, যেখানে ৩৫ পার্সেন্ট হচ্ছে ন্যাশনাল গ্রোথ রেট। আমরা মানতে বাধ্য, আমরা লেট স্টার্টার। আমরা দেরিতে শুরু করেছি। কিন্তু আমাদের গ্রোথ রেট সবচেয়ে ভালো। এটা আমরা মানতে বাধ্য। আমি বেশি কথা বলব না। আমি শুধু ওনাকে শিক্ষার ব্যাপারে একটা কথা বলব। (ভয়েস : ইমফোসিসের কি হল ?) ওই একটা শুধু বাকি আছে। নেক্সট টাইমে কোথাও আসলে উনি কলকাতাতে আসবেন। ভুবনেশ্বরের পরে এখানে আসবেন। ইমফোসিস ছাড়া দেশের এবং বিদেশের এমন কোনো কোম্পানি নেই যারা এখানে আসেনি। আমি তালিকা বলতে আরম্ভ করলে বলতে পারি—সৌগতবাবু, এসব জানেন। আই বি এম, কগনিজেন্স, সি-ক্যাপিট্যাল, এপ্রুটস থেকে আরম্ভ করে হংকং ব্যাংক, আই টি সি, টাটা কনসালটেন্সি, এমন কোনো কোম্পানি নেই যারা এখানে আসেনি। এর কারণ আমাদের হিউম্যান রিসোর্স। (ভয়েস : আই বি এম আগেই ছিল।) আই বি এম এখানে ছিল ! কি মশাই, কোথায় থাকেন আপনি ? আমি বি এম কি আপনি তাই জানেন না।

এখন আমি অন্য কয়েকটি বিষয়ে তাড়াতাড়ি যাব। আমি শিক্ষার ব্যাপারে একটি কথা বলছি। আমি শুধু এই কথা বলতে পারি, আমরা আপ্রাণ চেষ্টা করছি। দুটো কলেজকে সেন্টার অফ একসেলেন্স এবং অটোনমাস করতে চাই—প্রেসিডেন্সী এবং সেন্ট জেভিয়ার্স। কিন্তু এটাই শেষ নয়। (ভয়েস : কলেজ ইউনিয়নগুলোতে কি হচ্ছে ?) শুনুন, উনি যে কথা বলেছেন, ঠিকই বলেছেন। কলেজের যে ইউনিয়ন, টিচারদের ইউনিয়ন যদি আপত্তি করে—উনি কথা বলেছেন। ওঁর অভিজ্ঞতার কথা আমাকে বলেছেন। আমাকে ইন্টারভেন করতে হবে। আমি এই দুটো কলেজকে সেন্টার অফ একসেলেন্স করতে চাই এবং দেড়শো বছরের ইউনিভার্সিটিকে তার উন্নত মান যাতে আরও বাড়ে, সেই চেষ্টাও আমাদের করতে হবে। আমি সৌগতবাবুকে একটা ভালো খবর দিতে পারি, সেটা হচ্ছে আমাদের রিজার্ভ ব্যাংকের প্রাক্তন গভর্নর বিমল জালান আমাদের চার কোটি টাকা দিয়েছেন। আমি রিকোয়েস্ট করেছিলাম। ওঁর ফান্ড থেকে প্রেসিডেন্সিকে চার কোটি টাকা দিয়েছেন। ওখানে নতুন লাইব্রেরি বিল্ডিং হবে এবং আরও দুটো ডিপার্টমেন্ট হবে। আমি অন্য কথায় যাব না। এবারে আমি খুব তাড়াতাড়ি কয়েকটি কথা বলব আইন-শৃঙ্খলা নিয়ে। আই এস আই নিয়ে এইভাবে বলবেন না। এটা সারা দেশের ভয়ংকর সমস্যা। আপনারা যদি একটা রাজ্য সরকারকে দোষ দেন, বুঝবো আপনারা সমস্যাটা ধরতে পারছেন না। এর আন্তর্জাতিক অবস্থানটা কী—ওপাশে পাকিস্তান, এপাশে বাংলাদেশ। সব মিলিয়ে কি হচ্ছে ? আমরা আপ্রাণ চেষ্টা করছি দিল্লির সঙ্গে ইনটেলিজেন্স ভাগ করে এদের নেট ওয়ার্কটাকে কতটা আটকানো যায়, তাদের ধরা যায়। ২২টা কেস আছে।

[5.00–5.10 p.m.]

একটি কেস এখনও পর্যন্ত ডিসপোজড অফ হয়েছে, শাস্তি পেয়েছে। চাঁদিপুর রকেট লঞ্চিং প্যাড থেকে ক্লাসিফায়েড ইনফর্মেশন নিয়ে যাচ্ছিল। এবার যে ধরা পড়েছে সেও আমাদের ইন্ডিয়া থেকে—প্রণববাবুর সঙ্গে আমার কথা হয়েছে পরশুদিন উনি রিপোর্ট পেয়েছেন, পড়েছেন—সিনিয়র অফিসিয়ালদের কাছ থেকে ক্লাসিফায়েড ইনফর্মেশন নিয়ে যাচ্ছিল। ধরা হয়েছে। আমরা আপ্রাণ চেষ্টা করছি। কিন্তু এই সমস্যা প্রত্যেকটা রাজ্যে আছে। মহারাষ্ট্রে আছে, গুজরাটে আছে। আর, কাশ্মীরের কথা তো ছেড়েই দিন, সবচেয়ে বেশি সমস্যা রয়েছে। সীমান্ত এলাকায় সব জায়গায় আছে। অসমে আছে, আমাদেরও আছে। এটা নিয়ে আমাদের একটা ঐকমত্য থাকা দরকার। এটা নিয়ে আমাদের সমালোচনা করে কোনো লাভ নেই। এটা একটা এমন সিরিয়াস সমস্যা যে সবাই মিলে এক সঙ্গে দাঁড়াতে হবে।

দ্বিতীয়ত, একটা কথা মাননীয় পংকজবাবু বলেছিলেন যে, আমি নাকি বলেছি 'মাথাভেঙে দেব' ! আমি শুধু পরিষ্কার করে বলছি কী বলেছি। 'বাবড়ি মসজিদের সমস্যার সমাধান হয়নি। যাঁরা করেছিলেন তাঁরা মনে করেন ঠিক করেছেন। এই রাজ্যেও কিছু লোক আছেন যাঁরা এই সব সমর্থন করেন তাঁরা যদি এই সব মসজিদ ভাঙার পথে যান তবে তাঁদের মাথা ভেঙে দেব।' আই রিপিট দ্যাট। 'তাঁরা যদি এ পথে যান তাঁদের মাথা ভেঙে

দেব'। মাথা ভেঙে দেওয়ার মানে কী তাও আপনি জানেন। ....(গোলমাল) ...না, না, আর.এস.এস-এর কাছে কোনো আইন নেই। আর.এস.এস যে ভাষা বোঝে আমি সেই ভাষায় কথা বলি, আর.এস.এস. যে ভাষা বোঝে সেই ভাষায় কথা বলি। আপনার গায়ে লাগতে পারে, কারণ আপনি এখন যেহেতু তাঁদের সঙ্গে আছেন। ... (গোলমাল) ... হ্যাঁ, আমি ওই ভাষাতেই কথা বলি যে ভাষা মানুষও বুঝবে। ...(গোলমাল)...

ল অ্যান্ড অর্ডার নিয়ে আমি অন্য কথায় যাচ্ছি না। কিন্তু নকশালদের ব্যাপারে ঠিকই, মাওবাদীদের ক্ষেত্রেও বলছি, যদি জিনিসটাকে এইভাবে দেখেন যে, এটা শুধু একটা আর্থ-সামাজিক অবস্থা তাহলে তা সম্পূর্ণ ঠিক না। আমি আগেও বলেছি, এখনও বলছি। কিন্তু খানিকটা দারিদ্র্যতার সুযোগ নিচ্ছে, এটা ঘটনা। তাই জন্য এখন আমরা একগুচ্ছ কর্মসূচি নামিয়েছি তিনটে জেলার মূলত চারটে ব্লকে। বেলপাহাড়ী, বিনপুর, ওদিকে বান্দোয়ান, এদিকে রাণীবাঁধ। আরও কিছু অঞ্চলে যাতায়াত, কিছু কিছু প্রভাব আছে। এখনই একগুচ্ছ প্রোগ্রামের কথা আমরা বলেছি 'রাষ্ট্রীয় সমবিকাশ যোজনায়'। পশ্চিমাঞ্চল উন্নয়ন পরিষদের জন্য আমাদের যা বাজেট তাকে দ্বিগুণ করেছি। করে তিন-চারটে আমি বেশি বলছি না, সবচেয়ে সমস্যা ইরিগেশনের ; এক ফসলাটাও নিশ্চিত নয়। ওখানে রেইন ওয়াটার হারভেস্টিঙের শুরুটা রামকৃষ্ণ মিশনকে করে দেওয়ার জন্য অনুরোধ করেছি। সাইন্স অ্যান্ড টেকনোলজি ডিপার্টমেন্ট একটা স্যাটেলাইট থেকে কন্ট্রোল ম্যাপ করেছে যে কোথায় জলটা জমানো যায়। রামকৃষ্ণ মিশন থেকেও চেষ্টা করছি আমরা। দুটো আরম্ভ হয়ে গেছে। ইরিগেশনকে কীভাবে স্থির করা যায়, নিশ্চিত করা যায়, রেইন ওয়াটার হার্ভেস্টিং আর জোড়বাঁধ। এছাড়া আর আমাদের কোনো বিকল্প নেই এই অঞ্চলগুলোতে।

আর হচ্ছে স্বাস্থ্য, শিক্ষা। বিনপুরে প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র আছে। কিন্তু এমন জায়গায় আছে যে সেখানে মোবাইল ভ্যান ছাড়া যাওয়া যায় না। বৃদ্ধদের চোখ খারাপ, স্কিন ডিজিজ গ্যাস্ট্রো এন্ট্রাইটিস,। এগুলো মূল অসুখ। আর, পি.এইচ.ই আপ্রাণ চেষ্টা করছে পানীয় জল নিয়ে যেতে। গেছে। সোলার এনার্জি নিয়ে যেতে। যাচ্ছে। ফরেস্ট প্রোডাক্ট আমরা সাবসিডাইজ করেছি। 'ল্যাম্প'গুলোকে দিয়ে শালপাতা, কেন্দুপাতা, আর বাবুই ঘাস— 'ল্যাম্প'গুলো সব দুর্বল হয়ে পড়েছে। আমি আমার মাননীয় এবং মাননীয়া মন্ত্রীদ্বয় শ্রীমহেশ্বর মুর্মু এবং শ্রীমতী বিলাসীবালাকে বলেছি—একটাই কাজ, ল্যাম্পগুলোকে আবার তৈরি কর। আর যাদের ফরেস্ট প্রোডাক্ট ছাড়া বাঁচার কোনো পথ নেই তাদের সাবসিডি দিয়ে, সাবসিডাইজ করে বাঁচাতে হবে। এই দিকটাও আমাদের চোখের বাইরে নেই ? আছে। কিন্তু আপনারাও জানেন, এই যে তাঁরা মতাদর্শের কথা বলছেন, আমরা চিনি তো কোথা থেকে এসব বলছেন, কী করতে চান, কী ব্যাপার ! এঁরা ভায়োলেন্সে বিশ্বাস করেন। আর, ভায়োলেন্স মানে ভয়ংকর ভায়োলেন্স। দূর থেকে তার লাগিয়ে ভায়োলেন্স। ব্লাস্ট করানো ছাড়াও ওদের কাছে এখন রিমোট থেকে ব্লাস্ট করানো, ইলেকট্রিক চিপস, সেই সব ধরা পড়ছে। সুতরাং, আমাদের একদিকে যেমন আর্থ-সামাজিক দিকে বেশি জোর দিতে হবে, দারিদ্র্য একটা অন্যতম কারণ, আবার কিন্তু এদের সঙ্গে একেবারে আপসহীনভাবে থাকতে হবে। আমি মাননীয় কেন্দ্রীয় মন্ত্রীকে বলেছিলাম যখন তিনি প্রথম মন্ত্রী হয়ে এসে বললেন

'৫টা স্টেটের মিটিং হবে এবং মিটিঙের অ্যাজেন্ডা হচ্ছে ওদের সঙ্গে ডায়ালগ করা হবে কিনা'। আমি বললাম—ওদের সঙ্গে কি ডায়ালগ করব যাদের অ্যাজেন্ডা হচ্ছে রেভলিউশন ? আলোচনাটা কি হবে ? আর্মস না ছাড়লে কোনো আলোচনা হবে না, কোনো আলোচনা নয়। আর্মস ছাড়তে হবে তার পর আলোচনা। আর আর্থ-সামাজিক ব্যাপারটায় জোর দেওয়া। এটাই আসল। ওদের বিচ্ছিন্ন করতে হবে। শুধু আর একটা কথা বলে যাই, মাননীয় সৌগতবাবু ভালো করে দেখবেন, সেটা হচ্ছে, মাওবাদীদের সঙ্গে একদিকে হাত মিলিয়ে ঝাড়খণ্ড, আর ঝাড়খণ্ডের সঙ্গে হাত মিলিয়ে আছে তৃণমূল। তাহলে ব্যাপারটা কি দাঁড়াচ্ছে ? রাজনৈতিক রসায়নটা কি দাঁড়াচ্ছে ? এটা আপনারা ভালো করে দ্বিতীয়বার চিন্তা করুন। আপনারা হাত ধরেছেন ঝাড়খণ্ডের, ঝাড়খণ্ড হাত ধরেছে মাওবাদীদের—এর রাজনৈতিক রসায়নটা কি ? এই যে পরোক্ষভাবে সাহায্য করছেন ওদের এই বিষয়ে কোনো সন্দেহ নেই। এইবার যে কথা বলতে চাই ..... (গোলমাল)

শ্রী কল্যাণ ব্যানার্জী : নেতা সেখানে যেতেই পারেন।

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : মহামান্য আইনজীবী, আপনি যুক্তিতে আসুন। আপনাদের নেতা ওখানে গিয়ে ঝাড়খণ্ডীদের সঙ্গে জয়েন্ট মিটিং করেছে—এর মানে কি ? ঝাড়খণ্ডের সঙ্গে মাওবাদীদের গোপন মিটিং হয়েছে। ঝাড়খণ্ডের সঙ্গে আপনাদের পাবলিক মিটিং হয়েছে। পাবলিক মিটিং হয়েছে আর ওদের সঙ্গে মাওবাদীদের মিটিং হয়েছে। এই হচ্ছে তো আপনাদের পার্টির চেহারা ! এইবার আমি যেটা বলতে চাই সেটা হচ্ছে যে, আমি হঠাৎ শুনলাম নারায়ণের বিরুদ্ধে কেস হয়েছে। সেদিনও নারায়ণ ছিল, আজও বোধহয় আছেন। আমাদের এখানে যেমন কোনো সদস্যের বিরুদ্ধে কেস থাকতে পারে তেমনি সব পার্টিরই কিছু না কিছু সদস্যের বিরুদ্ধে মামলা-মোকদ্দমা রয়েছে। আপনাদেরও এইরকম কারুর না কারুর নামে রয়েছে। আমি যখন প্রথম শুনলাম যে নারায়ণের বিরুদ্ধে মামলা রয়েছে তখনি আমি তাকে বললাম—এটা এতদিন তুমি দেখনি ! তুমি ল-ইয়ারের সঙ্গে পরামর্শও করনি ! আমরা কেউ জানতাম না, তুমি নিজে দেখলেও না, গুরুত্বও দিলে না ! আপনাদেরও অনেক কেস আছে, গুরুত্ব আপনারাও দেননি। আমরা যদি বলি, আমরা কখনো পারস্যু করার পক্ষে নই, তুলে নেওয়ার পক্ষে। কিন্তু ঘটনাটা কি হল—ইলেকশন কমিশন কাজটা শুরু করেই বললেন, 'কতগুলো গ্রেপ্তারী পরোয়ানা হয়েছে ? এটা করেন নি কেন', এই সব বলে চাপ দিতে আরম্ভ করলেন। যখন চাপ আসল আমরা তখন পার্টির থেকে সিদ্ধান্ত করলাম আর মন্ত্রী থাকা ওর উচিত নয়, রিজাইন করুন। কোর্ট যেটা বলবে—জেলে যেতে বললে জেলে যাবেন। কিন্তু আমাদের থেকে পারস্যু করা হয়নি। দিনের পর দিন পড়েছিল, যেমন আপনাদেরটাও পড়েছিল। আমরা ব্যক্তিগতভাবে সরকার থেকে, স্বরাষ্ট্র দপ্তর থেকে চাই না এটা পারস্যু করার, আমরা বাধ্য হচ্ছিলাম ইলেকশন কমিশন করল বলে। এখানে আপনাদের ক্ষেত্রেও যেটা ঝুলছে আমাদের কোনো মনোভাব নেই পারস্যু করার। কিন্তু কি করব—কে তুলে নেবে ? সেখানে প্রক্রিয়া আরম্ভ করলেও ইলেকশান কমিশন হাতে তুলে নেবার পরে সেখানে কারুর হাত নেই, সব বন্ধ হয়ে গেছে। আমি আপনাদেরকে কথা দিয়েছিলাম তুলে নেব, কিন্তু ইলেকশন কমিশন এখানে যে অবস্থায় আছে তাতে এইসব করার কোনো স্কোপই

নেই। এখন যা ওঁরা বলবেন তাই হবে। ওঁরা যা করতে বলবেন তাই হবে। আমি দায়িত্ব নিতে পারব না, পারব না।

শ্রী পঙ্কজ ব্যানার্জী : সরকার তো সুয়ো-মোটো করেছে। সরকার যদি কেস তুলে নেয় নিতেই পারে।

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : না, কোনো সুয়ো মোটো করেনি। তারপরে সৌগতবাবু তাঁর বক্তব্য বলার সময়ে সেদিনের বারাসাতের ঘটনাটার কথা বললেন। তিনি বললেন একটি গণতান্ত্রিক আন্দোলন হচ্ছিল তাতে পুলিশ একটি ছেলেকে গুলি করে মেরে দিল। প্রথমে সেখানে গিয়ে বলা হয়েছিল ওখানে ডি এম-কে এসে বলতে হবে কতজনকে গ্রেপ্তার করা হয়েছে। কোনোদিনই যাবে না, কোনো পার্টির মিটিংয়ে যাবে না, কোনোদিনই বলবে না। বলবে না। কোনো পার্টির মিটিংয়েও নয়। ফলে হল কি ? ডি এমের অফিস ভাঙচুর হয়ে গেল, এস.পি-র অফিস ভাঙচুর হয়ে গেল, বারাসাত রেল স্টেশন ভাঙচুর হয়ে গেল। তবুও আমি বলছি দুটি কেসেই আমি দেখেছি নারায়ণের বিরুদ্ধে যে অভিযোগ তার থেকে শতভাগ বেশি অভিযোগ বারাসাতের ক্ষেত্রে। একশো ভাগ বেশি অভিযোগ, তবুও আমি হাত দিইনি। ওখানে আমরা হাত দিইনি এবং হাত দেবও না। এখন ইলেকশান কমিশন যা করবেন সেটাই হবে।

(ভয়েস : তাহলে আপনি আমাদের অ্যারেস্ট করুন)

কোনো ইচ্ছেই নেই, ইচ্ছে ছিলও না, কোনো ছোঁবার ইচ্ছে নেই, আপনাদের ছোঁবও না।

[5.10–5.20 p.m.]

(নয়েজ)

আমি সব শেষে বলতে চাই যে, নির্বাচন কমিশন নিয়ে এখানে কিছু কথাবার্তা উঠেছে। আমি মনে করি এটা শোভন নয়। আজ পর্যন্ত আজকের দিন পর্যন্ত এই যে নির্বাচন কমিশন এসেছে, তাদের পর্যবেক্ষকরা এসেছেন, সরকারের পক্ষ থেকে আমি আজ পর্যন্ত একটি কথাও বলিনি।

(নয়েজ)

এখানে সরকারের বিরুদ্ধে কোনো অভিযোগ থাকলে বলুন, সরকারের বিরুদ্ধে কি অভিযোগ করবেন ? ভুয়ো কার্ড, সেটা দেখা ইলেকশন কমিশনের দায়িত্ব। সৌগতবাবু এমন ভাব করলেন, তিনি বললেন, যারা এদিকে বসে আছেন সব ভুয়ো ভোটে। সৌগতবাবু তাহলে জিতেছেন কাদের ভোটে ? মৃত, অপ্রাপ্তবয়স্ক, নিরুদ্দেশ ভোটারদের ভোটে আপনি এম.এল.এ. হয়েছেন ? কাদের ভোটে আপনি এম.এল.এ. হয়েছেন ? কাদের ভোটে ? মৃত ব্যক্তি ? কাদের ভোটে এম.এল.এ হয়েছেন ? ওইসব দায়িত্ব আমাদের না। এমন ভাব

দেখালেন যে এ দিকে যারা বসে আছেন তারা ভুয়ো ভোটের লোক। আর উনি বসে আছেন আসল ভোটে ! এটা শুনলে লোকে হাসবে, ওই পাগলেও আপনাদের কথা শুনে হাসবে। পার্টিতে কে কি বলেছে, সেই আলোচনা আমি এখানে করতে পারছি না। কারণ তার জন্য আলাদা ফোরাম। টি ভি ইত্যাদিতে আলোচনা হবে। শুধু আমি এটা বলছি যে, সৌগতবাবু বলেছেন যে, ওদেরকে গ্রেপ্তার করতে। যারা এসব কথা বলছেন—ডিলিমিটেশন কমিটি এখানে এসেছিল, তখন তাদের সঙ্গে যে ব্যবহার করেছিলেন, সেই ব্যবস্থার কি দাবি করে ? আপনাদের কাছে কি দাবি করে ? আমি কোনোরকমে পুলিশ দিয়ে তাদের বার করে নিয়ে এসেছিলাম, তাঁরা আক্রান্ত হয়ে যাচ্ছিলেন। এই হচ্ছে আপনাদের পার্টি, এই হচ্ছে আপনাদের দল, একটা উচ্ছৃঙ্খল দল। স্যার, আমি আর বক্তব্য বাড়াতে চাই না। আমি সব শেষে বলব, হ্যাঁ, আসুন সামনে নির্বাচন, আমরা এদিকে, আমরা বামফ্রন্ট, আপনারা ওই দিকে। কংগ্রেস বলছে—আরে ডুবে যাচ্ছি বাঁচাও। তৃণমূল বলছে—ডুবে যাছি বাঁচাও। তাই মহাজোট। মহাজোট মানে খড়কুটো। ওই খড়কুটো মানুষের হাওয়ায় উড়ে যাবে, মানুষের হাওয়ায় উড়ে যাবে, দাঁড়াতে পারবে না। এই কথা বলে আপনাদের যে সংশোধনীগুলি এসেছে, সেখানে কয়েকটা নেবার ইচ্ছা আমার ছিল, কারণ এদের সঙ্গে আর হয়ত দেখা হবে না, আর দেখা হবে না বলে নেবার ইচ্ছা ছিল, কিন্তু নিতে পারলাম না। তাই এই ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করলাম।

শ্রী পদ্মনিধি ধর : বিরোধী সদস্যরা বিবেকগ্রস্ত, বিকারগ্রস্ত রোগীর মতো হাত-পা ছুঁড়ে প্রলাপ বকছে। মাননীয় মুখ্যমন্ত্রী সহ সরকার পক্ষের মাননীয় সদস্যগণ যেভাবে বিরোধী দলকে তুলোধনা করেছেন তারপর আমার আর কিছু বলার নেই। তাই রাজ্যপালকে তাঁর ভাষণের প্রত্যুত্তরে নিম্নলিখিত মর্মে একটি সশ্রদ্ধ সম্ভাষণ পাঠানো হোক। স্যার, আই বেগ টু মুভ দ্যাট মহামান্য রাজ্যপাল মহাশয় পশ্চিমবঙ্গ বিধানসভায় ২রা ফেব্রুয়ারি ২০০৬ তারিখে অধিবেশনে যে ভাষণ প্রদান করিয়াছেন সেই জন্য এই সভা তাঁহাকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করিতেছি। ধন্যবাদ।

Mr. Speaker : There are 1044 amendments to the motion on Governor's Address. All the amendments are in order and taken as moved.

LIST I

1-91

Shri Kashinath Misra : Sir, I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক :

কিন্তু দুঃখের বিষয় এই যে,—

1.

রাজ্যের হাসপাতালগুলিতে অনিয়ম রোধে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

2.

রাজ্যের বিভিন্ন গ্রামীণ ও জেলা হাসপাতালগুলিতে বেড খালি থাকা সত্ত্বেও রোগী ভর্তির ব্যবস্থা করতে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

3.

বাঁকুড়া সম্মিলনী মেডিকেল কলেজ ও হাসপাতালে A.R.V., A.V.S. ও I.V.P. ড্রাই সরবরাহ করতে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই :

4.

বাঁকুড়া জেলার বহু গ্রামে বিদ্যুৎ না পৌঁছানোর বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

5.

বাঁকুড়া জেলার মেজিয়াতে বৈদ্যুতিক তার চুরি রোধে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

6.

বাঁকুড়া জেলার বড়জোড়া থানার অধীন শিল্পাঞ্চল এলাকায় অধিগৃহীত জমি বিলিবণ্টনে কারচুপি রোধে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

7.

বাঁকুড়া শহরের রামপুর মৌজাতে বাইপাস রাস্তা করার জন্য অধিগৃহীত জমির মালিকদের যথাযথ ক্ষতিপূরণ প্রদানে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

8.

বাঁকুড়া জেলার ছাতনা ও ঝাঁটিপাহাড়ী অঞ্চলে বন্ধ থাকা তেলকল, চালকলগুলি পুনরায় চালু করার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

9.

বাঁকুড়া জেলাতে ধার্য লক্ষ্যমাত্রা অনুযায়ী চাল সংগ্রহে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

10.

বাঁকুড়া জেলায় খাস জমি বণ্টনে রাজনৈতিক হস্তক্ষেপ, দলবাজী ও দুর্নীতি রোধে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

11.

বাঁকুড়া বিধানসভা কেন্দ্র এলাকায় শিক্ষার প্রসার ঘটাতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

12.

রাজ্যের হাসপাতালগুলিতে দরিদ্র মানুষদের বিনামূল্যে চিকিৎসার সুব্যবস্থা করতে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

13.

বাঁকুড়া সম্মিলনী মেডিকেল কলেজ ও হাসপাতালে জীবনদায়ী ওষুধ ও ইনজেকশন নিয়মিত সরবরাহ করতে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

14.

রাজ্যে বিভিন্ন মর্গে এক শ্রেণির কর্মচারীদের দুর্নীতি রোধ কল্পে উপযুক্ত পদক্ষেপ গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

15.

বাঁকুড়া সদরে ২০০০ সালে জেলা হাসপাতালের শিলান্যাস করা সত্ত্বেও তা চালু করতে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

16.

রাজ্যের মহকুমা হাসপাতালগুলিতে প্রয়োজনীয় যন্ত্রপাতি ও দক্ষ কর্মীর অভাব পূরণ করতে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

17.

বাঁকুড়া জেলায় শহর ও গ্রামাঞ্চলের মধ্যে যোগাযোগের জন্য প্রয়োজনীয় রাস্তা নির্মাণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

18.

রাজ্যের পূর্ত দপ্তরে ব্যাপক অনিয়ম ও দুর্নীতি রোধের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

19.

রাজ্যে হোমগার্ডদের পুলিশ কর্মচারীদের মতো সুযোগ-সুবিধা প্রদানে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

20.

রাজ্যের থানাগুলিকে গরিষ্ঠ শাসক দলের প্রভাব মুক্ত করতে যথাযথ ব্যবস্থা গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

21.

রাজ্যে ভয়াবহ বেকার সমস্যা সমাধানে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

22.

সুলভে নেতাজি রচনাবলী প্রকাশে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

23.

রাজ্যে সরকারি-সহ আধা-সরকারি কর্মচারীদের বকেয়া মহার্ঘ ভাতা প্রদানের বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

24.

রাজ্যে মধ্যবিত্ত ও গরিব মানুষদের জন্য আবাসন তৈরির কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

25.

বাঁকুড়া জেলায় বিভিন্ন মহকুমা শহরে নিম্ন-আয়ের মানুষদের বিশেষত সরকারি/আধা-সরকারি কর্মচারীদের জন্য প্রয়োজনীয় আবাসন নির্মাণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

26.

রাজ্যে প্রোমোটাররাজ রোধের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

27.

বাঁকুড়া জেলার প্রাকৃতিক সম্পদকে ব্যবহারের জন্য উপযুক্ত শিল্প পরিকাঠামো গড়ে তুলতে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

28.

রাজ্য জুড়ে রক্তের প্রবল সংকট চলতে থাকায় থ্যালাসেমিয়ায় আক্রান্ত রোগীদের পরিবারবর্গ ভয়াবহ অবস্থার সম্মুখীন হচ্ছে—এ বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

29.

বাঁকুড়া জেলার পুরন্দরপুর হাইস্কুলে ''কম্পিউটর শিক্ষা'' চালু করার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

30.

রাজ্যের জেলাগুলিতে Community Development-এর জন্য উপযুক্ত পরিকাঠামো গড়ে তোলার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

31.

রাজ্যে তৃণমূল কংগ্রেস কর্মীদের উপর পুলিশ প্রশাসন ও গরিষ্ঠ শাসকদলের অত্যাচার ও হামলা বন্ধ করতে উপযুক্ত পদক্ষেপ গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

32.

রাজ্যে লক্ষ লক্ষ ভুয়ো রেশন কার্ড বাতিল করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

33.

রাজ্যের রেশন অফিস মারফত রেশন কার্ড প্রদানের ক্ষেত্রে দুর্নীতি বন্ধ করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

34.

রাজ্যে ব্যাপক সন্ত্রাস, নারী নির্যাতন, হত্যা ও অপহরণ রোধে উপযুক্ত ব্যবস্থা গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

35.

রাজ্যের শাসকদলের সমর্থক সরকারি কর্মচারী সংগঠনের প্রশাসনে হস্তক্ষেপ বন্ধ করতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

36.

বাঁকুড়া জেলায় পুলিশ সুপার ও জেলাশাসকদের বদলির বিষয় সুনির্দিষ্ট নীতি গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

37.

বাঁকুড়া জেলার ক্ষতিকারক পার্থেনিয়াম গাছ বিনষ্ট করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

38.

বাঁকুড়া শহরের মাচানতলা মোড় থেকে নূতনগঞ্জ স্টেশন মোড় পর্যন্ত রাস্তাটি ব্যস্ত সময়ে যানজট মুক্ত রাখতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

39.

বাঁকুড়া সম্মিলনী মেডিকেল কলেজের উপর রোগীর চাপ কমানোর স্বার্থে বাঁকুড়া জেলার খাতড়া থানার অন্তর্গত সিমলা গ্রামীণ হাসপাতালে প্রয়োজনীয় পরিকাঠামো গড়ে তুলতে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

40.

বাঁকুড়া জেলায় ভূগর্ভস্থ জল কমে যাওয়ায় মাটির নীচ থেকে জল তোলার ক্ষেত্রে ক্ষুদ্রসেচ বিভাগ বিধিনিষেধ আরোপ করেছেন—এ বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

41.

বাঁকুড়া জেলার অধিক পরিমাণে চাষের জমি কংসাবতী এবং ডিভিসি-র সেচের আওতায় আনতে প্রয়োজনীয় পরিকল্পনা গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

42.

বাঁকুড়া জেলায় এন.পি.কে. সারের অভাবে আলু চাষের জমির মাটি প্রস্তুত করতে চাষীরা সমস্যার সম্মুখীন হয়—এই সমস্যা দূরীকরণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

43.

রাজ্যের প্রশাসনিক কার্যালয়গুলিতে নির্বাচিত জনপ্রতিনিধিদের দ্বারা প্রদত্ত বিভিন্ন বিষয় সম্পর্কিত প্রত্রের উত্তর সময়মতো প্রদানে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

44.

রাজ্যে অচিরাচরিত শক্তি উৎপাদনের ক্ষেত্রে উপযুক্ত পরিকল্পনা গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

45.

রাজ্যে বন্ধ কল-কারখানার শ্রমিকদের অভাব ও দুর্দশা মোচনে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

46.

রাজ্যের হাজার হাজার রুগ্‌ণ ক্ষুদ্রশিল্পকে বাঁচিয়ে রাখার জন্য সুনির্দিষ্ট কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

47.

মুখ্যমন্ত্রী তথ্য ও সংস্কৃতি দপ্তরের দায়িত্বে থাকা সত্ত্বেও বাংলা চলচ্চিত্র শিল্পের উন্নয়ন ঘটাতে সরকার ব্যর্থ—এ বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

48.

রাজ্যের আদিবাসী, তফসিলি জাতি এবং সংখ্যালঘু সম্প্রদায় যারা বনভূমিতে বাস করেন তাদের নামে বনভূমির জমির পাট্টা প্রদানের জন্য সরকারেরর কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

49.

রাজ্যের বিভিন্ন থানায় পুলিশ প্রশাসন ইচ্ছাকৃতভাবে যুবকদের পুরাতন মামলার কেস দিয়ে তাদেরকে হয়রানি করছে—এর বিরুদ্ধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

50.

রাজ্যের পণ্য ও অন্যান্য পরিষেবার উপর কর ও শুল্ক সঠিক নির্ধারণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

51.

বাঁকুড়া জেলায় সেচ ও এলাকা ও অসেচ এলাকার জমির সঠিক কর আদায়ে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

52.

রাজ্যে সম্পদ সৃষ্টি করতে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

53.

ঋণের উপর রাজ্য অর্থনীতির নির্ভরশীলতা দূর করতে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

54.

কেন্দ্রীয় সরকার যেসব প্রকল্পের জন্য অর্থ বরাদ্দ করেছে সেইসব প্রকল্পের জন্য প্রয়োজনীয় ম্যাচিং গ্র্যান্ট দিতে রাজ্য সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

55.

বাঁকুড়া জেলার বাঁকুড়া শহর ও বিষ্ণুপুর মল্লরাজাদের বাঁধগুলি সংস্কারের মাধ্যমে ব্যাপক মৎস্য চাষের সুযোগ বৃদ্ধি করতে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

56.

বাঁকুড়া জেলার তিনটি মহকুমায় বড় বড় বাঁধগুলি সংস্কার করে যৌথ মালিকানার মাধ্যমে নিবিড় মৎস্য চাষের জন্য উপযুক্ত পরিকল্পনা গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

57.

বাঁকুড়া জেলার সদর বাঁধগুলোকে সংস্কার করে ক্ষুদ্রসেচ প্রকল্পের সঙ্গে যুক্ত করে মৎস্য চাষের বৃদ্ধি ঘটাতে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

58.

বাঁকুড়া জেলার অন্তর্গত পুরন্দরপুর অঞ্চলের নিকটবর্তী ভেদুয়া ভেস্টেড ট্যাঙ্কটিকে মৎস্য চাষের খামার করতে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

59.

রাজ্যে মাছের দাম বৃদ্ধি রোধে ও মৎস্য চাষের পরিকাঠামো উন্নয়নে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের নেই ;

60.

রাজ্যে পশু চিকিৎসালয়গুলির আধুনিকীকরণ, উন্নতিসাধন ও যথাযথ রক্ষণাবেক্ষণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

61.

রাজ্যে পশুজাত খাদ্যের উৎপাদন বৃদ্ধির জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

62.

বাঁকুড়া সম্মিলনী মেডিকেল কলেজ ও হাসপাতালে ডায়ালিসিস মেশিন চালু করতে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

63.

বাঁকুড়া সম্মিলনী মেডিকেল কলেজ ও হাসপাতালে উপযুক্ত পরিমাণে স্যালাইন সেট, স্যালাইন বোতল ও হ্যান্ড গ্লাভ্স সরবরাহ করতে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

64.

বাঁকুড়া জেলা হাসপাতালের সংস্কারের কাজ যথাসময়ে সম্পূর্ণ করতে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

65.

বাঁকুড়া সম্মিলনী মেডিকেল কলেজ ও হাসপাতালে রোগীদের কাছ থেকে ফি-বাবদ গৃহীত অর্থের হিসাব জনসমক্ষে প্রকাশ করতে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

66.

বাঁকুড়া সম্মিলনী মেডিকেল কলেজ ও হাসপাতালের ইউরোলজি বিভাগে ডাক্তারের শূন্যপদ পূরণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

67.

কেন্দ্রীয় সরকারের গ্রামোন্নয়ন দপ্তর থেকে প্রাপ্ত কোটি কোটি টাকা সময়মতো খরচ করতে সরকার ব্যর্থ—এ বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

68.

কেন্দ্রীয় প্রকল্পের হাজার হাজার কোটি টাকা যথাসময়ে খরচ না করার ফলে তা ফেরত চলে গেছে—এ বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

69.

চাকুরী ও শিক্ষা ক্ষেত্রে ও.বি.সি. সহ সব সংখ্যালুঘদের জন্য আসন সংরক্ষণের বিষয় কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

70.

রাজ্যে হাজার হাজার ভুয়ো ও মৃত ভোটারের নাম ভোটার তালিকা থেকে বাদ দেওয়ার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণে সরকার ব্যর্থ—এ বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

71.

বাঁকুড়া খ্রিস্টান কলেজিয়েট স্কুলের শতাব্দী প্রাচীন 'হিন্দু হোস্টেল'-টির হস্তান্তরকরণ বন্ধ করতে যথাযথ উদ্যোগ গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

72.

রাজ্যের প্রতিটি জেলায় দুগ্ধ উৎপাদন কেন্দ্র স্থাপনে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

73.

রাজ্যে কর্মসংস্থানের উপযোগী শ্রমনির্ভর শিল্প গড়ে তুলতে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

74.

রাজ্যে বিদ্যুৎ চুরি বন্ধ করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

75.

রাজ্যের গ্রামাঞ্চলে বৈদ্যুতিক লাইনে বেআইনি হুকিং, ট্যাপিং বন্ধ করতে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

76.

রাজ্যে হেক্টরপ্রতি কৃষিজাত দ্রব্যের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে কৃষি গবেষণার জন্য বরাদ্দকৃত অর্থ সদ্ব্যবহারে, সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

77.

রাজ্যে বন সম্পদ ক্রয়-বিক্রয়ের ক্ষেত্রে অনিয়ম হচ্ছে—এ বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

78.

রাজ্যে তপশিলি সম্প্রদায়ের অন্তর্ভুক্ত বেকার যুবতীদের কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধির জন্য সুনির্দিষ্ট পরিকল্পনা গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

79.

রাজ্য সরকার কর্তৃক অধিগৃহীত জমির মালিকদের নির্দিষ্ট সময়ের মধ্যে ক্ষতিপূরণ প্রদানে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

80.

রাজ্যের ঊর্ধ্বতন পুলিস আধিকারিকরা হোমগার্ডদের তাদের ব্যক্তিগত কাজে নিয়োজিত করে—এর বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

81.

বাঁকুড়া জেলার গঙ্গাজলঘাটি ও বড়জোড়া সংলগ্ন শালী নদীর বাঁধ নির্মাণের জন্য অধিগৃহীত জমির মালিকদের সময়মত ক্ষতিপূরণ প্রদানে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

82.

বাঁকুড়া জেলার মেজিয়া তাপবিদ্যুৎ কেন্দ্রের অধিগৃহীত জমির মালিকদের যথাযথ ক্ষতিপূরণ প্রদানে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

83.

রাজ্যের সার্বিক উন্নয়নের জন্য সুনির্দিষ্ট কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

84.

বাঁকুড়া জেলার সিমলাপাল গ্রামের জল প্রকল্পের পরিষেবা সব গ্রামে পৌঁছে দিতে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

85.

বাঁকুড়া জেলার বিস্তীর্ণ এলাকায় স্বল্প সেচে গম চাষ করে উপযুক্ত ফলন না পাওয়ায় চাষীরা ভীষণভাবে ক্ষতিগ্রস্ত—এ বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

86.

দক্ষিণবঙ্গে জলস্তর নেমে যাওয়ার কারণে চাষের ক্ষতি হচ্ছে—এই সমস্যা দূরীকরণের জন্য সুনির্দিষ্ট পরিকল্পনা গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

87.

বাঁকুড়া জেলায় আলুর বীজ পরীক্ষার জন্য কোনো পরিকাঠামো না থাকার ফলে চাষীদের সমস্যার সম্মুখীন হতে হচ্ছে—এই সমস্যা দূরীকরণের জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

88.

বাঁকুড়া জেলায় পোকার আক্রমণের হাত থেকে জবা ফুলের চাষকে রক্ষা করতে উপযুক্ত ব্যবস্থা গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

89.

there is no mention about the failure of the Government to achieve self-sufficiency in meat production in the State ;

90.

there is no mention about the failure of the Government to spread Co-operative movement in the State ; and

91.

there is no mention about the failure of the State Government to ensure safety for the fishermen during natural calamities.

LIST II

92-191

Shri Kashinath Misra : Sir, I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক :

কিন্তু দুঃখের বিষয় এই যে,—

92.

রাজ্যের বি-এড কলেজগুলিতে আসন সংখ্যা বৃদ্ধি করতে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

93.

রাজ্যে রুরাল হেল্‌থ সার্ভিসের সার্বিক উন্নয়ন ঘটাতে সুনির্দিষ্ট পরিকল্পনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

94.

রাজ্যের পরিবেশ দূষণ প্রতিরোধকল্পে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

95.

পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদের মাধ্যমে অনুন্নত পাঁচটি জেলার সার্বিক উন্নয়ন ঘটাতে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

96.

রাজ্যে ডেভেলপমেন্ট অ্যান্ড প্ল্যানিং ডিপার্টমেন্টের কার্যালয়গুলিতে কাজের গতি আনতে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

97.

রাজ্যের শিক্ষা ব্যবস্থার উপর আস্থা হারিয়ে মেধাবী ছাত্র-ছাত্রীরা উচ্চশিক্ষার্থে এই রাজ্য ছেড়ে অন্য রাজ্যে চলে যাচ্ছে—এই প্রবণতা রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

98.

রাজ্যে বিড়ি ও তাঁত শিল্পের সঙ্গে যুক্ত শ্রমিকদের ন্যূনতম মজুরি প্রদান নিশ্চিত করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

99.

রাজ্যের পঞ্চায়েতগুলিতে দলবাজি ও দুর্নীতি বন্ধ করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

100.

রাজ্যের প্রশাসনকে জনকল্যাণমুখী করে গড়ে তোলার ব্যাপারে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

101.

রাজ্যের সরকারি কর্মচারীদের মধ্যে কর্মসচেতনতা গড়ে তোলার বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

102.

রাজ্যে ব্যাপক সন্ত্রাস, নারী নির্যাতন, খুন ও অপহরণের বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

103.

রাজ্যে প্রোমোটাররাজ রোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

104.

রাজ্যে জলাভূমি সংরক্ষণের আইন কঠোরভাবে প্রয়োগ করতে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

105.

রাজ্যে অবসরপ্রাপ্ত শিক্ষক ও শিক্ষাকর্মীদের যথাসময়ে পেনশন প্রদানে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

106.

বাঁকুড়া জেলায় পুরন্দরপুর হাইস্কুলে কম্পিউটার শিক্ষা চালু করার জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

107.

রাজ্যে স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে সব শূন্যপদে শিক্ষক নিয়োগে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

108.

বাঁকুড়া জেলার গোবিন্দধামে ঋষিকল্প গোবিন্দপ্রসাদ সিংহের স্মৃতিরক্ষার্থে একটি বালিকা বিদ্যালয় স্থাপনে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

109.

রাজ্যের যে সব মাধ্যমিক বিদ্যালয়গুলিকে উচ্চ মাধ্যমিক স্তরে উন্নীত করা হয়েছে সেই সব বিদ্যালয়গুলিতে পঠন-পাঠনের উপযুক্ত পরিকাঠামো গড়ে তুলতে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

110.

বাঁকুড়া জেলায় পঞ্চম শ্রেণি থেকে উচ্চ মাধ্যমিক পর্যন্ত ছাত্র-ছাত্রীদের ভর্তির সমস্যা সমাধানে কার্যকরী পদক্ষেপ গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

111.

রাজ্যের বিদ্যালয়গুলিকে শাসকদলের প্রভাবমুক্ত করতে যথাযথ ব্যবস্থা গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

112.

বাঁকুড়া ২নং ব্লকের মানকানালী অঞ্চলের এঁট্যালডাঙা ও বাঁধভাঙা গ্রামে প্রাথমিক বিদ্যালয় স্থাপনে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

113.

রাজ্যে জাল মার্কশিট-চক্রের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

114.

শিক্ষাখাতে কেন্দ্রের দেওয়া অর্থ যথাসময়ে ব্যয় করতে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

115.

রাজ্যে মাদ্রাসা শিক্ষার উন্নয়নে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

116.

বাঁকুড়া জেলার স্পঞ্জ আয়রন কারখানাগুলির বর্জ্য পদার্থ থেকে সৃষ্ট দূষণরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

117.

বাঁকুড়া বিধানসভা কেন্দ্র এলাকায় বেকার যুবক-যুবতীদের কর্মসংস্থানের জন্য পোল্ট্রি ফার্মের প্রসার ঘটাতে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

118.

বাঁকুড়া জেলায় বিভিন্ন বিক্রয়কর দপ্তরে দুর্নীতিরোধে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

119.

বাঁকুড়া জেলায় ভুয়ো রেশন কার্ড চিহ্নিতকরণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

120.

বাঁকুড়া জেলায় মাওবাদীদের মোকাবিলায় সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

121.

বাঁকুড়া জেলার বিভিন্ন ইকো-পার্কগুলিতে চিড়িয়াখানা নির্মাণের কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

122.

বাঁকুড়া জেলার বিভিন্ন ব্লকে হাতির উপদ্রব বন্ধ করতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

123.

রাজ্যে একটি জাতীয় নাট্যশালা স্থাপনে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

124.

রাজ্যের থানাগুলিতে পুলিশের সংখ্যা বাড়াতে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

125.

রাজ্যে দুস্থ ও অসহায় মানুষদের প্রয়োজনীয় সামাজিক নিরাপত্তা ও সাহায্য প্রদানে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

126.

অনাথ শিশুদের পরিচর্যা ও তাদের সমাজে প্রতিষ্ঠিত করতে রাজ্যের প্রতিটি জেলায় মহকুমাভিত্তিক একটি করে 'হোম' গড়ার কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

127.

রাজ্যে হকারদের পুনর্বাসনের কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

128.

রাজ্যের বি.এল. অ্যান্ড এল.আর.ও. দপ্তরগুলিতে দুর্নীতি দূর করার জন্য উপযুক্ত পদক্ষেপ গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

129.

বাঁকুড়া জেলায় গণবণ্টন ব্যবস্থার চরম অবনতির কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

130.

এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্ক গ্রামে ছোট রাস্তা ও সড়ক উন্নয়নের জন্য যে ঋণ দিচ্ছে তাতে বাঁকুড়া জেলার রাস্তাঘাট মেরামতি ও সংস্কার বা নতুন কোনো রাস্তার নির্মাণের জন্য কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

131.

বাঁকুড়া জেলার সারদামণি মহিলা মহাবিদ্যাপীঠে স্থায়ী পদে অধ্যাপক নিয়োগ করতে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

132.

সমবায় সংগঠনের মাধ্যমে বাঁকুড়া জেলার ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের থেকে সময়মত ধান ক্রয় করতে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

133.

বাঁকুড়া জেলার খাতড়া মহকুমায় অগ্নি নির্বাপণ কেন্দ্র স্থাপনে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

134.

বাঁকুড়া বিধানসভা কেন্দ্র এলাকার অধীনে ১নং ও ২নং ব্লকের বিভিন্ন গ্রাম পঞ্চায়েতে শাসকদল বিরোধীদলের সদস্যদের আমল দিচ্ছে না—এ বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

135.

বাঁকুড়া জেলার বেসরকারি বাসের শ্রমিকদের চাকুরির নিরাপত্তার বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

136.

বাঁকুড়া জেলার বেসরকারি বাসের শ্রমিকদের বোনাসের বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

137.

বাঁকুড়া জেলার বেসরকারি বাসের শ্রমিকদের বেতন পরিকাঠামোর বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

138.

বাঁকুড়া সদরে গোবিন্দনগর বাসস্ট্যান্ডের অসম্পূর্ণ কাজ যথাসময়ে সম্পূর্ণ করতে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

139.

বাঁকুড়া বিধানসভা কেন্দ্রের অন্তর্গত বাঁকুড়া ১নং ও ২নং ব্লকের গরিব চাষীদের কৃষিঋণ মকুবের বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

140.

বাঁকুড়া জেলার রানীবাঁধ, রাইপুর ব্লকে আইন-শৃঙ্খলার অবনতির বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

141.

বাঁকুড়া ১নং ব্লকের কেঞ্জাকুড়া অঞ্চলে দ্বারকেশ্বর নদের উপর একটি সেতু নির্মাণের জন্য ২ লক্ষ টাকা অনুমোদিত হওয়া সত্ত্বেও তা শুরু করার কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

142.

বাঁকুড়া শহরে যেসব জবরদখলকারীদের উচ্ছেদ করা হয়েছিল তারা পুনরায় রাস্তার দুই ধার বেআইনিভাবে দখল করে বসবাস করছে—এর কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

143.

'সর্বশিক্ষা অভিযান' কর্মসূচি রূপায়ণে শাসকদলের দুর্নীতি অবাধে চলছে—এই দুর্নীতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

144.

শহর ও গ্রামাঞ্চলে বহু বিদ্যালয়—বিশেষ করে বাঁকুড়া ১নং ব্লকের কেঞ্জাকুড়া অঞ্চলের বিবেকানন্দ স্মৃতি বিদ্যামন্দির ও বাঁকুড়া শহরে সারদামণি বিদ্যাপীঠের অনুমোদন দিতে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

145.

রাজ্যের বিশ্ববিদ্যালয়গুলিতে আর্থিক সঙ্কট দূর করতে যথাযথ উদ্যোগ গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

146.

রাজ্যের কলেজগুলিতে ছাত্র-ছাত্রী ভর্তি সমস্যার সমাধানে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

147.

বাঁকুড়া জেলায় ছাত্র-ছাত্রী ভর্তির সমস্যা সমাধানের জন্য নূতন কলেজ স্থাপনে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

148.

রাজ্যের প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের অপ্রতুলতার জন্য শিক্ষা ব্যবস্থায় যে সঙ্কট সৃষ্টি হয়েছে তা দূরীকরণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

149.

রাজ্যে ব্যাঙ্ক ঋণের বিকল্প হিসাবে অন্য কোনো আর্থিক সংস্থা থেকে কার্যকরী মূলধন ঋণ হিসাবে দিয়ে বেকার যুবক-যুবতীদের ক্ষুদ্র ও কুটির শিল্প স্থাপনে উদ্যোগী করতে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

150.

রাজ্যের বিভিন্ন জেলায় দুগ্ধজাত শিল্পের প্রসার ঘটাতে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

151.

সুন্দরবন এলাকা নিয়ে পৃথক জেলা গঠনের কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

152.

রাজ্যের পরিবহন ব্যবস্থার উন্নয়নে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

153.

রাজ্যে ক্ষেতমজুরদের সারা বছর কাজের ব্যবস্থা করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

154.

রাজ্যে অসহায় চা শ্রমিক পরিবারের স্বার্থে চা শিল্পের সঠিক উন্নয়নে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

155.

উত্তরবঙ্গের চা শিল্প বা চা বাগানগুলি যাতে বন্ধ না হয় সে ব্যাপারে সরকারের কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

156.

রাজ্যে শিল্প ক্ষেত্রে বিনিয়োগে রাজ্যের বাইরের শিল্পপতিদের উৎসাহিত করতে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

157.

রাজ্যের হোসিয়ারী শিল্পের উন্নয়নের স্বার্থে সঠিক পরিকাঠামো গঠনের জন্য সুনির্দিষ্ট পরিকল্পনা গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

158.

বাঁকুড়া শহরের মাচানতলা থেকে ভায়া রামপুর অরবিন্দ পল্লী পর্যন্ত রাস্তাটি জনবহুল হওয়া সত্ত্বেও তা সংস্কারে কার্যকরী পদক্ষেপ গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

159.

মহাকরণ ভবনে কর্মীদের শ্লীলতাহানি রোধে গঠিত বিশেষ সেলের কাজ চালু করতে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

160.

রাজ্যের হাসপাতালে বেহাল স্বাস্থ্য পরিষেবার জন্য হাজার হাজার মানুষ চিকিৎসার জন্য অন্যত্র চলে যাচ্ছে—এই প্রবণতা রোধ করতে উপযুক্ত ব্যবস্থা গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

161.

বাঁকুড়া জেলার তালডাংরা ব্লক হাসপাতালের অন্তর্বিভাগে ছাগল ও কুকুর ঘুরে বেড়ায় এবং শৌচাগারগুলি অপরিচ্ছন্ন—এ বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

162.

বাঁকুড়া জেলার বিভিন্ন ব্লকের প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রগুলি থেকে রোগীদের বর্ধমান বা বাঁকুড়া শহরে পাঠিয়ে দেওয়ার ফলে রোগীদের পরিবার নানাবিধ সমস্যার সম্মুখীন হচ্ছে—এ বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

163.

বাঁকুড়া জেলার বিষ্ণুপুর মহকুমার অন্তর্গত দ্বারিকা গ্রাম সহ সন্নিহিত গ্রামগুলিতে 'ফেরো অ্যালয় কারখানা' থেকে নিঃসৃত কালো ধোঁয়ায় বায়ু ক্রমাগত দূষিত হচ্ছে—এই দূষণ রোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

164.

বাঁকুড়া সম্মিলনী মেডিকেল কলেজ ও হাসপাতালে এন্ডোস্কপি ও কোলোনোস্কপি মেশিন চালু করতে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

165.

রাজ্যে তন্তুবায়দের ন্যায্য মূল্যে সুতো সরবরাহ করার জন্য সঠিক পরিকল্পনা গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

166.

রাজ্যে খাদি শিল্পের প্রসার ঘটাতে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

167.

রাজ্যে শিল্পের সামগ্রিক উন্নয়নে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

168.

রাজ্যে শিল্প ক্ষেত্রে বিনিয়োগে রাজ্যের বাইরের শিল্পপতিদের উৎসাহিত করতে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

169.

হলদিয়া পেট্রোকেমিক্যাল শিল্পে সঠিকভাবে উৎপাদন শুরু করার জন্য যথাযথ উদ্যোগ গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

170.

রাজ্যের সমবায় সমিতিগুলির উন্নতিকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

171.

রাজ্যে সমবায় ব্যাঙ্কগুলিতে অনিয়ম, দুর্নীতি, রাজনৈতিক প্রভাব রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

172.

মণ্ডল কমিশনের ৭২তম ক্রমিক সংখ্যার উল্লেখিত তিলি জাতিকে ও.বি.সি. তালিকায় অন্তর্ভুক্ত করার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

173.

রাজ্যের প্রতিটি জেলায় দুগ্ধ উৎপাদন কেন্দ্র স্থাপন করার জন্য প্রয়োজনীয় পরিকল্পনা গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

174.

বাঁকুড়া জেলায় কর্মসংস্থানের উপযোগী শ্রমনির্ভর শিল্প গড়ে তুলতে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

175.

বাঁকুড়া বিধানসভা কেন্দ্র এলাকায় নতুন শিল্প স্থাপনে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

176.

বাঁকুড়া জেলার রানীবাঁধ, রাইপুর ও সারেঙ্গা প্রভৃতি ব্লকে তফশিলি জাতি ও উপজাতি সম্প্রদায়ভুক্ত মানুষদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

177.

বাঁকুড়া জেলার প্রতিটি গ্রামে পশু চিকিৎসার জন্য উপযুক্ত পরিকাঠামো গড়ে তুলতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

178.

রাজ্যে পশু চিকিৎসা হাসপাতালগুলির আধুনিকীকরণ, উন্নতিসাধন ও যথাযথ রক্ষণাবেক্ষণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

179.

রাজ্যে পশুজাত খাদ্যের উৎপাদন বৃদ্ধির জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

180.

রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরে শূন্যপদ পূরণের বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

181.

রাজ্যের সংশোধনাগারগুলিতে সাজাপ্রাপ্ত ও বিচারাধীন বন্দীর মৃত্যুর বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

182.

রাজ্যে এফ.এফ.ডব্লু. (ফুড ফর ওয়ার্ক) প্রকল্পের রূপায়ণের বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

183.

রাজ্যে মার্চ ২০০৫ থেকে বর্তমান বছরের জানুয়ারি মাস পর্যন্ত যে সব শিল্প সংস্থা পরিবেশ দূষিত করছে তার কোনো পরিসংখ্যান মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

184.

রাজ্যের কর্ম-বিনিয়োগ কেন্দ্রগুলিতে নথিভুক্ত বেকারের কোনো পরিসংখ্যান মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

185.

জেলাস্তরে 'ডিস্ট্রিক্ট ইলনেস ফান্ড'-এর বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

186.

রাজ্যের বাংলা আকাদেমি কর্তৃক চতুর্ভাষিক একটি অভিধান প্রকাশের কাজের অগ্রগতির কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

187.

রাজ্যে বায়ু ও জল দূষণ রোধে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

188.

there is no mention about the failure of the Government to pay adequate price for Kendu leaves ;

189.

there is no mention about the failure of the Government to promote Small Scale Industries in rural areas of the State ;

190.

there is no mention about the failure of the Government to implement the scheme "Sarba Siksha Abhijan" properly in the State ; and

191.

there is no mention about the failure of the Government to maintain law and order in the State.

192-200

শ্রী জ্যোতির্ময় কর : আপনি বলেছেন সরকার ক্ষুদ্র শিল্প বিকাশের জন্য সচেষ্ট। দেখা যাচ্ছে ট্র্যাডিশনাল ক্ষুদ্র শিল্পগুলি যেমন হোসিয়ারি, ইস্পাত এগুলি মার খাচ্ছে। যে সমস্ত প্রসেসিং ইউনিট হচ্ছে বা আছে সেখানে নন-ট্র্যাডিশনাল শিল্পগুলিও আছে যাদের ন্যাশনাল মার্কেট বা ইন্টার-ন্যাশনাল মার্কেট আছে, তাদেরকে চিহ্নিত করা গেছে কি না ? তাদেরকে চিহ্নিত করা গেলে এগুলির উপরে যাতে প্রসেসিং ইউনিট গড়ে ওঠে সে ব্যাপারে সরকার কি চেষ্টা করছেন ?

শ্রী নিরুপম সেন : আমরা দুটি ক্ষেত্রকে চিহ্নিত করেছি, আপনি বলছেন এমার্জিং সেক্টর। আজ পর্যন্ত আমরা দুটি ক্ষেত্রের উপরে জোর দিচ্ছি সেটা ফুড প্রসেসিং এবং নন-ফুড। এখন ফুড প্রসেসিং একটা গুরুত্বপূর্ণ সেক্টর। যেখানে বহু ক্ষুদ্র শিল্প দ্রুত গতিতে প্রতিষ্ঠা হচ্ছে। আপনি সংখ্যাটা দেখলেই বুঝতে পারছেন যে কত সংখ্যক ফুড প্রসেসিং ইউনিটকে

আমরা ইনসেনটিভ দিয়েছি। এটা একটা এমার্জেন্ট সেক্টর। অতীতে এই সেক্টরে এত প্রোজেক্ট আসেনি। নন-ফুডের ক্ষেত্রে আমাদের রাজ্যের যে ট্র্যাডিশনাল সেক্টরে ক্ষুদ্র শিল্পকে যেমন দিয়েছি, তেমনি ইঞ্জিনিয়ারিং এবং ছোটখাটো শিল্প যারা করেছে তাঁদেরকেও দিয়েছি। তবে স্পেসিফিক্যালি এক্ষেত্রে দেব আর ওক্ষেত্রে দেব না এই রকম দৃষ্টিভঙ্গি রাজ্য সরকারের নেই। যারাই ক্ষুদ্র শিল্প বা বিভিন্ন ধরনের শিল্প করবেন তাদেরকে ইনসেনটিভ দেওয়া হবে।

শ্রী জ্যোতির্ময় কর : আমার প্রশ্ন ছিল মার্কেট স্টাডি করে নন-ট্রাডিশনাল এরিয়াগুলিকে চিহ্নিত করা গেছে কি না ? এদেরকে ইনসেনটিভ দেওয়ার কথা ভাবছেন কি না ?

শ্রী নিরুপম সেন : ফুডকে আলাদা করে চিহ্নিত করা হয়েছে, বাকি সবগুলিকে আলাদা করা হয়নি।

খাদ্য প্রক্রিয়াকরণ শিল্পের প্রসারণে বিদেশী লগ্নি

*৫০। (অনুমোদিত প্রশ্ন নং *৭২) **শ্রী আবু আয়েশ মণ্ডল** : খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যান পালন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে খাদ্য প্রক্রিয়াকরণ শিল্পের প্রসারের উদ্দেশ্যে বিদেশের কয়েকটি সংস্থা আর্থিক লগ্নি করছে ;

(খ) সত্যি হলে, কোন কোন বিদেশী সংস্থা আর্থিক লগ্নি করেছে অথবা করবে বলে সম্মতি দিয়েছে ; এবং

(গ) বর্তমান আর্থিক বছরের ৩১-১২-২০০৫ পর্যন্ত সময়ে আর্থিক লগ্নির মোট পরিমাণ কত ?

শ্রী শৈলেন সরকার :

(ক) হ্যাঁ।

(খ) নিম্নলিখিত বিদেশী সংস্থাগুলি একটি দেশীয় সংস্থার সঙ্গে যৌথভাবে খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প স্থাপনের জন্য আর্থিক লগ্নির সম্মতি দিয়েছে।

(১) ট্রপিক্যাল ফুড মেশিনারি, এস.আর.এল.ইটালি (বিদেশী সংস্থা) এবং অ্যাসকন অ্যাগ্রো প্রোডাক্ট, এক্সপোর্টার্স অ্যান্ড বিল্ডার্স প্রাঃ লিঃ, ইন্ডিয়া (দেশীয় সংস্থা) যৌথভাবে উত্তর দিনাজপুরে একটি আনারস/অন্যান্য ফল প্রক্রিয়াকরণ শিল্প স্থাপনের জন্য চুক্তিবদ্ধ হয়েছে (এম.ও.ইউ.)। ওই শিল্পে আনুমানিক লগ্নির পরিমাণ ১৯.৪০ কোটি টাকা। এর মধ্যে বিদেশী সংস্থার পরিমাণ ৩.৫০ কোটি টাকা।

(২) পি.বি. কনসিল/২-অ্যামিস গ্রুপ, ফ্রান্স (বিদেশী সংস্থা) এবং অ্যাসকন অ্যাগ্রো প্রোডাক্ট, এক্সপোর্টার্স অ্যান্ড বিল্ডার্স প্রাঃ লিঃ, ইন্ডিয়া (দেশীয় সংস্থা)

যৌথভাবে হুগলি জেলাতে আলু প্রক্রিয়াকরণ শিল্প স্থাপনের জন্য চুক্তিবদ্ধ হয়েছে। এই প্রকল্পের আনুমানিক লগ্নির পরিমাণ ৩৮.৬২ কোটি টাকা। এর মধ্যে বিদেশি ব্যাংক থেকে ঋণের পরিমাণ ১৫.৩০ কোটি টাকা।

(গ) : বর্তমান আর্থিক বছরের ৩১.১২.২০০৫ পর্যন্ত সময়ে খাদ্য প্রক্রিয়াকরণ শিল্পে বিদেশি আর্থিক লগ্নি হয়নি।

বর্তমানে আর্থিক বছরের ৩১.১২.২০০৫ পর্যন্ত সময়ে এই দপ্তর থেকে অনুমোদিত খাদ্য প্রক্রিয়াকরণ প্রকল্পে প্রস্তাবিত আর্থিক বিনিয়োগের পরিমাণ ৩১৪.৬৫ কোটি টাকা।

[11.20—11.30 a.m.]

শ্রী আবু আয়েষ মণ্ডল : মাননীয় মন্ত্রী মহাশয়, ২টি বিদেশি সংস্থা একটা ইটালির এবং ফ্রান্সের তারা আমাদের দেশে, দেশীয় শিল্প সংস্থা অ্যাসকন অ্যাগ্রো প্রোডাক্টের সঙ্গে উত্তরবঙ্গের উত্তর দিনাজপুরে আনারস নিয়ে যে খাদ্য প্রক্রিয়াকরণ এবং হুগলি জেলায় আলু প্রক্রিয়াকরণ শিল্পের কথা বললেন, চুক্তিটা কতখানি সম্পাদিত হয়েছে এবং চুক্তি হওয়ার পরে কাজের কোনো অগ্রগতি হয়েছে কিনা সেটা যদি বলেন ?

শ্রী শৈলেন সরকার : এখানে বলি, এর মধ্যে যে ট্রপিক্যাল ফুড মেশিনারি এস আর এল ইটালির সঙ্গে এই চুক্তিটা গত অক্টোবরে ইটালিতে ওরা নিয়েছিল, এটা যে বললাম, সেটা হচ্ছে অ্যাসকন অ্যাগ্রো প্রোডাক্ট পৈলানদের, এটা ওরা গিয়েছিল এবং সেখানে ওরা মউ করেছে। তারপরে এখন এসেছে উত্তর দিনাজপুরের জেলাশাসকের থেকে জমি চেয়েছে, জমি নির্দিষ্টকরণ হয়েছে। জমি অ্যাকোয়ার হয়ে গেছে। সেখানে কাজ শুরু করবে বলে আমাদের জানিয়েছে। আর একটা পি বি কনসিল ফ্রান্সের, এগ্রিকালচার মিনিস্টার এসেছিলেন, আমাদের ধনেখালিতে। সেখানে ফাউন্ডেশন লে করেছিলেন এবং আমাদের সি এম চুক্তির সময় ছিলেন। ওখানে মউ হয়েছে সোনার বাংলাতে। সেই সময় ওরা ছিলেন, ফ্রান্সের মিনিস্টার ছিলেন, গ্রুপ অফ ইন্ডাস্ট্রিজ ছিলেন, ওখানে কাজটা চলছে, তবে আশানুরূপ যে অগ্রগতি হয়েছে সেটা বলতে পারব না, কাজটা চলছে।

শ্রী আবু আয়েষ মণ্ডল : মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি প্রশ্নোত্তরে বলেছেন, ৩১-১২-০৫ তারিখ পর্যন্ত খাদ্য প্রক্রিয়াকরণ এবং বিদেশি কোনো আর্থিক লগ্নি হয়নি। বিগত নভেম্বর মাসে যেটা সংবাদপত্রে দেখলাম, জার্মানির কয়েকটি সংস্থা এখানে এসেছিল এবং তাদের সঙ্গে আপনি ও মুখ্যমন্ত্রীর অনেক আলোচনা হয়েছিল। তাই আপনার দপ্তর বাগিচা শিল্পে খাদ্য প্রক্রিয়াকরণ শিল্পে লগ্নি করতে আগ্রহ প্রকাশ করেছিল, সেই ব্যাপারে যদি কিছু বলেন।

শ্রী শৈলেন সরকার : অ্যাকচুয়ালি ওদের সঙ্গে আমরা দিল্লিতে যখন গিয়েছিলাম ফুড প্রসেসিং দপ্তর, গভর্নমেন্ট অফ ইন্ডিয়া বা ফিকি তারা একটা সেমিনারের আয়োজন করেছিল। ইন্টারন্যাশনাল সেমিনার। সেখান থেকে ওরা ডেলিগেশনও পাঠিয়েছিল দিল্লিতে, জার্মানি থেকে এসেছিল। ওদেরকে আমরা বলি, আমরা দিল্লিতে বলি, আপনারা চলুন

ওয়েস্ট বেঙ্গলে। ওয়েস্ট বেঙ্গলে আমাদের অফিসারদের দিয়ে সরাসরি শিলিগুড়ি, জলপাইগুড়িতে পাঠিয়েছিলাম, সেখানে ওরা দেখেছে। সেখানে আমাদের যে কারখানাগুলি আছে, ডাবরের মতো কারখানা চালু আছে, গ্যালিপসো কারখানা আছে, সেইগুলি ওরা দেখেছে। চা, আনারস, ইত্যাদি দেখেছে। ওরা ইন্টারেস্ট প্রকাশ করেছে। ওরা বলেছে, ২০০৬ সালের প্রথম দিকে সমস্ত ডিটেলস নিয়ে আসবে, এখনও ওরা আসেনি।

শ্রী আবু আয়েষ মণ্ডল : আপনি বলেছেন, ৩১-১২-০৫ তারিখ পর্যন্ত আপনার দপ্তর থেকে অনুমোদিত যে প্রকল্পগুলি নেওয়া হয়েছে, তাতে বরাদ্দ হয়েছে ৩১৪.৫৬ কোটি টাকা। এতে কোন কোন পরিকল্পনা নেওয়া হয়েছে এবং কোন কোন কাজে অগ্রগতি হয়ছে বা সমাপ্ত হয়েছে সেটা যদি বলেন ?

শ্রী শৈলেন সরকার : এখানে আমাদের এই ফুড প্রসেসিং নিয়ে যেটা মাননীয় মন্ত্রী নিরূপম সেন বলেছেন, এই সেক্টরে ইনভেস্টমেন্টের স্কোপ আছে। ইনভেস্টমেন্ট বাড়ছে। আমরা যদি দেখি, '০১-'০২ সালে ৬১টি প্রোপোজাল অ্যাপ্রুভ করেছিল, ১৫৪.৫৫ কোটি টাকা ইনভেস্টমেন্ট হয়েছে, '০২-'০৩ সালে সেটা ১১৮টি প্রোপোজাল আমরা অ্যাপ্রুভ করেছিলাম, ২১২.২২ কোটি টাকা ইনভেস্টমেন্ট হয়েছিল, '০৩-'০৪ সালে ১৫৫টি প্রোপোজাল আমরা অ্যাপ্রুভ করেছিলাম। তাতে ইনভেস্টমেন্ট হয়েছে ৩২৭ কোটি টাকা। '০৪-'০৫ সালে ২০৪টি প্রোজেক্ট আমরা অ্যাপ্রুভ করেছিলাম, ৫২৪ কোটি টাকা ইনভেস্টমেন্ট হয়েছে। এই বছরে আমরা বলেছি, কতটা আমাদের ইনভেস্টমেন্ট হয়েছে। এইগুলি বিভিন্ন জায়গায় চালু হয়েছে। আবার কোনটার জমি নেওয়া হয়েছে, কোনটার আবাব ইমপ্লিমেন্টেশন বিভিন্ন রকম স্টেজে আছে। নানা ধরনের জিনিস হচ্ছে, পটেটো চিপস্, ভেজিটেবলস, ফ্রোজেন ফুড ইত্যাদি।

মিঃ স্পীকার : দেখা যাচ্ছে এখনও অনেকে হাউসের মধ্যে মোবাইল ব্যবহার করছেন এবং মোবাইলের শব্দও শোনা যাচ্ছে। কেউ কেউ আবার হাউসের মধ্যে বসেই মোবাইল ফোনে কথা বলে যাচ্ছেন। বারবার বারণ করা সত্ত্বেও মেম্বাররা এটা মানছেন না। যদি ধরা পড়ে ইন ফিউচার ইট উইল বি কনফিশকেটেড টু দি অ্যাসেম্বলি, তাহলে মোবাইল আর ফেরত দেওয়া হবে না। এটাকে হাল্কাভাবে আপনারা নেবেন না। বি সিরিয়াস।

শ্রী জ্যোতির্ময় কর : মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, আপনি বললেন ৩১৮ কোটি টাকার মতো যৌথভাবে দেশি এবং বিদেশি বিনিয়োগ হয়েছে খাদ্য প্রক্রিয়াকরণ শিল্পে। বর্তমানে আমাদের রাজ্যে খাদ্য প্রক্রিয়াকরণ শিল্পে ইনভেস্টমেন্ট কত এবং এই ৩১৮ কোটি টাকার বাইরে ইনভেস্টমেন্ট কত তার কোনো স্টাডি আপনি যদি করে থাকেন তাহলে জানাবেন ? আর খাদ্য প্রক্রিয়াকরণ শিল্পে উৎপন্ন খাদ্যের অন্তর্জাতিক মার্কেটে কোনো ক্রেডেনশিয়াল আছে কিনা এই ব্যাপারে কোনো স্টাডি করেছেন কি ? ন্যাশনাল এবং ইন্টারন্যাশনাল মার্কেটে এর চাহিদা কত সেটা দয়া করে জানাবেন কি ?

শ্রী শৈলেন সরকার : টোটাল কত ইনভেস্টমেন্ট হয়েছে সেটা তো আমি আগেই বলেছি। এছাড়া কটেজ অ্যান্ড স্মল স্কেল এবং ডি.আই.সি. থেকেও করে তার হিসাব আমার

কাছে নেই। আমার দপ্তরের অ্যাপ্রুভাল নিয়ে যেগুলো হয় তার হিসাবই আমি বলেছি। বিদেশে ফুড প্রসেসিঙের অনেক ইউনিট গেছে এবং কলকাতার আশপাশেও কয়েকটা ইউনিট আছে এবং তাদের বাজারও ভালো আছে। জার্মানি এবং ফ্রান্সে আমাদের পণ্য বিক্রি হচ্ছে। সব ধরনের আইটেমই যাচ্ছে, তার মধ্যে মাছ তো যায়ই। এছাড়া জ্যাম, জেলি, বিভিন্ন রকম স্পাইসেস বিদেশে যাচ্ছে এবং তাদের বাজারও ভালো আছে এবং চাহিদাও আছে। আমি নিজে যখন বিদেশে গিয়েছিলাম তখন এটা আমি দেখেছি।

বাঁকুড়া সম্মিলনী মেডিকেল কলেজ হাসপাতালের অকেজো এক্স-রে মেশিন

*৫১। (অনুমোদিত প্রশ্ন নং *১১৮) **শ্রী কাশীনাথ মিশ্র** : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বাঁকুড়া সম্মিলনী মেডিকেল কলেজ হাসপাতালের অকেজো পোর্টেবল এক্স-রে মেশিনটি কবে নাগাদ মেরামত করা হবে বলে আশা করা যায় ?

ডাঃ সূর্যকান্ত মিশ্র :

৪ (চার)টি পোর্টেবল এক্স-রে মেশিনের মধ্যে ২টি সাময়িকভাবে খারাপ হয়েছে। আশা করা যায়, আগামী ১৫ দিনের মধ্যে মেশিনগুলি মেরামত করা সম্ভব হবে।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে অতিরিক্ত প্রশ্ন, আপনি বলেছেন যে দুটি মেশিন খারাপ হয়ে আছে তা পনেরো দিনের মধ্যে ঠিক হয়ে যাবে। এই মেশিনগুলি দীর্ঘদিন ধরে খারাপ হয়ে পড়ে রয়েছে, সেই ব্যাপারে হাসপাতালের প্রিন্সিপাল থেকে আরম্ভ করে সুপারিনটেনডেন্ট বিষয়টি আপনার জ্ঞাতার্থে এনেছিলেন কিনা দয়া করে জানাবেন কি ?

ডাঃ সূর্যকান্ত মিশ্র : আসল কথা হচ্ছে, মেশিনগুলি মাঝে মাঝে খারাপ হয়, আবার মাঝে মাঝে ঠিক হয়ে যায়। কোন জায়গায় কোনটা খারাপ হয়ে আছে এটা আমি জানতে পারি না সব সময়।

[11.30—11.40 a.m.]

দপ্তরের ওঁরা হয়তো জানেন। আপনি ভালোই করেছেন প্রশ্নটি করে। প্রশ্ন করার পর আমি খোঁজ নিয়ে জানতে পারি ২টি পোর্টেবল মেশিন খারাপ আছে। যদিও আরো অনেকগুলি ভালোভাবে চলছে। টিউব লিকেজ হয়েছিল। ওঁরা ১০ দিন বলেছে। আমি বলেছি, আমাকে এই বিষয়ে নিশ্চিত করে বলতে হবে, কারণ হাউসে আপনাকে বলতে হবে। সুতরাং যেটা বলবেন সেটা যেন ঠিক হয়। ওঁরা বলেছে, টিউব লিকেজ, ১৫ দিনের মধ্যে হয়ে যাবে। কালকে খবর নিলাম, কার্যত ১টা পোর্টেবল মেশিন খারাপ আছে।

শ্রী কাশীনাথ মিশ্র : শুধু পোর্টেবল এক্সরে মেশিন নয়, বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজ হাসপাতালে থ্যালাসেমিয়া রোগীর চিকিৎসা করা হয়। সেখানে তাদের ব্লাড ট্রান্সফার করা হয়। বিভিন্নভাবে ব্লাড রাখা—প্লাজমা থেকে আরম্ভ করে বহু টাকা মূল্যের যন্ত্রপাতি দিয়েছেন। কিন্তু সেগুলি দীর্ঘদিন ধরে অকেজো হয়ে পড়ে আছে। এই ব্যাপারে জেলা হাসপাতাল কর্তৃপক্ষ আপনার নজরে এনেছেন কিনা ?

ডাঃ সূর্যকান্ত মিশ্র : হ্যাঁ। আমরা ব্লাড কম্পোনেন্ট সেপারেটর মেশিন দিয়েছি এবং বিলম্ব যে হচ্ছে সেটা আমি জানি। প্রথমত জায়গা নেই, কোনো ঘর নেই। কিন্তু টেকনিক্যাল যে সাপোর্ট দেবার কথা সেটা আমি দিয়েছি। কালকে সব প্রিন্সিপ্যালকে নিয়ে মিটিং করেছি, সেখানে সব প্রিন্সিপ্যালই ছিলেন, এই কলেজের প্রিন্সিপ্যালও ছিলেন। তিনি নতুন জয়েন করেছেন। ওঁর সঙ্গে যোগাযোগ রাখবেন। উনি কর্মোদ্যোগী আছেন উদ্যোগ নেবেন, নতুন প্রিন্সিপ্যাল, ২/৩ দিন হল জয়েন করেছেন। উনি বলেছেন, "আমি দ্রুত করে দেব।"

শ্রী কাশীনাথ মিশ্র : হাসপাতালে যেসব যন্ত্রপাতি দিয়েছেন তার জন্য যে টেকনিসিয়ান্সের দরকার তার অভাব দেখা যাচ্ছে, প্রয়োজনমাফিক টেকনিসিয়ান্স নেই। এই ব্যাপারে হাসপাতাল কর্তৃপক্ষ টেকনিসিয়ান্সের জন্য আপনার কাছে কোনো দরবার বা আবেদন-নিবেদন করেছেন কিনা ?

ডাঃ সূর্যকান্ত মিশ্র : টেকনিসিয়ান্সের অভাব আমরা অনেকটাই মিটিয়েছি। আমি আপনাকে বলতে পারি, আমাদের আগে টেকনিসিয়ান্স কোর্স ছিল না। এখন আমরা তার ৮ গুণ বাড়িয়েছি। গত কয়েক বছরে এখন অনেক টেকনিসিয়ান্স হচ্ছে। কিন্তু টেকনিসিয়ান্স কোর্সের জন্য সময় লাগে, কারো ২ বছর, কারো ৩ বছর। নতুন ব্যাচ আসছে। ইতিমধ্যে আমাদের একটা মুশকিল হয়েছে, মহামান্য আদালত নির্দেশ দিয়েছেন—পুরানো কিছু প্যানেল ছিল—তাদের নিতে হবে। সমস্যা হচ্ছে, তাদের সবার রিকুইজিট কোয়ালিফিকেশন নেই। আজকালকার দিনে টেকনিসিয়ান্স খুবই গুরুত্বপূর্ণ। এতো রকমের সফিসটিকেটেড টেস্ট হয়েছে, সেক্ষেত্রে যদি ভুল হয় তাহলেই মুশকিল। সেইজন্য যদি কোয়ালিফায়েড টেকনিসিয়ান্স আনা হয় তাহলে তার টেস্টের রেজাল্টের উপর নির্ভর করে একজন রোগীর চিকিৎসা করা যাবে, তা না হলে বিপজ্জনক হতে পারে। সেইজন্য আমরা ইনসিস্ট করছি কোয়ালিফায়েড টেকনিসিয়ান্স। কোয়ালিফায়েড বলতে স্টেট মেডিক্যাল ফ্যাকালটি বা রেকগনাইজড ইনস্টিটিউট থেকে পড়াশুনা এবং ডিপ্লোমা পাশ। কিন্তু আনফরচুনেটলি কেউ কারো কাছে কাজ করেছিলেন বা কোনো ল্যাবরেটরিতে ছিলেন সেখান থেকে সার্টিফিকেট নিয়ে এসেছেন। এইরকম টেকনিসিয়ান্স নিয়ে কাজ চলতে পারে না। এইসব নিয়ে আইনের জটিলতা হয়েছে, দেরি হচ্ছে ঠিকই, কিন্তু আগের থেকে উন্নতি হয়েছে। টেকনিসিয়ান্সের জন্য এখন আটকে আছে সেটা ঠিক নয়।

শ্রীমতী তপতী দত্ত : মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমার একটি প্রশ্ন, হাবড়া স্টেট জেনারেল হাসপাতালে আলট্রা -সোনোগ্রাফি মেশিনটি দীর্ঘদিন ধরে খারাপ হয়ে পড়ে আছে।

জেলায় এই ব্যাপারটি নিয়ে বহুবার জানানো হয়েছে। আপনার কাছে এই বিষয়ে কোনো খরব আছে কিনা, থাকলে কবে নাগাদ ঠিক হতে পারে ?

ডাঃ সূর্যকান্ত মিশ্র : না, আমার পক্ষে বলা মুশকিল, কোনটা খারাপ হয়েছে সব সময়ে আমি জানতে পারি না। কিন্তু একটা জিনিস করা হয়েছে যেটা ফলপ্রসূ হবে, আলট্রা-সোনোগ্রাফি মেশিন, এক্স-রে এবং আদার ইক্যুইপমেন্টের জন্য অ্যানুয়াল মেইনটেনেন্স কনট্রাক্ট দেওয়া হয়েছে। এই এক্স-রে এবং আলট্রা-সোনোগ্রাফি মেশিন মেনটেনেন্সের ব্যাপারটা মূলত আমাদের ইলেকট্রো মেডিক্যাল কোম্পানি করে থাকে। কিন্তু আরো অন্য যেসব সফিসটিকেটেড যন্ত্রপাতি আছে, কোম্পানির যারা প্রস্তুতকারক তারাই এই মেনটেনেন্সের দায়িত্ব পালন করে। এই অ্যানুয়াল মেনটেনেন্স কনট্রাক্টের নিয়ম হচ্ছে মেশিন খারাপ হলে ওদের চিঠি দিতে হবে দু-দিনের মধ্যে এবং এক্ষেত্রে ৭২ ঘণ্টা সময় থাকে এই সময়ের মধ্যে যদি ওরা কাজ না করে তাহলে ওদের পেনাল্টি হবে। অ্যানুয়াল মেনটেনেন্স কনট্রাক্ট এবং কম্প্রিহেনসিভ অ্যানুয়াল মেনটেনেন্স কন্ট্রাক্ট আগে ছিল না। এখন এগুলো করা হয়েছে। মাননীয় সদস্যা শ্রীমতী তপতী দত্তর প্রশ্নের উত্তরে জানাই—হাবড়া স্টেট জেনারেল হসপিটালে আলট্রা-সোনোগ্রাফি মেশিনের ব্যাপারে আমি নির্দিষ্টভাবে খবর নেব।

শ্রীমতী সোনালী গুহ : মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, মাননীয় মন্ত্রী বিভিন্ন হসপিটালে বিভিন্ন যন্ত্রপাতি খারাপের কথা বলছেন। আমি মন্ত্রীকে এ ব্যাপারে বলেছিলাম এবং রাষ্ট্রমন্ত্রীকেও বলেছিলাম। আমার ওখানে বিড়লাপুর হসপিটালে ইনফ্রাস্ট্রাকচার থাকা সত্ত্বেও অত্যাধুনিক যন্ত্রপাতি থাকা সত্ত্বেও এই হসপিটালটি দীর্ঘ ৭-৮ বছর বন্ধ হয়ে গেছে। এটা চালু করার ব্যাপারে কি কোনো উদ্যোগ গ্রহণ করা হবে ?

শ্রী সূর্যকান্ত মিশ্র : এটা তো সরকারি হসপিটাল নয়। তাই আমি এ ব্যাপারে কিছু বলতে পারছি না।

শ্রী অসিত মিশ্র : মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন। আপনি কিছুক্ষণ আগে শ্রী কাশীনাথ মিশ্রের প্রশ্নের উত্তরে বললেন বিভিন্ন এক্স-রে মেশিন যেগুলো খারাপ হয়ে আছে সেগুলো সারানোর ব্যবস্থা হচ্ছে। এক্ষেত্রে আমি স্থায়ী সমস্যা সমাধানের জন্য জানতে চাইছি অনেক জায়গাতে এক্স-রে মেশিন খারাপ হয়ে গেছে। প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র, মহকুমা হসপিটাল ও জেলা স্বাস্থ্য কেন্দ্রে এই মেশিনগুলো থাকে মানুষের শরীরের রোগ নির্ণয়ের জন্য। এক্ষেত্রে আমার জিজ্ঞাস্য হল—এগুলো সারাবার জন্য আপনারা সরকারি দপ্তরের কোনো টেকনিসিয়ান নিয়েছেন ? নাকি বেসরকারি টেকনিশিয়ানের ওপর নির্ভর করছেন ? এ ব্যাপারে আপনাদের কি ভাবনা-চিন্তা আছে ?

শ্রী সূর্যকান্ত মিশ্র : আগে এ ব্যাপারে নির্দিষ্ট কোনো ব্যবস্থা ছিল না। কিন্তু এই মুহূর্তে আমাদের সমস্ত মেশিন অ্যানুয়াল মেনটেনেন্স কনট্রাক্টরের আওতায় এসেছে। আর ছোট ছোট মেশিনগুলি ইলেকট্রো মেডিক্যাল কোম্পানির আওতায় থাকছে। বড় বড়

সফিসটিকেটেড মেশিনগুলো সরকারি টেকনিসিয়ান দিয়ে সারানো মুশকিল। এই মুহূর্তে আমরা সর্বত্র অ্যানুয়াল মেনটেনেন্স কনট্রাক্ট এবং কমপ্রিহেনসিভ মেনটেনেন্স কনট্রাক্টরের মাধ্যমে মেশিনগুলো সারাবার ব্যবস্থা করছি। এই কমপ্রিহেনসিভ অ্যানুয়াল মেইনটেনেন্স কনট্রাক্টরের মজা হল ওয়ারেন্টি পিরিয়ড পার হবার পরেও কোম্পানি থেকে মেশিনের আপ-গ্রেডেশন করে থাকে। বড় বড় কোম্পানিগুলোর মজা হল তারা ২-৩ বছর অন্তর অন্তর মডেল পাল্টে দেয়। অনেক সময় ১ বছরের মধ্যে পাল্টে দেয়। অনেক সময় মেশিনের স্পেয়ার পার্টস পাল্টে দেয়। কারণ যেসব মডেল আউটডেটেড হয়ে গেছে তার স্পেয়ার বাজারে পাওয়া যাবে না। ফলে ওয়ারেন্টি পিরিয়ড পার হলেও অসুবিধা হয় না। বর্তমানে সমস্ত হসপিটালে এই অ্যানুয়াল মেনটেনেন্স কনট্রাক্ট চালু হয়েছে।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : স্যার, অতিরিক্ত প্রশ্ন স্যার, সম্প্রতি একটি ঘটনা ঘটেছে, কয়েকদিন আগে আমার এলাকায় একজন যুবককে কয়েকজন সমাজবিরোধী ক্রিকেটের উইকেট দিয়ে মেরে নাক-মুখ ফাটিয়ে দিয়েছিল। পরে সেই ছেলেটিকে বাঙ্গুর হসপিটালে নিয়ে যাওয়া হয়। সেখানে ডাক্তার কোনোরকম ইনজুরি রিপোর্ট না লিখে, লিখে দেন যে হি ওয়াজ অ্যালকহলিক।

[11.40—11.50 a.m.]

পরের দিন ডাক্তারকে বলেছিলাম প্রথমে তো ইনজুরি রিপোর্ট দিন, তারপর অ্যালকহলিক থাকলে লিখবেন। তারপর আমি ডাক্তারের কাছে জানতে চাইলাম, অ্যালকহলিক থাকলে কিভাবে জানতে পারব। ডাক্তারবাবু বললেন, ২৪ ঘণ্টার মধ্যে রক্ত টেস্ট করতে হবে। উনি বললেন যে, বাঙ্গুর হাসপাতালে যান, সেখানে গিয়ে রক্ত পরীক্ষা করতে পারেন। আমি সেখানে গেলাম, সমস্ত জায়গা ঘুরলাম, সেখানে এই ধরনের রক্ত পরীক্ষা করার কোনো ব্যবস্থা নেই। সুপারিনটেনডেন্ট বললেন পি.জি-তে যান সেখানে পরীক্ষার ব্যবস্থা আছে। আমি পি.জি-তে গেলাম, সেখানে সমস্ত জায়গা খোঁজ নিয়ে দেখলাম, সমস্ত ডিপার্টমেন্টে গেলাম, তাঁরা সকলেই বললেন এই রকম রক্ত পরীক্ষার কোনো ব্যবস্থা নেই। আমি তাঁদের কাছে জানতে চাইলাম কোনো সরকারি হাসপাতালে ২৪ ঘণ্টার মধ্যে পরীক্ষা করে রক্তে অ্যালকহলিক আছে কিনা এটা জানার কোনো ব্যবস্থা আছে কিনা। তাঁরা বললেন, পশ্চিমবাংলায় এই রকম কোনো ব্যবস্থা হাসপাতালে নেই। একটা মানুষের রক্তে এই অ্যালকহলিক লেখার উপর নির্ভর করছে কেসটা, পুলিশ এবং জাজের রায় নির্ভর করছে এই অ্যালকহলিক লেখার উপর। সেই ছেলেটি বলছে যে সে অ্যালকহলিক ছিল না। ডাক্তারকে ইনফ্লুয়েন্স করে লিখিয়ে দেওয়া হল অ্যালকহলিক। আমি জানতে চাই পশ্চিমবাংলায় কোন হাসপাতালে ২৪ ঘণ্টার মধ্যে রক্ত পরীক্ষা করে অ্যালকহলিক পরীক্ষা করা যায় কিনা ? এই ধরনের পদ্ধতি আছে কিনা ? না থাকলে ব্যবস্থা করবেন কিনা ?

শ্রী সূর্যকান্ত মিশ্র : হাসপাতালে সাধারণত হয় না, ফরেনসিক ল্যাবোরেটরিতে হয়, ফরেনসিক ল্যাবোরেটরিতে পাঠানো যায়।

শ্রী অশোক দেব : মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে হাইকোর্ট নির্দেশ দিয়েছেন যাঁরা টেকনিসিয়ান তাদের নিয়োগ করার জন্য। হাইকোর্ট যদি নির্দেশ দিয়ে থাকে তাহলে তাদের নিয়োগ করছেন না কেন ? হাইকোর্ট তো বুঝেশুনে রায় দিচ্ছে। তাদের যে এক্সপিরিয়েন্স আছে সেটা হাইকোর্ট দেখেছে। যদি তাদের কোয়ালিফিকেশন না থাকে তাহলে নিশ্চয়ই হাইকোর্ট বলত না। তাদের নিয়োগ না করার মানে হচ্ছে হাইকোর্টকে একদিকে অবমাননা করা হচ্ছে, অন্যদিকে যারা কাজের জন্য যাচ্ছে তারা হয়রান হচ্ছে এবং ডিলে হচ্ছে। আমার বক্তব্য হচ্ছে কোনোরকম দ্বিমত না রেখে ওদের নিয়োগ করার ব্যবস্থা করুন।

শ্রী সূর্যকান্ত মিশ্র : কোর্টে আমরা লড়াই করতে পারি, আমরা তো অ্যাপিল করতে পারি যদি না আমরা সন্তুষ্ট হই। যাদের কোয়ালিফিকেশন নেই, এডিকোয়েট কোয়ালিফিকেশান নেই তাদের নেব কি করে ? আমার যদি টেকনিসিয়ন দরকার হয় সেখানে যদি এদের উপর নির্ভর করতে হয় তাহলে তো বিপজ্জনক অবস্থার সৃষ্টি হবে। এটা মেনে নিতে পারি না। আপনি যে এই কথা কেন বলছেন সেটা আমি বুঝতে পারছি না। এটা কি জনস্বার্থে বলছেন ?

শ্রী শান্তিরাম মাহাতো : কাশীনাথ মিশ্র মহাশয়ের প্রশ্নের উত্তরে মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, খবর নিয়ে জেনেছেন মেশিন খারাপ আছে তাঁর প্রশ্ন করার পর। বর্তমান যুগে এত কমপিউটার হবার পর এত দেরি হল দপ্তরের সঙ্গে যোগাযোগ করতে ? মেশিন খারাপ হয়ে পড়ে থাকে সব হাসপাতালেই। ডাক্তারি পরিভাষায় বলছে কুকুরে কামড়ানোর ১০ দিনের মধ্যে ইনজেকশান দিতে হয়। কিন্তু কুকুরে কামড়ানোর ইনজেকশান সদর হসপিটালে, জেলা হাসপাতালে সাপ্লাই নেই, সময়মতো পাওয়া যায় না। ফলে জলাতঙ্কে রোগী মারা যাচ্ছে। পুরুলিয়া জেলায় ওইভাবে জলাতঙ্কে রোগী মারা যাচ্ছে এবং জলাতঙ্ক রোগ ছড়াচ্ছে কুকুরে কামড়ানোর ভ্যাকসিন না থাকার জন্য। এই ব্যাপারে আপনি কি ব্যবস্থা নিচ্ছেন ?

শ্রী সূর্যকান্ত মিশ্র : এটা আমি অনেকবার বলেছি আবারও বলছি। কুকুরে কামড়ানোর ওষুধ এ.আর.ভি এটা সর্বত্র আছে। কিন্তু এই ক্ষেত্রে একটা সমস্যা হয়েছে। কেন্দ্রে ওনারা সিদ্ধান্ত করেন যে, আমাদের আগে যেটা ছিল নার্ভ টিসু ভ্যাকসিন, সেই নার্ভ টিসু ভ্যাকসিন আর প্রোডাকশন করা যাবে না। বন্ধ করে দিয়েছে। সেই জায়গায় টিসু কালচার ভ্যাকসিন প্রোডাকশন করা হচ্ছে। কুকুরে কামড়ানোর ওষুধ আমাদের দেশে যা রিকোয়ারমেন্ট তার ওয়ান-টেন্থ আমাদের দেশে সাপ্লাই করা হচ্ছে। সেই জন্য আমাদের সব সময় সাপ্লাই-এ টান থাকছে। আমরা যা পাই সেটা সাপ্লাই দিয়ে দিই। আরা বলেছি এবং টাকা দিয়ে দিয়েছি, যদি অভাব পড়ে তাহলে এ.আর.ভি. অ্যান্টি স্নেক ভ্যাকসিন লোকাল পারচেজ করতে পারে। ওদের কিছু টাকা দিয়ে দিয়েছি, যদি সেন্ট্রাল মেডিক্যাল স্টোরে সাপ্লাই না থাকে তাহলে লোকাল পারচেজ করতে পারে। আমাদের চাহিদা অনুযায়ী সাপ্লাই পাই না, সেই জন্য মাঝে মাঝে সমস্যা হয়ে যায়। ওরা একটা প্রোটোকল চালু করেছে। সেই প্রোটোকল সারা ওয়ার্ল্ড হেলথ অর্গানাইজেশনই বলুন.....

(এই সময় মাননীয় সদস্য শ্রী নিয়ামক শেখকে মোবাইলে কথা বলতে দেখা যায়)

.....

মিঃ স্পীকার : মিঃ নিয়ামক শেখ আপনি মোবাইলে কথা বলছেন. হোয়াট ইজ দিস। বারবার নিষেধ করা সত্ত্বেও তো মোবাইলে কথা বলছেন। আপনাদের লজ্জা হয় না। ইউ ডু নট ফিল অ্যাসেমড অলসো। ভবিষ্যতে এই রকম করলে মোবাইলটা নিয়ে নেব, আর দেব না।

ডঃ সূর্যকান্ত মিশ্র : যে প্রোটোকল আছে, সেটা হচ্ছে—যদি পাড়ার কুকুরে কামড়ায় বা বাড়ির কুকুর কামড়ায়, তাহলে সেই কুকুরটাকে লক্ষ রাখতে হবে। যদি সেই কুকুরটা ৭ দিনের মধ্যে মারা যায়, তাহলে অবশ্যই এ.আর.ভি. দিতে হবে। যদি কুকুর চেনা না যায়, তাহলে রিস্ক নেওয়া উচিত নয়, অবশ্যই টিকা দিতে হবে। মাঝে একটা সমস্যা হচ্ছিল। কুকুর গরুকে কামড়েছে, কিন্তু সেই গরুর দুধ খেয়ে অসুস্থ হয়ে পড়লে কি হবে ? সেটা আমাদের প্রোটোকলে নেই। এমনকি আমেরিকার প্রোটোকলেও নেই। প্রোটোকলে যেটা নেই সেটা করা যায় না। কিন্তু রোগী যদি মনে করে, তাহলে সে নিজেই পয়সা দিয়ে কিনে নিতে পারে। যেখানে পোটেনশিয়াল থ্রেট আছে, সেটা নিয়েই 'হু' বলেছেন এবং আমাদের বিশেষজ্ঞদের সঙ্গে পরামর্শ করেছে। এই সেদিন পাস্তুর ইনস্টিটিউটে মিটিং হয়ে গেল। যাদের ন্যায্য অধিকার আছে, তাদেরকে আমরা ঠিক দেব, এ ব্যাপারে কোনো সন্দেহ নেই। সাপ্লাই থাকলে নিশ্চয়ই দেব। সাপ্লাই না থাকলে লোকাল মার্কেট থেকে কিনতে পারবেন, সেই ক্ষমতা ওদের দেওয়া আছে।

শ্রী তাপস রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে একটি প্রশ্ন রাখছি। কিছু কাজ সদিচ্ছা থাকলেও অর্থের জন্য হয় না, আবার কিছু কাজ অর্থ থাকলেও সদিচ্ছার জন্য হয় না। কলকাতা মেডিকেল কলেজের তিনজন হেড অফ দি ডিপার্টমেন্ট বলেছে—আপনারা তো প্রতি বছর হেড অফ দি ডিপার্টমেন্ট চেঞ্জ করে দেন—অর্থোপেডিক টেবিলে কাজ করতে অসুবিধা হচ্ছে। কিন্তু একটা অর্থোপেডিক টেবিলের দাম কত ? অর্থোপেডিক টেবিল না থাকার জন্য সব অপারেশন যথাযথভাবে করা যাচ্ছে না। বাধ্য হয়েই ডাক্তারেরা অপারেশন করছে। সেখানে পোস্ট অপারেটিভ কমপ্লিকেসি অ্যারাইজ করছে। কলকাতা মেডিকেল কলেজে এই সপ্তাহ বা আগামী সপ্তাহের মধ্যে একটি অর্থোপেডিক টেবিলের বন্দোবস্ত করবেন কিনা ?

ডঃ সূর্যকান্ত মিশ্র : অর্থোপেডিক টেবিলের জন্য আমাদের কাছে আসতে হয় না, এটা লোকালি কিনতে হয় এবং এটি প্রিন্সিপ্যালের এক্তিয়ারের মধ্যে পড়ে। তবে এই ব্যাপারে কোনো সমস্যা হবে না। তা সত্ত্বেও যেহেতু আপনি বললেন, আমি খোঁজ নেব। আপনাকে যাঁরা বলেছে, তাঁদের বলবেন—'এটা আপনাদের দায়িত্ব, দায়িত্বটা আপনারা বুঝে নিন এবং তা ঠিকভাবে পালন করুন।'

শ্রী তাপস রায় : Why the patients are suffering for the said orthopaedic table ?

ডঃ সূর্যকান্ত মিশ্র : অর্থোপেডিক টেবিল ওরা নিজেরা কিনতে পারবেন না কেন ? ওনারা তো নিজেরাই কিনতে পারবেন। যদি অসুবিধা হয়, তাহলে সুনির্দিষ্টভাবে নামগুলো আমাকে বলুন।

শ্রী নিয়ামক শেখ : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। হরিহরপাড়া ব্লকে একটি হসপিটাল আছে। সেখানে যে ডাক্তাররা রয়েছেন, তাঁরা হসপিটালে ঠিকভাবে চিকিৎসা করে না। হসপিটালের মধ্যেই একটি প্রাইভেট চেম্বার করে তারা চিকিৎসা করছে। হরিহরপাড়া হসপিটালে কোনো ভ্যাকসিন ইনজেকশন পাওয়া যায় না। একজন মাননীয় সদস্য ভ্যাকসিনের কথা বললেন। বহরমপুর সদর হাসপাতালে ভ্যাকসিন ইনজেকশন পাওয়া যাচ্ছে, হরিহরপাড়া ব্লকে পাওয়া যাচ্ছে না। ব্লক হসপিটালে গেলে বলে ভ্যাকসিনের জন্য সদর হাসপাতালে যাও, আর বহরমপুর সদর হসপিটালে গেলে বলে ব্লকে যাও সেখানে পেয়ে যাবেন। স্যার, ভ্যাকসিন ইনজেকশন ব্লকের মানুষ কিভাবে পাবে। সেই জায়গায় কিভাবে সাপ্লাই করা হচ্ছে, জানি না। সেখানকার মানুষ যাতে ভ্যাকসিন ইনজেকশন পায়, সেই ব্যবস্থা করবেন।

[11.50—12.00 Noon]

ডাঃ সূর্যকান্ত মিশ্র : ভ্যাকসিনের ব্যাপারে আমি তো বললাম সেই গাইড লাইন অনুযায়ী পাওয়া যাবে, পাওয়া যাচ্ছে এবং না পাওয়া গেলে লোক্যালি কিনতে পারবে। সেই ক্ষমতা ওঁদের দেওয়া আছে।

শ্রী আবু তাদের খান : মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন। বিশ্বব্যাংকের সহায়তায় মুর্শিদাবাদ জেলায় যে সমস্ত হাসপাতালে বহু মালপত্র কেনা হয়েছিল, সমস্ত মালপত্র গুদামজাত হয়ে পড়ে আছে এবং ঘরগুলোরও সদ্ব্যবহার হচ্ছে না। মাননীয় মন্ত্রী মহাশয় এ সম্পর্কে জানেন কিনা ? মুর্শিদাবাদ জেলায় আমার এলাকায় আমতলা হাসপাতালে আইসোলেশন ওয়ার্ড আজ থেকে ১৫ বছর আগে তৈরি হয়েছে, কিন্তু স্টাফের অভাবে সেই ঘরগুলো পড়ে আছে। যেজন্য রোগীদের, এমনকি ডায়েরিয়া আক্রান্ত রোগীদের বাইরে থাকতে হচ্ছে। এ সম্পর্কে আপনার সুনির্দিষ্ট চিন্তা-ভাবনা আছে কিনা ১৫ বছর আগে যে আইসোলেশন ওয়ার্ড তৈরি হয়েছে, আইসোলেশন ওয়ার্ডের বাড়িগুলোর সদ্ব্যবহার করা যায় কিনা ?

ডাঃ সূর্যকান্ত মিশ্র : এক্স-রে মেশিন নিয়ে আরম্ভ হয়েছিল। তারপর এই হাসপাতালের এটা নিয়ে, ওই হাসপাতালের ওটা নিয়ে বলছেন। আমি তবুও বলছি যে, সমস্ত হাসপাতালের ইকুইপমেন্টস খারাপ হয়ে পড়ে আছে, ইউটিলাইজ হচ্ছে না বলে যা বলছেন, এটা ঠিক নয়। ৯০ পার্সেন্টের বেশি ইকুইপমেন্টস ইউটিলাইজ হচ্ছে। সব ইকুইপমেন্টস খারাপ হয়ে গোডাউনে পড়ে আছে, এটা ঠিক নয়। কিন্তু মেশিন খারাপ হতে পারে, সেগুলো সারাতে কিছু সময় লাগছে।

শ্রী আবু তাহের খান : সমস্ত গোডাউনে পড়ে আছে। আলমারি পড়ে আছে, ইকুইপমেন্টস পড়ে আছে।

ডাঃ সূর্যকান্ত মিশ্র : আপনি একটা ইকুইপমেন্টের নাম বলুন না যা পড়ে আছে ? আপনি আলমারির কথা বলছেন কেন ? আলমারি, বেড দরকার হলে চেঞ্জ করে দিতে পারবেন। ইকুইপমেন্টসটা তো আলাদা ব্যাপার।

শ্রী আবু তাহের খান : এক্স-রে মেশিন পড়ে আছে, এখনও পর্যন্ত চালু হয়নি।

ডাঃ সূর্যকান্ত মিশ্র : এক্স-রে মেশিন পড়ে নেই। এটা ঠিক নয়। আপনি যদি বলেন যে, অমুক হাসপাতালে অমুক মেশিন খারাপ আছে, সেটা আমি খোঁজ নিয়ে আপনাকে বলতে পারি। আপনি কোনটা বলছেন, আইসোলেশন ওয়ার্ডের কথা, না এক্স-রে মেশিনের কথা ? আইসোলেশন ওয়ার্ডের বিষয়টা তো আলাদা বিষয়। নওদা হাসপাতালে এক্স-রে মেশিন পড়ে আছে, এটা কি আপনি ঠিক বলছেন। এটা কিন্তু হাউসে রেকর্ড থাকছে। আমি বলছি, আপনি ঠিক বলছেন না।

শ্রী আবু তাহের খান : আমি বলছি আইসোলেশন ওয়ার্ড ১৫ বছর তৈরি হয়ে পড়ে আছে। এক্স-রে মেশিনও পড়ে আছে। আমি দুটোর কথাই বলছি।

ডাঃ সূর্যকান্ত মিশ্র : তাহলে আপনি দুটো আলাদা করে বলুন।

*52 Not called.

*53 Not called.

*54 Not called.

*55 Not called.

ক্লিনিক্যাল পরীক্ষার রিপোর্টে গুরুত্ব আরোপ

*৫৬। (অনুমোদিত প্রশ্ন নং *২৬৪) **শ্রী রামপদ সামন্ত** : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, চিকিৎসা ক্ষেত্রে গুণগত মান উন্নত করার জন্য ক্লিনিক্যাল পরীক্ষার উপর রিপোর্টকে গুরুত্ব দিতে সরকার বিশেষ উদ্যোগ গ্রহণ করেছেন ; এবং

(খ) সত্যি হলে, বায়োমেডিক্যাল ল্যাবরেটরি সায়েন্সে উপযুক্ত প্রশিক্ষণ দিতে সরকার কী কী পদক্ষেপ গ্রহণ করেছেন ?

শ্রী সূর্যকান্ত মিশ্র :

(ক) চিকিৎসার প্রয়োজন অনুযায়ী পরীক্ষা-নিরীক্ষা করা হয়ে থাকে। এই বিষয়টি বরাবরই গুরুত্ব সহকারে দেখা হয়।

(খ) এম.বি.বি.এস. কোর্সে বায়োমেডিক্যাল ল্যাবরেটরি সায়েন্সের উপর প্রশিক্ষণের ব্যবস্থা আছে এছাড়া প্যারামেডিক্যাল-এর অন্তর্ভুক্ত DMLT Course চালু করা হয়েছে।

শ্রী রামপদ সামন্ত : প্যারা-মেডিক্যাল কোর্সে ডি.এম.এল.টি. প্রশিক্ষণের ব্যবস্থা রয়েছে। আমাদের পশ্চিমবাংলায় কোথায় কোথায় এই ধরনের প্রশিক্ষণের ব্যবস্থা আছে বা কতগুলো কেন্দ্র রয়েছে ?

ডাঃ সূর্যকান্ত মিশ্র : ডি.এম.এল.টি. কোর্স রয়েছে আই.পি.জি.এম.আর. অর্থাৎ পি.জি.-তে ১৫টা, ক্যালকাটা মেডিকেল কলেজে ১৫টা, এন.আর.এসে ১৫টা, আর.জি.কর-এ ১৫টা, ক্যালকাটা ন্যাশনাল মেডিকেল কলেজে ১৫টা, বাঁকুড়া সম্মিলনী মেডিকেল কলেজে ১৫টা, নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ অ্যান্ড হসপিটালে ৩০টা, বর্ধমান মেডিকেল কলেজে ১০টা। এই সব মিলিয়ে ১৩০টা ডি.এম.এল.টি. চলছে।

শ্রী রামপদ সামন্ত : যাঁরা এই প্রশিক্ষণ নেবেন তাঁদের সিলেকশন কিভাবে হয় ?

ডাঃ সূর্যকান্ত মিশ্র : এ ব্যাপারে খবরের কাগজে বিজ্ঞাপন বের হয়। মেধার ভিত্তিতে নেওয়া হয়, মেধা ছাড়া আর কিছু নেই।

শ্রী রামপদ সামন্ত : ডি.এম.এল.টি. কোর্সে ট্রেনিং নিতে ছাত্র-পিছু কত টাকা খরচ পড়ে ?

ডাঃ সূর্যকান্ত মিশ্র : ট্রেনিং মেডিকেল কলেজে হয়। ডি.এম.এল.টি. ট্রেনিংয়ের মধ্যে দিয়েই ল্যাবরেটরি টেকনিসিয়ান, ইত্যাদি নেওয়া হয়। এটা ডিপ্লোমা কোর্স। সুতরাং তাদের যা যা জানতে হয় তা দেওয়া হয়। কিন্তু অনেকগুলো ডিপ্লোমা কোর্স আছে। যেমন ডি.আর.ডি. অর্থাৎ রেডিও ডাইগোনেস্টিক। তেমনি ই.সি.জি. মেশিন যাঁরা দেখবেন তাঁদের জন্যও কোর্সের ব্যবস্থা আছে। কোর্সের সিলেবাস করে দিয়েছে 'স্টেট মেডিকেল ফ্যাকাল্টি'। বিভিন্ন টেকনিক্যাল স্ট্রিম ধরে ধরে সিলেবাস অনুযায়ী মেডিকেল কলেজে ট্রেনিং হয়, হাতে-নাতে কাজ শেখে।

শ্রী সৌগত রায় : আজকাল বিদেশে বায়ো-মেডিকেল ইঞ্জিনিয়ারিং একটা খুব ডেভেলপড্ সাবজেক্ট। এই যে হার্ট, লাংস বা মেডিসিনের বড় বড় মেশিনগুলো লাগে, তার যাঁরা ডিজাইন করেন, এই কোর্সে তা পড়ানো হয়। মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি, বায়ো-মেডিকেল ইঞ্জিনিয়ারিং কোর্স চালু করার প্রস্তাব কোনো মেডিকেল কলেজে বা টেকনিক্যাল ইউনির্ভাসিটিতে নিয়েছেন কিনা ? যারা মিয়ারলি টেকনিশিয়ান, একটু-আধটু মেশিন হ্যান্ডেল করতে পারেন, তাদের ক্ষেত্রে মুশকিল হয়, দেখুন কেরালা হার্টের ভাল্‌ভ তৈরি করছে, 'চিত্রা ভাল্‌ভ'। পশ্চিমবঙ্গে এ ব্যাপারে কোনো চিন্তা-ভাবনা আছে কিনা ?

ডাঃ সূর্যকান্ত মিশ্র : খড়গপুর আই.আই.টি.-র সঙ্গে একটা বায়ো-মেডিকেল ইঞ্জিনিয়ারিং কোর্স খুলেছি। প্রথম ব্যাচ বেরিয়ে গেছে। দ্বিতীয় ব্যাচও বেরোবে মনে হচ্ছে। যারা মেডিকেল গ্রাজুয়েট তারা মেডিকেল পাশ করার পর এম.টেক পড়বে। এই সিলেবাসের এক্সপিরিয়েন্সের ব্যাপারে যাদবপুরের সঙ্গে কথা হয়েছে। ওরা করেছে বা করতে যাবে। এই স্তরে রয়েছে। আমরা মূলত চেষ্টা করছি। মেডিকেল কলেজে চলবে না। মেডিকেল কলেজে এম.বি.বি.এস. করলে তারপর ইঞ্জিনিয়ারিং কলেজে এটা করবে। খড়গপুরে হয়েছে, যাদবপুরে হবে। আমরা লেগে আছি, সম্প্রসারণের চেষ্টা করছি।

Starred Questions
(to which answers were laid on the table)

'মধ্যবঙ্গ উন্নয়ন পর্ষদ' গঠন

*৫২। (অনুমোদিত প্রশ্ন নং *৯৯) শ্রী জানে আলম মিঞা : উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, পিছিয়ে পড়া মুর্শিদাবাদ জেলা, নদীয়া জেলা ও বীরভূম জেলার কিছু অংশকে নিয়ে 'মধ্যবঙ্গ উন্নয়ন পর্ষদ' গঠনের প্রস্তুতি নেওয়া হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, উক্ত কাজ কবে নাগাদ বাস্তবায়িত হবে বলে আশা করা যায় ?

উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়—

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

স্বাস্থ্য পরিষেবার উন্নতিকল্পে ডি.এফ.আই.ডি.-র সাহায্য গ্রহণ

*৫৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৯) শ্রী কমল মুখার্জী : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের স্বাস্থ্য পরিষেবার উন্নতির জন্য ডি.এফ.আই.ডি. সংস্থা ৭৫০ কোটি টাকার আর্থিক সাহায্য/অনুদান মঞ্জুর করতে সম্মত হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, উল্লেখিত প্রকল্পের অনুদানের রূপরেখাটি কীরূপ ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়—

(ক) হ্যাঁ।

(খ) উল্লেখিত প্রকল্পে (স্বাস্থ্য ব্যবস্থা উন্নয়ন উদ্যোগ) ২০০৫-০৬ আর্থিক বৎসর থেকে পাঁচ বৎসরের জন্য আর্থিক সাহায্য পাওয়া যাবে। এর মধ্যে ২.৫ শতাংশ অর্থ কারিগরি সহায়তা হিসাবে এবং বাকী ৯৭.৫ শতাংশ অর্থ আর্থিক সহায়তা হিসাবে পাওয়া যাবে।

রাজ্যে ইন্ডাস্ট্রিয়াল পার্ক গঠন

*৫৪। (অনুমোদিত প্রশ্ন নং *২২২) শ্রী সামসুল ইসলাম মোল্লা : শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে একটা 'ইন্ডাস্ট্রিয়াল পার্ক' গড়ে তোলার পরিকল্পনা নেওয়া হয়েছে ?

(খ) সত্যি হলে, কোথায় এ ধরনের পার্ক গড়ে তোলা হতে পারে বলে আশা করা যায় ; এবং

(গ) প্রস্তাবিত ইন্ডাস্ট্রিয়াল পার্কের সামগ্রিক পরিকল্পনাটির রূপরেখা কীরূপ ?

শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়—

(ক) একটি নয়, বেশ কয়েকটি ইন্ডাস্ট্রিয়াল পার্ক গড়ে তোলার পরিকল্পনা নেওয়া হয়েছে।

(খ) আমরা শিল্পভিত্তিক পার্ক এবং বহুমুখী শিল্পভিত্তিক পার্ক তৈরি করছি। ইতিমধ্যেই দক্ষিণ ২৪-পরগনার লেদার পার্ক এবং উত্তর ২৪-পরগনায় মণিকাঞ্চন ও শিল্পাঙ্গন গড়ে তোলা হয়েছে। এছাড়াও নিম্নলিখিত পার্কগুলি তৈরি করার কাজ চলছে :

অ্যাপারেল পার্ক	উলুবেড়িয়া (হাওড়া)
আয়রন ও স্টীল পার্ক	গুপ্তমণি (পঃ মেদিনীপুর)
বায়োটেক পার্ক	খড়গপুর (পঃ মেদিনীপুর)
গারমেন্ট পার্ক	ক্যানেল সাউথ রোড (কলকাতা)
ফাউন্ড্রি ও রাবার পার্ক	সাকরাইল (হাওড়া)
প্লাস্টো স্টীল পার্ক	বড়জোড়া (বাঁকুড়া)

এগুলি বিভিন্ন পর্যায়ে আছে। এ প্রসঙ্গে বলা যেতে পারে যে, বিশেষ অর্থনৈতিক অঞ্চল স্থাপনের জন্য বেশ কিছু প্রস্তাব এসেছে এবং তাদের রূপায়ণ বিভিন্ন পর্যায়ে আছে।

(গ) যে পার্কগুলি গড়ে উঠছে তার প্রত্যেকটির নির্দিষ্ট পরিকল্পনা দেওয়া হয়েছে। মাননীয় সদস্য কোনো নির্দিষ্ট পার্ক স্থাপনের সামগ্রিক পরিকল্পনা জানতে চাইলে তা আলদাভাবে জানানো যেতে পারে।

কুলটির স্পান পাইপ কারখানা

*৫৫। (অনুমোদিত প্রশ্ন নং *২৫০) **শ্রী মলয় ঘটক** : শিল্প পুনর্গঠন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

ইস্কো'র কুলটির স্পান পাইপ কারখানাটি পুনরায় চালু করার বিষয়ে সরকার কী ব্যবস্থা গ্রহণ করেছেন ?

শিল্প পুনর্গঠন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়—

ইস্কো'র অধীনস্থ কুলটি কারখানাটির পুনরুজ্জীবনের বিষয়টি কেন্দ্রীয় সরকারের বিবেচনাধীন। এই লক্ষ্য অর্জনে রাজ্য সরকার প্রয়োজনীয় সাহায্য করে আসছে।

কলকাতায় 'আই-উইন'-এর স্থায়ী প্রদর্শনী কেন্দ্র

*৫৭। (অনুমোদিত প্রশ্ন নং *৩১১) **শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক** : শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, 'আই-উইন' কলকাতায় একটি স্থায়ী প্রদর্শনী কেন্দ্র গড়ে তোলার পরিকল্পনা গ্রহণ করেছেন ;

(খ) সত্যি হলে, উক্ত প্রদর্শনী কেন্দ্র তৈরি বর্তমানে কোন পর্যায়ে আছে ; এবং

(গ) উক্ত প্রদর্শনী কেন্দ্রে কী কী বিষয় প্রাধান্য পাবে বলে আশা করা যায় ?

শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়—

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

গড় মান্দারণে পর্যটন কেন্দ্র

*৫৮। (অনুমোদিত প্রশ্ন নং *৪৮৯) **শ্রী শিবপ্রসাদ মল্লিক** : পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হুগলি জেলার অন্তর্গত গড় মান্দারণকে পর্যটন কেন্দ্র হিসাবে গড়ে তোলার কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(খ) থাকলে, কবে নাগাদ উক্ত পরিকল্পনাটি বাস্তবায়িত হবে বলে আশা করা যায় ?

পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়—

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

নোয়াই ও বাগজোলা খালের সংস্কার

*৫৯। (অনুমোদিত প্রশ্ন নং *৩২৪) **শ্রী নির্মল ঘোষ** : সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) নোয়াই ও বাগজোলা খাল সংস্কারের জন্য কী কী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ; এবং

(খ) উক্ত খাল দুটি সংস্কারের জন্য আনুমানিক ব্যয়ের পরিমাণ কত হবে বলে আশা করা যায় ?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়—

(ক) বিগত প্রায় পাঁচ বছরে 'হুগলি নদীর পূর্বপাড়ে কলকাতা মহানগর এলাকায় সুসংগঠিত নিকাশি ব্যবস্থার উন্নয়ন-প্রকল্প নং-২'-নামক একটি প্রকল্প রূপায়িত হয়েছে। নোয়াই ও বাগজোলা খালের সংস্কার উক্ত প্রকল্পের অন্তর্ভুক্ত।

২০০০ সাল থেকে ২০০৬ সালের জানুয়ারি পর্যন্ত নোয়াই ও বাগজোলা খালের সংস্কারের নিমিত্ত নিম্নোক্ত কাজগুলি সম্পাদিত হয়েছে।

(১) নোয়াই খালের প্রায় ২৯.০০ কি.মি. দৈর্ঘ্যের পলি অপসারণ।

(২) নীলগঞ্জের নিকট নোয়াই খালের উপর স্লুইসটির মেরামতি।

(৩) সোদপুর-মধ্যমগ্রাম সড়কের উত্তরপাড় বরাবর ৬০০ মিটার দৈর্ঘ্যের নোয়াই খালের সংযোজক একটি পাকা নালা তৈরি। এই কাজটি ব্যারাকপুর-২ পঞ্চায়েত সমিতি সম্পাদন করেছে।

(৪) বাগজোলা খালের প্রায় ৩৮.০০ কি.মি. দৈর্ঘ্যের পলি অপসারণ।

(৫) বাগজোলা খালের শেষ প্রান্তে কুলটিতে একটি ১৬৫০ কিউসেক জল উত্তোলনের ক্ষমতাবিশিষ্ট পাম্প-হাউস নির্মাণ প্রায় শেষ। এই পাম্প হাউসে ১৯টি পাম্প আছে।

(৬) বাগজোলা খালের উপর কুলটিতে দুটি স্লুইসের (একটি ১০ কপাটবিশিষ্ট এবং অপরটি ৯ কপাটবিশিষ্ট) মেরামতি ও সংস্কার।

(৭) বাগজোলা খালের উপর নিম্নলিখিত স্থানে পাকা সেতু নির্মাণ : (ক) প্রফুল্ল কানন, (খ) অক্ষয় মুখার্জী রোড (বরানগর), (গ) কালীমাতা কলোনী (বরানগর)।

(৮) বাগজোলা খালের পরিবহন ক্ষমতা বাড়াবার জন্য রেল লাইনের নিচ দিয়ে সতীন সেন নগরের নিকট একটি অতিরিক্ত কংক্রিটের সুরঙ্গ নির্মাণ।

(৯) নোয়াই খালের শাখা-ফতেসা খালের এবং CC_1 খালের পলি অপসারণ।

(১০) নোয়াই খালের উপর রায়গাছি ও লাঙলপোতায় দুটি কাঠের সেতুর সংস্কার।

(১১) মধ্যমগ্রাম কালীবাড়ির নিকট নোয়াই খালের পাড় বাঁধানো।

(খ) উক্ত খাল দুটি সংস্কারের জন্য মোট প্রায় ৭৩.৭০ কোটি টাকা ব্যয় করা হয়েছে এবং আরও প্রায় ৩.৭৫ কোটি টাকা ব্যয় হবে।

লাইসেন্সিং প্রথার অবলুপ্তিকরণের ফলে শিল্পে বিনিয়োগ বৃদ্ধি

*৬০। (অনুমোদিত প্রশ্ন নং *৫৯৫) শ্রী শ্যামাপ্রসাদ পাল : শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, লাইসেন্সিং প্রথা অবলুপ্তির পর থেকে পশ্চিমবঙ্গে শিল্প ক্ষেত্রে বিনিয়োগ যথেষ্ট বৃদ্ধি পেয়েছে ; এবং

(খ) সত্যি হলে, ৩১-১২-২০০৫ পর্যন্ত বিনিয়াগের মোট পরিমাণ কত ?

শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়—

(ক) হ্যাঁ।

(খ) এ পর্যন্ত পাওয়া তথ্য অনুযায়ী ১৯৯১ থেকে ৩১-১২-২০০৫ পর্যন্ত মোট বিনিয়োগের পরিমাণ ২৮,৫৯৪.৮৬ কোটি টাকা।

রাজ্যে ডেঙ্গু জ্বরের প্রকোপ

*৬১। (অনুমোদিত প্রশ্ন নং *৩৪১) শ্রীমতী সোনালী গুহ : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

১ জানুয়ারি, ২০০৫ থেকে ৩১ ডিসেম্বর, ২০০৫ পর্যন্ত সময়ে রাজ্যে ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে মৃতের সংখ্যা কত ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়—

১ জানুয়ারি ২০০৫ থেকে ৩১ ডিসেম্বর ২০০৫ পর্যন্ত এই রাজ্যে ৩৪ জন ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে মারা গেছেন।

বলরামপুর ও কাঁটাখালি খালের সংস্কার

*৬২। (অনুমোদিত প্রশ্ন নং *৩৫৬) শ্রী তমোনাশ ঘোষ : সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

ফলতা বিধানসভা কেন্দ্রের অন্তর্গত 'বলরামপুর খাল ও কাঁটাখালি খাল' সংস্কারের জন্য সরকার কোনো পরিকল্পনা গ্রহণ করেছেন কি না ?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়—

না।

প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে চিকিৎসার উন্নতিতে পদক্ষেপ গ্রহণ

*৬৩। (অনুমোদিত প্রশ্ন নং *৩৮২) শ্রী অশোককুমার দেব : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের বিভিন্ন প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তার ও ওষুধ নেই ; এবং

(খ) সত্যি হলে, সরকার এ বিষয়ে কোনো পদক্ষেপ গ্রহণ করেছেন কি ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়—

(ক) কয়েকটি প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে পূর্ণ সময়ের ডাক্তার নেই। ওষুধ সর্বত্রই পাওয়া যায়।

(খ) পশ্চিমবঙ্গ নিয়োগ আয়োগের কাছে শূন্যপদগুলি পূরণ করার অনুরোধ করা হয়েছে।

People died due to Malaria

*64. (Admitted Question No. *402) **Shri Nepal Mahato :** Will the Minister-in-Charge of the Health & Family Welfare Department be pleased to state—

(a) Number of people died due to Malaria during the period from 1st January, 2003 to 31st December, 2005 ; and

(b) The steps taken by the Government in this regard ?

Minister-in-Charge of Health & Family Welfare Department :

(a) No. of Death due to Malaria from 1.1.2003 to 30.11.2005 is 560.

(b) To control the situation due to Malaria in the State of West Bengal and to prevent death due to that disease the following steps are taken by the Govt. of West Bengal :

(i) Early diagnosis and prompt treatment of Malaria cases are done in Hospital, at OPD as well as in Indoor from BPHC to Tartiary level Hospitals i.e. Sub Division Hospital, District Hospital and Medical Colleges including Calcutta School of Tropical Medicine for very complicated cases. For non complicated cases distribution of drug from drug distribution Centre and Fever Treatment Report from village level to PHC and BPHC, where examination of Blood Slides of fever cased for Malaria are done and subsequently necessary treatment given.

(ii) To control the vector i.e. Mosquito responsible for Malaria are done through integrated spary work with

50% D.D.T. during pre monsoon and post monsoon to kill adult mosquitoes and thereby transmission of bye disease process is reduced.

(iii) Culture of Larvivorous fish like Guppy and Gambusia in the water bodies are done in selected areas where the incidence of Malaria is very high. This kills the Mosquitoes at the early stage of its development.

(iv) Use of Bednet, Insecticides treated Bednet at night to prevent from Mosquito bite and thereby minimize the chance of malarial infection is advocate.

(v) I.E.C. i.e. information, education and communication which is now modified as B.C.C. i..e. Behavious change communication which is organized in the form of observation of anti-malaria month during June each year and the activities are continued throughout the year. T.V. Talk show, Radio Talk Show, Demonstration of Slides, Distribution of Leaflets and Inter Personal communication by the Health Workers and Official with the people as well as other Departments regarding the programme are done.

(vi) Training of Health Personnel for Management and prevention of spread of Malaria and the Mosquito population are controlled through use of various methods of Health Education are undertaken at regular interval. Training of Medical Officers with the treatment schedule of Malaria cases as circulated by the Govt. of India are undertaken and followed.

আর. জি. কর. মেডিকেল কলেজ হাসপাতালের কার্ডিও থোরাসিক বিভাগ

*৬৫। (অনুমোদিত প্রশ্ন নং *৪১০) শ্রী সৌগত রায় : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) আর. জি. কর মেডিকেল কলেজ হাসপাতালের কার্ডিওথোরাসিক বিভাগকে বেসরকারি হাসপাতালের সঙ্গে যুক্ত করার কোনো পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে, পরিকল্পনাটি কীরূপ ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়—

(ক) না, এখন নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

পোলিও রোগ নির্মূলকরণে ব্যয়

*৬৬। (অনুমোদিত প্রশ্ন নং *৪৩৩) শ্রী অসিত মিত্র : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিগত ২০০১ সাল থেকে ২০০৫ সাল পর্যন্ত সময়কালে রাজ্যে পোলিও আক্রান্ত রোগীর সংখ্যা কত ছিল ; এবং

(খ) উক্ত রোগ নির্মূল করার জন্য সরকার উল্লেখিত সময়ে মোট কত টাকা ব্যয় করেছেন ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়—

(ক) ওই সময়ের রাজ্যে পোলিও আক্রান্ত রোগীর সংখ্যা নিম্নরূপ :

বছর	সংখ্যা
২০০১	১
২০০২	৪৯
২০০৩	২৮
২০০৪	২
২০০৫	০
মোট	৮০

(খ) উল্লেখিত সময়কালে পাল্‌স পোলিও কর্মসূচিতে ব্যয়িত অর্থের পরিমাণ— ৭২,০৩,২৯,৯৮৬ টাকা।

দারিদ্র্যসীমার নীচে বসবাসকারী পরিবারের সংখ্যা

*৬৭। (অনুমোদিত প্রশ্ন নং *৪৬৫) শ্রী আবদুল মান্নান : পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যে ৩১-১২-২০০৫ পার্যন্ত দারিদ্র্যসীমার নীচে বসবাসকারী পরিবারের সংখ্যা কত ?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়—

এই রাজ্যে ২০০২ সালের অক্টোবর মাসে এই ব্যাপারে যে সমীক্ষা হয় তার ভিত্তিতে তৈরি তালিকা অনুযায়ী দারিদ্র্যসীমার নীচে বসবাসকারী গ্রামীণ পরিবারের সংখ্যা ৪২,৫১,৮২৩টি।

বকখালি ডেভেলপমেন্ট অথরিটি গঠন

*৬৮। (অনুমোদিত প্রশ্ন নং *৪৯৯) শ্রী মন্টুরাম পাখিরা : উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বকখালি পর্যটন কেন্দ্রকে অত্যাধুনিক করতে 'বকখালি ডেভেলপমেন্ট অথরিটি' গঠন করার কোনো পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে কবে নাগাদ উক্ত পরিকল্পনা বাস্তবায়িত হবে বলে আশা করা যায় ?

উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

Repairing of embankment of the river Hooghly

*69. (Admitted Question No. *545) **Shri Bankim Hazra** : Will the Minister-in-Charge of the Irrigation & Waterways Department be pleased to state—

total amount sanctioned for repairing of the embankment of the river Hooghly in the district of South 24-Parganas during the period from 1st April, 2005 to 31st December, 2005.

Minister-in-Charge of the Irrigation & Waterways Deptt.

More or less an amount to the tune of Rs. 415.00 lakhs has been sanctioned by the Government for repairing of the embankment of river Hooghly in the District of South 24-Parganas during 01.04.2005 to 31.12.05.

ক্যানিং মহকুমা হাসপাতাল

*৭০। (অনুমোদিত প্রশ্ন নং *৫৫৫) শ্রী গোবিন্দচন্দ্র নস্কর : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

দক্ষিণ ২৪-পরগনা জেলার ক্যানিং মহকুমা হাসপাতাল কবে নাগাদ চালু হবে বলে আশা করা যায় ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

ক্যানিং গ্রামীণ হাসপাতাল ইতিমধ্যে মহকুমা হাসপাতাল হিসাবে চালু হয়ে গেছে।

Adjournment Motion

Mr. Deputy Speaker : The question hour is over.

Mr. Deputy Speaker : To-day, I have received five notices of Adjournment Motions. The first one is from Shri Kashinath Mishra and Shri Kallol Khan on the subject of restrictions imposed on fishing in the canals and rivers at Sundarban areas and consequential situation arisen therefrom. The Second one is from Shrimati Sonali Guha and Shri Jyoti Priya Mallick on the subject of urge upon the State Government not to allot agricultural land to the Salem Group at Uluberia, Howrah. The Third one is from Shri Saugata Roy on the subject of reported incidents of road blockades in northern and southern Howrah on 14--2-2006. The Fourth one is from Shri Ashok Kumar Deb on the subject of non-filling up of vacant posts of Judges in High Court and other courts in the State. And the Fifth one is from Shri Gobinda Chandra Naskar on the subject of alleged illegal construction of a multi-storied building at Golabari, Howrah and situation arisen therefrom.

The subject matters of all the motions are not such that may call for adjournment of the business of the House. The Members may invite attention of the concerned Ministers through Calling Attention, Mention, Question, etc.

I, therefore, withhold my consent to all the Motions.

One Member of the party may, however, read the text of the motion as amended.

[12.00—12.10 p.m.]

শ্রীমতী সোনালী গুহ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতবি রাখছেন। বিষয়টি হল—

হাওড়া জেলার উলুবেড়িয়াতে কয়েক একর চাষযোগ্য জমির উপর আজ মহাভারত নামে একটি কারখানার ভিত্তিপ্রস্তর স্থাপনের জন্য রাজ্য সরকার ইন্দোনেশিয়া থেকে সালেম সপুত্রা গোষ্ঠীর বেনি সান্তোসাকে নিয়ে আসছেন। এই কারখানাতে ভবিষ্যতে অর্জুন নামক মোটর সাইকেল তৈরি করা হবে বলে সরকারি তরফে জানানো হচ্ছে। উক্ত কারখানার জন্য উর্বর জমিতে দীর্ঘদিন ধরে যাঁরা চাষ করছেন, তাঁদের ন্যায্য মূল্য না দিয়ে জমি অধিগ্রহণ করা হয়েছে। কৃষকদের স্বার্থ রক্ষার তাগিদেই অবিলম্বে দোফসলি তিনফসলি জমিতে বেনি সান্তোসার মতো একজন ব্যবসায়ীর হাতে বাংলার চাষের জমি তুলে না দেওয়ার জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণের দাবী জানাচ্ছি।

(গোলমাল)

(এই সময়ে তৃণমূল কংগ্রেস সভাকক্ষ ত্যাগ করেন)

CALLING ATTENTION

Mr. Deputy Speaker : Today, I have received two notices of Calling Attention on the following subjects, namely :-

	Subject		Name
(i)	Reported hunger strike by the lecturers of Government Engineering & Technological Colleges in the State on and from 13.2.06.	:	Shri Kashinath Mishra, Shri Kallol Khan & Shri Ashok Kumar Deb
(ii)	Reported incidents of road blockades in Golabari and Shibpur areas, Howrah on 14.2.06.	:	Shri Saugata Roy & Shri Asit Mitra

I have selected the notice of Shri Kashinath Mishra, Shri Kallol Khan and Shri Ashok Kumar Deb on the subject of 'Reported hunger strike by the lecturers of Government Engineering & Technological Colleges in the State on and from 13.2.06.

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

Shri Probodh Chandra Sinha : Sir, the statement will be made on 20th February, 2006.

Mr. Deputy Speaker : Now I call upon the Minister-in-Charge of the Industrial Reconstruction Department to make a statement on the subject of steps taken by the State Government to re-open the Dunlop Rubber Industries at Sahaganj in Hooghly District.

(Attention called by Shri Asit Mitra, Shri Abdul Mannan and Shri Kamal Mukherjee separately on the 8th February, 2006.)

Shri Nirupam Sen : Dunlop India Ltd. (DIL) incorporated in 1929 as a public limited company has 2 plants ; one in Sahaganj, West Bengal (presently employs about 2964) and other in Ambattur, Tamilnadu (employs about 2000). One of the Ruia group of Companies has reportedly acquired the majority of its shares from the Jumbo Group led by Late M. L. Chhabaria.

Its products include wide range of automobile tyres and tubes including Aero tyre for Defence. While Ambattur works specializes in Truck tyres, the Sahaganj (WB) plant specializes on earth mover tyres having monopoly in aero tyres and tubes in the country.

Since its reference to BIFR in 1998 the State Government has all along drawn attention of Union Government to the alleged financial mismanagement in DIL and sought their intervention in directing Company Law Board for investigating said alleged economic affairs of DIL.

DIL has closed its unit in the State on 8th February 1998 on ground of dearth of working capital. State Government explored all possibilities for its reopening and start 'holding operations in Sahaganj unit. Intense persuasions with Banks/Financial Institutions were made at the instance of the Government to arrive at a consensus on rehabilitation scheme for consideration of BIFR. State Government also persuaded the Employees in respect of settlement of their long-pending dues. The Revival Scheme for DIL upon revision by its erstwhile management has been under consideration of AAIFR since May 2002. It requires consent of all the stake-holders including the employees.

Despite several requests made by CM to PM in 1999, the then Union Industry Minister did not favourably respond to the suggestion of Government of West Bengal in taking over the management control of DIL by invoking the provisions of I (D & R) Act. Since then, several attempts have been made by this Government in persuading its erstwhile promoters to come-up with a fully tied-up revival proposal for reopening of Sahaganj unit. State Government has also made all possible efforts and approached all reputed Tyre manufacturers of the country for taking over the units as a 'going concern'.

In a meeting held on 16th January 2006 at the level of SBI, the Operating Agency appointed by AAIFR, the TEVS (Techno Ecomomic Viability Study) report prepared by an independent consultants (National Productive Council) as was engaged by the erstwhile management has been discussed among the stake-holders of Dunlop including its employees and the State Government.

The prospective management of the DIL has been advised to bilaterally discuss the issues of relief/concessions for revival of both the units of the Company. They have been further advised to send a comprehensive revival scheme to the State Government as well as to others including SBI/OA for finalization.

Accordingly, the new management has started negotiations with the agencies concerned including the Government of West Bengal as an exercise towards submission of a fully tied-up rehabilitation proposal to AAIFR. They have sought for reasonable time from the Hon'ble AAIFR in this regard.

At the intervention of the State Government, both the prospective management and the two employees' unions attached to Sahaganj unit of the Company have reached consensus in settlement of some major employees' related dues/issues. A formal agreement is expected to materialise shortly.

State Government has agreed to extend all relief/concessions as admissible for revival of such sick industrial units of the State.

[12.10—12.20 p.m.]

শ্রী আব্দুল মান্নান : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহোদয়ের কাছে একটু ক্লারিফিকেশন চাইছি। উনি ২ পাতা স্টেটমেন্ট দিলেন, তাতে খুব বিস্তারিতভাবেই তুলে ধরেছেন। মাননীয় মন্ত্রী জানেন বিষয়টি খুবই স্পর্শকাতর। এর আগে এই হাউসে উনি এবং প্রাক্তন মুখ্যমন্ত্রী জ্যোতি বসু স্টেটমেন্ট দিয়েছেন। স্যার, আপনি জানেন কেন্দ্রে বিভিন্ন সময়ে বিষয়টি নিয়ে আলোচনা হয়েছে। উনি স্টেটমেন্টে বললেন একটা এগ্রিমেন্ট হওয়ার সম্ভাবনা খুব শীঘ্রই আছে। লাস্ট প্যারাগ্রাফের লাস্ট লাইনে উনি বলেছেন এটাকে রিভাইব্যাল করার জন্য রাজ্য সরকার সমস্তরকম ব্যবস্থা নেবে। কিছু অর্থনৈতিক সমস্যা আছে। এটাকে ওভারকাম করার জন্য এস.বি.আই-এর সঙ্গে কথা হচ্ছে বলে উনি বলেছেন। মাননীয় কেন্দ্রীয় ডিফেন্স মিনিস্টার বলেছিলেন "ডিফেন্সের গাড়ির টায়ারের জন্য এখানে অর্ডার প্লেস করা যেতে পারে।" এটা যদি করা হয় তাহলে কারখানাটা বেঁচে যাবে। এই ব্যাপারে রাজ্য সরকারের কাছে কোনো প্রস্তাব এসেছে কি ? এটা কবে নাগাদ খোলার সম্ভাবনা আছে এটা আপনি হাউসকে অ্যাসিয়োর করুন। কেন্দ্রীয় সরকার এবং কেন্দ্রীয় সরকারের প্রতিরক্ষা দপ্তরের সঙ্গে এই ব্যাপারে কোনো কথা হয়েছে কি না এবং ডিফেন্সের গাড়ির টায়ার এখান থেকে কিনবে কিনা—সেই ব্যাপারে কোনো কথা হয়েছে কি না আপনি একটু বলুন ?

শ্রী নিরুপম সেন : আপনারা জানেন ডানলপ খোলার ব্যাপারে দীর্ঘদিন ধরে আমরা সকলেই আগ্রহী এবং আমরা চেষ্টা করছি। এ ব্যাপারে রাজ্য সরকার উদ্যোগ নিয়েছিল এবং একবার কেন্দ্রীয় সরকারও এই বিষয়ে উদ্যোগ নিয়েছিল। বিশেষ করে বর্তমান আমাদের কেন্দ্রীয় সরকারের শ্রমমন্ত্রী এবং রাজ্য সরকারের পক্ষ থেকে আমি এবং আমাদের শ্রম দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী যৌথভাবে উদ্যোগ নিয়েছিলাম। আমরা পূর্বতন মালিকের সঙ্গে আলোচনা করেছিলাম। কিন্তু কার্যত সেটা কার্যকর করা যায়নি। শ্রমিকদের বকেয়া মিটিয়ে দেওয়ার ব্যাপারে ওরা যে প্রতিশ্রুতি দিয়েছিল, সেটা তারা রক্ষা করেনি। তারপর আমরা

জানতে পারলাম কারখানাটা অন্য একজনকে বিক্রি করে দেওয়ার ব্যবস্থা হচ্ছে। আপনারা জানেন রুইয়া সেই কারখানাটি কিনেছে। সব জেনেই রুইয়া এই কারখানাটি কিনেছে। কারখানার কি কি লাইবেলিটি আছে, কিভাবে কারখানার পুনরুজ্জীবন করতে হবে এই সমস্ত বিষয় জেনেই তারা কারখানাটি কিনেছে। টায়ার বিক্রির ব্যাপারে তাদের সঙ্গে কেন্দ্রীয় সরকারের কথা হয়েছে কিনা—এটা আমাদের জানার কথা নয়। তবে তারা আমাদের কাছে দুটি বিষয় নিয়ে এসেছিল। একটা হচ্ছে রাজ্য সরকারের কাছে তারা কিছু কনসেশন চেয়েছে। এই কারখানা খোলার জন্য কি কি কনসেশন দেওয়া সম্ভব রাজ্য সরকারের পক্ষে, এটা আমরা বিবেচনা করছি। আপনারা জানেন আমাদের বিভিন্ন দপ্তরে ওদের অনেক বকেয়া আছে। বিদ্যুতে বিপুল পরিমাণ বকেয়া আছে। ট্যাক্সের অনেক বকেয়া আছে, জলের অনেক বকেয়া আছে, অনেক ধরনের বকেয়া আছে যেগুলো রাজ্য সরকারের প্রাপ্য। এইগুলোর মধ্যে কিভাবে কতটা কনসেশন দেওয়া আমাদের পক্ষে সম্ভব, কতটা সম্ভব নয়, এটা নিয়ে একটা সভা ডেকেছি বিভিন্ন ডিপার্টমেন্টের অফিসারদের নিয়ে। সেটা জেনে আমরা জানিয়ে দেব যে, আমরা কি পারব আর কি পারব না।

দ্বিতীয় সমস্যা ছিল, নতুন প্রমোটার যারা কিনেছে তাদের কর্মচারীদের যে সমস্ত বকেয়া ছিল সেটার সমাধান করা। ইতিমধ্যে আমি একটা সভা করেছিলাম এবং সেখানে আমি আলাদা করে ট্রেড-ইউনিয়নদের সঙ্গে মিটিং করেছি, ম্যানেজমেন্টের সঙ্গে মিটিং করেছি, তারপর উভয় পক্ষকে এক জায়গায় নিয়ে এসে মেজর পয়েন্ট যেটা ছিল সেখানে ঐক্যমত হয়েছে। এখন বলেছে, ইউনিয়নগুলোর সঙ্গে বাইপার্টাইট চুক্তি তাঁরা করে নেবেন। আমি যতদূর জানি, চুক্তির বয়ানও প্রায় ঠিকই হয়ে আছে, অল্প কয়েকদিন লাগবে, তারপর ঠিক হয়ে যাবে। ম্যানেজমেন্টের পক্ষ থেকে বলা হয়েছে এ.এ.আই.এফ.আর. এর রিভাইব্যাল প্যাকেজ ঠিক করবে। যেহেতু আগের রিভাইব্যাল প্যাকেজ পুরনো ম্যানেজমেন্ট দিয়েছিল, সেটা অনেক আগেকার, সেই জন্য নতুন একটা রিভাইব্যাল প্যাকেজ তারা উপস্থিত করতে চান। রিভাইব্যাল প্যাকেজ করার জন্য কিছুটা সময় ওরা চেয়েছেন। আমরা রাজ্যের পক্ষ থেকে বলেছি ঠিক আছে, তবে নির্ধারিত সময়ের মধ্যে পুনরুজ্জীবন প্রকল্প জমা দিয়ে দেবেন। আমরা বলেছি যতদূর সম্ভব তাড়াতাড়ি ডানলপ খোলার ব্যবস্থা করুন। তবে, কবে খুলবে তার একজ্যাক্ট ডেট তো জানা নেই।

শ্রী অসিত মিত্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এটা আশার কথা যে, ডানলপ আবার খুলবে। দীর্ঘদিন ধরে কেন্দ্রীয় সরকার এবং আপনারা চেষ্টা করার ফলে ডানলপ আবার খোলার সম্ভাবনা দেখা দিয়েছে। মাননীয় মন্ত্রীর উত্তরের মধ্যে একটা জায়গা আমার কাছে পরিষ্কার হয়নি, সেটা জানতে চাইছি, যেটা নিয়ে ভবিষ্যতে আবার সমস্যা তৈরি হতে পারে এবং চলতে চলতেই ডানলপ আবার বন্ধ হয়ে যেতে পারে। বাইপার্টাইট এগ্রিমেন্টের কথা বলছেন কিন্তু কতজন কর্মচারীকে বাদ দিচ্ছে সেটা কি আপনাদের আলোচনায় ঠিক করেছেন ? সবচেয়ে বড় কথা, যে শ্রমিকদের বাদ দেবেন, কি শর্তে বাদ দেবেন ? আবার কোনও কোনও শ্রমিকদের সুযোগ-সুবিধা বন্ধ করার কথাও বলছেন। কোনও কোনও দপ্তর অনাবশ্যক বলে তুলে দিতে চাইছে কিনা, এসব ব্যাপারে মাননীয় মন্ত্রী যদি সভাকে অবহিত করেন তো ভালো হয়।

শ্রী নিরুপম সেন : প্রধানত কোনোটাই আমরা করছি না। কারখানাটা রাজ্য সরকারের নয়, একটা বেসরকারি সংস্থা আর একটা বেসরকারি সংস্থাকে বিক্রি করছে। কারখানাতে কতজন কর্মচারী একজ্যাক্ট রাখবেন এবং কোন কোন দপ্তর কিভাবে রাখবেন, এটা সম্পূর্ণ পুনরুজ্জীবন প্রকল্পটা পেলে বোঝা যাবে, তার আগে বোঝা যাবে না। তবে আনুমানিক বলছি, যে পরিমাণ কর্মচারী এখন আছে, সেই পরিমাণ কর্মচারী দিয়ে কারখানাটা চালাতে পারবেন না, এটা তাদের বক্তব্য। এসবগুলোই আমি আনুমানিক বলছি, কেননা সুনির্দিষ্ট পুনরুজ্জীবন প্রকল্প ছাড়া এটা বলা যায় না। তাদের সঙ্গে কথা বলে আমার মনে হয়েছে, এক থেকে দেড় হাজার পর্যন্ত কর্মচারী নিয়ে তারা কারখানাটা চালাতে পারবেন। কিন্তু এটা নির্ভর করছে সামগ্রিকভাবে সবটা স্টাডি করে পুনরুজ্জীবন প্রকল্প দেওয়ার ওপর, তারপরই বোঝা যাবে। যেসব কর্মচারীদের নেবেন না, তাদের অবসর নেওয়ার জন্য কিছু টাকা-পয়সা দেওয়ার ব্যাপার নিয়ে কথাবার্তা হয়েছে। তারা যে প্রস্তাবটা দিয়েছিলেন, আমরা বলেছিলাম সেটা একটু কম হচ্ছে। সেটা নিয়ে একটা নেগোশিয়েশন হওয়ার কথা। এবং, মোটামুটি ইউনিয়ন এবং ম্যানেজমেন্ট রাজি হয়েছে। তাদের কিছু টাকা-পয়সা দেওয়া হবে যাতে করে তারা অবসরের সময় টাকা টাকা-পয়সা পান। এই মোটামুটি আলোচনা হয়েছে। ফাইনাল যখন ওদের চুক্তি হবে, তখন নির্দিষ্ট করে আপনাদের জানিয়ে দেওয়া যাবে।

শ্রী অসিত মিত্র : এদের প্রভিডেন্ট ফান্ড, গ্র্যাচুয়িটি, অন্য সমস্ত ব্যাপারগুলোর কি হবে ?

শ্রী নিরুপম সেন : গ্র্যাচুয়িটি, প্রভিডেন্ট ফান্ড, এইগুলো আইন অনুযায়ীই পাবে আর এই টাকাটা আলাদা করেই পাবে।

[12.20–12.30 p.m.]

Mr. Deputy Speaker : Now, I call upon the Minister-in-Charge of the Public Health Engineering Department to make a statement on the subject of steps taken by the State Government to make newly installed deep tube wells operative for supplying arsenic free water at Tehatta in Nadia District.

(Attention called by Shri Kamalendu Sanyal on the 14th February, 2006).

বিষয় : নদীয়ার তেহট্ট থানায় আর্সেনিকমুক্ত জল সরবরাহের জন্য গভীর নলকূপগুলি চালু করার কাজ সংক্রান্ত

গৌতম দেব : সাধারণভাবে ভূগর্ভস্থ জল পানীয় জল হিসাবে ব্যবহার করা সহজ, নিরাপদ ও কম খরচসাপেক্ষ বলেই পানীয় জলের উৎস হিসাবে তা পশ্চিমবঙ্গে ব্যবহৃত হয়ে আসছে। কিন্তু আশীর দশকের শুরুতে পশ্চিমবঙ্গের বিভিন্ন গবেষণামূলক প্রতিষ্ঠানের মাধ্যমে ভূগর্ভস্থ জলে বিপদসীমার উপরে আর্সেনিকের উপস্থিতি পরিলক্ষিত হয়। ওই

পর্যায়ে আর্সেনিক আক্রান্ত জেলাগুলির মধ্যে নদীয়া, মুর্শিদাবাদ, মালদা ও বর্ধমান ছিল অন্যতম।

পশ্চিমবঙ্গ সরকার বিভিন্ন পরিচালন গোষ্ঠী তৈরির সাথে সাথে আর্সেনিক দূরীকরণে নানাবিধ পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এই সমস্ত পরিকল্পনার অঙ্গ হিসাবে ভূগর্ভস্থ গভীর জলস্তর থেকে আর্সেনিকমুক্ত জল উত্তোলনের জন্য বিভিন্ন জেলায় বেশ কিছু পরীক্ষামূলক নলকূপ স্থাপন করা হয়। নলকূপগুলি আর্সেনিকমুক্ত প্রমাণিত হলেই প্রকল্পটিকে পরিপূর্ণ রূপ দেওয়া হবে।

নদীয়া জেলার বেতাই-১, শ্যামনগর, পালসুন্দা ও কুলগাছি অঞ্চলের প্রত্যেকটিতে দশ লক্ষ টাকা ব্যয়ে ১৯৯৮ সালে চারটি নলকূপ স্থাপন করা হয়েছিল। একমাত্র কুলগাছি এলাকায় নিরাপদ জলস্তর পাওয়া যায়নি। বাকী নলকূপগুলি আর্সেনিকমুক্ত হওয়ার কারণে প্রত্যেকটি ক্ষেত্রে পূর্ণাঙ্গ প্রকল্প তৈরির কাজ এগিয়ে চলেছে এবং আশা করা যায় কয়েক মাসের মধ্যেই প্রকল্পগুলির প্রশাসনিক সম্মতি প্রদান করা সম্ভব হবে।

PRESENTATION OF COMMITTEE REPORT

Presentation of the Tenth Report of the Standing Committee on Education, Information & Cultural Affairs, Sports and Youth Services (2005-2006)

Shri Padmanidhi Dhar : Sir, I beg to present the Tenth Report of the Standing Committee on Education, Information & Cultural Affairs, Sports and Youth Services (2005-2006) on Action taken by the Government on the observations and recommendations as contained in its Fifth Report on Sarva Siksha Abhiyan.

Presentation of the Fourteenth Report of the Standing Committee on Power, Non-Conventional Energy Sources, Science and Technology and Information Technology, (2005-2006)

Shri Abu Ayes Mondal : Sir, I beg to present the Fourteenth Report of the Standing Committee on Power, Non-Conventional Energy Sciences, Science and Technology and Information Technology (2005-2006) on Development and Extension of Some Power Projects running and under construction under W.B.S.E.B., W.B.P.D.C.L. and W.B.R.E.D.A.

MENTION

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় আমি এই সভাতে রাখতে চাই। এই বিষয়টা নিয়ে আলোচনাও হয়েছে। একটা ভয়ংকর জিনিসের সংকেত আমরা দেখতে পাচ্ছি। ২০ ঘন্টা আগে অস্ত্র লুঠ হয়ে গেল আরসা থানার কাঁটাডি পুলিশ ক্যাম্প থেকে। মানুষ সেখানে আতঙ্কগ্রস্ত। এর সাথে সাথে

সারেঙ্গাতে ব্যাংক লুঠ হয়ে গেল। অদ্ভুত আপার পুলিশ প্রশাসন। মানুষকে আপনারা যেখানে নিরাপত্তা দেওয়ার ব্যবস্থা করবেন সেখানে দেখা যাচ্ছে যে, আপনারা ক্যাম্পগুলি বন্ধ করে দিচ্ছেন। কুমচুড়ি, চাকলতোড়, ঘুষলাগা, তামলাগা পুলিশ ক্যাম্পগুলি বন্ধ করে দিয়েছেন। এই এলাকার মানুষজন এখন আতঙ্কগ্রস্ত হয়ে পড়েছে। সেখানে রাষ্ট্রায়ত্ত ব্যাংক্ষগুলি নিরাপত্তার অভাব বোধ করছে। এই ব্যাপারে সরকারের উদ্বেগ নেই। ওখানে পুলিশের যে সমস্ত এস পি আছেন, তাদের এই ব্যাপারে কোনো হেলদোল নেই। এরা পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদের টাকা পাচ্ছেন। সেই টাকা এরা নয়ছয় করে ফেলছেন। ওই এলাকায় কোনো উন্নয়ন হচ্ছে না। এখানে যে সমস্ত মাননীয় মন্ত্রীরা আছেন, তাদের সকলের দৃষ্টি আকর্ষণ করে বলছি যে, যে ক্যাম্পগুলি বন্ধ করে দেওয়া হয়েছে সেগুলি অবিলম্বে চালু করার ব্যাবস্থা হোক।

শ্রী ধনঞ্জয় মোদক : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে খাদ্য সরবরাহ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, কালীগঞ্জ ব্লকের জনসংখ্যা ২০০১ সালে ছিল ২ লক্ষ ৯০ হাজার ৫৮৪ জন। এর উপর প্রতি বছর যদি ২ পারসেন্ট করে এই জনসংখ্যা বৃদ্ধি পায় তাহলে বর্তমান জনসংখ্যা ৩ লক্ষের কাছাকাছি ধরা যেতে পারে। স্যার, এই এলাকার রেশন কার্ডের ব্যাপারে বলি যে, এখানে প্রায় ৪০,০০০ লোকের কার্ড নেই। এই ব্যাপারে একটা কথা বলে রাখি যে, বাংলাদেশী অনুপ্রবেশকারীদের নিয়ে বিরোধীরা জলঘোলা করেছে। এর ফলে ডিপার্টমেন্ট শংকিত হয়ে পড়েছে। কিন্তু বাস্তব জায়গায় কার্ড নেই। ওখানে যে কার্ডগুলি আছে, সেগুলি সবই ট্রান্সফার্ড কেস, অন্য ব্লক, অন্য জেলা থেকে ট্রান্সফার হয়ে এসেছে। এই রকম ৪০০০, ৫০০০ ট্রান্সফার্ড কেস আছে। ওখানে যাদের জন্ম সার্টিফিকেট আছে, তারা জন্ম সার্টিফিকেট জমা দিয়েও কার্ড পাচ্ছে না। যে কার্ডগুলি নষ্ট হয়ে গেছে বন্যার কারণে, এই রকম ৫০০০ থেকে ৬০০০ দরখাস্ত জমা পড়েছে। কিন্তু এখনও পর্যন্ত কার্ড হয়নি। এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যাপার। তাই আপনার মাধ্যমে মাননীয় খাদ্য সরবরাহ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীমতী সোনালী গুহ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, গতকাল এখানে মাননীয় মুখ্যমন্ত্রী তাঁর বক্তব্যের শেষে বলে গিয়েছেন—যাঁরা বাবরী মসজিদ ধ্বংস করতে চান, তাঁদের মাথা উনি মেরে ভেঙে গুঁড়িয়ে দেবেন। অথচ দেখা যাচ্ছে হাওড়ার গোলাবাড়ি থানা এলাকার পিলখানাতে একটা মসজিদের পাশে একটা বহুতল বাড়ি নির্মিত হচ্ছিল। স্যার, এখানে দেখা যাচ্ছে যে, ওই বহুতল বাড়িটি যখন তৈরি করা হচ্ছিল তখন ওই মসজিদের কিছু অংশ ক্ষতিগ্রস্ত হয়েছিল। এর ফলে ওই এলাকায় একটা চাঞ্চল্যকর পরিস্থিতির সৃষ্টি হয় এবং মানুষের মনে প্রচণ্ড ক্ষোভের সৃষ্টি হয়। সেই সময় সি পি এমের স্থানীয় সাংসদ ওই ঘটনাস্থলে গিয়ে অহেতুক রাজনৈতিক রং চড়িয়ে মানুষকে হেনস্থা করেছে। ওখানে এখন র‍্যাফ নেমেছে। ওখানে এখন চরম বিশৃঙ্খলার সৃষ্টি হয়েছে।

স্যার, পাশাপাশি দেখা যাচ্ছে যে, শিবপুর-চাঁদপাল ঘাটে কোরাণ শরিফের পাতা ছিঁড়ে সেখানে লঞ্চের টিকিট ছাপিয়ে বিক্রি করা হচ্ছে। স্যার, মুসলিম সম্প্রদায়কে ভোটের

আগে টানার জন্য গতকাল মুখ্যমন্ত্রী এখানে বলে গেলেন যে, বাবরি মসজিদ যারা ভাঙবে তাদের মেরে ভেঙে গুঁড়িয়ে দেবেন। কিন্তু ওই পিলখানাতে বহুতল তৈরি করার সময় তার পাশে অবস্থিত মসজিদটি যে ক্ষতিগ্রস্ত হল এবং কোরান শরিফের পাতা ছিঁড়ে যারা লঞ্চের টিকিট ছাপাল তাদের মাথা ভেঙে দেওয়ার জন্য কে দায়িত্ব নেবেন ? স্যার, বাংলার একটা ঐতিহ্য আছে। স্যার, এটা যাতে অক্ষুণ্ণ থাকে তার জন্য আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

[12.30—12.40 p.m.]

শ্রী রতন দাস : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সভার দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র ২৭৭ নম্বর নাদনঘাট বিধানসভা কেন্দ্রে ভোটার লিস্ট নিয়ে বিভিন্ন মানুষকে হয়রানি করা হচ্ছে। এই বিধানসভা কেন্দ্রে কিছু মানুষ আছেন যাঁরা (১) চাকরি সূত্রে সপ্তাহে একদিন বাড়িতে আসেন, (২) কিছু মানুষ আছেন যাঁরা পড়াশোনার জন্য হস্টেলে থাকেন, (৩) কিছু মানুষ আছেন যাঁরা কর্মসূত্রে রাজ্যের বাইরে থাকেন এবং মাঝে মাঝে বাড়িতে আসেন, (৪) কিছু মানুষ আছেন যাঁরা কৃষি শ্রমিক—তাঁরা ফসল লাগানো ও ফসল কাটার সময় অন্যত্র থাকেন। এই সমস্ত মানুষ যাঁদের কথা বললাম তাঁদের প্রত্যেকেরই রেশন কার্ড আছে এবং ই.পি. আই.সি. আছে। তা সত্ত্বেও ভোটার লিস্ট নিয়ে তাঁদের প্রত্যেককে হয়রানি করা হচ্ছে এবং তাঁদেরকে নোটিশ করা হচ্ছে। অথচ যাঁরা জাল রেশন কার্ড, জাল বার্থ সার্টিফিকেট, জাল ভোটার লিস্ট এবং জাল ই.পি. আই.সি. নিয়ে ভোটার লিস্টে নাম তুলেছেন তাঁদের কিছু বলা হচ্ছে না—এরকম কয়েকজনের নাম হচ্ছে তৃণমূলের বাপি ঘোষ ও ভোলা বসাক—এঁদের কোনো নোটিশ করা হচ্ছে না। অবিলম্বে এ ব্যাপারে ব্যবস্থা নেওয়ার জন্য আমি আবেদন জানাচ্ছি।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : স্যার, কলকাতার পাশে সালিম-সিপুত্রা গোষ্ঠী আসছেন নতুন মোটর সাইকেল কারখানার উদ্‌বোধন করতে। যে জমি পশ্চিমবঙ্গ সরকার তাদের দিয়েছেন সেটা হচ্ছে চাষের জমি। অদূর ভবিষ্যতে কলকাতা ও কলকাতার উপকণ্ঠে যত চাষের জমি আছে সেগুলোও দেওয়া হবে। সেই সব জমিতে হয়তো ফ্ল্যাট, মল্, হাব, স্বাস্থ্য পার্ক ইত্যাদি গড়ে উঠবে। আমি বলছি, আপনারা ভেবে দেখুন, ভারতবর্ষে প্রতি কিলোমিটারে জনসংখ্যা হচ্ছে ৩২৪ জন, সেখানে পশ্চিমবঙ্গে প্রতি বর্গ কিলোমিটারে জনসংখ্যা ৯০৩ জন। আমাদের রাজ্যে প্রতি বর্গ কিলোমিটারে জনসংখ্যা অনেক বেশি। কলকাতায় প্রতি বর্গ কিলোমিটারে জনসংখ্যা ২৪,৭৬০ জন, উত্তর-২৪ পরগনায় প্রতি বর্গ কিলোমিটারে জনসংখ্যা ২১৮১ জন, হাওড়ায় প্রতি বর্গ কিলোমিটারে জনসংখ্যা ২৯১৩ জন এবং হুগলিতে প্রতি বর্গ কিলোমিটারে জনসংখ্যা ২৬০১ জন। মাননীয় অসীমবাবু, আপনি বলবেন কি, যেসব বন্ধ কল-কারখানা রয়েছে, সেই সব বন্ধ কলকারখানার জমিতে কেন কল-কারখানাগুলো গড়ে উঠবে না ? যেসব বন্ধ কল-কারখানা রয়েছে তাদের অসংখ্য জমি পড়ে আছে। যেমন ডানলপ কারখানা, মেটাল বক্স কারখানা, জি.কে.ডব্লু কারখানা—এই সব কারখানাগুলো বন্ধ হয়ে রয়েছে এবং এই সব কারখানার প্রচুর জমি রয়েছে। যেমন জি.কে

ডাব্লু কারখানার ৭৩ একর জমির মধ্যে ৪০-৪৫ একর জমি ফাঁকা পড়ে রয়েছে। এই সব ফাঁকা জমি সরকার অধিগ্রহণ করে নিয়ে সেই সব জমিতে কারখানা গড়ার ব্যবস্থা কেন করছেন না ? কৃষিজমিকে রক্ষা করা আমাদের প্রধান কাজ হওয়া উচিত। অলরেডি আমাদের রাজ্য ওভার পপুলেটেড। আমাদের রাজ্যে জনসংখ্যা যেভাবে বেড়েছে তাতে আমাদের রাজ্যে কৃষিজমির সম্প্রসারণ দরকার। আমি রাজ্য সরকারকে অনুরোধ করব— এটা কোনো জেদাজেদির ব্যাপার নয়, রাজ্যের স্বার্থের কথা চিন্তা করে বন্ধ কল-কারখানার যে সব ফাঁকা জমিগুলো পড়ে আছে সেই সব ফাঁকা জমিগুলোতে কারখানা গড়ে তোলা হোক।

শ্রী শেখ ইলিয়াস মহম্মদ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। পূর্ব মেদিনীপুর জেলায় হলদিয়া একটি শিল্পাঞ্চল—এই শিল্পাঞ্চলে বহু শ্রমিক কাজ করেন, এছাড়া এখানে রয়েছে এস.ডি.ও. অফিস, ডক কমপ্লেক্স, আস.ও.সি. ইত্যাদি। হলদিয়ার পাশে হলদি নদীর দক্ষিণে নন্দীগ্রাম, খেজুরি, কাঁথি, রামনগর, এই সব জায়গা থেকে হলদি নদী দিয়ে নৌকা চেপে বহু মানুষ প্রতিদিন হলদিয়ায় যায়। এতে অনেক সমস্যা হয়। অবিলম্বে হলদি নদীতে যাতে সেতু নির্মাণ করা হয় তার জন্য আমি মাননীয় পূর্তমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী সোমরা লাকড়া : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার বিধানসভা কেন্দ্রে সামসি চা বাগানটি বিগত কয়েক বছর বন্ধ হয়ে আছে। মাঝে কয়েক মাস খুললেও পুনরায় আবার বন্ধ হয়ে যায়। বন্ধ হয়ে যাবার ফলে এই চা বাগানের শ্রমিকদের অবস্থা খুবই খারাপ হয়ে পড়েছে। তাদের ছেলেমেয়েদের পড়াশোনা বন্ধ হয়ে যাচ্ছে। পশ্চিমবঙ্গ সরকার এস.জি.আর.ওয়াই-এর কাজ শুরু করার ফলে তারা কিছুটা উপকৃত হয়েছে, কিন্তু সামগ্রিকভাবে তারা অসুবিধার মধ্যে আছে। আমি মাননীয় শ্রমমন্ত্রীর নিকট দাবি করছি অনতিবিলম্বে এই চা বাগানটি খোলার ব্যবস্থা করা হোক।

শ্রী অশোক দেব : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রী শ্রী কান্তি বিশ্বাসের দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকায় চটা গ্রাম পঞ্চায়েতে এম.এ. খালেক গার্লস মাদ্রাসা স্কুল আছে, সেখানে ১২০০ মেয়ে পড়াশোনা করে থাকে। সরকার এই স্কুলটির অনুমোদন না দেওয়ার ফলে ছাত্রীরা ক্লাস ৭ পড়ার পর কোথায় যাবে তা নিয়ে ছাত্রী এবং অভিভাবকদের মধ্যে অনিশ্চয়তা দেখা দিয়েছে। স্যার, আপনি একবার ভাবুন এই ১২০০ মেয়ের ভবিষ্যৎ কি হবে ! ক্লাস ৭ পড়ার পরে তারা কোথায় যাবে ? কেনইবা সরকার তাদের অনুমোদন দিচ্ছেন না আমি জানি না ! মাদ্রাসাতে যে ক্যাটাগরিতে অনুমোদন দেওয়া দরকার সেইভাবে তাদের অনুমোদন দেওয়া উচিত। আমি এই ব্যাপারে কান্তিবাবুর সাথে দেখা করেছিলাম এবং বলেছিলাম, এটা আপনি দেখবেন। কিন্তু বর্তমান সরকার অনুমোদন দিচ্ছে না। যে কোনো মাদ্রাসা, তা সেটা ছেলেদেরই হোক বা মেয়েদেরই হোক বা কো-এডুকেশনই হোক তাদের অনুমোদন দেওয়া উচিত। তাদের স্কুলের অনুমোদন

দেওয়া হলে স্কুলের ছাত্রীরা পড়াশোনা করতে পারবে, তাদের অভিভাবকরা শান্তি পাবেন এবং দুশ্চিন্তা মুক্ত হবেন। মাননীয় মন্ত্রী মহাশয় যাতে এই মাদ্রাসার অনুমোদন দেন তার জন্য আবেদন করছি।

শ্রী তারাপদ চক্রবর্তী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার ওন্দা বিধানসভা কেন্দ্রে এন.এইচ.-৬০-এর যে অংশটা ওন্দা (টু) বাঁকুড়া জেলায় অবস্থিত তা খুবই খারাপ হয়ে গেছে। তার আশু সংস্কার করা দরকার। সংস্কার না করা হলে সাধারণ মানুষ দুর্ঘটনার সম্মুখীন হবে। ইতিমধ্যে বিষ্ণুপুর থেকে অহল্যা মোড় রাস্তাটি স্ট্রেনদেন করার জন্য ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। শুনছি সেখানে ৪১ পারসেন্ট লেস করে কাজ করা হবে। এই ৪১ পারসেন্ট লেস করে কাজ করলে রাস্তাটির কি অবস্থা হবে এটা মাননীয় মন্ত্রী মহাশয় একটু দেখবেন। অপর দিকে নবান্দা থেকে জয়কৃষ্ণপুরের মধ্যে মাঁকুড়গ্রাম রাস্তাটি মেরামত করা প্রয়োজন।

মিঃ ডেপুটি স্পীকার : এটা হবে না।

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় ভূমি ও ভূমিরাজস্ব মন্ত্রীর এবং মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। নির্বাচনের আগে ঢাকঢোল পিটিয়ে খাস জমির পাট্টা দেওয়া শুরু হয়ে গেছে। মাননীয় ভূমিরাজস্ব মন্ত্রী বলেছিলেন তাঁর দপ্তর দুর্নীতিতে ভরা। এরা জমি বিতরণের তালিকা করতে পারেন নি। এই তালিকা গ্রাম পঞ্চায়েতের প্রধান করবেন, নাকি পঞ্চায়েত সমিতি করবে, নাকি ল্যান্ড ডিপার্টমেন্টের বি.এল.আর.ও. অফিসের স্টাফরা, না অফিসাররা করবেন এই নিয়ে দ্বন্দ্ব হচ্ছে। গতকাল হুগলি জেলায় খাস জমির পাট্টা দেওয়া হয়েছে। ক্যানিং-এ ৪টি গ্রাম পঞ্চায়েতে খাস জমির পাট্টা দেওয়া হয়েছে। এমনিতে যারা ভূমিহীন, এস.সি., এস.টি. সম্প্রদায়ের মানুষদের পাট্টা দেওয়ার কথা, কিন্তু তাদের না দিয়ে যারা ১০। ১৫ বিঘা জমির মালিক এবং সি.পি.এম. পার্টির সমর্থক তাদের পাট্টা দেওয়া হচ্ছে। আমি আপনার মাধ্যমে অনতিবিলম্বে এই পাট্টা দেওয়া বন্ধ করতে অনুরোধ করছি এবং পূর্ণভাবে তদন্ত করে প্রকৃত ভূমিহীন যারা তাদের মধ্যে খাস জমির পাট্টা দেওয়ার ব্যবস্থা করতে অনুরোধ করছি।

শ্রী ভবানীশংকর হাতিয়াল : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার গোপীবল্লভপুর বিধানসভা কেন্দ্রের অন্তর্গত সাঁকরাইল ব্লকের রোহিনী গ্রামীণ হাসপাতাল স্থাপনের জন্য এবং গোপীবল্লভপুর ২ নম্বর ব্লকের কুলিয়ানা গ্রামীণ উপস্বাস্থ্য কেন্দ্র স্থাপনের জন্য মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[12.40—12.50 p.m.]

শ্রী সৌগত রায় : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র ও পুলিশমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং এই হাউসের মাধ্যমে গভীর উদ্বেগ প্রকাশ করছি। গতকাল হাওড়ায় যে ২টি ঘটনা ঘটেছে, এই ২টি খুবই চিন্তার বিষয়। কাল সকাল থেকে হাওড়ার গোলাবাড়ি

থানায় ও গোলাবাড়ির মোড় ও পিলখানার মোড় সেখানকার সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষেরা অবরোধ করে। তাদের মূল অভিযোগ ছিল, পিলখানায় একটা বাড়ি তৈরি করতে গিয়ে একজন প্রোমোটার তিনি একটা মসজিদের ক্ষতি করেছেন। ওখানে খুবই উত্তেজনাপূর্ণ পরিস্থিতি সৃষ্টি হয়েছিল। পুলিশ সেখানে যায় এবং কোনো রকমে অবস্থা সামাল দেয়। তার ফলে গোলাবাড়ি এলাকায় প্রায় তিন ঘণ্টা বাস বন্ধ ছিল। একই দিনে, গতকাল শিবপুরের ফেরিঘাটে দেখা যায় টিকিট যেগুলি বিক্রি হচ্ছে তার পিছনে কোরানের অংশ ছাপা নিয়ে একজন লোক প্রতিবাদ করে। তার কথা না শোনায়, তিনি দলবল নিয়ে এসে টিকিট কেড়ে নিয়ে সমস্ত টিকিট ফেলে দেন এবং সেখানে পুলিশের সঙ্গে জনতার, যেখানে সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষও ছিল, সেখানে মানুষের সঙ্গে পুলিশের সংঘর্ষ হয়, সৌভাগ্যবশত সেখানে অবস্থা খারাপ হয়নি। একই দিনে, একই জেলায় ট্রাফিক অবরোধ হল, সংখ্যালঘু সম্প্রদায়ের সঙ্গে এই রকম ঘটনা ঘটল। কালকে যখন মাননীয় মুখ্যমন্ত্রী তাঁর জবাবি ভাষণ দিচ্ছিলেন তখন আমরা বলেছিলাম এই সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষের যেন নিরাপত্তার অভাববোধ না করে সেটা দেখা, রাজ্য সরকারের সেটা দেখার দায়িত্ব। আপনারা বলবেন—আপনারা এন.ডি.এ-র সদস্য বলে বেশি সংখ্যালঘু সম্প্রদায়ের কথা বলছেন। আদৌ তা নয়। এই ধরনের ঘটনা ঘটলে নির্বাচনের আগে রাজনৈতিক অস্থিরতা সৃষ্টি হবে, হঠাৎ করে আগুন জ্বলে যেতে পারে। তাই আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে বলব, এই যে ঘটনা, এটা যেন কমিউনাল টার্ন না নিতে পারে। এই দিকটায় কড়া নজর দিতে বলছি। এই ধরনের ঘটনা কেউ ঘটাচ্ছে কিনা সেটা দেখার জন্য অনুরোধ করছি। সংখ্যালঘু সম্প্রদায়ের মনে নিরাপত্তাবোধ যাতে আসে তা দেখার জন্য আমি অনুরোধ করছি।

শ্রী নির্মল দাস : মিঃ ডেপুটি স্পীকার স্যার, ভারত সরকার ইস্ট ওয়েস্ট করিডর নির্মাণের কথা ঘোষণা করেছেন। ইস্ট ওয়েস্ট করিডর নির্মাণের জন্য কেন্দ্রীয় সরকারের ভূতল পরিবহণ দপ্তরের প্রতিনিধিদের সঙ্গে বারোভিসাতে বৈঠক হয়েছিল জনপ্রতিনিধিদের নিয়ে। সেখানে আমিও ছিলাম। সেখানে কথা হয়েছিল, পুজোর আগে নির্মাণ কাজ শুরু হবে ; সলসলাবাড়ি থেকে শ্রীরামপুর পর্যন্ত হবে। তারপরে আর একটা বৈঠক হল আলিপুরদুয়ার সার্কিট হাউসে। সেখানেও একই কথা শুনেছিলাম। আমরা লক্ষ করছি, যারা নিজেদের দক্ষ বলে দাবি করে তারা বিকল্প রাস্তার অনুসন্ধান করছে। এই নিয়ে উত্তাল গোটা ডুয়ার্স এলাকা। লক্ষ লক্ষ মানুষ, যারা ইস্ট ওয়েস্ট করিডর, ন্যাশনাল হাইওয়ে (সি), যেটা জরিপ হয়েছিল, সেই রাস্তা (ইস্ট ওয়েস্ট করিডর) নির্মাণের কাজ যাতে দ্রুত শুরু হয় তার জন্য দাবি জানাচ্ছে। এবং আমরা দাবি করব এতে রাজ্য সরকারে ভূমিকা থাকবে। ইতিমধ্যে মুখ্যমন্ত্রী উত্তরবঙ্গে গিয়ে বলে এসেছেন রাজ্য সরকারের কোনো ভূমিকা নেই, কেন্দ্রীয় সরকার যেটা বলবেন সেটা হবে। কিন্তু অনেকদিন হয়ে গেল, বহুদিন অতিবাহিত হয়ে গেছে, যাতে ইস্ট ওয়েস্ট করিডরম নির্মাণের কাজ শেষ হয় তার দাবি আমি জানাচ্ছি এবং এর সঙ্গে অন্যান্য রাস্তার কাজও যাতে হয় তার জন্য দাবি জানাচ্ছি।

শ্রীমতী সোনালী গুহ : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে প্রাথমিক শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকায় সাতগাছিয়া বিধানসভা কেন্দ্রে বিড়লাপুর প্রাথমিক হাইস্কুলে ৩৩ জন শিক্ষক ছিলেন, ১৮ জন শিক্ষককে ট্রান্সফার করে জুটমিলে নিয়ে নেওয়া হয়েছে। কিছু শিক্ষক ভি আর এস নিয়ে নিয়েছেন, কিছু শিক্ষক এখন পর্যন্ত বাচ্চাদের নিয়ে বিনা বেতনে পড়িয়ে যাচ্ছেন। গত ২৭ মাস ধরে তারা একটি পয়সাও মাইনে পাননি। এই ব্যাপারটা নিয়ে এস.ডি.ও., ডি.এম., শিক্ষামন্ত্রী সবাইকে বলা সত্ত্বেও এর কোনো সুরাহা হয়নি। আজকে মানুষগুলো অর্ধাহারে, অনাহারে দিন কাটাচ্ছে। এরা প্রত্যেকেই বিহার, ইউ.পি থেকে এখানে এসে শিক্ষকতা করতেন। আজকে তারা দেশে ফিরে যাচ্ছে। সামগ্রিকভাবে শিক্ষাক্ষেত্রে একটা অচলাবস্থার সৃষ্টি হয়েছে। এই অচলাবস্থা কাটানোর জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি।

শ্রী সৌগত রায় : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বিশ্ববিদ্যালয়ের অশিক্ষক কর্মচারীদের প্রতি যে অবিচার হচ্ছে সেই ব্যাপারে আমি বলতে চাই। বর্তমানে রাজ্য সরকারি কর্মচারীরা সরকারি আদেশবলে ৮, ১৬ এবং ২৫ বছরের ক্যারিয়ার অ্যাডভান্সমেন্টের সুযোগ পেয়ে থাকেন। তারা প্রোমোশন না পেলেও এই তিনটে সি.এ. স্কীমের সুযোগ পেয়ে আর্থিকভাবে যথেষ্ট লাভবান হন। রাজ্য সরকারি কর্মচারীদের মাইনে ঠিক হয় পে-কমিশনের মাধ্যমে এবং বিশ্ববিদ্যালয়ের কর্মচারীদের মাইনে ঠিক হয় পে-কমিটির মাধ্যমে। এই পে-কমিটি এক সময় সুপারিশ করেছিলেন বিশ্ববিদ্যালয়ের কর্মচারীদেরও সি.এ. স্কীমের সুযোগ দেওয়া হোক। কিন্তু সেটা চালু করা হয়নি। এই সি.এ. স্কীম চালু না করার জন্য বিশ্ববিদ্যালয়ের কর্মচারীরা অর্থিকভাবে যথেষ্ট ক্ষতিগ্রস্ত হচ্ছে। রাজ্য সরকারি কর্মচারীদের মাইনেও রাজ্য সরকার দেন এবং বিশ্ববিদ্যালয়ের কর্মচারীদের মাইনেও রাজ্য সরকার দেন। কিন্তু তাদের প্রতি একটা অন্যায় করা হচ্ছে, অবিচার করা হচ্ছে, ফলে তারা সি.এ. স্কীমের সুযোগ পাচ্ছে না। এটা তারা যাতে পান তার জন্য আমি রাজ্য সরকারের কাছে দাবি জানাচ্ছি।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আমার বিষয়টা একটু পরিবর্তন করছি। উচ্চ মাধ্যমিক পরীক্ষার মডেল প্রশ্নপত্র নিয়ে একটা কেলেঙ্কারী শুরু হয়েছে। বহু স্কুলের পরীক্ষার্থী, অভিভাবক এবং স্কুলের শিক্ষকরা ভাষাপত্র এবং বিজ্ঞানের মডেল প্রশ্নপত্র হাতে পাননি। পশ্চিমবঙ্গে ৩,৩৩৮টি উচ্চমাধ্যমিক স্কুল আছে। সংসদের পক্ষ থেকে তাদের নোটিশ দেওয়া হয়েছিল মডেল প্রশ্নপত্র নিয়ে আসার জন্য। কিন্তু যে সময়টা ধার্য করা হয়েছিল সেই সময়ের মধ্যে অনেক স্কুলই মডেল প্রশ্নপত্র নিয়ে যেতে পারেননি। সংসদ তাদের জানিয়েছেন দশ হাজার মডেল প্রশ্নপত্রের বই ছাপানো হয়েছে। এই মডেল প্রশ্নপত্র অনেক স্কুল না পাওয়ার জন্য উচ্চমাধ্যমিক পরীক্ষার্থী, শিক্ষক এবং অভিভাবকরা অসুবিধার সম্মুখীন হচ্ছেন। এই ব্যাপারে দ্রুত ব্যবস্থা নেওয়ার জন্য আমি শিক্ষামন্ত্রী মহাশয়কে এবং পরিষদীয় মন্ত্রীমহাশয়কে অনুরোধ জানাচ্ছি।

শ্রী সীমরা লাকড়া : মাননীয় স্পীকার মহোদয়, সর মৈ আপকে মাধ্যম মে স্বাস্থ বিভাগ কে মাননীয় মংত্রী কা ধ্যান আকর্ষিত করানা চাহাতা হুঁ। জলপাইগুড়ি জিলা মেঁ বী০ ফাঁরমেসী কালেজ মে জো সমস্যা পৈদা হুই হৈ, ইসসে কালেজ কে ছাত্র–ছাত্রাএঁ আন্দোলন কে পথ পর পহূঁচ গএ হৈ। বীতে দো বর্ষ কে শিক্ষা বর্ষ মেঁ 192 ছাত্র–ছাত্রাএঁ দাখিলা লিয়ে থে। আজ য়ে ছাত্র-ছাত্রাএঁ পথ-অবরোধ, জুলুস, মিটিংগ, ক্লাস বথকট কিয়ে হুএ হৈ। জো দাবী কো লেকর য়ে বচ্চে ওন্দোলন কর রহে হৈ, যহ উনকা সহী দাবী হৈ। ইন্সটীচ্যুট ঔফ ফার্মেসী, জলপাইগুড়ি যহাঁ প্রিন্সপল নহী হৈঁ। রিটায়রমেন্ট কে অনুসার টেক্নীকল স্টাফ, নন্ টীচীংগ স্টাফ কী কমী হৈঁ। ফৈক্স কে মাধ্যম সে মাননীয় মুখ্যমংত্রী কো ভী অবগত করায়া গয়া হৈ। নোর্থ বংগাল কে ছাত্র-ছাত্রাওঁ কী সুবিধা কে লিএ য়ে কালেজ খোলা গয়া হৈ। ইসলিএ স্বাস্থ্য বিভাগ কে মংত্রী সে মেরা অনুরোধ কি ওন্দোলনকারী ছাত্র-ছাত্রাওঁ কী সমস্যা পর গৌর করকে এবং হল করকে উনলোগো কী পঢ়াই কী ওর ধ্যান জুটানে মেঁ মদত করেগেঁ। ধন্যবাদ।

[12.50—1.00 p.m.]

(including adjournment)

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : স্যার, রাজ্য সরকারের সি.পি.এম. প্রভাবিত কর্মচারী ইউনিয়নের যে কো-অর্ডিনেশন কমিটি আছে তাদের মুখপত্র ''সংগ্রামী হাতিয়ারে'' মুখ্যমন্ত্রীর তীব্র সমালোচনা করেছেন। সামলোচনা করে বলেছেন, ভারতবর্ষের ৩ জন মুখ্যমন্ত্রীকে শিল্পপতিরা দরাজভাবে সার্টিফিকেট দিয়েছেন। একজন চন্দ্রবাবু নাইডু, তিনি চলে গেছেন। আর একজনের নাম নবীন পট্টনায়েক আর তৃতীয় ব্যক্তি নাম শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য। তাঁরা বিস্ময় প্রকাশ করে বলেছেন যে, শিল্পপতিরা এইরকমভাবে বামপন্থী মুখ্যমন্ত্রীকে যে দরাজ ভাষায় সার্টিফিকেট দিয়েছেন সেটা পৃথিবীর ইতিহাসে কোথাও হয়নি। সেই মুখ্যমন্ত্রী গতকাল এখানে ঘোষণা করেছিলেন, ৭০ হাজার ছেলের চাকরি হয়েছে ২০০১ সাল থেকে ২০০৫ সালের মধ্যে। আমাদের ভাবতে অবাক লাগছে, যে রাজ্যে বেকারত্ব এতো তীব্র, যেখানে ৭০ লক্ষ রেজিস্টার্ড বেকার সেখানে ৭০ হাজার ছেলের চাকরি হওয়ায় মুখ্যমন্ত্রী আহ্লাদের সঙ্গে বললেন, ৭০ হাজার ছেলের চাকরি হয়েছে ৫ বছরে। প্রকৃতপক্ষে পশ্চিমবঙ্গে যে অভাব, বেকারির যে তীব্র যন্ত্রণা তার সঙ্গে সঙ্গতিপূর্ণ নয়। একটা কথা মনে রাখা দরকার, আজকে যা ইনভেস্টমেন্ট হয় দিজ ইজ ক্যাপিটাল ইনটেনসিভ ইনভেস্টমেন্ট। আগে ১০০ কোটি টাকা বিনিয়োগ হলে ১০০ জন ছেলের চাকরি হতো আর এখন ৫০০ কোটি টাকা বিনিয়োগ হলে ৫০ জন ছেলের চাকরি হয় না। সেক্ষত্রে ২ হাজার কোটি টাকা যে বিনিয়োগ করা হয়েছে তাতে মুখ্যমন্ত্রীর কিছু কৃতিত্বের অবকাশ নেই, কারণ এর দ্বারা মানুষের চাকরির সংখ্যা অত্যন্ত কম। তাই রাজ্য সরকারের উচিত লেবার ওরিয়েন্টেড ইনভেস্টমেন্ট যাতে হয় তা দেখা। এতে চাকরি হয়। মাননীয় মুখ্যমন্ত্রী এই ইনভেস্টমেন্টের জন্য চেষ্টা করুন।

শ্রী নির্মল দাস : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্য সরকার যাতে এমপ্লয়মেন্ট জেনারেশন বাড়ে তার জন্য কিছু প্রকল্প নিয়েছেন। এর মধ্যে উত্তরবঙ্গের ডুয়ার্স এলাকায়

যেটা ঘোষণা করা হল, সেটা পর্যটন শিল্প বিকাশ, বিশেষ করে বিদেশ থেকে যে সমস্ত পর্যটকরা এসেছেন তাদেরকে নিয়ে ইতিমধ্যেই ডুয়ার্স উৎসব হয়েছে এবং তাকে কেন্দ্র করে সার্কিট চালু হয়েছে। ওখানে ডুয়ার্স পর্যটন বিকাশ কেন্দ্রের শিলান্যাস হয়েছে, ৭ লক্ষ টাকা ব্যয়ে সেটি নির্মিত হবে যাতে পর্যটকরা আকৃষ্ট হয়। মূল কথা হল, এক্ষেত্রে একটা কো-অর্ডিনেশন থাকা দরকার বিভিন্ন দপ্তরের মধ্যে—বন দপ্তর, পূর্ত দপ্তর এবং পর্যটন দপ্তরের। পর্যটন দপ্তরের উদ্যোগ খুবই দুর্বল। তাই আমি অনুরোধ করব, পর্যটন দপ্তর এক্ষেত্রে সুযোগ নিন। এর আগে যে প্রাসাদ উৎসব হয়েছে সেটা খুব একটা রেখাপাত করতে পারেনি, কিন্তু ডুয়ার্স উৎসবে লক্ষ লক্ষ মানুষ অংশগ্রহণ করেছে। হাসিমারা এরোড্রাম বাগডোগরার মতোই বিমানবাহিনীর এরোড্রাম। বাগডোগরা যেমন অসামরিক বিমান পরিবহন ক্ষেত্র হিসাবে ব্যবহৃত হচ্ছে, অনুরূপভাবে হাসিমারা অসামরিক বিমান পরিবহন ক্ষেত্র হিসাবে ব্যবহার করলে একদিকে যেমন ভুটান উপকৃত হবে, তেমনিভাবে ডুয়ার্স শিল্প বিকাশের রুদ্ধদ্বার খুলে যাবে। বিদেশি পর্যটক এবং স্বদেশী ভিন রাজ্যের পর্যটকরা ডুয়ার্স উপভোগ করার জন্য সুযোগ গ্রহণ করতে পারবেন।

শ্রী অসিত মিত্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় মুখ্যমন্ত্রী হাওড়া জেলায় পর পর ৩টি বিষয়ে শিলান্যাস করেছেন। তার মধ্যে আজকে একটি। আপনি জানেন, সালিম গোষ্ঠীকে উলুবেড়িয়াতে জায়গা দেওয়া নিয়ে এবং পশ্চিম হাওড়ায় উপনগরী গড়ে তোলার জন্য জায়গা দেওয়া নিয়ে অনেক আন্দোলন হয়েছে। আমাদের দলের পক্ষ থেকে আন্দোলন করেছি। আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, রাজ্যের দুই ফসলা এবং তিন ফসলা কৃষি জমিকে শিল্প তৈরি করার নাম করে চাষীদের নিগৃহ করে, বিতাড়িত করে যেভাবে জমিগুলিকে কেড়ে নেওয়া হল তার আমি তীব্র প্রতিবাদ করছি। কারখানা কবে হবে, কিভাবে হবে তার কোনো নিশ্চয়তা নেই অথচ শিলান্যাস করছেন। সামনে ভোট আসছে, সেই ভোটে জয়লাভ করতে হবে এই মানসিকতা নিয়ে যা করছেন তার আমি তীব্র প্রতিবাদ করছি। আমি দাবি করছি, অবিলম্বে এটা বন্ধ করুন।

শ্রী কল্লোল খাঁ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে হাউসকে অবগত করতে চাই ও আপনার হস্তক্ষেপ কামনা করে জানাচ্ছি যে, গত ১৩-২-২০০৬ তারিখ হতে কেন্দ্রীয় সরকার অত্যন্ত অন্যায়ভাবে সাধারণ মধ্যবিত্ত, গরিব মানুষ ও অবসরপ্রাপ্ত মানুষদের নির্ভয়ে সঞ্চয়ের হাতিয়ার ডাকঘরের 'মাসিক জমা প্রকল্প' (এম.আই.এস.) হতে জমা টাকার উপর দেওয়া ১০ শতাংশ বোনাস তুলে দিয়েছেন। এই এম.আই.এস. প্রকল্পের ওপর বহু সাধারণ মানুষ নির্ভরশীল। এম.আই.এস. প্রকল্পে টাকা জমা রাখার সর্বোচ্চ পরিমাণ তিন লক্ষ টাকা, যার মাসিক সুদ মাত্র ২০০০ টাকা, যা একটি মানুষের ঘর ভাড়া, চিকিৎসা ও জীবনধারণের পক্ষে যথেষ্ট নয়। আপনার কাছে আমার বিনীত নিবেদন, হাউস থেকে সর্বদলীয় একটি প্রস্তাব নিয়ে অবিলম্বে মাননীয় প্রধানমন্ত্রী ও কেন্দ্রীয় অর্থমন্ত্রীর কাছে একটি প্রতিবাদ জানানো হোক যাতে পোস্ট অফিসে এম.আই.এস.

প্রকল্পে জমা রাখা টাকার ওপর মেয়াদ শেষে ১০ শতাংশ বোনাস দেওয়া বন্ধ না করা হয় ; তা পুনরায় ও অবিলম্বে চালু করতে হবে। মাননীয় মুখ্যমন্ত্রীর দলের সহযোগিতায় কেন্দ্রীয় সরকার চলছে। তাই গরিব ও সাধারণ মানুষের স্বার্থে মাননীয় মুখ্যমন্ত্রীকে আপনার মাধ্যমে জানাতে চাই যে, তিনি যেন অবিলম্বে গরিব মানুষের স্বার্থে এই বিষয়ে হস্তক্ষেপ করেন ও কেন্দ্রীয় সরকারকে বলেন পুনরায় এম.আই.এস.-এ দেওয়া ১০ শতাংশ বোনাস চালু করতে হবে ও জমা রাখার সর্বোচ্চ সীমা তিন লক্ষ টাকা জনস্বার্থে বর্ধিত করতে হবে।

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র ঘুটিয়ারী শরিফ একটা পবিত্র তীর্থস্থান॥ এখানে বিভিন্ন অনুষ্ঠানে বহু মানুষ অংশ নেন। কিন্তু এখানে বেশ কিছু মহিলা পতিতা বৃত্তি করছে। এবং সেই সঙ্গে এখানে সাট্টা, জুয়া এবং চুল্লুর দোকানও রয়েছে। এটা ঘুটিয়ারী শরিফ থানা ও ফাঁড়ির পাশে। এখানে ৭-৮টা চুল্লুর দোকান আছে। এ ব্যাপারে এস.পি. ও ও.সি-কে জানানো হয়েছে। কিন্তু জুয়াখেলা বন্ধ হচ্ছে না। ক্যানিং-এর ও.সি.-কে জানানোর পরেও কোনো ব্যবস্থা নেওয়া হয়নি। এজন্য উপযুক্ত ব্যবস্থা নেওয়ার জন্য আমি বিশেষভাবে স্বরাষ্ট্রমন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি।

শ্রী ধনঞ্জয় মোদক : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে বিদ্যালয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনারা সকলে জানেন এ বছর মাধ্যমিক পরীক্ষার্থী ৬ লক্ষ থেকে বেড়ে ৯ লক্ষ হয়েছে। অর্থাৎ ৩ লক্ষ মাধ্যমিক পরীক্ষার্থী বেড়েছে। এর মধ্যে বেশ ভালো সংখ্যায় ছাত্রী রয়েছে। সেই ছাত্রীরা মাধ্যমিক পাশ করার পর যাতে উচ্চমাধ্যমিকে ভর্তি হতে পারে, সেজন্য বিশেষ করে মাধ্যমিক বালিকা বিদ্যালয়কে উচ্চমাধ্যমিক স্তরে উন্নীত করার জন্য অনুরোধ জানাচ্ছি। কালীগঞ্জ ব্লকে দেবগ্রাম বালিকা বিদ্যালয় এবং পলাশীমীরা গার্লস এই দুটি মাধ্যমিক বিদ্যালয়কে উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে উন্নীত করবার জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী তারাপদ চক্রবর্তী : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, বাঁকুড়া জেলা খরাপ্রবণ। কিন্তু বর্ষার সময় দ্বারকেশ্বর নদীতে জলোচ্ছাস হয়। এর ফলে আমাদের ওখানে নিকুঞ্জপুর গ্রাম পঞ্চায়েতে মেটে পাড়া বিশেষভাবে ক্ষতিগ্রস্ত হয়। এখানে প্রায় ৬০-৭০ ভাগ জেলে বাস করে। এই জলোচ্ছাসের ফলে জেলেদের ঘর-বাড়ি সমস্ত নিশ্চিহ্ন হয়ে যায়। এই অঞ্চলে যাতে বাঁধ দেওয়া হয় সেজন্য আমি মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী শান্তিরাম মাহাতো : (অনুপস্থিত)

শ্রী অশোক দেব : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের রাজ্যে হকারদের বিভিন্নভাবে উচ্ছেদ করা হয়েছিল। এইসব হকারদের জন্য উপযুক্ত জায়গা দেবার কথা সরকারের ছিল। কিন্তু আজ অবধি হকাররা তাদের জন্য নির্দিষ্ট জায়গা পায়নি। এ বিষয়ে আমি পুরমন্ত্রী মাননীয় অশোক ভট্টাচার্যের সঙ্গেও কথা বলেছিলাম। শিয়ালদহ অঞ্চলে

অনেক হকার ছিল, যাদের পুনর্বাসন দেওয়ার কথা ছিল। আজকে তারা জায়গা না পাওয়ার ফলে অনেক কষ্টের মধ্যে আছে। অনেকে কাজ হারিয়ে আজকে অপরাধের সঙ্গে যুক্ত হচ্ছে। যাইহোক:, আমি আবারও অনুরোধ জানাচ্ছি যে এইসব হকারদের যাতে উপযুক্ত জায়গা দেওয়া হয় এবং এদের স্বার্থ দেখা হয়, সেই ব্যবস্থা সরকার করুক। আমি আপনার মাধ্যমে মাননীয় পুরমন্ত্রীর কাছে সেই আবেদন রাখছি।

(At this stage the House was adjourned till 1.30 p.m.)

[1.30—1.40 p.m.] (After Adjournment)

GOVERNMENT BUSINESS

LEGISLATION

The West Bengal Town and Country (Planning and Development) (Amendment) Bill, 2006

Shri Asok Bhattacharya : Sir, I beg to introduce the West Bengal Town and Country (Planning and Development) (Amendment) Bill, 2006 and to place a Statement as required under Rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

The Urban Development Deptt. implements the West Bengal Town & Country (Planning & Development) Act, 1979 in the prescribed areas. But by an amendment of the Rules of Business in the year 1997. Housing Deptt. has been entrusted with the matters connected with town and Country planning in Rajarhat Township having jurisdiction over areas under Rajarhat P.S. and Bhangor P.S. In exercise of the said authority, the Housing Deptt. has declared the West Bengal Housing Infrastructure Development Corporation Ltd. (HIDCO) as Planning Authority under section 11 of the Act having jurisdiction over the planning area comprising New Town.

(2) Housing Deptt. in a note to the Urban Development Deptt. indicated that New Town, Kolkata would be a highly urbanised town and building rules in conformity with that of the Municipality or Municipal Corporation were required to be framed to keep the standard of the planned town. The Housing Deptt. suggested immediate amendment of the West Bengal Town & Country (Planning & Development) Act, 1979 to enable HIDCO, the Planning/ Development Authority to permit land use, to control building operation and to impose fees for such purposes till New Town

becomes eligible to be a Municipal Authority as per provisions of West Bengal Municipal Act.

(3) Accordingly the Urban Development Deptt. proposes to amend the West Bengal Town & Country (Planning & Development) Act, 1979 by way of insertion of a new section viz 13A and a new clause viz. (aa) in Sub-section (2) of Section 138. Such new insertions will enable the Housing Deptt. to empower HIDCO or any other Authority to regulate Building operation and impose fees in New Town area.

(4) As the Assembly was not then in session and as the amendment was very urgent in nature, the amendment was effected by promulgation of an Ordinance viz. The West Bengal Town and Country (Planning & Development) (Amendment) Ordinance, 2005, (West Bengal Ordinance No. VIII of 2005).

(Special Secretary-in-Charge then read the Title of the Bill)

STATUTORY RESOLUTION

Shri Saugata Roy : Sir, I beg to move that this House disapproves the West Bengal Town and Country (Planning and Development) (Amendment) Ordinance, 2005.

আমি মনে করি যে, এতো তাড়াতাড়ি এই অর্ডিনেন্স আনার কোনো দরকার ছিল না। আর যে কোনো অর্ডিনেন্স রাজ বেসিক্যালি অ্যান্টি ডেমোক্রেসি। হাউস যখন বসছে, এতো তাড়াতাড়ি করে আনার দরকার ছিল না, কিছু দিন অপেক্ষা করা যেত। এটা এমন কিছু আর্থ সেকিং অর্ডিনেন্স নয়। এটা কেন আনা হলো তা বুঝতে পারছি না। সেই জন্য ডিসঅ্যাপ্রুভ জানাচ্ছি।

Shri Kashinath Misra : Sir, I beg to move that this House disapproves the West Bengal Town and Country (Planning and Development) (Amendment) Ordinance, 2005.

স্যার, প্রফেসার সৌগত রায় যে কথা বলেছেন সেটা আমারও কথা। বিধানসভা যখন চলছে তখন এটা অর্ডিনেন্স আকারে না এনে বিল আকারে আনা উচিত ছিল। অর্ডিনেন্স আনার সেই রকম বাধ্যবাধকতা ছিল না। সেই পরিপ্রেক্ষিতে স্টাটুটরি রেজলিউশান মুভ করছি।

মিঃ ডেপুটি স্পীকার : মন্ত্রী মহাশয়, আপনি কনসিডারেশন মোশান মুভ করুন।

Shri Asok Bhattacharya : Sir, I beg to move that the West Bengal Town and Country (Planning and Development) (Amendment) Bill, 2006 be taken into consideration.

শ্রী সৌগত রায় : স্যার, আপনি একটু চেক করে নিন। এই যে স্টাটুটরি রেজলিউশন দিলাম, সেটার উপর ভোট হয়ে তারপর আলোচনা শুরু হবে।

মিঃ ডেপুটি স্পীকার : ঠিকই আছে, আপনি আলোচনা শুরু করুন।

শ্রী সৌগত রায় : কন্সটিটিউশনের ২১৩(২) দেখুন। অর্ডিনেন্স করা যেতে পারে, তারপর সেটা বিল আকারে আসতে পারে। কিন্তু অর্ডিনেন্সকে হাউস যদি ডিসঅ্যাপ্রুভ করে তাহলে এটা ভোট না করে হাউসে আলোচনা হতে পারে না। ডিসঅ্যাপ্রুভের বিরুদ্ধে আপনি ভোট করুন। অ্যাপ্রুভ হোক আর ডিসঅ্যাপ্রুভ হোক, আপনাকে ভোট করতে হবে।

মিঃ ডেপুটি স্পীকার : রেজলিউশন এবং কনসিডারেশন এক সঙ্গে ভোট হবে, এটা আমাদের হাউসের কনভেনশন। আলোচনা শুরু করুন।

শ্রী সৌগত রায় : স্যার, আমি ওয়েস্ট বেঙ্গল টাউন অ্যান্ড কান্ট্রি প্ল্যানিং ডেভেলপমেন্ট (অ্যামেন্ডমেন্ট) বিল ২০০৬-এর উপর বলছি। আমি আগেই বলেছি, বিলটা এমন কিছু জরুরি ছিল না। এটা অর্ডিনেন্স করার কোনো দরকার ছিল না। এখানে বলা হচ্ছে বিল্ডিং প্ল্যান স্যাংশনটা যে মিউনিসিপ্যালিটির নেই, সেখানে কোনো প্ল্যানিং অথরিটির বা ডেভেলপমেন্ট অথরিটির তাদের বিল্ডিং অপারেশনটা রেগুলেট করার ক্ষমতা থাকবে। তার জন্য তারা ফিজ নিতে পারে। এমনিতে দেখলে বিলটা বুঝতে পারার কথা নয়। এখন যেটা মূল সমস্যা, অনেক কটা ডেভেলপমেন্ট অথরিটি এ রাজ্যে আছে। যেমন—শিলিগুড়ি জলপাইগুড়ি (এস.জে.ডি.এ.) ডেভেলপমেন্ট অথরিটি, আসানসোল ডেভেলপমেন্ট অথরিটি, দুর্গাপুর ডেভেলপমেন্ট অথরিটি, দীঘা ডেভেলপমেন্ট অথরিটি, শান্তিপুর শ্রীনিকেতন ডেভেলপমেন্ট অথরিটি, আর ক্যালকাটা মেট্রোপলিটান ডেভেলপমেন্ট অথরিটি তো আগে থেকেই আছে। এখন এই ডেভেলপমেন্ট অথরিটির মধ্যে অনেকগুলো এলাকা এসে যাচ্ছে। সেগুলো কোনো কর্পোরেশন বা পৌরসভার মধ্যে পড়ে না। প্রশ্ন হচ্ছে, তাদের কে প্ল্যান স্যাংশন করবে। যদি তাদের পঞ্চায়েতের কাছে যেতে হয়, তাহলে পঞ্চায়েতের বিল্ডিং প্ল্যান দেখে স্যাংশন করবার পরিকাঠামো আছে ? আমরা জানি, আগে এই আইনটা ছিল না। আপনি দেখবেন, ভি.আই.পি. রোডে যে বাড়িগুলো হয়েছে—সেগুলো আগে রাজারহাট পৌরসভার মধ্যে ছিল, তার বাইরেও ছিল—সেখানে প্ল্যান ঠিকমতো হয়নি। আমার মনে হয় এবং আমি যা কথা বলে জানলাম এই আইনটা আনার মূল উদ্দেশ্য রাজারহাট নিউ টাউনশিপ। রাজারহাট নিউ টাউনশিপের বেশির ভাগ এলাকা কিছুটা গোপালপুর পৌরসভার মধ্যে আছে—পঞ্চায়েতের অন্তর্ভুক্ত। সেখানে বিরাট বিরাট বাড়ি হচ্ছে। ডি.এল.এফ.এর বাড়ি হচ্ছে, জ্যোতিবুবুর ছেলে চন্দন বসুর গ্রিন ফিল্ড হচ্ছে, বেঙ্গল পিয়ারলেস হচ্ছে, বেঙ্গল অম্বুজা হচ্ছে। এই যে জয়েন্ট সেক্টরে বিরাট বিরাট প্রজেক্ট হচ্ছে—এদের পুরো প্ল্যান দেখে, টাকা নিয়ে প্ল্যান স্যাংশন দেবার মতো ক্যাপাসিটি বা সেই পরিকাঠামো তো পঞ্চায়েতগুলোর নেই। আমার মনে হয়, সেই জন্যই ওরা তাড়াতাড়ি করে বিলটা নিয়ে এসেছে। একটা অসুবিধা হচ্ছে, এখন রাজারহাটে একটা অথরিটি কাজ করছে, তার নাম হচ্ছে ডব্লু.বি.হিডকো. (ওয়েস্ট বেঙ্গল হাউসিং ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কর্পোরেশন), তারাই জমিগুলো বিলি করছে। এখনও পর্যন্ত যারা বাড়ি করছে, বড় বড়

বাড়িই করছে। আমি দেখলাম, ডি.এল.এফ. একটা বিরাট আই.টি. পার্ক করছে। তাছাড়া পিয়ারলেসের বাড়িতে অলরেডি লোক ঢুকে গেছে। আবার ই.ডব্লু.এস.-এর (ইকোনমিক্যাল উইকার সেকশন) বাড়ি তৈরি হয়েও ফাঁকা পড়ে আছে। এই সেদিন দেখলাম বেঙ্গল অম্বুজা একটা নতুন সিটি সেন্টার করছে। হাউসিং ডিপার্টমেন্ট সব ব্যাপারেই জ্যোতি বসুকে নিয়ে যায়, আমি জানি না কেন ? তারাও দেখলাম, ইনগুরেট করাল। হিডকোকে তাহলে সেপারেট নোটিফিকেশন ক্ষমতা দিতে হবে যে, তোমরা প্ল্যানিং বা ডেভেলপমেন্ট অথরিটি হিসাবে কাজ করবে। তাহলে হিডকো প্ল্যানটা দেখে প্ল্যান স্যাংশনের জন্য আমরা কর্পোরেশনে যেভাবে টাকা জমা দিই সেইভাবে পারমিশন দেবে। সেই জন্যই আইনটা আনা হয়েছে। এই প্রসঙ্গে আমি দুটো কথা বলে রাখি। পরশুদিন আমরা প্রাইভেট মেম্বার রেজিলিউশনে এটা বলব। রাজারহাটে যেভাবে কৃষকদের উচ্ছেদ করে নিউটাউন করা হয়েছে—আমার আগে মনে হয়েছিল ভালোই হয়েছে, এখন দেখছি ঘোর অন্যায় হয়েছে। যে কৃষকরা উচ্ছেদ হয়েছে, তারা এখন বাগুইহাটিতে গিয়ে রিক্সা টানছে। সারা বছরের রোজগার তাদের সব নষ্ট হয়ে গেছে। দ্বিতীয়ত রাজারহাটে যেভাবে জমি দেওয়া হচ্ছে ! বেঙ্গল ইউনিটেক বলে একটা কোম্পানিকে ৪০০ একর জমি দেওয়া হয়েছে। সেটার নেতা প্রসূন মুখার্জী বলে কেউ। তার আবার একটা প্রজেক্ট আজ উদ্‌বোধন হচ্ছে, সলপ আর উলুবেড়িয়ায় সে বিরাট জমি পেয়েছে। আবার একটা ইন্টারন্যাশনাল কনভেনশন সেন্টার করছে। সেটাও প্রসূন মুখার্জীর কোম্পানি বেঙ্গল ইউনিটেক পেয়েছে।

[1.40—1.50 p.m.]

এগুলোর মধ্যে কোনো ট্রান্সপিরেন্সি নেই। আমি জানি অশোকবাবু বলবেন, এটা আমার দপ্তর নয়। এটা তো গৌতম দেবের দপ্তর। কিন্তু রাজারহাটে যেভাবে জমি দিচ্ছে, জয়েন্ট সেক্টর প্রোজেক্ট বাড়ছে—বেঙ্গল শ্রাচী, বেঙ্গল ডি সি এল, বেঙ্গল গ্রীন ফিল্ড-এর জন্য চন্দন বসুকে জমি দেওয়া হয়েছে—আমরা এই প্রসেসটার পুরোপুরি বিরোধী। বাড়িটা স্যাংশন হচ্ছে। মধ্যবিত্তদের লটারিতে দু লক্ষ কাঠা রেটে দাম দিতে হয়েছে। ওরাও কি সেই দাম দিচ্ছে—এটা আমরা জানি না। এটা মাননীয় মন্ত্রীর দপ্তর না হলেও উনি দেখবেন। অন্য ডেভেলপমেন্ট অথরিটি, শান্তিনিকেতন ডেভেলপমেন্ট অথরিটি—খোয়াইতে অম্বুজা হাউজিং কমপ্লেক্স করছে। খোয়াইতে সোমনাথবাবু জোর করে বাড়ি করেছেন। রবীন্দ্রনাথ যেভাবে বর্ণনা দিয়েছেন, নদীর তীরে বিস্তীর্ণ অঞ্চল ছিল। মহাশ্বেতা দেবী, যোগেন চৌধুরী তাঁরা হাইকোর্টে মামলা করেছেন। তাঁরা সোমনাথবাবুর বিরুদ্ধে কি করে জিতবেন ? কিন্তু তাঁদের যে প্রতিবাদ তা ন্যায্য। ডেভেলপমেন্ট অথরিটির নামে ওই জায়গাটা পঞ্চায়েত বা কারও না, বিশ্বভারতীর যে এরিয়া সেখানে বাড়ি করতে পারছেন না। তার বাইরে গিয়ে, যেটা পঞ্চায়েতের জমি নয়, এস এস ডি-এর নামে খোয়াইতে যে বাড়ি হচ্ছে, আমি তার তীব্র প্রতিবাদ করছি। সম্প্রতি আমরা শিলিগুড়িতে গিয়েছিলাম। অশোকবাবুর কেন্দ্রে ওখানে ফুলবাড়ি এস্টেট-এর অনেকটা চাষের জমি এস জে ডি এ অ্যাকোয়ার করে নিচ্ছে, আপনি ডেভেলপমেন্ট অথরিটিকে পাওয়ার দিলেন, ভাল। কিন্তু যেভাবে ফুলবাড়িতে তারা জমি অ্যাকোয়ার করে নিচ্ছে তা নিয়ে কৃষকদের মধ্যে ক্ষোভ-বিক্ষোভ রয়েছে। শিলিগুড়িতে চ্যাটার্জী টি এস্টেট যেভাবে চাঁদমনিতে বাড়ি তৈরি করেছে, তাতে মানুষের ক্ষোভ আছে।

আমি অশোকবাবুকে হাউসে বারবার বলেছি আর্বানাইজেশন ভালো, কিন্তু নট অ্যাট দি কস্ট অফ পেঞ্জান্টস। আর্বানাইজেশন ভালো, কিন্তু নট অ্যাট দি কস্ট অফ এনভায়রনমেন্ট। নগরায়ণ ভালো, কিন্তু নট অ্যাট দি কস্ট অফ ট্রান্সপারেন্সি। এই যে সলপে টাউনশিপ গড়ার জন্য বেনি সন্তোষা বাড়ি করছে, জমিটা কিভাবে পেল ? টাউনশিপ গড়ার জন্য ইন্দোনেশিয়া থেকে বেনি সন্তোষাকে আসতে হলো কেন ? তাদের কি কোনো হাই টেকনোলজি আছে, তারা কেন এখানে বাড়ি করার জন্য ইনভেস্ট করতে আসছে ? এই বেসিক প্রশ্ন বামফ্রন্টের বিরুদ্ধে আমরা বার বার রেখেছি। তাঁরা প্ল্যানিং এবং ডেভেলপমেন্টের জন্য জমি জায়গাকে নিজেদের সম্পত্তি বলে বেছে নিয়ে যাকে ইচ্ছা জমি দিচ্ছেন এবং তাতে ডেভেলপমেন্টের কোনো অর্থ থাকছে না। রাজারহাটে যেভাবে জমি দেওয়া হয়েছে, আমি তার তীব্র বিরোধিতা করছি। তবে এই যে আইনটা করছেন, এতে আপত্তি নেই। বিশেষ করে পঞ্চায়েত এলাকায় বাড়ি করার ক্ষেত্রে ডেভেলপমেন্ট অথরিটি বা প্ল্যানিং অথরিটি তারা বেশি কম্পিটেন্ট। আমি আশা করি মন্ত্রী হিডকোকে, ডেভেলপমেন্ট অ্যান্ড প্ল্যানিং অথরিটি তার পাওয়ার দিয়ে দেবেন। রবীনদেববাবু আমাকে টাইম শর্ট করতে বলেছেন। আমি তাই লাল আলো জ্বলার আগেই আবার বক্তব্য শেষ করছি।

শ্রী রঞ্জিত কুণ্ডু : স্যার, দি ওয়েস্ট বেঙ্গল টাউন অ্যান্ড কান্ট্রি (প্ল্যানিং অ্যান্ড ডেভেলপমেন্ট (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০০৬, ১৯৭৯ সালের মূল আইনের যে সংশোধনী মাননীয় মন্ত্রী এখানে উপস্থিত করেছেন, আমি তাকে সমর্থন করছি। সৌগতবাবু একে সমর্থন করেছেন। তিনি সঠিকভাবেই বলেছেন যে, আমাদের এটা দরকার আছে। ডিসেম্বর মাসে এটা অর্ডিন্যান্স হিসাবে প্রথমে আসে। যেভাবে পরিকাঠামো গড়ে উঠছে, শহরগুলো গড়ে উঠছে, তাতে এটার দরকার আছে। সেটা সম্ভব নয় তাই এই ধরনের একটা আইনের দরকার আছে। এবং এটাও ঠিক যে ডিসেম্বর মাসে যখন অর্ডিন্যান্স হিসাবে আসে, দরকার ছিল। কতগুলো বড় বড় বাড়ি শুধু করা হচ্ছে তাই নয়, মধ্যবিত্তরাও সেখানে জমি পাচ্ছেন। এমন কী এল.আই.জি.-তে জমি পেয়েছেন। কাজেই এত অস্থির হওয়ার কিছু নেই। আর, রাজারহাটকে কেন্দ্র করে আপনাদের উদ্বেগের কারণ আমাদের জানা আছে। সৌগতবাবুরা রাজারহাটের কৃষকদের খেপাবার চেষ্টা করেছিলেন। কারণ সেখানে সব কিছু সুচারুভাবে, পরিকল্পিতভাবে করা হয়েছে। কৃষকদের যেমন জমির দাম দেওয়া হয়েছে তেমনি তাদের রুটি-রুজিরও ব্যবস্থা করা হচ্ছে। মাননীয় সৌগতবাবুর নিশ্চয় জানা আছে, রাজারহাটে যে টাউনশিপ হচ্ছে সেখানে নেবারহুড কমিটি করা হয়েছে যাতে প্রোমোটাররা অপরিকল্পিতভাবে জায়গা নিয়ে কিছু করতে না পারে। কাজেই দুশ্চিন্তা করার কিছু নেই। মানব সভ্যতা এগোচ্ছে এবং তার সঙ্গে তাল মিলিয়ে শহর, নগর, গড়তে হবে। তার মধ্যে আবার কর্মসংস্থানের বিষয়ও থাকছে ; তাকে বাদ দিয়ে কিছু হচ্ছে না। রাজারহাটে কর্মকান্ড ইতিমধ্যেই শুরু হয়ে গেছে। কাজেই দুর্ভাবনা করার কিছু নেই। ওখানকার মানুষ দুর্ভাবনা করছেন না, কৃষক দুর্ভাবনা করছেন না, পশ্চিমবাংলার মানুষও দুর্ভাবনা করছেন না। আজকে কৃষকরা জানেন যে, শুধু জমির উপর নির্ভর করে থাকলে আর রুটি-রুজি চালানো সম্ভব হবে না। তাই দরকার শিল্পায়ন। কাজেই ওঁরা বারবার কৃষকদের খ্যাপাবার চেষ্টা করলেও কৃষকরা খ্যাপেনি। ওঁরা আজকে এই বিষয়টাকে নির্বাচনী ইস্যু করতে চাইছেন। করুন। আমরা তাকে ফেস করব নির্বাচনে। আমরা

ফিরে আসব কিন্তু ওঁদের অনেকে এখানে আসতে পারবেন না। তাই আমি আরেকবার এই সংশোধনীকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী জীবনকৃষ্ণ সাহা : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, 'ওয়েস্ট বেঙ্গল টাউন অ্যান্ড কান্ট্রি (প্ল্যানিং অ্যান্ড ডেভেলপমেন্ট) (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০০৬-কে সমর্থন করে দু-একটা কথা বলছি। ধরুন কোনো নতুন শহর তৈরি হবে পঞ্চায়েত এলাকায়। কিভাবে হবে ? মিউনিসিপ্যালিটি নেই, তার কোনো সুযোগ-সুবিধা নেই কিভাবে তৈরি হবে ? সেই জন্য এই বিল আনা হয়েছে। এই বিলকে আমি সমর্থন করছি। যেমন রাজারহাট পঞ্চায়েত এলাকা, সেখানে উন্নয়ন করতে গেলে, সেখানে বড় বড় বাড়ি হচ্ছে, হাই-রাইজ হচ্ছে, কিন্তু পঞ্চায়েতের তো কোনো পরিকাঠামো নেই। তারা কিভাবে পার্মিশন দেবে ? সেই জন্য হিডকোকে দেওয়া হয়েছে। পাশাপাশি দীঘা-শংকরপুর ডেভেলপমেন্ট অথরিটি এবং পশ্চিমবাংলায় আরও ৯টা আর্বান ডেভেলপমেন্ট অথরিটি আছে। দীঘা-শংকরপুর, শিলিগুড়ি-জলপাইগুড়ি এবং আরও নতুন নতুন কয়েকটা শহর ইদানীংকালে হচ্ছে। সেই বারুইপুর নতুন করে তৈরি হচ্ছে। সেখানে কিছু মিউনিসিপ্যালিটি কিছু পঞ্চায়েত এলাকা আছে। এছাড়া ওয়েস্ট হাওড়াতে পঞ্চায়েত এলাকা। সেই জন্য এই বিলকে আমি সমর্থন জানাচ্ছি। উন্নতি করার জন্য এটা আনা হয়েছে। শুধু পুরনো ভাবধারাকে উন্নত করলেই হবে না, আমাদের বামফ্রন্টের নীতি হচ্ছে নতুন নতুন এলাকাকে সংযোজিত করে মানুষ যাতে বিভিন্ন জায়গায় শহরের সুযোগ-সুবিধা পেতে পারে, নতুন নতুন উন্নত পরিকাঠামোর সুযোগ পায় তার জন্য উন্নয়নের ধারাকে বিভিন্ন জায়গায় ছড়িয়ে দেওয়ার চেষ্টা করা হচ্ছে। গতকাল বিরোধী দলের একজন মাননীয় সদস্য বললেন কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের যেভাবে ব্যয় হচ্ছে ; কত টাকা কিসে ব্যয় হচ্ছে তা তিনি বললেন। স্বাভাবিকভাবেই সেখানে মনে প্রশ্ন জাগে ইতিপূর্বে যখন এন.ডি.এ. সরকার ছিল হাইওয়েতে 'প্রধানমন্ত্রী সড়ক যোজনা'য় যে বড় বড় রাস্তা হচ্ছিল সেখানে আমরা দেখেছি প্রধানমন্ত্রীর ছবি দিয়ে পার্মানেন্টলি গেট তৈরি করে দেওয়া হয়েছে।

[1.50—2.00 p.m.]

প্রধানমন্ত্রীর ছবি দিয়ে পার্মানেন্ট গেট করে দেওয়া হয়েছে কিন্তু আমাদের কলকাতার মেয়র সঠিক সিদ্ধান্তই নিয়েছেন যে, জনগণের পক্ষে কোথায় কিভাবে ব্যয় হবে কাগজের মাধ্যমে জানিয়ে দিলে সাধারণত মানুষের সব সময়ে জানা সম্ভব হয় না। কিন্তু এখানে যে পদ্ধতি নেওয়া হয়েছে তাতে এলাকার মানুষ জানতে পারছে তার এলাকার কাজ কি হচ্ছে না হচ্ছে। এই যে ল্যান্ড ইউজ কন্ট্রোল প্ল্যানের আওতায় এই সব যে শহরগুলো তৈরি হল এবং তার জন্য যে মিউনিসিপ্যালিটি তৈরি হল, সেগুলোতে দায়িত্ব হস্তান্তর করার জন্য এবং দেখাশোনা করার জন্য মাননীয় মন্ত্রী যে বিল এনেছেন তাকে আমি পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী যে দি ওয়েস্ট বেঙ্গল টাউন অ্যান্ড কান্ট্রি (প্ল্যানিং অ্যান্ড ডেভেলপমেন্ট) (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০০৬ এখানে এনেছেন সেই বিষয়ে এর আগে আমাদের দলের সদস্য সৌগত রায় উল্লেখ করেছিলেন। এটাকে অর্ডিন্যান্স আকারে এর আগে ২০০৫ সালে এনেছিলেন।

এটাকে অর্ডিন্যান্স আকারে নিয়ে আসার কোনোই প্রয়োজনীয়তা নেই। এটা একটা সামান্য ব্যাপার, একটা যে ধারা আছে, সেই ধারার সঙ্গে নতুন ধারা ১৩-এ ধারাটিকে যুক্ত করেছেন। ...The State Government may, by notification, for such period and on such terms and conditions, as may be specified, empower a Planning Authority or a Development Authority or any other authority to regulate building operation within the Planning Area, and to impose fees for such purposes, and in such manner, as may be prescribed.

এর আগে পশ্চিমবঙ্গে অনেকগুলো অথরিটি হয়েছে যেমন দুর্গাপুর-আসানসোল ডেভেলপমেন্ট অথরিটি, দীঘা ডেভেলপমেন্ট অথরিটি, হলদিয়া ডেভেলপমেন্ট অথরিটি। আপনারা এই যে অথরিটিগুলো করেছেন বিভিন্ন জায়গায় তাতে আপনাদের হাতেই ক্ষমতা দিতে চাইছেন। একটা বিল্ডিং করার ক্ষেত্রে প্ল্যানিং ফিজের দরকার এবং প্ল্যানিংয়ের জন্য টেকনিক্যাল নো হাউ থাকার দরকার। পঞ্চায়েত এরিয়াতে একটা বড় বিল্ডিং যদি ওঠে তার জন্য যে প্ল্যানিং দরকার এবং টেকনিক্যাল নো হাউ থাকার দরকার তার কোনো ইনফ্রাস্ট্রাকচার পঞ্চায়েত এরিয়াতে নেই। আমি আপনার কাছে একটি বিষয় জানতে চাইছি আপনি বলার সময়ে তার উত্তর দেবেন। হলদিয়া ডেভেলপমেন্ট অথরিটির সঙ্গে আপনাদের দলের যাঁরা যুক্ত আছেন, সরাসরি বামফ্রন্টের যাঁরা যুক্ত আছেন তাঁরা এই ডেভেলপমেন্ট অথরিটির যে কাজ হচ্ছে সেখানে টাকা কোথায় লাগবে, কেন লাগবে কিছুই ঠিক জানেন না। এক্ষেত্রে আমাদের কোনো লোককে সেখানে রাখেননি। এমন কি দুর্গাপুরেও যে এম এল এ আছেন তাকেও এই অথরিটিতে নেওয়া হল না। হলদিয়া ডেভেলপমেন্ট অথরিটির মধ্যে মহিষাদল এবং তমলুক ঢুকেছে, সেখানে আমাদের এম এল এ আছেন, তাকেও এই অথরিটির মধ্যে রাখেননি। এই যে কাজগুলো হবে কোথায় তার ত্রুটি-বিচ্যুতি হল সেটা আমরা দেখতে পাচ্ছি না। হলদিয়া ডেভেলপমেন্ট অথরিটির অধীনে 'আই কেয়ার' নামে একটি সংস্থা আছে, এই সংস্থাটিকে ২৫ কোটি টাকার প্রপার্টি এক টাকায় দিয়ে দিয়েছেন। আই কেয়ার সংস্থাটি বেনামে চলছে এবং যাঁর সংস্থাটি তাঁর স্ত্রী ডেভেলপমেন্ট অথরিটির চেয়ারম্যান, তিনি ২৫ কোটি টাকার সম্পত্তি এক টাকায় দিয়ে দিয়েছেন। সেখানে যে ডেভেলপমেন্ট করবেন সেটা কমার্শিয়াল ওয়েতে ডেভেলপমেন্ট করবেন নাকি, কি উপায়ে করবেন, এর নিয়ন্ত্রণে কে থাকবে, তার কোনো উল্লেখ নেই। আপনারা বিভিন্নভাবে ক্ষমতা দিচ্ছেন ফর for such period এটা ঠিক বুঝতে পারলাম না। এখানে ক্লজে নির্দিষ্ট সময় বা পিরিয়ড কিছু বলা নেই যে কতদিনের জন্য অথরিটির ক্ষমতা দিচ্ছেন। সেখানে পার্মানেন্টলি দিলেন কিনা সেটাও বলা নেই। এটা পরিষ্কার করে বলার দরকার। মাননীয় সদস্য সৌগত রায় যা বললেন, আমরাও জানি আপনাদের উদ্দেশ্য হচ্ছে রাজারহাট নিউ টাউনশিপে যে জমিগুলো আছে, সেই জমিগুলো ডেভেলাপারদের দিয়ে ডেভেলাপ করার জন্য দিয়ে দিচ্ছেন। মাননীয় প্রাক্তন মুখ্যমন্ত্রীর ছেলেকেও জমি দিয়েছেন। প্রসূন মুখার্জী, সুপার পাওয়ার ফুল আমাদের পশ্চিমবঙ্গে, তাঁকেও ব্যক্তিগতভাবে বুদ্ধদেববাবু জমি দিয়েছেন। তিনি নাকি বড় বড় ডেভেলাপ করবেন। তারা বড় বড় ডেভেলপমেন্ট করবে

কিন্তু এই যে অথরিটি এরিয়া আছে, সেই এরিয়ার মধ্যে অনেক জায়গায় পঞ্চায়েত এরিয়া পড়ছে। তাহলে মূল উদ্দেশ্যটা আপনাদের কি ? হিডকো এই যে ডেভেলপ করছে, এটা নিয়ে গৌতম দেবের সঙ্গে আলোচনা হয়েছিল যে, হাউসিং বোর্ডকে আপনি এড়িয়ে গিয়ে নতুন এজেন্সি তৈরি করেছেন এবং সেই এজেন্সির হাতে ক্ষমতা দিয়েছেন ডেভেলপ করার। ফলে হাউজিং বোর্ড দুর্বল হয়ে পড়ছে, আর হিডকো আস্তে আস্তে শক্তিশালী হচ্ছে। এই যে আলাদা একটি সংস্থা তৈরি করে তাদের হাতে ক্ষমতা দিয়ে দিলেন, সেখানে আমি একটি কথা আপনাকে মনে করিয়ে দিতে চাই এবং আপনি এই ব্যাপারে একটুখানি উত্তর দেবেন, আপনারা যে নগরায়ণ করছেন, এই নগরায়ণ কি খুব বাস্তবসম্মত হচ্ছে ? মানুষের সংখ্যা বাড়লে অটোমেটিক্যালি নগরায়ণ হবে। কিন্তু যেখানে সারা ভারতবর্ষে প্রতি বর্গকিলোমিটারে লোকের সংখ্যা ৩২৪, সেখানে অলরেডি পশ্চিমবঙ্গে প্রতি বর্গকিলোমিটারে লোকের সংখ্যা ৯০৩ এবং কলকাতা এবং কলকাতার উপকণ্ঠে প্রতি বর্গকিলোমিটারে লোকের সংখ্যা ২৪ হাজার ৭০৭। পশ্চিমবঙ্গ অলরেডি ওভারলোডেড। সেখানে নগরায়ণের পরিকল্পনা কিভাবে হওয়া উচিত এবং সেই নগরায়ণ পরিকল্পনার মধ্যে আপনি কত পরিমাণ চাষযোগ্য জমিতে নিয়ে নিচ্ছেন তাতে আগামীদিনে আমাদের পশ্চিমবঙ্গে ব্যাপক সংকট সৃষ্টি করবে কিনা সেই হিসাব আপনার মাথায় রাখা উচিত। প্ল্যান করে দিলেন, তাঁদের হাতে ক্ষমতা দিয়ে দিলেন, তাঁরা ব্যাপকভাবে বাড়ি তৈরি করলেন, মাল্টিস্টোরিড বিল্ডিং, সপিং মল সমস্ত কিছু তৈরি করলেন, তাদের হাতে সমস্ত ক্ষমতা দিয়ে দিলেন কিন্তু এটা আমাদের জনজীবনের জন্য, পশ্চিমবাংলার মানুষের জন্য কতটা বিপজ্জনক, এটা বিজ্ঞানভিত্তিক কিনা সেটা কি চিন্তা করে দেখেছেন ? সম্প্রতি চীনে একটি সমীক্ষা হয়েছে, সেই সমীক্ষায় দেখা গেছে যে, তারা বলছে, আমরা কৃষিজমি নতুন করে নগরায়ণের জন্য নেব না। আমরা চেষ্টা করছি সীমিত জমির মধ্যে আকাশকে ব্যবহার করে কিভাবে বেশি করে বাসযোগ্য করা যায়। কারণ সেখানে জনসংখ্যা বেশি। আমাদের দেশে জন্ম নিয়ন্ত্রণের ব্যবস্থা নেই। চীনে আছে। সেখানে ১টির বেশি সন্তান হলে সরকার দায়িত্ব নেয় না। তাই যেখানে জনসংখ্যার উপর কোনো নিয়ন্ত্রণ নেই, এইরকম রাজ্যে যেখানে জমির পরিমাণ কমছে, জনসংখ্যা বাড়ছে, এমন জায়গায় দাঁড়িয়ে নগরায়ণকে আরও বেশি উৎসাহ দেবার জন্য আশপাশে হাওড়া, হুগলি এবং দক্ষিণ ২৪ পরগনার চারিদিকে জমি নিচ্ছেন এবং এগুলিকে বিভিন্ন ডেভেলপমেন্ট অথরিটির নিয়ন্ত্রণে আনবার চেষ্টা করছেন, সেখানে আমি বলব এটাকে সামাজিক দৃষ্টিভঙ্গি থেকে, আর্থিক দৃষ্টিভঙ্গি থেকে আগামী দিনের ভবিষ্যতের কথা ভেবে করা উচিত। আপনারা যেভাবে এগুলো করছেন সেটা কি ভেবে দেখেছেন ? আপনারা ক্ষমতা দেবেন, আইন করে পাস করে নেবেন। একটা উদ্দেশ্য থাকলে টেকনিকাল নো হাউ ভালো হলে প্ল্যানিংটা যথাযথভাবে হবে। তখন এটা পাস করা যাবে। এ প্রসঙ্গে একটা কথা জিজ্ঞাস করতে চাই, এই যে যেখানে-যেখানে অথরিটি আছে, যেমন কলকাতা কর্পোরেশন আছে, এখানে সি.এম.ডি.এ. আছে, এই কলকাতা কর্পোরেশনে আপনি নিজেই সরকার থেকে একটি কমিটি করে দিয়েছিলেন। সেই কমিটির রিপোর্ট আপনার কাছে প্লেস করেছে। আমি জানতে চাইছি, এই দুটো অথরিটির মধ্যে, যেখানে দুটো অথরিটি এক্সজিসটস করছে, যেমন দুর্গাপুর পৌরসভা আছে, আবার একটা অথরিটি আছে,

সেখানে কে দায়িত্ব নেবে, কাজটা কিভাবে ভাগ করে দেবেন, এই জায়গাটা যদি পরিষ্কার করে বলে দেন, তাহলে আমাদের বুঝতে সুবিধা হবে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করলাম।

শ্রী শেখ ইলিয়াস মহম্মদ : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, বিল নং ৫ ২০০৬ দি ওয়েস্ট বেঙ্গল টাউন অ্যান্ড কান্ট্রি (প্ল্যানিং অ্যান্ড ডেভেলপমেন্ট) (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০০৬ যা এই সভায় নিয়ে আসা হয়েছে, আমি তাকে পূর্ণ সমর্থন জানাচ্ছি। বিলটা অত্যন্ত জরুরি আমাদের নগরায়ণের ক্ষেত্রে। সামাজিক অগ্রগতির ক্ষেত্রে। এটা প্রথমে অর্ডিন্যান্স আকারে নিয়ে আসা হয়েছিল। অর্ডিন্যান্স আকারে নিয়ে আসার গুরুত্ব ছিল, সেই জন্য এটা নিয়ে আসা হয়েছে। এই বিলের মোদ্দা কথা হচ্ছে—Empower a Planning Authority or any other authority to regulate building operation within the planning areas and to impose fees for such purpose and in such manner as may be prescribed. ঘটনা হচ্ছে যে, আমাদের রাজ্যে প্রায় ৯টি ডেভেলপমেন্ট অথরিটি আছে। এছাড়া রাজ্যে ১২১টি মিউনিসিপ্যালিটি এবং কর্পোরেশন রয়েছে। এই এরিয়ার বাইরে যে জায়গায় ঘরগুলি নির্মাণ হয় প্রধানত ডেভেলপমেন্ট এরিয়ার অন্তর্ভুক্ত।

[2.00—2.10 p.m,]

সেই জায়গায় কোনো আইনগত অধিকার ছিল না। তাই মাননীয় মন্ত্রী রেগুলেট করে এই বিষয়ে অত্যন্ত গুরুত্ব দিয়ে এই বিলটা নিয়ে এসেছেন। নগরায়নের ব্যাপারে আমি একটা কথা বলি, রাজারহাটে যে নগরায়নের কাজ হচ্ছে, সেখানে যে নতুন টাউনশিপ গড়া হচ্ছে, সেই টাউনশিপ আমরা ভিজিট করতে গিয়েছিলাম। সৌগতবাবু আমাদের কমিটির চেয়ারম্যান ছিলেন। সৌগতবাবু, দেখেছেন আমরা সেখানকার চাষীদের তাড়িয়ে দিইনি। চাষীদেরকে যথারীতি মূল্য দেওয়া হয়েছে, তাদের কর্মসংস্থানের সুযোগ করে দেওয়া হয়েছে এবং তাদের পুনর্বাসনের ব্যবস্থা করা হয়েছে—তা উনি দেখে এসেছেন। মাননীয় চেয়ারম্যান অত্যন্ত গুরুত্বসহকারে সার্টিফিকেট দিয়েছিলেন যে, কলকাতার বুকে দিনের পর দিন জনসংখ্যা বাড়ছে, সেই জন্য পার্শ্ববর্তী এলাকা চিহ্নিত করে যদি আমরা এটা না করতে পারি তাহলে সাধারণ মানুষ বাসের সুযোগ থেকে বঞ্চিত হবে। তখন দেখেছি তারা এটা সমর্থন করেছেন। আর বর্তমান সময়ে বলছে চাষীরা ক্ষতিগ্রস্ত হচ্ছে, কৃষকেরা ক্ষতিগ্রস্ত হচ্ছে। আমাদের নীতি সুস্পষ্ট। নগরায়ন বা শিল্পায়নের জন্য যে সমস্ত জায়গা আমরা নিচ্ছি, ক্ষুদ্র বা প্রান্তিক যে ধরনেরই চাষী হোক না কেন তাদের প্রকৃত মূল্য আমরা দিচ্ছি, কর্মসংস্থানের সুযোগ আমরা দিচ্ছি এবং পুনর্বাসনের ব্যবস্থা করে দিচ্ছি। সুতরাং নগরায়নের কথা ভেবেই মাননীয় মন্ত্রী আজকে এই বিল এখানে নিয়ে এসেছেন। এই জন্য এই বিলকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী অসিত মিত্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী শ্রী অশোক ভট্টাচার্য মহাশয় যে বিল এনেছেন The West Bengal Town and Country (Planning

and Development) (Amendment) Bill, 2006. আমি এর বিরোধিতা করছি এবং তার উপর আমার বক্তব্য রাখছি, স্যার, উনি বললেন আমরা অর্ডিন্যান্স করলাম। অর্ডিন্যান্স কেন করলেন ? তার কারণে তিনি কি বলেছেন ? একটা জায়গায় তিনি বলেছেন 'আমাদের সময় যেহেতু বেশি নেই, সেই জন্য আমাদের করতে হয়েছে।' "The State Government may, by notification, for such period and on such terms and conditions as may be specified, empower a Planning Authority or a Development Authority or any other authority to regulate building operation within the Planning Area...." এটা তারা বলেছেন। তারা একটা কথা বললেন যে, "এটা আমাদের করতে হল তার কারণ বিধানসভার সেসান এখন নেই।" As the West Bengal Legislative Assembly was not in session and as it was necessary to take immediate action in the manner. মাননীয় অশোববাবু আমি আপনাকে বলছি, গত বিধানসভার অধিবেশন যখন শেষ হল তার পর থেকে এটার তফাৎ মাত্র ২ থেকে আড়াই মাস হবে। যখন বিধানসভা চলছে তখন কিন্তু এটা মনে হয়নি যে, এটা আনা দরকার আছে। যখন বিধানসভা শেষ হল তখন মনে হল এটা করার দরকার। পার্লামেন্টে যখন সেশন থাকে না, অ্যাসেম্বলীতে যখন সেশন থাকে না তখন অর্ডিন্যান্স আনা হয়। আমাদের বাজেট সেশন যখন শেষ হয়ে গেল, তারপর এতদিনে মন্ত্রীর এটা মনে হল এটা করা দরকার। সৌগতবাবু, শোভনদেববাবু যে কথা বলেছেন আপনারা রাজারহাটে, পশ্চিম হাওড়ায় উপনগরী নিয়ে চিন্তা করছেন। আপনার দল যখন বিরোধী আসনে ছিল তখন অর্ডিন্যান্সের বিরোধিতা করেছেন এবং এখনও পার্লামেন্টে করছেন। ...The ordinance is as such undemocratic.

বিশেষ করে যে দেশে এই ধরনের পার্লামেন্ট সেসান, অ্যাসেম্বলী সেসান বার বার বসে না—আপনারা অর্ডিন্যান্স করলেন কবে ৯ ডিসেম্বর ২০০৫-এ। অর্থাৎ আমাদের অ্যাসেম্বলী বসার কিছুদিন পর। এটা কি দরকার ছিল ? আপনি ৯ ডিসেম্বর ২০০৫-এ অর্ডিন্যান্স করেছেন। তার মানে আপনাদের গণতন্ত্রের প্রতি শ্রদ্ধা কতখানি তা বোঝাই যাচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সরকার পক্ষ থেকে মাননীয় মন্ত্ররা বারবার গণতন্ত্রের কথা বলেন। সেখানে ২০/২৫ দিনের জন্য একটা অর্ডিন্যান্স কেন করতে হবে ? ওঁনাদের ইচ্ছা যে রাজ্যপালের অর্ডিন্যান্সটা দেখিয়ে কাজ চালিয়ে যাবেন। কোনো জায়গায় বাড়িঘর হলে আমাদের নিশ্চয় আপত্তি থাকার কথা নয়। বাড়ি না হলে এত মানুষ থাকবে কোথায় ? রাজারহাটে নাহলে অন্য হাটে করতে হবে। কোন হাটে করবেন কি করবেন না সেটা আপনাদের ব্যাপার কিন্তু এটা নিয়ে বিধানসভাতে আলোচনা করেননি। পশ্চিম হাওড়া উপনগরীর কথা বললেন। পশ্চিম হাওড়া উপনগরীর পরিকল্পনা যখন গৃহীত হয়েছিল তখন আপনারা আসেননি, সম্ভবত ৭৫/৭৬ সালে। যখন শুরু করলেন তখন আপনাদের মাথায় এল না কাকে পারমিশন দেবেন। সালেম গোষ্ঠীকে জমি দেওয়ার তীব্র বিরোধিতা করেছিল জিরো আওয়ারে, এখনও করছি। মাননীয় মুখ্যমন্ত্রী গেছেন সালেম গোষ্ঠীর কারখানা

'মহাভারত'-এর ফাউন্ডেশন স্টোন লে করতে, যেখানে 'অর্জুন' নামে টু হইলার তৈরি হবে। সেখানে অর্জুন হবে না দুর্যোধন হবে সেটা ভবিষ্যতেই জানা যাবে। পশ্চিম হাওড়া উপনগরীর জন্য যেভাবে চাষের জমি নিয়েছেন তার বিরোধিতা বারবার করেছি। হাওড়া শহরের উন্নয়ন করতে গেলে তার আশেপাশে অনেক জায়গা ছিল, সেখানে করতে পারতেন। সলপ-এর ওই মাঠ, বাঁকুড়া, যেখানে সংখ্যালঘুদের বাস, কোনার মতো জায়গায় সেইসব জায়াগ নিয়ে এই খেলা খেলতে শুরু করলেন। দুর্গাপুর ডেভেলপমেন্ট অথরিটি করেছেন, দীঘা ডেভেলপমেন্ট অথরিটি করেছেন, বিভিন্ন ডেভেলপমেন্ট অথরিটি করেছেন, সব ঠিক আছে। কলকাতা কর্পোরেশনের অধীনে যখন কোনো জায়গায় বাড়ি হবে, যেই কনস্ট্রাকশন করুন না কেন, তাকে কলকাতা কর্পোরেশন থেকে পারমিশন নিতে হবে। অন্যান্য মিউনিসিপ্যালিটি এলাকায় বাড়ি করতে গেলে মিউনিসিপ্যালিটি থেকে পারমিশন নিতে হবে। কিন্তু মনে রাখবেন এইগুলো গণতান্ত্রিকভাবে নির্বাচিত প্রতিনিধিদের দ্বারা পরিচালিত বোর্ড। আমার যদি গ্রাম পঞ্চায়েতের হাতে ক্ষমতা দেন, আমি জানি তাদের সেই পরিকাঠামো নেই এবং দেয়ার ইজ এভরি পসিবিলিটি টু মিসইউজ দা পাওয়ার, বিকজ দেয়ার ইনএফিসিয়েন্সি। এই যে নির্বাচিত প্রতিনিধিদের হাত থেকে ক্ষমতা আপনি সরিয়ে নিলেন, যেক্ষেত্রে পঞ্চায়েতকেও দিতে পারছেন না, আবার ওখানে মিউনিসিপ্যালিটিও নেই, সেইজন্য আপনি কি করছেন ? ডেভেলপমেন্ট অথরিটি করছেন এবং তা করতে গিয়ে কাদের বসাবেন ? নিশ্চয় নির্বাচিত প্রতিনিধিদের হাতে ক্ষমতা থাকবে না—তিনি সুব্রত মুখার্জী হোন বা বিকাশ ভট্টাচার্য হোন বা মিউনিসিপ্যালিটির প্রতিনিধি হোন। তারা নির্বাচিত প্রতিনিধি হিসাবে সেখানে স্বাক্ষর করেন বা মেয়র পরিষদের দায়িত্বে যাঁরা আছেন তাদের রেকমেন্ডেশন স্বাক্ষর করেন।

[2.10—2.20 p.m,]

ওখানে আপনি যে ডেভেলপমেন্ট অথরিটি করেছেন এটা একটা নমিনেটেড বডি হবে এবং সেই নমিনেটেড বডির কোনো নির্বাচিত অস্তিত্ব থাকবে না, ফলে যে স্বায়ত্তশাসনের অধিকার কলকাতা করপোরেশন পায়, যে স্বায়ত্তশাসনের অধিকার বোলপুর মিউনিসিপ্যালিটি পায় সেই স্বায়ত্তশাসনের অধিকার আপনি রাজারহাটকে দিতে পারবেন না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মন্ত্রিমহাশয়কে জানাতে চাই, এই যে বিলটা আপনি এনেছেন, আমার মনে হয় এই বিলটার পুনর্বিবেচনার দরকার আছে। এই বিলটা এখনই পাশ করানোর দরকার নেই। এর জন্য আর একটা নোটিফিকেশন করুন, প্রয়োজন হলে পিপলের কাছে যান। এই সরকারে না করা যায়, নতুন সরকার এসে এটা করতে পারেন। তাই আমি বলতে চাই যে, অবিলম্বে পাশ না করে, আর একবার নোটিফিকেশনের জন্য দিন, সেই অনুরোধ আমি আপনার কাছে রাখছি।

শ্রী অশোক ভট্টাচার্য : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, দি ওয়েস্ট বেঙ্গল টাউন অ্যান্ড কান্ট্রি প্ল্যানিং ডেভেলপমেন্ট যে সংশোধনী বিধেয়ক আমরা এখানে এনেছি তার সমর্থনে আমি কয়েকটি কথা বলতে চাই। অর্ডিন্যান্স কেন করা হল ? সসংসদীয় গণতন্ত্রে অর্ডিন্যান্স আনাই যায়, এটা সংসদীয় গণতন্ত্রের বাইরে নয়। অর্ডিন্যান্স আনা সসংদীয় গণতন্ত্রের অঙ্গ।

অবজেক্টস অ্যান্ড রিজনসে পরিষ্কার লেখা আছে, সেশন চলছে না এরকম সময়ে প্রয়োজনে এবং জরুরি মনে করলে অর্ডিন্যান্স আনা হয়। আপনার এর বিরোধিতা করেছেন। বিরোধিতা করাটাই স্বাভাবিক, বিরোধিতা করতে গিয়ে আপনারা কিছু কথা বলেছেন। আসলে আপনারা বিলটা বুঝতেই পারেননি। বিলটাকে বুঝতে হবে। বিষয়টার বিরোধিতা করতে গিয়ে আপনারা নগরায়নের বিরোধিতা করলেন, শিল্পায়নের বিরোধিতা করলেন, পঞ্চায়েতের হাতে ক্ষমতা প্রদানের বিরোধিতা করলেন। অবশ্য আপনারা কোন উন্নয়নের বা পক্ষে থেকেছেন ? পশ্চিমবঙ্গের শিল্পায়নের তীব্র বিরোধিতা করেছেন, পঞ্চায়েত ব্যবস্থার তীব্র বিরোধিতা করেছেন, পশ্চিমবঙ্গের কৃকেদের হাতে জমি তুলে দেওয়ার তীব্র বিরোধিতা করেছেন, পশ্চিমবঙ্গে পঞ্চায়েত এবং পৌরসভার হাতে আরও বেশি ক্ষমতা প্রদানের তীব্র বিরোধিতা করেছেন। স্বাভাবিকভাবেই এই বিলটারও বিরোধিতা করবেন এ আর নতুন কথা কি ? আপনারা আজকে কৃষকদের কথা বলেন। ভূমিসংস্কারের সময়ে কৃষকদের হাতে জমি দেওয়ার সময় আপনাদের ভূমিকা কি ছিল ?

(এ ভয়েস : ভূমিসংস্কারে আমরা পায়োনিয়ার)

শ্রী অশোক ভট্টাচার্য : আপনারা পায়োনিয়ার ? একথা শুনে ঘোড়াও হাসবে। সুতরাং বিষয়টা হচ্ছে আজকের দিনে কেউ নগরায়নের বিরোধিতা করতে পারেন না। সৌগতবাবু কিছু কথা বললেন, শোভনদেববাবু কিছু কথা বললেন, আসিতবাবু কিছু কথা বলেছেন। বিষয়টা হচ্ছে পৃথিবী নগরায়নের দিকে এগোচ্ছে। নগরায়নের বিরোধিতা কেউ করতে পারে না। ২০২৫ সালের মধ্যে ৬০ পার্সেন্ট লোক নগরে বসবাস করবে। আপনি আটকাতে পারবেন না। সভ্যতা, নগর এবং উন্নয়ন সমার্থক হয়ে দাঁড়িয়েছে। পৃথিবীকে আপনি পিছনে ঠেলতে পারবেন না। এ এগোনোর পক্ষে নগরায়ন হচ্ছে অন্যতম শর্ত। এখন দেখতে হবে যে, নগরায়ন পরিকল্পিতভাবে হচ্ছে না, অপরিকল্পিতভাবে হচ্ছে। পরিকল্পিতভাবে নগরায়ন হলে ওয়ান ফিফথ কৃষিজমি রক্ষা করা সম্ভব। অসিতবাবু একটা কথা বলেছেন নগরায়নের ফলে কৃষিজমি কমে যাচ্ছে। গ্রাম যদি নগর হয়, কৃষিজমি কমে যায় কিন্তু সবটাই কি সরকার করেছে ? সরকার কটা রাজারহাট করেছে ? ডানকুনিতে সরকার কটা করবে ? শিলিগুড়ির পাশে সরকার কতটা উন্নয়ন করেছে ? ৪-৫টা করেছে। সমস্ত জায়গার গ্রামগুলিকে নগরে, শহরে পরিণত করা হচ্ছে। এই গ্রামগুলিকে উন্নয়নের কারণেই কৃষিতে উন্নতি হচ্ছে। নন ফার্ম ইনকাম অকৃষি ক্ষেত্রে আয় বৃদ্ধি পাওয়ার জন্য এটা হচ্ছে। এটাকে আপনারা আটকাতে পারেন না।

এবার প্রশ্নটা হচ্ছে যদি দেখা যায় যে, ১ : ৫ কৃষিজমির ক্ষেত্রে যদি পরিকল্পিতভাবে নগরোন্নয়ন করা যায়, আমি উদাহরণ দিচ্ছি—আপনারা যখন ক্ষমতায় ছিলেন, তখন নগরে বসবাসকারী মানুষের সংখ্যা ছিল ১৭ পারসেন্ট ইন ওয়েস্ট বেঙ্গল। বাদবাকি সবটাই গ্রামের উপর নির্ভরশীল ছিল। তখন কৃষি উৎপাদন ছিল ৭৫ লক্ষ টন। আজকে সেই জায়গায় গ্রামে ১৫৫ লক্ষ টন খাদ্যশস্য উৎপাদিত হচ্ছে। ১৬৫ লক্ষ টন সবজি উৎপাদিত হচ্ছে। আপনি যদি বলেন যে, কৃষি জমি সবই চলে গেছে, তাহলে এটা কেন হচ্ছে ? এখানে ব্যাপারটা হচ্ছে

কতটা গ্রাম থাকল সেটা না দেখে, কতটা জমি কৃষির আওতায় এসেছে, কতটা জমি সেচের আওতায় এসেছে, কতটা জমিতে ভার্টিকাল প্রোডাকশন বাড়ানো যাবে, এগুলি দেখবে হবে। এইসব জিনিসগুলির উপর কৃষি উৎপাদন বৃদ্ধি নির্ভর করে। গ্রাম থাকলেই যে কৃষি উৎপাদন বৃদ্ধি পাবে তা নয়। সেই কারণে আমাদের কথা হচ্ছে যে, গ্রামের সঙ্গে শহরের সামঞ্জস্য রেখেই নগরোন্নয়ন করা, আমাদের নীতি হচ্ছে ভারসাম্য রেখে নগরোন্নয়ন করা। আমাদের নীতি হচ্ছে কৃষির উপর নির্ভর করে শিল্পায়ন করা। কোনো নগরোন্নয়ন দীর্ঘস্থায়ী উন্নয়ন হতে পারে না, যদি তার মধ্যে ইকনমিক ডেভেলপমেন্ট না থাকে। অর্থনৈতিক বিনিয়োগ যদি না থাকে, ইকনমিক অ্যাকটিভিটি যদি না থাকে, এমপ্লয়মেন্ট জেনারেশন যদি না থাকে তাহলে সেই নগরোন্নয়ন কখনোই দীর্ঘস্থায়ী নগরোন্নয়ন হতে পারে না। এখানে একটা উদাহরণ দিই। ভোলা সেন ভাতারকে জোর করে শহরে পরিণত করা সত্ত্বেও ভাতার এখনও পর্যন্ত শহর হয়নি। ভাতার গ্রামই থেকে গেছে। সুতরাং ইনগ্রেডিয়েটস দেখেই কোনগুলি নগর হবে, সেগুলিকেই আমাদের ব্যবহার করতে হবে। রাজারহাটে ডানকুনিতে ২৫ বছরের পরিকল্পনা তৈরি করেছি। আগামী ২৫ বছরে কতটা আবাসন হবে, কত স্কুলের প্রয়োজন হবে, কতটা শিল্পের জন্য জায়গা নিতে হবে, এই সমস্ত ব্যাপারগুলি নিয়েই আগামী ২৫ বছরের মাস্টার প্ল্যান তৈরি হয়ে গেছে। এগুলি সবটাই আইনের মাধ্যমে স্বচ্ছতার উপর নির্ভর করেই করা হচ্ছে। সুতরাং এখানে কোনো অস্বচ্ছতার প্রশ্ন নেই। আজকে এখানে একটা কথা বলি যে, এখানে কোনো পৌরসভার ক্ষমতা কেড়ে নেওয়া হচ্ছে না। যেখানে নগরোন্নয়ন হচ্ছে, অথচ পঞ্চায়েত আছে, সেখানে পঞ্চায়েতের ক্ষমতা নেই, ইনফ্রাস্ট্রাকচার নেই বিল্ডিং প্ল্যান পাস করার ক্ষেত্রে সেই জায়গাতে ইনটারভেন করার জন্য ক্ষমতা দেওয়া হয়েছে কনসার্নড ডেভেলপমেন্ট অথরিটিকে। এটা শুধুমাত্র রাজারহাটে নয়, নতুন যেখানে নগরোন্নয়ন হবে, সেখানেই এই ব্যবস্থা করা হবে। পঞ্চায়েতের প্ল্যানার নেই। পঞ্চায়েতের ইঞ্জিনিয়ার নেই। যেমন ধরুন শহর এলাকায় ১৪.৫ মিটারের উপর যদি বাড়ি তৈরি হয়, তাহলে সেই বাড়ির পারমিশান দেওয়ার ক্ষমতা নেই। কারণ ওদের সুপারিনটেনডেন্ট ইঞ্জিনিয়ার, চিফ ইঞ্জিনিয়ার নেই। সেই ক্ষমতা মিউনিসিপ্যাল ইঞ্জিনিয়ারিং ডাইরেক্টরেটকে দেওয়া আছে। ঠিক তেমনিভাবে গ্রামের ক্ষেত্রে যেখানে কোনো পৌরসভা নেই, সেখানে যে ডেভেলপমেন্ট অথরিটি আছে, তাকে এই ক্ষমতা দেওয়া হয়েছে। এটা রাজারহাটেও হতে পারে, আবার ডানকুনিতেও হতে পারে। সবটাই টাউন অ্যান্ড কান্ট্রি প্ল্যানিং অ্যাক্টকে ফলো করেই করা হয়েছে। সুতরাং সব কিছুই স্বচ্ছতার উপর নির্ভর করে, নীতির উপর নির্ভর করে আমরা নতুন করে শহরোন্নয়ন করছি। আমি আশা রাখছি হাউসের সকলে এই সংশোধনী বিলকে সমর্থন করবেন। এই কটি কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

Mr. Deputy Speaker : There were two Statutory Resolutions to this Bill moved by Shri Saugata Roy and Shri Kashinath Misra. I now put them to vote.

The motion of Shri Saugata Roy that this House disapproves the West Bengal Town and Country (Planning and Development) (Amendment) Ordinance, 2005, was then put and lost.

The motion of Shri Kashinath Misra that this House disaproves the West Bengal Town and Country (Planning and Development) (Amendment) ordinance, 2005, was then put and lost.

The motion of Shri Asok Bhattacharya that the West Bengal Town and Country (Planning and Development) (Amendment) Bill, 2006 be taken into consideration was then put and agreed to.

[2.20—2.30 p.m.]

Clauses 1 to 4

The question that Clauses 1 to 4 do stand part of the Bill was then put and agreed to.

Preamble

The qeustion that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Asok Bhattacharya : Sir, I beg to move that the West Bengal Town and Coutry (Planning and Development) (Amendment) Bill, 2006, as settled in the Assembly, be passed.

The motion of Shri Asok Bhattacharya that the West Bengal Town and Country (Planning and Development) (Amendment) Bill, 2006 as settled in the Assembly, be passed, was then put and agreed to.

The West Bengal Municipal Corporation Bill, 2003, As returned by the Governor

Shri Asok Bhattacharya : Sir, I beg to move that the following amendments as recommended by the Governor in the West Bengal Municipal Corporation Bill, 2003 be taken into consideration.

Clause 2

1. in Clause 2,—

(a) for sub-clause (1), the following sub-clause be substituted :

"(1) 'adulterated'—an article of food shall be deemed to be adulterated—

(a) if the article sold by a vendor is not of the nature, substance or quality demanded by the purchaser and is to his prejudice, or is not of the nature, substance or quality which it purports or is represented to be ;

(b) if the article contains any other substance which affects, or if the article is so processed as to affect, injuriously the nature, substance or quality thereof.

(c) if any inferior or cheaper substance has been substituted wholly or in part for the article so as to affect injuriously the nature, substance or quality thereof ;

(d) if any constituent of the article has been wholly or in part abstracted so as to affect injuriously the nature, substance or quality thereof ;

(e) if the article had been prepared, packed or kept under insanitary conditions whereby it has become contaminated or injurious to health ;

(f) if the article consists wholly or in part of any filthy putrid, rotten, decomposed or diseased animal or vegetable substance or is insect-infested or is otherwise unfit for human consumption ;

(g) if the article is obtained from a diseased animal ;

(h) if the article contains any poisonous or other ingredient which renders it injurious to health ;

(i) if the container of the article is composed, whether wholly or in part, of any poisonous or deleterious substance which renders its contents injurious to health ;

(j) if any colouring matter other than that prescribed in respect thereof is present in the article, or if the amounts of the prescribed colouring matter which is present in the article are not within the prescribed limits of variability ;

(k) if the article contains any prohibited preservative or permitted preservative in excess of the prescribed limits ;

(l) if the quality or purity of the article falls below the prescribed standard of its constituents are present in quantities not within the prescribed limits of variability, which renders it injurious to health ;

(m) if the quality or purity of the article falls below the prescribed standard or its constituents are present in quantities not within the prescribed limits of variability but which does not render it injurious to health ;

Provided that, where the quality or purity of the article, being primary food, has fallen below the prescribed standards or its constituents are present in quantities not within the prescribed limits of variability, in either case, solely due to natural causes and beyond the control of human agency, then such article shall not be deemed to be adulterated within the meaning of this sub-clause,

Explanation.—Where two or more articles of primary food are mixed together and the resultant article of food—

(a) is stored, sold or distributed under a name which denotes the ingredients thereof ;

(b) is not injurious to health,

then, such resultant article shall not be deemed to be adulterated within the meaning of this clause ;''

(b) for sub-clause (83), the following sub-clause be substituted :—

''(83) 'railway administration' has the same meaning as in the Railways Act, 1989 ;''

(c) in sub-clause (95), in item (b), in sub-item (iii)—

(a) for the words and figures ''the Indian Railways Act, 1890'', the words and figures ''the Railways Act, 1989'' be substituted ;

(b) in the marginal reference for the word and figures ''9 of 1890'', the word and figures ''24 of 1989'' be substituted ;''

Clause 294

2. In clause 294,—

(a) for the words and figures the ''Indian Electricity Act, 1910'', the words and figures ''the Electricity Act, 2003'' be substituted ;

(b) in the marginal reference for the word and figures "9 of 1910", the word and figures "36 of 2003" be substituted ;

Clause 314

3. In clause 314,—

(a) sub-clause (1) be omitted ;

(b) sub-clause (3) be omitted ;

Clause 316

4. Clause 316 be omitted ;

Clause 321

5. Clause 321 be omitted.

শ্রী সৌগত রায় : স্যার, আজকে মাননীয় শ্রী অশোক ভট্টাচার্য মহাশয় দি ওয়েস্ট বেঙ্গল মিউনিসিপ্যাল কর্পোরেশন বিল, ২০০৩, এনেছেন তার উপর বলছি যে, একটা বিচিত্র পরিস্থিতিতে এই বিল আজকে এনেছেন। আমরা ২০০৩ সালের ২৮শে জুলাই এখানে দি ওয়েস্ট বেঙ্গল মিউনিসিপ্যাল কর্পোরেশন বিল, ২০০৩ পাশ করেছিলাম। এই বিল পাশ করার পরে সেটা গভর্নরের কাছে গেল অ্যাসেন্টের জন্য। গভর্ণর দুটো কাজ করতে পারেন—(১) গভর্নর সংবিধানের আর্টিকেল ২০০ অনুযায়ী বিলটার অ্যাসেন্ট দিতে পারেন অথবা (২) বিলটা ফেরত পাঠাতে পারেন সাজেশন দিয়ে যে, 'তোমরা রিকনসিডার কর'। এক্ষেত্রে গভর্নর বিলটা পাঠিয়ে দিলেন মাননীয় রাষ্ট্রপতির কাছে। বিলটা হাউস হয়ে রাষ্ট্রপতির কাছে যায়। এবারে মাননীয় রাষ্ট্রপতি মহাশয়ের কাছ থেকে বিলটা ফেরত এল এবং যেগুলো এল সেটা যে সিগনিফিকেন্ট ব্যাপার তা নয়। মাননীয় রাষ্ট্রপতি মহাশয়ের ওখানে ওঁরা বললেন যে, অ্যাডালটারেশন বা ভেজালের সংজ্ঞা যেটা, সেটা যেরকমভাবে প্রিভেনশন অফ ফুড অ্যাডালটারেশন অ্যাক্ট-এ আছে ঠিক সেই রকম করে দেওয়া হোক। দ্বিতীয়ত শাস্তি দেওয়ার যে ব্যাপার ছিল ৩১৬ এবং ৩২১-এ, সেই শাস্তিগুলো অলরেডি প্রিভেনশন অফ ফুড অ্যাডালটারেশন অ্যাক্ট-এ দেওয়া আছে। ওঁরা বললেন যে, আলাদা করে এখানে শাস্তির কোনো ব্যাপার নেই। ৩১৬-তে যেটা ছিল সে ব্যাপারে মাননীয় রাষ্ট্রপতি মহাশয়ের কাছ থেকে খবর এল যে, 'এটাকে ডিলিট করে দাও'। ৩১৬-তে ছিল ....No person shall directly or indirectly, himself or by any other person on his behalf, sell, or expose, or hawk for sale, or manufacture, or store for the preparation of any food or drug or for sale, any food or drug which is adulterated or misbranded....If any manufactory or place of storage for sale of any article of food is kept in contravention of the provisions of this chapter, the Commissioner

may cause such manufactory or place of storage to be closed..... আর শাস্তিটা সম্বন্ধে বললেন—If any food seized under sub-section (2) is in the opinion of the commissioner, unfit for human consumption, he shall cause such food to be forth with destroyed. মাননীয় রাষ্ট্রপতি মহাশয়ের কাছ থেকে এই দুটো রেকমেন্ডেশন এল। মাননীয় রাষ্ট্রপতি মহাশয়ের কাছ থেকে বলা হল যে, ওগুলো বাদ দিয়ে দাও। কারণ অলরেডি প্রিভেনশন অফ ফুড অ্যাডালটারেশন অ্যাক্ট-১৯৫৪ এবং আরেকটা ছিল ৩১৪(৩), এ সবই ভেজাল নিয়ে। রাষ্ট্রপতি হঠাৎ ভেজাল নিয়ে পড়লেন কেন আমি জানি না। ৩১৪(৩)-এ এটা ফুড, এটা অলরেডি রয়েছে, সুতরাং এটার দরকার নেই। এর সঙ্গে ডিপার্টমেন্ট কিছু সংশোধন করেছে, এটা রাষ্ট্রপতিরটাতে ছিল না। ডিপার্টমেন্ট করছে কি এক জায়গায় ছিল ইন্ডিয়াল ইলেকট্রিসিটি অ্যাক্ট ২০০৩, কিন্তু সেই আইনটা পাল্টেছে, এটার নাম দিয়েছে 'দা ইলেকট্রিসিটি অ্যাক্ট ২০০৩', তেমনি একটা 'ইন্ডিয়ান রেলওয়ে অ্যাক্ট ১৯৮৯' জায়গায় 'ইন্ডিয়ান রেলওয়ে অ্যাক্ট ১৮৯০' জায়গায় 'দা রেলওয়েজ অ্যাক্ট ১৯৮৯' হবে। এটা চেঞ্জ হয়ে গেছে, চেঞ্জ করে দিয়েছে। রাষ্ট্রপতির যে ডিরেকশন আজকে এটা পাশ করে দেবেন। এই প্রসঙ্গে বলি এটা অশোকবাবুর একটা চেষ্টা একটা অমনিবাস বিল সব কটা কর্পোরেশনের জন্য করতে। বামফ্রন্ট ক্ষমতায় আসার পর প্রথমে হাওড়া, তারপরে এক এক করে শিলিগুড়ি, চন্দননগর, আসানসোল এবং দুর্গাপুর কর্পোরেশন তৈরি করেছে। কলকাতার জন্য আলাদা অ্যাক্ট আছে, 'কে.এম.সি. অ্যাক্ট ১৯৮০'। হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশনের জন্য আলাদা অ্যাক্ট আছে। আসানসোল, দুর্গাপুর, শিলিগুড়ি এবং চন্দননগর-এর জন্য একটা কমপ্রিহেনসিভ অ্যাক্ট উনি নিয়ে এলেন এবং সেই আইনটা এত দিনে পাশ হয়ে যাওয়া উচিত ছিল। একটা অ্যাক্ট-এ যত রকম প্রভিশান থাকে সেটা ডিটেলসে অ্যাক্টে আছে। অলমোস্ট কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের স্টাইলে এই অ্যাক্টটাকে করা হয়েছিল। স্যার, আপনি দেখুন, অনেকগুলি চ্যাপ্টার এই অ্যাক্ট-এ আছে, তার মধ্যে Municipal authorities, officers, conduct of business, control Municipal taxation, payment and recovery of tax functions in relation to water supply ইত্যাদি ইত্যাদি এই বারে কমপ্রিহেনসিভ কর্পোরেশন বিল, তার পরে বিল্ডিংয়ের জন্য একটা আলাদা চ্যাপ্টার, ফায়ার প্রিভেনশনের জন্য আলাদা চ্যাপ্টার, বস্তির জন্য আলাদা চ্যাপ্টার যে রকম কলকাতা কর্পোরেশন অ্যাক্টে আছে সেই রকম একটা অ্যাক্ট করেছেন। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে একটা কথা বলতে চাই এটা বলার কথা পৌর দপ্তরের যে বাজেট হয় সেদিন। আপনি কর্পোরেশন করে দিয়েছেন ঠিক আছে—খুব ভালো লাগলো আপনার বক্তৃতা, পার্টির থিওরিটিসিয়ান আপনাকে বলা যেতে পারে, তার কারণ আপনি এই নগরায়ন কত অবশ্যম্ভাবী এটা নিয়ে বলেছিলেন, আমার ভালো লাগছিল—আপনি নতুন শহর করেছেন রাজারহাট পরিষ্কার শহর করেছেন, আমার আপত্তি নেই। কিন্তু কর্পোরেশনগুলি করেছেন, যেমন আপনার নিজের শহর শিলিগুড়ি দেখুন, আপনি একটা কাঞ্চনজঙ্ঘা স্টেডিয়াম করেছেন, আর হিলকার্ট রোড করেছেন চওড়া, আর মহানন্দার

উপর ব্রীজ করেছেন, লোকে এটা ভালো বলে। কিন্তু শিলিগুড়িতে যত রাস্তা ন্যারো রাস্তা, চওড়া রাস্তা দুর্গন্ধময়, খোলা নর্দমা। আপনি কর্পোরেশন করে দূর করতে পেরেছেন ? একটা আধুনিক জীবন দিতে পেরেছেন ? শিলিগুড়ির খালপাড়ের যে নোংরা বস্তি, সেই বস্তি আপনি দূর করতে পেরেছেন ? নগরোন্নয়ন মানে কি ক্রিয়েশনস অফ হেকটোজ ? নগরোন্নয়ন মানে কি ক্রিয়েশনস অফ স্লামস ? শিলিগুড়িতে আপনি জানেন সব ক্রিমিনাল, আই.এস.আই. সবার সেল্টার হয়েছে। আপনি কর্পোরেশন করে দিয়েছেন, বাইরে একটু চকচকে লাগছে, দু-চারটে হোটেল করেছেন। কিন্তু নাগরিক জীবন, যেটা অর্মত্য সেন বারেবারেই বলেন কোয়ালিটি অফ লাইফ, সেটা কি আপনি ইমপ্রুভ করতে পেরেছেন ? এর আগে দুর্গাপুর প্ল্যানড সিটি ছিল বলে একটা প্রপার কর্পোরেশন হল। দুর্গাপুর সবটা সাজানো, স্টিল টাউনশিপ, এ.বি.এল. টাউনশিপ, দুর্গাপুর প্রটেকটেড টাউনশিপ আপনি যদি সেখানে বস্তি দেখেন। ঝিংড়ী মহল্লা, কসাই মহল্লা দেখুন ? মানুষ ওখানে কি করে থাকে ? নগরোন্নয়ন মানে কি এই জীবন দেওয়া ?

[2.30—2.40 p.m.]

নগরায়ন মানুষকে এই জীবন দেয়, মানুষ কাজের সন্ধানে শহরে এসেছিল, শহরগুলিও আন-প্ল্যানড ওয়েতে বেড়েছে। আমরা যখন শহরগুলিকে নিয়ে বলছি, কর্পোরেশন করার জন্য, তখন তাদের একটা ন্যূনতম জীবনের মান দিতে হবে। পানীয় জল দিতে হবে, পাকা রাস্তা দিতে হবে। কভার্ড ড্রেন দিতে হবে, রাস্তায় আলো দিতে হবে, পাকা ল্যাট্রিন দিতে হবে, পাকা সুয়ারেজ-এর ব্যবস্থা করতে হবে। টাকার কোনো অভাব নেই। গত কয়েক বছর ধরে নরসিমা রাও-এর সময় থেকে মিউনিসিপ্যালিটিগুলি টাকা পেয়েছে এটা আপনি আমাদের চেয়ে ভালো জানেন। এন এস ডি পি, আই এল এস এস, বেসিক মিনিমাম সার্ভিস এইগুলিতে সবই কেন্দ্রের টাকা এসেছে। আপনি সম্প্রতি ইটালিয়ানদের টাকা পেয়েছেন, ইউরোপিয়ান কমিশনের টাকা পেয়েছেন, স্পেন-এর টাকা পেয়েছেন। আবার ডি এফ আই ডি-র টাকা পেয়েছেন। ওয়ার্ল্ড ব্যাঙ্ক, এ ডি বি-র টাকা পেয়েছেন। আমি যেটা জানতে চাইছি, নগরায়ন মানে কি শুধু রাস্তাঘাট চওড়া করা, নগরায়ন মানে কি শহর তৈরি করা, কয়েকটি সুস্থ শহর তৈরি করা। দ্বিতীয়ত ঠিকই বলেছেন, কয়েকটি ক্ষেত্রে প্ল্যান টাউনশিপ সরকার করেছে। বেশিরভাগ তো প্রাইভেট প্রমোটাররা করছে। কি করছে ? শিলিগুড়ি শহরে গেলেই শোনা যায়, আগরওয়াল আর মিত্তালদের কথা। তারা জমি নিয়ে প্রমোটারি করে শহরের ক্যারেকটারটাই পাল্টে দিচ্ছেন। প্রমোটাররা আন-প্ল্যানড ওয়েতে প্রমোটারি করে পৌর আইন ভেঙে সমাজকে একেবারে করাপ্ট করে দিয়েছেন। নগরায়ণ-এর কথা আপনি বলেছেন, ইট ইজ অল ভেরি রাইট যে লিমিটেড পারপাসের কথা বলেছেন। আপনি ফুড অ্যাডালটারেশন-এর বিষয়টা এনেছেন। আপনি বলুন তো, কর্পোরেশন কেউ ফুড অ্যাডালটারেশন কিছু করে ? কলকাতার রাস্তায় যে স্ট্রিট ফুড বিক্রি হয়, কর্পোরেশনের ইন্সপেকটাররা আসে কখন, স্ট্রিট ফুডটা দেখতে ? কোনো ফাইভ স্টার হোটেলে গিয়ে কিচেনটা দেখবেন, কর্পোরেশনের ইন্সপেক্টররা সেখানে দেখতে যায়, সেই ব্যাপারে ব্যবস্থা নেওয়া দরকার। ফুড অ্যাডালটারেশনের ব্যাপারে বলি, যে ধরনের খাবার

মানুষ খায়, যে ধরনের রঙ খাবারে ব্যবহার করা হয়, তাতে আইন করে কোনো নিয়ন্ত্রণ হবে কি ? আপনি শিলিগুড়ি মিউনিসিপ্যালিটির বেশ কিছুদিন চেয়ারম্যান ছিলেন, এখন মন্ত্রী আছেন, একটা শহরের ডেভেলপমেন্ট মানে কি ? একটা ব্রডস্কেলে যদি বলি তাহলে ইনফ্রাস্ট্রাকচার ওয়াইজ যে কাজ তার সঙ্গে সঙ্গে লোয়ার লেবেলে কর্পোরেশনে ডে টু ডে যে কাজ, গার্বেজ ক্লিয়ারেন্স ফুড ইন্সপেকশান, রোড লাইট জ্বলে না, এইগুলি ঠিকমতো হচ্ছে না। এইগুলি আপনাকে সিরিয়াসলি ভাবতে হবে। যে সিস্টেমে আমরা ময়লা পরিষ্কার করি, সেটা ঠিক কি না দেখা দরকার। সারা পৃথিবীতে সলিড ওয়েস্ট ম্যানেজমেন্টের চেহারা পাল্টে গিয়েছে, এখন পর্যন্ত আমাদের দেশে, আমাদের রাজ্যে সলিড ওয়েস্ট থেকে অন্য কোনো বিকল্প হিসাবে আমরা যা ভেবেছি সেটা হচ্ছে সার। সারের একটা ছোট কারখানা হয়েছে তা থেকে বিদ্যুৎ আমরা এখনও তৈরি করতে পারছি না। সিরিয়াসলি এই ব্যাপারে ভাবা দরকার। কলকাতা ছেড়ে দিন, অন্য কোনো কর্পোরেশনে ট্রেঞ্চিং গ্রাউন্ড আছে ? ময়লা ফেলার জাগয়া আছে ? কলকাতায় সাহেবরা করেছিল ধাপা, সেইখানে আমরা সবাই ময়লা ফেলি। কিন্তু এইসব শহরগুলিতে ময়লা ফেলার কোনো ব্যবস্থা নেই। আপনি একটা কমপ্রিহেনসিভ বিল আনছেন, ভালো কথা। এতে আপত্তির কিছু নেই, নগরায়ন মানে কি ? বেসিকালি যেটা হওয়া উচিত, আর্বান ডুয়েলারদের কোয়ালিটি লাইফ, তাদের জীবনযাত্রার মান উন্নত করা। সেখানে গরীব মানুষের জীবনযাত্রার মান যত উন্নত হবে, ততই আমরা সত্যিকারের উন্নতি করতে পারব। বিলে যেহেতু আপত্তি করার কিছু নেই, বিলটা রাষ্ট্রপতি পাঠিয়েছেন, আপনি অ্যাডপ্ট করেছেন, সেইজন্য এটাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী লগন দেব সিঁহ : মাননীয় ডিপুটী স্পীকর সর, মাননীয় মংত্রী দ্বারা द वेस्ट बंगाल म्युनिसिपल कॉरपोरेशन बिल 2003 जो आज हाउस के सामने लाया गया है। इस बिल पर पहले ही बहस हो चुकी है। और 28 जुलाई को यह बिल इस हाउस से पास भी किया गया था। लेकिन किस परिस्थिति मे दुबारा लाना पड़ा है। गवर्नर द्वारा कुछ विन्दुओ पर प्रकाश डाला गया है। इन सारी बातों को बिरोधी दल के सदस्य माननीय सौगतबाबु नो बिस्तार से बताए। इसलिए मै, समझता हूँ अब इसके उपर, इस बिल के उपर अधिक कुछ कहने की आवश्यकता नही है। यह तो नया बिल नही है। यह बिल जब लाया गया था उस समय सरकार का रवैया क्या है, सरकार इसपर क्या कहना चाहती है। उस समय माननीय मंत्री विस्तार से बोले थे। हाउस द्वारा इसे सलेक्ट कमिटि मे भेजा गया था और क्लाउज वाय इसपर विस्तार से चर्चा भी हुई थी उस समय माननीय मंत्री क्लाउज वाय जबाब भी दिए थे। उसके बाद यह बिल हाउस मे लाया गया था और जो-जो सबाल उठा था माननीय मंत्री ने उन सब प्रश्नों का विस्तृत जबाब भी दिए थे। मै समझता हूँ एक ही बात को बार-बार दोहराने की आवश्यकता नही हैं।

মাননীয় ডিপুটী স্পীকর সর, ইস বিল মে ক্লাওজ-2 মেঁ এডল্টরেটেড শব্দ আয়া হৈ। মিলাবট পর বিশেষ নজর দেনে কো কহা গয়া হৈ। ভেণ্ডর দ্বারা জো ফুড বিক্রি কিয়া জাতা হৈ উসকী গুণবতা, পর নজর দেনে কী আবশ্যকতা হৈ। ক্লাওজ 294 এক শব্দ হৈ 'দ ইণ্ডিয়ন এলেক্ট্রীসীটী এক্ট, 1910' উসে বদলকর অব 'দ এলেক্ট্রীসীটী এক্ট, 2003' কো পেশ কর দিয়া গয়া হৈ। উসী তরহ এক জগহ '9 অঁফ 1910' অঁর '36 অঁফ 2003' কর দিয়া গয়া হৈ। য়ে কোঈ খাস বাত নহী হৈ। ইস বিল মেঁ ক্লাওজ 314 অঁর 316 কো রাষ্ট্রপতি দ্বারা ওমিটেড করনে কো কহা গয়া হৈ। ইসপর পহলে হী বহস হো চুকী হৈ। মে সমঝতা হুঁ ইস পর অঁর কুছ কহনে কী আবশ্যকতা নহী হৈ। ইসে হটা দিয়া জাএ। সাথ হী সাথ বেটর অঁর য়ূনীফার্ম কে বারে মে ভী কুছ সুঝাব আয়া হৈ। মাননীয় মংত্রী ইসপর আগে বতাএগে। ইস বিল মেঁ কোঈ খাস বাত নহী হৈ। সৌগতবাবূ নে বিল কে হর পহলূ পর বিস্তার সে চর্চা করতে হুএ সমর্থন কিএ হৈ। অন্ত মেঁ বো নগর উন্নয়ন এবং অঁর রাস্তা-ঘাট তথা ড্রেনেজ কে বারে মে বোলে হৈ। মৈ সমঝতা হুঁ ইস বিল মে যহ সব বোলনে কী আবশ্যকতা নহী থী। ইন্হী চন্দ শব্দোং কে সাথ মৈ ইস বিল কা সমর্থন করতে হুএ অপনী বাত সমাপ্ত করতা হুঁ।

শ্রী নির্মল দাস : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, 'দি ওয়েস্ট বেঙ্গল মিউনিসিপ্যাল কর্পোরেশন বিল, ২০০৩' সংশোধনীর জন্য যেটা এখানে নিয়ে আসা হয়েছে তাকে সম্পূর্ণভাবে আমি সমর্থন জানাচ্ছি। এটা ঠিকই, ২০০৩ সালের ২৮শে জুলাই এই বিলটা বিধানসভা থেকে আমরা পাশ করিয়েছিলাম, কিন্তু পদ্ধতিগত কারণের জন্য আজকে এই বিলটা আনতে হয়েছে। নাগরিকরা যাতে পরিপূর্ণভাবে পরিষেবা পান সেটা দেখা সরকারের এবং ডিপার্টমেন্টের কাজ। রাজ্যের সর্বত্র নাগরিকরা কিন্তু সেই পরিষেবা পাচ্ছে না। যার জন্যই বিভিন্ন জায়গায় মানুষের মধ্যে ক্ষোভ-বিক্ষোভ দেখা দিচ্ছে। রাজ্য সরকার এবং ডিপার্টমেন্টের পক্ষ থেকে চেষ্টা করা হচ্ছে আরও কিছু কিছু জায়গাকে কর্পোরেশনের মধ্যে এনে নগরায়নের সুযোগ-সুবিধা যাতে মানুষকে দেওয়া যায়। আন্তর্জাতিক সীমারেখায় অবস্থিত জয়গাঁকে একটা কর্পোরেশন করা হবে সেটা অনেকদিন ধরেই ঠিক ছিল, কিন্তু কোনো অজ্ঞাত কারণে সেটা আজও পর্যন্ত হল না সেটা অশোকবাবুই বলতে পারেন।

[2.40—2.50 p.m.]

এর আগে যা আলোচনা হল তাতে ৯টি উন্নয়ন কর্তৃপক্ষ চলছে। এটা খুবই দরকার ছিল। কিন্তু আমাদের ডিভিশন্যাল কমিশনার, শ্রী অখিলকুমার জৈন, তিনি একটা সুপারিশ করেছিলেন, জয়গাঁ উন্নয়ন কর্তৃপক্ষকে আলিপুরদুয়ারের সঙ্গে যুক্ত করে কর্পোরেশন করা। কিন্তু কোনো অজ্ঞাত কারণে তার কোনো অ্যাকশন হয়নি। হাইজেনিক ওয়েতে নাগরিকরা যাতে পরিশ্রুত পানীয় জল, স্বাস্থ্য পরিষেবা, শিক্ষার সুযোগ পায় সেটা নিশ্চিত করা দরকার। আজকে যত্রযত্র কর্পোরেশন এবং মিউনিসিপ্যাল এরিয়ার বাইরে অন্যান্য সংস্থা

গজিয়ে উঠছে সেগুলিকে নিয়ন্ত্রণ করা দরকার। বহু জায়গায় এই ঘটনা ঘটছে যা অনভিপ্রেত এবং কো-অর্ডিনেশনের অভাব দেখা যাচ্ছে। গভর্নমেন্ট তো একটা। সেক্ষেত্রে মিউনিসিপ্যাল ডিপার্টমেন্ট, ডিপার্টমেন্ট অফ হেল্‌থ, পি.ডব্লু.ডি., পি.এইচ.ই.—এদের মধ্যে কো-অর্ডিনেশনের অভাব দেখা যাচ্ছে। আমি আশা করব, এই যে বিলটি উত্থাপিত হয়েছে—এটা নিশ্চয়ই সমর্থিত হবে এবং নতুনভাবে যখন এই বিলকে কেন্দ্র করে জি.ও. দেবেন তখন বিভিন্ন দপ্তরকে ব্যবহার করে ওয়ান গভর্নমেন্ট কনসেপশনে নিয়ে আসবেন। এই বিল প্রকৃতপক্ষে নাগরিক পরিষেবা দেবার জন্য করা হয়েছে এবং নাগরিকরা তা পাবেন। এই বিশ্বাস রেখে এই বিলটিকে সমর্থন করে আমার কথা শেষ করছি। ধন্যবাদ।

শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের নগর উন্নয়ন মন্ত্রী মাননীয় শ্রী অশোক ভট্টাচার্য মহাশয় দি ওয়েস্ট বেঙ্গল মিউনিসিপ্যাল কর্পোরেশন বিল, ২০০৩ যেটা বিধানসভায় পাশ হয়েছিল ২৮ জুলাই ২০০৩ সালে, পরবর্তী সময়ে তার মধ্যে কিছু অসঙ্গতির কথা বলে রাজ্যপাল রাষ্ট্রপতির কাছে পাঠান এবং রাষ্ট্রপতি সুপারিশ লিখে পাঠান যার মধ্যে বেশিরভাগই দেখা যাচ্ছে একই ধরনের আইন থাকার কারণে সেগুলি বাদ দেবার কথা বলা হচ্ছে। এখানে ভেজাল দ্রব্যের ব্যাপারে ব্যবস্থা নেবার কথা বলা আছে। আমার যেটা মনে হয়, পৌরসভা বা কর্পোরেশন তাদের আইনের আওতায় যাদের পাবেন—যদিও সবাই আইনের আওতায়—তার মধ্যে নির্দিষ্ট আইন-কানুন মেনে যারা ব্যবসা করেন তাদের ট্রেড লাইসেন্স দেবার কথা আছে। সেখানে কিছু ব্যবস্থা নেওয়ার ক্ষমতা কর্পোরেশন বা মিউনিসিপ্যালিটির হাতে থাকে। কিন্তু যারা রাস্তায় বা গুমটি করে কিম্বা হকারি করে ব্যবসা করেন, খাদ্য দ্রব্যের ক্ষেত্রে তাদের গুণমান খুবই খারাপ। এক্ষেত্রে ব্যবস্থা নিতে গেলে অসুবিধার সৃষ্টি হয়। অনেক সময়ে তারা সংগঠিত উপায়ে যারা ব্যবস্থা নিতে এসেছিলেন তাদের বাধা দেওয়া হয়। এক্ষেত্রে আইন কি করে লাগু করা যায় সেই ব্যাপারে আরো সুনির্দিষ্টভাবে রূপরেখা থাকা দরকার। আজকেই দেখলাম, কোথায় কোন কর্পোরেশনের ইন্সপেক্টর কাজ করতে গেলে তাকে আঘাত করেছে। সুতরাং এক্ষেত্রে প্রশাসনিক সাহায্য ছাড়া কর্পোরেশন বা মিউনিসিপ্যালিটি চলতে পারে না। অর্থাৎ তারা সঠিক সময়ে সেইভাবে সাহায্য পায় না। এগুলি আইন আইনীই হয়ে থাকে, এর দ্বারা মানুষের যে উপকার পাওয়া উচিত তা অনেকক্ষেত্রে পান না। এট বাস্তব ঘটনা। এই ধরনের পচা খাবার বা মরা পশু বা পাখির থেকে তৈরি করা খাবার সমস্ত কর্পোরেশন এলাকায় ছাড়িয়ে গেল। কিছুদিন আগে দেখলাম, এই যে ফিস ফ্রাই বিক্রি হয় সেটা মাছ থেকেই তৈরি হয়েছে, বাস্তবে তা হাঙরের মাংস থেকে তৈরি হয়। এ ব্যাপারে পরিকল্পিতভাবে কোনো ব্যবস্থা নেওয়া হয়নি। এক্ষেত্রে ব্যবস্থা নেওয়ার গোটা ব্যাপারটা কাগজে-কলমে রাখলেই হবে না। তাকে বাস্তবায়িত করতে হবে। এজন্য প্রশাসনিক ব্যবস্থা ত্বরান্বিত করতে হবে। এই সঙ্গে আরও বলি—ওয়েস্ট বেঙ্গল মিউনিসিপ্যাল কর্পোরেশন বিল, ২০০৩ এই বিলটাকে রাষ্ট্রপতির অনুমোদনের জন্য পাঠানো হবে। ইতিমধ্যে কেন্দ্রীয় সরকারের জওহরলাল নেহরু আরবান রিনিউয়াল মিশন ঘোষিত হয়। এই আরবান রিনিউয়াল মিশনের মধ্যে আসানসোল ও দুর্গাপুর মিউনিসিপ্যাল কর্পোরেশন এবং কুলটি,

রানিগঞ্জ, জামুরিয়াকে অন্তর্ভুক্ত করা হচ্ছে। ঠিক সেই রকম কলকাতা কর্পোরেশনের সঙ্গে কে.এম.ডি.এ.-র অন্তর্গত সমস্ত পুরসভাকে অন্তর্ভুক্ত করা হচ্ছে। ওয়েস্ট বেঙ্গল মিউনিসিপ্যাল কর্পোরেশন বিল ২০০৩, এই বিল আগামী দিনে কি সমগ্র এলাকার উপর প্রযোজ্য হবে ? নাকি আলাদাভাবে অন্যভাবে প্রযোজ্য হবে ? এটা ভাবা দরকার। না হলে পরবর্তীকালে আবার পরিবর্তন আনার প্রয়োজন হতে পারে। স্বাভাবিকভাবে এখন আপনি রাষ্ট্রপতির সুপারিশের ভিত্তিতে যে পরিবর্তন চাইছেন, আমরা এটাকে সমর্থন করি, এক্ষেত্রে আইন কার্যকরি করার ব্যাপারে আরও কড়া পদক্ষেপ নেওয়ার জন্য এবং এজন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য আজকে এই পরিবর্তিত আকারে এই বিলকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী অশোক ভট্টাচার্য : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ওয়েস্ট বেঙ্গল মিউনিসিপ্যাল কর্পোরেশন বিল ২০০৩ ; এই বিলটি ২০০২ সালে বিধানসভায় পেশ করা হয়েছিল। সেটা আপনারা সবাই জানেন। তারপর ২১ সদস্যবিশিষ্ট একটি সিলেক্ট কমিটি তৈরি হয়। সেই সিলেক্ট কমিটির কাছে এই বিলটি বিবেচনার জন্য পেশ করা হয়। ২৮শে জুলাই ২০০৩ বিলটি বিধানসভায় পাস করা হয়। বিধানসভায় পাস করার পর মহামান্য রাজ্যপালের নির্দেশে ৪ঠা নভেম্বর ২০০৩ সালে তা রাষ্ট্রপতির অনুমোদনের জন্য পাঠানো হয়। এটা আপনারা জানেন, যেহেতু এর সঙ্গে ৭৪তম অ্যামেন্ডমেন্টের ব্যাপারটি আসে, সেজন্য এই বিলটি রাজ্যপাল আবার রাষ্ট্রপতির কাছে পাঠান। রাষ্ট্রপতি এ ব্যাপারে তাঁর বিভিন্ন মন্ত্রকের মতামত নেওয়ার পর তাঁর মতামত দেন। ২৩ আগস্ট ২০০৫ মহামান্য রাষ্ট্রপতি এই বিলটি রাজ্যপালের কাছে ফেরত পাঠান এবং বলেন কয়েকটি সংশোধনী করে দেওয়ার জন্য এবং তার ভিত্তিতে এই বিলটি বিধানসভায় নতুন করে পেশ করার কথা বলা হয়। এটা বলার কতগুলো যুক্তি আছে। এটা আপনারা জানেন—কোনো একই বিষয়ের ওপর আমরা রাজ্যে আলাদা করে আইন করতে পারি না, যদি সে ব্যাপারে কেন্দ্রের কোনো আইন থাকে সেটা আমরা করতে পারি না। কেন্দ্রের আইনকে সামনে রেখে আমরা আবার পশ্চিমবঙ্গ পুর কর্পোরেশনের আলাদা আইন করতে পারি না। এটাই রাষ্ট্রপতির বক্তব্য। আপনারা জানেন যে অ্যাডালটারেশন অ্যাক্ট, রেলওয়েজ অ্যাক্ট এটা '৮৯ ; '৯১ সালে হয়। সেটাকে আমরা পরিবর্তন করেছিলাম। আমাদের সেই ভুলকে তারা সংশোধন করে দেয়। এবার এটা ফিরে এল ৮ই সেপ্টেম্বর। আমরা বিষয়টি জানাই এবং জানাবার পর মহামান্য রাজ্যপাল আমাদের জানিয়েছেন তারই ভিত্তিতে এই সংশোধনী বিলটি এখানে এসেছে। আপনারা সকলেই এটাকে সমর্থন করেছেন, সেজন্য আপনাদের প্রত্যেককে আমি ধন্যবাদ জানাচ্ছি। কলকাতা, হাওড়া বাদে আরও ৪টি কর্পোরেশনের আলাদা আলাদা আইন আছে। যখন এটা কার্যকরী হবে তখন আলাদা আলাদা আইন থাকবে না। আবার এটা রাষ্ট্রপতির কাছে পাঠানো হবে।

[2.50—3.00 p.m.]

মহামান্য রাষ্ট্রপতি সম্মতি দেওয়ার পর কার্যকরি হবে। এটা কার্যকরি হবার পর শিলিগুড়ি, আসানসোল, দুর্গাপুর এবং চন্দননগর পৌরসভার আইনগুলো রিপিল হয়ে যাবে

এবং পশ্চিমবঙ্গ পৌর কর্পোরেশন আইন কার্যকরী হবে। এর পরে দেখা যাবে আরো নতুন করে পৌর কর্পোরেশন হওয়ার প্রয়োজন আছে। যেভাবে জনসংখ্যা বৃদ্ধি পাচ্ছে তাতে নতুন করে পৌর কর্পোরেশনের প্রয়োজন হবে। এই বিলের মধ্যে এনেবিলিং ক্লজ আছে যার দ্বারা নতুন যে কোনো কর্পোরেশন করতে গিয়ে আইন করার দরকার নেই শুধু কর্পোরেশনের নোটিফিকেশন করতে হবে, এমস অ্যান্ড অবজেক্টসের উপর একজিসটিং বোর্ড অফ কাউনসিলকে রেজলিউশন করতে হবে। কোনো পঞ্চায়েত এলাকা যদি অন্তর্ভুক্ত করতে হয় তাহলে পঞ্চায়েতকে একটা রেজলিউশন করতে হবে। এই ব্যবস্থা এখানে রাখা হয়েছে যাতে ভবিষ্যতে আরও বেশি করে কর্পোরেশন করতে পারি। এছাড়া কোনো পাহাড়ী এলাকা কর্পোরেশনের মধ্যে আনতে হবে তার জন্য স্পেশাল প্রভিশন রাখা আছে। এই বিলের অনেক বিস্তারিত আলোচনা হয়েছে, সেই জন্য আমি বিস্তারিত আলোচনার মধ্যে যেতে চাইছি না। সৌগতবাবু একটা কথা বলেছেন এবং সেটা তিনি সঠিকভাবেই বলেছেন যে কোয়ালিটি অফ লাইফ। যে কোনো শহরের টু ইমপ্রুভ দি কোয়ালিটি অফ লাইফ অফ দি আরবান পিপল, এটা হচ্ছে শহরের উন্নয়নের মূল কথা। সঠিকভাবেই তিনি এই কথা বলেছেন। কোয়ালিটি অফ দি লাইফ অফ দি কমন পিপল এই কথাটার মানে কি ? একটা শহরকে বসবাসের উপযোগী করতে হবে, গোটা শহরকে আরও বেশি পরিবেশ বান্ধব করতে হবে, গোটা শহরের মধ্যে আরও বেশি শিল্পবান্ধব করতে হবে। এই লক্ষ্য সামনে রেখে এক-একটা শহরের উন্নয়ন করতে হবে। পশ্চিমবাংলার শহরগুলিতে কোয়ালিটি অফ লাইফ অনেকটা ইমপ্রুভ করেছে এই কথা অস্বীকার করা যায় না। বস্তিগুলোর উন্নতি হচ্ছে। বার্থ রেট শহর এলাকায় অনেক কম, ভারতবর্ষের সমস্ত শহরগুলোর মধ্যে পশ্চিমবাংলার শহরগুলোতে জন্মের হার কম। এখানে ইনফ্যান্ট মর্টালিটি কমছে শহর এলাকায়। জেন্ডার ইনডেক্স যেটা নিয়ে অনেক সময় প্রমাণ করা হয় যে শহরের অগ্রগতি ঘটছে, সেটা আমাদের অনেক বেশি। এখনকার শহরগুলোতে পার ক্যাপিটা ইনকাম অনেকটা বৃদ্ধি পেয়েছে। অনেক ধরনের ব্যবস্থা, স্বাস্থ্য, শিক্ষা এই সমস্ত ব্যবস্থাগুলো পৌরসভার মাধ্যমে নেওয়া হচ্ছে। কিন্তু অনেক কাজ এখনও বাকি আছে। সৌগতবাবু বলতে গিয়ে শিলিগুড়ির কথা বলেছেন। শিলিগুড়ি একটা অপরিকল্পিত শহর ছিল। কোনো পরিকল্পনা ছাড়াই এই শহর গড়ে উঠেছিল। কংগ্রেস আমলে এই শহরকে বঞ্চিত করা হয়েছে। আর আমরা এই শিলিগুড়ি শহরকে কর্পোরেশনের আওতায় আনার সময় আমাদের প্রথম কাজ ছিল শহরের পরিধিটাকে ১৫০০ বর্গকিলোমিটার থেকে বাড়িয়ে ৪৫০০ বর্গকিলোমিটার করা হয়েছে। কেন করা হয়েছে ? যাতে এই শহরের শুধুমাত্র ভার্টিক্যাল ডেভেলপমেন্ট না হয়। একটা শহরে দেখা যায় যখন সেই শহরে জনসংখ্যা বৃদ্ধি পাচ্ছে তখন সাপ্লাই অফ ল্যান্ড কমে যায়। সাপ্লাই অফ ল্যান্ড যখন কমে যায় তখন মানুষের প্রবণতা হচ্ছে ভার্টিক্যাল ডেভেলপমেন্ট করা। তখন অনেক জমিতে দেখা যায় যেখানে ১০ কাঠার উপর একটা বাড়ি আছে সেখানে সেই ১০ কাঠার উপর ৮-১০টি বাড়ি করে ভার্টিক্যাল ডেভেলপমেন্ট করা হচ্ছে। যদি শহরের সাপ্লাই অফ ল্যান্ড বাড়ানো যায় তাহলে জমির দামটা সেই ক্ষেত্রে অনেকটা কমে। তার ফলে মানুষের আবাসন সমস্যার সমাধান হতে পারে। সেই কারণে প্রথমে আমরা

শিলিগুড়ি শহরের পরিধি ১৫০০ বর্গকিলোমিটার থেকে বাড়িয়ে ৪৫০০ বর্গকিলোমিটার করে একটা কর্পোরেশন করা হয়। এর পরেও দেখা যাচ্ছে সাপ্লাই অফ ল্যান্ড দরকার, ল্যান্ড অনেক কমে যাচ্ছে। সেই জন্য পাশাপাশি সুপরিকল্পিতভাবে নগর উন্নয়নের জন্য, শহরকে যদি সঠিকভাবে উন্নতি করতে চাই তাহলে উপনগরী গঠন করা দরকার। শহরে ট্রাফিক কনজেশান কমানো দরকার, হোল সেল ট্রেডকে বাইরে নিয়ে যাওয়া দরকার, ট্রাক টার্মিনালকে বাইরে নিয়ে যাওয়র দরকার, বিজনেসটাকে বাইরে নিয়ে যাওয়া দরকার, কিছু ইকনমিক অ্যাকটিভিটিজকে শহরের বাইরে নিয়ে যাওয়া দরকার এবং কিছু সরকারি অফিসকে শহরের বাইরে নিয়ে যাওয়া দরকার। তা না হলে শহরের পরিষেবার মানের উন্নতি ঘটানো যাবে না। শিলিগুড়িতে সেটা করা হচ্ছে, আসানসোলে এই কাজের উদ্যোগ নেওয়া হয়েছে, দুর্গাপুরে এই কাজের উদ্যোগ নেওয়া হয়েছে। সমস্ত শহরগুলোর মধ্যে একটা পরিকল্পনামাফিক উন্নয়নের কথা চিন্তা করা হচ্ছে এবং সেই মতো কাজ করার চেষ্টা করছি। নিশ্চয়ই কিছু সাফল্য এসেছে, কিছু জায়গায় সফল হতে পারিনি। তার মধ্যে একটি বিষয় খুবই গুরুত্বপূর্ণ। সেটা হচ্ছে, জঞ্জাল অপসারণ ব্যবস্থা। এই সলিড ওয়েস্টটাকে কিভাবে বিজ্ঞানভিত্তিকভাবে ব্যবহার করা যায়, তার জন্য আমরা সলিড ওয়েস্ট মিশন করেছি। এছাড়া পুরসভার সক্ষমতা বৃদ্ধি করেছি। পরবর্তী সময়ে এই আইন প্রতিটি পুরসভাতেই কার্যকর হবে, তবে হাওড়া এবং কলকাতা বাদে। স্বাভাবিকভাবেই আমার আলোচনাকে দীর্ঘায়িত না করে—যেহেতু সকলে এই বিলকে সমর্থন জানিয়েছেন—সকলে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

The motion that the amendments as recommended by the Governor to the West Bengal Municipal Corporation Bill, 2003 be taken into consideration was then put and agreed to.

Clause – 2

The question that Clause 2 as amended do stand part of the Bill was then put and agreed to.

Clause – 294

The question that Clause 294 as amended do stand part of the Bill was then put and agreed to.

Clause – 314

The question that Clause 314 do stand part of the Bill was then put and agreed to.

Clause – 316

The question that clause 316 do stand part of the Bill was then put and agreed to.

Clause – 321

The question that clause 321 do stand part of the Bill was then put and agreed to.

Shri Ashok Bhattacharjee : Sir, I beg to move that the West Bengal Municipal Corporation Bill, 2003 as settled in the Assembly be passed again as amended.

The West Bengal Panchayat (Amendment) Bill, 2006

Dr. Surya Kanta Mishra : Sir, I beg to introduce the West Bengal Panchayat (Amendment) Bill, 2006 and to place a Statement as required under Rule 72 (1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

With a view to carrying out development activities in Gram Panchayat areas in absence of an elected body at Gram Panchayat, it became necessary to empower State Government to appoint by order, any authority, person or persons to exercise and perform the powers and functions of a Gram Panchayat for a period not exceeding three months at a time. So, amendment to section 7 of the West Bengal Panchayat Act, 1973 (West Bengal Act XLI of 1973) was considered necessary.

2. As the West Bengal Legislative Assembly was not in session at the material time and as the Governor was satisfied that circumstances existed rendering it necessary for him to take immediate action, the Governor was pleased to promulgate an ordinance, viz., the West Bengal Panchayat (Amendment) Ordinance, 2005 (West Bengal Ordinance No. VI of 2005) to achieve the aforesaid objective. The Ordinance came into force on the 17th day of September, 2005. The Ordinance has been converted into the West Bengal Panchayat (Amendment) Bill, 2006 without any addition or alteration.

[3.00—3.10 p.m.]

(Special Secretary-in-Charge then read the Title of the Bill)

Mr. Deputy Speaker : There are two Statutory Resolitions— one by Shri Saugata Roy and the other by Shri Kashinath Misra. I call upon Shri Roy to move his motion now. ....(pause)... I don't find Shri Roy, his motion is not moved. I now call upon Shri Misra to move his motion.

Shri Kashinath Misra : Sir, I beg to move that this House disapproves the West Bengal Panchayat (Amendment) Ordinance, 2005.

Mr. Deputy Speaker : There is another Bill, namely—The West Bengal Panchayat (Second Amendment) Bill, 2006. We are taking both of them together for discussions.

The West Bengal Panchayat (Second Amendment) Bill, 2006

Dr. Surjya Kanta Mishra : Sir I beg to introduce the West Bengal Panchayat (Second Amendment) Bill, 2006 and to place a statement as required under Rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

With a view to create block cadre of Gram Panchayat Karmees, district cadre of employees of Gram Panchayat, Panchayat Samiti and Zilla Parishad and State cadre of other officials of Zilla Parishad for their upward mobility and other administrative convenience and maintaining there gradation list at the block district and state head quarters the appointing authority has to be a block level, district level and State level officer respectively and there will be a consequential change in respect of control and discilpine of employees and their appellate authority. Further, for the purpose of inserting the provision of engagement of contractual workers in a Gram Panchayat for carrying out scheme under the National Rural Employment Guarantee Act, 2005, certain amendments to the West Bengal Panchayat Act, 1973 (West Bengal Act XLI of 1973) were considered necessary.

2. For the purposes as aforesaid apart from certain consequential amendments, it was felt necessary interalia—

(a) to empower Executive Officer of Panchayat Samiti to appoint Gram Panchayat Karmees for Gram Panchayat ;

(b) to empower Executive Officer of Zilla Parishad to appoint employees of Gram Panchayat, Panchayat Samity and Zill Parishad ;

(c) to empower State Government to appoint different officers for Zilla Parishad ;

(d) to empower Gram Panchayat to engage tax collectors and other contractual workers ;

(e) to empower State Government to frame rules relating to control and punishment of the staff of Gram Panchayat, Panchayat Samiti and Zill Parishad ;

(f) to appoint Divisional Commissioner as the appellate authority in respect of punishment awarded by Zilla Parishad or Executive Officer of Zilla Parishad ;

(g) to empower Executive Officer of Zilla Parishad and Panchayat Samiti to exercise general control over all employees of Zilla Parishad and Panchayat Samiti ;

(h) to empower Pradhan to exercise general control over all employees of Gram Panchayat.

3. As the Legislative Assembly of the State of West Bengal was not in session at the material time and as the Governor was satisfied that circumstances existed rendering it necessary for him to take immediate action, the Governor was pleased to promulgate an ordinance, viz., the West Bengal Panchayat (Second Amendment) Ordinance, 2005 (West Bengal Ordinance No. I of 2006) to achieve the above objectives. The Ordinance came into force at once. The Ordinance has been converted into the West Bengal Panchayat (Second Amendment) Bill, 2006 with minor alteration.

(Special Secretary-in-Charge then read the Title of the Bill)

Mr. Deputy Speaker : There are two Statutory Resolutions— one by Shri Saugata Roy and the other by Shri Kashinath Misra. I call upon Shri Roy to move his motion now. ..... (pause) I don't find .....Shri Roy, his motion is not moved. I call upon Shri Misra now to move his motion.

Shri Kashinath Misra : Sir, I beg to move that this House disapproves the West Bengal Panchayat (Second Amendment) Ordinance, 2005.

Mr. Deputy Speaker : Now I call upon Dr. Surjya Kanta Mishra to move the consideration motion.

Dr. Surjya Kanta Mishra : Sir, I beg to move that the West Bengal Panchayat (Second Amendment) Bill, 2006 be taken into consideration.

মিঃ ডেপুটি স্পীকার : দুটো বিলেরই এক সাথে আলোচনা হবে।

শ্রী অতীশ চন্দ্র সিন্‌হা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, দি ওয়েস্ট বেঙ্গল পঞ্চায়েত (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০০৬ এবং দি ওয়েস্ট বেঙ্গল পঞ্চায়েত (সেকেন্ড অ্যামেন্ডমেন্ট) বিল, ২০০৬ যা এসেছে, আমি প্রথমে অ্যামেন্ডমেন্ট বিল, ২০০৬ সম্বন্ধে দু-একটি কথা বলব এবং তারপর সেকেন্ড অ্যামেন্ডমেন্ট বিল, ২০০৬ সম্বন্ধে কয়েকটি কথা বলব।

এই বিলের মধ্যে দেখছি যে, যে সমস্ত জায়গায় গ্রাম পঞ্চায়েত কাজ করতে পারছে না বা গ্রাম পঞ্চায়েত নেই, সেখানে উনি এনি অথরিটি বা পার্সনসকে অ্যাপয়েন্টমেন্ট দিয়ে কাজ চালাবার জন্য একটা প্রভিসন এনেছেন। আমার যেটা মনে হয়েছে অ্যাপয়েন্টমেন্টের ব্যাপারে, পার্টিকুলার লোককে যদি উনি নির্দিষ্ট করে দিতেন তাহলে ভালো হত। এটা

এতবড় করে দিয়েছেন, আপনি বলেছেন 'অ্যাপয়েন্ট এনি অথরিটি, পার্সন বা পার্সনস্', আমার মনে হয়েছে এটা ঠিক হয়নি। সেজন্য তাঁকে অনুরোধ করবো, এটাকে পাল্টে দু'-একজন যেমন, ডি.এম., এস.ডি.ও. বা এই রকম কাউকে নির্দিষ্ট লোকের ওপরে দায়িত্ব দিতেন তাহলে বুঝতে পারতাম। এখানে এম্বিটটা আপনি বড় করে দিয়েছেন। যে কোনো লোককে উনি অ্যাপয়েন্টমেন্ট দিতে পারেন—পার্টির লোককে দিতে পারেন। সে জন্য মাননীয় মন্ত্রীকে আমি অনুরোধ করবো, নির্দিষ্ট কাউকে বাই চেয়ার যারা পলিটিকালাইজড নয়, যারা পলিটিক্স-এর বাইরের, যেখানে এই গ্রাম পঞ্চায়েতগুলো নেই, সেখানে অংশগ্রহণ করার দায়িত্ব দেওয়া হোক।

দ্বিতীয় উনি যেটা এনেছেন 'ওয়েস্ট বেঙ্গল পঞ্চায়েত (সেকেন্ড অ্যামেন্ডমেন্ট) বিল, ২০০৬' সেটা পড়ে আমি একটু হতাশ হয়েছি। এই কারণে হতাশ হয়েছি যে উনি এখানে অনেকগুলো প্রভিশন এনেছেন। গ্রাম পঞ্চায়েতে কর্মী নিয়োগের কথা বলেছেন যাতে পঞ্চায়েতগুলো ভালোভাবে কাজ করতে পারে। এছাড়াও আরো অনেকগুলো কথা বলেছেন। আবার তাদের পানিশমেন্টের কথাও বলেছেন। কিন্তু পানিশমেন্ট দেওয়ার ব্যাপারটা এত কমপ্লিকেটেড করেছেন যে সেই ব্যক্তির শেষ পর্যন্ত পানিশমেন্ট হবে কি না, হলে কত বছর সময় লাগবে তা কেউ জানে না। আমরা জানি, এই জিনিসগুলো খুব দেরিতে মুভ করে। একটা গ্রাম পঞ্চায়েতের পঞ্চায়েত কর্মীকে এক্‌জিকিউটিভ অফিসার অফ দি পঞ্চায়েত সমিতি হয়তো বললো ওঁকে পানিশমেন্ট দেওয়া হোক। সেই ব্যক্তি তারপর গ্রাম পঞ্চায়েতে দরখাস্ত করবে যে, এটা মকুব করে দেওয়া হোক, তারপর ওপর মহলে যাবে এবং শেষ পর্যন্ত ডিভিশনাল কমিশনারের কাছে যাবে। তাই এই পর্যায়টা সংক্ষেপ করা দরকার বলে মনে হয়। সময় সীমিত করে দেওয়া হোক। বলা দরকার শাস্তিটা ২/১ মাসের মধ্যে বা অমুক সময়ের মধ্যে কার্যকর হোক অথবা মকুব করে দেওয়া হোক। এটা পরিষ্কার করে থাকলে ভালো হ'ত বলে আমি মনে করি।

এখানে ক্লজ থ্রিতে 'এক্সটেনশন অফিসার'র ডেজিগনেশন পাল্টে 'পঞ্চায়েত ডেভেলপমেন্ট অফিসার' করেছেন। এর উদ্দেশ্য কি ? একই তো ব্যাপার। এক্সটেনশন অফিসারের নাম পাল্টে দিলে কি তার কার্যকলাপ বেড়ে যাবে, পঞ্চায়েতে কাজ করার শক্তি বেড়ে যাবে ? এটা করার কী মানে কী উদ্দেশ্য তা অমি বুঝতে পারলাম না।

গ্রাম পঞ্চায়েতে কর্মী নিয়োগের ব্যাপারে অনেক কথা বলেছেন ; 'সরকারি পার্মিশন লাগবে, সরকার নির্ধারণ করে দেবে কত কর্মী লাগবে।' কিন্তু তাদের কোয়ালিফিকেশন কি হবে ? তারা এমপ্লয়েমেন্ট এক্সচেঞ্জ থেকে আসবে না তার জন্য অ্যাডভার্টাইজমেন্ট দেওয়া হবে ; নাকি, পার্টিবাজি করে, পার্টির তরফ থেকে নেওয়া হবে ? এ ব্যাপারে কিছুই নির্দিষ্ট করে বলা হয়নি। সুতরাং, আমরা চাই এ ব্যাপারে নির্দিষ্ট করে বলা হোক। আজকে গ্রাম পঞ্চায়েতের কাজের পরিধি অনেক বেড়ে গেছে। কিন্তু তাদরে কাজের লোক কম, মাত্র ৩ জন নিয়ে তাদের কাজ করতে হয়। সুতরাং এটা তাদের পক্ষে খুব দুর্বিসহ। এটা বাস্তব অভিজ্ঞতা থেকেই বলছি। সুতরাং, নির্দিষ্ট বেতন দিয়ে গ্রাম পঞ্চায়েতে যদি কিছু কর্মী নিয়োগ করা যায় তাহলে ভালো হবে। কিন্তু তাদের নিয়োগের অধিকার, শাস্তি দেওয়ার

অধিকার কার ওপর থাকবে? ঠিক মতো কাজ না করলে কে দেখবেন ? গ্রাম পঞ্চায়েতের সাইজ দেখে কি কর্মী নিয়োগের সংখ্যার হেরফের ঘটানো হবে ? এগুলো মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আরো নির্দিষ্টভাবে জানতে চাই। কর্মীদের নিযুক্ত কিভাবে হবে, তাদের কোয়ালিফিকেশন কি হবে এবং শাস্তি যাতে একটা নির্দিষ্ট সময়সীমা ধরে হয় সে ব্যাপারে মাননীয় মন্ত্রিমহাশয় নিশ্চয় দেখবেন।

আরেকটা কথা হচ্ছে, গ্রাম পঞ্চায়েতে ট্যাক্স কালেক্টর নিয়োগের কথা বলা হয়েছে। গ্রাম পঞ্চায়েত 'ট্যাক্স কলেক্টর' নিয়োগ করতে পারবে বলে বলা হয়েছে। 'ট্যাক্স কলেক্টর' নিয়োগের অধিকার তো এখনও তাদের আছে। এবং তারা কমিশনও পাচ্ছেন। নতুন করে এটা কেন আনলেন তা বুঝতে পারছি না। ট্যাক্স কলেকশনের কত কমিশন পাবেন, কতদিন পর্যন্ত তাঁরা নিযুক্ত থাকবেন, এগুলো নির্দিষ্ট করে বললে বলতে পারেন। কিন্তু নিশ্চয় জানেন, বর্তমানে গ্রাম পঞ্চায়েতের অধীনে যে ট্যাক্স কলেক্টর নিযুক্ত হন তাঁরা কমিশন পান, সেই প্রভিশন আছে। নতুন করে কী করতে চান সেটা যদি বিস্তারিতভাবে বলেন তাহলে জিনিসটা আরো পরিষ্কার হবে।

আরেকটা জিনিস মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি গোচরে আনতে চাই। সেটা হচ্ছে, সম্প্রতিকালে ভারত সরকার যে 'ন্যাশনাল রুরাল এমপ্লয়মেন্ট গ্যারান্টি স্কিম' চালু করেছে তার মধ্যে আমাদের মুর্শিদাবাদ জেলাও অন্তর্ভুক্ত হয়েছে।

[3.10—3.20 p.m.]

পশ্চিমবঙ্গের উন্নতি হচ্ছে এটা খুবই আনন্দের ব্যাপার। কিন্তু আমার কাছে খবর আছে সেখানে যে ফর্ম বিলি করছেন দরখাস্ত করার জন্য, সেখানে যে কেউ লোক কাজ করতে পারে সেটা ন্যাশানাল রুরাল এমপ্লয়মেন্ট গ্যারান্টি অ্যাক্ট কাজ করবে, কিন্তু সেখানে দেখা যাচ্ছে ওয়েস্ট বেঙ্গল ন্যাশানাল রুরাল এমপ্লয়মেন্ট গ্যারান্টি অ্যাক্ট বলে চালানো হচ্ছে। এটি কেন্দ্রীয় সরকারে একটি অ্যাক্ট, পশ্চিমবঙ্গে এটা লাগিয়ে দিলে ঠিক হবে না। যদি কেউ করে থাকেন আপনি খবর নিন এবং অবিলম্বে যদি ওই ওয়েস্ট বেঙ্গল রুরাল গ্যারান্টি অ্যাক্ট বলে ফর্ম বিলি করে থাকেন তাহলে সেই ফর্মটিকে প্রত্যাখ্যান করে নিন। এটি কেন্দ্রীয় স্কিম। কেন্দ্রীয় সরকার একশো দিনের কাজের বিনিময়ে টাকা পাওয়ার। কাজেই প্রত্যেক লোক যাতে পায় তার ব্যবস্থা করা যাবে। এই ন্যাশানাল এমপ্লয়মেন্ট গ্যারান্টি অ্যাক্ট অনুযায়ী জেলায় জেলায় কনট্রাকচুয়াল লেবার অর ওয়ার্কার নিযুক্ত করার অধিকার গ্রাম পঞ্চায়েতকে দিয়েছে। কিভাবে নিযুক্ত হবে, কনট্রাকচুয়াল ওয়ার্কাররা কি কাজ করবে, তার বেতন কি হবে, তার কর্তব্য কি এবং তাদেরকে শাস্তি দেবার কোনো বিধান থাকবে কি না সেটা মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি। এটা ঠিকই এই স্কিমটি সত্যিকারে বাস্তবে কার্যকরি করতে পারলে প্রভূত উন্নতি হবে। গ্রামের অর্থাভাব এবং কর্মহীনতা আর থাকবে না সেই বিষয়ে কোনো সন্দেহ নেই। সুতরাং এই সম্পর্কে মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি গ্রাম পঞ্চায়েতের অধীনে যে কনট্রাকচুয়াল লেবার নিয়োগ করবেন ন্যাশানাল রুরাল গ্যারান্টি এমপ্লয়মেন্ট স্কিমের মাধ্যমে, এতে শ্রমিকদের কত টাকা দেওয়া হবে, কতদিনের

কনট্রাক্ট এবং সব গ্রাম পঞ্চায়েতেই কি ব্যবস্থা থাকবে নাকি প্রত্যেক জায়গাতে একাধিক কিংবা একজন পাবে কিংবা দু'জন পাবে কিংবা চারজন পাবে এইসব কিছু মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাই। এই যে শাস্তি দেবার বিধি এই বিলের মধ্যে চালু করেছেন এটা অত্যন্ত লম্বা। এক ধাপ থেকে আরেক ধাপ অনেক সময় এবং ডিভিশনাল কমিশন পর্যন্ত চলে গেছে। তাদের শাস্তি যাতে না হয় তার জন্য অ্যাপলিকেশন করার এই যে প্রসেস, এটা সংক্ষিপ্ত নয়, এটা দীর্ঘ। আমরা চাই কেউ যদি শাস্তি পায় সেটা সত্যি কি মিথ্যা সেটা এক মাসের মধ্যে কিংবা দু মাসের মধ্যেই নির্ধারিত হোক। আমি বক্তব্য শেষ করবার আগে একটি জিনিস বলতে চাই— সৌগতবাবুও এই বিষয়ে বলেছেন, আমি আবার বলছি যে, এই দুটি বিল যে এনেছেন, এই দুটি বিলের অর্ডিন্যান্স আগে এনেছেন। এতেই আমাদের আপত্তি। কয়েকদিন আগে অর্ডিন্যান্স এনে কি সুবিধা হল জানি না, তার দেড় মাস পরেই তো বিধানসভা বসবে তখনই তো ইজিলি এটা করতে পারতেন। অর্ডিন্যান্স করার প্রবণতা আপনাদের মধ্যে দেখতে পাচ্ছি, এই অর্ডিন্যান্স করার প্রবণতার থেকে যত তাড়াতাড়ি মুক্ত হন ততই ভালো। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী জাহাঙ্গীর করিম : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পঞ্চায়েত এবং গ্রামোন্নয়ন দপ্তরের মন্ত্রী যে ওয়েস্ট বেঙ্গল পঞ্চায়েত (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০০৬ এবং দি ওয়েস্ট বেঙ্গল পঞ্চায়েত (সেকেন্ড অ্যামেন্ডমেন্ট) বিল, ২০০৬—এই দুটি বিল এখানে উত্থাপিত করেছেন আমি তাকে সমর্থন জানাই। সমর্থন জানিয়ে দু-একটি কথা বলতে চাই। আমি এখানে সংক্ষেপে উল্লেখ করছি প্রথম যে বিলটি দি ওয়েস্ট বেঙ্গল পঞ্চায়েত (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০০৬ আনা হয়েছে, সেটা এমন কিছু বিষয় নয়। এটাতে পঞ্চায়েত ব্যবস্থাটাকে সচল করে রেখে পঞ্চায়েত ব্যবস্থাকে আরো এগিয়ে নিয়ে যাবার জন্য এই বিলটি আনা হয়েছে। এখানে পরিষ্কার করে বলা হয়েছে—The bill provides that the first meeting of the new Gram Panchayat can not be held before the expiry of five years.

তার মানে নিউলি ফর্ম হওয়া যে গ্রাম পঞ্চায়েত তার ফার্স্ট মিটিং-এ যদি কর্মকর্তা নির্বাচিত করতে না পারেন সেখানে সরকারিভাবে একজনকে নিয়োগ করে অথরিটি দেওয়া হবে, যাতে পঞ্চায়েত ব্যবস্থাকে সচল করে রাখা যায়। কারণ এটা ঠিকই যে, গ্রাম বাংলায় পঞ্চায়েত ব্যবস্থা একটা লোকাল সরকার। গ্রামের অগ্রগতি, গ্রামের মানুষের উন্নয়ন পঞ্চায়েতকে ব্যতিরেকে আজকের দিনে কোনোমতেই সম্ভব নয়। স্বাভাবিকভাবেই একটা নির্বাচিত পঞ্চায়েত ফরমেশন যদি না হয়, সেখানে পঞ্চায়েত ব্যবস্থাটাকে সচল করে রাখার জন্য মাননীয় মন্ত্রী নির্দিষ্ট করে এই বিলে এনেছেন। মাননীয় অতীশ সিন্‌হা বলেছেন যে, নির্দিষ্ট করে বলে দেওয়া ভালো। এখানে আপনার যখন রুলস তৈরি হবে তখন এটা নির্দিষ্টকরণ হবে। তিনি এটা ঠিকই বলেছেন। প্রভিশনে বলা আছে কিছু পার্সন অর্থাৎ নির্বাচিত কয়েকজন সদস্যদের উপর দায়িত্ব দেওয়া যেতে পারে। একাধিক নির্বাচিত সদস্যদের ফরমেশন না হলেও তাদেরকে যদি একটি কমিটির মধ্যে এনে তাদের উপর একাধিক, ২-৫ জন হতে পারে তাদের উপর দায়িত্ব দিয়ে পঞ্চায়েত ব্যবস্থাকে যদি পরিচালনা করা যায়, তাহলে বিষয়টা

সাময়িকভাবে চালানো যেতে পারে। কারণ এটা ৩ মাসের বেশি হবে না, এটা বলা আছে বিলের মধ্যে। স্বাভাবিকভাবে পঞ্চায়েত ব্যবস্থাটিকে মোটামুটি চালু করে রাখা যেতে পারে। দ্বিতীয় বিষয় যেটা, সেকেন্ড অ্যামেন্ডমেন্টে এখানে নিয়োগের জন্য যে বিষয়টা বলা হয়েছে, এটা ঠিকই যে, পঞ্চায়েতের কর্মকান্ডে ১৯৭৭ সালের আগের পঞ্চায়েত, আর এখনকার পঞ্চায়েত এই দুটোর মধ্যে আকাশ-পাতাল ফারাক হয়ে গিয়েছে। প্রতিনিয়ত কর্মকাণ্ড এই পঞ্চায়েতের মধ্যে চলছে। সেখানে গ্রাম-পঞ্চায়েতে তাদের কর্মিসংখ্যা কম আছে, যেখানে কিছু স্টাফ রিক্রুটমেন্টের কথা এখানে বলা হয়েছে, এটা ঠিকই যে, এখানে এই ব্যবস্থাতে আরো কর্মী যাতে নিয়োগ করা যেতে পারে, এখানে এই বিলে সেই প্রভিশন আছে। যে ন্যাশনাল রুরাল এমপ্লয়মেন্ট গ্যারান্টি স্কিম যেখানে ক্ষেতমজুরদের ১০০ দিনের কাজ দিতে হবে, গ্রামের মানুষের প্রভিডেন্ট ফান্ড-এর যে স্কিম বা যে সেলফ হেল্প গ্রুপ হয়েছে, প্রায় আড়াই হাজারের বেশি সেলফ হেল্প গ্রুপ এখানে তৈরি হয়েছে। এই যে বিশাল কর্মকাণ্ড একে নির্দিষ্টভাবে পরিচালনা করার জন্য নির্দিষ্ট যেখানে কর্মচারী, স্টাফ যদি পঞ্চায়েত লেভেলে থাকে তাহলে এই উদ্যোগগুলো আরও গতিশীল হবে, আরও গতি পাবে। স্বাভাবিকভাবে এখানে এই কথা বলা হয়েছে যে, গ্রাম-পঞ্চায়েতে কনট্রাক্ট বেসিসে তারা কর্মী নিয়োগ করতে পারে। এখানে অতীশ সিন্‌হা বলেছেন, ট্যাক্স কালেক্টরেটের ক্ষেত্রে কি হবে ? ট্যাক্স কালেক্টর আছে ঠিকই। কিন্তু বিভিন্ন গ্রাম-পঞ্চায়েত এলাকায় বিভিন্নভাবে তাদের কমিশন সিস্টেম করা আছে। এবং দায়বদ্ধতার কিছু কিছু ক্ষেত্রে ট্যাক্স কালেক্টরের কিছু দায়িত্বহীনতা লক্ষ করা গিয়েছে। এই ব্যবস্থার মধ্য দিয়ে একটা ট্যাক্স কালেক্টর তার নির্দিষ্ট কমিশন ভিত্তিতে যদি নিয়োগ করা যায়, সেখানে কালেকশন বাড়বে। এখানে বিভিন্ন যে স্কিম চলছে, সেখানে এই কনট্রাক্ট বেসিসে লোক যদি নিয়োগ করা যেতে পারে, তাহলে এই স্কিমকে আরও এগিয়ে নিয়ে যাওয়ার ক্ষেত্রে অনেক গুণ সহায়ক হবে। এখানে বলা হয়েছে যে, গ্রাম পঞ্চায়েত লেভেলে যে সমস্ত কর্মী থাকবে তাদের ওভারঅল কন্ট্রোল করবার পাওয়ার প্রধানকে দেওয়া হোক। এখন কোনো কর্মী সম্পর্কে যদি কোনো অভিযোগ থাকে, তাহলে সরাসরি তাকে পেনাল্টি দেওয়ার ক্ষেত্রে এক বাক্যে যদি প্রধানের উপর দায়িত্ব দেওয়া হয়, তাহলে সেটা সঠিক হবে না। এই কারণে এই বিষয়টাকে রেজলিউশন আকারে পঞ্চায়েত সমিতিতে, পঞ্চায়েত সমিতি থেকে রেজলিউশন আকারে জেলা পরিষদের এক্সজিকিউটিভের কাছে নিয়ে যাওয়া এবং তারপর ডিস্ট্রিক্ট ডিভিশনাল কমিশনারের কাছে এটা ফাইনাল হওয়ার যে পদ্ধতি, তাতে আমার মনে হয় এই ব্যবস্থার মধ্য দিয়ে তার ত্রুটি ছিল কি না, ছিল, কি ছিল না, সেই ব্যাপারে সঠিকভাবে যাচাই করা হবে। এবং একজন কর্মীকে অন্যায়ভাবে তার বিরুদ্ধে কোনোরকম পানিশমেন্ট যাতে না হয়ে যায় সেটা সঠিকভাবে এখানে পরিলক্ষিত হবে। এই কারণে এই বিলে যে অ্যামেন্ডমেন্টের বিষয়টি আনা হয়েছে আমি তাকে সমর্থন করে আমি আর একটি বিষয়ে বলছি। সেটা হচ্ছে যে, আমরা অনেক সময় দেখি গ্রাম পঞ্চায়েতে প্রধান অনুপস্থিত থাকলে সেটা ইচ্ছাকৃত

[3.20–3.30 p.m.]

কারণেই হোক বা অন্য যে কোনো কারণেই হোক, এতে পঞ্চায়েতের কাজকর্ম ক্ষতি হয়। প্রধানের অনুপস্থিতিতে চেক সই করা যায় না। এই জন্য এখানে একটা প্রভিশন আনা

হয়েছে যদি প্রধান কোনো কারণে অনুপস্থিত হয় তাহলে প্রধানের অনুপস্থিতিতে উপপ্রধান বা জব অ্যাসিস্ট্যান্ট এই চেকে সই করে প্রেমেন্ট করতে পারবে। একথা ঠিক পঞ্চায়েত লেভেলে এই ব্যবস্থা চালু করার জন্য আমরা উদ্যোগ নিতে পারি। কারণ পঞ্চায়েত লেভেলে মেনলি লেবারাল কাজ হয়। সেখানে চেকে পেমেন্ট দেওয়া হয়। প্রধান অনুপস্থিত থাকলে চেকে সই করা নিয়ে সমস্যা দেখা দেয়। এই ব্যবস্থাটা করার ফলে এবং এই অ্যামেন্ডমেন্টটা আনার ফলে গ্রাম পঞ্চায়েতগুলো আর এই সমস্যার মধ্যে পড়বে না। সেই কারণে এই উদ্যোগ খুব সঠিকভাবেই এখানে আনা হয়েছে।

দ্বিতীয় যে বিষয়টি আমি বলব সেটা হচ্ছে, আমাদের পঞ্চায়েত ব্যবস্থার মধ্যে দিয়ে সমগ্র গ্রাম বাংলার উন্নয়নের যে পরিকাঠামো তৈরি করা হয়েছে তাকে দ্রুততার সঙ্গে কাজ সম্পন্ন করার এবং স্বচ্ছতার পরিবেশ তৈরি করার উদ্যোগ এই অ্যামেন্ডমেন্ট বিলের মধ্যে আছে। দ্রুততার সঙ্গে, স্বচ্ছতার সঙ্গে এবং সঠিকভাবে যাতে কাজ এগিয়ে যায় সেই উদ্যোগ তিনি গ্রহণ করেছেন। তাই আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের সেই উদ্যোগকে আনুষ্ঠানিকভাবে সমর্থন জানিয়ে এই বিলের উপর আলোচনা শেষ করছি।

শ্রী তারাপদ চক্রবর্তী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পঞ্চায়েত দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী ওয়েস্ট বেঙ্গল পঞ্চায়েত (সেকেন্ড অ্যামেন্ডমেন্ট) বিল, ২০০৬ যেটা উনি প্লেস করেছেন তাকে আমি সমর্থন করছি। এই বিলে তিনি গণতান্ত্রিক ব্যবস্থার বিকেন্দ্রিকরণের ব্যবস্থা করেছেন। আমরা দেখছি পঞ্চায়েত নির্বাচন হওয়ার পর নির্বাচিত প্রতিনিধিদের প্রথম মিটিং-এ প্রধান, উপপ্রধান নির্বাচন করা হয়। প্রধান, উপপ্রধান নির্বাচন করা না গেলে সেই পঞ্চায়েতের উন্নয়নমূলক কাজকর্ম বন্ধ হয়ে যায়। এই উননয়নমূলক কাজকর্ম বন্ধ হয়ে যাওয়ার জন্য একটা জটিলতা সৃষ্টি হয়। কারণ প্রধান, উপপ্রধান না থাকলে সেই এলাকার উন্নয়ন করা সম্ভব নয়। এই অবস্থাতে তিনি একটা অর্ডিনেন্স করেছেন। তাতে বলা হয়েছে "Provided that if the first meeting of the newly formed Gram Panchayat cannot be held before the expiry of the period of five years under sub-section (1), the State Government may, by order, appoint any authority, person or persons to exercise and perform, subject to such conditions as may be specified in the order, the powers and functions of the Gram Panchayat under this Act or other Law for the time being in force, for a period not exceeding three months at a time or until the date on which such first meeting of the newly-formed Gram Panchayat is held, whichever is earlier."

মাননীয় অতীশদা বললেন পারসন সঠিকভাবে নির্বাচন করা দরকার। উনি ভাবছেন কোনো একজন পার্টির লোককে বসিয়ে দেওয়া হবে। আমাদের মাননীয় মন্ত্রীর সেই

মানসিকতা নেই। কারণ আমাদের ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচন হয়। এটা ঠিক করবে গ্রাম পঞ্চায়েত। গ্রাম পঞ্চায়েত যদি মনে করে এই দায়িত্ব পঞ্চায়েত সমিতিকে দিতে পারে, জেলা পরিষদকে দিতে পারে। যেহেতু গ্রাম পঞ্চায়েত নির্বাচন হওয়ার সময় পঞ্চায়েত সমিতি এবং জেলা পরিষদ নির্বাচন হয়। পার্টির কোনো লোককে বসানো হবে না, এটা ভালো করে জেনে রাখা দরকার। এতে আতংকিত হওয়ার কোনো কিছু নেই। দ্বিতীয়ত যে বিলটি এখানে এসেছে, পঞ্চায়েত অ্যামেন্ডমেন্ট বিল, বিল নং ৭ অফ ২০০৬..... যেসব কর্মী ডিফালকেশন বা মিস ইউস অফ ফান্ড করে থাকেন, সেখানে পানিশমেন্ট কাম্য এবং সেটা এই বিলের মধ্যে দিয়ে করেছেন। যে পানিশড হচ্ছে সে যেন ভিকটিমাইজড না হয় সেটা দেখতে হবে। সেই জন্য অ্যাপিলের জায়গা রেখেছেন। গ্রাম পঞ্চায়েতের কর্মী বি.ডি.ও.-র কাছে করবেন, পঞ্চায়েত সমিতির কোনো কর্মী ডি.এম. বা অ্যাডিশনাল ডি.এম.-এর কাছে করবেন, জেলা পরিষদের কোনো কর্মী ডিভিশনাল কমিশনারের কাছে করবেন। বিচার ব্যবস্থা তো দীর্ঘভাবে চলেই। নিম্ন কোর্ট থেকে হাইকোর্ট, সুপ্রিম কোর্টে যাবার অধিকার তো থাকেই। তাহলে একজন কর্মী, যে দণ্ডিত হল, তার কেন এই অধিকার থাকবে না ? এটা উনি করেছেন। গণতান্ত্রিক ব্যবস্থায় প্রত্যেক নাগরিকের এটা কাম্য। নিয়োগ পদ্ধতিটা বলা আছে। ট্যাক্স কালেক্টর নিয়োগ করবে গ্রাম পঞ্চায়েত। তার অ্যাপয়েন্টমেন্ট কিভাবে হবে, তার বেতন কি হবে, এইগুলো বলে দেওয়া হয়েছে। একজন কন্ট্রাকচুয়াল কর্মী কিভাবে নিয়োগ হবে, তার রেমুনারেশন কি হবে, এসব বলে দেওয়া হয়েছে। তবে কর্মী সঙ্কোচনের ফলে গ্রাম পঞ্চায়েত স্তরে, পঞ্চায়েত সমিতি স্তরে, জেলা পরিষদ স্তরে কাজের যে চাপ বেড়ে গেছে, সেক্ষেত্রে অতিরিক্ত কন্ট্রাকচুয়াল কর্মী নিয়োগ করা দরকার। এটা আমরা বারবার দাবিও করি, কিন্তু উনি দিতে পারেন না সরকারের আর্থিক অবস্থার কথা চিন্তা করে। এন.আর.ই.জি. গ্যারান্টেড স্কিম থেকে যদি কিছু দেওয়া যায় তাহলে কাজের গতি বাড়বে, এলাকার উন্নয়ন বাড়বে। তাই এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী ধনঞ্জয় মোদক : মিঃ স্পীকার স্যার, মাননীয় পঞ্চায়েত মন্ত্রী যে, দি ওয়েস্ট বেঙ্গল পঞ্চায়েত (অ্যামেন্ডমেনট) বিল, ২০০৬ এনেছেন, এটা নতুন কিছু নয়। একটা অর্ডিন্যান্স 'দি ওয়েস্ট বেঙ্গল পঞ্চায়েত অর্ডিন্যান্স ২০০৫' হয়েছিল এবং তার প্রয়োজনীয়তা ছিল। যে সময় বিধানসভা চলছিল না সেই সময় ত্রিস্তর পঞ্চায়েত ব্যবস্থার নিম্নতর স্তরে কাজকর্মের জটিলতা হলে সেটা দূর করার জন্য আনা হয়েছিল এই অর্ডিন্যান্স। নির্বাচন হয়েছে, কিন্তু যে কোনো কারণেই হোক প্রধান বা উপপ্রধান নির্বাচিত হয়নি, সেক্ষেত্রে গ্রামের মানুষের উন্নয়নের ক্ষেত্রে যে অচলাবস্থা সৃষ্টি হবে সেটা কাটাবার জন্য কাউকে দায়িত্ব দিয়ে কাজ চালাবার ব্যবস্থা যাতে করা যায় সেই জন্য অর্ডিন্যান্স হয়েছিল। সেটাকেই বিলে রূপায়িত করার জন্য এখানে প্লেস করা হয়েছে। এটা অস্বাভাবিক কিছু নয়, আশঙ্কার কিছু নয়। গ্রামের মানুষের উন্নতি ত্বরান্বিত করার জন্য এই বিলটা আনা হয়েছে। মাননীয় মন্ত্রীর ইচ্ছাও খুব পরিষ্কার এখানে, যাতে গ্রামের কাজ বিঘ্নিত না হয় সেটাই উদ্দেশ্য।

মাননীয় মন্ত্রী আর একটা বিল এনেছেন, দি ওয়েস্ট বেঙ্গল পঞ্চায়েত (সেকেন্ড অ্যামেন্ডমেন্ট) বিল, ২০০৬। এক্ষেত্রেও একটা অর্ডিন্যান্স করা হয়েছিল। যখন বিধানসভা চলছিল না তখন করা হয়েছিল দি ওয়েস্ট বেঙ্গল পঞ্চায়েত অর্ডিনান্স, ২০০৫। সেটাকেই আইনানুগভাবে বিধানসভার সদস্যদের কাছ থেকে পাশ করানোর জন্য এটা আনা হয়েছে। জরুরিভাবে যে অধ্যাদেশ জারি হয়েছিল সেটাকেই বিলে রূপান্তরিত করা উদ্দেশ্য। এতে ত্রিস্তর পঞ্চায়েতের কাজকর্ম, গ্রামের যে সম্পদ সৃষ্টি হচ্ছে তাতে মানুষকে বিভিন্নভাবে অধিকার দেওয়া হচ্ছে। ট্যাক্স কলেক্টর নিয়োগ করা দরকার আছে এবং যে কর্মচারীরা, গ্রাম পঞ্চায়েতের জব অ্যাসিস্ট্যান্ট কর্মী সহায়ক যেসব হচ্ছেন.....

[3.30—3.40 p.m.]

এলাকায় তাদের কাজকর্ম দেখার জন্য একটা নিয়ন্ত্রণ তিনি চেয়েছেন। কর্মীদের যে দায়িত্ব বিধিবদ্ধ আছে— দেখা যায় সেই দায়িত্ব অনেক সময়ে পালিত হয় না, সে জন্য তাদের শাস্তি বিধানের একটা ব্যবস্থা এখানে রাখা হয়েছে। বলা হচ্ছে যে কোনো গ্রাম পঞ্চায়েত কর্মী যদি কাজ না করে তাদের শাস্তি বিধানের জন্য গ্রাম পঞ্চায়েতের মিটিং থেকে তাদের বিরুদ্ধে রিপোর্ট এলে সেই রিপোর্টের বিরুদ্ধে তারা পঞ্চায়েত সমিতির কাছে আপিল করতে পারবে। ফলে কোনো কিছুই অগণতান্ত্রিক নয়। এতে তো গণতান্ত্রিক অধিকারই থাকছে। অর্থাৎ গ্রাম পঞ্চায়েতের কাজটা যাতে সুষ্ঠুভাবে চলে সেই কারণেই এই আইনটা আনা হয়েছে। তাই এই বিলটাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী রামপদ সামন্ত : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পঞ্চায়েত মন্ত্রী অর্ডিন্যান্সের পথ ধরে পশ্চিমবাংলার পঞ্চায়েত ব্যবস্থার মধ্যে যে কিছু অসুবিধা ছিল তাকে সংশোধন করার জন্য যে ব্যবস্থা নিয়েছেন এবং সেই ব্যবস্থাকে আইনানুগ অনুমোদন করার যে যে বিল এনেছেন আমি তাকে সমর্থন করছি। পশ্চিমবাংলায় পঞ্চায়েত ব্যবস্থা একটি সফল ব্যবস্থা। এই সাফল্য শুধু পশ্চিমবাংলার অর্থনীতির ক্ষেত্রে পরিবর্তন সৃষ্টি করেছে তাই নয়, গোটা ভারতবর্ষের মধ্যে এমনকি সারা পৃথিবীর মধ্যেও এই ব্যবস্থা একটা গবেষণা ও চর্চার বিষয় হয়ে উঠেছে। কাজ করতে গিয়ে দেখা গেল যে এই পঞ্চায়েত ব্যবস্থার মধ্যে কিছু অসুবিধা রয়েছে সেই অসুবিধাগুলোকে দূর করার জন্য এই বিল আনা হয়েছে। পঞ্চায়েতকে সচল করার জন্য, আরও সঠিকভাবে রূপায়িত করার জন্য এই বিল আনা হয়েছে। পঞ্চায়েত ব্যবস্থাতে কাজটাকে গুরুত্ব দেওয়ার জন্য, জনস্বার্থ যাতে বিঘ্নিত না হয় তার জন্য কর্মী নিয়োগ করার ক্ষেত্রে, ব্যক্তি নিয়োগ করার ক্ষেত্রে এই সংশোধনী আনা হয়েছে। দ্বিতীয় যে সংশোধনী আনা হয়েছে, বিল নাম্বার ১৭, এখানেও দেখা যাচ্ছে যে পঞ্চায়েত কর্মীরা জনস্বার্থের সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত, সেই স্বার্থ যাতে রক্ষিত হয়, সুষ্ঠু ব্যবস্থা রাখা যায় তাই এই সংশোধনী। আমি এই বিলকে সংশোধন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী প্রশান্ত মাঝি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই পবিত্র সভায় পশ্চিমবঙ্গের গ্রামোন্নয়ন দপ্তরের মন্ত্রিমহাশয় সংশোধনী বিল ২০০৬ এবং পশ্চিমবঙ্গের পঞ্চায়েত দ্বিতীয়

সংশোধনী বিল উত্থাপন করেছেন, আমি সমর্থন করছি। আপনি জানেন মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের পঞ্চায়েত জনগণের পঞ্চায়েত। তাই জনগণের কাছে পঞ্চায়েতের সুযোগ-সুবিধা পৌঁছে দেওয়ার জন্য পঞ্চায়েত সদস্য দায়বদ্ধ। বিশৃঙ্খলার কারণে মেয়াদের পূর্বে যদি নির্বাচিত বডি না থাকে, তখন তার বিকল্প ব্যবস্থা হিসাবে আজকে বিলে যে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এটাকে আমি সমর্থন জানাচ্ছি।

এরপর গ্রাম পঞ্চায়েতে সম্পদ সংগ্রহের ক্ষেত্রে নির্দিষ্ট সময়ের জন্য ট্যাক্স কালেক্টর চুক্তির ভিত্তিতে নিয়োগ করা হয়েছে। এছাড়া চুক্তির ভিত্তিতে বিভিন্ন কর্মী গ্রাম পঞ্চায়েতে নিয়োগ করা হবে। এর ফলে পঞ্চায়েতের কাজকে আরও গতিশীল করা যাবে। পঞ্চায়েতের কাজ করে আরও ত্বরান্বিত করা যাবে। তাই এনগেজমেন্ট অফ ট্যাক্স কলেক্টরস অ্যান্ড আদার কনট্রাকচুয়াল ওয়ার্কার্স বাই গ্রাম পঞ্চায়েত এটা নিশ্চিতভাবে সমর্থনযোগ্য। এর ফলে পঞ্চায়েত আরও গতিশীল হবে।

পাশাপাশি এও দেখতে পাচ্ছি যে পঞ্চয়েত সমিতির একজিকিউটিভ অফিসারকে পঞ্চায়েতের অন্যান্য কর্মী নিয়োগের ক্ষমতা দেওয়া হয়েছে। একইভাবে জেলা পরিষদের একজিকিউটিভ অফিসাররা বিভিন্ন কর্মীদের নিয়োগপত্র দেবে।

ত্রিস্তর পঞ্চায়েত ব্যবস্থায় জেলা পরিষদ থেকে শুরু করে পঞ্চায়েত সমিতি এবং পঞ্চায়েতে যে সমস্ত কর্মচারী থাকছেন, তাদের দিকে লক্ষ রেখেই শাস্তি প্রদানের বিষয়টি পশ্চিমবঙ্গ সরকারের সরাসরি অধীনে থাকছে। তাই এক্ষেত্রে বলছি যে, পঞ্চায়েতের কাজে স্বচ্ছতা এবং দ্রুততা রক্ষা করার জন্যই এই শাস্তি প্রদানের ব্যবস্থা করা হয়েছে। বিনা দোষে হঠাৎ করে কাউকে যেন শাস্তি না দিয়ে দেওয়া হয়, তার জন্যই এই ব্যবস্থা করা হয়েছে। পঞ্চায়েতের ক্ষেত্রে এই সমস্ত পদক্ষেপগুলি আগামীদিনে পঞ্চায়েতের গতিকে ত্বরান্বিত করবে। এলাকার মানুষের পাশে দাঁড়িয়ে পঞ্চায়েত কাজ করবে। এই কটি কথা বলে এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, দ্য ওয়েস্ট বেঙ্গল পঞ্চায়েত (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০০৬ আমরা আগেই বলেছি যে, এর বিশেষ কোনো প্রয়োজনীয়তা থাকছে না। যাই হোক যে পরিপ্রেক্ষিতে এই অ্যামেন্ডমেন্ট বিল এখানে নিয়ে এসেছেন, সেটা ভালো। কিন্তু এটা খুবই দেরি হয়ে গেছে। গ্রাম পঞ্চায়েত যে সব জায়গায় কাজ করতে পারছে না, সেগুলি যাতে কাজ করতে পারে, তার জন্যই এটা এনেছেন। কিন্তু ২০০১ সাল অনেকগুলি ঘটনার কথা আপনার নিশ্চয় মনে আছে। যেমন ধরুন ২৩।০৭।২০০৩ সাল থেকে আমরা বলে আসছি যে, সিমলিপাল, খাতরা-২ নম্বর পঞ্চায়েত থেকে আরম্ভ করে বড়জোড়া গ্রাম পঞ্চায়েতগুলিতে দীর্ঘদিন ধরে কাজ বন্ধ হয়ে আসছে।

[3.40—3.50 p.m.]

দীর্ঘদিন ধরে আমরা বিভিন্নভাবে শাসক দল থেকে আরম্ভ করে বিরোধী দল সবাই এক সঙ্গে বসে সেইগুলো প্রকৃতপক্ষে প্রশাসনের সঙ্গে যুক্ত হয়ে করেছিলাম। এই জিনিস ২০০৬ সালে উপলব্ধি না করে, ২০০৫ সালের শেষদিকে উপলব্ধি না করে আরও কিছুদিন আগে

হতো তাহলে আমার মনে হয় গ্রামবাংলার আরও কাজ পঞ্চায়েতের মাধ্যমে করতে পারতেন। শুধু বাঁকুড়া জেলায় নয়, পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় এই যে প্রতিবন্ধকতা সৃষ্টি হয়েছিল— যাইহোক তিনি যেভাবে করছেন, লং প্রসেস না করে সেখানে দেখছি মাননীয় মন্ত্রিমহাশয়ের চিন্তাভাবনা এবং প্রশাসনিক দিক থেকে যে চিন্তাভাবনা তাতে নিরপেক্ষ দৃষ্টিভঙ্গি থাকলেও কিন্তু নীচের স্তরে নিরপেক্ষ দৃষ্টিভঙ্গি দেখতে পাই না। যার পরিপ্রেক্ষিতে সেখানে দলীয় প্রভাব বেশি করে এসে যায়। তার পরিপ্রেক্ষিতে দেখা যায় যে, বিভিন্ন ক্ষেত্রে, বিভিন্নভাবে বিরোধীরা যারা সেখানে প্রতিনিধিত্ব করছেন তাঁদেরও বঞ্চিত করা হয়। এটাই বাস্তব ঘটনা। এইসব ঘটনার পরিপ্রেক্ষিতে বলছি যে, আপনারা যতই বলুন না কেন, সংসদ থেকে আরম্ভ করে, গ্রামোন্নয়ন পর্ষদ থেকে আরম্ভ করে যেখানেই এটা সংঘটিত হয়েছে, সেই রকম অনেকগুলো জায়গায় দেখা যাচ্ছে যে খাতা নিয়ে বাড়িতে বাড়িতে গিয়ে পার্টির সদস্যদের দিয়ে সই করিয়ে নেওয়া হচ্ছে—তবে এই ঘটনা সব জায়গায় হয় না, কিছু কিছু জায়গায় এগুলো হয়। এই ঘটনাগুলোর পরিপ্রেক্ষিতে বলি যে, সরকারের দৃষ্টিভঙ্গি, সরকারের চিন্তাভাবনার সঙ্গে কর্মকর্তাদের চিন্তাভাবনার তফাত এসে যায়। এই জন্যই প্রকৃতপক্ষে যে ঘটনাগুলো হওয়া উচিত সেগুলো পুরো হয় না। পশ্চিমবঙ্গ বিধানসভায় গত ২৩।০৭।২০০৩ তারিখে বিধানসভার সদস্য শ্রী কাশীনাথ মিশ্র মহাশয়ের মন্তব্যের প্রসঙ্গে পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের বক্তব্য—

(১) পশ্চিমবঙ্গে পঞ্চায়েত ব্যবস্থাকে ভেঙে ক্ষমতা পুনর্বিন্যস্ত করার কোনো অভিপ্রায় সরকারের নেই। বরং গ্রাম সংসদকে প্রতিষ্ঠানিক রূপ দেওয়া, জনসাধারণের কাছে পঞ্চায়েতের দায়বদ্ধতা বাড়ানো, ত্রিস্তর পঞ্চায়েতের মধ্যে সংযোগ বাড়ানো, গ্রাম পঞ্চায়েত স্তরে উপ-সমিতি এবং পঞ্চায়েত সমিতি ও জিলা পরিষদ স্তরে স্থায়ী সমিতিগুলিকে আরও কার্যকর করা ইত্যাদি প্রয়াসের মাধ্যমে সমগ্র পঞ্চায়েত ব্যবস্থাকে শক্তিশালী করার লক্ষ্যেই সম্প্রতি পশ্চিমবঙ্গ পঞ্চায়েত আইনে কয়েকটি পরিবর্তন করা হয়েছে।

(২) পশ্চিমবঙ্গে পঞ্চায়েত ব্যবস্থাকে শক্তিশালী করার নিজস্ব ধারাবাহিক প্রয়াসের অঙ্গ হিসাবেই পশ্চিমবঙ্গ পঞ্চায়েত আইনের সাম্প্রতিক সংশোধনগুলি করা হয়েছে—এর সঙ্গে ব্রিটিশ সংস্থা ডি.এফ.আই. ডি.-র আর্থিক সহায়তা পাওয়ার কোনো সম্পর্ক নেই।

(৩) নির্বাচিত সংস্থার পাশাপাশি কোনো 'মনোনীত কমিটির হাতে উন্নয়নের ভার দেওয়ার' কোনো অভিপ্রায় সরকারে নেই। সম্প্রতি পশ্চিমবঙ্গ পঞ্চায়েত আইনে যে সংশোধন করা হয়েছে, সেখানে মনোনীত কমিটির ব্যবস্থা রাখা হয়নি।

(৪) ব্রিটিশ সংস্থার ডি.এফ.আই.ডি.-র যে আর্থিক সহায়তার কথা বলা হয়েছে, বস্তুতপক্ষে রাজ্য সরকারের শর্ত মেনেই ওই সংস্থা আর্থিক সহায়তা দেওয়ার ইচ্ছা প্রকাশ করেছে। পশ্চিমবঙ্গে গ্রামীণ বিকেন্দ্রীকরণ প্রক্রিয়াকে শক্তিশালী করার লক্ষ্যে উক্ত সহায়তাকে তিনটি ধারায় সদব্যবহার করার কথা ভাবা হয়েছে :

(ক) প্রশিক্ষণ, পরিকাঠামো উন্নয়ন ইত্যাদির মাধ্যমে বিভিন্ন সহায়ক প্রতিষ্ঠান সহ ত্রিস্তর পঞ্চায়েত প্রতিষ্ঠানগুলির সক্ষমতা বাড়ানো—যাতে বিভিন্ন বিভাগীয় দপ্তরের সঙ্গে পঞ্চায়েতের সমন্বয় আরও নিবিড় হতে পারে, যাতে পঞ্চায়েত প্রতিষ্ঠানগুলি স্বশাসিত প্রতিষ্ঠানে উন্নীত হতে পারে এবং জনসাধারণের, বিশেষ করে দরিদ্র মানুষের, উন্নয়ন ত্বরান্বিত করতে তারা আরও সক্রিয় ভূমিকা পালন করতে পারে।

(খ) সারা রাজ্য জুড়ে দরিদ্রদের সপক্ষে বিকেন্দ্রীকৃতভাবে সহভাগী ও সমন্বিত পরিকল্পনা প্রণয়ন, রূপায়ণ ও তদারকি ব্যবস্থা প্রতিষ্ঠিত করা এবং গ্রামীণ এলাকায় সবচেয়ে দরিদ্রদের জীবিকার সুযোগকে সম্প্রসারিত করার উদ্দেশ্যে তাদের প্রত্যক্ষ অংশগ্রহণ সুনিশ্চিত করা।

(গ) ত্রিস্তর পঞ্চায়েত প্রতিষ্ঠানগুলির, বিশেষত গ্রাম পঞ্চায়েতের, সম্পদ সংগ্রহের সুযোগ বাড়ানো এবং তাদের আর্থিক ব্যবস্থাপনার ক্ষেত্রে দক্ষতা, স্বচ্ছতা ও দায়বদ্ধতা বাড়ানো।

এটা ১৯৭৩ সালের আইন। এই আইনে ১৯৭৮ সালের জুন মাসে নির্বাচনের মাধ্যমে ত্রিস্তর পঞ্চায়েত গঠিত হয়।

প্রধান সংশোধনীগুলি কার্যকরী হয় ১৯৮৪, ১৯৮৮, ১৯৯২ এবং ১৯৯৪ সালে। বর্তমান রাজ্য পঞ্চায়েত আইনটি আরও বেশি সংবেদনশীল ও মানুষের আশা-আকঙ্ক্ষার প্রতি দরদী, আরও বেশি দ্ব্যর্থহীন, স্বচ্ছ এবং প্রয়োগের দিক থেকে বেশি কার্যকর। সংবিধানের ২৪৩জি ধারা এবং রাজ্য পঞ্চায়েত আইনের বিভিন্ন ধারা অনুসারে প্রতিটি স্তরের পঞ্চায়েত সংস্থা স্বায়ত্ত শাসনের এক একটি একক এবং একটা নির্দিষ্ট স্তর পর্যন্ত স্বশাসনের কিছু অধিকারও ভোগ করে। কিন্তু একই আইনের অন্য ধারা অনুসারে রাজ্য সরকার অথবা একটি উচ্চতর পঞ্চায়েত সংস্থা তার নিম্নতর পঞ্চায়েতের কাজের তদারকি ও নজরদারি করতে পারে। মাননীয় মন্ত্রিমহাশয় আজকে যে বিল (অ্যামেন্ডমেন্ট) আনলেন তাতে গ্রাম পঞ্চায়েতের গ্রাম নিয়ন্ত্রণের ক্ষমতা পঞ্চায়েত প্রধানের হাতে তুলে দিচ্ছেন রাজ্য সরকার। গ্রাম পঞ্চায়েত কর্মীদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নিতে পারবে গ্রাম পঞ্চায়েত সেখানে সুপারিশ করতে পারবে, এই কথা এই চলতি অধিবেশনে যে বিল আনা হয়েছে তাতে বলা হয়ে গেছে। তবে রাজ্য সরকার সম্প্রতি অর্ডিন্যান্স জারি করায় এই নয়া নিয়ম ইতিমধ্যে কার্যকর হয়ে গেছে। গ্রাম পঞ্চায়েত শাস্তির সুপারিশ করলেও এ ব্যাপারে চূড়ান্ত ব্যবস্থা নেওয়ার অধিকার দেওয়া হয়েছে পঞ্চায়েত সমিতি ও জেলা পরিষদের এগজিকিউটিভ অফিসারকে বরখাস্ত বা পদ থেকে সরিয়ে দেওয়া বা পদাবনতি ছাড়া অন্য ধরনের শাস্তি দেওয়ার ক্ষমতা পঞ্চায়েত এগজিকিউটিভ অফিসারের থাকবে। আর ওই সব শাস্তি দেওয়ার ক্ষমতা থাকবে জেলা পরিষদের এগজিকিউটিভ অফিসারের। প্রসঙ্গত পঞ্চায়েত সমিতি ও জেলা পরিষদের এগজিকিউটিভ অফিসার যথাক্রমে বি.ডি.ও. এবং

ডি.এম.। পঞ্চায়েত সমিতির কর্মীদের নিয়ন্ত্রণের ক্ষমতা থাকবে এগজিকিউটিভ অফিসারের। তিনি কর্মীদের শাস্তির সুপারিশ করতে পারবেন। সেই সুপারিশ অনুযায়ী পঞ্চায়েত সমিতি বা জেলা পরিষদের এগজিকিউটিভ অফিসারের হাতে শাস্তি দেওয়ার ক্ষমতা থাকবে। এটা একটা লংটার্ম প্রসেস। এই শাস্তি দেওয়ার পদ্ধতিও খুবই লম্বা, এটাকে ঠিক করা দরকার। আর শাস্তি যাকে দেওয়া হবে তাকে কাজ করতে দেওয়া যাবে না বা সঙ্গে সঙ্গে নতুন করে তার জায়গায় কোনো লোক নিয়োগ করতে পারবেন না বা লোক নিয়োগ করার ক্ষমতা পঞ্চায়েতের হাতে নেই, এটা রাজ্য সরকারের হাতে আছে। সেই পরিপ্রেক্ষিতে এটা আগামী দিনে পঞ্চায়েত সমিতিতে যাবে না ব্লকে যাবে প্রস্তাব হবে। এই যে লংটার্ম প্রসেস এর ফলে সেখানে একটা অসুবিধার সৃষ্টি হবে। এই অসুবিধাটাকে যাতে দূর করা যায় সেটা দেখা উচিত। দোষী ব্যক্তি বরখাস্ত করা, বা পদ থেকে সরিয়ে দেওয়ার ব্যাপারে আপনি এগজিকিউটিভ অফিসারের হাতে ক্ষমতা দিতে চাইছেন। জেলা পরিষদের কর্মীদের নিয়ন্ত্রণ এবং তাদের শাস্তি দেওয়ার সুপারিশ করতে পারবেন এগজিকিউটিভ অফিসার, সুপারিশ কার্যকর করার ক্ষমতা থাকবে জেলা পরিষদের হাতে।

[3.50—4.00 p.m.]

একটা জিনিস অন্তত চিন্তাভাবনার মধ্যে রাখা উচিত এবং যেটা ভাবনা-চিন্তার মধ্যে আসা উচিত এবং যেটা আপনাদের পুরানো আইন, যেটার এক্সট্রাক্ট দিয়েছেন সেইটার এক্সট্রাক্ট-এর মধ্যে আমরা দেখতে পেলাম। The existing provisions of Section 2, 16A, 19, 35, 36, 36A, 45, 119, 121, 123, 166, 168, 169, 205 of the West Bengal Panchayat Act, 1973 which are proposed to be amended as deleted. এই যে কথাগুলি এক্সট্রাক্ট মধ্যেও আমরা সেখানে পাচ্ছি। যেগুলি আছে, সেখানে যদি এক্সট্রাক্টটা দিতেন সেখানে আইনি সারমর্মটা আমাদের কাছে আছে, এইভাবে সেখানে যদি কর্মী নিয়োগ থেকে আরম্ভ করে তাদের বেতন দেওয়া স্কেল পরিবর্তন বলুন এইসব ব্যাপারে সেখানে নিচের স্তরে কিছু করার ক্ষমতা থাকবে না। সেখানে রাজ্য সরকারের মাধ্যমে, রাজ্যের পঞ্চায়েতের মাধ্যমে একই কথা আপনার মাধ্যমে সেইগুলি স্থিরীকৃত হবে এবং সেইগুলি তখন বাস্তবায়িত করা যাবে। প্রকৃতপক্ষে আমরা দেখতে পাচ্ছি, সেখানে আইনটাকে এইভাবে যদি আমরা ঠিকভাবে কার্যকরী করতে পারি, এইগুলিকে যদি ঠিকমতো নিয়ে নিতে পারি, প্রকৃতপক্ষে গ্রামাঞ্চলে প্রত্যেকটি কাজে গ্রামোন্নয়ন থেকে আরম্ভ করে পঞ্চায়েতে বিভিন্ন ডেভলপমেন্টের কাজ বলুন, কেন্দ্রীয় সরকারের বিভিন্ন প্রকল্প বলুন, বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প বলুন, বিভিন্নভাবে সার্বিক গ্রামোন্নয়নের যে বিষয়টা সেটা গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি ও জেলা পরিষদের মাধ্যমে হচ্ছে। তাছাড়া বিভিন্ন জায়গায় যে উন্নয়ন পর্ষদ আছে, যেমন পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদ আছে, উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ আছে, সুন্দরবন উন্নয়ন পর্ষদ আছে, তাদের জন্য বিভিন্নভাবে সেখানে যে উন্নয়নের টাকাগুলি যাচ্ছে, সেখানে দেখা যাচ্ছিল গ্রাম পঞ্চায়েতে যে টাকার পরিমাণটা হয়, সেটা কম হয়। সেখানে তারা ঠিকমতন ভাগ করে নিয়ে ব্যয় করতে পারছিল না বলে ইউটিলাইজেশন

সার্টিফিকেট দেওয়া যাচ্ছিল না। যার জন্য পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদে সেখানে নতুনভাবে নীতি নির্ধারণ করে সেখানে পঞ্চায়েত সমিতি, জেলা পরিষদের মাধ্যমে কাজ করার জন্য সবচেয়ে বেশি টাকা পঞ্চায়েত সমিতিকে দেওয়া হয়েছে এবং কিয়দংশ টাকা জেলা পরিষদের হাতে রাখা হয়েছে। সেখানে কাজকে ত্বরান্বিত করার জন্য কাজের গতিকে বৃদ্ধি করার জন্য। সেই পরিপ্রেক্ষিতে আমরা মনে করি, যদি সেখানে এইভাবে কাজ করা হয়, প্রকৃতপক্ষে সেখানে আইনের যদি ঠিক মতন প্রয়োগ হয় এবং আমরা যদি দেখি আইনটা ঠিক মতন প্রয়োগ হচ্ছে, আমরা যদি দেখি সেখানে নির্দেশটাকে নীচের স্তরে, পঞ্চায়েত সমিতি বলুন, গ্রাম পঞ্চায়েত বলুন, জেলা পরিষদ বলুন, যেখানে আমরা সদস্য হিসাবে আছি, সেখানে আমরা যেটা দেখে থাকি, ব্লকস্তর বলুন, পঞ্চায়েতস্তর বলুন, সেখানে বিভিন্ন রকমের সিদ্ধান্ত গ্রহণ করা হয়, তাদের ক্ষেত্রে বিভিন্নভাবে সেইগুলি রূপায়ণে ফারাক হয়ে থাকে, তফাৎ হয়ে থাকে। সেই তফাত-এর পরিপ্রেক্ষিতে আমাদের অনেক সময় নিজ নিজ এলাকায় দেখেছি, সেখানে কাজগুলি অসমাপ্ত অবস্থায় আছে। সেখানে টিউবওয়েল চাইলে অনেক সময় দেখা যায়, সেখানে সভাধিপতিকে বললে— জেলা পরিষদের সভাধিপতিকে বললেও— সেখানে আমাদের ক্ষেত্রে বিরোধী দলের ক্ষেত্রে বিচারটা হয় না। সেখানে ঠিক মতন যেটার প্রয়োজন আছে, যেটা করে দেওয়া দরকার, আমরা সেখানে যে জায়গায় আছি, সেখানে জলকষ্ট নেই সেটা আলাদা, যেখানে জলকষ্ট আছে, সেই জায়গাটা দেখতে বলব। অনুরূপভাবে রাস্তাঘাট থেকে আরম্ভ করে কালভার্ট থেকে আরম্ভ করে ইন্দিরা আবাস যোজনা থেকে আরম্ভ করে বিভিন্ন ধরনের কাজ হচ্ছে। অন্ত্যোদয় যোজনা থেকে আরম্ভ করে, বি.পি.এল. থেকে আরম্ভ করে একটা বিরাট গরমিল, একটা বিরাট পার্থক্য আমরা দেখতে পাচ্ছি। বিরোধী দলগুলিকে কিছুটা বঞ্চিত করার চেষ্টা হচ্ছে। বিরোধী দলের লোক হিসাবে আমরা প্রত্যেকটা মিটিং-এ যাবার চেষ্টা করি এবং বক্তব্য রাখি ও সুনির্দিষ্টভাবে সাজেশন দিয়ে থাকি। আজকে কর্মী নিয়োগ থেকে আরম্ভ করে, সাসপেনশন থেকে আরম্ভ করে সমস্ত ব্যাপারে যাতে সুবিচার হয় এবং জিনিসটা লং প্রসেসের মধ্যে যাতে না যায় তার আবেদন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

ডাঃ সূর্যকান্ত মিশ্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি প্রথমেই যেটা বলতে চাই, আমাদের এই অর্ডিন্যান্স কেন আনতে হল। বাধ্য না হলে আমরা এটা আনার পক্ষপাতী নয়, বাধ্যবাধকতার মধ্যেই এটা আমাদের আনতে হয়েছে। দার্জিলিং পার্বত্য এলাকার পঞ্চায়েতের মেয়াদ ২০০৫ সালের জুন মাসে ফুরিয়ে যায়। দার্জিলিং পার্বত্য এলাকা নিয়ে তখন অনেক আলাপ-আলোচনা চলছিল। কেন্দ্রীয় সরকার, রাজ্য সরকার এবং ডি.জি.এইচ.সি. সবাইকে নিয়ে একটা ঐক্যমতে পৌঁছানোর চেষ্টা হচ্ছে। সেই পরিপ্রেক্ষিতে সেখানে এখনো পঞ্চায়েত নির্বাচন করে ওঠা সম্ভব হয়নি। পঞ্চায়েতের মেয়াদ পাঁচ বছর পূর্ণ হয়ে গেছে, তার মেয়াদ বৃদ্ধি করা যায় না। আমাদের দেশের তিয়াত্তরতম ও চুয়াত্তরতম সংবিধান সংশোধন যখন হয় তখন আমাদের মতপার্থক্য ছিল। আমরা ঠিক করেছিলাম পঞ্চায়েতের মেয়াদ পাঁচ বছর পার হয়ে গেলে সেখানে নির্বাচন করতে হবে, মেয়াদ বাড়ানো

যাবে না। কিন্তু একমাত্র ব্যতিক্রম হচ্ছে দার্জিলিং পার্বত্য এলাকা। সেখানে জুন মাসে নির্বাচনটা করা গেল না। স্বাভাবিকভাবেই তিন মাসের জন্য আমাদের এই ব্যবস্থাটা করতে হল। দেখা গেল এই তিন মাস যথেষ্ট নয়, আরও তিন মাস করতে হবে। সেই ব্যাপারের মধ্যে আমি যাচ্ছি না। একটা বিশেষ পরিস্থিতির মধ্যে আমাদের এটা করতে হয়েছে। ষষ্ঠ তফসিলের অন্তর্ভুক্ত হলে দার্জিলিং পার্বত্য এলাকায় পঞ্চায়েত আইন আর কার্যকরী থাকবে না এবং তিয়াত্তরতম, চুয়াত্তরতম সংশোধনীর মধ্যেও থাকবে না। যাকে বলা হয় 'পেশা'—পঞ্চায়েত এক্সটেনশন সিডিউল্ড এরিয়া, তখন এটাই কার্যকরী হবে। কাজেই এই রকম একটা পরিস্থিতির মধ্যে দাঁড়িয়ে, বাধ্যবাধকতার মধ্যে দাঁড়িয়ে জুন মাস পেরিয়ে যায় এবং আমাদের এই অর্ডিন্যান্সটা করতে হয়েছে। এটা আর কোথাও প্রযোজ্য হবার সম্ভাবনা নেই। এই বিশেষ পরিস্থিতির ব্যাপারটা আপনাদের নজরে আনলাম।

এবারে দ্বিতীয় সংশোধনীর প্রস্তাবও আমাদের অনুরূপভাবে আনতে হয়েছে, আপনারা সকলেই জানেন 'ন্যাশনাল রুরাল এমপ্লয়মেন্ট গ্যারান্টি অ্যাক্ট' এটা ইতিমধ্যেই পার্লামেন্টে পাশ হয়েছে।

[4.00—4.10 p.m.]

মাননীয় সদস্য শ্রী অতীশচন্দ্র সিংহ মহাশয় বলেছেন, পার্লামেন্ট তো আইন পাশ করে, আইনে বলে দেওয়া হয় ন্যাশনাল রুরাল এমপ্লয়মেন্ট গ্যারান্টি অ্যাক্ট অনুযায়ী প্রত্যেক রাজ্যকে সেই রাজ্যের প্রকল্প করতে হবে। আমরা যে রকম ওয়েস্ট বেঙ্গল রুরাল এমপ্লয়মেন্ট গ্যারান্টি স্কিম করেছি, সেটা ওই আইন অনুযায়ী করেছি। আমরা যখন দিল্লিতে মিটিং করেছিলাম তখন কেন্দ্রীয়মন্ত্রী আমাকে জিজ্ঞাসা করেছিলেন, 'আপনি কি রেডি আছেন'। আমি বলেছিলাম, আমরা সব সময়ে রেডি আছি, আপনি আগে কার্যকরী করে দিন, আমরা ২ দিনের মধ্যেই নোটিফিকেশন করে দেব। আমরা নোটিফিকেশন করে দিয়েছি। আমরা স্কিম তৈরি করে রেখেছিলাম। সেই আইন অনুযায়ী ১০টি জেলায় প্রকল্প চালু হচ্ছে। এখন এই ১০টি জেলায় কাজ করার ক্ষেত্রে পঞ্চায়েতের বর্তমানে যে পরিকাঠামো আছে তাতে সম্ভব নয় ১০০ দিনের কাজ দেওয়ার। এটা খুব একটা ছোটোখাটো ব্যাপার নয়। যে পরিমাণ স্কিম করতে হবে তাতে একসঙ্গে অনেকগুলি জায়গায় কাজ চালাতে হবে। এটা অসম্ভব হয়ে যাচ্ছে যদি নতুন লোকজন না দিই। সেটা দেওয়া তো দূরের কথা, আমাদের যেগুলি অনুমোদিত খালি পদ ছিল সেগুলি দ্রুত পূরণ করা এবং তার সঙ্গে এই যে নতুন পদ সেগুলি তৈরি করতে হবে। এখন সেই ব্যবস্থা করে লোকজন দ্রুত দিতে হবে এবং স্বচ্ছতার সঙ্গে করতে হবে। এখানেই আমাদের একটা বড় সমস্যা। এটা নিয়ে আমরা বহুদিন ধরে আলোচনা করেছি। আমি মাননীয় সদস্যদের মনে করিয়ে দিচ্ছি, এই ডেভেলিউশন এই বিকেন্দ্রীকরণ, গ্রাম পঞ্চায়েতের নিজস্ব, পঞ্চায়েত সমিতির নিজস্ব, জেলা পরিষদের তার নিজস্ব কর্মী এরা তাদেরই দায়বদ্ধ থাকবে। কিন্তু আমাদের সমস্যা হচ্ছে, গ্রাম পঞ্চায়েতের কিছু জব অ্যাসিস্ট্যান্টের পোস্ট তৈরি করেছিলাম। আমি উদাহরণ দিয়ে বলতে পারি, জব

অ্যাসিস্ট্যান্টের নিয়োগপত্র দিয়েছে গ্রাম পঞ্চায়েত প্রধান—ধরুন, (ক) গ্রাম পঞ্চায়েত প্রধান একজন জব অ্যাসিস্ট্যান্টকে নিয়োগপত্র দিলেন। ৫ বছর পর ওই গ্রাম পঞ্চায়েতের প্রধানের সঙ্গে ওই জব অ্যাসিস্ট্যান্টের বনিবনা হচ্ছে না, ওই জব অ্যাসিস্ট্যান্ট আর থাকতে চায় না আর গ্রাম পঞ্চায়েত প্রধানও বলছেন, উনি অন্য জায়গায় যদি চলে যেতে চান, চলে যান। অর্থাৎ ইনিও চান না আর উনিও থাকতে চান না। কিন্তু আমার কিছুই করার উপায় নেই, কারণ তার নিয়োগপত্র ওই গ্রাম পঞ্চায়েত প্রধানই তাকে জব অ্যাসিস্ট্যান্ট হিসাবে দিয়েছেন এবং সেই প্রথা সব জায়গায় প্রযোজ্য। আমি ব্লক পঞ্চায়েত সমিতির কথা বলছি। ধরুন, (ক) পঞ্চায়েত সমিতি একজন করণিক নিলেন বা সহায়ক নিলেন। তাকে ওই পঞ্চায়েত সমিতিতেই শেষ পর্যন্ত থাকতে হবে, তিনি অন্য কোথাও যেতে পারবেন না, উপরেও যেতে পারবেন না আর অন্যত্র যাবার সুযোগ নেই, প্রমোশনের কোনো স্কোপ নেই। এই জিনিস তো চলতে পারে না। জেলা পরিষদের ক্ষেত্রেও একই কথা প্রযোজ্য। সেই জন্য আমরা ঠিক করলাম, গ্রাম পঞ্চায়েতে চৌকিদার-দফাদার যারা ছিলেন তাদেরকে নিয়ে ব্লকে যদি একটা ক্যাডার করা হয় তাহলে ওই ব্লকের মধ্যে এই গ্রাম পঞ্চায়েত থেকে অন্য গ্রাম পঞ্চায়েতে যেতে পারবেন আবার ওই গ্রাম পঞ্চায়েত থেকে এই গ্রাম পঞ্চায়েতে আসতে পারবেন আর বাকি যে ত্রিস্তরের কর্মচারীরা আছেন তাদেরকে নিয়ে ডিস্ট্রিক্ট ক্যাডার তৈরি করতে হবে। এছাড়া কিছু স্টেট ক্যাডার তৈরি করতে হবে। যেমন, এই যে সেক্রেটারি, একজিকিউটিভ অফিসার, একজিকিউটিভ ইঞ্জিনিয়ার—এরা এক জেলা থেকে যাতে অন্য জেলায় যেতে পারে, এক জেলা পরিষদ থেকে অন্য জেলা পরিষদে যেতে পারে তার জন্য ব্যবস্থা করছি। কারণ, একজন একজিকিউটিভ ইঞ্জিনিয়ারকে ওই জেলা পরিষদই থাকতে হবে তার কোনো মানে নেই, এইভাবে তো চলতে পারে না। ৫ বছর পর তিনি যদি কোথাও যেতে চান, কিন্তু তাকে যদি কেউ সুপারইনটেনডিং ইঞ্জিনিয়ার করতে চায় তাহলে এদের জন্য স্টেট ক্যাডার করতে হবে। এই নিয়ে সমস্যা হয়েছিল। বহু আলোচনা হয়েছে। ল ডিপার্টমেন্টের পরামর্শ নিয়ে আমরা করবার ব্যবস্থা করছি আর রুল তৈরি করেছি। কার্যত দ্রুত যদি করতে হয় তাহলে লোক দিতে হবে ওইসব শূন্য পদগুলিতে। এখন এইসব শূন্য পদে লোক দিতে গেলে সার্ভিস কমিশনের মাধ্যমে দেওয়া দরকার। আমি পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে চেষ্টা করেছিলাম। যেমন কেরালায় আছে, সেখানে টিচার থেকে আরম্ভ করে পঞ্চায়েত, মিউনিসিপ্যালিটি সব জায়গাতেই পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে হয়। কিন্তু আমাদের পাবলিক সার্ভিস কমিশনের পক্ষে করা সম্ভব নয়। তাই আমি খুঁজছিলাম কোন্ সার্ভিস কমিশনের কাজ নেই। দেখলাম, মিউনিসিপ্যাল সার্ভিস কমিশনের কোনো কাজ নেই। ওদেরকে আমি বললাম, করে দেবেন—এই যে খণ্ড খণ্ড ২ জন, ১ জন তার রিজারভেশন, তার রোস্টার, ঠিকমত যাতে পরীক্ষা হয় সততার সঙ্গে এবং দ্রুততার সঙ্গে ? এটা ওরা করে দেবেন। ওঁরা বললেন আমরা চেষ্টা করতে পারি। কিন্তু সেটার জন্য ফাইলপত্র করতে সময় লাগবে। আইন বদলাতে হবে, রুল বদলাতে হবে। তার আগে এই আইনটা সংশোধন করার দরকার ছিল। আমরা তদনুযায়ী রুল তৈরি করব। প্রত্যেক জায়গায় দেখবেন লেখা আছে—অ্যাজ মে বি প্রেসক্রাইবড। অর্থাৎ এ ক্ষেত্রে আইন অনুযায়ী সব কিছু হবে। আবার এই যে আপনি বলছেন পানিশমেন্টের ব্যাপারে ডিলেড

হবে কি হবে না। কেউ পানিশমেন্ট পাক এটা আমরা চাই না। পানিশমেন্ট দেওয়ার কারণ নেই। তবে অকারণে কেউ পানিশমেন্ট পাক এটা আমরা চাই না। আসলে পানিশমেন্ট দেওয়া আমাদের লক্ষ্য নয়। মূল কথা হলো দায়বদ্ধতা সুনিশ্চিত করতে হবে, শৃঙ্খলা সুনিশ্চিত করতে হবে। এতে কোনো সন্দেহ নেই। আমরা সেগুলো রুলসে করে দিচ্ছি। খুঁটিনাটি বিষয়ে এখানে বলা আছে। বলা আছে এক মাসের মধ্যে অ্যাপিল করতে পারবে, এগুলো আমরা করে দিচ্ছি। এবং একটা চেক অ্যান্ড ব্যালান্স আছে। আইনে আমরা যা করেছি সেখানে আপনারা দেখুন এখানে চেক অ্যান্ড ব্যালান্স আছে, অর্থাৎ নির্বাচিত সংস্থা তার কাছে একটা দায়বদ্ধতা এক্ষেত্রে আছে। এবং সেটাই শেষ কথা নয়। আবার অ্যাপিলেরও একটা সুযোগ এক্ষেত্রে আছে। এই দুটো জিনিসকে রাখতে হবে, সেই দুটো জিনিস আমরা রাখবার চেষ্টা করেছি। এবং আমরা তদনুযায়ী আমাদের রুল তৈরি করেছি। মূল বিষয় নিয়ে আলোচনা হয়েছে এবং আপনারা এ সম্বন্ধে যা বলেছেন, তাছাড়াও আরও ছোটোখাটো দু-একটা বিষয়ে আলোচনা হয়েছে। এবার বলি—পঞ্চায়েত ডেভলপমেন্ট অফিসার কেন করলাম ? কি করবো সবাই ডেভেলপমেন্ট অফিসার হয়েছেন। এগ্রিকালচার এক্সটেনশন অফিসার যাঁরা ছিলেন, তাঁরা এগ্রিকালচার ডেভেলপমেন্ট অফিসার হয়েছেন। ইন্ডাস্ট্রি এক্সটেনশন অফিসার ছিলেন, তাঁরা ইন্ডাস্ট্রি ডেভেলপমেন্ট অফিসার হয়েছেন। এঁরা বললেন আমরা এক্সটেনশন অফিসার থাকব কেন ? আমরা পঞ্চায়েত ডেভেলপমেন্ট অফিসার হবো। আমরা বললাম আপত্তি নেই। নাম নিয়ে তো ঝগড়া করে লাভ নেই একটা এক্সটেনশনের জায়গায় ডেভেলপমেন্ট শব্দটা অ্যামেন্ডমেন্ট করা হচ্ছে। আমরা এ ব্যাপারে ফিন্যান্সের অনুমোদন নিয়ে এটা করেছি। ট্যাক্স কালেক্টরের ব্যাপারে বলি—এটা নিয়ে একটা ছোটোখাটো মুশকিল হয়েছে। ট্যাক্স কলেক্টরের ব্যাপারে আমাদের রুলস ইত্যাদি সবই আছে, কিন্তু আইনে কোথাও ট্যাক্স কালেক্টরের কথা উল্লেখ নেই। এটা আমরা দেখলাম। খুঁটিনাটি দেখতে দেখতে এগুলো এসে গেছে। অনেক আগে থেকে তো সব দেখা যায় না। কাজেই সমস্ত জিনিসটা দেখতে দেখতে অনেক সময় অনেক জিনিসই নজরে আসে। এজন্য আইনে একটা উল্লেখ থাকা দরকার ছিল। আইনে না থাকলেও রুলসে ট্যাক্স কালেক্টর আছে। এক একটা ধারা আছে আপনারা দেখবেন যে, কবেই চৌকিদার, দফাদার উঠে গেছে। আসলে আইনের এতগুলো সেকশন তার মধ্যে কোনো এক জায়গায় চৌকিদার, দফাদার কথাটা থেকে গেছে। এটা ডিলিট করে দিতে হবে। এটা থাকার কোনো দরকার নেই। এগুলো হল আনুষঙ্গিক ছোট বিষয় কিন্তু মূল কথা আমি যেগুলো বললাম দ্রুততা ও স্বচ্ছতার সঙ্গে এই প্রয়োজনীয় চাহিদাটা মেটাবার জন্য এত সংখ্যক কর্মীকে দেওয়া এবং তাদের দায়বদ্ধতাটা ঠিকভাবে সুনিশ্চিত করা দরকার। গণতান্ত্রিকভাবে নির্বাচিত প্রতিনিধি সংস্থার কাছে তাদের দায়বদ্ধতা রয়েছে। সেখানে কোনোভাবেই যাতে অবিচার না হয় সেটাও সুনিশ্চিত করা প্রয়োজন। দার্জিলিং-এর পাহাড়ে যে বিশেষ পরিস্থিতি তৈরি হয়েছিল, সেই পরিস্থিতির মোকাবিলা করা এবং এই বাধ্যবাধকতার মধ্যে যে দুটো অর্ডিন্যান্স আনা হয়েছিল, সেই অর্ডিন্যান্সকে আমরা বিলে পরিণত করতে চাইছি। এবং সেই কারণে আমি আপনাদের সবার সমর্থন প্রত্যাশা করছি, ধন্যবাদ।

The Motion of Shri Kashinath Mishra that this House disapproves the West Bengal Panchayat (Amendment) ordinance 2005 was then put and lost.

Clauses 1–3

The question that Clauses 1 to 3 do stand part of the Bill were then put and agreed to.

Preamble

The question that Preamble do stand part of the Bill was then put and agreed to.

Dr. Surjya Kanta Mishra : Mr. Speaker Sir, I beg to move that the West Bengal Panchayat (Amendment) Bill, 2006 as settled in the Assembly, be passed.

The Motion was then put and agreed to.

[4.10–4.13 p.m.] (excluding adjournment)

The West Bengal Panchayat (Second Amendment) Bill, 2006

The Motion of Dr. Surya Kanta Mishra that the West Bengal Panchayat (Second Amendment) Bill, 2006 be taken into consideration was then put and agreed to.

Clauses 1–5

The question that Clauses 1 to 5 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 6

Mr. Speaker : There is one amendment to Clause 6 given by Shri Rabin Deb. It is in order. I now request Shri Deb to move his amendment.

Shri Rabin Deb : Sir, I beg to move that in Clause 6, to proposed Section 35 of the Principal Act, the following Explanation be added :–

> "Explanation.–The provision of this chapter in their application to the areas of the Darjeeling Gorkha Hill Council shall have effect as if references to the Executive Officer of Zilla Parishad are references to the Principal Secretary of the Darjeeling Gorkha Hill Council."

Dr. Surya Kanta Mishra : Sir, I accept the amendment.

The Motion of Shri Rabin Deb (Amendment No. 1) was then put and agreed to.

The question Clause 6 as amended to stand part of the Bill was then put and agreed to.

Clauses 7–11

The question that Clauses 7—11 do stand part of the Bill was then put and agreed to.

Clause 12

Mr. Speaker : There is one amendment (Amendment No. 2) to Clause 12 given by Shri Rabin Deb. It is in order. I now request Shri Deb to move his amendment.

Shri Rabin Deb : Sir, I beg to move that in Clause 12, to proposed Sub-Section (2) of Section 119 of the Principal Act, the following Explanation be added :–

> "Explanation :–The provisions of this Chapter in their application to the areas of the Darjeeling Gorkha Hill Council shall have effect as if references to the Executive Officer of Zilla Parishad are references to the Principal Secretary of the Darjeeling Gorkha Hill Council."

Dr. Surya Kanta Mishra : Sir, I accept the amendment.

The Motion of Shri Rabin Deb (Amendment No. 2) was then put and agreed to.

The question that Clause 12 as amended do stand part of the Bill was then put and agreed to.

Clauses 13–20

The question that Clauses 13 to 20 do stand part of the Bill was then put and agreed to.

Preamble

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

Dr. Surya Kanta Mishra : Sir, I beg to move that The West Bengal Panchayat (Second Amendment) Bill, 2006 as settled in the Assembly be passed.

The Motion was then put and agreed to.

Adjournment

The House was adjourned at 4:13:25 on 15.02.2006 till 11.00 a.m. on Thursday, the 16th February, 2006

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Thursday, the 16th February 2006 at 11 a.m.

P R E S E N T

Mr. Speaker (SHRI HASHIM ABDUL HALIM) in the Chair, 13 Ministers, 06 Ministers of State and 128 Members.

Starred Questions
(to which oral answers were given)

[11.00–11.10 a.m.]

*(৭১)

মিঃ স্পীকার : ৭১ নং প্রশ্ন..... হেল্ড ওভার।

.....(ভয়েজ : পঙ্কজ বন্দ্যোপাধ্যায় : স্যার, কেন হেল্ড ওভার হল ?).....

মিঃ স্পীকার : জবাব আসেনি বলেই হেল্ড ওভার হয়েছে।

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : আমি এর জন্য আন্তরিকভাবে দুঃখিত। এটা ডিপার্টমেন্টের করা উচিত ছিল, আমি কালকেই বলেছি। আরও দুদিন সময় লাগবে। এই সেশনের মধ্যেই উত্তর দিয়ে দেব। আজকে উত্তরটা দিতে না পারার জন্য দুঃখিত।

শ্রী পঙ্কজ বন্দ্যোপাধ্যায় : এই সেশনের মধ্যে উত্তর দেবেন বলছেন, কত তারিখে দেবেন ? এই সেশন বলতে ৯ তারিখ থেকে যেটা শুরু হবে, সেটা বলছেন কি ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : হ্যাঁ।

চেন্নাই-কলকাতা যোগাযোগ

*৭২। (অনুমোদিত প্রশ্ন নং *৮৩) **শ্রী আবু আয়েশ মণ্ডল** : তথ্য প্রযুক্তি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বি.এস.এন.এল.। ও ভি.এসএন.এলের যোগাযোগ ব্যবস্থা ব্যতিরেকে চেন্নাই ও কলকাতার মধ্যে জলের তলা দিয়ে যোগাযোগ ব্যবস্থা চালু করার কাজটি বর্তমানে কোন্ পর্যায়ে আছে ?

শ্রী মানবেন্দ্র মুখার্জী :

এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের সঙ্গে আমাদের বিস্তারিত আলোচনা চলছে যাতে উক্ত প্রকল্পটির সত্বর বাস্তবায়িত হয়।

শ্রী আবু আয়েশ মণ্ডল : এই প্রকল্পটি সত্বর বাস্তবায়িত করার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে বলেছেন। এছাড়া লোকসভার সদস্য বা জনপ্রতিনিধি যাঁরা আছেন—তাঁদের কাছে কোনো সাহায্য চেয়েছেন বা আবেদন করেছেন কি না, দয়া করে জানাবেন ?

শ্রী মানবেন্দ্র মুখার্জী : এ বিষয়টা নিয়ে দীর্ঘদিন ধরে আমরা রাজ্য সরকার চেষ্টা করছি এবং কেন্দ্রীয় সরকারের সঙ্গেও কথা বলেছি। মাননীয় মুখ্যমন্ত্রীকেও চিঠি দিয়েছিলাম। উনি আমাদের প্রাক্তন তথ্য সম্প্রচার মন্ত্রী শ্রী অরুণ শৌরি, বর্তমান তথ্য সম্প্রচার মন্ত্রী দয়ানিধি মারান এবং মাননীয় প্রধানমন্ত্রীকেও বিষয়টা জানিয়েছিলেন। আমি এই দপ্তরের তথ্য ও সম্প্রচার মন্ত্রী অরুণ শৌরি, দয়ানিধি মারান এবং মাননীয় প্রতিরক্ষামন্ত্রী, ডেপুটি চেয়ারম্যান প্ল্যানিং কমিশনের—ওনাদের কাছে জানিয়েছি। কিন্তু এখনও পর্যন্ত কোনো সুনির্দিষ্ট সিদ্ধান্তে আসেননি।

এবার আমি আপনার দ্বিতীয় প্রশ্নের উত্তরে যাব। প্রথমে পশ্চিমবঙ্গের সদস্যদের কাছে বিষয়টা বলা হয়েছিল। আপনি জানেন মাননীয় সদস্য, আমি দিল্লিতে গিয়ে আমাদের সমস্ত সর্বদলীয় সদস্যদের নিয়ে একটা মিটিং ডেকেছিলাম। একমাত্র প্রধান বিরোধী দল তৃণমূল কংগ্রেসের সাংসদরা ছাড়া অন্যান্য দলের সাংসদরা সকলে এসেছিলেন। আমি যতটা জানি তাঁরা কেন্দ্রীয় সরকারের উপর চাপ সৃষ্টি করার চেষ্টা করেছিলেন। সেদিন বিভিন্নভাবে কেন্দ্রীয় সাংসদরা চেষ্টা করেছিলেন এবং এখনও করে যাচ্ছেন। কিন্তু প্রধান বিরোধী দল তৃণমূল কংগ্রেসের সাংসদদের কাছ থেকে এই বিষয়ে কোনো সাড়া পাওয়া যায়নি।

শ্রী আবু আয়েশ মণ্ডল : মাননীয় মন্ত্রী মহাশয়, যথাযোগ্য উদ্যোগ এবং ব্যবস্থা নেওয়ার জন্য জাতীয় ক্ষেত্রে চেন্নাই, কলকাতা ছাড়া আমাদের দেশে আর কোনো মেট্রোপলিটন সিটির সঙ্গে যোগাযোগের কোনো ব্যবস্থা চালু হয়েছে বা হতে যাচ্ছে ? এই ধরনের কোনো সংবাদ যদি আপনার কাছে থাকে, তাহলে দয়া করে জানান।

শ্রী মানবেন্দ্র মুখার্জী : সাধারণভাবে আমাদের কলকাতা শহরের সঙ্গে দেশের অন্যান্য মেট্রোপলিটন শহরগুলির যোগাযোগ আছে, এই নিয়ে কোনো সমস্যা নেই। এই ক্ষেত্রে আমরা চেষ্টা করছিলাম এবং এখনও চেষ্টা করে যাচ্ছি যে আন্তর্জাতিক কেবেল—যেগুলো আছে সেগুলো যদি কলকাতা সংলগ্ন সমুদ্রে এসে পড়ে, তাহলে কলকাতা এবং পূর্ব ভারতের বাকি রাজ্যগুলির ক্ষেত্রে সুবিধা হবে। বর্তমানে এই ধরনের ল্যান্ডিং স্টেশন আছে—মুম্বাই, কোচি এবং চেন্নাইতে। কলকাতা বা কলকাতার কাছাকাছি সমুদ্র উপকূলবর্তী অঞ্চলের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের কাছে পরামর্শ ছিল—হলদিয়াই সে ক্ষেত্রে আদর্শ জায়গা হতে পারে। আমরা এই ব্যাপারে চেষ্টা করে যাচ্ছি। কিন্তু মাটির তলায় যে নেট ওয়ার্ক আছে, সেটা যথেষ্ট। উপস্থিত কলকাতা এবং তার আশপাশে এটা মাটির তলা দিয়ে না নিয়ে সমুদ্রের তলা দিয়ে যাতে হয়, তার জন্য আমরা চেষ্টা করছি। মাননীয় সদস্য জেনে আনন্দিত হবেন, আমি আর একবার কেন্দ্রের তথ্যপ্রযুক্তি মন্ত্রীর সঙ্গে আলোচনা করবার জন্য আগামীকাল দিল্লি যাচ্ছি।

শ্রী আবু আয়েশ মণ্ডল : দিল্লি এবং অন্যান্য রাজ্যে এবং আমাদের দেশের যেসব সমস্যাসঙ্কুল জায়গা আছে, সেই ব্যাপারে আপনি যোগাযোগের জাল বিস্তারের যে প্রচেষ্টা নিতে যাচ্ছেন, তার অগ্রগতি কতখানি ?

শ্রী মানবেন্দ্র মুখার্জী : মাননীয় সদস্য জেনে খুশি হবেন, ভারতবর্ষের মধ্যে বর্ধমান জেলা হবে প্রথম জেলা যেখানে গ্রাম পঞ্চায়েত পর্যন্ত নেট ওয়ার্ক প্রসারিত হবে। তার প্রশাসনিক কাজ শেষ হয়েছে। আমরা আশা করছি, আগামী ২০ তারিখে আনুষ্ঠানিকভাবে কাজ শুরু করতে পারবো। এছাড়া আমাদের ৩৪১টি ব্লকের সঙ্গে কলকাতার যোগাযোগের কাজে আমরা হাত দিয়েছি। কিন্তু বর্ধমানের সঙ্গে ২৭৮টি গ্রাম পঞ্চায়েতে নেট ওয়ার্ক যেটা বিস্তারিত হচ্ছে, এটা গোটা দেশের মধ্যে আমাদের পাইলট প্রোজেক্ট হবে। কারণ পঞ্চায়েত পর্যন্ত নিয়ে যাবার উদ্যোগ আর কোথাও হয়নি। ভারতবর্ষের মধ্যে আমাদের এখানে এটা হচ্ছে।

শ্রী নাজমুল হক : মূলত তথ্য প্রযুক্তির ক্ষেত্রে সার্ভিস—সেবা—এবং উৎপাদন, বিশেষ করে সফটওয়ার আমরা যা করছি, যার বেশিটা আমরা বাইরে এক্সপোর্ট করছি, এর যে গ্রোথ রেট সেটা আমাদের রাজ্যের সঙ্গে তুলনায় যারা আমাদের পূর্বে করেছিল, তার ডিফারেন্সটা কত ?

শ্রী মানবেন্দ্র মুখার্জী : আমাদের এখানে সফটওয়ার রপ্তানি বৃদ্ধির হার গত চার বছরে গড়ে ৭০ পারসেন্ট। জাতীয় গড় ৩৬ পারসেন্টের একটু বেশি। জাতীয় গড় হিসাবের সঙ্গে তুলনায় আমাদের অনেকটা বেশি।

শ্রী সৌগত রায় : মাননীয় মন্ত্রী দয়া করে জানাবেন যে, এমনিতে আমাদের পশ্চিমবাংলার সঙ্গে বিভিন্ন জায়গায় আপনি বলছেন, মাটির তলা দিয়ে কেবল আছে। এখন কেবল নয় অপটিক্যাল ফাইবার ব্যবহার করা হয়। আবার ভি.এস.এন.এল.-এর স্যাটেলাইট নেটওয়ার্ক বিভিন্ন জায়গায় আছে। আমাদের সল্টলেকে যে তথ্য প্রযুক্তি কেন্দ্র গড়ে উঠেছে সেটা ভি.এস.এন.এল.-এর সঙ্গে যুক্ত। তাহলে পশ্চিমবাংলায় হলদিয়ায় আপনি সাবমেরিন কেবল ল্যান্ডিং স্টেশনের ওপরে জোর দিচ্ছে কেন ? এতে কি আছে যে একষ্ট্রা সুবিধা পাবেন যার জন্য সাবমেরিন কেবল ল্যান্ডিং স্টেশন করতে যাচ্ছেন ?

শ্রী মানবেন্দ্র মুখার্জী : হলদিয়া সাবমেরিন কেবল ল্যান্ডিং স্টেশন হলে—এখন পর্যন্ত আমাদের সুবিধা যেটা আছে, যে আইন আছে তাতে সাবমেরিন কেবল ল্যান্ডিং স্টেশনে পাঁচশো কি.মি. রেডিয়াসের মধ্যে কেবলের ভাড়াটা কম থাকে এবং সার্ভিসটা অনেক অথেন্টিক। ডিষ্টারব্যান্সটা কম হবে। এই সার্ভিস থাকার জন্য দক্ষিণ ভারতের রাজ্যগুলো—মুম্বাই, কোচি যে সুবিধা পাচ্ছে, এটা পশ্চিমবাংলা পাচ্ছে না। এটা হলে তথ্য প্রযুক্তি দেবার ক্ষেত্রে আমরা সুবিধাটা পাব। আমরা এটার জন্য প্রধানত জোর দিচ্ছি।

শ্রী নির্মল দাস : মাননীয় মন্ত্রীমহোদয়, প্রকৃতপক্ষে আমরা যখন একবিংশ শতাব্দীতে এসেছি তখন আধুনিক যে প্রযুক্তি, বিশেষ করে তথ্য প্রযুক্তি যা আমরা আমাদের রাজ্যে শুরু করেছি এবং ভালোভাবে ব্যবহার করছি—এখানে কত লোক অর্থনৈতিকভাবে

উপকৃত হচ্ছে ? আপনি যেমন পঞ্চায়েতের কথা বললেন, সর্বত্র যোগাযোগ ব্যবস্থাকে একেবারে নেট ওয়ার্কের মধ্যে আনার চেষ্টা করা হচ্ছে। কতজন লোক নিউ অ্যাপায়েন্টমেন্টের সুযোগ পেয়েছে এবং ভবিষ্যতে কত লোকের সম্ভাবনা আছে ?

[11.10–11.20 a.m.]

শ্রী মানবেন্দ্র মুখার্জী : এই মুহূর্তে সরাসরি তথ্য-প্রযুক্তি এবং তথ্য-প্রযুক্তি সহায়ক কেন্দ্রে প্রত্যক্ষভাবে ৩৫ হাজার মানুষ কাজ করেন। কিন্তু আমার নিজের ধারণা এর সাপোর্টিং সার্ভিসের ক্ষেত্রগুলো ক্রমশ বাড়ছে এবং তাতে আরো ১০ হাজার মানুষের কর্মসংস্থান হবে। নেট-ওয়ার্ক প্রসারিত হলে আমাদের কর্মী বিনিয়োগের পরিমাণও বাড়বে।

শ্রী রামপদ সামন্ত : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি মাননীয় তথ্য-প্রযুক্তি মন্ত্রী মহাশয়ের কাছে একটা অতিরিক্ত প্রশ্ন রাখছি। আমাদের বি.এস.এন.এল. বা যে ফোন ব্যবস্থা, বিশেষ করে ল্যান্ড ফোনের ক্ষেত্রে দেখছি যখন ফোন করা হয়, যাকে ফোন করা হচ্ছে সে রিং শুনতে পাচ্ছে না, প্রকৃতপক্ষে ওটা রিং ব্যাক হচ্ছে, তার কাছে ফোন যাচ্ছে না। এর ফলে একটা ভুল বোঝাবুঝির অবকাশ থাকছে। অর্থাৎ দেখা যাচ্ছে আমাদের কেউ ফোন করলে তারা শুনছে ফোন হচ্ছে কিন্তু রিং ধরা হচ্ছে না। তারা ভাবছে আমরা হয়তো নেই, না হয় ফোন ধরছি না। এই ধরনের ডিসঅর্ডারের ক্ষেত্রে রিংটোন পরিবর্তন করা যায় কি না ? এ ব্যাপারে আপনার দপ্তর থেকে কোনো চিন্তা-ভাবনা করা হচ্ছে কি না ?

শ্রী মানবেন্দ্র মুখার্জী : টেলিফোন সিস্টেম সংক্রান্ত বিষয় আমাদের রাজ্য সরকারের আওতার মধ্যে নয়, তথ্য-প্রযুক্তি দপ্তরের আওতার মধ্যে নয়। সরাসরি কেন্দ্রীয় সরকারের যোগাযোগ দপ্তর এটা করে থাকে। এই প্রশ্নের কোনো সমাধান আমাদের কাছে নেই। তাই এই প্রশ্নের কোনো উত্তর দিতে পারছি না ; কারণ এটা আমাদের কাজ না।

সন্ত্রাসবাদী কার্যকলাপ প্রতিরোধে গৃহীত ব্যবস্থা

*৭৩। (অনুমোদিত প্রশ্ন নং *১১২) **শ্রী কাশীনাথ মিশ্র** : স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

> পুরুলিয়া, বাঁকুড়া ও পশ্চিম মেদিনীপুর জেলায় সন্ত্রাসবাদী কার্যকলাপ প্রতিরোধ করার জন্য সরকার কর্তৃক স্থানীয় মানুষের উন্নতিকল্পে কী কী উন্নয়নমূলক প্রকল্প গৃহীত হয়েছে ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :

> "স্থানীয় অধিবাসীদের আর্থ-সামাজিক উন্নতিকল্পে জেলাগুলিতে সন্ত্রাসবাদী কার্যকলাপ প্রতিরোধে কাজের সুযোগ, বৃষ্টির জল ধরে রেখে চাষের ব্যবস্থা, রাস্তা নির্মাণ, স্বাস্থ্য কেন্দ্র ও বিদ্যালয় স্থাপন, পানীয় জলের ব্যবস্থা, গভীর নলকূপ খনন ও বিড়ি তৈরির পাতার (কেন্দু পাতা) দাম বৃদ্ধি প্রভৃতি উন্নয়নমূলক প্রকল্প সরকার গ্রহণ করেছে।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় স্বরাষ্ট্র দপ্তরের মন্ত্রী মহাশয় কী জানাবেন যে, আপনি ২০০১ সালে 'পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদ' গঠন করেছিলেন এবং সেই সময় থেকে, পুরুলিয়া, বাঁকুড়া এবং পশ্চিম মেদিনীপুরের যে যে ব্লকগুলো চিহ্নিত করেছেন সেগুলোতে এই পাঁচ বছরের মধ্যে কোনো উন্নয়নমূলক কাজ আরম্ভ করেছেন কি না ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : ওই জেলাগুলোতে মূলত খরচ হচ্ছে দুটো খাতে। আর.এস.ভি.ওয়াই বা রাষ্ট্রীয় সমবিকাশ যোজনাতে এবং যেটা আপনি প্রশ্ন করলেন সেটাতে মূলত খরচ হয়েছে ৩ বছরে ১৫ কোটি টাকা করে ৪৫ কোটি টাকা। 'পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদ'-র ২০০১ সালের হিসাব দিতে পারব না। তবে ২০০৪-০৫ সালের হিসাব আছে। পুরুলিয়ায় ৩ কোটি ৬৮ লক্ষ টাকা দেওয়া হয়েছে। বাঁকুড়ায় ৩ কোটি ৯ লক্ষ ৯৬ হাজার টাকা দেওয়া হয়েছে এবং পশ্চিম মেদিনীপুরকে ৩ কোটি ১৫ লক্ষ ৭৭ হাজার টাকা দেওয়া হয়েছে 'পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদ' থেকে এবং ২০০৪-০৫ সালে তা খরচ করা হয়েছে।

শ্রী কাশীনাথ মিশ্র : পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার ভূমি সংস্কার করেছে বলছেন, পঞ্চায়েত গঠন করে গরিব মানুষের অধিকার প্রতিষ্ঠা করে কাজ করছে বলছেন। কিন্তু ৯টা জেলার মধ্যে বিশেষ করে ৩টে জেলায় মাওবাদীদের যে বাড়বাড়ন্ত হল এবং সেখানে বিভিন্নভাবে উন্নয়নমূলক কাজগুলো গত ২৫ বছর ধরে না হওয়ার জন্যই হচ্ছে কি না সেই ব্যাপারে মাননীয় মুখ্যমন্ত্রী কি কোনো চিন্তাভাবনা করেছেন কি না জানাবেন কি ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : একটা কথা আপনি বুঝুন সেটা হচ্ছে দীর্ঘ ক'বছর কোনো কাজ হয়নি, কোনো কাজই হয়নি এটা ঠিক নয়, প্রয়োজনের তুলনায় কম হয়েছে। আমি শুধু একটা উদাহরণ দিচ্ছি—বান্দোয়ান যে ব্লক আছে, সেই ব্লকের মানুষেরা পাকা রাস্তা দেখেনি ১৯৭৭ সালের আগে। বান্দোয়ান ব্লকের চেহারা এখন অনেক পাল্টে গেছে। রাস্তা, এটা আমি একটা উদাহরণ দিচ্ছি—১৯৭৮ সালে ওখানে কাজ শুরু হয়। ১৯৭৭ সাল পর্যন্ত বান্দোয়ানের মানুষ পাকা রাস্তা দেখেনি। ওখানে কাজ হয়েছে, ধারাবাহিকভাবেই কাজ হয়েছে। পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদ প্রতি বছরই ৮ কোটি টাকা করে খরচ করেছে এই পর্ষদ তৈরি হবার পর থেকেই। এই বছর আমি টাকাটা বাড়ালাম, ১২ কোটি টাকা করলাম ওই পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদের জন্য। সেখানে আমার ব্রেকআপও করা আছে—কৃষি, সেচ, খাদ্য, প্রাথমিক বিদ্যালয়, পানীয় জল, স্বাস্থ্য শিবির, ফরেস্ট প্রোডাক্টস। এটা আপনি ঠিকই বলেছেন এই ক'বছরে মাওবাদী কার্যকলাপ খুব বেড়েছে। এটা একটা নতুন ধরনের ব্যাপার, পুরনো নকশাল বাড়ি আন্দোলনের ফল নয়। এটা একেবারে আসছে অন্ধ্রপ্রদেশ থেকে। অন্ধ্রপ্রদেশ থেকে এসে ওড়িশা হয়ে ঝাড়খণ্ড হয়ে আমাদের এখানে ঢুকছে, এটাই সবচেয়ে বড় সমস্যা। এটা ঠিকই এখন যে অঞ্চলটায় করছে, সেই অঞ্চলটায় আপনার সুযোগ তারা নেবার চেষ্টা করছে ঝাড়খণ্ডকে পেছনে রেখে। জাড়খণ্ড পেছনে না থাকলে এবং এই জঙ্গল, পাহাড় এলাকা না থাকলে আমাদের কাজটা করতে সুবিধা হত কিন্তু এটাও তিনি ঠিকই বলেছেন ওই এলাকায় খাড়িকটা দারিদ্র এবং বেকারের সুযোগ তারা

নিয়েছেন। সেই কারণেই আমরা অত্যন্ত গুরুত্ব দিয়েছি কৃষি এবং সেচেতে। পুরুলিয়া জেলার একটা হিসাব বলছি—২০০৩-০৪ কিংবা ২০০৪-০৫ সালের হবে, সেখানে পুরুলিয়াতে ৪১৭টি প্রকল্প নেওয়া হয়েছে কৃষি এবং সেচের জন্য। পুরুলিয়াতে বিশেষ করে খবর নিয়ে জানার পরেই আমাদের সায়েন্স অ্যান্ড টেকনোলজি ডিপার্টমেন্ট স্যাটেলাইট থেকে কনট্যুর ম্যাপ বার করা হয়। সেই ম্যাপেই ধরা পড়েছে জমিজমার কি রকম চেহারা, উঁচু-নিচু কি না। সেটা পাওয়ার পরেই রামকৃষ্ণ মিশনকে অনুরোধ করি দুটো রেন ওয়াটার হারভেস্টিংয়ের প্রজেক্ট করে দেওয়ার জন্য, তারা দুটোই করছেন। আমি একটা দেখে এসেছি, খুব ভালো হয়েছে—এটা কৃষি এবং সেচের জন্য। পুরুলিয়াতে ৪১৭টি প্রকল্প নেওয়া হয়েছে, বাঁকুড়াতে ২৯টি, পশ্চিম মেদিনীপুরে ৫০৮টি প্রকল্প শুধু সেচের জন্য। আমাদের ওখানে মূল সমস্যাই হচ্ছে সেচ এবং তার সমাধান হচ্ছে জোড়বাঁধ এবং রেন ওয়াটার হারভেস্টিং। ওখানে কৃষি এবং সেচের জন্য খরচ হয়েছে ৫ কোটি ২৭ লক্ষ ২৫ হাজার, বাঁকুড়াতে ৮ কোটি ৭০ লক্ষ টাকা খরচ করা হয়েছে, পশ্চিম মেদিনীপুরে ৯ কোটি ১৬ লক্ষ ৮৪ হাজার টাকা। শুধু কৃষি এবং সেচের জন্য খরচ করা হয়েছে। আর খাদ্যের বদলে কাজ অর্থাৎ ফুড ফর ওয়ার্কে পুরুলিয়াতে ৯ কোটি ৩৭ লক্ষ ৮৫ হাজার টাকা খরচ করেছে, খাদ্যশস্য আছে। বাঁকুড়াতে ৩ কোটি ৩৪ লক্ষ ৬৭ হাজার টাকা খরচ করা হয়েছে, পশ্চিম মেদিনীপুরে ৩ কোটি ৫০ লক্ষ ৭৫ হাজার টাকা শুধু খাদ্যের বদলে কাজের জন্য খরচ করা হয়েছে। আর কত শ্রমদিবস সৃষ্টি হয়েছে সেটাও আমার কাছে আছে। প্রাথমিক বিদ্যালয় নতুন বিদ্যালয় পুরুলিয়াতে ১০১টি হয়েছে। আর পুরানো স্কুল সেখানে আপনার দুটো একটা ঘর ছিল, সেখানে দুটি ঘর করা হয়েছে এমন ৯১টি করা হয়েছে। বাঁকুড়াতে নতুন স্কুল ১৩২টি করা হয়েছে আর পশ্চিম মেদিনীপুরে ৫৯টি নতুন স্কুল করা হয়েছে। আর পুরানো স্কুল সংস্কার হয়েছে এবং বাড়ানো হয়েছে ৩২০টি। পুরুলিয়াতে পানীয় জলের স্কিম হয়েছে—টিউবেল ১৪২টি হয়েছে, বাঁকুড়াতে ৫৮৫টি এবং পশ্চিম মেদিনীপুরের সংখ্যাটি এই মুহূর্তে দেয়নি, পি.এইচ.ই. দিতে পারেনি। এছাড়া আরেকটি কথা বলি এগ্রিকালচারে একটা অংশের মানুষ ক্ষেতমজুর হিসাবে কাজ করে। জমির মালিকানায় আপনার যে অংশটা, খুবই কম এবং জমির পরিমাণও কম। একটা অংশ আছে তারা জমির মালিক কিন্তু অল্প চাষ হয়, আরেকটা অংশ আছে ক্ষেতমজুর। আরেকটা অংশ আছেন যারা কৃষি কার্যের মধ্যে আসতেই পারে না।

[11.20–11.30 a.m.]

তাদের জীবন নির্ভর করতে হয় শুধু ফরেস্ট প্রোডাক্টের উপরে। এই ফরেস্ট প্রোডাক্টকে সাজাবার জন্য প্রথমে জোর দিয়েছিলাম কেন্দু পাতা, শালপাতা, বাবুইঘাস-এর উপর। ২০০১-০২ সালে কেন্দু পাতা ৬ টাকা ছিল, সেটা বাড়তে বাড়তে ১১ টাকায় আমরা তুলতে পেরেছিলাম। ল্যাম্পসকে দিয়ে একটু সাবসিডাইজ করছি কেন্দু পাতার। শাল পাতা ৩ টাকায় উঠেছে কিন্তু এটা খুব একটা ভালো অবস্থায় আছে, এখনও বলতে পারব না। ল্যাম্পেসকে দিয়ে আমরা বান্দোয়ানে একটা ওয়্যারহাউজ করেছি। ট্রাইবালদের যে কো-আপরেটিভ এটা দিয়ে বান্দোয়ানে আমরা করেছি, সেখানে সংগ্রহ এবারে ভালো হয়েছে

১ হাজার ৬৭০ কুইন্টাল, পুরুলিয়ায় আমরা দাম পেয়েছি ১১ টাকা। ওখানে একটা গোডাউন করেছি, আরও ২৬টি গোডাউন করার ইচ্ছা আছে। ১১০ কোটি টাকা আমরা অ্যালট করেছি। কারণ ওইগুলির ইনফ্রাস্ট্রাকচার দুর্বল হলে ওই পাতাগুলি রাখা যায় না, ঠিক টাইমে দামটাও পাওয়া যায় না। এই দুটো সমস্যা। একটা যাচ্ছে ইনফ্রাস্ট্রাকচার, পাতাগুলো রাখা, আর একটা হচ্ছে একটু সাবসিডাইজ করে যাতে কেন্দুপাতা, শালপাতা এবং বাবুইঘাসের দামটা একটু ওঠে। কেন্দুপাতার দামটা একটু তুলতে পেরেছি কিন্তু এখনও বাবুইঘাস, ওটা ১ টাকা বেড়েছে, বেশি বাড়েনি, কিন্তু যেটা বেড়েছে সেটা সাধারণ বাজারের নিয়মে বেড়েছে, গভর্নমেন্ট এখনও এটাতে সাবসিডি দিতে পারেনি, তবে এটাতে দেব, দেবার সুযোগ আমাদের হাতে আছে। ওখানে প্রাইমারি হেলথ সেন্টার যেটা আছে, সেখানে সব মানুষ আসতে পারে না। তাই মোবাইল ভ্যানকে আমরা বলেছি যে, প্রতি সপ্তাহে যেতে হবে। সেখানে ৩টি মূল অসুখ হয়, গ্যাসট্রোএনট্রাইটিস, স্কিন ডিজিস এবং চোখের ছানি। ওখানে গিয়ে ক্যাম্প করা হচ্ছে। পুরুলিয়ায় ১৯৯টি, বাঁকুড়ায় ১৬১টি এবং পশ্চিম মেদিনীপুরে ৫২টি ক্যাম্প হয়েছে। সেখানে কত মানুষের চিকিৎসা করেছে তার ফিগারও আমার কাছে আছে। এইসব মিলিয়ে যেটা বলতে চাইছি যে, এদের উন্নতিলাভে আরও কত দ্রুত এবং জরুরি ভিত্তিতে কাজ করা যায় সেটা দেখতে হবে, বিশেষ করে আদিবাসীদের মধ্যে। মাওবাদীদের টার্গেট হচ্ছে যেখানে যেখানে গরিব মানুষ আছেন সেখানটায়। সেখানে তাই আর্থসামাজিক দিকটাও সবচেয়ে গুরুত্বপূর্ণ। আমি এটা খুব নিশ্চিত যে পুলিশকে সক্রিয় করতে হবে। শুধু পুলিসিং, শুধু পুলিশ দিয়ে সমস্যার সমাধান হবে না। তার জন্য আর্থসামাজিক ব্যাপারটা এতো গুরুত্ব দিয়ে ভাবা দরকার। যা হয়েছে তার থেকে আরও বেশি করতে হবে।

শ্রী কাশীনাথ মিশ্র : অতিরিক্ত প্রশ্ন, আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয় যে বক্তব্য রাখলেন, তাতে আমরা দেখতে পাচ্ছি যে, আমি বাঁকুড়া জেলার মানুষ, আমি সেখানে উপলব্ধি করছি দীর্ঘদিন ধরে এবং দেখছি যে, ওই দক্ষিণ বাঁকুড়ার দিকটা অবহেলিত অবস্থায় দীর্ঘদিন ধরে আছে। গত ২৫ বছর ধরে সেখানে কোনোরকম উন্নতি হয়নি। তিনি যে বাবুইঘাসের কথা বললেন, কেন্দুপাতার কথা বললেন এবং অন্যান্য বনজ সম্পদের কথা বললেন, সেখানে সেই রকম কিন্তু নেই। এখন বেশিরভাগ জায়গাতে আমাদের ওখানে শাল, সেগুন, পিয়ালের যে জঙ্গল ছিল, সেগুলি ক্রমান্বয়ে নষ্ট হয়ে গিয়েছে এবং সেখানে এখন ইউক্যালিপটাস এবং আকাশমণি এইসব গাছের চাষ হচ্ছে। সেই পরিপ্রেক্ষিতে এখানকার আর্থসামাজিক অবস্থা যেটা পরিবর্তন হওয়ার কথা ছিল সেটা কিন্তু হয়নি। যেটা আপনি বললেন যে অন্ধ্রপ্রদেশ বা ঝাড়খন্ড থেকে সেখানে যে আজকে মাওবাদীদের অনুপ্রবেশ ঘটছে, সেখানে আপনার কাছে আমার প্রশ্ন হচ্ছে, ১৯৮০ সালে আপনাদের হাওড়ার সালকিয়ায় যে প্লেনাম হয়েছিল, সেটা যে হয়েছিল, সেখানে দেখা যাচ্ছে যে, অতি দ্রুত পার্টি বৃদ্ধির জন্য গণবিপ্লব-এর জন্য পার্টি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ করেছিল এবং সেই সিদ্ধান্তকে কার্যকরী করতে গিয়ে পশ্চিমবঙ্গে ২৫ বছরের যে বিপ্লবী

মনোভাবাপন্ন গণপার্টি করার যে উদ্যোগ, সেটাতে দেখা যাচ্ছে সরকারে থাকাকালীন সেখানে বিভিন্নভাবে অন্য এমন কিছু লোকজন ঢুকে গিয়েছে, তার পরিপ্রেক্ষিতে আপনার সেটা গণবিপ্লব হয়নি এবং সেই পরিপ্রেক্ষিতে সুবিধাবাদীদের স্থানটা সহজ হয়ে গিয়েছে। এই যে ডেভলপমেন্ট, এই যে বিভিন্ন জায়গায় আর্থসামাজিক উন্নয়ন, সেই উন্নয়ন বাধাপ্রাপ্ত হচ্ছে। সেই কারণে বলছি আরও উন্নয়নমূলক জোয়ার আসা উচিত। বাঁকুড়া বিশেষ করে দক্ষিণ বাঁকুড়া এবং উত্তর বাঁকুড়া অসেচ এলাকা, এটা গিয়ে দেখে এসেছেন। আপনার কাছে সেইভাবেই নিবেদন করেছিলাম। আমাদের দ্বারকেশ্বর, গন্ধেশ্বরী প্রকল্প হয়ে গেলে জলের সমস্যা কিছুটা হলেও মিটবে। সেই পরিপ্রেক্ষিতে আপনাকে বলব এই ব্যাপারে এবং সার্বিক উন্নয়নের ব্যাপারে কী চিন্তাভাবনা আপনি নিয়েছেন সেটা দয়া করে বলবেন কি ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : বাঁকুড়া জেলার খাতরা সাবডিভিশনের কথা আপনি বলুন, ২০ বছর আগে যে অবস্থা ছিল তার থেকে পরিবর্তন হয়েছে কি না ? রাস্তা-ঘাট, স্কুল ইত্যাদি খাতরা সাবডিভিশনে হয়েছে।

.....(ভয়েস ফ্রম দ্যা অপজিশন বেঞ্চ : খাতরাতে কিছু হয়েছে, কিন্তু রানিবাঁধে কিছু হয়নি).....

রানিবাঁধেও হয়েছে। কালকে গৌতম দেব মহামান্য রাজ্যপালকে নিয়ে রানিবাঁধের ঝিলিমিলিতে একটা জল প্রকল্পের ব্যাপারে যাচ্ছেন। এটা অনেকটা নিয়ে হয়েছে। আপনাকে বলছি সেচের জন্য জল, স্বাস্থ্য ব্যবস্থা, স্কুল সবই আমরা করেছি। আমি আপনার সঙ্গে একমত—যা করার প্রয়োজন তা হয়নি। আমরা অনেক ভালো জায়গায় পৌঁছে গিয়েছি, এটা বলব না। ২০ বছর আগে খাতরা মহকুমার পিছিয়ে পড়া ব্লকগুলো কী অবস্থায় ছিল, আর এখন কী অবস্থায় আছে সেটা দেখবেন। তবে আমাদের আরও এগোতে হবে।

শ্রী কাশীনাথ মিশ্র : আমাদের প্রয়াত বিনয় চৌধুরি মহাশয় খাতরা মহকুমা উদ্‌বোধন করেছিলেন। আজ পর্যন্ত খাতরা মহকুমায় সবকিছু তৈরি হয়নি। হাসপাতালে জল দেওয়া ব্যবস্থা করা হয়নি। এতবড় একটা সাবডিভিশন করেছেন কিন্তু সেখানে সবকিছু অর্ধসমাপ্ত অবস্থায় রয়েছে। সেখানে মিউনিসিপ্যালিটি গড়ে তোলা হয়নি। এই হচ্ছে সেখানকার অবস্থা।

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : অগ্রগতি একটা প্রক্রিয়ার মধ্যে আছে। অগ্রগতি হচ্ছে। আমি বলছি না আপনি যা যা চাইছেন সব হয়ে গিয়েছে। সাবডিভিশনাল সেন্টার হয়েছে, আমি সেখানে গিয়েছিলাম। গৌতমবাবু জলের একটা বড় প্রকল্প করছে। ওখানকার মানুষদের আয় বেড়েছে। আদিবাসীদের মধ্যে স্বাক্ষরতার হার বেড়েছে। অনেকগুলো ক্ষেত্রে ইতিবাচক ফল পাওয়া যাচ্ছে। পূর্ণাঙ্গ পরিকল্পনা নিয়ে আমরা এগোচ্ছি। খানিকটা এগিয়েছি, আরও কিছু বাকি আছে।

শ্রী আবু আয়েশ মণ্ডল : মাননীয় মন্ত্রী মহোদয়, পুরুলিয়া, বাঁকুড়া, পশ্চিম মেদিনীপুর জেলায় সন্ত্রাসবাদী কার্যকলাপের মোকাবিলার জন্য আর্থসামাজিক উন্নয়ন কর্মসূচি ত্বরান্বিত

করার জন্য ২০০১ সালে পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদ গঠন হয়েছিল। এটা গঠনের পর থেকে এবং গত বছরও এই কাজ ত্বরান্বিত করেছেন বলে বলেছেন। একটা জিনিস এখানে উল্লেখ করতে চাই, মহামান্য রাজ্যপালের ভাষণে এদের ক্রিয়াকলাপ নিয়ে বলেছেন, "এটা চরম উদ্বেগের বিষয় রাজ্য প্রশাসনের কাছে"। ব্যাপার হচ্ছে এদের কার্যকলাপ নেপাল পর্যন্ত বিস্তৃত। সম্প্রতি এরা ঝাড়খন্ড এবং ছত্রিশগড় এলাকায় রেল স্টেশন উড়িয়ে দিয়েছে, কমিউনিকেশন তার উড়িয়ে দিয়েছে, নাগা ব্যাটেলিয়ানের ৯ জন জোয়ানকে গুলি করে মেরে দিয়েছে। দে আর ইনটেনসিফায়িং ডে বাই ডে। এই আর্থসামাজিক উন্নয়নের ধারায় যদি হাজার হাজার মানুষকে শামিল করা না যায় তাহলে আমার মনে হয় শুধু উন্নয়ন করে যে জায়গায় পৌঁছেছেন তাতে ওদের ঠেকানো কঠিন।

[11.30–11.40 a.m.]

ওইখানকার মানুষকে এই প্রক্রিয়ার মধ্যে শামিল করার প্রক্রিয়া এবং সঙ্গে সঙ্গে কেন্দ্রীয় সরকারের সঙ্গে যোগাযোগ রেখে টু টায়ার মোকাবিলার ব্যবস্থা করা এবং কেন্দ্র-রাজ্য মিলে যে প্রতিরোধে শামিল হচ্ছে, এ ক্ষেত্রে কোনো অগ্রগতি ঘটছে কিনা যদি দয়া করে বলেন।

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : যে বিষয়টা এখানে আলোচিত হচ্ছে সেটা হল, ওই এলাকার মানুষের আর্থসামাজিক অবস্থার উন্নতি করার জন্য কী করা যায় সেটাই বলছিলাম। আর আপনি যেটা বলছেন, সেটা ওর সঙ্গে যুক্ত। এই মাওবাদীদের কার্যকলাপ সারা দেশের ৬/৭টি রাজ্যে বেশ উদ্‌বেগজনক। কিন্তু তার মধ্যে আমাদের অবস্থা সবচেয়ে ভালো। তবে, এখানেও আছে। সবচেয়ে খারাপ অবস্থায় আছে অন্ধ্রপ্রদেশ, তারপর ঝাড়খন্ড, ছত্তিশগড়, তারপর ওড়িশা, কিছুটা মহারাষ্ট্রে ঢুকেছে। আমাদের সমস্যাটা মূলত ৪টি থানাকে কেন্দ্র করে এবং এই ৪টি থানাই ঝাড়খন্ডের লাগোয়া। আমাদের দিক থেকে কোনো অ্যাকশন করলে তারা ঝাড়খন্ডে পালিয়ে যাচ্ছে—এই গত কয়েকদিন আগেও যে ঘটনা ঘটল। অন্য ক্ষেত্রে সেটা করতে পারছে না তারা। একটা দিক হচ্ছে পুলিশকে আরও সক্রিয় করা, কেন্দ্রের সঙ্গে নিয়মিত কথা বলা, ঝাড়খন্ড সরকারের সঙ্গে যতটা সম্ভব কথা বলা। ঝাড়খন্ডের সঙ্গে কথা বলা খুব মুশকিল, তাদের রাজ্যের ৭০ ভাগ থানার উপরই তো কোনো নিয়ন্ত্রণ নেই, তা সত্ত্বেও তাদের সঙ্গে কথা বলতে হচ্ছে যদি জয়েন্ট অ্যাকশন করা যায়। কিন্তু আর্থসামাজিক উন্নয়নের কথাও আমাদের ভাবতে হবে। বছরখানেক আগেও আমাদের গ্রামাঞ্চলে এসে ওরা মিটিং করত, সেখানে সাংস্কৃতিক কর্মকান্ড করত, গান-টান গাইত। এখন তাদের গ্রামে থাকার কোনো সুযোগ নেই, গ্রামের মানুষ তাদের চাইছেন না কিছু ঘটনা ঘটাবার ফলে—কিছু গ্রামের মানুষকে আক্রমণ করার ফলে, একটা রাস্তা করতে বাধা দেওয়ার জন্য। তারা মিটিং করতে পারছে না কিন্তু গ্রাম থেকে খবরাখবর সংগ্রহ করার জন্য কিছু লোক এখনও তাদের আছে, তাদেরও বিচ্ছিন্ন করার জন্য বলছি। এই কৃষি, সেচ, খাদ্য, স্বাস্থ্য, ফরেস্ট প্রোডাক্টস এসবের উপর যত বেশি জোর দেব তত তাদের বিচ্ছিন্ন করতে পারব। এই বিচ্ছিন্ন করাটা সবচেয়ে জরুরি এবং সেটা করতে গেলে মানুষকে মবিলাইজ করতে হবে।

শ্রী পঙ্কজ ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বরাষ্ট্র তথা মুখ্যমন্ত্রী প্রশ্নের উত্তর এমনভাবে দিচ্ছেন যাতে মনে হচ্ছে যেন সমস্যাটা উনি পরিমাপ করতে পেরেছেন, সমস্যাটার সমাধান প্রায় করে এনেছেন, আর কিছু সময় পেলে পুরো সমাধান করে দেবেন। আসলে সরকারি নীতিটাই ঠিক করতে পারেননি আপনারা। সরকারি নীতি যদি হয় আর্থসামাজিক অবস্থার ক্রমাগত উন্নয়ন হবে, মানুষগুলোকে স্বাভাবিকভাবেই এগিয়ে নিয়ে যাওয়ার জন্য ব্যবস্থা করা হবে এবং তারা কোনোরকমভাবেই উগ্রপন্থীদের পাতা ফাঁদে পা দেবেন না, তবেই সমস্যার সমাধান করতে পারবেন। পাশের রাজ্য ঝাড়খন্ড, তারা কী করছে, তাদের ব্যর্থতা, অন্ধ্রে আছে, এইগুলো স্বাভাবিক। এইগুলো অস্বীকার করছি না। আপনি বলেছেন সেচের ব্যাপক ব্যবস্থা করেছেন। মুখ্যমন্ত্রী আপনি জানেন যে, ২০০৫-০৬ আর্থিক বছরের বাজেটে সেচের জন্য বরাদ্দ ছিল ২৫০ কোটি টাকা। তার ৩৯ শতাংশ দপ্তর পেয়েছে এবং তার মধ্যেও ৮০ শতাংশ টাকা খরচ করতে পেরেছে। অর্থাৎ কমবেশি ৮০ কোটি টাকা খরচ করতে পেরেছে। টাকা পাচ্ছে না, খাতায়-কলমে প্রকল্প হচ্ছে। সেই জায়গায় যাচ্ছে না। আপনি ৪,৬০০ গ্রাম চিহ্নিত করেছেন, আমি ৪/৫টি গ্রামের নাম বলছি—সারবাধিয়া, গোমায়া, লাঙ্গাসাফুই, অমরামণিপুর—এসব গ্রামগুলো থেকে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের দূরত্ব ২৯ থেকে ৪৫ কিলোমিটার। সেখানে রোগীরা যখন পায়ে হেঁটে যায়, গিয়ে দেখে হয়তো ডাক্তার নেই, আবার যদি ডাক্তারের দেখাও পান তো চিকিৎসার ব্যবস্থা নেই। মানুষগুলো চিকিৎসা পাচ্ছে না। আগে কেন্দুপাতা, শালপাতা বা বাবুইঘাস জোগাড় করতে পারছিল, এখন তো জঙ্গলে ঢুকতে দিচ্ছে না পুলিশ। ওখানে পুলিশ মানুষগুলোকে জঙ্গলে ঢুকতে দিচ্ছে না। যে সমস্ত মানুষ তাদের আয়ের উৎস জঙ্গল থেকে সংগ্রহ করে, সেখানে তারা প্রবেশ করতে পারছে না।

আর একটি সমস্যা ওখানে দেখা দিয়েছে। কোনো কোনো রাজনৈতিক দল গ্রামে লোকেদের হাতে অস্ত্র দেওয়ার কথা বলছে। অস্ত্র দিয়ে এদের মোকাবিলা করার কথা কোনো কোনো রাজনৈতিক দল বলছেন। সুতরাং এই অস্ত্র দিয়ে যদি এদের মোকাবিলা করতেই হয়, তা হলে এই ব্যাপারে প্রশাসনের দায়িত্ব থাকছে না। রাজনৈতিক মোকাবিলা যদি অস্ত্র দিয়েই করতে হয়, তাহলে সরকারের নীতি কী থাকল ? আপনি মূল রাজনৈতিক দলের দৃষ্টিভঙ্গি যদি ঠিক না করতে পারেন, তাহলে যাই বলুন না কেন, পিছিয়ে পড়া মানুষ এগোতে পারবে না।

সবশেষে আমার প্রশ্নটি হল—আপনার সেচসহ অন্যান্য পরিকল্পনার কথা এখানে যা বলছেন, তা খাতায় কলমে হয়েছে। কিন্তু বাস্তবে তা এখনও পর্যন্ত হয়নি।

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : আপনি এক সঙ্গে ৫টি প্রশ্ন করেছেন। আপনি প্রথম প্রশ্ন সেচ দপ্তরের বাজেট প্রসঙ্গে রেখেছেন। আপনার জানা উচিত যে, গত বছর আমাদের রাজ্যের সামগ্রিক প্ল্যান বাজেট ছিল ২০০০ কোটি টাকার একটু বেশি। এই বছর ইতিমধ্যে এটা ৭০০০ কোটি টাকা ছাড়িয়ে গেছে। আশা করছি মার্চে আমরা ৮০০০ কোটি টাকা খরচ করতে পারব। সেচ দপ্তরের বাজেটে শতকরা ১০০ ভাগ রাখা হবে

এটা নিশ্চিত। সুতরাং এই ব্যাপারে কোনো অসুবিধা নেই। আমি যে হিসাবটা বললাম, এটা সেচ দপ্তরের বাজেট থেকে নয়, এটা আর.এস.ভি.ওয়াই রাষ্ট্রীয় সম বিকাশ যোজনাতে সবচেয়ে বেশি গুরুত্ব যেখানে দেওয়া হয়েছে—৭ কোটি, ৮ কোটি, ৯ কোটি, আমি তার মধ্যে থেকেই বিষয়টি তুলে ধরেছি। এখন আমি এর মধ্যে যচ্ছি না।

পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদের ১২ কোটি টাকা মূলত সেচেই খরচ হয়েছে। সুতরাং টাকা নেই বলে কাজ হবে না, এই অবস্থা এই বছরে নেই। ক্ষুদ্র সেচ বিভাগ ওখানে মূল কাজ করছে।

তৃতীয়ত এটা ঠিকই যে, পাবলিক হেল্‌থ সেন্টারগুলির যে দূরত্ব, তাতে সাধারণ মানুষ বয়স্ক হয়ে যাওয়া মানুষদের প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে যাওয়ার উপায় নেই। এটা ঠিকই যে, প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রগুলির দূরত্ব ৩০-৪০ কিলোমিটার। তাই বর্তমানে ভ্যানে করে গ্রামে গ্রামে গিয়ে নির্দিষ্ট অঞ্চলের নাম, নির্দিষ্ট দিনের কথা জানিয়ে দেওয়া হচ্ছে। এই পদ্ধতি গত ৩ বছর ধরে শুরু হয়েছে। পুরুলিয়ায় প্রাথমিক স্বাস্থ্যশিবিরের সংখ্যা ১৯৯টি। বাঁকুড়ায় স্বাস্থ্যশিবিরের সংখ্যা ১৬৮টি এবং পশ্চিম মেদিনীপুরে এর সংখ্যা ৫২। পুরুলিয়াতে ২৩,৮৯৯ জনের, বাঁকুড়ায় ২২,৮৩৪ জনের এবং পশ্চিম মেদিনীপুরে ৫৩৭৫ জনের চিকিৎসা হয়েছে। এখন গ্রামে গিয়ে গ্যাসট্রোএনট্রাইটিস, ছানি এই সমস্ত রোগের চিকিৎসা হচ্ছে। তবে এখন ছানি অপারেশন আর ওপেন এলাকাতে করতে পারে না। ডাঃ ভাদুড়ী মেডিক্যাল কলেজে আছেন, আমার সঙ্গে তাঁর কথা হয়েছে। তিনি বলেছেন বিনপুর হসপিটালটাকে যদি সাজিয়ে দেওয়া হয়, তাহলে তিনি সেখানে একটা স্থায়ী কেন্দ্র করতে পারেন। আগে কলেজে অথবা খেলার মাঠে করা হত। এখন আর সেইভাবে করা হয় না।

এবার ফরেস্ট প্রোডাক্টের ব্যাপারে আসছি। একটা কথা আপনাদের বলি পুলিশ তৎপর থাকেই। তবে সেন্ট্রাল রিজার্ভ পুলিশ কে কী ধরনের লোক বোঝে না। আপনি এখানে যে কথাটা বলেছেন, এটা ঘটনা। এটা আমি মানছি। এটা আমি অস্বীকার করছি না। এটা ঠিকই যে, ওখানকার মানুষ কেন্দুপাতা, শালপাতা, বাবুইঘাস বন থেকে সংগ্রহ করতে পারছে না। আমি ওখানে একটা ফিল্ম তোলার জন্য একটা ছেলেকে পাঠিয়েছিলাম। ওরা তাকে ভয় দেখিয়েছে। ওরা বলছে যে জঙ্গলে যেতে পারবে না। তবে ফরেস্ট প্রোডাক্ট যারা সংগ্রহ করতে যায়, তাদেরকে ডিসটার্ব করা উচিত হবে না। এই ব্যাপারে আইডেন্টিটি কার্ড ইত্যাদি করার কথা ভাবা হচ্ছে। আমি মানছি যে, একটা অংশের ভয়ভীতি আছে। সি.আর.পি.এফ.-কে দিয়ে মুভ করানো খুবই কঠিন হবে।

[11.40—11.50 a.m.]

এই সমস্যাগুলো হয়। এটা কখনই সরকারের নীতি হতে পারে না যে, যে রাজনৈতিক দলই হোক না কেন, তারা হাতে অস্ত্র তুলে নেবে—এটা সরকার মেনে নেবে না। মাওবাদীদের হাতে অস্ত্র আছে—এটা সরকার মেনে নেবে না। কোনো রাজনৈতিক দলেরই সশস্ত্র হওয়ার দরকার নেই।

শ্রী সমর হাজরা : মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় জানিয়েছেন যে, সন্ত্রাসবাদীরা আমাদের রাজ্যের বাইরে থেকে আসছে এবং আমাদের রাজ্যের কিছু মানুষ এদের সঙ্গে যুক্ত হয়ে যাচ্ছেন। আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই যে, যারা এদের সঙ্গে যুক্ত হয়ে যাচ্ছেন তারা কি মূল স্রোতে ফিরে আসতে চাইছেন এবং তার জন্য আপনার কাছে তারা কোনো আবেদন করেছেন কিনা ? আবেদন করে থাকলে কত পারসেন্ট মানুষ এই মূল স্রোতে ফিরে আসার জন্য আবেদন করেছেন ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : এটা খুবই বাস্তব। উত্তরবঙ্গের কে.এল.ও.দের প্রায় ১৫০ জন ছেলে যারা কোচবিহার, জলপাইগুড়ি থেকে আসে। আজ সকালে মালদা থেকে একজন গ্রেপ্তার হয়েছে, তার কাছে হেভি ফায়ার আর্মস আছে। আমরা আবেদন করেছিলাম যে, 'আপনারা ফিরে আসুন, কেন জঙ্গলে ঘুরে বেড়াচ্ছেন' ? এটা কে.এল.ও.-দের ক্ষেত্রে কার্যকরী হয়েছে। এখানে এখন যেটা হচ্ছে তাতে এখনও এটা কাজে লাগছে না। কারণ এরা সশস্ত্র কাজ করছে— এদের ৭০ ভাগ বাইরের রাজ্য থেকে এসেছে, আর কিছু আছে লোকাল রিক্রুট, এদের কিছু আছে তেলেগু স্পিকিং। জেলে যাঁরা আছেন তাঁদের সঙ্গে আমরা কথা বলেছি—যাঁদের বিরুদ্ধে গুরুতর কোনো অভিযোগ নেই, যাঁরা খুন-খারাপি করেননি, তাঁদের সঙ্গে কথা বলেছি—তাঁরা মূল স্রোতে ফিরে আসতে চাইলে ফিরে আসবেন।

কাশীনাথবাবুকে বলছি, গৌতমের জলপ্রকল্পের এই কাগজপত্র আপনাকে এখন দিয়ে দিচ্ছি।

শ্রী আবদুল মান্নান : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যেটা বললেন যে, এগুলো খানিকটা দারিদ্রতার কারণে, আর খানিকটা ভৌগোলিক পরিবেশ, বনজঙ্গল এসব কারণে মাওবাদীদের সন্ত্রাসবাদ বৃদ্ধি পাচ্ছে। যদিও এখানে ১৯৭৭ সাল থেকে রাজনৈতিক সন্ত্রাসবাদ শুরু হয়েছে। যে কোনো সন্ত্রাস, যে কোনো মৃত্যুই দুঃখজনক। ১৯৭৭ সালে এখন বামফ্রন্ট ক্ষমতায় আসার পরে আপনাদের লোকেরা আমাদের লোকদের উপর আক্রমণ করেছে, আমাদের লোকদের মেরে ফেলেছে— সেখানে আপনারা কোনো অ্যাকশন নেননি এবং পুলিশও নিস্ক্রিয় ছিল। আজকে আপনাদের লোককে মারছে, সেজন্য আপনাদের অ্যাকটিভিটি বেড়ে গেছে। একটু আগে পঙ্কজবাবু যেটা বললেন যে, পুরুলিয়ায় যে ঘটনা ঘটে গেছে—একজন জননেতা, মানুষের নেতা, তাকে পুড়িয়ে মেরে ফেলেছে। তিনি যে দলেরই হোন না, যে কোনো মৃত্যুই দুঃখজনক। কিন্তু তার পরিপ্রেক্ষিতে সেখানে বামফ্রন্টের চেয়ারম্যান ও বামফ্রন্টের রাজ্য সম্পাদক দুজনেই গিয়েছিলেন—এরা দুজনেই পলিটব্যুরোর সদস্য। এর আগে সেখানে আমাদের দলের লোককে যখন মেরেছে তখন আমরা তাদের নামের লিস্ট আপনাদের কাছে দেওয়া সত্ত্বেও আপনারা কেউ সেখানে যাননি। সেখানে গিয়ে বামফ্রন্টের চেয়ারম্যান ও রাজ্য সম্পাদক—তাঁরা বলছেন, 'এসবের মোকাবিলা করার জন্য আমাদের ক্যাডাররা হাতে অস্ত্র তুলে নেবে'। আপনাদের দলের এ রকম সর্বোচ্চ পদে থাকা পলিটব্যুরোর সদস্য তাঁরা বলছেন ক্যাডাররা হাতে অস্ত্র তুলে নেবে। আপনি কি এটা মেনে নেবেন ? এভাবে কি মাওবাদীদের মোকাবিলা করবেন ?

এভাবে মাওবাদীদের মোকাবিলা করলে তাহলে প্রশাসনের থাকার দরকার কি ? এ ব্যাপারে আপনার মতামত বলুন।

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : এটা গণতান্ত্রিক দেশ। কোনো গণতান্ত্রিক রাষ্ট্রেই কোনো রাজনৈতিক দল অস্ত্র হাতে তুলে নিতে পারে না। নকশালপন্থীরা করতে পারে। সেখানে ওই ধরনের একটা মারাত্মক ঘটনার পরে— জেলাস্তরের নেতা, তিনি সভাধিপতি ছিলেন, রাতে তাঁর বাড়িতে তাঁকে ও তাঁর স্ত্রীকে পুড়িয়ে মেরে ফেলা হয়েছে—এই ধরনের পরিস্থিতির মধ্যে তাঁরা সেখানে মিটিং করতে যান। তাঁদের বলার স্পিরিটটা ছিল এই ধরনের যে— আক্রমণ হলে আমাদেরও আক্রমণ প্রতিরোধ করার অধিকার আছে। আমাদের পার্টির কোনো নেতা, আমাদের পার্টির সর্বোচ্চ দায়িত্বশীল কোনো নেতা অস্ত্র হাতে তুলে নেওয়ার জন্য কোনো নির্দেশ দেবেন না। তাদের বিরুদ্ধে অস্ত্র তুলে নেওয়ার জন্য আমরা পার্টি থেকে কোনো নির্দেশ দেব না।

শ্রী তারাপদ চক্রবর্তী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন করছি, আমাদের মাননীয় সদস্য শ্রী কাশীনাথ মিশ্র মহাশয় বলেছেন "বাঁকুড়া, পুরুলিয়া, পশ্চিম মেদিনীপুর জেলায় সন্ত্রাসবাদী কার্যকলাপ প্রতিহত করার জন্য সরকার কর্তৃক স্থানীয় মানুষের উন্নতিকল্পে কী কী উন্নয়নমূলক প্রকল্প গৃহীত হয়েছে ?" এ ব্যাপারে মাননীয় মুখ্যমন্ত্রী জবাব দিয়েছেন কী কী উন্নয়ন বর্তমানে হচ্ছে। আমি এটুকু বলতে চাই বাঁকুড়ায় মাওবাদী এলাকা বলে চিহ্নিত আছে বাড়িপুর, মাননীয় সদস্যর কাছে জানতে চাইছি রানীবাঁধ থানার ৮টি গ্রাম পঞ্চায়েতের মধ্যে ৪টি গ্রাম পঞ্চায়েত যে জায়গায় সেখানে মাওবাদী কার্যকলাপ সক্রিয়। সেই ৪টি গ্রাম পঞ্চায়েতে তৃণমূল এবং ঝাড়খন্ড ক্ষমতা দখল করে আছে। প্রতি বছর সেই এলাকার উন্নয়নের জন্য আমাদের সরকারের বিকেন্দ্রীকৃত পলিসির মাধ্যমে প্রায় ৮/৯ লক্ষ টাকা তাঁরা পান বিভিন্ন প্রকল্পে। সেখানে তাঁরা কী উন্নয়নের কাজ নিয়েছেন ? কারণ এটা আমাদের সকালেরই জানা আছে যে আমাদের নিচুতলা থেকে প্রকল্পগুলি আসে, যেমন গ্রাম পঞ্চায়েত পরিকল্পনা করবে, পঞ্চায়েত সমিতি এবং তার পরে জেলা পরিষদ সেই পরিকল্পনাগুলি রূপায়িত করবে এবং সরকারের কাছে পাঠাবে। পঞ্চায়েত সমিতি এবং জেলা পরিষদের মাধ্যমে উন্নয়ন হচ্ছে সব জায়গায়, কিন্তু ওই ৪টি গ্রাম পঞ্চায়েত যে টাকা পাচ্ছে সেই টাকায় কী কী উন্নয়নমূলক প্রকল্প তাঁরা গ্রহণ করেছেন, এটা মাননীয় মুখ্যমন্ত্রী যদি দয়া করে বলেন ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : আমি নির্দিষ্ট করে এটা বলতে পারবো না, আপনি গ্রামের নাম করে বলেছেন। আমি শুধু বলতে পারি আমার সহকর্মী মন্ত্রী পঞ্চায়েতমন্ত্রী এটা অনেক দিন ধরেই বলছেন এই অঞ্চলগুলিতে যেখানে ঝাড়খন্ড দলের হাতে পঞ্চায়েত আছে তারা পারফর্ম করছে না, বা করতে পারে না, বা করছে না। এটাতে একটা জটিলতা হচ্ছে। আমি সেখানে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটকে বলেছি সোজাসুজি আপনারা উপর থেকে ইন্টারভেন করুন। যদি কাজ করতে না পারে, টাকা যদি পড়ে থাকে, স্কিম তৈরি করতে না পারে তাহলে

জেলা পরিষদ থেকে ইন্টারভেন করুন। সভাধিপতি করলে এটার অন্য রকম মানে হবে. ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটকে আমি বলেছি আপনি নিজে গিয়ে এটা ইন্টারভেন করুন যেখানে তারা করতে পারছে না। আর এটা আমি আগের দিনও বলেছি এই ঝাড়খন্ড দলের সঙ্গে তৃণমূল দলের যে সম্পর্ক এটা খুব অবাঞ্ছনীয়।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন, আজকে আপনি এখনি বলছিলেন যে ১৯৭৭ সালে সেখানে পিচের রাস্তা—৩০ বছর পরে একটা রাজ্যের মুখ্যমন্ত্রী কী করে এই কথা বলছেন আমি বুঝতে পারছি না হাউজে দাঁড়িয়ে। ৩০ বছর লাগাতার শাসন করার পর আপনি আমাদের বলছেন ১৯৭৭ সালে পিচের রাস্তা ছিল না। এখনই কি পশ্চিমবাংলার সব গ্রামেতে পিচের রাস্তা তৈরি হয়ে গেছে নাকি ? আরও ৫০ বছর লাগবে পিচের রাস্তা তৈরি করতে।

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : আমি ওটা বান্দোয়ান ব্লক বলছিলাম। বান্দোয়ানটা গ্রাম না ব্লক তাই জানেন না। ওটা বান্দোয়ান ব্লকের মানুষের জন্য সারা বান্দোয়ান ব্লকে একটা পিচের রাস্তা ছিল না।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : আপনি জানেন আর আমি জানি না ভাবলেন কী করে। খুব ভালো করেই জানি। আপনার কথা বলার ভঙ্গিমা দেখে মনে হচ্ছে যেন স্বর্গরাজ্য তৈরি করেছেন পশ্চিমবাংলায়। আপনার দলের মন্ত্রী মহেশ্বর মুর্মু ৩ দিন আগে বলেছেন বিস্তীর্ণ অঞ্চল ঝাড়গ্রাম, বাঁকুড়া থেকে শুরু করে বিভিন্ন অঞ্চলের মানুষ অনাহারে মরেছে, অপুষ্টিতে মরেছে, বিনা চিকিৎসায় মরেছে। এই পরিস্থিতির কথা তিনি ৩ দিন আগে বলেছেন এবং পার্টির কর্মীরা, আপনার দলের কর্মীরা মাওবাদীদের ভয়ে—আপনার মন্ত্রী এই কথা বলেছেন। মাননীয় মুখ্যমন্ত্রী আমাদের কাছে যে একটা সুন্দর চিত্র পরিবেশন করেছেন।

[11.50—12.00 noon]

তাঁর সঙ্গে তাঁর দলের মন্ত্রী মহেশ্বর মুর্মুর বক্তব্যের মিল নেই। এবং ওখানকার পুলিশ যারা আছে তারা ভয়ে অস্ত্র শেল্টারে এনে রেখে দিচ্ছেন, পাহারা দিতে পারছে না। আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে জিজ্ঞাসা করছি, কেন্দ্রীয় সরকারের বহু প্রোগ্রাম আছে, বি.পি.এল. তালিকাভুক্ত যেমন অন্ত্যোদ্বয় অন্নযোজনা, অন্নপূর্ণা অন্নযোজনা, জওহর রোজগার যোজনা ; গত কয়েকদিন আগে দুইজন মাওবাদী ধরা পড়েছে, তাদেরকে যখন জিজ্ঞাসা করা হচ্ছে, এই দলে গিয়েছ কেন ? তারা উত্তরে বলেছে খাবার চাই, তার জন্য গিয়েছি। কেন্দ্রীয় সরকারের এতগুলি প্রকল্প আছে, বি.পি.এল. তালিকাভুক্ত, যাতে মানুষদের খাবার দেওয়ার ব্যবস্থা আছে, তারপরেও মানুষ কেন মাওবাদীদের দলে নাম লেখাচ্ছে খেতে না পেয়ে, এতগুলি প্রকল্প থাকা সত্ত্বেও ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : আমরা বাকিটা যখন করতে পারছি না, আপনি গিয়ে করুন।

*74 : Not Called

*75 : Not Called

তথ্য জানার অধিকার সংক্রান্ত আইন বলবৎ

*৭৬। (অনুমোদিত প্রশ্ন নং *২৫৪) **শ্রী রামপদ সামন্ত** : তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) তথ্য জানার অধিকার সংক্রান্ত কেন্দ্রীয় আইন বাস্তবায়নের জন্য রাজ্য সরকার কোনো পদক্ষেপ গ্রহণ করেছেন কি ; এবং

(খ) করা হয়ে থাকলে, কী কী পদক্ষেপ নেওয়া হয়েছে ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :

(ক) হ্যাঁ।

(খ) মুখ্যসচিবের তত্ত্বাবধানে রাজ্যের সমস্ত বিভাগের প্রধান সচিব/সচিবদের উপস্থিতিতে এই কেন্দ্রীয় আইন যথাযথ রূপায়ণের জন্য ৪ (চার)টি কমিটি গঠন করা হয়েছে। যথা—

(১) মুখ্যসচিবের সভাপতিত্বে এই আইন রূপয়নের জন্য তদারকি কমিটি গঠন করা হয়েছে।

(২) অতিরিক্ত মুখ্যসচিব ও ডাইরেক্টার বিধাননগর অ্যাডমিনিস্ট্রেটিভ ট্রেনিং ইন্সটিটিউটের সভাপতিত্বে বিধি তৈরির জন্য কমিটি গঠন করা হয়েছে।

(৩) প্রধান সচিব, তথ্য ও প্রযুক্তি দপ্তরের সভাপতিত্বে ওয়েবসাইট কমিটি গঠন করা হয়েছে।

(৪) ইনটেলিজেন্স ও সিকিউরিটি অর্গানাইজেশনের কোনো কোনো ক্ষেত্রে এই আইন প্রযোজ্য হবে না তা নির্ধারণ করার জন্য স্বরাষ্ট্র দপ্তরের অতিরিক্ত মুখ্য সচিবের সভাপতিত্বে একটি কমিটি গঠন করা হয়েছে।

ইতিমধ্যে রাজ্যে চিফ ইনফরমেশন কমিশনার রূপে শ্রী অরুণ কুমার ভট্টাচার্যকে রাজ্যপাল নিযুক্ত করেছেন। ভবানীভবনে তাঁর জন্য অফিস ঠিক করা হয়েছে।

অধিকাংশ দপ্তরে পাবলিক ইনফরমেশন অফিসার এবং অ্যাসিস্ট্যান্ট পাবলিক ইনফরমেশন অফিসার নিয়োগ করা হয়েছে।

শ্রী রামপদ সামন্ত : স্যার আমার অতিরিক্ত প্রশ্ন। এখানে চারটে কমিটি গঠন করা হয়েছে। চীফ ইনফর্মেশন কমিশনার এবং পাবলিক ইনফর্মেশন অফিসার নিযুক্ত হয়েছে। এখন এই ব্যবস্থাগুলিকে বিকেন্দ্রীকরণ করার সঙ্গে জেলাগুলিতে বা ব্লকগুলিতে এই ধরনের কোনো ব্যবস্থা নিচ্ছেন কিনা বা কমিটি করা হয়েছে কিনা ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : প্রথমে এটাকে স্টেট সেন্টারে দাঁড় করাই। সবে তো সাব কমিটি হয়েছে, রুলস তৈরি হয়েছে, তারপরে ইনফর্মেশন কমিশনার নিয়োগ করা হয়েছে। তার অফিস হয়েছে, সেই অফিসে ৬জন স্টাফ লাগবে। যেতে আরম্ভ করেছে। আগে স্টেট সেন্টারের কাজটা শুরু করার পরে তারপরে আমরা জেলায় নিয়ে যাবো। ইতিমধ্যে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটদের অ্যালার্ট করা হয়েছে ঠিক করতে, এ.ডি.এম. কে হবে, তার দায়িত্ব থাকবে। স্টেট-এর কাজটা শুরু করার পরে এটা জেলাতে যাবে, ব্লকে যাবে।

শ্রী রামপদ সামন্ত : আমার দ্বিতীয় প্রশ্ন, মানবাধিকারের স্বার্থে এই তথ্য জানার অধিকারের যথেষ্ট গুরুত্ব মনে করা যাচ্ছে। এখানে আমি জানতে চাইছি, মানবাধিকার কমিশন এবং এই যে নতুন ব্যবস্থা হচ্ছে তথ্য জানার অধিকার তৈরি করা হচ্ছে, এদের ভেতরে কিভাবে সমন্বয় তৈরি করা হবে ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : মানবাধিকার কমিশনের কাজের এক্তিয়ার অন্য। সেই কাজের এক্তিয়ার হচ্ছে, যদি কোনো নির্দিষ্ট ব্যক্তির তার কোনো অভিযোগ থাকে সরকারি দপ্তরে বা পুলিশে বিশেষ করে তার মানবাধিকার লঙ্ঘন করেছে, সেখানে মানবাধিকার কমিশন সেটা তদন্ত করেন এবং সরকারের কাছে তাদের সুপারিশ পাঠান। সেটা একটা সম্পূর্ণ অন্য কাজ। আর এখানে কাজটা হচ্ছে, এখানকার যে কোনো নাগরিক রাজ্য সরকারের কার্যকলাপ সম্পর্কে, যে কোনো দপ্তরে যে কোনো কর্মসূচি ইত্যাদির ব্যাপারে প্রশ্ন করতে পারেন, প্রশ্ন চাইতে পারে এবং প্রশ্ন চাইলে তাকে উত্তর দেবার জন্যই এই পরিকাঠামো তৈরি করা হয়েছে।

শ্রী সৌগত রায় : আমরা জেনে আনন্দিত হলাম মাননীয় মুখ্যমন্ত্রী 'রাইট টু ইনফর্মেশন বিলটি' রূপায়ণ করার জন্য কিছু ব্যবস্থা নিয়েছেন। মাননীয় মুখ্যমন্ত্রীর দপ্তরের আগে যিনি সচিব ছিলেন, তাকে অবসরগ্রহণের পর এখানে চীফ ইনফর্মেশন কমিশনার হিসাবে নিয়োগ করা হয়েছে। তার মাইনে কেন্দ্রীয় ইলেকশন কমিশনারের সমান। আমরা শুনেছি তার অফিস ভবানীভবনে করা হয়েছে। তবে এখনো পর্যন্ত সেই অফিস কাজ শুরু করেনি। আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে জানতে চাই, এই প্যারাফার্নেলিয়া করার পর কত দিনের মধ্যে রাজ্যের কোনো নাগরিক কোনো ফাইল সম্পর্কে বা কোনো দপ্তর সম্পর্কে তথ্য চাইলে সেই তথ্য পেতে পারবেন ? সেই তথ্য কি চিঠির মাধ্যমে জানানো হবে, না ওয়েবসাইটের মাধ্যমে জানানো হবে, এই ব্যাপারে কোনো সিদ্ধান্ত নেওয়া হয়েছে কি ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : প্রথমেই আমি বলার সময় বলেছি ছয়টি পোস্টে ওখানে লোক পাঠাতে হবে। একজন সেক্রেটারি, একজন পার্সোনাল সেক্রেটারি, একজন আপার ডিভিশন ক্লার্ক, একজন লোয়ার ডিভিশন ক্লার্ক এবং গ্রুপ ডি দু'জন। তারপরে আমরা কাগজে বিজ্ঞাপন দিয়ে ঘোষণা করব অভিযোগগুলো কোথায় জানাতে হবে। সেটা লিখিতভাবে আসতে পারে, আবার ওয়েবসাইটের মাধ্যমেও আসতে পারে।

শ্রী সৌগত রায় : আমি জানতে চাইছি কত দিনের মধ্যে এই কাজটা শুরু হবে ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : যত তাড়াতাড়ি সম্ভব। স্টাফরা গেলেই হবে। সবে অরুণ ভট্টাচার্য গিয়ে ওখানে বসেছেন। স্টাফরা গিয়ে বসলে কাগজে বিজ্ঞাপন দেওয়া হবে। আমি গতকালই ব্যাপারটা দেখলাম এবং ছয়জন লোক পাঠানোর জন্য আমি বলেছি এবং এর জন্য এক সপ্তাহের বেশি সময় লাগা উচিত নয়।

শ্রী নাজমূল হক : মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে আমি জানতে চাই, সার্বজনীন তথ্য জানার অধিকার এবং রাষ্ট্রীয় গোপনীয়তা ও জাতীয় স্বার্থের সীমারেখা কোথায় ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : এটা আইনের বয়ানের মধ্যেই আছে। সেটা কেন্দ্রীয় সরকারের পক্ষেও যেমন, রাজ্য সরকারের পক্ষেও তেমন। যেমন, কেন্দ্রীয় সরকারের ক্ষেত্রে ডিফেন্স সংক্রান্ত কোনো প্রশ্নের উত্তর দেওয়া যাবে না। তেমন, রাজ্যের ক্ষেত্রেও পুলিশ ইনটেলিজেন্স এবং পুলিশের কিছু অপারেশন ইত্যাদি সম্পর্কে উত্তর দেওয়া যাবে না। আমরা ইনটেলিজেন্স এবং সিকিউরিটি অর্গানাইজেশনের ব্যাপারে একটা কমিটি করেছি, তারাই ঠিক করবে কোন কোন প্রশ্নের উত্তর দেওয়া যাবে, আর কোন কোন প্রশ্নের উত্তর দেওয়া যাবে না। হোম সেক্রেটারির নেতৃত্বে এই কমিটি হবে। আমি একটা উদাহরণ দিচ্ছি, ধরুন নেকস্ট উইকে পুলিশ কোথায় অপারেশন করবে মাওয়িস্টদের ব্যাপারে বা কোন থানা আর্মসের খোঁজে যাবে, সেইসব উত্তর আমরা দিতে পারব না।

শ্রী অসিত মিত্র : মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, আপনি বললেন কেন্দ্রীয় কার্যালয়ের কাজ খুব শীঘ্রই শুরু করবে। আমি আপনার কাছে জানতে চাইছি, কেন্দ্রীয় কার্যালয়ের মধ্যেই এটা সীমাবদ্ধ থাকবে না জেলা অথবা মহকুমা স্তরে এটাকে নিয়ে যাওয়ার কথা চিন্তা করবেন ?

শ্রীবুদ্ধদেব ভট্টাচার্য : মাননীয় সদস্য মনে হয় অন্য সদস্যর প্রশ্নের সময় অন্যমনস্ক ছিলেন। আগে কেন্দ্রীয়ভাবে আমরা শুরু করি। তারপরে আমরা জেলা শাসকদের অ্যালার্ট করব। তারপরে আমরা জেলায়, সাবডিভিশন এবং ব্লকে করব।

[12.00—12.10 p.m.]

শ্রী অশোক দেব : মাননীয় মুখ্যমন্ত্রী বললেন ৪টে কমিটি তৈরি করা হয়েছে এবং তিনি একজনের নাম পড়লেন। আমি জানতে চাইছি, এই ৪টে কমিটির হেড কে কে এবং কতজন করে এক একটা কমিটির মেম্বার এবং তাঁরা কারা ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : এটা একেবারেই অফিসিয়াল কমিটি হবে। এখানে নন-অফিসিয়ালদের কোনো জায়গা নেই। কারণ, সরকারি দপ্তরের কমিটি। চীফ সেক্রেটারিকে নিয়ে একটা কমিটি, আর একটা হোম সেক্রেটারি, আর একটা সরকারি ওয়েবসাইট যিনি দেখেন সেই ইনফরমেশন টেক্‌নোলজির সেক্রেটারি। এই নিয়ে ৪টে কমিটি, একেবারে অফিসিয়াল কমিটি। সরকারি সিক্রেসি যাকে বলে, সেটাকে রক্ষা করে কাজ করতে হবে।

শ্রী অশোক দেব : আমার প্রশ্ন, ১ জনকে নিয়ে, নাকি ৪ জনকে নিয়ে, নাকি ৫ জনকে নিয়ে কমিটি করা হয়েছে ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : আমি কমিটির নাম বললাম এবং কে চেয়ার করবেন তাঁর নাম বলেছি। দরকার হলে ইন-অ্যাডিশন হোম (পার) ইত্যাদিকে নেওয়া যেতে পারে।

Starred Questions
(to which answers were laid on the Table)

আর্সেনিকমুক্ত পানীয় জল সরবরাহ প্রকল্প

*৭৪। (অনুমোদিত প্রশ্ন নং *২২০) **শ্রী সামসুল ইসলাম মোল্লা** : জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০০৫-০৬ আর্থিক বর্ষে রাজ্যের আর্সেনিক প্রবণ এলাকায় বিশুদ্ধ পানীয় জল সরবরাহের জন্য কী কী পরিকল্পনা নেওয়া হয়েছে ; এবং

(খ) ৩১শে ডিসেম্বর, ২০০৫ পর্যন্ত সময়কালে কতগুলি প্রকল্পের কাজ শেষ হয়েছে (জায়গার নাম উল্লেখসহ) ?

জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) রাজ্যের আর্সেনিক প্রবণ এলাকায় বিশুদ্ধ পানীয় জল সরবরাহের জন্য ২০০৫-০৬ সালে গৃহীত পরিকল্পনাগুলির অন্যতম হচ্ছে—

(১) ৮টি ভূপৃষ্ঠ জলসরবরাহ প্রকল্পের মঞ্জুরিকরণ।

(২) ৬৮টি ভূগর্ভ জলসরবরাহ প্রকল্পের মঞ্জুরিকরণ এবং

(৩) ৩৬টি ক্ষেত্রে আর্সেনিকদুষ্ট নলকূপে আর্সেনিক দূরীকরণ প্ল্যান্ট বসানো।

(খ) ইতিমধ্যেই ৫টি ভূপৃষ্ঠ জল সরবরাহ প্রকল্প মঞ্জুর করা হয়েছে। বাকিগুলি অনুমোদনের প্রক্রিয়ায় রয়েছে।

ভূগর্ভ জল সরবরাহ প্রকল্পগুলি প্রযুক্তিগতভাবে গৃহীত হয়েছে এবং প্রশাসনিক অনুমোদনের প্রক্রিয়ায় রয়েছে।

আর্সেনিক দূরীকরণ প্ল্যান্টগুলি প্রকল্প প্রস্তুতির স্তরে রয়েছে।

নেশাগ্রস্ত মানুষের নেশার মাত্রা পরিমাপ

*৭৫। (অনুমোদিত প্রশ্ন নং *২৭৬) **শ্রী সুব্রত বক্সী** : স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, কলকাতা পুলিশের একটি বিশেষ দল রাস্তায় 'নেশাগ্রস্ত' মানুষের নেশার মাত্রা মাপতে যন্ত্র নিয়ে ঘুরছে ;

(খ) সত্যি হলে ওই বিশেষ দলের নাম কী : এবং

(গ) কতজন পুলিশ কর্মী এই দলে আছেন ?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ

(খ) দলের কোনো বিশেষ নাম নেই। তবে অভিযানটি চালায় পরিমাণ শাখার (ট্রাফিক) বিশেষ অভিযান দপ্তর।

(গ) দুইজন অবর পরিদর্শকের (সাব-ইন্সপেক্টর) নেতৃত্বে দশজন পুলিশ কর্মচারী ওই দলে থাকেন।

ফ্লুরাইড দূষিত অঞ্চলে বিশুদ্ধ পানীয় জল সরবরাহ

*৭৭। (অনুমোদিত প্রশ্ন নং *২৯৩) ডঃ **আশীষ ব্যানার্জি** : বিগত ১৪ই জুলাই, ২০০৫ তারিখের তারকিত প্রশ্ন নং ১৫৫ (অনুমোদিত প্রশ্ন নং *৮৫৫)-এর উত্তর উল্লেখ-পূর্বক জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বীরভূম জেলার রামপুরহাট ১ নং ব্লকের অধীন ফ্লুরাইড দূষণে আক্রান্ত গ্রামগুলিতে বিশুদ্ধ পানীয় জল সরবরাহের প্রকল্পটি বর্তমানে কোন পর্যায়ে আছে ?

জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

বীরভূম জেলার রামপুরহাট ১ নং ব্লকের অধীন নারায়ণপুর ও বালিয়া-মৃত্যুঞ্জয়পুর মৌজার নল বাহিত জল সরবরাহ প্রকল্পটি ২০০৫-০৬ সালে মোট ১১৭.৬১ লক্ষ টাকা অনুমিত ব্যয়ে ১২০৩৩ সংখ্যক লোকের উপকারের জন্য মঞ্জুর করা হয়েছে। প্রকল্প রূপায়ণের জন্য ইতিমধ্যেই ৫০ লক্ষ টাকা প্রদান করা হয়েছে।

জয়গাঁয় পৌরসভা গঠন

*৭৮। (অনুমোদিত প্রশ্ন নং *৫২০) **শ্রী নির্মল দাস** : পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) জলপাইগুড়ি জেলার জয়গাঁয় নতুন পুরসভা গঠনের কোনো প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কি; এবং

(খ) থাকলে, উক্ত প্রস্তাব কবে নাগাদ বাস্তবায়িত হবে বলে আশা করা যায় ?

পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) এ রকম একটি প্রস্তাব রাজ্য সরকার পেয়েছে।

(খ) প্রশ্ন ওঠে না।

ডিজাস্টার ম্যানেজমেন্ট অথরিটি গঠন

*৭৯। (অনুমোদিত প্রশ্ন নং *৩০৮) শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক : স্বরাষ্ট্র (অসামরিক প্রতিরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, 'ডিজাস্টার ম্যানেজমেন্ট অ্যাক্ট' অনুযায়ী রাজ্যে ডিজাস্টার ম্যানেজমেন্ট অথরিটি গঠিত হয়েছে ?

(খ) সত্যি হলে, ওই ডিজাস্টার ম্যানেজমেন্ট অথরিটি কাদের নিয়ে গঠিত হয়েছে ; এবং

(গ) ওই কমিটির কাজ কী ?

স্বরাষ্ট্র (অসামরিক প্রতিরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) এই বিষয়টি স্বরাষ্ট্র (অসামরিক প্রতিরক্ষা) দপ্তর এখনও পর্যন্ত অবগত নয়।

(খ) 'ক' উত্তরের পরিপ্রেক্ষিতে প্রসঙ্গ ওঠে না।

(গ) 'ক' উত্তরের পরিপ্রেক্ষিতে প্রসঙ্গ ওঠে না।

মহিলা পুলিশ বিহীন থানা

*৮০। (অনুমোদিত প্রশ্ন নং *৩৩৪) শ্রীমতী সোনালী গুহ : স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যের কতগুলো থানায় এখনও পর্যন্ত মহিলা পুলিশ নিয়োগ করা যায়নি ?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

২৫৩টি।

বনভূমির মোট পরিমাণ

*৮১। (অনুমোদিত প্রশ্ন নং *৩৬২) শ্রী তমোনাশ ঘোষ : বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে রাজ্যে বনভূমির মোট পরিমাণ কত ও তা পশ্চিমবঙ্গের ভৌগোলিক এলাকার কত শতাংশ ;

(খ) রাজ্যে কোথায় কোথায় অভয়ারণ্য ও বনাঞ্চল আছে ; এবং

(গ) রাজ্যে নতুন কোনো বনভূমি বা বনাঞ্চল তৈরির পরিকল্পনা সরকারের আছে কি ?

বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) রাজ্যের মোট বনভূমির পরিমাণ ১১৮৭৯ বর্গ কি. মি.। ইহা পশ্চিমবঙ্গের ভৌগোলিক এলাকার ১৩.৩৮ শতাংশ।

(খ) রাজ্যের জেলাওয়ারি বনাঞ্চল ও অভয়ারণ্যের তালিকা সংযোজিত হল।

(গ) জমির অপ্রতুলতার কারণে বনাঞ্চল বৃদ্ধির আশা অতি ক্ষীণ। তৎসত্ত্বেও কলকাতার সন্নিকটে নরেন্দ্রপুরে ১৭,৮১৫ একর এবং উত্তরবঙ্গের গরুমারা জাতীয় উদ্যানের সংলগ্ন ১৩২৮.৬৪ একর জমি বন বিভাগের মালিকানায় এনে নরেন্দ্রপুরে একটি পক্ষীরালয় এবং গরুমারা জাতীয় উদ্যানের ক্ষেত্রে এলাকা বৃদ্ধি করে সরকারি অধীনস্থ বনাঞ্চলের পরিমাণ বৃদ্ধির চেষ্টা করা হচ্ছে। এছাড়া সরকারি বনভূমির বাহিরে সামাজিক বনসৃজনের মাধ্যমে প্রতি বছর বনাঞ্চল বৃদ্ধির চেষ্টা অব্যাহত আছে।

(a) Districtwise Distribution of Geographical and Recorded Forest Area in West Bengal

District	Geographical Area (Sq. Km.)	Recorded Forest Area (Sq. Km.)	% of Recorded Forest Area
Darjeeling	3,149	1,204	38.23%
Jalpaiguri	6,227	1,790	28.75%
Cooch Behar	3,387	57	1.68%
Bankura	6,882	1,482	21.53%
Midnapore	14,081	1,709	12.14%
Burdwan	7,024	277	3.94%
Purulia	6,259	876	14.00%
Birbhum	4,545	159	3.50%
Hooghly	3,149	3	0.10%
Nadia	3,927	12	0.30%
Murshidabad	5,324	8	0.15%
Malda	3,733	20	0.54%
Uttar Dinajpur	3,140	10	0.32%
Dakshin Dinajpur	2,219	8	0.36%
Calcutta	104	-	0.00%
Howrah	1,467	-	0.00%
24-Parganas (S)	10,159	4,221	41.54%
24-Parganas (N)	3,977	43	1.08%
Total :	**88,752**	**11,879**	**13.38%**

(a) Wildlife Conservation and Protected Areas of West Bengal

Sl.	Protected Area	Area in Sq. Km.	Notification No. & Date	Biogeographic Zone	District
National Parks :					
1.	Singalila N.P.	78.60 Sq. Km.	9057-For dt. 2.12.92	2C	Darjeeling
2.	Neora Valley N.P.	88.00 Sq. Km.	9058-For dt. 2.12.92	2C	Darjeeling
3.	Buxa N.P.	117.10 Sq. Km.	3403-For dt. 5.12.97	7B	Jalpaiguri
4.	Gorumara N.P.	79.45 Sq. Km.	1-For dt. 1.1.98	7B	Jalpaiguri
5.	Sundarban N.P.	1330.10 Sq. Km.	2867-For dt. 4.5.84	8B	South 24 Parganas
	Total	1693.25 Sq. Km.			
Sanctuaries :					
1	Jorepokhri Salamander W.L.S.	0.04 Sq. Km	1107-For dt. 11.03.85	2C	Darjeeling
2.	Senchal W.L.S.	38.88.Sq. Km.	2773-For dt.19.8.98	2C	Darjeeling
3.	Chapramari W.L.S.	9.60 Sq. Km.	2774-For dt.19.8.98	7B	Jalpaiguri
4.	Mahananda W.L.S.	158.04 Sq. Km.	2775-For dt. 19.8.98	7B	Darjeeling
5.	Jaldapara W.L.S.	216.51 Sq. Km.	2890-For dt. 27.8.98	7B	Jalpaiguri
6.	Raiganj W.L.S.	1.30 Sq. Km.	1901-For dt. 11.4.85 u/s. 18(1) of WLP Act of '72	7B	North Dinajpur
7.	Bethuadahari W.L.S.	0.6686 Sq. Km.	2772-for dt. 19.8.98	7B	Nadia
8.	Ballavpur W.L.S.	2.021 Sq. Km.	4755-For dt. 11.7.77 u/s. 18(1) of WLP Act of '72	7B	Birbhum
9.	Ramnabagan W.L.S.	0.14 Sq. Km.	4345-For dt. 30.9.81 u/s. 18(1) of WLP Act of '72	7B	Bardhaman
10.	Bibhutibhusan W.L.S.	0.64 Sq. Km.	2776-for dt. 19.8.98	8B	North 24-Parganas
11.	Chintamani Kar Bird Sanctuary	0.0721 Sq. Km.	4300-For dt. 21.10.05	8B	South 24-Parganas
12.	Sajnakhali W.L.S.	362.40 Sq. Km.	5396-For Dt. 24.6.76 u/s. 18(1) of WLP Act of '72	8B	South 24-Parganas
13.	Halliday Island W.L.S.	5.95 Sq. Km.	5388-For dt. 24.6.76 u/s. 18(1) of WLP Act of '72	8B	South 24-Parganas
14.	Lothian Island W.L.S.	38.0 Sq. Km.	2771-For dt. 19.8.98 1588-For dt. 6.10.90	8B	South 24-Parganas
15.	Buxa W.L.S.	*368.99 Sq. Km.	12-For dt. 1.1. 91 and 316-For dt. 24.1.86 U/s. 18(1) of WLP Act of '72	7B	Jalpaiguri

*Present Sanctuary area is 267.92 Sq Km. Since rest of the area has later been declared as Buxa National Park

Sl.	Protected Area	Area in Sq. Km.	Notification No. & Date	Biogeo-graphic Zone	District
Tiger Reserves :					
A.	Buxa Tiger Reserve (including W.L.S. & NP)	760.87 Sq. Km.	1983 [vide GOI's Notification No. J-11025/18/B/FRY(PT) Dt. 16.2.1983]	7B	Jalpaiguri
B.	Sundarban Tiger	2585 Sq. Km. Buffer Zone (including Saj W.L.S.); 1255 Sq. Km. Core Area; 1330 Sq. Km. (including NP & 124.40 Sq. Km. of Primitive Zone to act as gene pool & one of the World Natural Heritage Sites since 1985)	Dt. 23.12.1973	8B	South 24-Parganas & Parts of North 24-Parganas
	Total	3345.87 Sq. Km.			
Biosphere Reserve :					
	Sundarban Biosphere (including STR areas)	9630 Sq. Km.	1989	-	South 24-Parganas North-24 Pgns.
Elephant Reserve (ER) :		**9630 Sq. Km.**			
1.	Eastern Duars Elephant Reserve	977.51 Sq. Km. Core Area; 484.00 Sq. Km. Buffer Area; 493.51 Sq. Km.	32930For/11B-19/2000 dt. 28.8.2002	7B	Jalpaiguri
2.	Mayurijharna Elephant Reserve	414.00 Sq. Km.	3040-For, 11B-19/2000 dt. 24.10.2002	6B	West Midnapur, Bankura and Purulia.
	Total	**1391.51 Sq. Km.**			

Police Firings in 2005

*82. (Admitted Question No. *408) **Shri Nepal Mahato :** will the Minister-in-Charge of the Home (Police) Department be pleased to State—

(a) Number of Police firings in the State during 2005 (from 01.06.2005 to 31.12.2005) ; and

(b) the reasons therefer ?

Minister-in-Charge of Home (Police) Department—

(ক) ১৭ বার

(খ) নিম্নলিখিত কারণে পুলিশ গুলি চালাতে বাধ্য হয় :—

(১) সাম্প্রদায়িক দাঙ্গা রোধে—১

(২) ডাকাতি দমন অভিযানে—৫

(৩) উগ্রপন্থী। জঙ্গী দমনে এবং—১

(৪) অন্যান্য হাঙ্গামার মোকাবিলায়—১০

আই.পি.এস. পদে উন্নীত অফিসারের সংখ্যা

*৮৩। (অনুমোদিত প্রশ্ন নং *৪৩৪) শ্রী অসিত মিত্র : স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বিগত ২০০৪ ও ২০০৫ সালে মোট কতজন পুলিশ অফিসারকে ডব্লু.বি.পি.এস. কৃত্যক থেকে আই.পি.এস. পদে উন্নীত করা হয়েছে ?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

২০০৪ সালে— ৮ জন

২০০৫ সালে— ১২ জন

মোট— ২০ জন

মুখ্যমন্ত্রীর বিদেশ সফরে মৌ স্বাক্ষর

*৮৪। (অনুমোদিত প্রশ্ন নং *৪৫৭) শ্রী আব্দুল মান্নান : মুখ্যমন্ত্রীর সচিবালয় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিগত পাঁচ বছরে মুখ্যমন্ত্রীর বিদেশ সফরের সময়ে কতগুলি মৌ (Memorandum of understanding) স্বাক্ষরিত হয়েছে ; এবং

(খ) এর ফলে রাজ্যে কোথায় কোথায় কত টাকার বিনিয়োগ হয়েছে ?

মুখ্যমন্ত্রীর সচিবালয় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ৭টি।

			বিনিয়োগ
(খ)	(১)	হাওড়ার উলুবেড়িয়াতে মোটর সাইকেল তৈরির কারখানা।	(১) ১,১২৫ কোটি টাকা।
	(২)	উত্তর ২৪ পরগনার রাজারহাট টাউনশিপে তথ্য প্রযুক্তি ও সহায়ক শিল্পের জন্য বিশেষ অর্থনৈতিক জন্য বিশেষ অর্থনৈতিক অঞ্চল।	(২) ১,৫০০ কোটি টাকা।
	(৩)	রাজ্যের ১৪টি পৌরসভায় পানীয় জল সরবরাহের উন্নতির জন্য।	(৩) ১৮২০ কোটি টাকা।
	(৪)	দক্ষিণ ২৪ পরগনায় সবজি ও ফল প্রক্রিয়াকরণ ও হিমায়ন প্রকল্প।	(৪) ৯ কোটি ৭৫ লক্ষ টাকা।
	(৫)	হাওড়ার কোনায় লজিসটিক হাব।	(৫) ৮০০ কোটি টাকা।
	(৬)	কলকাতা সলিড ওয়েস্ট ম্যানেজমেন্ট প্রকল্প	(৬) ১৫৭ কোটি টাকা।
		মোট	৫৪১১ কোটি ৭৫ লক্ষ টাকা

উত্তরবঙ্গে সন্ত্রাসমূলক ঘটনা

*৮৫। (অনুমোদিত প্রশ্ন নং *৪৬২) শ্রী শংকর সিংহ : স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিগত ২০০৫ সালে উত্তরবঙ্গে কতগুলি সন্ত্রাসমূলক ঘটনা ঘটেছে ;

(খ) এর ফলে কতজনের মৃত্যু হয়েছে ; এবং

(গ) কোন্ কোন্ সংগঠন উক্ত সন্ত্রাসমূলক ঘটনার সঙ্গে জড়িত ?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ৭টি।

(খ) ৫ জন।

(গ) কে.এল.ও. ও উলফা।

Death in road accidents

*86. (Admitted Question No. *475) **Shri Atish Chandra Sinha :** will the Minister-in-Charge of the Home (Police) Department be pleased to state—

(a) Number of People died due to road accidents in 2005 (from 1.6.2005 to 31.12.2005) ; and

(b) the details thereof ?

Minister-in-Charge of Home (Police) Department—

(ক) ২৬৩০ জন।

(খ) রাজ্য পুলিশ

জাতীয় সড়ক—৯৩০ জন
রাজ্য সড়ক—৭১৪ জন
অন্যান্য সড়ক—৭০৬ জন
কলকাতা পুলিশ—২৮০ জন

কাকদ্বীপ শহরকে পৌরসভায় রূপান্তর

*৮৭। (অনুমোদিত প্রশ্ন নং *৪৯৭) শ্রী **মন্টুরাম পাখিরা** : বিগত ৩১.০৩.২০০৫ তারিখের তারকিত প্রশ্ন নং ২৭৫ (অনুমোদিত প্রশ্ন নং *১২২৮)-এর উত্তরের পরিপ্রেক্ষিতে পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

কাকদ্বীপ মহকুমা শহরটিকে পৌরসভায় রূপান্তরের প্রস্তাবটি বর্তমানে কোন্ পর্যায়ে আছে ?

পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

প্রস্তাবটি এখনো বিবেচনা করা হয়নি।

ADJOURNMENT MOTION

Shri Saugata Roy : This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely :

The B.E. College Deemed University was closed last night after a clash between two groups of students. This happened twenty hours before the convocation and centred around the Student's Union Elections and Cultural Function. Students have been asked to leave their hostel. The closure is a follow up of continuous clashes between the SFI and an independent student body. This has been going on for some past years and steps should be taken to stop them.

Mr. Speaker : To day, I have received eight notices of Adjournment Motions. The First one is from Dr. Asish Banerjee on the subject of decision taken by the State Government to introduce Early Retirement Scheme at Tantuja and Tantushree. The Second one is from Dr. Ratna De (Nag) on the subject of alleged molestation of a school girl at Belda, Paschim Medinipur. The Third one is from Shrimati Sonali Guha and Shri Jyoti Priya Mallick and the sixth one is from Shri Saugata Roy on the same subject of reported clash between two groups of students at Bengal Engineering and Science University, Shibpur. The fourth one is from Shrimati Manju Basu on the subject of arrest of 1400 accused persons in connection with different cases in the State. The fifth one is from Shri Kashinath Mishra, Shri Kallol Khan and Shri Manturam Pakhira on the subject of alleged malpractice in distribution of rice under Annapurna Antyodaya Yojona in the State. The seventh one is from Shri Ashok Kumar Deb on the subject of strike called by Traders Association. And the eighth one is from Shri Gobinda Chandra Naskar on the subject of reported clash between the supporters of SFI and DSO at S.S.K.M. Hospital.

The subject matters of all the motions are not such that may call for adjournment of the business of the House. The Members may invite attention of the concerned Ministers through Calling Attention, Mention, Question, etc.

I, therefore, withhold my consent to all the Motions.

One Member of the party may, however, read the text of the motion as amended.

Shri Prabodh Chandra Sinha : Sir, the statement will be made on 21st February, 2006.

CALLING ATTENTION

Mr. Speaker : Today, I have received five notices of Calling Attention on the following subjects, namely :

Subject	Name
(i) Steps taken by the Government to appoint a cardio thoracic surgeon at R.G. Kar Medical College & Hospital, Kolkata	: Dr. Ratna De (Nag)
(ii) Fake ration cards in the State	: Dr. Asish Banerjee
(iii) Alleged financial irregularities at Essential Commodities Supply Corporation	: Shri Kashinath Mishra, Shri Kallol Khan, Shri Manturam Pakhira & Shri Sobhan Deb Chattopadhyay
(iv) Reported clash in Bengal Engineering & Science University, Shibpur	: Shri Saugata Roy & Smt. Manju Basu
(v) Steps taken by the Government regarding payment of arrear D.A., etc. and filling up of Vacant posts in different offices.	: Shri Nirmal Das

I have selected the notice of shri Nirmal Das on the subject of steps taken by the Government regarding payment of arrear, D.A., etc. and filling up of vacant posts in different offices.

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

PRESENTATION OF THE COMMITTEE REPORT

77th Report of the Business Advisory Committee

Mr. Speaker : I beg to present the 77th Report of the Business Advisory Committee. The Committee met in my Chamber on the 14th February, 2006 and recommended the revised programme of Business for the 17th February, 2006 and programme of business for the 20th and the 21st February, 2006 as follows :–

17.2.2006, Friday :	(i) Motion under rule 185 regarding policy of the Union Government on Iran issue—Notice given by Shri Rabin Deb and others	1 hour
	(ii) Motion under rule 185 urging upon the State Government to publish a white paper on land deals in the State—Notice given by Shri Saugata Roy and others	1 hour

(iii) Motion under rule 185 urging upon the Union Government to withdraw proposed Labour (Amendment) Bill—Notice given by Shri Ranjit Kundu and others — 1 hour

(iv) Motion under rule 185 regarding deplorable condition of Tea Plantation Industry in the State—Notice given by Shri Pankaj Banerjee and others — 1 hour

(v) Motion under rule 185 regarding urging upon the Union Government of or release of fund to Brahmaputra Board for preventing bank erosion and flood control in the districts of Cooch Behar and Jalpaiguri—Notice given by Shri Sailen Mondal and others — 1 hour

(vi) Motion under rule 185 regarding Law and order situation in the State—Notice given by Shri Asit Mitra and others — 1 hour

20.2.2006, Monday : (i) The Rabindra Mukta Vidyalaya (Amendment) Bill, 2006 (Introduction, Consideration and Passing) — 1 hour

(ii) The West Bengal School Service Commission (Amendment) Bill, 2006 (Introduction, Consideration and Passing) — 1 hour

(iii) The West Bengal Council of Higher Secondary Education (Amendment) Bill, 2006 (Introduction, Consideration and Passing) — 1 hour

21.2.2006, Tuesday : (i) The West Bengal Societies Registration (Amendment) Bill, 2006 (Introduction, Consideration and Passing) — 1 hour

(ii) The West Bengal Premises Tenency (Amendment) Bill, 2006 Introduction, Consideration and Passing) — 1 hour

(iii) The Kolkata Land-revenue (Amendment) Bill, 2006 (Introduction, Consideration and Passing) — 1 hour

N.B. : (i) The House will sit at 10.00 a.m. on Friday, the 17th February, 2006

(ii) There will be no Question for Oral Answer and Mention Case on Friday, the 17th February, 2006.

শ্রী সৌগত রায় : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার মনে হয় একটা ভুল হচ্ছে। আপনি যে বিজনেস অ্যাডভাইজারি কমিটি করেছিলেন, তাতে আগামীকাল অবধি বিজনেস ঠিক হয়েছিল। এরপর আজ আপনি বিজনেস অ্যাডভাইজারি কমিটির মিটিং ডেকেছেন সোমবার এবং মঙ্গলবারের বিজনেসের ব্যাপারে। আপনার স্টাফেরা সেটা জুড়ে দিয়েছে। আমরা সোমবার এবং মঙ্গলবারের ব্যাপারে বিজনেস ঠিক করিনি।

মিঃ স্পীকার : I do not want to go into any debate on this. There is no scope of debate. Let us accept the recommendation upto Friday. আমার মনে হয় এটা আলোচনা হয়েছিলো। আমি বিতর্কে যেতে চাই না। শুক্রবার অবধি যে রেকমেনডেশন দেওয়া হয়েছিল, সেটাই আমরা গ্রহণ করি। মাননীয় পরিষদীয় মন্ত্রীকে আমি বলবো আপনি শুক্রবার অবধি যে রেকমেন্ডশন করা হয়েছে সেটাকে গ্রহণ করার জন্য মোশন মুভ করুন।

শ্রী প্রবোধচন্দ্র সিনহা : স্যার, কার্য উপদেষ্টা কমিটির ৭৭তম প্রতিবেদন আগামী শুক্রবার অবধি যে বিজনেসের জন্য রেকমেনডেশন করা হয়েছে তা গ্রহণের জন্য আমি এই সভায় প্রস্তাব উত্থাপন করছি।

CALLING ATTENTION

Mr. Speaker : Now, I call upon the Minister-in-Charge of the Home (Police) Department to make a statement on the subject of reported murder of Shri Sachin Mukherjee, Vice-President of West Bengal Trinamool Congress Party at Garia in South 24-Parganas District on the 5th February, 2006. (Attention called by Shri Kashinath Misra and Shri Manturam Pakhira Jointly, Shri Asit Mitra, Shri Saugata Roy and Shri Gobinda Chandra Naskar separately on the 7th February, 2006)

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : বিধায়কবৃন্দ সর্বশ্রী কাশীনাথ মিশ্র, মন্টুরাম পাখিরা, অসিত মিত্র, সৌগত রায় এবং গোবিন্দ চন্দ্র নস্কর কর্তৃক আনীত উপরোক্ত দৃষ্টি আকর্ষণী প্রস্তাবের উপর আমি আমার বিবৃতি দিচ্ছি।

০৫/০২/০৬ তারিখ রাত্রি ৮টা ১৫ মিনিট নাগাদ অভীক দাস নামে জনৈক ব্যক্তির সঙ্গে সাক্ষাতের উদ্দেশ্যে শ্রী শচীন মুখোপাধ্যায় (নিবাস : ভি ২৮, বিবেকানন্দ সরণি, গড়িয়া, কলকাতা-৮৪) গড়িয়ার কালী চ্যাটার্জি এভিনিউতে অবস্থিত তাঁর ব্যবসায়িক কার্যালয় থেকে পায়ে হেঁটে রওনা দেন। রাস্তায় একটি কালো মোটর সাইকেলে আসীন ৩ জন দুর্বৃত্ত তাঁর পথ অবরোধ করে। তারা খুব কাছ থেকে শচীন মুখোপাধ্যায়কে লক্ষ্য করে তাদের আগ্নেয়াস্ত্র থেকে গুলি ছোঁড়ে। গুলি শচীন মুখোপাধ্যায়ের মুখমন্ডল ভেদ করে চলে যায়। তিনি তৎক্ষণাৎ মাটিতে পড়ে প্রাণ হারান। সেই সময় অভীক দাস শচীন

মুখোপাধ্যায়ের সঙ্গে সাক্ষাতের উদ্দেশ্যে ঘটনাস্থলের কাছাকাছি উপস্থিত ছিলেন। সমগ্র ঘটনাটি প্রায় তাঁর উপস্থিতিতেই ঘটে। অভীক দাস প্রত্যক্ষদর্শী হওয়ায় দুর্বৃত্তরা তাঁকেও তাড়া করে কিন্তু তিনি তাদেরকে এড়িয়ে পালাতে সক্ষম হন।

খুনের খবর সোনারপুর থানায় পৌছানমাত্র, সোনারপুর থানার পুলিশ আধিকারিক তাঁর ফোর্স নিয়ে ঘটনাস্থলে পৌছন।

উপরোক্ত ঘটনার পরিপ্রেক্ষিতে সোনারপুর থানায় ০৬/০২/২০০৬ তারিখে ভারতীয় দণ্ডবিধির ৩০২/৩৪ ধরায় এবং অস্ত্র আইনের ২৫/২৭ ধারায় ৪৫/২০০৬ নং মামলাটি রুজু হয়।

তদন্তে শচীন মুখোপাধ্যায়ের হত্যাকারী হিসাবে ৩ জন মূল সন্দেহভাজন ব্যক্তি (ক) বিশ্বজিৎ সাহা ওরফে কালু, (খ) প্রবীণ সরকার এবং (গ) বাবাই দাস ওরফে কঙ্কালকে চিহ্নিত করা হয়েছে।

০৯/০২/২০০৬ তারিখে পুলিশ বিশ্বজিৎ সাহা ওরফে কালুকে গ্রেপ্তার করেছে। তাকে জিজ্ঞাসাবাদ করে পুলিশ জানতে পেরেছে যে, সে তার ২ জন সহযোগী প্রবীণ সরকার ও বাবাই দাসের সহায়তায় এই খুন করেছে। তার বাড়ি থেকে খুনের কাজে ব্যবহৃত মোটর সাইকেলটি (ডবলিউ বি ২২৪৫) পুলিশ উদ্ধার করেছে। তার বিবৃতি অনুযায়ী খুনের কাজে ব্যবহৃত আগ্নেয়াস্ত্রটিও পুলিশ উদ্ধার করেছে। কালুকে জিজ্ঞাসাবাদ করে পুলিশ আরও জানতে পেরেছে যে জনৈক বিশ্বজিৎ দেবনাথ (নিবাস : সুভাষ পল্লী, থানা রিজেন্ট পার্ক) শচীন মুখোপাধ্যায়কে খুন করার জন্য তাদের ৩ জনকে ১ লক্ষ টাকা দিয়ে নিযুক্ত করেছিল। বিশ্বজিৎ দেবনাথ অপরাধীদের শচীন মুখোপাধ্যায়কে দেখিয়ে দিয়েছিল যাতে তারা তাকে সঠিকভাবে সনাক্ত করতে পারে। কালু আরও জানিয়েছে যে খুন করার পর তারা একটি এস.টি.ডি. বুথ থেকে বিশ্বজিৎ দেবনাথকে তার মোবাইল ফোনে যোগাযোগ করে তাকে 'কাজ সম্পন্ন হয়েছে' বলে জানান, বিশ্বজিৎ দেবনাথের নির্দেশানুযায়ী খুনিরা হাওড়া স্টেশন থেকে উক্ত রাত্রে খড়গপুরের উদ্দেশ্যে রওনা দেয়। চুক্তি অনুযায়ী খড়গপুরে ০৬/০২/০৬ তারিখে জনৈক সুরেশের মাধ্যমে খুনিদের ৩০,০০০ টাকা দেওয়া হয়। বাকি টাকা এক সপ্তাহ পরে দেওয়ার কথা ছিল। এরপর খুনিরা টাটানগর, রামপুরহাট, বর্ধমান প্রভৃতি স্থানে গিয়েছিল। শেষ পর্যন্ত ০৯/০২/০৬ তারিখে কলকাতায় ফিরে আসার পর পুলিশ কালুকে গ্রেপ্তার করে। পুলিশ এস.টি.ডি. বুথের টেলিফোন মেশিনটি বাজেয়াপ্ত করে তার থেকে প্রিন্ট আউট দেখে কালুকে বিবৃতি সত্যি বলে জানতে পেরেছে।

১০/০২/০৬ তারিখে গ্রেপ্তারকৃত কালুকে আদালতে প্রেরণ করা হয়। আদালত তাকে বিচারবিভাগীয় হেফাজতে রাখার নির্দেশ দিয়েছে।

জেলা পুলিশ এই খুনের ঘটনার পরবর্তী তদন্তভার গ্রহণ করেছে। বিশ্বজিৎ দেবনাথ ১৩/০২/০৬ তারিখে আদালতে আত্মসমর্পণ করেছে ও ১৪ দিনের জেল হাজতে আছে। বাকি ২ জন অপরাধীকে এখনও গ্রেপ্তার করা যায়নি। এই ২ জনের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি হয়েছে।

Mr. Speaker : Calling Attention notice given by five people, only three can ask question. I have got from Shri Manutram Pakhira, Shri Gobindra Chandra Naskar, Shri Asit Mitra, Shri Kashinath Misra and Shri Saugata Roy. I hve got five applications. I can only allow three. So, I will allow Shri Kashinath Misra, Shri Saugata Roy and Shri Asit Mitra.

[12.10—12.20 p.m.]

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আমি একটা প্রশ্ন করতে চাই। শচীন মুখোপাধ্যায়ের হত্যাকারী ৩ জনের মধ্যে একজন ধরা পড়েছে, ২ জনের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি আছে।

এই রকম ঘটনা বিভিন্ন জায়গায় গত ৬ মাসের মধ্যে কতগুলো ঘটেছে এবং সেই ব্যাপারে আপনারা কতজনকে গ্রেপ্তার করেছেন ? শচীন মুখোপাধ্যায়ের খুনের তদন্তের আয়োজক যাঁরা আছেন, তাঁরা কি কি জিনিস জানতে পেরেছেন ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : প্রশ্নটি ঠিক বোঝা গেল না। এই ৬ মাসে হয়েছে—নির্দিষ্ট প্রশ্ন করতে হয়, এই রকম বললে হয় না। একজন খুনিকে পাওয়া গেছে, অস্ত্র পাওয়া গেছে, মোটর-সাইকেল পাওয়া গেছে। তারাই যে খুন করেছে, এস.টি.ডি. বুথ থেকে কনফার্ম হয়েছে। দু-জন ক্রিমিন্যাল লুকিয়ে আছে। তবে বেশিদিন তারা লুকিয়ে থাকতে পারবে না। সবচেয়ে বড় কথা হল, বিশ্বজিৎ দেবনাথ কোর্টে গিয়ে স্যারেন্ডার করেছে। তাহলে বুঝতে পারছেন, সে নিজেই অপরাধী এবং সেই খুন করিয়েছে। আর যে দু-জন ক্রিমিন্যাল লুকিয়ে আছে, তাদের শীঘ্রই গ্রেপ্তার করা হবে।

শ্রী সৌগত রায় : স্যার, এই ঘটনাটা অত্যন্ত মর্মান্তিক ঘটনা। শচীন মুখোপাধ্যায় আমাদের দলের নেতা ছিলেন। তিনি আমাদের দলের ভাইস প্রেসিডেন্ট ছিলেন। সেদিন তিনি ৮-৩৫ নাগাদ মারা গিয়েছেন, আমাদের কাছে খবর এসেছে যে তিনি গুলিবিদ্ধ হয়েছেন। পঙ্কজ ব্যানার্জি সবচেয়ে আগে পৌছান, তারপর মমতা বন্দ্যোপাধ্যায় পৌছান। তখনও পুলিশ আসে নি। আপনি শুনলে আশ্চর্য হবেন, ঘটনার ২ ঘণ্টা পর পর্যন্ত পুলিশ আসেনি। পুলিশ যখন আসে, তখন তারা ডেডবডি নিয়ে যাবারও কোনো ব্যবস্থা করেনি। আমরা নিজেরা একটা ম্যাটাডোর ভাড়া করি। সেই ম্যাটাডোর করে ডেডবডিটাকে বাঙ্গুর হাসপাতালে নিয়ে যাই। পুলিশ ডেডবডি ট্রান্সপোর্ট করার পর্যন্ত কোনো ব্যবস্থা করেনি। আরও আশ্চর্যের ব্যাপার যখন ডেডবডি নিয়ে মিছিল করছি, তখন সাউথ ২৪-পরগনার একজন এস.পি. (অ্যাডিশনাল) আমাদের ওই ডেডবডির মিছিলের মধ্যে জিপ নিয়ে ঢুকে যান এবং মমতা বন্দ্যোপাধ্যায়কে জিপ নিয়ে ধাক্কা দেন। তারপর উনি বলেন, 'বেশ করছি, আরও করব।' আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে জানতে চাই এটা কোন ধরনের নেগলেজেন্সি ? একটা ডেডবডি অফ এ ওয়েল নোন ম্যান—যে ঘটনাটা ঘটেছে অফ দিন মেইন রোড—শচীন মুখোপাধ্যায় নিজের কেন্দ্রের অধিবাসী—দুবার যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ইলেকশনে দাঁড়িয়েছিলেন—মৃত্যুর পর ওনার ডেডবডি ২ ঘণ্টা পরে থাকল—পুলিশ নিয়ে যাবার কোনো ব্যবস্থাই করল না—তাহলে সাধারণ মানুষের মৃত্যু হলে লোকে কি আশা করবে ? মাননীয় মুখ্যমন্ত্রী কোনও পলিটিক্যাল ইমপ্লিকেশন না করে প্লেন জবাব দিয়েছেন, সেটা

অ্যাপ্রিসিয়েট করছি। আমার দ্বিতীয় প্রশ্ন হচ্ছে, এই যে পুলিশের নেগলেজেন্সি—ডেডবডি নিয়ে যাবার ব্যাপারে—এই বিষয়ে কোনো এনকোয়ারি করেছেন কিনা ? পরবর্তী প্রশ্ন হল, এস.পি. (অ্যাডিশন্যাল)-এর বিহেভিয়ার—এই ব্যাপারে কোনো এনকোয়ারি করেছেন কিনা ? আমরা অনেক সংযম দেখিয়েছি, বন্ধ ডাকিনি। পরের দিন মাত্র ১ ঘণ্টা অবরোধ করা হয়েছিল। আমরা চেয়েছিলাম, খুনি ধরা পড়ুক। মাননীয় মুখ্যমন্ত্রীও বলছেন, খুনি ধরা পড়বে। যে পারপিট্রেটর সে স্যারেন্ডার করেছে। মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আমার প্রশ্ন, তাহলে এই খুনের মোটিভটা কি, এটা কী পুলিশ এস্টাব্লিশ্‌ড করতে পেরেছে ?

তাহলে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আমার প্রশ্নগুলি পরপর আর একবার বলছি। (১) কেন ডেডবডি ২ ঘণ্টা পর্যন্ত পড়েছিল ? (২) কেন পুলিশ গাড়ি নিয়ে যায়নি—ডেডবডি বাঙ্গুর হাসপাতালের মর্গে নিয়ে যাবার জন্য ? (৩) কেন মমতা ব্যানার্জিকে সেদিন ধাক্কা দিয়েছে ? (৪) পুলিশ খুনের মোটিভ বুঝতে পেরেছে কিনা ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : ঘটনা যখন ঘটেছে, তখন পুলিশ কেন পৌঁছায়নি—সেই ব্যাপারে যদি সময়ের গ্যাপ হয়ে থাকে, তাহলে নিশ্চয়ই দেখতে হবে। আগে পৌঁছোনোর সুযোগ থাকলেও তারা কেন যায়নি, সেই ব্যাপারে আমি আর একবার দেখব। ঘটনা ঘটার সঙ্গে সঙ্গেই পুলিশ পাঠানো হয়েছে—আমার কাছে এই রিপোর্টটাই এসেছে।

[12.20—12.30 p.m.]

আপনি বলেছেন, যদি দেরি হয়ে থাকে তাহলে কেন। কিন্তু আপনি এটাও বুঝুন, থানার পুলিশ কিছুক্ষণ আগে পৌঁছলেও বাঁচাতে পারত না, যা হবার হয়ে গেছে। তারপর যা বললেন, অ্যাডিশনাল এস.পি. কী করেছেন—বডি নিয়ে যাবার জন্য আপনাদেরই ব্যবস্থা করতে হয়েছে। জেনারেলি এটা হয় না, পুলিশই করে। আমার কাছে খবর নেই। এখন আমি শুনছি, আপনারা একটা ক্রিমিন্যাল কেস করেছেন এস.পি.-র বিরুদ্ধে। আমি কোর্টেই উত্তর দেব।

(ভয়েস : আপনি হাউসে উত্তর দেবেন না ?)

আপনার লাস্ট প্রশ্ন, এই খুনের পিছনে মোটিভটা কী। কারেকটলি বলেছেন—ব্যবসায়িক। রাজনৈতিক কারণ আপনার শুনলে ভালো লাগবে না।

শ্রী অসিত মিত্র : মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আমার প্রশ্ন, শেষ প্রশ্ন যেটা উনি করেছিলেন, যে কোনো কারণেই হোক আপনি উত্তরটা দিলেন না। উত্তরটা পেলে আমার এই প্রশ্ন করতে সুবিধা হোত। আমি জানতে চাইছি, আপনার পুলিশ, আপনার দপ্তর আসামীদের ধরার ব্যাপারে কিছুটা এগিয়েছে এবং একজন আত্মসমর্পণ করেছে। যার অর্ডার মতো খুন করতে গিয়েছিল—খুনীদের মধ্যে একজন ধরা পড়েছে, বাকি দু-জন ফেরার। আমি আপনার কাছে এটা জানতে চাইছি, যে রাজনৈতিক দলের মানুষ হোন, যত অপরাধী হোক, তাঁকে যেই খুন করুক—আপনার দলের হতে পারে, আমাদের দলেরও হতে পারে। কিন্তু কলকাতা শহরের বুকে এই ধরনের ঘটনা এর আগেও ঘটেছে। আমি স্যার, মাননীয় মুখ্যমন্ত্রীকে যে কথা বলতে চাইছি, এই ধরনের মানুষ, তিনি যদি থানায় গিয়ে ডাইরি করেন—এর আগে শচীনবাবু কি কোনো ডাইরি করেছিলেন যে তাঁর জীবনের আশংকা আছে বা তাঁকে আক্রমণ করতে পারে, তাঁর জীবনের আশংকা আছে ?

এই ধরনের ঘটনা কেউ যদি থানায় গিয়ে জানান, কলকাতার যে থানাগুলো আছে, তারা কি ব্যবস্থা গ্রহণ করতে পারবে যাতে এই ধরনের খুন না হয় ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : শচীনবাবু মারা গেছেন। মৃত ব্যক্তি সম্পর্কে মন্তব্য না করাই ভাল।

Presentation of the 28th Report of the Committee on Subordinate Legislation–2005-2006

Shri Sunil Ghosh : Sir, I beg to present the Twenty-eighth Report of the Committee on Subordinate Legislation (2005-2006) on the West Bengal Building and other Construction Workers (Regulation of Employment and Conditions of Service Rules, 2004.

GOVERNMENT BUSINESS
LAYING OF REPORTS

Annual Report of The Vigilance Commission, West Bengal for the year 2004 along with the State Governments Memoranda :

Shri Buddhadeb Bhattacharjee : Sir, I beg to lay the Annual Report of the Vigilance Commission, West Bengal for the year 2004 along with the State Government's Memoranda.

Annual Reports of the West Bengal Minorities' Development and Finance Corporation for the years 2000-2001 and 2001-2002. :

Shri Buddhadeb Bhattacharjee : Sir, I beg to lay the Annual Reports of the West Bengal Minorities' Development and Finance Corpoaration for the years 2000-2001 and 2001-2002.

Audit Report on the Accounts of the West Bengal Comprehensive Area Development Corporation for the years 1997-1998. 1998-1999 and 1999-2000.

Shri Probodh Chandra Sinha : Mr. Speaker. Sir, with your kind permission, I beg to lay the Audit Report on the Accounts of the West Bengal Comprehensive Area Development Corporation for the years 1997-1998, 1998-1999 and 1999-2000.

Report and Audited Annual Accounts of Webel Technology Limited for the Year 2004-2005.

Shri Probodh Chandra Sinha : Mr. Speaker. Sir, with your kind permission, I beg to lay the Report and Audited Annual Accounts of Webel Technology Limited for the year 2004-2005.

Report and Audited Annual Accounts of Webel Informatics Limited for the year 2004-2005.

Shri Probodh Chandra Sinha : Mr. Speaker. Sir, with your kind permission, I beg to lay the Report and Audited Annual Accounts of Webel Informatics Limited for the year 2004-2005.

POINT OF INFORMATION

ডাঃ রত্না দে (নাগ) : মাননীয় স্পীকার স্যার, একটি দৈনিক সংবাদপত্রে ছবিসহ একজন মানুষের খরব প্রকাশিত হয়েছে। এ ব্যাপারে আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। খবরে প্রকাশ ওই দুস্থ মানুষটি কোনো এক যৌন রোগের কারণে হাওড়ার একটি মহকুমা হাসপাতালের সামনের মাঠে মনুষ্যেতর হয়ে জীবন-যাপন করছেন। ওই মহকুমা হাসপাতালে এমনিতে রোগীদের ভিড় ভীষণ, মাটিতে কম্বল পেতে রোগীরা শুয়ে থাকেন। ওই হাসপাতালে এইচ.আই.ভি. বা এইড্‌স নির্ণয়ের কোনো ব্যবস্থা নেই। ওই দুস্থ মানুষটিকে যদি ওই হাসপাতালে ভর্তি করা হয় তাহলে অন্য সমস্ত রোগীর ওই ওয়ার্ডে বেঁচে থাকা দায় হয়ে উঠবে। ওই হাসপাতালে সুপারিনটেনডেন্ট ওই দুস্থ মানুষটিকে হাসপাতালে ভর্তি করেননি। এমতাবস্থায় ওই দুস্থ মানুষের সুষ্ঠু চিকিৎসার ব্যবস্থা করার দায়িত্ব সরকারের উপর এসে পড়ে। আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ জানাব, ওই মানুষটির যাতে সুচিকিৎসা হয় তার ব্যবস্থা করুন এবং সঙ্গে সঙ্গে এটা দেখা দরকার ওই মানুষটি পাড়া বা গ্রাম থেকে বিতাড়িত হয়ে হাসপাতালে ওই মাঠে আশ্রয় নিয়েছেন কিনা। ধন্যবাদ।

শ্রীমতী মীনা সনাতনী : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি যে, ঝাড়গ্রামে যেন একটি উড়াল পুল নির্মাণ করা হয়। ঝাড়গ্রামের প্রধান সড়কের বুক চিরে একটি খুব গুরুত্বপূর্ণ রেল চলে গেছে। এই পথে দিনে অনেকগুলো ট্রেন যাতায়াত করে। ফলে এখানে সাংঘাতিক রকমের যানজট দেখা দেয়। মাননীয় পূর্তমন্ত্রী এই উড়াল পুলের গুরুত্ব স্বীকার করেছেন। তাই সড়ক যাতায়াত এবং বাণিজ্যের প্রসারের জন্য এই পুল নির্মাণ করা হোক। আমি পূর্বেও একবার এই আবদেন করেছিলাম।

ডাঃ আশিস ব্যানার্জি : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় জনস্বাস্থ্য কারিগরি দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমি বহুবার এই বিধানসভাতে, এই অধিবেশন কক্ষে রামপুরহাট বিধানসভা এলাকার নোয়াপাড়া, চকতাটলা, কামদেবপুর, বালিয়া-মৃত্যুঞ্জয়পুর, প্রভৃতি গ্রামে ফ্লোরাইডযুক্ত জলের সমস্যার কথা বলেছি। কিন্তু আজ পর্যন্ত বিশুদ্ধ পানীয় জল সরকার দিতে পারেননি। মাননীয় মন্ত্রী মহাশয় ব্যক্তিগত আলোচনায় জানিয়েছিলেন যে, ফ্লোরাইড-যুক্ত জলের জন্য নাকি টাকা মঞ্জুর করা হয়েছে। আজকে আমার একটা প্রশ্ন ছিল। সেই প্রশ্নের উত্তর যা টেবিল্‌ড হয়েছে তাতে জানতে পেরেছি যে, নারায়ণপুরের বালিয়া-মৃত্যুঞ্জয়পুর গ্রামে ফ্লোরাইডমুক্ত বিশুদ্ধ পানীয় জল দেওয়ার জন্য ৫০ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছে। কিন্তু কাজটা এখনও শুরুই হয়নি। অপরদিকে নোয়াপাড়ার কোনো উল্লেখ নেই।

[12.30—12.40 p.m.]

মাননীয় মন্ত্রীর কাছে আমি বলছি যে, আমার এলাকা রামপুরহাট বিধানসভা কেন্দ্রে রামপুরহাট ১ নং ব্লকে জলে ফ্লোরাইডের প্রভাব প্রকট আকারে দেখা দিয়েছে। মাননীয় মন্ত্রী এখানে রয়েছেন, জনস্বাস্থ্য কারিগরি বিভাগের মন্ত্রী, তিনি এই বিষয়টিতে আলোকপাত করুন। ওখানে দীর্ঘদিন ধরে বিশুদ্ধ পানীয় জলের অভাব, ফ্লোরাইডযুক্ত জল পান করতে হচ্ছে ওখানকার মানুষদের, যার ফলে রোগাক্রান্ত হয়ে যাচ্ছে, এমনকি মারাও গেছে। আমি অনুরোধ করব আপনার মাধ্যমে যে, মাননীয় মন্ত্রী এই বিষয়টি গুরুত্ব সহকারে দেখুন এবং বিশুদ্ধ পানীয় জল দেবার চেষ্টা করুন।

শ্রী কিরীটি বাগদী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, আমার বিধানসভা কেন্দ্র ইন্দপুর ব্লকে একটি ব্লক হাসপাতাল আছে। সেখানে বাউন্ডারি ওয়াল নেই, সেই বাউন্ডারি ওয়াল না থাকার জন্য সেখানে গাড়ি পার্কিং করা হচ্ছে, মানুষ যাতায়াত করছে। অবিলম্বে ওই হাসপাতালটিতে বাউন্ডারি ওয়াল করা হোক, সেই দাবি আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। বাঁকুড়া সম্মিলনী মেডিকেল কলেজ হসপিট্যালটিতে কনট্র্যাক্ট সিসটেমে লোক নেওয়া হয়। ওই লোকগুলোই হাসপাতাল চালায়। সেখানে কনট্র্যাক্টে যে লোক নেওয়া হয়েছিল তাদের সময়সীমা অতিক্রম করে গেছে। অতিক্রম করে যাওয়া সত্ত্বেও দেখতে পাচ্ছি লোক নেওয়ার কোনো চেষ্টা নেই, এর ফলে হাসপাতালটি বন্ধ হওয়ার উপক্রম হয়েছে। এখানে প্রত্যুষ মুখার্জি, রাষ্ট্রমন্ত্রী আছেন, তিনি বিষয়টি গুরুত্ব সহকারে দেখে যদি কিছু বলেন ভালো হয়। ওই হাসপাতালে লোক নেওয়া হচ্ছে না, গ্রুপ ডি থেকে আরম্ভ করে বিভিন্ন ক্যাটাগরিতে লোক যে দেওয়ার কথা, সেখানে লোক দিতে পারছে না। এর ফলে প্রত্যেক ডিপার্টমেন্টেই একটা ভয়ঙ্কর অবস্থার সৃষ্টি হচ্ছে। মাননীয় মন্ত্রী এখানে উপস্থিত আছেন, তাঁর কাছে জানাচ্ছি এই অবস্থা চলতে থাকলে বাঁকুড়া সম্মিলনী মেডিকেল কলেজ হসপিট্যালটি বন্ধ হয়ে যাবে। ওখানে স্টাফের অভাব থাকাতে হাসপাতালটি চালানো দুষ্কর ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। অবিলম্বে যাতে কনট্র্যাক্ট বেসিসে লোক নেওয়া হয় তার ব্যবস্থা করুন। ওখানে তিনবার টেন্ডার ডাকা হয়েছে, তিনবারই ক্যানসেল হয়ে গেছে। এখনো পর্যন্ত নতুন করে আর লোক নেওয়া হচ্ছে না। ওই হাসপাতালটিতে ১৭০০-১৮০০ রোগী থাকে। দৈনন্দিন কয়েক হাজার রোগী আউট ডোরে বিভিন্ন বিভাগে দেখাতে আসে। তাদের খুব অসুবিধার সৃষ্টি হচ্ছে, ডাক্তাররাও কাজ করতে পারছে না। সেই কারণে আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি যাতে অবিলম্বে ওই হাসপাতালটিতে লোক নেওয়ার ব্যবস্থা করা হয়।

শ্রী ভবানীশঙ্কর হাতিয়াল : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষা দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গোপীবল্লভপুর আমার বিধানসভা কেন্দ্র, ওই গোপীবল্লভপুরের ২ নং ব্লকে রামচন্দ্রপুর জুনিয়ার হাই স্কুল, আম্বি গার্লস হাই স্কুল, পদিমা জনকল্যাণ বিদ্যাপীঠ এবং ঝাড়গ্রাম ব্লকের বিড়িহাঁড়ি হাই স্কুলকে দশম শ্রেণিতে উন্নীত করার জন্য আপনার মাধ্যমে মাননীয় মাধ্যমিক শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী কল্লোল খান : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রীর কাছে একটি বিষয়ে আবেদন করতে চাই যে, স্ত্রীশিক্ষা বিস্তারের জন্য যিনি বহু আন্দোলন করেছিলেন এবং জনহিতকর বিভিন্ন কাজের মাধ্যমে যিনি আজও চিরস্মরণীয় হয়ে আছেন, যাঁর কবিতা শিশুরা মুখে মুখে আবৃত্তি করে থাকে—'পাখি সব করে রব রাতি পোহাইল'—সেই বিখ্যাত কবি শ্রীমদনমোহন তর্কালংকারের জন্ম হয় নদিয়া জেলার নাকাশিপাড়া ব্লকের বিল্লগ্রামে। সেই প্রবাদপ্রতিম পুরুষ আজও সমাজের মানুষের কাছে বহুদিন ধরে নাকাশিপাড়ার বাসিন্দাদের দাবি এবং নদিয়া জেলাবাসীদের দাবি যে, এই বেথুয়াডিহিরি কলেজের নাম পরিবর্তন করে মহান পুরুষ সেই মদনমোহন তর্কালংকারের নামে এই কলেজের নামকরণ করা হোক। মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রীর কাছে এই দাবি যে, এই বেথুয়াডিহিরি কলেজের নাম পরিবর্তন করে শিক্ষাবিদ এবং সমাজসেবী সেই চিরস্মরণীয় মদনমোহন তর্কালংকার, যিনি আজ থেকে ১৮১ বছর আগে জন্মেছিলেন এবং শিক্ষার প্রসারে আন্দোলনরত ছিলেন তাঁর নামে এই কলেজের নামকরণ করা হোক। ধন্যবাদ।

শ্রী নির্মল দাস : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আজকে রাজ্য সরকারি কর্মচারীরা, প্রায় ৩০ হাজার, তাঁরা রানি রাসমণি রোডে অবস্থান করছেন। তাঁদের দাবি হচ্ছে বিভিন্ন দপ্তরের শূন্যপদ পূরণ করা এবং যে সমস্ত পোষ্যরা চাকরির জন্য আবেদন করেছেন, যাঁরা কর্মরত অবস্থায় মারা গিয়েছেন সেই সমস্ত সরকারি কর্মচারীর পোষ্যেরা যাতে কাজ পায় তার দাবি জানাচ্ছে। কেন্দ্রীয় সরকারের সমহারে রাজ্য সরকার মহার্ঘভাতা দেওয়ার যে প্রতিশ্রুতি দিয়েছিলেন সেই ঘোষণা যাতে বাস্তবায়িত হয় এবং যাতে কেন্দ্রীয় সরকারের হারে মহার্ঘভাতা রাজ্য সরকারি কর্মচারিরা যা পাচ্ছে না সেটা যাতে পায় তার জন্য অর্থমন্ত্রী ঘোষণা করুন, এই দাবি জানাচ্ছি। বন দপ্তর এবং জেল দপ্তরে যারা পুলিশ বাহিনীর মতো কাজ করেন, তাদেরকে পুলিশের মতো র‍্যাশন এবং অন্যান্য সুযোগ-সুবিধা যাতে দেওয়া হয় তার দাবি জানাচ্ছি। উন্নয়নের গতিকে যদি অব্যাহত রাখতে হয় তার জন্য এই সরকারের আরও বেশি জনমুখী হওয়া দরকার এবং প্রশাসনকে আমলা নির্ভর না করে যাতে করে সাধারণ মানুষের স্বপক্ষে থেকে পরিষেবা দেওয়া যায় তার জন্য দাবি জানাচ্ছি। আমাদের অর্থমন্ত্রী ঘোষণা করেছেন যে, বর্তমানে আর্থিক অবস্থা রাজ্যের মোটামুটি ভালো। এই অবস্থায় বহু শূন্য পদ পূরণ করা খুবই জরুরি। বিভিন্ন দপ্তরে লোক নেই, সম্প্রতি যাঁরা অবসর নিয়েছেন তাদের জায়গায় লোক আসেনি। যে সমস্ত পরিবারে কর্মরত অবস্থায়

কর্মচারীরা মারা গিয়েছে তাঁরা খুব কষ্টের মধ্যে আছেন, তাই সেই সমস্ত কর্মচারীর পুত্র বা কন্যা যাঁরা দাবি করেছেন চাকরির জন্য, তাঁরা যাতে চাকরি পান, এই ব্যাপারটা দেখার জন্য আমি বিভাগীয় দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকা ক্যানিং-এ নতুন সাব-ডিভিশন হয়েছে এবং তা হলো প্রায় ১৯ বছর। সেখানকার গ্রামীণ হাসপাতালটি মহকুমা হাসপাতালে রূপান্তরিত হয়েছে। সেখানে ১৪ জন ডাক্তার আছে। ডাক্তারবাবুরা পালা করে দুজন করে আসেন। সেখানে লাইফশেভিং ড্রান কিছুই নেই। আমরা বারবার বলা সত্ত্বেও সেখানে স্বাস্থ্য পরিষেবা ঠিকমত দেওয়া হয় না। গতকাল বাসন্তীতে একজন মারা গেল এবং এই করে এখনও পর্যন্ত মোট ২৫-২৬ জন মারা গিয়েছে চিকিৎসা পরিষেবা না পাওয়ার জন্য এবং অ্যাম্বুলেন্স না থাকার জন্য। সেখানে সাব-ডিভিশনাল মেডিকেল অফিসারের পোষ্টটি এতো বছরেও স্থায়ী হয়নি। ঘুটিয়ারীশরিফ প্রাইমারি হেল্‌থ সেন্টারটি ব্লক প্রাইমারি হেল্‌থ সেন্টার হবার কথা, কিন্তু ঘুটিয়ারিশরিফ প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে আজ ২ বছর ১০টি বেড পড়ে আছে। এখনও সেই হাসপাতালে ইন্ডোর সার্ভিস চালু হল না। তাই এই ব্যাপারে আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে এই প্রাইমারি হেল্‌থ সেন্টারে ইনডোর সার্ভিস চালু হয় এবং সুন্দরবনের বুকে একমাত্র মহকুমা হাসপাতাল ক্যানিং মহকুমা হাসপাতাল সেখানকার যে চিকিৎসা পরিষেবা ভেঙে পড়েছে সেই বিষয়ে যেন ব্যবস্থা নেওয়া হয় এবং অনতিবিলম্বে সেখানে একটি অ্যাম্বুলেন্স পাঠাবার সিদ্ধান্ত নেওয়ার জন্য আমি স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[12.40—12.50 p.m.]

শ্রী রামপদ সামন্ত : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, এখন গ্রামবাংলায় মশার উপদ্রব ভীষণ বেড়ে গিয়েছে। সন্ধ্যার পর মানুষ মশার কামড়ে এত অতিষ্ট হয়ে উঠছে যে, তারা দৈনন্দিন কাজকর্ম এবং ছেলে-মেয়েরা সুষ্ঠুভাবে পড়াশোনা করার জন্য বসতে পারছে না। বিশেষ করে দক্ষিণ বাংলার বেশ কয়েকটি অঞ্চল পিংলা, ময়না, সবং, ডেবরা, খড়গপুর এই জায়গাগুলোতে বোরো চাষ ব্যাপকভাবে হয়েছে। এই সমস্ত জায়গাগুলোতে মশার উপদ্রবও বেড়েছে। তাই মশার বংশ ধ্বংস করার জন্য মশা মারার তেল বা ওই জাতীয় কোনো কিছু দিয়ে মশা মারার ব্যবস্থা নেওয়ার জন্য আমি স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীমতী মঞ্জু বসু : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী তথা পুলিশমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। প্রশ্ন-উত্তর পর্বে মাননীয় মন্ত্রীর সঙ্গে যে বিষয়ের উপর আমাদের তর্ক-বিতর্ক চলল সেই বিষয়ের উপর আমি বলছি। স্যার আপনি জানেন বেশি কিছুদিন ধরে পশ্চিম মেদিনীপুর, বাঁকুড়া, পুরুলিয়া উত্তপ্ত। এর ফলে সাধারণ মানুষ আজকে ভীত সন্ত্রস্ত। মাওবাদীদের হামলার জেরে কাঁটাডি-সহ পুরুলিয়ার

১১টি ফাঁড়ি থেকে রক্ষী এবং অস্ত্র তুলে নিল পুলিশ। এর সঙ্গে সঙ্গে বাঁকুড়া এবং পশ্চিম মেদিনীপুরের বেশ কিছু ফাঁড়ি আপাতত তুলে নেওয়ার কথা ভাবা হচ্ছে। বান্দোয়ানের গার্লস স্কুলে মাওবাদীদের পোস্টার পড়ায় ছাত্রীনিবাস খালি করে দেওয়া হয়। সারেঙ্গায় ব্যাংক ডাকাতির জেরে গ্রামীণ শাখায় অতিরিক্ত টাকা মজুত না রাখার পরামর্শ দেওয়া হচ্ছে। আগ্নেয়াস্ত্র অর্থাৎ গাদা বন্দুকধারী এন.ভি.এফ. কর্মীকে শাসিয়ে বিনা বাধায় ৮টি বন্দুক এবং ২০০ রাউন্ড গুলি লুঠ করে মাওবাদী জিন্দাবাদ স্লোগান দিতে দিতে তারা অযোধ্যা পাহাড়ের দিকে চলে যায়। সেখানে মাওবাদী হামলার প্রতিরোধ করার জন্য আরও উন্নততর এবং শক্তিশালী প্রতিরোধ গড়ে তোলা দরকার। এটা না করে ওই সমস্ত এলাকাগুলো থেকে প্রোটেকশন তুলে দেওয়া হচ্ছে। এর কারণ কী স্যার আমি জানতে চাই। এর অর্থ দাঁড়াচ্ছে, সরকারি পুলিশ মাওবাদীদের কাছে আত্মসমর্পণ করছে এবং পরোক্ষভাবে মাওবাদীদের উৎসাহিত করা হচ্ছে। এর বিরুদ্ধে সোচ্চার হওয়া দরকার। সন্ত্রাসবাদী কার্যকলাপ বন্ধ করতে এই সরকার সম্পূর্ণ ব্যর্থ। রাজ্যবাসীকে এরা গভীর আতঙ্কের দিকে ঠেলে দিচ্ছে। এই মুহূর্তে এই সরকারের গদি আঁকড়ে থাকার কোনো অধিকার নেই। এহেন পুলিশের আচরণের জন্য ধিক্কার জানাচ্ছি।

শ্রীমতী সোনালী গুহ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার বিধানসভা ১১৭ সাতগাছিয়া বিধানসভায় ২টি ব্লক। বজবজ ২ নং ব্লকে ১৯টি অঞ্চল এবং বজবজ ১ নং ব্লকে ৪টি অঞ্চল এবং একটা নোটিফায়েড এরিয়া আছে। গতকাল অমারা বজবজ ২ নং ব্লকের ফুড ইন্সপেক্টরকে ঘেরাও করে রেখেছিলাম। বি.ডি.ও. অফিসে একটা হিসেবে দেখা গিয়েছে প্রায় ২০ হাজার ভুয়ো রেশন কার্ড বজবজ ২নং ব্লকে আছে। স্যার, নর্থ বাওয়ালি গ্রাম পঞ্চায়েতের পপুলেশন ১৮ হাজার ৭৬ জন, সাউথ বাওয়ালি গ্রাম পঞ্চায়েতের পপুলেশন ১২ হাজার ৯৬৩, কাশীপুর-আলমপুরের পপুলেশন ২০ হাজার ৯৩২, গজাপোয়ালির পপুলেশন ১৫ হাজার ১৬৩, ডিরাইপুর গ্রাম পঞ্চায়েতের পপুলেশন ২২ হাজার ৩৩০, সাতগাছিয়া গ্রাম পঞ্চায়েতের পপুলেশন ১৪ হাজার ৬৪৬, চকমানি গ্রাম পঞ্চায়েতের পপুলেশন ১০ হাজার ৮১৬, বুরুল গ্রাম পঞ্চায়েতের পপুলেশন ১৬ হাজার ৬০০, রানিয়া গ্রাম পঞ্চায়েতের পপুলেশন ১১ হাজার ৬৫, কামরা গ্রাম পঞ্চায়েতের পপুলেশন ১১ হাজার ৫৩৩, নস্করপুর গ্রাম পঞ্চায়েতের পপুলেশন ১৯ হাজার ৩৭৪। স্যার টোটাল পপুলেশন হচ্ছে ১ লক্ষ ৭৩ হাজার ৪৬৭ এবং টোটাল রেশন কার্ড হচ্ছে ১ লক্ষ ৯৩ হাজার ৩৬৭টি। মাননীয় খাদ্যমন্ত্রী এখানে নেই। আগে কলিমুদ্দিন সাম্‌স খাদ্যমন্ত্রী ছিলেন। তাঁকে যে কোনো কারণেই হোক সরিয়ে দেওয়া হয়েছে। খাদ্যমন্ত্রী এই সেসানে একদিনও এসেছেন কি না আমার জানা নেই। আমরা যে দাবি বারবার তুলেছি এবং আমাদের নেত্রীও একই দাবি ইলেকশন কমিশনের কাছে পৌঁছে দিয়েছেন যে, ভুয়ো রেশন কার্ড, ভুয়ো আইডেনটিটি কার্ড, ভুয়ো বি.পি.এল. কার্ড, ভুয়ো যতরকম যা আছে সবকিছু দিয়ে এই সরকার টিকে রয়েছে। তার একটা জ্বলন্ত প্রমাণ এখানে দিলাম। আমি সাতগাছিয়ার নির্বাচিত সদস্য। যেখানে গত ২৫ বছর বাংলার মুখ্যমন্ত্রী নির্বাচিত হতেন এই ভুয়ো ভোটারদের দ্বারা।

অবিলম্বে এই ভুয়ো ভোটার কার্ড বাতিল করার জন্য এবং এই অপদার্থ খাদ্যমন্ত্রীর পদত্যাগ চেয়ে, সঙ্গে সঙ্গে সরকারেরও পদত্যাগ চেয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী মন্টুরাম পাখিরা : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। দক্ষিণ ২৪ পরগনা জেলার কাকদ্বীপ একটা গুরুত্বপূর্ণ ব্যবসা কেন্দ্র এবং মহকুমা শহর। শ্রীশ্রী রামকৃষ্ণ গ্রাম পঞ্চায়েত, স্বামী বিবেকোনন্দ গ্রাম পঞ্চায়েত এবং প্রতাপাদিত্য নগর গ্রাম পঞ্চায়েত, এই তিনটি ঘন বসতিপূর্ণ গ্রাম পঞ্চায়েত নিয়ে কাকদ্বীপ মহকুমা শহর গঠিত হয়েছে। পঞ্চায়েতের সামান্য অর্থে এই শহরের রাস্তাঘাট সারানো কিম্বা জলনিকাশি, কিম্বা জঞ্জাল পরিষ্কার করে শহরটিকে পরিষ্কার রাখা সম্ভব নয়। তাই বারেবারে রাজ্যের পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছি যাতে অবিলম্বে কাকদ্বীপকে পৌরসভা বলে ঘোষণা করা হয় এবং কাকদ্বীপ মহকুমা শহরটিকে পরিষ্কার রাখা যায়। দক্ষিণ ২৪ পরগনার পূজালির মতো একটি গন্ডগ্রামকে ১০ বছর আগে যদি পৌরসভা করা যায় তাহলে কাকদ্বীপের মতো একটি গুরুত্বপূর্ণ মহকুমা শহরকে— যেখানে সম্প্রতি ফৌজদারি এবং দেওয়ানি আদালত গঠন করা হয়েছে, সেখানে পরিকাঠামো তৈরি করা হচ্ছে না কেন ? কেন পৌরসভা করা হবে না ? মাননীয় পৌরমন্ত্রীকে এই প্রশ্ন করেছিলাম, তিনি উত্তরে বলেছিলেন, 'এখনও পর্যন্ত সরকার ব্যবস্থা গ্রহণ করতে পারেনি।' অনতিবিলম্বে কাকদ্বীপ পৌরসভা গঠনের দাবি জানাচ্ছি মাননীয় মন্ত্রীর কাছে।

শ্রী শীতলকুমার সর্দার : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় পরিবহন মন্ত্রী এখানে আছেন, তাঁকে বলছি আমাদের সারেঙ্গাপুর থেকে বিদ্যাসাগর সেতু হয়ে, ধর্মতলা হয়ে গড়িয়া পর্যন্ত একটা সি.টি.সি. বাস যেন চালানো হয়। ওই অঞ্চলের তিন-চারটে গ্রামের মানুষ সরাসরি কলকাতায় আসতে পারে না। ওই অঞ্চলের জনসাধারণের স্বার্থে মাননীয় পরিবহন মন্ত্রী বলেছেন আগামী এক সপ্তাহের মধ্যেই এই কাজটা করবেন। সেই জন্য তাঁকে ধন্যবাদ জানাচ্ছি।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : স্যার, পশ্চিমবাংলার বিভিন্ন কলেজে ছাত্র সংসদের নির্বাচনকে কেন্দ্র করে যেভাবে ছাত্রদের মধ্যে সংঘর্ষ হচ্ছে তা খুবই উদ্বেগজনক ঘটনা। বিভিন্ন জায়গায় ভালো ভালো কলেজ, যেসব কলেজগুলোকে নিয়ে আমরা গর্ব অনুভব করি, সেইসব কলেজগুলোতে দেখা যাচ্ছে ছাত্র সংসদের নির্বাচনকে কেন্দ্র করে ব্যাপকভাবে মারামারি হচ্ছে, ছাত্র-ছাত্রীরা আহত হচ্ছে। কিছুদিন আগে প্রেসিডেন্সী কলেজে গন্ডগোল হয়েছে আপনি জানেন। শিবপুর ইঞ্জিনিয়ারিং কলেজে ব্যাপক সংঘর্ষ হয়েছে, ছাত্রদের হস্টেল ছেড়ে চলে যেতে বলা হয়েছে। এস.এস.কে.এম. হাসপাতালের দু-দল ছাত্রদের মধ্যে ব্যাপক মারামারি হয়েছে। যোগমায়া দেবী কলেজে ছাত্রীদের মধ্যে গন্ডগোল হয়েছে, সেখানে দীর্ঘদিন ডি.এস.ও. ইউনিয়ন আছে, এস.এফ.আই. জোর করে সেখানে ঢুকবে তাই গন্ডগোল করছে। ছাত্রীদের মাথাও ফেটে গেছে সেখানে। রানাঘাট কলেজেও ব্যাপক মারামারি হচ্ছে। দেখা যাচ্ছে সব ক্ষেত্রেই এস.এফ.আই.-এর ছাত্ররা যুক্ত আছে।

শিবপুর ইঞ্জিনিয়ারিং কলেজ, রানাঘাট কলেজ, এস.এস.কে.এম. হাসপাতাল, যোগামায়া দেবী কলেজ, সব ক্ষেত্রেই একটা পক্ষে থাকছে এস.এফ.আই. আর অপরপক্ষে অন্যান্য ইউনিয়ন আছে। পশ্চিমবাংলার বাইরে আমাদের সম্বন্ধে ভালো ধারণা নেই। শিল্প নিয়ে অনেক আলোচনা হয়েছে, শিক্ষা নিয়ে অনেক আলোচনা হয়েছে। আমাদের রাজ্যের ছাত্র-ছাত্রীরা অন্যান্য রাজ্যে চলে যাচ্ছে। দক্ষিণ ভারতে যাবার একটা ট্রেন্ড আছেই। পশ্চিম ভারতেও যাচ্ছে। এই অবস্থা যদি চলতে থাকে তাহলে আগামী দিনে ভালো ছাত্ররা আর এখানকার ভালো কলেজে ভর্তি হবে না।

[12.50—1.00 p.m.]

এটা অত্যন্ত উদ্বেগজনক ঘটনা। এই সমস্যা সমাধানের চেষ্টা মাননীয় মুখ্যমন্ত্রী যেন করেন, এই আবেদন আমি তার কাছে রাখছি। সব কলেজের ক্ষেত্রে এমন কোনো সিদ্ধান্ত গ্রহণ করুন, যাতে করে এই রকম ব্যবস্থা এড়িয়ে যাওয়া যায়। এইকটি কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সৌগত রায় : স্যার, প্রেসিডেন্সী কলেজের অটোনমী বা স্বাধিকার স্বায়ত্তশাসন নিয়ে গত কয়েকদিন ধরে রাজ্যের মুখ্যমন্ত্রী এবং তার মন্ত্রীদের বক্তৃতা নিয়ে বিভ্রান্তির সৃষ্টি হয়েছে। আমরা যারা প্রেসিডেন্সী কলেজে পড়তাম তারা শুধু নয়, বাংলার শিক্ষানুরাগী মানুষও দীর্ঘদিন ধরে চাইছেন প্রেসিডেন্সী কলেজকে একটা উৎকর্ষ কেন্দ্রে পরিণত করা হোক বা সেন্টার অফ এক্সেলেন্স-এর জন্য তাকে স্বায়ত্তশাসন দেওয়ার দরকার আছে। এই দাবি ১৯৭০-এর দশক থেকে ছাত্র পরিষদ করে আসছে। পরিবর্তীকালে শিক্ষানুরাগী মানুষও এই দাবি করেছে। 'ন্যাক', ন্যাশানাল অ্যাক্রিডাইটেশন কাউন্সিল প্রেসিডেন্সী কলেজকে স্বায়ত্তশাসন দেওয়ার দরকার আছে এই কথা বলে গেছেন। এর মধ্যে সেন্ট জেভিয়ার্স কলেজকে স্বায়ত্তশাসন দেওয়া হয়েছে। এই ব্যাপারে আমি প্রথমে উচ্চশিক্ষামন্ত্রী সত্যসাধনবাবুকে জিজ্ঞাসা করেছিলাম। সত্যসাধনবাবু নানা ঘুরিয়ে পেঁচিয়ে আমাকে বললেন যে, শিক্ষকরা বাধা দিচ্ছেন। তারপর মুখ্যমন্ত্রী সেদিন প্রেসিডেন্সী কলেজের স্বায়ত্তশাসন নিয়ে বলতে গিয়ে বললেন যে, উনি ওঁর লেভেলে পারেননি। কিন্তু আমি আমার লেভেলে করব। আবার দেখছি সি.পি.এম. পার্টির রাজ্য সম্পাদক বলেছেন যে, প্রেসিডেন্সী কলেজকে স্বায়ত্তশাসন দেওয়া যাবে না। কারণ একে স্বায়ত্তশাসন দেওয়ার ব্যাপারে কলকাতা ইউনির্ভাসিটির আপত্তি আছে। এটা দেরি হচ্ছে, কারণ প্রেসিডেন্সী কলেজ কলকাতার ইউনির্ভাসিটির বাইরে চলে গেলে ভালো ছাত্ররা আর তাদের হাতে থাকবে না। নিয়ন্ত্রণটা কলকাতা ইউনির্ভাসিটির হাত থেকে চলে যাবে। আর রাজ্য সরকার মনে করছে যে, প্রেসিডেন্সী কলেজকে যদি স্বায়ত্তশানস দেওয়া হয় তাহলে এই কলেজের উপর রাজ্য সরকার আর খবরদারি করতে পারবে না। স্যার, এই কয়েক বছরের বামফ্রন্ট-এর সময়কালে এই কলেজটিকে ওরা একটা দ্বিতীয় শ্রেণীর কলেজে পরিণত করার চেষ্টা করছে। বদলি নীতি চালু করে প্রেসিডেন্সী কলেজের ভালো ভালো টিচারদের বিভিন্ন জায়গায় বদলি করা হয়েছে। যেমন—সুকান্ত চৌধুরীর মতো অধ্যাপক প্রেসিডেন্সী কলেজ

ছেড়ে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের চলে গেছেন। আবার সি.পি.এম. পার্টির রাজ্য সম্পাদক যখন বলেছেন সময় লাগবে তখন এই ব্যাপারটাতে ভাঁটা পড়ে যাচ্ছে। তাই আমি এই হাউসে দাবি করছি যে, মুখ্যমন্ত্রী যে কথা এই হাউসে বলেছেন সেটা যাতে অবিলম্বে কার্যকরী হয়, সেই ব্যাপারে উদ্যোগ গ্রহণ করুন। স্যার এর ফলে প্রেসিডেন্সী কলেজ কলকাতা বিশ্ববিদ্যালয়ের নাগপাশ থেকে মুক্ত হয়ে নিজের মহিমায় মহিমান্বিত হবে। এর ফলে ভালো ছাত্ররা উপকৃত হবে।

শ্রী অশোক দেব : স্যার, আজকে কাগজে দেখতে পাচ্ছি যে, শিবপুর বি.ই. ইঞ্জিনিয়ারিং কলেজ, যোগামায়া কলেজ এবং বারাসতের বিভিন্ন কলেজে ছাত্র সংসদের নির্বাচনকে কেন্দ্র করে প্রচণ্ড গন্ডগোল হচ্ছে। এটা কোনো নতুন ঘটনা নয়। দীর্ঘদিন ধরে চলে আসছে। এমন পর্যায়ে গন্ডগোল শুরু হয়েছে, ছাত্র-ছাত্রীদের আহত হয়ে হাসপাতালে যেতে হয়েছে এর আগেই মাননীয় উচ্চশিক্ষামন্ত্রী সত্যসাধনবাবু বলেছিলেন যে, অবিলম্বে একটা কাঠামো তৈরি করে এই ব্যাপরে দেখতে বলা হয়েছে। বি.ই. কলেজের ক্লাস সাসপেন্ড করা হয়েছে। হোস্টেল ভেকেড করতে বলা হয়েছে। কেউ থাকতে পারছে না। আজকে ওখানে বিরাট উৎসব। এই উৎসবে ছাত্র-ছাত্রীরা পার্টিসিপেট করতে পারছে না। এটা আমাদের কাছে খুবই কষ্টকর ব্যাপার। ছাত্র পরিষদ করার সময় আমরাও নির্বাচন করেছি। কিন্তু এই ধরনের ঘটনা ঘটেনি। এর ফলে ওই সমস্ত কলেজে প্রচন্ড অসন্তোষের সৃষ্টি হচ্ছে।

শ্রীমতী শান্তা ছেত্রী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে ফায়ার সার্ভিস বিভাগের ভারপ্রাপ্ত মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র কার্শিয়াং-এ ফায়ার বিগ্রেডের বিল্ডিংটা ১৯৯৬ সালে কমপ্লিট হয়ে উদ্‌বোধন হয়েছিল। কিন্তু সেই সময় থেকে ওই ফায়ার বিগ্রেড বিল্ডিং-এর আন্ডার গ্রাউন্ড রিজারভারটা ডিফাংট অবস্থায় রয়েছে, জল থাকে না। ১৯৯৬ সাল থেকে কার্শিয়াং-এ বহুবার আগুন লেগেছে। ফায়ার সার্ভিসের এমপ্লয়িরা মিউনিসিপ্যালিটির নিজস্ব কালেকশন থেকে জল নিয়ে আগুন নেভান। এ ব্যাপারে আমি মহাকরণে ফায়ার সার্ভিস দপ্তরের ভারপ্রাপ্ত মাননীয় মন্ত্রী মহাশয়ের সঙ্গে দেখা করে তাঁকে অনুরোধ করেছি এবং আজকে আবার হাউসে আমি বলছি—যাতে সেখানে অবিলম্বে অলটারনেটিভ রিজারভার বা অলটারনেটিভ কোনো ব্যবস্থা করা হয় তার জন্য আমি দাবি জানাচ্ছি।

ZERO HOUR

শ্রী অসিত মিত্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এর আগে আমি বহুবার বলেছি এবং আজকে আবারও বলছি যে, আজও সংবাদপত্রে বেরিয়েছে যে, অত্যাবশ্যকীয় খাদ্য সরবরাহ নিগমের যে দুর্নীতি সেই দুর্নীতি আকাশছোঁয়া হয়ে যাচ্ছে এবং এমন একটা জায়গায় দুর্নীতি এসে পৌঁছেছে যে, তার বিরুদ্ধে প্রতিবাদ করার কোনো ভাষা আমাদের থাকলেও বামফ্রন্ট সরকারের মুখ্যমন্ত্রী অথবা তার অন্য কোনো দপ্তর বা খাদ্য দপ্তরের কারোর নেই। আমার

একটা গান মনে পড়ছে— সেই গানটি হচ্ছে, 'ভগবান নিদ্রা গিয়েছেন'। স্যার, এদের চোখ নেই, নাক নেই, কান নেই, হাত নেই, পা নেই। কেঁচো নামে একটা জীব আছে। এরা কি সেই জায়গায় পৌঁছে গেছে ? মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে দাবি করছি যে, অবিলম্বে এ ব্যাপারে সি.বি.আই. এনকোয়ারি করা হোক। এই ২৬৬ কোটি টাকার দুর্নীতির মূলে কারা আছেন ? কোনো মন্ত্রী, কোনো অফিসার, কোনো রাজনৈতিক নেতা এর মূলে আছেন সেটা জনসমক্ষে প্রকাশ করার জন্য আবেদন জানাচ্ছি। অবিলম্বে এ ব্যাপারে ব্যবস্থা নেওয়ার জন্য দাবি জানাচ্ছি। এ ব্যাপারে আপনি কিছু বলুন।

শ্রীমতী শান্তা ছেত্রী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমাদের দার্জিলিং হিল এরিয়ায় ফায়ার সার্ভিস ডিপার্টমেন্ট, পি.ডব্লু.ডি. ডিপার্টমেন্ট এ রকম আরও কতগুলো ডিপার্টমেন্ট আছে। এই সমস্ত ডিপার্টমেন্টের ডিপার্টমেন্টাল পরীক্ষার জন্য এমপ্লয়ি এবং আধিকারিকদের কলতাকায় এসে পরীক্ষা দিতে হয়। এইসব ডিপার্টমেন্টাল পরীক্ষার কোশ্চেন বাংলা ভাষায় হয় এবং উত্তরও দিতে হয় বাংলা ভাষায়। এটা খুবই কষ্টকর ব্যাপার। সে জন্য আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি অকার্ষণ করে বলতে চাই যে, যেসব এমপ্লয়ি এবং আধিকারিকরা এইসব ডিপার্টমেন্টাল পরীক্ষা দিতে চান তাঁদের জন্য যেন গোর্খা ভাষা বা নেপালী ভাষায় কোশ্চেন করা হয় এবং সেইসব কোশ্চেনের উত্তরও তাঁরা যেন গোর্খা ভাষা বা নেপালী ভাষায় যাতে দিতে পারেন তার ব্যবস্থা করার জন্য আমি দাবি জানাচ্ছি। ধন্যবাদ।

শ্রীমতী সোনালী গুহ : স্যার, আমি আমার সাবজেক্টটা চেঞ্জ করছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এখানে শিক্ষা বিভাগের একজন মাননীয় মন্ত্রী বসে আছেন। শুনলাম সামনের বিধানসভার নির্বাচনে তিনি টিকিট পাচ্ছেন না। কারণ শিক্ষাক্ষেত্রে ২৯ বছরে বামফ্রন্ট সরকারের পিছিয়ে যাওয়াটা অনেকটা মিনিবাসের মতো, আর এগিয়ে নিয়ে যাওয়ার যে লক্ষণ সেটা মোটামুটি এস.এফ.আই. কলেজে কলেজে করে বেড়াচ্ছে। 'শিবপুর ইঞ্জিনিয়ারিং কলেজে গতকাল নির্বাচনের জন্য মনোনয়নপত্র জমা দেওয়াকে কেন্দ্র করে একজন ছাত্র আহত হয়। তাকে সরকারি হাসপাতালে ভর্তি করা হয়েছে। ২/৩ দিন আগে যোগামায়া দেবী কলেজে যেখানে এস.ইউ.সি.আই. ছাত্র সংগঠন পরিচালনা করে,

[1.00—1.10 p.m.]

সেখানে মনোনয়পত্র জমা দেওয়াকে কেন্দ্র করে এস.এফ.আই. বহিরাগতদের এনে গুন্ডামি করছে। পি.জি. হাসপাতালের মতো যে মেডিকেল কলেজ সেখানে এস.এফ.আই. নিজেদের অপদার্থতা ঢাকবার জন্য বহিরাগত গুন্ডাদের এনে অসামাজিক কাজকর্ম চালানোর চেষ্টা করছে। আমরা আগে জানতাম ছাত্রানাং অধ্যয়নং তপ:, কিন্তু এখন এস.এফ.আই.-এর ক্ষেত্রে এটা হয়ে গেছে গুন্ডানাং অধ্যায়নং তপ:। স্যার, মাননীয় আবাসনমন্ত্রী গৌতম দেব এখানে বসে আছেন, যখন ওঁনারা এস.এফ.আই. করতেন তখন আমরা ছোট ছিলাম এবং

কলেজে পড়তাম। তখন একটা মনোনয়নপত্র জমা দিতে গেলে এস.এফ.আই. বাধা দিত, কিন্তু সেটা কখনই এমন জায়গায় যেত না যে তাকে হাসপাতালে যেতো হত। মাননীয় মুখ্যমন্ত্রী বুদ্ধদেববাবু এখানে ছিলেন, কিন্তু মাননীয় শিক্ষামন্ত্রীরা ছিলেন না বলে অ্যাডর্জনমেন্ট মোশন পড়ার পরে আমরা ওঁনার বিবৃতি দাবি করেছিলাম কিন্তু উনি সেটা সুকৌশলে এড়িয়ে গেলেন। আজকে পলিটব্যুরোর সদস্যরা সিদ্ধান্ত নিয়েছেন ৪ জন শিক্ষামন্ত্রীকে টিকিট দেবেন না, কারণ পশ্চিমবাংলার শিক্ষাকে তাঁরা এগিয়ে নিয়ে যেতে পারছেন না। যেখানে যেখানে এস.এফ.আই. ছাত্র সংসদে ক্ষমতায় নেই সেখানে তারা ক্ষমতা দখল করার জন্য অরাজকতা সৃষ্টি করছে। অবিলম্বে শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে সুস্থ শিক্ষার পরিবেশ ফিরিয়ে আনার জন্য এবং সেখানে অধ্যাপকদের তাঁদের প্রাপ্য সম্মান দেওয়ার জন্য এবং ছাত্রছাত্রীদের পঠন-পাঠন শুরু করার জন্য আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এখানে কোন শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করব জানি না, এখানে নন্দরানীদি আছেন, উনি হয়তো টিকিট পাবেন, বাট নট ইয়েট বীন ফাইনালাইজড। তাই আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

ডাঃ আশিস ব্যানার্জী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমার রামপুরহাট বিধানসভা কেন্দ্রের একটা উন্নয়নের দাবি জানাচ্ছি। বিষয়টা শিক্ষা ক্ষেত্রের। আমার রামপুরহাট বিধানসভা কেন্দ্রে মল্লারপুর নামে যে জায়গা আছে সেখানে দীর্ঘদিন ধরে আমরা একটা দাবি জানিয়ে আসছি একটা বি.এড. কলেজ স্থাপন করার জন্য। তাহলে বীরভূম জেলার প্রত্যন্ত এলাকার বহু মানুষ, বহু ছাত্র-ছাত্রী বহু শিক্ষক-শিক্ষিকা, তাঁরা উপকৃত হবেন। আমি আপনার মাধ্যমে অনুরোধ করছি সেখানে একটা বি.এড. কলেজ স্থাপন করে সেখানকার ছাত্রছাত্রীদের দীর্ঘদিনের আশা পূরণ করে শিক্ষা ব্যবস্থার ক্ষেত্রে এক উজ্জ্বল দৃষ্টান্ত স্থাপন করুন। সেখানে একটা বি.এড. কলেজ স্থাপন করে প্রত্যন্ত জায়গার মানুষদের মধ্যে শিক্ষার আলো পৌঁছে দেওয়ার ব্যবস্থা করুন।

শ্রীমতী রত্না দে নাগ : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, হুগুলি জেলার শ্রীরামপুরে বহু ক্রীড়ামোদী মানুষের এবং শ্রীরামপুর সাব-ডিভিশনাল স্পোর্টস অ্যাসোসিয়েশনের উদ্যোগে অনেক বছর আগে একটা স্টেডিয়াম প্রতিষ্ঠিত হয়েছিল। বহু ক্রীড়াবিদ এবং স্থানীয় ক্রীড়ামোদীর স্মৃতি এই স্টেডিয়ামের সঙ্গে জড়িত আছে। কিন্তু ইদানীংকালে এই স্টেডিয়ামের অবস্থা অত্যন্ত সঙ্কটজনক। আমি আপনার মাধ্যমে মাননীয় ক্রীড়ামন্ত্রীকে জানাতে চাই যদি এই স্টেডিয়মটির উন্নতিসাধনে করা যায় তাহলে শুধু শ্রীরামপুর মহকুমার নয় সমগ্র জেলার স্বার্থ দেখা হবে। আমি আপনার মাধ্যমে মাননীয় ক্রীড়ামন্ত্রীকে অনুরোধ করব এই অনেক বছরের স্টেডিয়ামটির উন্নতি সাধনের জন্য আন্তরিকতার সঙ্গে প্রয়াসী হন।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই বিধানসভার মাননীয় মন্ত্রিবৃন্দ যাঁরা উপস্থিত আছেন তাঁদের সকলের দৃষ্টি আকর্ষণ করছি। বাঁকুড়া জেলার বিকনাতে এফ.সি.আই. মর্ডান রাইস মিলের যে গোডাউন চালাচ্ছেন এবং তার সংলগ্ন যে সাইডিং বাঁকুড়া রেলওয়ে স্টেশনের কাছে সেখানে প্রায় ৫৫০ জন শ্রমজীবী

মানুষ এর সঙ্গে যুক্ত, তারা সেখানে লোডং-আনলোডিং-এর কাজ করে থাকে। পরবর্তীকালে আমরা দেখতে পাচ্ছি এফ.সি.আই.-এর যে ডিস্ট্রিক্ট ম্যানেজার তিনি বাঁকুড়ায় নতুন গেছেন এবং সেখানে তিনি কোনো কাজ করছেন না। সেখানে দীর্ঘদিন ধরে ওই গোডাউনটি বন্ধ হয়ে পড়ে আছে এবং সেখানে চাল, গম যা ওঠা-নামা করত তা করছে না, ফলে মর্ডান রাইস মিল থেকে সরকারের যে লেভি আদায় হত তা বন্ধ হয়ে গেছে।

খাদ্য দপ্তরের যে সংগ্রহ সেটাও বন্ধ হয়ে গেছে। এখন দেখা যাচ্ছে বিভিন্ন সময়ে যে উন্নয়নমূলক পরিকল্পনা আছে, মিড ডে মিল থেকে আরম্ভ করে, সেখানে শিশু বিকাশ প্রকল্প থেকে আরম্ভ করে, সেখানে অন্নদয় অন্নযোজনা থেকে আরম্ভ করে, অন্নপূর্ণা অন্নযোজনা থেকে আরম্ভ করে ফুড ফর ওয়ার্ক বাঁকুড়া জেলায় যেটা চালু হয়েছে ১০টি এলাকায়, সেখানে এই সরবরাহ বন্ধ হয়ে গেছে। বিষ্ণুপর থেকে আদ্রার গোডাউন সেখান থেকে খাদ্য আনতে হচ্ছে, তার জন্য যে কস্ট, সেটা সরকারকে বিয়ার করতে হচ্ছে। ডিস্ট্রিক্ট কন্ট্রোলার এই ব্যাপারে কতটা ভূমিকা নিচ্ছে আমি জানি না। এই ব্যাপরে শাসক, এস.ডি.ও.-কে বলা হয়েছে। এই ব্যাপারে এফ.সি.আই.-এর ডি.এম.-কে বলা হয়েছে। এই ব্যাপারে কলকাতার জোনাল অফিসের এস.আর.এম.-কে বলা হয়েছে। কিন্তু কোনো ব্যবস্থা হচ্ছে না। একজন শ্রমিক মারা গিয়েছে। সেই পরিপ্রেক্ষিতে এই সাড়ে পাঁচশো শ্রমিক দীর্ঘদিন ধরে কাজ পাচ্ছে না ; তাদের বকেয়া টাকা পাচ্ছে না। সেই ব্যাপারে আমি দৃষ্টি আকর্ষণ করছি, আপনি ব্যবস্থা গ্রহণ করুন।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : স্যার, আমার সাবজেক্টটা চেঞ্জ করছি। আমাদের রাজ্যের মাননীয় মন্ত্রী এসে গিয়েছেন হঠাৎ করে আমার সাবজেক্টটা ছিল—উনি ইনফর্মেশন টেকনোলজির মিনিস্টার, উনি অনেক কথা বলেন, আমি আপনার মাধ্যমে যে কথাটা এখানে বলতে চাইছি, রাজ্যে বিভিন্ন কল সেন্টারে যারা চাকরি করেন, সম্ভবত সারা ভারতবর্ষের মধ্যে যত কল সেন্টার আছে, তার মধ্যে আমাদের রাজ্যে যারা চাকরি করে তারা কম মাহিনা পান। এখানে গতকাল মুখ্যমন্ত্রী হিসাব দিলেন যে ৭০ হাজার লোকের ৫ বছরে চাকরি হয়েছে। ব্যাঙ্গালোরে যারা চাকরি করে তারা ৮/৯ হাজার টাকা পান, এখানে পশ্চিমবাংলায় কল সেন্টারে যারা চাকরি করেন তারা সাড়ে তিন থেকে ৪ হাজার টাকা পান এবং বি.পি.ও. যা আছে, সেখানে যারা চাকরি করছেন, এইসব জায়গায়, আমাদের মুখ্যমন্ত্রী বলেছেন, ইউনিয়ন করার দরকার নেই। কিন্তু তাদের কমপ্লিটলি হায়ার অ্যান্ড ফায়ার সিস্টেমে চাকরি। অর্থাৎ যে কোনো সময়ে তাদের মালিক চাকরি থেকে বহিষ্কার করতে পারে, আবার বহালও করতে পারে। আদারস যে সামাজিক সুরক্ষা, পি.এফ., গ্র্যাচুইটি সেইগুলি তারা পাচ্ছে না। এই যে ভয়াবহ পরিস্থিতি চলছে রাজ্যে, যারা শিক্ষিত যুবক তারা যে পরিস্থিতির মধ্যে চাকরি করছে, তাদের যে সামাজিক সুরক্ষা, তার উপর যে সামাজিক শ্রম আইন, এই পরিপ্রেক্ষিতে বলি, আগামী দিনে বামফ্রন্টের পক্ষ থেকে যা বলা হচ্ছে, কেন্দ্রীয় সরকার যে বিল আনছেন, লেবার ল, সেখানে একটা প্রস্তাব আনছে নন-অফিসিয়াল ডে তে দিল্লিতে যে শ্রম আইন রয়েছে সেই ব্যাপারে নতুন করে

বামফ্রন্ট বলছে। কিন্তু আমাদের রাজ্যে যাঁরা চাকরি করছেন তাঁরা সেই সুযোগ পাচ্ছে না। সোসাল সিকিউরিটি যেগুলি আছে সেইগুলি পাচ্ছে না। সেইগুলির প্রটেকশন কে দেবে ? মাননীয় মন্ত্রী মহাশয় এখানে রয়েছেন বিষয়টি জানালাম। আমাদের কাছে বহু ছেলে আসে, তাদের কোনো এমপ্লয়মেন্ট প্রটেকশন নেই, তাদের সোসাল সিকিউরিটি নেই, এই পরিস্থিতিতে পশ্চিমবাংলার ছেলেরা কল সেন্টারে চাকরি করছে।

শ্রীমতী মঞ্জু বসু : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর যে অপদার্থতা তার প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টা হচ্ছে—সংসদের পাঠ্যসূচি সংশোধনে দেরি। ছাত্ররা বিপাকে। উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদ-এর বিদ্যালয়ে প্রধান শিক্ষক ও ছাত্রদের হয়রান করছে। একাদশ শ্রেণির পাঠ্যসূচি সংশোধন বিষয়ক নির্দেশ বহু স্কুলেই অনেক দেরিতে পেয়েছে। এই অভিযোগ তুলেছে স্যাগাসিয়াস টিচার্স অ্যান্ড এমপ্লয়িজ অ্যাসোসিয়েশন (স্কুল)। সংগঠনের সাধারণ সম্পাদক দেবব্রত মুখোপাধ্যায় বলেছেন, যেসব ছাত্র-ছাত্রী ৭ মার্চ একাদশ শ্রেণির বার্ষিক পরীক্ষায় বসবে তাদের পাঠ্যসূচির সংশোধন করা হয়েছে বেশ দেরিতে। এর অর্ডার নম্বর—এল/সেক্রে-১১৪(এ)/২০০৫ তারিখ ২.১২.২০০৫। যা বিদ্যালয় কর্তৃপক্ষ হাতে পেয়েছেন ১১ ফেব্রুয়ারি ২০০৬।

[1.10—1.20 p.m.]

এরপর এই সংশোধিত পাঠ্যসূচি ছাত্রদের জানানো হচ্ছে। ফলে ছাত্র-ছাত্রীরা সমস্যায় পড়ছে। এইভাবে ছাত্রদের শিক্ষাগত বিষয় নিয়ে সংসদের হঠকারি সিদ্ধান্তে সমস্যায় পড়ছেন শিক্ষকরাও। তিনি আরও বলেন একাদশ শ্রেণির বার্ষিক পরীক্ষার রুটিন যা করা হয়েছে তাতে শিক্ষণ দিবস নষ্ট হচ্ছে। একাদশ শ্রেণির পরীক্ষা ও তার ফল প্রকাশের পর দ্বাদশ শ্রেণির ক্লাস শুরু হওয়া পর্যন্ত কিছুদিন তাদের অপেক্ষা করতে হবে। আজকে শিক্ষা বিভাগে একটা খেলা চলছে। ছাত্রদেরকে আজকে গিনিপিগের মতো ব্যবহার করা হচ্ছে। এই অবস্থা আর কতদিন চলবে। এই অবস্থা বন্ধ হওয়া দরকার। শিক্ষা দপ্তরের এই ব্যর্থতার শাস্তি আজকে শিক্ষামন্ত্রী মহাশয়রা পেতে চলেছেন, আগামীদিনে তাঁরা হয়তো নির্বাচনের টিকিট পাবেন না। সারা রাজ্যে শিক্ষা ব্যবস্থায় যে ঘুণ ধরে গেছে। তাই আমি এই সরকারের পদত্যাগ দাবি করছি।

শ্রী নির্মল দাস : স্যার, রাজ্য সরকারের পক্ষ থেকে মাননীয় মুখ্যমন্ত্রী এবং অর্থমন্ত্রী বলেছেন রাজ্যের আর্থিক অবস্থা কিছুটা ভালো হয়েছে। সেই অবস্থা উন্নয়নের সম্পূরক এবং পরিপূরক। রাজ্যে বিভিন্ন উন্নয়ন পর্ষদ যেগুলি আছে তাদের বরাদ্দ বাড়ানোর জন্য আমি অনুরোধ করছি। আন্তর্জাতিক বর্ডার রেখায় অবস্থিত জয়গাঁওতে একটা মিউনিসিপ্যালিটি করার কথা ছিল এবং মাননীয় মন্ত্রিমহাশয় বহুদিন ধরেই বলছেন এটা করা হবে। কিন্তু আজও পর্যন্ত তা করা হল না। আজকে রাণী রাসমনি রোডে জয়েন্ট কাউন্সিল অফ স্টেট গভর্নমেন্ট এমপ্লয়িজ ইউনিয়ন তারাও দাবি করছেন অর্থ বরাদ্দ বাড়িয়ে পরিষেবা নিশ্চিত করার জন্য এবং সুষ্ঠুভাবে রাজ্য প্রশাসন যাতে পরিচালিত হয় সেটা দেখা দরকার। আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারের কাছে দাবি করছি উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদের জন্য আরও অর্থ বরাদ্দ করা হোক।

শ্রী সৌগত রায় : স্যার, আমি আপনার মাধ্যমে কলকাতার একটি কলেজের অচলাবস্থার প্রতি এই হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। এর আগেও আমি বলেছি বি.ই. কলেজে ছাত্র সংঘর্ষে কলেজ বন্ধ হয়েছে। কলকাতার যোগমায়াদেবী কলেজ একটা নামকরা কলেজ, সেখানে অধ্যক্ষা নিয়োগ নিয়ে বহুদিন ধরেই গণ্ডগোল চলছিল। অধ্যক্ষা নিয়োগ নিয়ে গভর্নিং বডির সঙ্গে একটা গণ্ডগোল হয়েছিল, তারপর হাইকোর্ট ওনাকে রি-ইনস্টেট করতে বলে। এইসব নিয়ে একটা গণ্ডগোল কিছুদিন আগে চলছিল। ছাত্রী সংসদের নির্বাচনকে কেন্দ্র করে কলেজে আবার অশান্তি শুরু হয়েছে এবং এই নির্বাচনকে কেন্দ্র করে এস.এফ.আই. কলেজে ঢুকে গেছে। ওই কলেজে ছাত্রী সংসদ দীর্ঘদিন ধরে পরিচালনা করছে এ.আই.ডি.এস.ও.। কিন্তু গত দু'দিন ধরে এস.এফ.আই সদস্যেরা কলেজের মধ্যে ঢুকে পড়ছে। অধ্যক্ষা নিজে বাঁচবার জন্য এস.এফ.আইকে সমর্থন করছে এবং আপাতত সেখানে নির্বাচন স্থগিত রাখা হয়েছে। এই অবস্থা সেখানে চলছে। মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রিমহাশয় কিছুই করেন না তার শাস্তি, তিনি পেতে চলেছেন।

মিঃ স্পীকার : শান্তা ছেত্রী আপনি প্রেস কনফারেন্সটা হলের বাইরে গিয়ে করলে ভালো হয়। কোনো মেম্বার গ্যালারির লোকের সঙ্গে কথা বলতে পারে না, এটা নিয়ম নেই।

শ্রী অশোক দেব : মিঃ স্পীকার স্যার, রাজ্যে নির্বাচন যতই এগিয়ে আসছে রাজ্য সরকারের ও মন্ত্রীদের উদ্‌বোধনের পালা ততই বেড়ে চলেছে। গতকাল কাগজে দেখলাম দশ লক্ষ লোককে চাকরি দেওয়া হবে বলেছেন। এখানে পাঁচ, ছয়জন মন্ত্রী বসে আছেন, তাদের এলাকায় বোধহয় আর কেউ বেকার নেই। আপনাদের এই ঊনত্রিশ বছরে আপনারা কত লোককে চাকরি দিয়েছেন, আর কত লোকের চাকরি খেয়েছেন তার হিসাব নেই। আবার দশ লক্ষ লোককে চাকরি দেবার মিথ্যা প্রতিশ্রুতি দিচ্ছেন। এইভাবে বেকারদের সেন্টিমেন্টে আপনারা সুড়সুড়ি দিচ্ছেন। রেওলার এই জিনিস আপনারা করে চলেছেন এবং এই ধরনের কথা রোজই বলছেন। এই সমস্ত কাজগুলো নির্বাচনের দু'বছর আগে করলেই তো পারতেন। নির্বাচন আসার সঙ্গে সঙ্গে কোটি কোটি টাকা খরচ করে আপনারা বলছেন আমরা এই করব, সেই করব। এইভাবে জনগণের অর্থ অপচয় করা ঠিক নয়। এইগুলো বন্ধ হওয়া দরকার। যদি বন্ধ না হয় তাহলে নির্বাচন কমিশনকে আমরা জানাতে বাধ্য হবো।

শ্রী নাজমুল হক : স্যার, আমি মাননীয় বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এন.টি.পি.সি.-র গাফিলতির জন্য খড়গপুর গ্রামীণ বিধানসভা ক্ষেত্রে বিদ্যুৎবিহীন গ্রাম গুলির বিদ্যুতায়নের কাজ করা যাচ্ছে না। বিগত সেশনে আমরা যখন বিদ্যুৎ দপ্তরের বাজেট পেশ করেছিলাম সেই সময়ে বাজেট বইতে উল্লেখ করা হয়েছিল, এন.টি.পি.সি.-র মাধ্যমে খড়গপুরে ২২৫টি গ্রামে বিদ্যুতায়ন করা হবে এবং এর জন্য প্রয়োজনীয় টাকা বরাদ্দ করা হয়েছিল জেলা পরিষদে। কিন্তু দুর্ভাগ্যজনক বিষয় হল, ওই ২২৫টি গ্রামের

মধ্যে এ পর্যন্ত ৩০ শতাংশ গ্রামে সমীক্ষার কাজ হয়েছে। খুঁটিও পড়েনি, কবে কাজ হবে জানি না। ইতিমধ্যে মেদিনীপুরের জেলাশাসক এন.টি.পি.সি.-র লোকেদের সঙ্গে বসেছেন এবং আমাদেরও ডেকে কথা বলেছেন। কিন্তু ৩০ শতাংশের বেশি গ্রামে সার্ভে কমপ্লিট করতে পারেনি। তাই সংশ্লিষ্ট মন্ত্রীর কাছে নিবেদন করছি, তিনি যেন এই বিষয়ে দৃষ্টি দেন এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেন। ধন্যবাদ।

শ্রী শীতলকুমার সর্দার : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে কয়েকটি কথা বলতে চাই। গতকাল সাঁকরাইলের কান্দুয়া অঞ্চলে ফুড-পার্ক উদ্‌বোধন করতে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় গিয়েছিলেন। তাঁর সঙ্গে ছিলেন শ্রমমন্ত্রী এবং শৈলেন সরকার মহাশয়ও। আমার বক্তব্য হচ্ছে, উদ্‌বোধন করুন, শিল্পায়ন হোক-এতে আমাদের কোনো আপত্তি নেই। কিন্তু তিনি যে 'সুধারস' নামে ফুড-পার্কের উদ্‌বোধন করে এলেন, সেখানে একবারও মুখে বললেন না, কত বেকার ছেলের মুখে হাসি ফোটাবেন ? একবারও বললেন না, কত বেকার ছেলের কর্মসংস্থান হবে ? একবারও বললেন না কত শতাংশ অসংগঠিত শ্রমিক চাকরি পাবে এবং সেই সমস্ত শ্রমিকদের ন্যূনতম মজুরি কত হবে ? এর আগে ফ্রিটোলে যেটা তৈরি হয়েছে সেখানে মাননীয় মুখ্যমন্ত্রী উদ্‌বোধন করতে গিয়েছিলেন। এখন সেখানে ৪০ টাকা থেকে ৫০ টাকা রোজ দিচ্ছে। সরকার নির্ধারিত মজুরি দিচ্ছে না। সেই জন্য বলছি, আর কতদিন লোককে ভাঁওতা দিয়ে চালাবেন ?

LEGISLATION

The West Bengal Trees (Protection and Conservation in Non-Forest Areas) Bill, 2006

Shri Jogesh Chandra Barman : Sir I beg to introduce the West Bengal Trees (Protection and Conservation in Non-Forest Areas) Bill, 2006

...(Secretary then read the Title of the Bill)...

Mr. Speaker : Hon'ble Members, in terms of the provision of rule 310ZG(4) (iv) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly I refer the Bill to the Standing Committee on Environment, Forest and Tourism. The Committee will present its report on the Bill within the current Session of the Assembly.

The East Kolkata Wetlands (Conservation and Management) Bill, 2006.

[1.20—1.25 p.m.]

শ্রী মানবেন্দ্র মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, পূর্ব কলকাতা জলাভূমি (সংরক্ষণ ও ব্যবস্থাপন) বিধেয়ক, ২০০৬ আমি বিধানসভার বিবেচনার জন্য উত্থাপন করছি।

Mr. Speaker : আপনি যেটা পড়লেন সেটা দ্য ট্রানস্লেটেড ভার্সন অফ দ্য বিল যদি কোনো স্টেট ল্যাঙ্গুয়েজ পড়তে হয়, তাহলে তার হিন্দি ট্রানস্লেশন দিতে হবে। দ্যাট ইজ দ্যা প্রসিডিওর। মনে রাখবেন এ ক্ষেত্রে সাংবিধানিক দিক দিয়ে একটা অসুবিধা আছে। সে জন্য এটা ইংরাজিতে পড়তে হয়।

Shri Manabendra Mukherjee : Sir, I beg to introduce the East Kolkata Wetlands (Conservation and Management) Bill, 2006 and to place a Statement as required under Rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

The wetland in general is of great ecological significance for human life. It acts as regulator of water regime, source for underground water recharging, mechanism for waste water treatment, air quality purifier and store of water for fire fighting. However, of late, there is an increasing pressure on land for human settlement due to urbanization, leading to filling up of the wetlands and East Kolkata Wetlands has no exception.

The East Kolkata Wetlands, situated in the eastern fringe of the city of Kolkata was declared as a Ramsar Site in 2002, in consonance with the Convention on Wetlands held in Ramsar, Iran, in 1971, to which India was a signatory. The said East Kolkata Wetlands is a unique example of usage of the sewage water of the city for the purpose of pisciculture and farming. The shallow waste water fish ponds within the East Kolkata Wetlands behave like. "Oxidation Pond". These ponds reduce the bacterial load substantially before it is discharged into the Kulti outfall. This is in fact an inexpensive method of treatment of the city sewage. The need for the conservation and management of the East Kolkata Wetlands area, which is under wide use, cannot therefore, be overemphasized.

Considering all these aspects, it has been felt, necessary and expedient to provide for conservation and management of the East Kolkata Wetlands and for matters connected therewith and incidental thereto.

As the West Bengal Legislative Assembly was not in session, and as it was necessary to take immediate action in the matter, an Ordinance, namely the East Kolkata Wetlands (Conservation and Management) Ordinance, 2005 (West Bengal Ord. VII of 2005) was promulgated.

(Secretary then read the title of the Bill)

Shri Sobhandeb Chattopadhyay : মাননীয় অধ্যক্ষ মহোদয়, এটি একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিল। এই বিলটিকে যদি সিলেক্ট কমিটিতে পাঠানো হয় তাহলে আমরা আমাদের মতামত দিতে পারি। তাই আমার নিবেদন এই বিলটি স্ট্যান্ডিং কমিটিতে না পাঠিয়ে সিলেক্ট কমিটিতে পাঠানো হোক। তাহলে সমস্ত বিষয়টি নিয়ে আলোচনা করা যাবে এবং প্রত্যেকে তাঁদের সাজেশন দিতে পারবেন।

Mr. Speaker : আপনি কি বলতে চান স্ট্যান্ডিং কমিটির মেম্বাররা যোগ্য নন ? স্ট্যান্ডিং কমিটিতে আমরা রুল অ্যামেন্ডমেন্ট করলাম। সিলেক্ট কমিটিতে এটা করা মানে রুলটাকে ও নর্মকে ভায়োলেট করা—All Bills coming in this House will come to the respective standing committee. Standing Committees have been formed to review the Bills. Why do you change that position ?

শ্রী অসিত মিত্র : স্যার, আমিও একই কথা বলছি। বিলটি সিলেক্ট কমিটিতে পাঠানো হলে আমরা ক্লজ বাই ক্লজ আলোচনা করতে পারি এবং তারপর রিপোর্ট হাউসে দিতে পারি। এ ব্যাপারে আমাদের অ্যামেন্ডমেন্ট থাকলে সেগুলো জানাতে পারি। কারণ কো-অপারেটিভ বিলের ব্যাপারে আমরা খুবই সাকসেসফুলি আলোচনা করেছিলাম এবং আমাদের অ্যামেন্ডমেন্টও দিয়েছিলাম। নাউ ইট ইজ রেডি ফর দ্য অ্যাপ্রুভাল অফ দিস হাউস। তাই এই বিলটিকেও আমরা সিলেক্ট কমিটিতে পাঠানোর জন্য অনুরোধ করছি।

Mr. Speaker : No, No. That question does not arise because the standing committees have been set up, they have been formed to deal with the concerned departmentwise matters including Bills coming in this House. Why do you take that power away from them ? It is not fair.

Now, Hon'ble Members, in terms of provisions of rule 310ZG(4)(iv) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, I refer the Bill to the Standing Committee on Environment, Forest and Tourism. The Committee will present its report on the Bill by the 10th March, 2006.

Adjournment

The House was then adjourned at 1.25 p.m. till 10 a.m. on Friday, the 17th February, 2006 at Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Friday, the 17th February, 2006 at 11.00 a.m.

P R E S E N T

Mr. Speaker (SHRI HASHIM ABDUL HALIM) in the Chair, 10 Ministers, 04 Ministers of State and 140 Members.

[10.00—10.10 a.m.]

ADJOURNMENT MOTION

Mr. Speaker : Today, I have received one notice of Adjournment Motion from Srimati Sonali Guha, Shri Jyoti Priya Mallick and Shri Kallol Khan on the subject of reported murder of a bus-driver at Ekbalpore in South Kolkata on 16.02.2006. The subject matter of the motion is not such that may call for adjournment of the business of the House. Members may invite attention of the concerned Ministers through Calling Attention, Mention, etc. I, therefore, withhold my consent to the Motion. One Member of the party may, however, read the text of the motion as amended.

শ্রীমতী সোনালী গুহ : জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতবি রাখছেন। বিষয়টি হল—

গতকাল একবালপুরে চেতন সিং-এর গ্যারেজে একজন বাসচালক ইকবালকে কয়েকজন দুষ্কৃতি খুন করে এবং তার সঙ্গী মহঃ আজিজকেও মারাত্মকভাবে জখম করে। ওই ঘটনা জানাজানি হয়ে যাবার পরে থানায় ফোন করলে পুলিশ অনেক দেরিতে ঘটনাস্থলে আসে। স্বাভাবিকভাবেই ক্ষিপ্ত জনতার সঙ্গে পুলিশের সংঘর্ষ শুরু হয়। পুলিশ লাঠি চার্জ করে ও কয়েক রাউন্ড কাঁদানে গ্যাস ছোঁড়ে। দীর্ঘদিন ধরে গ্যারেজে অসামাজিক কাজকর্ম চলছিল। এর আগে পুলিশকে জানিয়েও কোনো কাজ হয়নি। নির্বাচিত জনপ্রতিনিধি থেকে শুরু করে সাধারণ মানুষ সকলেই পুলিশকে জানিয়েছেন যে প্রশাসনের সদর্থক ভূমিকার অভাবে এই ধরনের ঘটনা ঘটেছে।

CALLING ATTENTION

Mr. Speaker : Today I have received two notices of Calling Attention on the following subjects, namely : (1) Strike by

junior doctors in the Government hospitals and situation arisen therefrom : Shri Kashinath Misra, Shri Kallol Khan, Shri Manturam Pakhira and Shri Bankim Chandra Hazra. (2) Industrial policy of the State Government : Shri Nirmal Das.

I have selected the notice of Shri Kashinath Misra and others on the subject of strike by junior doctors in the Government hospitals and situation arisen therefrom. The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

Shri Rabin Deb : on 21st February, Sir.

Mr. Speaker : Now, I call upon the Minister-in-Charge of the Public Works Department to make a statement on the subject of reported cave in NH 6 at Bally in Howrah district. (Attention called by Shri Saugata Roy on 13th February 2006).

শ্রী অমর চৌধুরী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, জাতীয় সড়ক নং ৬-এর ১৯ কিমিতে ০৮.০২.০৬ তারিখে মধ্য রাত্রিতে স্বর্ণ চতুর্ভুজ প্রকল্পের ১১০ মিটার অংশে ধস নামে। ওই অংশটি "জয়পুর বিল" অধ্যুষিত।

সড়কটি ৪-৫ মিটার বসে গিয়েছে। দুটি ট্রাক উল্টে গিয়েছে। কোনো জীবনহানি বা অন্য আঘাতের ঘটনা ঘটেনি। ০৯.০২.০৬ তারিখ থেকে যানবাহন চলাচলের গতিপথ পাশের পূর্বতন উড়াল সেতু দিয়ে চালু করা হয়েছে।

পূর্ত (সড়ক) বিভাগের প্রধান সচিব এন.এইচ.এ.আই. কর্তৃপক্ষের সঙ্গে দ্রুত যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানান। এন.এইচ.এ.আই.-এর স্থানীয় কর্তৃপক্ষ ০৯.০২.০৬ তারিখে উল্লিখিত স্থানে যান ও পরবর্তীতে ১১.০২.০৬ তারিখে প্রজেক্ট ডিরেক্টর ও প্রধান কর্মাধ্যক্ষ ওই স্থল পরিদর্শন করেন।

বিষয়টি অনুসন্ধানের জন্য এন.এইচ.এ.আই. কর্তৃপক্ষ বিশেষজ্ঞদের নিয়ে একটি কমিটি ১০.০২.০৬ তারিখে গঠন করেছে। দুইজন সদস্য বিশিষ্ট ওই কমিটির শ্রী সি. সি. ভট্টাচার্যকে চেয়ারম্যান, অবসরপ্রাপ্ত ডিরেক্টর জেনারেল, ভূতল পরিবহন ও শ্রী দেবাশিস রায়, প্রযুক্তিবিদ আই. আই. টি. খড়গপুর, ১২.০২.০৬ তারিখে ওই স্থানটি পরিদর্শন করেছেন এবং আগামী ১০ দিনের মধ্যে তাঁরা একটি প্রাথমিক প্রতিবেদন জমা দেবেন। রাজ্যের পূর্ত (সড়ক) বিভাগের মুখ্য বাস্তুকার (জাতীয় সড়ক শাখা) ১৩.০২.০৬ তারিখে ওই স্থান পরিদর্শন ও এন.এইচ.এ.আই. কর্তৃপক্ষের সাথে আলোচনা করেন।

ইতিমধ্যে, যানবাহন পূর্বতন পুরনো সেতুটি দিয়ে চলাচল শুরু করেছে এবং ওই সেতুটির প্রয়োজনীয় মেরামতির কাজ শুরু করা হয়েছে।

পরিবর্তিত রাস্তায় যানবাহন চলাচল সুষ্ঠুভাবেই করছে। ধ্বসপ্রাপ্ত স্থানের মেরামতির কাজ অনুসন্ধান কমিটির থেকে সামগ্রিক প্রতিবেদন পাওয়ার পরেই শুরু করা হবে।

পূর্ত (সড়ক) বিভাগ এই বিষয়ে এন.এইচ.এ.আই. কর্তৃপক্ষের সাথে প্রতিনিয়ত যোগাযোগ রক্ষা করে চলেছে।

শ্রী সৌগত রায় : স্যার, এই এন.এইচ.এ.আই.-তে যে ১১০ মিটার ধস নেমেছে এবং পুরো একটা ব্রিজ শুদ্ধু বসে গেছে, আমি এতে গভীর উদ্বেগ প্রকাশ করছি। এই এন.এইচ.এ. আই.-এর কাজটা আর.বি.এম.-কে (মালেয়েশিয়ার কোম্পানি) ওরা দিয়েছিল। মালয়েশিয়ার কোম্পানি কাজটা করছিল। আমরা খুব আশান্বিত ছিলাম। অটলবিহারী বাজপেয়ী এই সোনালী চতুর্ভুজ কাজটা শুরু করেন, পশ্চিমবঙ্গে এই ছোটো স্টেজটাই বাকি ছিল। আর বাকিটা তো সম্পূর্ণ হয়ে গেছে—খড়গপুর এবং আসানসোল ও ধানবাদ পর্যন্ত। কিন্তু সড়কে ধস নামার ফলে লোকের মনে গভীর উদ্বেগ সৃষ্টি হয়েছে। এটা হওয়ার ফলে এন.এইচ.এ.আই.—সোনালী চতুর্ভুজের বাকি কাজটা কবে সম্পূর্ণ হবে, সেই ব্যাপারে একটা অনিশ্চয়তা দেখা দিয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয় এটা আমরা জানি একটা সেন্ট্রাল গভর্নমেন্টের সংগঠন এই ন্যাশনাল হাইওয়ে অথরিটির কাজটা করছে, যেটা মিনিস্ট্রি অফ সার্ফেস ট্রান্সপোর্ট দেখাশোনা করেন। আমার মনে হয়, যেহেতু এটা রাজ্যের মধ্যের সড়ক, সেহেতু পি. ডব্লু. ডি. বিভাগের উপর তদারকি থাকা দরকার। পি.ডব্লু.ডি.-র তদারকি না থাকলে স্থানীয় অনেক জায়গায় গণ্ডগোল হয়, তার ফলে এটা মেটাতে হয় সাধারণ লোককে। যেমন—দুর্গাপুর এক্সপ্রেস ওয়েতে আন্ডার পাস করার জন্য অবরোধ করা হয়েছিল। এই ধরনের নানারকম সমস্যার সৃষ্টি হয়। মাননীয় মন্ত্রী মহাশয়, এই যে কতকগুলো জায়গায় গণ্ডগোল হয়েছে সেই ব্যাপারে পি. ডব্লু. ডি.-র ইঞ্জিনিয়ার বা এন.এইচ.এ.আই.-এর কাছে কোনো খবর ছিল কিনা ? এই ধস নামার খবরটা পেয়ে পি.ডব্লু.ডি. কি এন.এইচ.এ.আই.-এর সঙ্গে আলোচনা করেছে ? যাতে এই ধরনের বিপজ্জনক কাজ না হয়, এই নিয়ে কোনো আলোচনা করেছেন ? আমি নিজেই কাল কোনা এক্সপ্রেসের যে ফ্লাই ওভার হয়েছে, সেখানে গিয়েছিলাম। কাল মন্ত্রীও বাগনানে গিয়েছিলেন।

..... (ভয়েজ) .....

যে কথা মাননীয় সদস্য পদ্মনিধি বাবুও বলছেন—এই যে জিনিসগুলো তৈরি হচ্ছে এবং বারবার ভেঙে পড়ছে, যদি হাই স্পিডে গাড়ি যায় সেই সময় ভেঙে পড়ে, তাহলে তো বিপদ হয়ে যাবে। এই ধরনের ঘটনা যাতে ভবিষ্যতে না হয়, সেই ব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয় কি ব্যবস্থা গ্রহণ করছেন ?

শ্রী অমর চৌধুরী : আমি মাননীয় সদস্যদের উদ্বেগের সাথে সহমত প্রকাশ করছি। এন.এইচ.এ.আই. সেন্ট্রাল গভর্নমেন্টের যে অথরিটি—সেই জানিয়েছে পূর্ববর্তী যখন এন.ডি.এ. সরকার ছিল, তাদের দ্বারাই এই আর.বি.এম. কন্ট্রাক্টর মালয়েশিয়ার কোম্পানি কাজটা পায় এবং তারাই কাজটা শুরু করে। এই ব্যাপারে আমি মাননীয় সদস্যদের সঙ্গে একমত যে, এন.এইচ.এ.আই., সেন্ট্রাল গভর্নমেন্টের কোনো অথরিটি যদি কোনো রাজ্যে কাজ করে, সেটা সেই

রাজ্যের ইঞ্জিনিয়ার আমাদের পূর্ত সড়ক বিভাগের সঙ্গে যোগাযোগ রক্ষা করে কাজ করা উচিত বলে আমি মনে করি।

[10.10—10.20 p.m.]

কিন্তু দুঃখের বিষয়, এন.এইচ.এ.আই. সেই কাজ করে না। তারা, তাদের অথরিটি সম্পূর্ণ ভাবে ইনডিপেন্ডেন্টলি কোনো যোগাযোগ না রেখে কাজ করেন। তাদের সঙ্গে যোগাযোগ রক্ষা করার ক্ষেত্রে আমাদের খুবই অসুবিধা হয়। কারণ তাদের রাজ্যে এ.সি. র‍্যাঙ্কের লোক ছাড়া ইনফ্রাস্ট্রাকচার কিছু নেই। আমরা তাদের সাথে যোগাযোগ করি। কিন্তু তারা আমাদের সঙ্গে কোনো যোগাযোগ রাখে না। আপনি বলেছেন, অন্যান্য জায়গায় যে সমস্ত কাজ হচ্ছে, এত হাই এমব্যাংকমেন্ট সহ যেসব রাস্তা হয়েছে, লোকাল যে সমস্যা আছে, সেসব আমাদের শুনতে হয় এবং আমাদের বলতে হয়। সুতরাং এই ভাবে কাজ চলতে পারে না। আমি এই কথা বলতে চাই, এন.এইচ.এ.আই. আমাদের সঙ্গে যোগাযোগ রেখে, পি.ডবলু.ডি.-র যে সড়ক বিভাগ আছে, আমাদের সঙ্গে যোগাযোগ রেখে কাজ করলে আমরা গাইড করতে পারি। আমরা ভালভাবে গাইড করতে পারি। কারণ এতদিন আমরাই মেনটেন করে আসছিলাম। জয়পুর বিলের কাছে ঘটনাটা ঘটেছে, তবে ব্রিজের কোনো ক্ষতি হয়নি। ব্রিজটা যেখানে শেষ হয়েছে, তার পরে রাস্তাটা যেখানে ধসে গেছে, ওখানে মাটি বসে যাওয়ার একটা প্রবণতা আছে। মাটি যথাযথভাবে টেস্ট করে স্কিমটা করা হয়েছে কিনা, সেটা আমরা দেখছি। এই ক্ষেত্রে আপনারা জানেন, তারা আমাদের যে রিপোর্ট দিয়েছে তাতে বলেছে যে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের বিশেষজ্ঞকে দিয়ে মাটি পরীক্ষা করেছে। যে এক্সপার্ট কমিটি হয়েছে তাতে পি.ডবলু.ডি.'র, আমাদের রাজ্যের কোনো প্রতিনিধি থাকছে না। আপনাদের অবগতির জন্য জানাচ্ছি আমার যে ধারণা, আপনাদের সঙ্গে সহমত পোষণ করে বলছি, রাজ্য পূর্ত সড়ক বিভাগের সঙ্গে যোগাযোগ রেখে কাজ করলে ভাল হত। তাতে আমাদের অভিজ্ঞতা এক্সচেঞ্জ করতে পারতাম। সেই সুযোগ আমরা পাইনি। যে ধস নেমেছে, ওখানে একটা স্লিপ, একটা ফেলিওর হয়েছে। প্রায় কুড়ি ফুট বা ছ-মিটার উচ্চ এমব্যাঙ্কমেন্ট যেটা আছে, তার নীচের মাটি খারাপ থাকার জন্য চাপটা নিতে পারেনি। এটাই মোটামুটি টেকনিক্যাল অবজার্ভেশন, তারা যে গার্ড ওয়াল দিয়েছে, সেই গার্ডওয়ালের নীচে যে দেওয়াল দিয়েছে, তার নীচ দিয়ে মাটি সরে সরে নয়ানজুলিতে চলে গিয়েছে। এই হচ্ছে অবস্থা। এই ব্যাপারে আপনাদের সাথে আমরাও উদ্বিগ্ন। ভবিষ্যতে যাতে এই রকম ঘটনা না ঘটে, রাজ্য সরকারের সঙ্গে যোগাযোগ রেখে কাজ করতে হবে। এই ব্যাপারে আপনাদের সঙ্গে উদ্বেগ প্রকাশ করা ছাড়া এই মুহূর্তে আর কিছু করার আছে বলে আমি মনে করি না।

PRESENTATION OF COMMITTEE REPORT

Presentation of the Seventieth Report of the Committee on Public Undertakings (2005-2006)

Shri Asit Mitra : Sir, with your permission I beg to present the Seventieth Report of the Committee on Public Undertakings

(2005-2006) based on the Audit Para No. 4A.2.1 of the Report of the Comptroller and Auditor General of India (Commercial) for the year 2000-2001 relating to the Durgapur Projects Limited (Company) under Power Department, Government of West Bengal.

Presentation of the Thirteenth Report of the Standing Committee on Food and Supplies, Food Processing and Horticulture, Co-operation and Consumer Affairs, (2005-2006)

Shri Shiba Prasad Malick : Sir, I beg to present the Thirteenth Report of the Standing Committee on Food and Supplies, Food Processing and Horticulture, Co-operation and Consumer Affairs (2005-2006) on The West Bengal Co-operative Societies (Amendment) Bill, 2005.

GOVERNMENT BUSINESS

LAYING OF REPORTS

Annual Statement of Accounts along with Audit Report of West Bengal Power Development Corporation Limited for the year 2004-2005

Shri Prabodh Chandra Sinha : Sir, with your kind permission, I beg to lay the Annual Statement of Accounts along with Audit Report of the West Bengal Power Development Corporation Limited for the year 2004-2005.

Annual Statement of Accounts along with Audit Report of The New Town Electric Supply Company Limited for the year 2004-2005

Shri Prabodh Chandra Sinha : Sir, with your kind permission, I beg to lay the Annual Statement of Accounts along with Audit Report of the New Town Electric Supply Company Limited for the year 2004-2005.

Annual Accounts along with Annual Report of The West Bengal Rural Energy Development Corporation Limited for the year 2001-2002

Shri Prabodh Chandra Sinha : Sir, with your kind permission, I beg to lay the Annual Accounts along with Annual Report of

the West Bengal Rural Energy Development Corporation Limited for the year 2001-2002.

Annual Statement of Accounts together with Audit Report of West Bengal State Electricity Board for the year 2004-2005

Shri Prabodh Chandra Sinha : Sir, with your kind permission, I beg to lay the Annual Statement of Accounts together with Audit Report of West Bengal State Electricity Board for the year 2004-2005.

DISCUSSION ON THE MOTIONS UNDER RULE 185

Shri Rabin Deb : Sir, I beg to move that this House notes with grave concern,—

that the Union Government is surrendering before the Imperialist countries on important external matters including India's stand on atomic power programme of Iran in the meeting of the International Atomic Energy Agency at the will of big powers of the world ;

that in spite of announcement by the Iran to co-operate with International Atomic Energy Agency the Imperialists of the world are trying to capture Iran as they did with Iraq ;

that the Imperialist Forces of the world are also interfering in the Research and Development work on atomic power of our country uninterruptedly ; and

that the present role of Union Government is a severe departure from the declared non-alignment policy of the country and also is against the opinion of Indian people and in contravention of Common Minimum Programme of United Progressive Alliance.

This House also notes,—

that not only the people of Iran but also the people of Third World countries are much worried and shocked to see the role of our country on the issue of Iran, which has no programme of producing atomic weapon ;

that the leader of the Imperialist countries is the owner of largest atomic weapons and they abused atomic weapons several times on different countries ; and

that Imperialist Forces are not active when the countries loyal to them make atomic weapons.

This House, therefore, urges upon the Union Government through the State Government to revise its present external policy and to decide the issue on Iran through full-fledged discussion in the Parliament of the country.

স্যার, মোশান ১৮৫-এ ইরান সম্পর্কে আমাদের ভারত সরকারের দীর্ঘদিনের যে ঘোষিত লক্ষ্য, সেই স্বাধীন পররাষ্ট্র নীতি থেকে সরে আসার বিরুদ্ধে আমরা লোকসভায় এ সম্পর্কে পুঙ্খানুপুঙ্খ আলোচনার দাবিতে এই মোশান এখানে আলোচনার জন্য উপস্থিত করছি। আমি আমার বক্তব্য পরে বলব।

[10.20—10.25 p.m.]

শ্রী পঙ্কজ ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, বিধানসভার কার্যধারা মোতাবেক ১৮৫ রুল অনুযায়ী বিধানসভার সদস্য, সরকার পক্ষের মুখ্য সচেতক যে প্রস্তাব এনেছেন তা আপনি যদি পড়ে দেখেন তাহলে দেখবেন যে দ্বিচারিতা কোন্ ক্ষেত্র পর্যন্ত গিয়ে, রাজনৈতিক ক্ষেত্রেও আত্মপ্রকাশ করেছে। মাননীয় রবীনবাবু সহ যাঁরা এই প্রস্তাব এনেছেন সি.পি.এম.-এর তরফ থেকে তাঁরা হলেন সি.পি.এম.-এর ৪ জন, সি.পি.আই.-এর ১ জন, আর.এস.পি.-র ১ জন, ডি.এস.পি.-র ১ জন, ফরোয়ার্ড ব্লকের ১ জন এবং মার্কসবাদী ফরোয়ার্ড ব্লকের ১ জন অর্থাৎ সামগ্রিকভাবে বামফ্রন্টের সমস্ত শরিক রাজনৈতিক দলের যে প্রতিনিধিবৃন্দ আছেন সেই প্রত্যেক রাজনৈতিক দলের পক্ষ থেকে এই প্রস্তাব আনা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয় কেন্দ্রে একটা সরকার চলছে, যে সরকার একটা সংখ্যালঘু সরকার, মাইনরিটি গভর্নমেন্ট এবং সেই সরকারকে কেন্দ্রে ক্ষমতায় রেখেছে এই তথাকথিত বামপন্থী দলের নির্বাচিত সাংসদবৃন্দ। দিল্লিতে ক্ষমতার অলিন্দে থাকার জন্য আজকে তারা কংগ্রেসকে সমর্থন করছে। কমিউনিস্ট পার্টি অবিভক্ত অবস্থায়, সৃষ্টির দিন থেকে এবং পরে বিভিন্নভাবে, বিভিন্ন কারণে, বিভিন্ন অবস্থায়, বিভিন্ন নামে বিভিন্ন ইস্যুকে তুলে ধরে, বিভিন্ন তথ্যকে তুলে ধরে যারা লাগাতার গত ৫০ বছর ধরে কংগ্রেসের শ্রাদ্ধ করে গেছে, কংগ্রেসের রাজনীতি, অর্থনীতি, শ্রেণি নীতি, দর্শন সম্পর্কে যাঁরা মানুষকে বিপথে চালিত করে ক্ষমতার অলিন্দে যাওয়ার চেষ্টা করে তারা আজকে কংগ্রেসকে ক্ষমতায় রেখে, ক্ষমতার অলিন্দে থেকে ভারতবর্ষের রাজনীতিকে দখল করার চেষ্টা করছে। সৃষ্টির পরে ৭০ বছর কাজ করার পরও ভারতবর্ষের মধ্যে পশ্চিমবাংলা এবং পশ্চিমবাংলার আট ভাগের এক ভাগ ত্রিপুরা ও কখনও কখনও দক্ষিণ ভারতের কেরালা, এই আড়াইটা মতো রাজ্যে এঁদের আধিপত্য কম-বেশি এঁরা প্রতিষ্ঠিত করতে পেরেছে। ভারতবর্ষ এদের কাছে অধরা রয়ে গেছে। ভারতবর্ষের পশ্চিমাঞ্চল, ভারতবর্ষের উত্তরাঞ্চল, ভারতবর্ষের মধ্যাঞ্চলে কমিউনিস্ট পার্টি যে কোনো রঙেই হোক বর্ণেই হোক কমিউনিস্ট (আই) হোক, কমিউনিস্ট (এম) হোক কিংবা কমিউনিস্ট (এম.এল্.) তারা কেউই সেখানে ভারতবর্ষের মানুষের কাছে নিজেদের আদ্রিত করতে

পারেননি, গ্রহণযোগ্যতা আনতে পারেননি। কাজেই কেন্দ্রে একটি সংখ্যালঘু সরকার ক্ষমতায় যাবার চেষ্টা করেছিল শ্রীমতী সোনিয়া গাঁধীর নেতৃত্বে তখন কমিউনিস্ট পার্টি তথাকথিত বামপন্থী নেতারা এই সুযোগের সদ্ব্যবহার করলেন। যদি ক্ষমতার কেন্দ্রবিন্দুতে থেকে, যদি অলিন্দে থেকে, যদি প্রশাসনকে কব্জা করা যায়, কেন্দ্রীয় সরকারকে কব্জা করা যায়, যেটা কিনা এই পশ্চিমবঙ্গে তারা করেছেন সেই কারণেই এরা কেন্দ্রীয় সরকারকে সমর্থন দিয়েছেন, মদত দিয়েছেন। কোনো ক্ষেত্রেই এই ইউ.পি.এ. উল্টোপাল্টা যে অ্যাসোসিয়েশান, এই উল্টোপাল্টা অ্যাসোসিয়েশানের না আছে কোনো গতি, না আছে বিধি না আছে কোনো লক্ষ্য। এই যে কমন মিনিমাম প্রোগ্রাম করেছেন—এই কমন মিনিমাম প্রোগ্রামের ভিত্তিতেই সরকার চলবে, কিন্তু এদের কি কমন মিনিমাম প্রোগ্রাম আমরা জানি না। আজকে কেন্দ্রীয় সরকারের প্রধানমন্ত্রী পরিষ্কারভাবে আমাদের দেশটাকে আমেরিকান সাম্রাজ্যবাদের পাশে নিজে দাঁড় করিয়ে দিয়েছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন ইন্টারন্যাশনাল অ্যাটোমিক এনার্জি এজেন্সি যেটা আছে, তা নিয়ে সেদিনও আলোচনা হয় এবং এই পরিপ্রেক্ষিতে আলোচনার জন্য সংশোধনী দাবিতে ভোটও পেয়েছিলেন। ভারত সরকারের প্রতিনিধি এই ইন্টারন্যাশনাল অ্যাটোমিক এনার্জি এজেন্সিতে তিনি উপস্থিত থেকে সাম্রাজ্যবাদের পক্ষে তার মতামত প্রকাশ করেছিলেন। আমরা সেদিন স্তম্ভিত হয়ে গেছিলাম তার কারণ ভারতবর্ষে চিরদিনই আমরা গোষ্ঠী নিরপেক্ষ রাজনীতির ধারক-বাহক। আমাদের ভারতবর্ষের প্রথম প্রধানমন্ত্রী পণ্ডিত জওহরলাল নেহরু, তিনি বিশ্বের মানুষের কাছে না আমেরিকান লবির কাছে, না রাশিয়ান লবির কাছে মাথা নত করেছেন। তিনি বলেছিলেন আমরা নিজেদের স্বাধিকারে, নিজেদের অধিকারের জোরে তৃতীয় দুনিয়া তৈরি করব। আমরা সেখানে কোনো বড়ো ক্ষমতাসম্পন্ন রাষ্ট্রের কাছে মাথা নত করব না। আমরা সেখানে অন্যান্য উন্নয়নশীল রাষ্ট্রগুলো বিশেষ করে ডেভলপিং কান্ট্রিগুলোকে নিয়ে একটা মধ্যপন্থা নিয়েছিলাম, একটা নিরপেক্ষ রাজনীতির পন্থা পালন করে এসেছি। সেখানে এই প্রথম ভারত সরকার তার নিজের রাজনৈতিক দর্শন থেকে সরে গিয়ে তারা আমেরিকান সাম্রাজ্যবাদী শক্তির কাছে নিজেদের বিকিয়ে দেওয়ার যা যা চেষ্টা করেছেন সেটা অত্যন্ত নিন্দনীয়। এই শরিক দল তথাকথিত বামপন্থীরা রাজনৈতিক দল তারা এই সরকারকে বাধ্য করাতে পারেননি, অথচ কথায় কথায় তারা গোঁসা করেন, ঝগড়া করেন। এই কমন মিনিমাম প্রোগ্রাম নিয়ে যখন আলোচনা হয় কো-অর্ডিনেশান কমিটিতে, তাতে কখনো কখনো অংশগ্রহণ করেন কিন্তু ফিস ফিস করে ওদেরকে বলে আসেন—স্যার, আমরা আপনাদেরকে সমর্থন করি কিন্তু নিজেদের চেহারা বজায় রাখার জন্য বাইরে গিয়ে একটু নাটক করব একটু অঙ্গভঙ্গি করব, আপনারা কিছু মনে করবেন না। তার ফলে আমরা দেখতে পাচ্ছি ঘরের ভেতরে তারা সেখানে মদত নিচ্ছে, পার্লামেন্টে মদত দিয়ে আসছে। আজকে কেন্দ্রের সরকার দেড় বছরের উপরে চলছে। সেখানে কিন্তু এই বামফ্রন্ট সরকার কোথাও পার্লামেন্টের ভেতরে সরকারের এই মানসিকতার বিরুদ্ধে রুখে দাঁড়াননি। তারা সেখানে তাদের মতামতও ব্যক্ত করেননি। কেন্দ্রের এই যে আমেরিকান ঘেঁষানীতি, সাম্রাজ্যবাদী ঘেঁষানীতি, সেই ব্যাপারে আপনারা তো কোনো কথা তাদেরকে বলেননি। অথচ আপনি দেখেছেন এন.ডি.এ. সরকার যখন ছিল তখন আমেরিকা যখন ইরানকে আক্রমণ

করেছিল, তখন দ্ব্যর্থহীন ভাষায় সেদিন কিন্তু ওই সরকার এগিয়ে এসে ইরানের পাশে এসে দাঁড়িয়েছিল। তাঁরা সাম্রাজ্যবাদী আমেরিকার এই আক্রমণকে নিন্দা করেছিলেন। এমনকি সেদিন ভারতবর্ষের সেনাবাহিনীর সাহায্য চেয়েছিল আক্রমণকারী দেশগুলো, সেদিন বৃটেন, ফ্রান্স, আমেরিকা চাপ দিয়েছিল, কিন্তু তদানীন্তন কেন্দ্রীয় সরকারের প্রধানমন্ত্রী অটল বিহারী বাজপেয়ী, তিনি সেদিন সাম্রাজ্যবাদী দুনিয়ার কাছে মাথা নিচু করেননি। স্বভাবতই আক্রান্ত রাষ্ট্র ইরানের পাশে দাঁড়িয়ে তাকে সমর্থন করেছিলেন। আজকে বামপন্থীদের অধঃপতন ঘটেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে এই মোশান এনে বিপ্লবীয়ানা বজায় রাখার চেষ্টা করছেন, কোথায় ওদের তো বাধ্য করতে পারেননি, কেন্দ্রীয় সরকারকে তো বাধ্য করতে পারেননি। কেন্দ্রীয় সরকারের তো জীবনকাঠি এই বামপন্থী দল, কেন্দ্রীয় সরকার তো এককভাবে সরকার চালাতে পারবে না। কেন্দ্রীয় সরকার তো বামপন্থীদের সাহায্য ছাড়াই সেখানে ক্ষমতায় থাকতে পারেন না। তবে কেন তারা তাদের কো-অর্ডিনেশান কমিটির যখন আলোচনা হয়, তাদের কমন মিনিমাম প্রোগ্রাম-এর ভিত্তিতে যখন তারা আলোচনা করেন, তখন কেন সরকারকে বাধ্য করতে পারছেন না আজকে ইরানের পাশে দাঁড়াতে ? তারা কি ভয় করছে ? ইরান বলছে, আমরা গবেষণার কাজ চালাব, আমরা বিজ্ঞানের কাজে অটোমিক এনার্জিকে কাজে লাগাব এবং আমরা প্রতিশ্রুতিবদ্ধ যে, আমরা এই অ্যাটোমিক এনার্জি শক্তি নিয়ে আমরা কোনো রাষ্ট্রকে পরাস্ত করার, কোনো পররাষ্ট্রকে আক্রমণ করতে যাব না। আগ্রাসী মনোভাব আমাদের কোথাও নেই। তাদের যে নবনির্বাচিত রাষ্ট্রপতি, তিনি বারে বারে বলেছেন, যে, আমাদের পরমাণু গবেষণা হচ্ছে উন্নয়নের জন্য, বিজ্ঞানকে কাজে লাগানোর জন্য। আমাদের কোনো রাষ্ট্রকে আঘাত করবার, আক্রমণ করার, দখল করার, অ্যাগ্রেসান করবার দখলকারী মনোভাব আমাদের কোথাও নেই। কিন্তু আমেরিকা চায় তাদের কথামতো গোটা পৃথিবীটা চলুক। দুর্ভাগ্যর কথা মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমেরিকা এই সাম্রাজ্যবাদের কাছে আজকে তথাকথিত ২টি সমাজবাদী দেশ, সোভিয়েত রাশিয়া ভেঙেচুরে যাই আছে তাই এবং চীন আজকে তারাও এগিয়ে এসে এই সাম্রাজ্যবাদের শক্তিতে গিয়ে দাঁড়িয়েছে এবং তারা ইরানের বিরুদ্ধে ভোট দেবেন বলে সিদ্ধান্ত গ্রহণ করেছেন। আজকে কোথায় চলে যাচ্ছে পৃথিবীটা ? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমেরিকা আজকে গোটা পৃথিবীটাকে এই বিগ্ ব্রাদার হিসাবে, বড়ো দাদা হিসাবে চোখ রাঙিয়ে আজকে তাদের পায়ের তলায় রাখবার জন্য চেষ্টা করছেন। সমাজবাদী দুনিয়ার পথপ্রদর্শক সোভিয়েত রাশিয়া এবং চীন। আজকে চীন সরকারও সরকারিভাবে সিদ্ধান্ত নিয়েছেন তারা ইরানের বিরুদ্ধে ভোট দেবেন এবং আমেরিকা, ফ্রান্স এবং ব্রিটেন এই মূল তিন অক্ষ শক্তির পক্ষে তারা আজকে দাঁড়িয়েছেন। আজকে অত্যন্ত দুর্ভাগ্যের কথা, শুধু ভারতবর্ষ নয়, গোটা পৃথিবীর সমাজবাদী দেশগুলি এই সাম্রাজ্যবাদীদের আক্রমণের একটা ভয়ংকর নিশানা হয়ে দাঁড়িয়েছে। আজকে আমেরিকা, সোভিয়েত রাশিয়া এবং চীন তারা যদি একটা ছাতার তলায় চলে যায়, তারা যদি একই মানসিকতার ধারক এবং বাহক হন, তারা যদি সবাই আমেরিকার এই পথকে অবলম্বন করবার চেষ্টা করেন তাহলে দুর্ভাগ্য। দুর্ভাগ্য ভারতবর্ষের, যে ভারতবর্ষ পৃথিবীর কাছে একটা নতুন দিশা সৃষ্টি করেছিলেন জওহরলাল নেহরু। সেদিন পর্যন্ত মনমোহন সিং আসার আগে

পর্যন্ত যতজন প্রধানমন্ত্রী হয়েছেন, সে যে দলেরই হোক না কেন, ভারতবর্ষের যে মূল পথ, আমরা সোভিয়েত রাশিয়া এবং আমেরিকা কোনো মূল শক্তির পক্ষে যাব না, আমরা সেখানে নিজেরা নিজেদের স্বয়ং শক্তির উপরে থাকব। আমরা দেখেছি যেদিন মুজিবর রহমান বাংলাদেশের হয়ে লড়াই করছিলেন ইয়াইয়াখানের বিরুদ্ধে সেদিন পূর্ব পৃথিবীর অধিকার কেড়ে নিয়ে, তাদের ভাষা কেড়ে নিয়ে তাদের উপর শোষণ করবার চেষ্টা করেছিলেন। সেই মুজিবর রহমানের পাশে এই ইন্দিরা গান্ধী দাঁড়িয়েছিলেন। সেই ইন্দিরা গান্ধীকে চোখ রাঙাবার জন্য সপ্তম নৌবহর নিয়ে এসে ভারত মহাসাগরের বুকে দাঁড় করিয়ে দিয়েছিল আমেরিকা। সেভেন্থ ফ্লিট, সপ্তম নৌবহর ভারত মহাসাগরের বুকে দাঁড় করিয়ে দিয়েছিল আমেরিকা। তারা বলেছিল যে, যদি বাংলাদেশের শেখ মুজিবর রহমান পাকিস্তানের উপর আক্রমণ করে তাহলে আমাদের নৌবহর দিয়ে ভারতবর্ষকে আক্রমণ করব। সেই সপ্তম নৌবহর নিয়ে গিয়ে সাম্রাজ্যবাদী আমেরিকা ভারতবর্ষকে হুমকি দিয়েছিল। সেদিন কিন্তু ইন্দিরা গান্ধী আমেরিকার কাছে তাঁর গর্বিত মাথা নুইয়ে দেওয়ার চেষ্টা করেননি। সেদিন সবকিছু উপেক্ষা করে মুজিবর রহমানের পাশে দাঁড়িয়েছিলেন। আমাদের ক্ষমতা সীমাবদ্ধ কিন্তু আমাদের মানসিকতা আছে, আমাদের সামরিক শক্তিতে আমেরিকার সাথে লড়াই করতে পারব না কিন্তু সেদিন আমেরিকাকে সমুচিত জবাব দিয়ে ১০০ শতাংশ আমাদের ভারতবর্ষের মাটিতে সেদিন জয় এনে দিয়েছিলাম, আমরা সাম্রাজ্যবাদীদের বিরুদ্ধে স্বাধীনতার লড়াইয়ে সেদিন আমেরিকার চোখ রাঙানির জবাব দিয়েছিলাম। যে আমেরিকা সপ্তম নৌবহর নিয়ে এসে হুমকি দিয়েছিল সেদিন তাদের কাছে আমরা মাথা নত করিনি। আমরা গণতন্ত্রের পক্ষে আছি, স্বাধীনতার পক্ষে আছি, মৈত্রীর পক্ষে আছি। সেদিন কিন্তু আমরা মাথা নত করিনি। কিন্তু আজকে তথাকথিত বামপন্থীদের সাহায্যে, এই মেকী বামপন্থীদের সাহায্য নিয়ে, দ্বিচারিতার রাজনীতির ধারক এবং বাহক এই মার্কসবাদী কমিউনিস্ট পার্টির সাহায্য নিয়ে, আজকে কেন্দ্রীয় সরকার, কেন্দ্রীয় সরকারের প্রধান মন্ত্রী আজকে আমেরিকার সাম্রাজ্যবাদের কাছে মাথাটাকে নুইয়ে দিয়েছেন। এটা লজ্জার, এটা অপরাধ। এটা শুধু একটা রাজনৈতিক অপরাধ নয়, এটা রাষ্ট্রনৈতিক অপরাধও বটে।

[10.30—10.40 p.m.]

ইট ইজ এ ন্যাশানাল ক্রাইম। তাই আমরা আগেও আমেরিকা সাম্রাজ্যবাদের বিরোধিতা করেছি এবং এখনও সেই সাম্রাজ্যবাদের বিরোধিতা করছি। মার্কসবাদ কমিউনিস্ট পার্টির সমর্থিত সরকার, ওই সরকার আজকে নক্কারজনক ভাবে ইন্টারন্যাশনাল অ্যাটমিক এজেন্সি আমেরিকার হয়ে যে ঘৃন্যতর কাজ করছে, তার তীব্র নিন্দা করছি। পশ্চিমবঙ্গের বিধানসভায় এই আলোচনা না করে, প্রধানমন্ত্রী কাল-পরশুর মধ্যে বক্তৃতা দেবেন ইরান ইস্যু নিয়ে, তখন আপনারা সরকারের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব আনুন না। সততা থাকলে ইরান ইস্যুর বিষয়ে নো-কনফিডেন্স মোশান আনুন না। ভারতবর্ষের পার্লামেন্ট কাল থেকে চালু হচ্ছে, প্রধানমন্ত্রী সেখানে বলবেন। যদি সত্যি আপনারা মনে করেন আমেরিকা সাম্রাজ্যবাদের বিরুদ্ধে লড়তে হবে তাহলে লোকসভায় প্রধানমন্ত্রীর এই ভাষণের উপর অনাস্থা প্রস্তাব আনুন। তাহলেই আমরা বুঝতে পারব এই সরকার আমেরিকা ঘেঁষা নীতির বিরুদ্ধে। আসলে আপনারা

আমেরিকার পক্ষে। ঘোমটার নিচে আপনারা আমেরিকা ঘেঁষা নীতিকেই সমর্থন করছেন। রবীনবাবু বিধানসভায় এই কথা না বলে দিল্লিতে গিয়ে বলুন না। তাই আপনার আনা এই মোশানকে সমর্থন করতে পারছি না। আপনার আনা মোশানের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী ভক্তিপদ ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য রবীন দেব এবং অন্যান্য সদস্যবৃন্দ যে প্রস্তাব এনেছেন, সেই প্রস্তাবকে আমি সম্পূর্ণ সমর্থন করে আমি বলছি যে, আমাদের বিরোধী সদস্য মাননীয় পঙ্কজবাবু বিষয়টি নিয়ে শুধু রাজনৈতিক বক্তব্য রেখে গেলেন, বিষয়টির গুরুত্ব বিবেচনা না করে। আজকে আমেরিকার সাম্রাজ্যবাদ গোটা পৃথিবীকে গ্রাস করে নিচ্ছে। আমেরিকার পৃথিবী দখলের প্রক্রিয়া, এই প্রক্রিয়া অঙ্কিত হচ্ছে। তারা আফগানিস্থান, ইরানের উপর বর্বরোচিত আক্রমণ চালিয়েছে। ইরাকের তৈল সমৃদ্ধ অঞ্চল দখল করার জন্য তারা বিনা কারণে কোনো একটা অজুহাত দেখিয়ে আক্রমণ করেছে। এটা কিন্তু বার বার প্রমাণিত হয়েছে। তারা কোনো নিয়মনীতি মেনে কাজ করছে না। আমেরিকা এই কাজ চালিয়ে যাচ্ছে। সেপ্টেম্বর ২০০৫-এ যখন ঘটনাটা ঘটে তখন আমরা বামপন্থীরা ভারত সরকারকে সাবধান করে দিয়েছিলাম যে, আপনাদের ভোটাধিকার আপনারা বিচার বিবেচনা করে দিন। ভারত যাতে নিরপেক্ষ নীতি বজায় রাখে। আমেরিকার যে সাম্রাজ্যবাদী মনোভাব, এর আমরা বিরোধিতা করছি এবং করব। পঙ্কজবাবু বললেন অনাস্থা, অনাস্থা আনুন। আস্থা অনাস্থার ব্যাপার নয়, আমরাও এটা নিয়ে পার্লামেন্টে আলোচনা চাই। আমরা বামপন্থীরা বলিনি যে পার্লামেন্টে আলোচনা করা যাবে না, আমরাই বরং পার্লামেন্টে আলোচনা চেয়েছি। আজকে ভিয়েনাতে যে মিটিঙটা হল ফেব্রুয়ারি মাসে, সেখানে যে ভোটটা ভারত সরকারের পক্ষ থেকে দিয়ে আসা হল, সেটা পুরো সাম্রাজ্যবাদের দালালি ছাড়া আর কিছুই নয়। আজকে আমেরিকার লক্ষ্য সেন্ট্রাল এশিয়া দখল করা, ইরানের অয়েল ফিল্ড দখল করা। আজকে আমরা যে সন্ত্রাসবাদ নিয়ে আলোচনা করছি, এই সন্ত্রাসবাদের মূল হচ্ছে আমেরিকা। সেই আমেরিকাকে কিন্তু আমাদের ভারত সরকার এই বিরাট ইস্যুতে সমর্থন করেছে। আমরা মনে করি এর বিরোধিতা করা দরকার এবং এই প্রস্তাব এখানে আসা দরকার। আমেরিকার এই সাম্রাজ্যবাদী পলিসি আজকের নয়, নেতাজী সুভাষচন্দ্র বসু স্বাধীনতার আগেই বলেছিলেন যে—আমরা যেমন আজকে ব্রিটিশকে সাম্রাজ্যবাদী বলছি, একদিন আসবে যেদিন আমেরিকা সাম্রাজ্যবাদীর ভূমিকায় অবতীর্ণ হবে। আজকে আমরা সেটা প্রত্যক্ষ দেখতে পাচ্ছি যে, পৃথিবীতে আমেরিকা একটা সাম্রাজ্যবাদী দেশ হিসাবে পৃথিবীর অন্যান্য উন্নয়নশীল বা অনুন্নত দেশগুলোকে কবজায় রাখতে চাইছে এবং এখন নিউক্লিয়ার ইস্যুতে যে ইরানকে কবজায় রাখতে চাইছে, সেটা ধিক্কারজনক। আমি আশা করব আমাদের এই সভা এই প্রস্তাবকে সর্বান্তকরণে সমর্থন জানাবে। এই বলে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী তপন হোড় : স্যার, আজকে শ্রী রবীন দেব এবং অন্যান্য সদস্যদের দ্বারা আনিত রুল ১৮৫-এর উপর যে মোশান এখানে এসেছে তাকে সমর্থন করে কয়েকটি কথা বলছি।

এই কংগ্রেসকে নিয়ে কি করা যায় ? আজকে ইউ.পি.এ. গভর্নমেন্ট আছে এবং সেটা বামপন্থীদের সমর্থনেই আছে, একথা ওরা জানে। দেশের মানুষের কাছে এই জায়গাটা খুব পরিষ্কার যে, ওরা বামপন্থীদের ব্ল্যাকমেল করতে চাইছে। আজকে শ্রমিক স্বার্থ নিয়ে, কি কৃষকের স্বার্থ নিয়ে বা শিল্পের যে কথা বলছে, সমস্ত ক্ষেত্রেই ইউ.পি.এ. গভর্নমেন্ট ডেলিবারেটেলি যে ভূমিকা গ্রহণ করছে সেটা অত্যন্ত নিন্দনীয়, সেটা অ্যান্টি পিপ্‌ল অ্যাকটিভিটিস। বৈদেশিক নীতির ক্ষেত্রে বলা যায়, ইরান ইস্যুতে একমাত্র বামপন্থীরাই সবচেয়ে জোরালো ভাবে প্রতিবাদ জানিয়েছে। কেন্দ্রীয় সরকারের এই ভূমিকার প্রতিবাদ আমরা করেছি। রাষ্ট্রসংঘে যখন এই প্রস্তাব হয়, তখন কে প্রতিবাদ করেছিল ?

[10.40—10.50 p.m.]

কোন দল প্রতিবাদ করেছিল ? সর্বত্র বামপন্থীরাই প্রতিবাদ করেছে। আমরা নীতিগতভাবে প্রতিবাদ করেছি। কতগুলো পলিসি চেঞ্জ করলেন, এই যে পলিসি চেঞ্জ করা হল, আজকে ভারত সরকার সে এন. ডি. এ. সরকার হোন, বা ইউ. পি. এ. সরকার হোন, মনমোহন সিং-এর সরকার হোন তারা জর্জ ডব্লিউ. বুশের পদলেহন ছাড়া আর কিছু করছেন না। ইকনমিক্যাল পলিসি চেঞ্জ হয়ে গেছে। ওরা শুধু পদলেহন করে যাচ্ছেন। কি দুঃসাহস ওই রাষ্ট্রদূতের ? আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী ডব্লিউ. বুশকে ঘাতক বলেছেন। ঠিকই বলেছেন, কি অন্যায় করেছেন। ইরানে কি ঘটনা ঘটছে ? আবুধাবির জেলখানায় কি ভয়ঙ্কর ঘটনা ঘটছে ? তাকে ঘাতক ছাড়া আর কি বলা যাবে ? সেখানে দাঁড়িয়ে এত দুঃসাহস ওই রাষ্ট্রদূতের বুশের দালাল ওই রাষ্ট্রদূত, সে কিনা মুখ্যমন্ত্রীর কাছে চিঠি দিয়ে জানতে চেয়েছে কেন মুখ্যমন্ত্রী এই সব কথা বলছেন, তিনি জবাবদিহি চাইছেন। আমরা এর ভয়ঙ্কর আপত্তি করছি। কংগ্রেসের ব্ল্যাক মেলিং আমরা মেনে নেব না। কি কৃষিক্ষেত্রে, কি শ্রমিক কর্মচারীদের ক্ষেত্রে, কি বৈদেশিক নীতির ক্ষেত্রে কংগ্রেস কি দায়িত্ব পালন করেছে ? কোনো কিছুই পালন করতে পারেননি। কোনো অ্যান্টি পিপল অ্যাকটিভিটিস হলে আমাদের ভাবতে হবে, কংগ্রেসের ব্ল্যাক মেলিং আমরা কোনো ভাবে টলারেট করতে রাজী নই। সংসদে বারবার বলার চেষ্টা করছেন বামপন্থীরা সমর্থন তুলবেন কি করে, বামপন্থীরা সমর্থন তোলার জায়গায় নেই, তাই যা খুশী তাই করবেন। আজকে আপনারা বলুন তো আপনাদের কি দায়িত্ব ছিল, আপনারা বলবেন না। আপনাদের কোনো দায়িত্ব নেই মানুষের প্রতি তাই আপনারা কিছুই বলবেন না। আমাদের মানুষের প্রতি দায়িত্ব আছে তাই আমরা প্রতিবাদ করি। আজকে গোটা পৃথিবীর মানুষ জানে মার্কিন সাম্রাজ্যবাদের বিরুদ্ধে ল্যাটিন আমেরিকার দেশগুলো, আফ্রিকার দেশগুলো লড়াই শুরু করেছে সেখানে ভারতবর্ষের মানুষ পিছিয়ে থাকবে না। শ্রমজীবী মানুষ পিছিয়ে থাকবে না। সংসদের মধ্যে প্রেসিডেন্সিয়াল স্পীচ হয়ে গেছে, সেই স্পীচে যে ইঙ্গিত আমরা পেয়েছি তা ভয়াবহ। প্রধানমন্ত্রী বলেছেন ইরান ইস্যুর উপর ভাষণ দেবেন। তিনি কি বলবেন জানি না কিন্তু একটা কথা পরিষ্কার বলে রাখি মনমোহন সিং আগুন নিয়ে খেলছেন, কংগ্রেস আগুন নিয়ে খেলছে, পশ্চিমবাংলার মানুষ, ভারতবর্ষের শ্রমজীবী মানুষ তার জবাব দেবেন। এই কথা বলে প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী দেবপ্রসাদ সরকার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্য সচেতক যে প্রস্তাব এনেছেন, সেই সম্পর্কে বলতে গিয়ে আমি প্রথমেই একটা প্রশ্ন করতে চাই যে, আসল সমস্যাকে এড়িয়ে গিয়ে, এইরকম একটা লোক দেখানো প্রস্তাব আনার অর্থ কি ? আজকে এই সমস্যার মূল কারণ সাম্রাজ্যবাদের শিরোমণি মার্কিন রাষ্ট্রকে চিহ্নিত করা হল না কেন ? আজকে ওয়ার ক্রিমিনাল মার্কিন প্রেসিডেন্ট জর্জ বুশ, তাকে কেন চিহ্নিত করা হল না ? কেন্দ্রের ইউ.পি.এ. সরকারের আমন্ত্রণে জর্জ বুশ যে ভারতবর্ষের মাটিতে সফরে আসছেন, এই আমন্ত্রণ কেন প্রত্যাহার করার জন্য বলা হল না ? এবং আমন্ত্রণ প্রত্যাহার না করলে আজকে ইউ.পি.এ. সরকার থেকে তারা তাদের সমর্থন তুলে নেবেন সেই হুঁশিয়ারি কেন দেওয়া হল না ? এই পরিস্থিতির মধ্যে এই রকম একটা মূল সমস্যার মধ্যে দাঁড়িয়ে মানুষকে চোখে ধুলো দেওয়ার মতো লোক দেখানো একটা প্রস্তাব এখানে আনা হয়েছে। এই প্রস্তাব এখানে যদি না আনা হত, তাহলে মার্কিন পুঁজিকে স্বাগত জানিয়ে মার্কিন শাসকদের বন্দনা করে তাদের সঙ্গে বোঝাপড়া করার যে রাজনীতি সেই রাজনীতি আজকে ফাঁস হয়ে যেত। তাই আজকে এখানে এই প্রস্তাব আনা হয়েছে। তাদের এই দ্বিচারিতা এবং তাদের এই ধোঁকা লাগানোর এই রাজনীতি আজকে ফাঁস হয়ে যেত। এই কারণে এই প্রস্তাব আসল সমস্যাকে বাদ দিয়ে করা হয়েছে। অর্থাৎ গাছেরও খাব, আবার তলারও কুড়োব। এই রাজনীতি নিয়েই তারা চলেছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিশ্বের সমস্ত শুভবুদ্ধিসম্পন্ন মানুষ ইরাকের উপর যে আক্রমণ ঘটেছে, ইরানের ভিতর সেনাবাহিনী প্রবেশ করিয়ে যে জবরদখল করার চেষ্টা হয়েছে, তার বিরুদ্ধে নিন্দামুখর হয়ে উঠেছে। আজকে ইরাক, ইরান, কিউবার উপর আমেরিকার যে শাসানি এবং হুমকি চলেছে, তার বিরুদ্ধে দুনিয়ার মানুষ সোচ্চার হয়ে উঠেছে। এখন দাবি উঠেছে ইরাক থেকে সমস্ত সেনাবাহিনী প্রত্যাহার করে নেওয়া হোক। স্যার, আজকে আমেরিকার জর্জ বুশ গোটা বিশ্বের মানুষের কাছে আসামীর কাঠগড়ায় দাঁড়িয়েছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে ভারতবর্ষের একচেটিয়া পুঁজিপতি-গোষ্ঠী শাসকশ্রেণি, তারা আজকে বিশ্বের সাম্রাজ্যবাদীদের দিকে এগোচ্ছে, কারণ তারা সাম্রাজ্যবাদীদের জুনিয়র পার্টনার হতে চায় এবং তারই স্বার্থে ইউ.পি.এ. সরকার আজকে আমেরিকার সঙ্গে হাত মিলিয়ে চলছে। ফলে এই রকম একটা জায়গায় তারা মার্কিন সাম্রাজ্যবাদীদের সঙ্গে হাত মিলিয়ে চলেছে। ভারতবর্ষের সাম্রাজ্যবাদীদের বিরুদ্ধে সংগ্রামের একটা ঐতিহ্য আছে। ২০০ বছর ধরে ভারতবর্ষ বৃটিশ সাম্রাজ্যবাদের বিরুদ্ধে সংগ্রাম করেছে।

তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে ভারত সরকার, কেন্দ্রের ইউ.পি.এ. সরকার, একটা সংখ্যালঘু সরকার, ওরা সি.পি.আই., সি.পি.আই.(এম)-এর সমর্থনে দাঁড়িয়ে আছে। আজকে এই রকম একটা জঘন্য কাজ তারা করেছে বলে এটা পশ্চিমবঙ্গের মানুষের কাছে গোটা ভারতবর্ষের মানুষের কাছে বিস্ময়কর ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। অবশ্য যে সমস্ত

রাজনৈতিক দল সাম্রাজ্যবাদীদের দালালি করে, তারা এটা করতে পারে, সেটা খুবই স্বাভাবিক। কিন্তু যারা মুখে প্রগতির কথা বলেন, মুখে বামপন্থার কথা বলেন, তারা এই মার্কিন পুঁজিকে স্বাগত জানিয়ে, তাঁরা এইভাবে মার্কিন শাসকশ্রেণিকে তুষ্ট করে চলেছেন !

[10.50--11.00 p.m.]

তাদের সঙ্গে বোঝাপড়ার রাজনীতি নিয়ে চলছেন, ধোঁকাবাজির রাজনীতি নিয়ে চলছেন। এই যে দ্বিচারিতা নিয়ে চলছেন, এটা আজকে গোটা পশ্চিমবঙ্গের, গোটা ভারতবর্ষের মানুষের কাছে পরিষ্কার হওয়া দরকার। তাই ভোটের মুখে এই প্রস্তাব এনে তাঁরা নিজেদের প্রগতিশীলতার মুখোশ জনগণের সামনে পরে দাঁড়াতে চাইছেন। তাই দ্বিচারিতা, ধোঁকাবাজি করার জন্য আজকে এই প্রস্তাব এনেছেন। এই প্রস্তাবের আসল মর্মবস্তু সাধারণ মানুষের কাছে উদ্‌ঘাটিত হওয়া দরকার। এই কথা বলে আমি বামফ্রন্ট সরকারের এই দ্বিচারিতার নিন্দা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী অসিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, সরকারের মাননীয় মুখ্য সচেতক শ্রী রবীন দেব মহাশয় এবং মাননীয় শ্রী আবু আয়েশ মণ্ডল মহাশয়, মাননীয় শ্রী পদ্মনিধি ধর মহাশয় এবং আরও অন্যান্য মাননীয় সদস্যগণের আনা এই প্রস্তাবের উপর আমি আমার সংক্ষিপ্ত বক্তব্য রাখছি। স্যার, প্রথমে রবীনবাবু একটা ভুল করেছেন, তাঁরা বলেছেন, Union Government is surrendering before the Imperialist Countries on important external matters including India's stand on atomic power programme of Iran. তিনি বলতে গেলেন ইরানের উপর কথা, ইরানের অ্যাটোমিক প্রোগ্রামের উপর কথা বলতে গেলেন, বলতে গিয়ে বললেন, তার বিরুদ্ধে মার্কিন সাম্রাজ্যবাদীদের চক্রান্তের কথা বলতে গেলেন, অথবা মার্কিন সাম্রাজ্যবাদীদের অথরিটির কথা বলতে গেলেন, বলতে গিয়ে তিনি বলেছেন Union Government is surrendering before the imperialist countries, মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি রবীনবাবুদের কাছ থেকে জানতে চাইছি যে, আমেরিকা ছাড়া আর কোন কোন দেশ যাদের কাছে ভারতবর্ষ আত্মসমর্পণ করেছে, ভারত সরকার আত্মসমর্পণ করেছেন ? তিনি এটা উল্লেখ করেননি এবং যে প্রোগ্রামটা অন ইমপরট্যান্ট এক্সটারনাল ম্যাটার্স, তিনি লিখেছেন ইনক্লুডিং তাঁরা বলেছেন, India's stand on atomic power programme of Iran in the meeting of the—International Atomic Energy Agency, এই যে কথাটা বলেছেন, তিনি বলেছেন যে, আরও অনেক ইস্যু ছিল। যে ইস্যুতে ভারত সরকার অর্থাৎ প্রেজেন্ট ইউ.পি.এ. গভর্নমেন্ট তাঁদের অল্পদিনের সময়ের মধ্যে তাঁরা কার কার কাছে, কোন কোন সাম্রাজ্যবাদী রাষ্ট্রের কাছে আত্মসমর্পণ করেছেন এবং কি কি বিষয়ে আত্মসমর্পণ করেছেন, এটা কিন্তু ক্লিয়ার নয়। ইন্টারন্যাশনাল অ্যাটোমিক এনার্জি এজেন্সি ছাড়া আর কোনো ইস্যু তাঁরা বলেননি। কিন্তু আপনারা এখানে উল্লেখ করেছেন যে, ভারত সরকার অন্যান্য সাম্রাজ্যবাদী দেশের কাছে আত্মসমর্পণ করেছেন বিভিন্ন ইস্যুতে—এভাবে তাঁরা বলেছেন। আমার সবচেয়ে খারাপ লাগে যে, যাঁরা এই প্রস্তাব এনেছেন তাঁরা বোধহয় ভারত

সরকারের পররাষ্ট্র নীতি কি ছিল এবং আমাদের ভারতবর্ষের সংবিধান প্রণয়ন হওয়ার পরে তাঁরা নিঃসন্দেহে এটা বোধহয় খেয়াল করেননি যে, আমাদের দেশের প্রথম প্রধানমন্ত্রী শ্রী জওহরলাল নেহরুর আমল থেকে আমাদের পররাষ্ট্র নীতি ঠিক করি, এটা আমাদের আইডিয়ালস্ অফ কন্সটিটিউশন—এটা আমরা ঠিক করি। তখনকার দিনে কংগ্রেস সরকার তাঁরা যেটা ভেবেছিলেন যে, আমাদের অর্থনীতি একটা পরিকল্পিত অর্থনীতি হবে এবং আমাদের চলার মাধ্যম গণতান্ত্রিক পথে হবে। আমাদের দেশের সামাজিক নিরাপত্তা আসবে সেকুলারিজম্ বা ধর্মনিরপেক্ষতার পথে। আমাদের যে পররাষ্ট্র নীতি সেটা হবে জোট নিরপেক্ষ নীতি। একজন মাননীয় সদস্য নেতাজীর কথা বলছিলেন। আমি নেতাজীকে সম্মান জানিয়ে বলছি, আপনারা এ কথা জানেন যে আমরা যখন আমাদের পররাষ্ট্র নীতি ঠিক করেছিলাম তখন সারা পৃথিবীতে দুটি নীতি প্রচলিত ছিল, একটা হলো সেন্ট ন্যাটো অথবা আমেরিকা নিয়ন্ত্রিত যে দেশগুলির সাম্রাজ্যবাদী পররাষ্ট্র নীতি, আরেকটা ছিল সোভিয়েত রাশিয়া নিয়ন্ত্রিত ওয়্যারশ প্যাক্ট। ভারতবর্ষের মানুষ তাদের চিন্তার মাধ্যমে যে সরকার তারা প্রতিষ্ঠা করেছিলেন অথবা সেদিন সংবিধানের নিয়মে যারা কেয়ারটেকার গভর্নমেন্টের দায়িত্বে ছিলেন, অথবা ভারতবর্ষের সংবিধানের গণপরিষদ তাঁরা ভেবেছিলেন আমরা ওয়্যারশ প্যাক্টের মধ্যেও নেই, আমরা সেন্ট ন্যাটোর মধ্যেও নেই, আমরা তৃতীয় বিশ্ব। এই তৃতীয় বিশ্ব আমরা জোট নিরপেক্ষ নীতি চালু করবো এবং সংবিধানে সেই জোট নিরপেক্ষ নীতির কথা বলা হয়েছিল। এটা কি সাম্রাজ্যবাদ বিরোধী ভূমিকা নয় ? আমরা সোভিয়েত রাশিয়া চাই না, আমরা আমেরিকা প্যাক্ট চাই না, আমরা নতুন ধরনের দৃষ্টিভঙ্গি নিয়ে ভারত সরকার সেদিন সেই সংবিধান তৈরি করেছিল। আমার বক্তব্য তার পরবর্তী পর্যায়ে, বিভিন্ন দেশ যখন সাম্রাজ্যবাদের দ্বারা আক্রান্ত হয়েছে তখন কংগ্রেস দল নিয়ন্ত্রিত ভারত সরকার তার বিরুদ্ধে প্রতিবাদ জানিয়েছে। আমি দু-একটি উদাহরণ এ ক্ষেত্রে উপস্থিত করতে চাই। যখন হো-চি-মিন-এর দেশ ভিয়েতনাম আক্রান্ত হয়েছিল তখন ভিয়েতনামের স্বাধীনতার জন্য সেই দেশের মানুষ লড়াই করেছে, হো-চি-মিনের নেতৃত্বে তারা লড়াই করেছিলেন। তখন ভারতবর্ষের প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী সরাসরি ভিয়েতনামের মানুষের পাশে এসে দাঁড়িয়েছিলেন, ভারতবর্ষের মানুষের পক্ষে প্রতিনিধিত্ব করেছেন। এটার থেকে কি মনে হয় না যে ভারতবর্ষ সাম্রাজ্যবাদের বিরোধিতা করেছে। ১৯৭১ সালের যুদ্ধে আমেরিকা সরাসরি পাকিস্তানকে সাহায্য করেছে এবং বাংলাদেশে নির্বাচন হওয়া সত্ত্বেও, অধিকাংশ সিট জেতা সত্ত্বেও মুজিবর রহমানকে অবিভক্ত পাকিস্তানের দায়িত্ব দেওয়া হয়নি। শুধুমাত্র তিনি বাংলাদেশের মানুষ ছিলেন বলে। তখন যে মুক্তি যুদ্ধ শুরু হয়েছিল সেই মুক্তি যুদ্ধে আমেরিকা সরাসরি তাদের অস্ত্রসম্ভার নিয়ে পাকিস্তানের পাশে দাঁড়িয়ে ছিল। তা সত্ত্বেও সেই দিন শ্রীমতী ইন্দিরা গান্ধী আমেরিকার বিরুদ্ধে বলেছিলেন হাজার হাজার মাইল দূর থেকে ভারতবর্ষকে শাসন করা যাবে সেই জায়গায় ভারত নেই, আমরা লড়াই করবো। সেই লড়াইয়ের কথা সবাই জানেন, আমি আর তার ব্যাখ্যায় যাচ্ছি না। সেই নীতির পরিপ্রেক্ষিতে ইউ.পি.এ. সরকারের আজকে যে নীতি সেটা নতুন করে তৈরি হয়নি। এটা অনেকদিন আগে থেকে আমাদের সংবিধান অনুযায়ী চলছে। একটা জায়গায় তাঁরা বলেছেন "That the

present role of Union Government is a severe departure from the declared non-alignment policy of the country" মাননীয় রবীনবাবু আপনি কি এই প্রশ্নের জবাব দেবেন ? এই সরকার তৈরি হয়ে যাবার পর কতগুলি ঘটনা ঘটেছে, যেটা আমি আগে বলেছিলাম, সেটা একটু পরিষ্কার করতে চাই, That the present role of Union Government. এ ক্ষেত্রে আপনারা বলেছেন is a severe departure from the declared non-alignment policy of the country, অর্থাৎ আমাদের যে গোষ্ঠী নিরপেক্ষ পররাষ্ট্র নীতি তার থেকে ইরানের ক্ষেত্রে যে বিতর্কিত সমস্যা আছে সেই নিয়ে আপনি কথা বলতে পারেন, এর বাইরে এমন কিছু ঘটনা ঘটেনি যার জন্য আপনি কথা বলতে পারেন, আপনি অন্য কথা বলুন। আরেকটা বিষয় আপনাদের সামনে উল্লেখ করতে চাই সেটা ইরাকের ঘটনার কথা। তখন ভারতবর্ষে জাতীয় কংগ্রেস ইরাকের ঘটনায় এই বিধানসভা থেকে আমরা সমস্ত রাজনৈতিক দল—আপনি নিজেও জানেন—আমরা গিয়ে সাদ্দাম হোসেনের ইরাকের পাশে দাঁড়াব এই শপথ নিয়ে মিছিল করে আমেরিকার ডেপুটি হাই-কমিশনের অফিসের সামনে উপস্থিত হয়ে সেখানে কথা বলে এসেছি।

[11.00—11.10 p.m.]

এবং সেখানে আমরা কথা বলে এসেছি, সেটা কি গোষ্ঠী নিরপেক্ষ রাজনীতির অঙ্গ ছিল না। সুতরাং আমরা বিভিন্ন পর্যায়ে, বিভিন্ন ভাবে প্রমাণ করেছি, এটা শুধুমাত্র আমাদের প্রশাসনিক দৃষ্টিভঙ্গি নয়, এটা পররাষ্ট্র নীতির মূল অঙ্গ। সুতরাং আমরা তার থেকে বিচ্যুত হতে পারব না। এবং সবশেষে আমি যে কথাটা বলতে চাইছি, সেটা হল, ইউনিয়ন গভর্নমেন্ট-এর ইউ.পি.এ.-র যে প্রোগ্রাম, সেই প্রোগ্রাম নিয়ে আপনারা সব সময় বসছেন, আলোচনা করছেন, সেখানে প্রকাশ কারাত থাকুন, সেখানে অন্য কোনো মানুষ যান, যেই যান না কেন, আপনারা আলোচনা করছেন, বসছেন ; আমাদের মনে হয়নি এইটা বিধানসভার আলোচনার বিষয়বস্তু। এখানে আলোচনার অনেক বিষয় আছে, যেটা নিয়ে আলোচনা করা যেতে পারতো। তার পরে রবীনবাবুকে বলি, রবীনবাবুরা আর একটু অপেক্ষা করতে পারতেন। রবীনবাবু এবং অন্যান্য সদস্যরা যারা এনেছেন, তাদের বলছি, যারা এটা এনেছেন, আজকে স্টেটসম্যান পত্রিকায় আছে, মাননীয় প্রধানমন্ত্রী শ্রী মনমোহন সিং তিনি রাজ্যসভায় বেলা তিনটের সময় এবং লোকসভায় ৬টার সময় সুয়োমটো স্টেটমেন্ট করবেন। অর্থাৎ কোনো কলিং অ্যাটেনশানের উপর নয়, অন্য কারোর কোনো মোশানের উপর নয়, আপনাদের কোনো দাবির ভিত্তিতে নয়, সুতরাং মনমোহন সিং ইউ.পি.এ. গভর্নমেন্ট-এর প্রধানমন্ত্রী তিনি আজকে লোকসভায় ও রাজ্যসভায় স্টেটমেন্ট করবেন ; মিনিস্ট্রি অফ পার্লামেন্টারি অ্যাফেয়ার্স-এর মন্ত্রী প্রিয়রঞ্জন দাশমুন্সি তিনি স্টেটসম্যানে এটা জানিয়েছেন। সুতরাং এটা আজকে এত তড়িঘড়ি করে যে আনা হয়েছে, আপনারা প্রধানমন্ত্রীর কাছেই জানতে পারতেন, তারা কোন্ জায়গায় কি করছেন। কি ভাবছেন। সুতরাং এত দ্রুত ভারতবর্ষের পররাষ্ট্রনীতি সম্পর্কে আলোচনা করার প্রয়োজন ছিল বলে আমি মনে করি না। আমরা ইরানের মানুষের সঙ্গে থাকতে চাই, আমরা ইরানের মানুষের হয়ে কাজ করতে চাই, এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সৌগত রায় : স্যার, আমি রবীন দেব এবং অন্যান্যদের আনা যে প্রস্তাব তার বিরোধিতা করছি। বিরোধিতা করছি কয়েকটি কারণে। প্রথমত এই প্রস্তাব বামপন্থীদের দ্বিচারিতার একটা প্রমাণ। দিল্লিতে ইউ.পি.এ. গভর্নমেন্ট—মুলায়ম যখন গেলেন প্রকাশ কারাতের কাছে, ইরান নিয়ে একটা নো-কনফিডেন্স আনা যায় কিনা ; প্রকাশ কারাত বললেন আমরা সমর্থন করবো না। এই প্রস্তাব যারা এখানে নিয়ে এসেছেন, সরকারের পলিসি নিন্দা করে, সেইদিন, যেদিন বিকালে প্রধানমন্ত্রী বিবৃতি দেবেন লোকসভায় এবং রাজ্যসভায় ; পার্লামেন্টে এটা ঠিক হয়ে গেছে, বাজেটের উপর নয়, ইরান নিয়ে আলোচনা করবে। সুতরাং আমি যে কথা বলছিলাম, যেখানে প্রধানমন্ত্রী বিবৃতি এখনও দেননি, এবং যেখানে এখনও পার্লামেন্টে আলোচনা হয়নি, সেক্ষেত্রে আগ বাড়িয়ে বিপ্লবীয়ানা দেখাতে গিয়ে এখানে এই মোশানটা আনার অর্থ নেই। পররাষ্ট্রনীতি নিয়ে আলোচনা হওয়া উচিত লোকসভায়। প্রথমত যেখানে রাজ্যের অন্তর্গত জ্বলন্ত সমস্যা আছে, সেটা আলোচনা না করাটা ভুল। দ্বিতীয়ত আমি এই ব্যাপারে একমত, আমেরিকা পৃথিবীতে একমাত্র সুপার পাওয়ার হয়ে দাঁড়িয়েছে, তারা যেভাবে ইরাকের উপর আক্রমণ করেছে, কোনো সভ্য মানুষ তাকে সমর্থন করতে পারে না। কিন্তু দুর্ভাগ্যবশত আমাদের এই বামফ্রন্ট সরকার এরা হচ্ছে বুশ ব্লেয়ারের সবচেয়ে বড় বন্ধু। আমাদের এই বামফ্রন্ট সরকার ব্লেয়ারের সরকারের থেকে ডি.এফ.আই.ডি.-র টাকা নিয়ে চলছে, আপনারা যদি ইরান ইস্যুতে বুশ ব্লেয়ারের বিরোধিতা করেন তাহলে ডি. এফ. আই. ডি.-র টাকা নিচ্ছেন কেন, এটা আপনাদের বলা উচিত। আমেরিকা এবং ইরান নিয়ে দুটো বড়ো প্রশ্ন এসেছে। প্রথম হচ্ছে মনমোহন সিং যখন আমেরিকায় গিয়েছিলেন তখন উনি একটা নিউক্লিয়ার ডিল্ সই করে এসেছেন। আমার মনে হয় সেটা নিয়ে একটা মেনশান এখানে থাকলে ভালো হত। কিন্তু সেটার উল্লেখ এখানে নেই। সেই নিউক্লিয়ার প্যাক্ট নিয়ে দেশের যারা বিজ্ঞানী তারা আপত্তি করেছে। সেই প্যাক্টে বলা হয়েছে আমাদের দেশের যত আনবিক শক্তি গবেষণা কেন্দ্র আছে, যেগুলো নন-স্ট্র্যাটেজিক, অর্থাৎ মিলিটারিদের জন্য নয়, সেগুলো আন্তর্জাতিক ইন্সপেকশানের জন্য খুলে দেওয়া হবে। আমাদের দেশের অ্যাটোমিক এনার্জি কমিশানের চেয়ারম্যান তিনি এর আপত্তি করেছেন। বিজ্ঞানীরা মনে করেন ভারতবর্ষ নিজের শক্তিতেই এই আণবিক ক্ষমতা গড়ে তুলেছে। সুতরাং আণবিক শক্তি যা ভারতবর্ষ তৈরি করছে সেটা নিজেদের চেষ্টাতেই করছে। এটা খুলে দিলে আমেরিকা এবং অন্য দেশরা তা জানতে পারবে। আমাদের দেশের বিজ্ঞানীরা এর বিরোধিতা করেছেন। কেন্দ্রীয় সরকারের কাছে আমাদের দাবি, আমেরিকার সাথে এই নিউক্লিয়ার প্যাক্ট বাতিল করা হোক। দ্বিতীয় হচ্ছে, ইরান নিয়ে আমেরিকা চাপ দিচ্ছে এটা সত্যি। আমেরিকার সেই চাপকে আমাদের উপেক্ষা করা উচিত। তবে এটা ঠিক, আমেরিকার দিকে মনমোহন সরকার কিছুটা ঝুঁকে গেছেন। এর হয়তো অন্য একটা দিকও আছে। আমি জানি না, রবীনদেব বাবুর কানে কানে এসে রাফসানজানি বলে গেছেন কি না—ইরান হ্যাজ নো প্রোগ্রাম অফ প্রডিউসিং অ্যাটোমিক ওয়েপন্—আমরা অ্যাটোমিক ওয়েপন্ তৈরি করব না। হোল ব্যাপার হচ্ছে একটা নন-প্রলিফারেশানট্রিটি রয়েছে এবং প্রত্যেক দেশ সেটা মেনে চলবে। ইরান বলছে আমরা কোনো ইন্সপেকশান হতে দেব না। এটা কিন্তু ভারতের পক্ষে

ভালো না। ভারতের পাশের দেশ হচ্ছে পাকিস্তান। যদি ইরান পরমাণু অস্ত্র তৈরি করে—আমেরিকার কথা ছেড়েই দিন—ভারতের স্বার্থের পক্ষেও সেটা ভালো হবে না। সেইজন্য ইরানের ব্যাপারে রাশিয়া ও চীনের সাথে ভারতও ভোট দিয়েছে। এখনো আসল ভোট হয়নি, সেটা হবে ৬ মার্চ, ইউনাইটেড নেশনের সভায়। ইরান প্রশ্নটা সিকিউরিটি কাউন্সিলে যাবে কিনা সেদিনই সেটা ঠিক হবে। আমরা বলব ভারতবর্ষ নিউট্রাল পজিশান নিক। এই ব্যাপারে নন-অ্যালাইনড্ দেশগুলোর মধ্যেও একটা ভাগ আছে। এই ভাগটা হচ্ছে ছয়জন পক্ষে, পাঁচজন বিপক্ষে এবং তিনজন নিউট্রাল থাকার পক্ষে। সুতরাং এখানে কোনো ক্লিয়ার লাইন নেই। সেই জন্য আমরা দাবি জানাচ্ছি, আমেরিকার চাপের কাছে নতিস্বীকার না করে এই প্রস্তাবকে প্রত্যাখ্যান করুন এবং ইরান প্রশ্নে ভারতবর্ষ নিজেদের স্বার্থ দেখে পদক্ষেপ নিক ও জোট নিরপেক্ষ দেশগুলোর সাথে তাল মিলিয়ে চলুক। সেই জন্য এই প্রস্তাবের উপরে আমরা কোনো অ্যামেন্ডমেন্ট দিইনি। দিল্লীতে মনমোহন সিং-এর বিরুদ্ধে আমরা নো-কনফিডেন্স আনব না, আবার ইরান নিয়ে পশ্চিমবঙ্গ বিধানসভায় হাওয়া গরম করব এই দ্বিচারিতা নীতির আমরা বিরোধিতা করছি। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী শেখ ইলিয়াস মহম্মদ : মাননীয় চেয়ারম্যান স্যার, মোশান আন্ডার রুল ১৮৫ অনুযায়ী রবীন দেব ও অন্যান্যরা যে মোশান এনেছেন এই পবিত্র সভাতে তাকে আমি সমর্থন করছি। বিরোধী পক্ষের মাননীয় সদস্যরা এই প্রস্তাবের উপরে যে বক্তব্য রেখেছেন তা খুবই যত্ন সহকারে আমি শুনেছি। আমাদের দেশে যে সরকার চলছে সেটা হচ্ছে ইউ.পি.এ. সরকার। সেই সরকারকে সমর্থন করছে বামপন্থী চারটি দল। কেন আমরা সমর্থন করছি তার কারণ অতীতে আমরা বার বার বলেছি, এখনও বলছি। এই সরকারকে আমরা সমর্থন করছি ঠিকই, কিন্তু জলের সঙ্গে যেমন তেলের সংমিশ্রন ঘটে না, তেমন কমিউনিস্টদের সঙ্গে কংগ্রেসের সংমিশ্রন হয় না। যারা বি.জে.পি. জোট সরকারের সঙ্গী ছিলেন তারা সারা দেশটাকেই গুজরাট বানাতে চেয়েছিলেন।

[11.10—11.20 p.m.]

সাম্প্রদায়িক ফ্যাসিস্ট বি.জে.পি.-র উত্থাপনের গতিকে যদি স্তব্ধ করতে হয় তাহলে ধর্ম নিরপেক্ষতা যেটা অবশ্যম্ভবী সেই ধর্ম নিরপেক্ষ নীতির উপর দাঁড়িয়ে আমরা কেন্দ্রের ইউ.পি.এ. সরকারকে সমর্থন করেছি—একথা দৃঢ়তার সঙ্গে বলতে পারি। সাম্রাজ্যবাদী আগ্রাসন যুগ-যুগ ধরে চলছে। আমেরিকান সাম্রাজ্যবাদী শক্তি সারা পৃথিবীকে তারা তাদের পদতলে নিয়ে আসার প্রক্রিয়া শুরু করেছে। ১৯৯১ সালের এক সন্ধিক্ষণে যখন সোভিয়েট ইউনিয়নের পতন ঘটে, তখন আমেরিকা তার দাদাগিরি এবং সারা বিশ্বে তাদের প্রভুত্ব কায়েম করার জন্য একটার পর একটা জন-বিরোধী পদক্ষেপ গ্রহণ করতে থাকে। তারা আফগানিস্তান আক্রমণ করার পর ইরাকের উপর নৃশংস আক্রমণ করেছে। পর পর এই সমস্ত কাজ করছে। এই সমস্ত কাজের পিছনে ভারতবর্ষের বুকে কোন্ রাজনৈতিক দল আছে যারা সাম্রাজ্যবাদ বিরোধী লাগাতার লড়াই করছে সেই ইতিহাস যদি বিশ্লেষণ করেন তাহলে দেখবেন, যখন আমেরিকান সাম্রাজ্যবাদ কোন জন-বিরোধী নীতি নিয়ে কোন দেশের উপর

আগ্রাসনী মনোভাব নিয়ে সেই দেশের উপর আক্রমণ করে তখনই বামপন্থী কমিউনিস্টরা সারা ভারতবর্ষের বুকে লড়াই করেছে। যে কোনো দেশেরই আণবিক গবেষণা করার অধিকার আছে। ইরান একটা দেশ, তাদেরও গবেষণা করার অধিকার আছে, কিন্তু সেই গবেষণার পিছনে তাদের কোনো কু-মতলব নেই। তারা বলছে, এই আণবিক শক্তিকে কাজে লাগিয়ে তাদের দেশের অগ্রগতি ঘটাতে চায়, মানব সম্পদে ব্যবহার করতে চায়। কিন্তু আমেরিকার গায়ে লাগছে। তারা চাইছে, যেভাবে ইরাক গেছে, যেভাবে আফগানিস্তান গেছে, ঠিক সেইভাবে ইরানকে দমন করতে চায়। এই যদি তাদের পলিসি হয় তাহলে এই জন-বিরোধী পদক্ষেপ নেবার বিরুদ্ধে শ্রী রবীন দেব এবং অন্যান্য মাননীয় সদস্যরা যে প্রস্তাব আজকে নিয়ে এসেছেন সেই প্রস্তাবকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

মিঃ চেয়ারম্যান : নির্ধারিত সময়ের মধ্যে এই প্রস্তাবটি দেখছি শেষ হবে না। তাই, সভার অনুমতি নিয়ে আরো আধঘণ্টা সময় বাড়িয়ে দিলাম। আশা করি, সকলেই সমর্থন করবেন।

শ্রী সত্য সাধন চক্রবর্তী : I think the Resolution is in English as I shall speak in to Bengali—এটা একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রস্তাব এবং দলমত-নির্বিশেষে মাননীয় সদস্যরা স্বীকার করবেন যে গোটা পৃথিবী একটা জটিল অবস্থার মধ্যে দিয়ে চলেছে। আমরা যারা আন্তর্জাতিক ইতিহাসের ছাত্র, আমরা সবিস্ময়ে লক্ষ করছি যে, ধাপে-ধাপে কিভাবে মার্কিন যুক্তরাষ্ট্র দীর্ঘদিন ধরে তাদের খণ্ডিত বৈদেশিক নীতি চালিয়ে যাচ্ছেন এবং তরা এটা কিন্তু লুকিয়ে রাখেননি। রোনাল্ড রেগন তাঁর বক্তৃতায় পরিষ্কার বলেছেন যে, আমাদের বৈদেশিক নীতির লক্ষ্য হচ্ছে, পৃথিবীকে প্রথম মহাযুদ্ধের আগের অবস্থায় ফিরিয়ে নিয়ে যাওয়া, টু রোল ব্যাক হিস্ট্রি। তাহলে প্রথম মহাযুদ্ধের আগের অবস্থায় ফিরিয়ে নিয়ে যাওয়া হলে এর মধ্যে কি ঘটেছে ? এর মধ্যে সামন্ত্রতান্ত্রিক দেশ হয়েছে। আমাদের মতো কলোনিগুলি যেগুলি আগে উপনিবেশিক শোষণের মৃগয়া ক্ষেত্র ছিল সেগুলি স্বাধীন সার্বভৌম রাষ্ট্র হিসাবে আত্মপ্রকাশ করেছে। শুধু তাই নয়, ভারতবর্ষের মতো আরো কিছু দেশ স্বাধীন অর্থনৈতিক বিকাশের কর্মসূচি নিয়ে এগিয়ে চলেছে। তাদের যে প্রাকৃতিক এবং মানব সম্পদ আছে, তার বিকাশ অব্যাহত থাকলে সাম্রাজ্যবাদী দেশগুলি তুলনামূলক ভাবে দুর্বল হবে। এবং তাদের আধিপত্য থাকবে না। তাদের লক্ষ্য ছিল প্রথমত সমাজতান্ত্রিক দুনিয়াকে শেষ করা। যদি সমাজতান্ত্রিক দুনিয়া শেষ হয়, তাহলে এই তৃতীয় দুনিয়ার যে স্বাধীন দেশগুলি আছে ; সেই সব দেশের বাজার, প্রাকৃতিক সম্পদ সবকিছুই এই সাম্রাজ্যবাদী দেশগুলি লুণ্ঠন করতে পারবে। যদি তৃতীয় দুনিয়ার দেশগুলি তাদের সম্পদ, সামরিক শক্তি অক্ষত রাখতে পারে তাহলে সাম্রাজ্যবাদী শক্তির লক্ষ্য পূরণ হবে না। তাই তারা কি করল ? প্রথমে সমাজতান্ত্রিক দেশগুলিকে ভেঙে দিল। বিভিন্ন কারণে সোভিয়েট ইউনিয়ন আর রইল না এবং পূর্ব ইউরোপের দেশগুলোর অর্থনৈতিক অবস্থারও পরিবর্তন ঘটে গেল। সবচেয়ে বড় ব্যাপার হল, আপনারা লক্ষ করবেন যে আমেরিকা পরিষ্কারভাবে ঘোষণা করল যে তারা পৃথিবীর ওপর তার সম্পদের ওপর একাধিপত্য

একমাত্র তাদের কাছেই থাকবে সুপার পাওয়ার। এবং পৃথিবীর ওপর তারা আধিপত্য করবে। আমি সেই আলোচনায় যাচ্ছি না। একটা উদাহরণ দিই—কি বলা হল যে ইরাকে নাকি মারাত্মক বিধ্বংসী অস্ত্র আছে। তার কোনো প্রমাণ নেই। প্রমাণ করাও গেল না এবং তারা ইরাকের ওপর ঝাঁপিয়ে পড়ল তাদের সমস্ত শক্তি নিয়ে। দ্বিতীয় বিশ্ব যুদ্ধের পর যখন ইউনাইটেড নেশনস তৈরি হয়েছিল, তখন ইউনাইটেড নেশনসের চ্যার্টারে এরকম বলা হয়েছিল যে যুদ্ধ করতে পারে একমাত্র ইউনাইটেড নেশনস আর বাকি সমস্ত যুদ্ধ বেআইনি। আত্মরক্ষার জন্য যুদ্ধ করা যায়। ইউনাইটেড নেশনসকে সম্পূর্ণ উপেক্ষা করে একটা দেশের ওপর বর্বর ভাবে তারা ঝাঁপিয়ে পড়ল। তারা এক ধ্বংসলীলা শুরু করে দিল। আমেরিকা জানতো যে ইরাকে কোনোরকম অস্ত্রশস্ত্র নেই। তাও তারা বর্বরভাবে একটা দেশের ওপর ঝাঁপিয়ে পড়ে শুধু শুরু করল। আর এবার আপনারা বলুন ইরাক, ইরানের যুদ্ধের সময় কে অস্ত্র সরবরাহ করেছিল ? আমেরিকা নিজে। লাদেনকে কারা তৈরি করেছিল ? আমেরিকা নিজে। তাদের আসল লক্ষ্যই ছিল তৈল ক্ষেত্র দখল করা। ইরাকের এই সমস্ত অঞ্চল ছিল তৈল সমৃদ্ধ। আধুনিক শিল্প, সভ্যতা মূলত নির্ভর করে এই তৈল ক্ষেত্র বা ফসিল ফুয়েলের ওপর। এই তৈল রিজার্ভের ওপর। এরপর মার্কিন সাম্রাজ্যবাদ এই তেলের জন্য ইরাকের ওপর ঝাঁপিয়ে পড়ে তাদের আধিপত্য বজায় রাখল। এবার তাদের লক্ষ্য ইরান। আমেরিকা ইরানকে তার তাবেদার করতে চেয়েছিল। এবং সেইসঙ্গে চেয়েছিল তৈল ক্ষেত্রগুলির ওপর তাদের নিয়ন্ত্রণ কায়েম করতে। এ জন্যই তারা আণবিক অস্ত্র, চুক্তি এগুলো সামনে আনছে। মার্কিন সাম্রাজ্যবাদী আণবিক শক্তি ও তার যে ফার্স্ট স্ট্রাইক সুপিরিয়রিটি তাতে তার কোনো শক্তিকে ভয় পাওয়ার দরকার নেই। ইতিমধ্যে সোভিয়েট ইউনিয়ন ভেঙে গেছে, তাই আর কোনো শক্তিকেই তার ভয় পাওয়ার কারণ নেই। আমেরিকার মূল লক্ষ্যই হল—পৃথিবীর সমস্ত তৈল সম্পদকে হস্তগত করা।

[11.20—11.30 p.m.]

গোটা দুনিয়াটাকে দখল করতে চাইছে এই সাম্রাজ্যবাদী শক্তি। তারা পরিষ্কার বলছে, অবাক হয়ে যাবেন তাদের লেখা পড়লে। তাদের যে কাগজ বার হয় সৌগতবাবু সেটা দেখেন। এই সব কাগজে ওদের অধ্যাপকরা বলছে এই সব দেশের কিসের সার্বভৌমত্ব ? ১৩-১৪টি মালটিন্যাশনাল কোম্পানি গোটা দুনিয়াটাকে শাসন করবে। ওদের কিসের ইকনমিক প্ল্যান, ওদের কিসের সার্বভৌমত্ব ? গ্লোবালাইজেশান মানে কি ? সাম্রাজ্যবাদী শক্তি মার্কিন যুক্তরাষ্ট্রের খোলা বাজারে লুণ্ঠন করার অধিকার। এই দেশগুলোর সার্বভৌমত্ব থাকবে না। আমরা স্মরণ করতে পারি গৌরবের সঙ্গে ভারতবর্ষের ভূমিকা। স্বাধীনতার পর থেকে আমরা জোট নিরপেক্ষ গোষ্ঠী তৈরি করবার নেতৃত্ব দিয়েছিলাম। তার দুটি লক্ষ্য ছিল। একটা হল শান্তি, আর একটা হল সাম্রাজ্যবাদী শক্তির বিরোধিতা। শান্তি কেন ? তার কারণ যুদ্ধ হচ্ছে সাম্রাজ্যবাদী ব্যবস্থা টিকে থাকার, পুঁজিবাদী ব্যবস্থা টিকে থাকার একটা উপায়। যুদ্ধ ছাড়া তারা বাঁচতে পারবে না। যুদ্ধ ছাড়া তারা তাদের অর্থনৈতিক ব্যবস্থাটাকে টিকিয়ে রাখতে পারবে না। মার্কিন যুক্তরাষ্ট্রের অর্থনীতি মানে মিলিটারি ইন্ডাস্ট্রিয়াল কমপ্লেক্স। তারা এই যুদ্ধের উপর দাঁড়িয়ে আছে। সারা দুনিয়া দখল করার জন্য যুদ্ধ এবং লোকাল ওয়ার

লাগানো। এটা হচ্ছে তাদের পররাষ্ট্র নীতির একটা অংশ। দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর তারা অনেক যুদ্ধ লাগিয়েছে। আজও তা অব্যাহত। দুর্বল দেশগুলোর সার্বভৌমত্ব রক্ষার্থে ভারতবর্ষের সাম্রাজ্যবাদী বিরোধিতা আমরা সমর্থন করেছি। প্রত্যেক দেশের অর্থনৈতিক বিকাশের স্বাধীনতা আমরা সমর্থন করেছি। যার জন্য নন-অ্যালাইনমেন্ট মুভমেন্ট, জোট নিরপেক্ষ নীতি আমরা সমর্থন করেছি। আজকে কিন্তু দেখতে পাচ্ছি যে মার্কিন সাম্রাজ্যবাদের চাপে কোথাও কোথাও ভারত সরকার মাথা নত করছে। কোথাও কোথাও দ্বিধা দ্বন্দ্ব জড়তা আছে, বলিষ্ঠ ভাবে কথা বলতে পারছে না আমাদের শত সমালোচনা সত্ত্বেও। ইন্দিরা গান্ধী আন্তর্জাতিক ক্ষেত্রে বৃহৎ শক্তির বিরুদ্ধে দৃঢ় অর্থনৈতিক অর্ডারের কথা বলেছেন। আমরা তাকে সমর্থন করেছি। পার্লামেন্টে যেখানে যেখানে ওদের দুর্বলতা ছিল সেখানে আমরা সমর্থন করিনি, যেখানে তাঁরা সবল ছিলেন সেখানে আমরা সমর্থন করেছি। সমস্ত রকম সাম্রাজ্যবাদী বিরোধী বক্তব্যে আমরা সমর্থন করেছি। আমি তখন পার্লামেন্টের মেম্বার। তার সঙ্গে যতটুকু সম্ভব সাহায্য করার চেষ্টা করেছি। হ্যাঁ, আজকে নতুন সরকারের দ্বিধা দুর্বলতা আছে। এই সরকারকে কোনো কোনো বিষয়ে আমরা সমর্থন করছি, কোনো কোনো বিষয়ে আমরা সমর্থন করছি না। সাম্রাজ্যবাদী শক্তির বিরুদ্ধে এবং তার সঙ্গে আরো মারাত্মক শক্তিকে ঠেকাবার ক্ষেত্রে আমরা সহযোগিতা করছি এবং সমর্থন করছি। পঙ্কজবাবু আপনি দেখবেন আমরা পরিষ্কার বলেছি আমরা সমর্থন করব আবার বিরোধিতাও করব। যেখানে ভুল করবেন সেখানে আমরা বিরোধিতা করব। আপনাদের নেত্রী শ্রীমতী মমতা ব্যানার্জিও বলেছিলেন আমরা বি.জে.পি.-কে সমর্থন করব, আবার একটা জায়গায় বলেছেন কোনো কোনো ক্ষেত্রে বিরোধিতা করব। আমরা এই কথা পরিষ্কার বলেছি এবং যার জন্য আমরা সরকারে যাইনি। ওদের সঙ্গে যেখানে আমাদের বিরোধ আছে সেখানে আমরা বিরোধিতা করব। যেখানে ওরা জনগণের বিরুদ্ধে যাবে সেখানে আমরা বিরোধিতা করব, যেখানে ওরা সাম্রাজ্যবাদের সঙ্গে আপস করবে সেখানে আমরা বিরোধিতা করব, জোট নিরপেক্ষের বিরোধিতা করলে আমরা বিরোধিতা করব। যেখানে দেখব এটা সমর্থনযোগ্য সেখানে তাদের আমরা সমর্থন করব। কোনো বৃহত্তর বিপদকে যদি ঠেকাবার দরকার হয় সেখানে আমরা তাদের সমর্থন করব। আমরা এই কথা পরিষ্কার বলেছি, এর মধ্যে কোনো কুয়াশা নেই ধোঁয়াসা নেই। তাই আজকে এই প্রস্তাবটা অত্যন্ত গুরুত্বপূর্ণ। আসুন, আমরা সকলে মিলে এটাকে সমর্থন করি। পশ্চিমবাংলার মানুষের যে মনোভাব এই প্রস্তাবে প্রতিফলিত হয়েছে, সেই মনোভাব আমরা গ্রহণ করে সেটা দিল্লিতে পাঠিয়ে দিই।

শ্রী রবীন দেব : আমাদের যে সমস্ত সদস্য, মাননীয় মন্ত্রী—এই প্রস্তাবের উপর আলোচনায় অংশ নিয়েছেন, ওনাদের সকলকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। বিরোধীদের নেতা পঙ্কজবাবু শুরুতেই বলেছেন 'দ্বিচারিতা'। না, কোনো দ্বিচারিতা নয়। সাম্রাজ্যবাদের বিরুদ্ধে আমাদের দেশের স্বাধীন পররাষ্ট্র নীতির পক্ষে আমাদের অবস্থান একেবারে সোজাসুজি হয়ে দাঁড়িয়ে। এই সম্পর্কে কোনো দ্বিচারিতা নেই। এই ব্যাপারে আমরা নিরবচ্ছিন্নভাবে আমাদের অবস্থান ঘোষণা করেছি। এই কথা মনে করিয়ে দিতে চাই, ২০০৩ সালে যখন ইরাকের উপর আক্রমণ ঘটে, তখন আমরা এখানে প্রস্তাব দিয়েছিলাম—বিশেষ করে মাননীয় সদস্য

পঙ্কজবাবুকে অনুরোধ জানাব—আপনি একটু মনে করে দেখুন—ইরাকের উপর যখন আক্রমণ ঘটায়—সেই সাম্রাজ্যবাদীরা সমস্ত কিছু লঙ্ঘন করে—জাতি সঙ্ঘের সমস্ত কিছু নিয়ম-কানুন লঙ্ঘন করে—তখন আমরা এই বিধানসভায় সর্বদলীয় প্রস্তাব নিয়েছিলাম। মাননীয় অসিতবাবু এটা মনে রাখুন যে, এই বিধানসভা থেকে ২৪ মার্চ ২০০৩, আমরা মার্কিন প্রচার দপ্তরের সামনে সর্বদলীয় প্রতিনিধি দল গিয়ে এখানকার উপরাষ্ট্র দূতের সঙ্গে দেখা করেছিলাম। যদিও সমস্যা হচ্ছে এই যে তৃণমূল কংগ্রেসের প্রতিনিধি দল—যাদের পরবর্তীকালে তাদের নেত্রীর কাছে ধমক খেয়েছিলেন। এটাই হচ্ছে দ্বিচারিতা, এই দ্বিচারিতা হচ্ছে তৃণমূলের পক্ষে। পঙ্কজবাবু দল কোন সময় কোথায় থাকে ঠিক নেই। আমরা এই অবস্থান কেন নিলাম ? সৌগতবাবু বললেন, আজকেই আলোচনা হচ্ছে। সৌগতবাবু জানেন, আপনাদের দলের নেত্রী বলেছিলেন 'যে তোমায় ছাড়ে ছাড়ুক, আমরা তাদের ছাড়ছি না।' অর্থাৎ বি.জে.পি.-কে ছাড়ছি না। বি.জে.পি.-র অবস্থান কি ? তারা কেন আজকে এই রকম অবস্থান নিচ্ছে ? যখন আমরা ইরানের প্রশ্নে দৃঢ়, অবস্থান নিচ্ছি। অসিতবাবুকে মনে করিয়ে দিই, UPA Government will pursue its Indian foreign policy keeping in mind its past tradition—এটাই হচ্ছে কমন মিনিমাম প্রোগ্রামে আপনাদের ঘোষণা। যেটা আপনাদের উপর আমাদের একটা নির্দিষ্ট ভূমিকা ছিল। আমাদের মাননীয় এস. ইউ. সি. আই. সদস্য মাঝে মাঝে জেগে ওঠেন। আমি ওনাকে বলছি, আমাদের এখানে কোনো অস্বচ্ছতা নেই। আমাদের অবস্থান দৃঢ়। যে মুহূর্তে আমরা দেখছি, কমন মিনিমাম প্রোগ্রাম থেকে কংগ্রেস, ইউ.পি.এ. গভর্নমেন্ট ডিপ্যারচার করছে, সরে আসছে, তখন থেকেই আমরা প্রতিবাদ করছি। তার সূত্রপাত কবে ? অসিতবাবু জিজ্ঞাসা করছিলেন, এর আগে কি ঘটেছে ? ১৮ জুলাই আমেরিকার সঙ্গে অসামরিক পরমাণু সহযোগিতা চুক্তির ফলে ভারতের স্বাধীন বিদেশি নীতিকে কলঙ্কিত করার প্রক্রিয়া শুরু হয়েছে। তারপর ২৪ সেপ্টেম্বর ইরানের প্রশ্নে মার্কিন সাম্রাজ্যবাদের কাছে মাথা নত করে ওই বৈঠকে ভারত সরকার আমেরিকাকে সমর্থন জানিয়েছে। তারপর থেকেই আমরা ধারাবাহিক ভাবে এই সরকারের বিরুদ্ধে। সরকারের যে ডিপারচার, কমন মিনিমাম প্রোগ্রামের ঘোষিত নীতি—আমাদের দীর্ঘদিনের। মাননীয় মন্ত্রী বলেছেন, জোট নিরপেক্ষ নীতি। অসিতবাবুও সঠিকভাবে বলেছেন—জওহরলাল নেহেরু থেকে আরম্ভ করে ইন্দিরা গান্ধী, রাজীব গান্ধী জোট নিরপেক্ষ নীতিকে তুলে ধরেছিলেন সারা দুনিয়ায়। ১৯২টি দেশের মধ্যে—এখন দেখছেন ক্রমান্বয়ে মার্কিন সাম্রাজ্যবাদের পক্ষে—যারা এক সময়ে ছিল—ইরাকেও সম্প্রতি কিউবার প্রশ্নে দেখছেন—যখন জাতি সঙ্ঘ আলোচনা হয়—১৮৬টি দেশ এখন মার্কিন সাম্রাজ্যবাদের বিরোধিতা করছে। কমতে কমতে তাদের পক্ষে এখন ৬টি দেশ এসে দাঁড়িয়েছে। তাহলে আমাদের ১০২ কোটি মানুষের দেশ কেন এই দৃঢ় অবস্থান নিতে পারবে না ? আজকে খোদ মার্কিন মুল্লুকের সামনে দাঁড়িয়ে যেমন কিউবার নেতৃত্বে ভেনিজুয়েলা থেকে শুরু করে ছোট ছোট দেশগুলো বলেভিয়া পর্যন্ত লড়াই করে সাম্রাজ্যবাদের জোয়ার থেকে বেরিয়ে তাদের হুমকিকে উপেক্ষা করে তারা আজকে দৃঢ় অবস্থান নিয়েছে, তাদের দেশের মাটিতে বামপন্থীদের পক্ষে অবস্থান নিয়ে তারা দেশের মানুষের আস্থা অর্জন করেছে, তাহলে আমরা

কেন পারব না ? এটাই হচ্ছে আমাদের প্রশ্ন, এটাই হচ্ছে আমাদের লজ্জার দিক। বিশ্ব হিন্দু পরিষদ, বজরং দল, আর.এস.এস. তারা স্বাগত জানাচ্ছে ডঃ মনমোহন সিংহের সরকারকে, ইউ.পি.এ. সরকারকে।

[11.30—11.40 p.m.]

ডঃ মনমোহন সিংয়ের অবস্থানকে বিজেপি সমর্থন জানিয়েছে। অসিতবাবু, আজকে কেন বলছেন, গত পরশুদিন বিজেপি'র নেতা মনমোহন সিংকে আশ্বাস দিয়েছে, 'ইরানের প্রশ্নে আপনি যে অবস্থান নিচ্ছেন তাকে আমরা সমর্থন করব'। কিন্তু ২৪ সেপ্টেম্বর এবং তার আগে ১৫ জুলাই যে ডিসিশন নিয়েছিলেন, সমস্ত কিছু গোপন রেখেছিলেন। এই কথা আমরা আমাদের প্রস্তাবের মধ্যে উল্লেখ করেছি। আমরা চাই পার্লামেন্টে খোলাখুলি আলোচনা হোক এই প্রশ্নে। সেখানে আলোচনা করে করুন, আপনি ব্যবস্থা নিন। আপনি আলোচনা করুন। আমরা কেন মার্কিন সাম্রাজ্যবাদের কাছে মাথা নত করব ? ইরান আমাদের গ্যাস সরবরাহ করবে, তা কি মার্কিনিদের দয়ায় সরবরাহ করবে ? ১০২ কোটি মানুষের দেশ আমাদের। ওদের কাছ থেকে আমাদের পরমাণু সাহায্য দরকার। কিন্তু তা কি দয়া করে দেবে ? আমাদের শক্তিকে আমরা যদি দুনিয়াব্যাপী তুলে ধরি তাহলে ওরা বাধ্য হবে দিতে। ব্রাজিল থেকে আরম্ভ করে আর্জেন্টিনা ছোট ছোট দেশগুলো যা করছে, আমেরিকা কতবার চেষ্টা করেছিল—হাইতি সাম্রাজ্যবাদের বিরুদ্ধে তাদের অবস্থান নেয়, তাদের প্রতিনিধি নির্বাচন করতে পিছু হঠেনি। ১৯০ বছর ধরে চলতে থাকা ব্রিটিশ সাম্রাজ্যবাদের শাসন থেকে, তাদের শৃঙ্খল থেকে মুক্ত হবার জন্য ব্রিটিশ সাম্রাজ্যবাদের বিরুদ্ধে আমরা আন্দোলন করেছি। এটাই আমাদের ঐতিহ্য। সাম্রাজ্যবাদী শক্তি কত ভয়ংকর তা আপনারা জানেন। এখন যেটা হচ্ছে—বিজেপি এবং তাদের যে রাষ্ট্রীয় স্বয়ংসেবক দল, তারা সমর্থন করছে। এই দল তারা কি ভাবে হিটলারকে সমর্থন করেছে, এখনও করছে—হিটলারকে গৌরবান্বিত করার সুযোগ পেলে তারা পিছপা হয় না। আমেরিকান সাম্রাজ্যবাদ ২০০৪-'০৫ সালে প্রতিরক্ষা খাতে বাজেট ধার্য করেছে ৪৬৬ কোটি বিলিয়ন ডলার। আমাদের পৃথিবীর বাকি ১৯১টি দেশে তার পরিমাণ, প্রতিরক্ষা খাতে বরাদ্দ মাত্র ৫০০ কোটি বিলিয়ন ডলার। এগুলেকে খেয়াল রাখতে হবে। তারা ইরাকের প্রশ্নে কি ভূমিকা পালন করেছে তা আপনারা জানেন। আপনারা দেখেছেন ইরাকের ওপরে তারা কি ভাবে নির্যাতন চালিয়েছিল। সংবাদপত্রের প্রতিনিধিরা ছাপিয়েছেন কত নৃশংস ভাবে সেখানে অত্যাচার চালিয়েছে। আমি ভেনেজুয়েলায় গিয়েছিলাম, আপনাদের কল্যাণ বন্দ্যোপাধ্যায়ও গিয়েছিলেন। আমরা ওখানে গিয়ে দেখেছিলাম একটা ইন্টারন্যাশানাল ট্রাইবুন্যাল হচ্ছিল, সেখানে একজন মেকসিকান ভদ্রলোক সাক্ষী দিচ্ছিলেন। ভদ্রলোক তাঁর ২২ বছরের ছেলেকে আমেরিকাতে পড়তে পাঠিয়েছিলেন। তাকে বাধ্য করা হয়েছিল ইরাকে যুদ্ধে যেতে। তার ওপরে অত্যাচার চালিয়েছে। আমেরিকান সৈন্যরা ইরাকে মহিলাদের ওপরে নৃশংস অত্যাচার করেছে, তাদের ওপরে বলাৎকার চালিয়েছে। ছেলেটি তার বাবার কাছে লিখেছে, ভিডিও করেছে এবং তা তার বাবার কাছে পাঠায়। সে বলে, 'আমি গিয়েছিলাম উচ্চশিক্ষার জন্য পড়তে। আমাকে জোর করে ইরাকে

পাঠায়'। তারপর তাকে খুন করা হয়। ভেনেজুয়েলাতে সাক্ষী দিতে এসে ভদ্রলোক ওই দলিল উপস্থাপন করেছিলেন। তাপস রায় ১৯৯৭ সালে হাভানায় ইন্টারন্যাশানাল ট্রাইবুন্যাল প্রত্যক্ষ করেছেন। এবারে আমরা ভেনেজুয়েলায় গিয়ে প্রত্যক্ষ করেছি কত নৃশংস ভাবে সাম্রাজ্যবাদী শক্তি ঘটনা ঘটিয়েছে। আমাদের প্রস্তাবের মধ্যে সেই কথাই বলেছি। আমাদের কোনো দ্বিচারিতা নেই, কোনো দোলাচল নেই। বামপন্থীদের ওপরে আক্রমণ চলছে। আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী গত ৩ জুলাই 'গণশক্তির' একটা অনুষ্ঠানে বক্তৃতা দিয়েছেন এবং ৮ জানুয়ারি ব্রিগেডে বক্তৃতা দিয়েছেন। তিনি বলেছেন, গোটা দুনিয়ায় মানবতার সবচেয়ে বড় শত্রু আমেরিকা। দেবপ্রসাদবাবু, আমাদের কোনো দোলাচল নেই। আমেরিকান সাম্রাজ্যবাদের হুমকি আমরা মানছি না। তার জন্যই আমরা আমাদের প্রস্তাবে বলেছি, এই প্রস্তাব উত্থাপন করেছি। যাঁরা প্রস্তাব এনেছেন তাঁদের কথা পঙ্কজবাবু বললেন। ভাল, কিন্তু সেখানে তৃণমূল নেই, কংগ্রেস নেই। এটা থাকলে ভাল হত। এটাও এখানে রেকর্ড রয়েছে। আজকে দেখা যাচ্ছে ইরানের উপর আক্রমণ হচ্ছে। ইরাক দিয়ে শুরু হয়েছিল। তার পরে ইরান, আফগানিস্থান, সিরিয়া, কোরিয়ায় নিয়ে যাওয়ার চেষ্টা হচ্ছে এবং সমস্ত দিক থেকে এশিয়াকে দুর্বল করার চেষ্টা হচ্ছে। চীনকে লক্ষ্য করে এগোবার চেষ্টাও করেছিল, কিন্তু পারেনি। বর্তমানে ১০২ কোটি মানুষের দেশ আমাদের ভারতবর্ষ, আমাদের সাম্রাজ্যবাদ বিরোধী যে ঐতিহ্য—ক্ষুদিরাম, প্রফুল্ল চাকী, মাতঙ্গিনী হাজরা, বিনয়-বাদল-দীনেশ থেকে আসফাকুল্লা—যাঁরা সাম্রাজ্যবাদের বিরুদ্ধে চিরকাল লড়াই করে এসেছেন তাঁদের কথা মনে রেখে এই সাম্রাজ্যবাদ বিরোধী লড়াইয়ে, ইরানের প্রশ্নে ভারত সরকার তাদের স্বাধীন পররাষ্ট্র নীতি যে কোনো মূল্যে যাতে অম্লান রাখতে পারে সেই দিক থেকে লক্ষ্য রেখে এই প্রস্তাব এখানে উত্থাপন করা হয়েছে। আমি আশা করব, আমাদের এই প্রস্তাবের পক্ষে সারা দেশের মানুষ জেগে উঠছে, সারা পৃথিবীর মানুষ সাম্রাজ্যবাদকে বিচ্ছিন্ন করছে এবং তার ফলাফল হচ্ছে ব্রাজিল থেকে বলিভিয়া, হাইতি—সেখানে আমরা দেখছি সাম্রাজ্যবাদের প্রতি বিরোধিতা হচ্ছে। মাননীয় সদস্যদের অনুরোধ করব, আপনারা সবাই মিলে এই প্রস্তাবের পক্ষে দাঁড়াবেন তা সে যেখানে যাঁর টিকি বাঁধা থাক না কেন, যে দলের সদস্য হোন না কেন। সকলে এই প্রস্তাবের পক্ষে দাঁড়াবেন এই বিশ্বাস রেখে আমার বক্তব্য শেষ করছি।

Mr. Chairman (Shri Kashinath Mishra): There is no amendment to the Motion.

The motion of Shri Rabin Deb that—

This House notes with grave concern,—

that the Union Government is surrendering before the Imperialist countries on important external matters including India's stand on atomic power programme of Iran in the meeting of the International Atomic Energy Agency at the will of big powers of the world ;

that in spite of announcement by the Iran to co-operate with International Atomic Energy Agency the Imperialists of the world are trying to capture Iran as they did with Iraq ;

that the Imperialist Forces of the world are also interfering in the Research and Development work on atomic power of our country uninterruptedly ; and

that the present role of Union Government is a severe departure from the declared non-alignment policy of the country and also is against the opinion of Indian people and in contravention of Common Minimum Programme of United Progressive Alliance.

This House also notes,—

that not only the people of Iran but also the people of Third World countries are much worried and shocked to see the role of our country on the issue of Iran, which has no programme of producing atomic weapon ;

that the leader of the Imperialist countries is the owner of largest atomic weapons and they abused atomic weapons several times on different countries; and

that Imperialist Forces are not active when the countries loyal to them make atomic weapons.

This House, therefore, urges upon the Union Government through the State Government to revise its present external policy and to decide the issue on Iran through full-fledged discussion in the Parliament of the country.

—was then put and agreed to.

Mr. Chairman : Now, discussion on the Motion Under Rule 185. I would now request Shri Saugata Roy to move his motion.

Shri Saugata Roy : Sir, I beg to move that—whereas, the State Government has evicted peasants to establish the New Town at Rajarhat ;

Whereas, the State Government proposes to acquire 5000 acres of land in South 24-Parganas for the Salim Saputra group ;

Whereas, peasants are being evicted in Dankuni, Farakka, Siliguri and other places for setting up industry/housing projects;

Whereas, there is no transparency in these land deals; and

Whereas, there are a lot of complaints of irregularities in these land deals;

This House, therefore, urges on the State Government to publish a white paper on all such land deals as also to establish transparency in all such land deals in future.

স্যার, আমার আনা মোশান ছাপা হয়েছে। পশ্চিমবাংলায় কৃষি জমি দিয়ে দেওয়ার ব্যাপারে এবং রাজারহাটের ল্যান্ড ডিলের ব্যাপারে আমি প্রস্তাব করছি। আমার মূল বক্তব্য আমি পরে রাখব। আমার ১০ মিনিট রেখে দেবেন।

Mr. Chairman: There is no amendment to the Motion.

শ্রী রবীন দেব : মাননীয় চেয়ারম্যান স্যার, মাননীয় সৌগতবাবু এখানে যে প্রস্তাব উত্থাপন করলেন সে ব্যাপারে বলি, এই প্রস্তাব হচ্ছে তিনি যে দলকে প্রতিনিধিত্ব করেন, তিনি যে রাজনৈতিক দলকে নিয়ে চলেন, তাঁদের নীতি, মতবাদ, কার্যকলাপ যখন মানুষের কাছে গ্রহণযোগ্যতা পাচ্ছে না তখন তাঁরা এই রাজ্যের উন্নয়নের গতিকে প্রতিহত করার জন্য, মানুষের মধ্যে বিভ্রান্তি ছড়ানোর জন্য সারা দেশে এবং সারা দুনিয়ায় রাজ্যের এই যে অগ্রগতি, কৃষির উপর ভিত্তি করে শিল্পে অগ্রগতি ঘটাবার জন্য রাজ্য সরকার যখন একটার পর একটা পদক্ষেপ গ্রহণ করছে আর তার ফলে তৃণমূল-সহ তার সঙ্গীদের পায়ের তলা থেকে মাটি সরে যাচ্ছে তখন সেই প্রশ্নে তাঁরা বিধানসভায় একটা নন-অফিসিয়াল মোশান উপস্থিত করলেন। তাঁদের প্রস্তাবের ছত্রে ছত্রে তাঁদের যে অযৌক্তিক বক্তব্য তার নিদর্শন রয়েছে। মাননীয় চেয়ারম্যান স্যার, আমি সমস্ত বিষয়গুলো সম্পর্কে বক্তব্য রাখব না, আমাদের মাননীয় মন্ত্রী আবদুল রেজ্জাক মোল্লা সাহেব আছেন, তিনি তাঁর বক্তব্য রাখবেন।

আমি শুধু দুটো কথা উল্লেখ করব। প্রথমে বলছি শিল্পের কথা। আপনারা আজকে জমির কথা বলছেন। কিন্তু আপনারাই এক সময়ে বলেছেন 'কেন শিল্প হচ্ছে না ?' আর, আজকে শিল্পের ক্ষেত্রে যখন আমরা সামনের সারিতে এসে উপস্থিত হয়েছি, তখন বলছেন 'শিল্পের জন্য জমি নেওয়া চলবে না'।

[11.40—11.50 p.m.]

শিল্পের জন্য তো জমি দরকার, তা না হলে শিল্প হবে কোথায়—আকাশে ? এই বিরোধীপক্ষ বারেবারে বলে আসছেন কৃষিজমিকে শিল্পে নেবার ফলে কৃষকরা ক্ষতিগ্রস্ত হচ্ছে। আমি এটুকু বলতে পারি ১৯৯১ সাল থেকে ২০০১ সালের যে সেনসাস রিপোর্ট বেরিয়েছে তাতে কিন্তু এই তথ্য নেই। আপনাদের নিশ্চয় মনে আছে শিল্পের জন্য ১৯৯৪ সালে ২৩শে

সেপ্টেম্বর তদানীন্তন মাননীয় মুখ্যমন্ত্রী জ্যোতিবাবু শিল্পনীতি এই বিধানসভাতেই ঘোষণা করেছিলেন। তারপর থেকেই আমরা দেখছি শিল্পের জন্য গ্রামের অর্থনীতিকে চাঙ্গা করে, ক্রয় ক্ষমতা বৃদ্ধি এবং ২০ হাজার কোটি টাকার অভ্যন্তরীণ বাজার তৈরি হওয়ার ফলে কিছুটা শিল্পের বিকাশ ঘটেছে। এই প্রক্রিয়ার ফলে আমরা দেখছি আপনারা বেসামাল হয়ে পড়ে এই প্রস্তাব এনে বিরোধিতা করতে শুরু করেছেন। একটু যদি দেখেন তাহলে দেখবেন যে, সেনসাস রিপোর্ট কি বলছে—কৃষির জমি শিল্পের জন্য দেওয়ার কারণে এই রাজ্যে কৃষি জমির পরিমাণ কমে যাচ্ছে না। যেখানে আপনারা বারেবারে বলছেন যে, শিল্পে জমি দেওয়ার ফলে কৃষির জমি কমে যাচ্ছে, সেনসাস রিপোর্ট বলছে ১৯৯১ সালে আমাদের রাজ্যে চাষযোগ্য জমির পরিমাণ ছিল ৫৪ লক্ষ ৫৭ হেক্টর, আর আজকে ২০০১ সালে ওই অবস্থার মধ্যে থেকেও সেনসাস রিপোর্ট বলছে জমির পরিমাণ ৫৪ লক্ষ ৫০ হাজার হেক্টর। শিল্পের বিকাশ ঘটছে, শিল্পের জন্য জমিও দেওয়া হচ্ছে, কিন্তু চাষযোগ্য জমির পরিমাণ একটা সেনসাস থেকে আরেকটা সেনসাস রিপোর্টে কমছে না। আমি শুধু এক্ষেত্রে একটা উদাহরণ রাখছি—মাননীয় সৌগত রায় মোশান এনেছেন নিউ টাউনশিপ করার ব্যাপারে। আমরা চাই আমাদের রাজ্যে নগরায়ন হোক। আমাদের সরকার যখন এই রাজ্যে প্রথম শাসন ক্ষমতায় আসে তখন এই রজ্যের জনসংখ্যা ছিল ৪ কোটি ৪৮ লক্ষ আর বর্তমানে সেই সংখ্যা দাঁড়িয়েছে ৮ কোটি ২ লক্ষতে। সেনসাস রিপোর্টের ভিত্তিতে আমি বলছি। এই সময়ের মধ্যে আমাদের রাজ্যের যে অগ্রগতি, তার সঙ্গে জনসংখ্যা মিলিয়ে তাদের খাদ্য, বস্ত্র, বাসস্থানের গ্যারান্টি দিতে হবে। তার সঙ্গে এই সরকারের নীতির ফলে গ্রামের অর্থনীতিকে চাঙ্গা করে গ্রাম নিয়েছে গঞ্জের রূপ, গঞ্জ নিয়েছে শহরের রূপ, শহর নিয়েছে নগরের রূপ। তার জন্যই আমরা দেখছি গ্রাম পঞ্চায়েতের সংখ্যা ১৯৭৮ সাল থেকে ৮৩ সাল, ১৯৮৩ সাল থেকে ৮৮ সালে, ১৯৮৮ সাল থেকে ১৯৯৩ সালে, ১৯৯৩ সাল থেকে ১৯৯৮ সাল, ১৯৯৮ সাল থেকে ২০০৩ পর্যন্ত কমেছে। তার কারণ হচ্ছে গ্রাম গঞ্জের রূপ নিয়েছে, গঞ্জ শহরের রূপ নিয়েছে। আমরা সব কিছুই করেছি ক্ষমতা বিকেন্দ্রীকরণের মাধ্যমে। সেখানে এইভাবে গ্রামকে আমরা শহরের রূপে নিয়ে আসতে পেরেছি এবং নগরায়ন করার ব্যবস্থা করতে চাইছি। এইভাবেই নোটিফায়েড এরিয়া অথরিটি করা হয়েছে, আবার তার জন্য কোথাও কোথাও মিউনিসিপ্যালিটি করা হয়েছে, আবার মিউনিসিপ্যালিটির থেকে কর্পোরেশানে আনা হয়েছে। পঞ্চায়েত কমছে, পঞ্চায়েতের উপরে নোটিফায়েড এরিয়া, তার উপরে মিউনিসিপ্যলিটি, তার উপরে কর্পোরেশান, এইভাবে ক্রমশ বাড়ছে, তার মানে নগরায়ন হচ্ছে। এক সময়ে আমাদের রাজ্যেই আমরা বলতাম ৮০ শতাংশ মানুষ গ্রামে বাস করে, এখন সেই সংখ্যাটা কমেছে। কৃষির উপর যে নির্ভরশীলতা, সেই সংখ্যাটা এখন কমছে। এখন সেনসাস রিপোর্ট অনুযায়ী সেই সংখ্যাটা কমে ৭২ শতাংশতে দাঁড়িয়েছে। আমরা নগরায়নের ক্ষেত্রে ৩৫ শতাংশে আসতে পেরেছি। এইভাবে নগরায়নের ফলে ক্রমশ মানুষকে পঞ্চায়েত থেকে সরিয়ে এনে কোথাও মিউনিসিপ্যালিটিতে, কোথাও কর্পোরেশনের অধীনে কোথাও আবার নোটিফায়েড এরিয়া অথরিটির অধীনে লোকেদের নথিভুক্ত করা হয়েছে। এই যে তাদের নথিভুক্ত করা হয়েছে তাদের বাসস্থানের তো ব্যবস্থা

করতে হবে, তাদের কর্মসংস্থানের ব্যবস্থা করতে হবে। তার জন্যও তো জমির দরকার। আমি এক সময়ে গ্রামে বাস করতাম, আমি জানি গ্রামের চেহারা। গ্রামে চাষযোগ্য জমিতে ফসল উৎপাদনের পরে সেটা বিক্রি করে যে উদ্বৃত্ত থাকছে তা দিয়ে খেয়ে পরে যা থাকছে তাই দিয়ে ওই জমিতেই বাড়ি তৈরি করছে। একটা সময় ছিল যখন বাসস্থানের জন্য একটা ঘরেই এক পরিবারের ৪টে ছেলে থাকত, এখন সেখানে তিনটে, চারটে ঘর করতে হচ্ছে। সেই জমির উপরেই বাড়িটাকে বড় করে তৈরি করতে হচ্ছে। মাননীয় সদস্য সৌগত রায়কে স্মরণ করিয়ে দিই এই যে নিউ টাউনশিপ রাজারহাটে গড়ে উঠেছে, সেই সময়ে যে পরিকল্পনা নেওয়া হয়েছিল কৃষি জমিকে রূপান্তরিত করার ব্যাপারে তার আমি উল্লেখ করছি। এই জমি ডিস্ট্রিবিউশানের জন্য একটা কমিটি তৈরি করা হয়েছিল, সেই কমিটির নাম হচ্ছে ল্যান্ড প্রক্রিওরমেন্ট কমিটি, সেই কমিটির মধ্যে আপনাদেরই দলের মাননীয় সদস্য শ্রী তন্ময় মণ্ডল আছেন। সেই প্রতিনিধিদের নিয়ে সেই জমি প্রথম চিহ্নিত করা এবং সেই জমির দর নির্ধারণ করা, জমির দর কিভবে নির্ধারণ করা হয়েছে : Average price sale price of land per Kattha as per sale price in 1976-77, তারা ঠিক করেছিলেন। তারপর ঠিক করেছেন এই ল্যান্ড প্রোক্রিওরমেন্ট কমিটি। তারা বলেছিলেন ১০ হাজার ৫০০ টাকা হবে তাদের এই জমি কাঠা প্রতি। তারপর বললাম এই যে ল্যান্ড অ্যাকিউজিশান ডিপার্টমেন্টের মাননীয় মন্ত্রী রেজ্জাক মোল্লা তাঁকে। তারা ঠিক করে দিলেন কৃষকদের এই জমির দাম যে, ১০ হাজার টাকা নয়। গোপালপুরে হয়েছে ২২ হাজার ৪৩৪ টাকা, য়াত্রাগাছিতে হয়েছে ১০ হাজার টাকা, মহিষবাথানে হয়েছে ৬ হাজার ৩০০ টাকা। কোনো দিক দিয়ে সাধারণভাবে যে দর তার থেকে কোনো অংশে কৃষকদের তার জমির দাম কম দেওয়া হয়নি। নির্দিষ্টভাবে ওই যে ল্যান্ড প্রোক্রিওরমেন্ট কমিটি জমির দাম ঠিক করেছিলেন সেইভাবেই দেওয়া হয়েছে। এর সঙ্গে বণ্টনের প্রশ্নও উঠেছে, সেখানে বড়লোক এবং এইসব বড় বড় যে সংস্তা, রাষ্ট্রায়ত্ত সংস্থা যে জমি নিয়েছে, মাননীয় মন্ত্রী অজিত পাঁজা যখন কয়লা মন্ত্রী ছিলেন তখন কয়লা দপ্তরের জন্য জমি নিয়েছিলেন এবং জয়েন্ট সেক্টরে যা করা হয়েছে, আপনি এটা জেনে রাখবেন যে, তাদের জমির দর যা দেওয়া হয়, তাতে দেখবেন যে, সেই জমি সাধারণ মানুষ, গরিব মানুষ, মধ্যবিত্ত মানুষ তারা যে জমি নিয়েছেন তার যে দর, আর এদের জন্য যে দর, সেই দরের মধ্যে অনেক ফারাক রয়েছে। আমরা দেখেছি যারা বেশি এই সমস্ত জয়েন্ট সেক্টর করছে বা ব্যক্তিগতভাবে এখানে জমি নিচ্ছেন, সেই জমির দর কিন্তু কৃষকরা পাচ্ছে না, তারা বঞ্চিত হচ্ছে। মাননীয় সৌগতবাবু এবং বিরোধী দলের সদস্যরা বলেছেন যে, এই জমি যা কৃষকদের কাছ থেকে নেওয়া হয়েছে তাদেরকে টাকা দেওয়ার জন্য। সেখানে মাননীয় মন্ত্রী প্রণব মুখার্জী এবং এর আগে মাননীয় মন্ত্রী অজিত পাঁজা এবং আমাদের যিনি প্রাক্তন প্রধান বিচারপতি থেকে শুরু করে এবং আমাদের বিরোধী দলনেতা অতীশ সিন্‌হা তাদের সবাইকে এক-এক করে নিয়ে গিয়ে অনুষ্ঠান করে আমাদের মাননীয় আবাসন মন্ত্রী নিয়ে গিয়েছেন এবং কৃষকদের হাতে জমির অর্থ তুলে দিয়েছেন, চেক তুলে দিয়েছেন। এই যে পদ্ধতিটা, এই পদ্ধতিটা খেয়াল রাখতে হবে। কৃষির যে ভিত্তি তৈরি হয়েছে এবং তারপর তার বর্তমান দর, যে দর নির্ধারণ করেছে ল্যান্ড প্রোক্রিওরমেন্ট কমিটি, ল্যান্ড অ্যাকুইজিশান কমিটি সেই জমির দাম সেইভাবেই দিয়ে

আজকে আমাদের যে গর্ব নিউ টাউনশিপ হয়েছে, ওদিকে হাওড়ায় তৈরি হচ্ছে, ওইদিকে দক্ষিণ ২৪-পরগনায় তৈরি হচ্ছে, যে দক্ষিণ ২৪-পরগনা পিছিয়ে ছিল, আজকে সেই সমস্ত দিকে, সাগর থেকে শুরু করে সারা প্রান্তে তার যে উন্নয়ন যজ্ঞ চলছে এইখানেই আপনাদের যন্ত্রণা। যে কেন হচ্ছে ? জানেন কেন হচ্ছে ? কেন শিল্পপতিরা আসছে ? তার মূল ভিত্তি হচ্ছে, এই রাজ্যে মানুষের ক্রয় ক্ষমতা বেড়েছে, গ্রামের মানুষের ক্রয় ক্ষমতা বেড়েছে, বিকেন্দ্রীকরণ হয়েছে, এই রাজ্যে সুস্থিতি রয়েছে, একটানা বামপন্থীদের পরিচালিত সরকার। আজকে সারা দুনিয়ার সামনে এই বিজ্ঞান প্রযুক্তির যুগে কল্ সেন্টারে বোতাম টিপলেই দেখতে পাবেন কোথায় কি বাজার আছে। এই যে বাজার তৈরি হয়েছে তা অনেক অশ্রু, অনেক রক্ত এবং ঘাম ঝরিয়ে আমাদের কৃষকরা এই বাজার তৈরি করেছে। একদিকে খাদ্যশস্য উৎপাদন বাড়িয়েছে। ৭৫ হাজার টন থেকে ৪ কোটি ৬৩ লক্ষ টন খাদ্যশস্য উৎপাদিত হয়েছে। এই বাজার যে তৈরি করেছে, তার কারণ মানুষের ক্রয় ক্ষমতা বেড়েছে। মাননীয় ডেপুটি স্পীকার স্যার আমি আপনার মাধ্যমে শুধু এটুকুই বিরোধীদের বলব যে, আপনারা যারা বিরোধিতা করছেন সেইরকম বিরোধিতা ১৮৫৩ সালে আমাদের পরাধীন ভারতবর্ষের কিছু লোক করেছিলেন, যখন ব্রিটিশ এখানে রেল লাইন স্থাপন করেছিলেন ১৮৫১ সালে তখন কার্ল মার্কস ১৮৫৩ সালে ২২ জুলাইয়ে নিউইয়র্ক থেকে বলেছিলেন যে, যারা রেলের বিরোধিতা করছেন, তারা দেশের কৃষিজীবীদের স্বার্থের কথা বলছেন না, এই কৃষিজীবীদের তারা বিভ্রান্ত করছেন। আমরা জানি ব্রিটিশ এখানে রেল লাইন বসিয়েছে তাদের মুনাফা বাড়াবার জন্য, কিন্তু কৃষিজীবীদের উপর যে বোঝা, সেই বোঝাটাকে কমিয়ে তার উৎপাদিত পণ্যের বাড়তি দাম পাওয়ার জন্য আপনারা রেল লাইন বসাবার সুযোগ করে দিন, আপনাদের রেল লাইনই হবে ভারতের শিল্প বিকাশের সোপান, ১৮৫৩ সালে কার্ল মার্কস বলেছিলেন। কিছু লোক তখন বিরোধিতা করেছিলেন। সেটা বুঝে নিন। আজকে আমার দুঃখ হচ্ছে যে, আপনারা বুঝতে পারছেন না।

[11.50—12.00 Noon]

এই শিল্প বিকাশের পূর্বশর্ত হচ্ছে কৃষি। আর কৃষি বিকাশের উপর ভিত্তি করে এই শিল্প বিকাশ হচ্ছে। এর সঙ্গে নগরায়নেরও কাজ হবে। এটা তো আকাশে হবে না। এই যে ভিত্তি এটা আপনারা বুঝতে পারছেন না। আপনারা যে প্রস্তাব এনেছেন তার বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সৌগত রায় যে প্রস্তাব এখানে এনেছেন তাকে সমর্থন করছি। রবীনবাবুর বক্তব্য শুনতে শুনতে মাঝে মধ্যে মনে হচ্ছিল গতকাল যে লিস্ট বেরিয়েছে বোধহয় তার উপর নির্বাচনী বক্তৃতা দিলেন। তিনি সাবজেক্টের মধ্যে গেলেন না। বিষয়টি হল ৫ হাজার একর ল্যান্ড দক্ষিণ ২৪ পরগনায় সালিম গোষ্ঠীকে দেওয়ার প্রস্তাব রাখা হয়েছে। Whereas, peasants are being evicted in Dankuni, Farakka, Siliguri and other places for setting up industry/ housing projects ; whereas, there is no transparency in these land

deals ; and whereas, there are a lot of complaints of irregularities in these land deals. রবীনবাবু যেটা বললেন তার পক্ষে বা বিপক্ষে বলবার সুযোগ নেই। এটাই কি উনি বলতে চাইলেন ? আমরা এটা জানার চেষ্টা করছি। আপনারা আমাদের দিকে আঙুল দেখিয়ে বলবার চেষ্টা করছেন আমরা বোধহয় উন্নয়ন বিরোধী, আমরা বোধহয় শিল্প বিরোধী ! আমরা পরিষ্কার ভাষায় বলতে চাই আমরা শিল্প চাই, আমরা উন্নয়ন চাই। শিল্প ও উন্নয়নের মধ্যে এই যে আপনারা দ্বন্দ্ব লাগাবার চেষ্টা করছেন, এই যে বাণিজ্যিক ভাবে প্রচার চালাচ্ছেন, আমরা তার বিরুদ্ধে। রবীনবাবুর স্মরণ থাকা উচিত ১৯৯০ সালে মুখ্যমন্ত্রী কলকাতার ৩০০ বছর পূর্তি উপলক্ষে কে.এম.ডি.এ. থেকে একটা বই বের করেছিলেন। তাতে তিনি কি বলেছেন কলকাতা শহরতলির ভবিষ্যৎ পরিকল্পনার কথা ? আজকে যেখানে জমি দেওয়ার কথা হচ্ছে, আজকে যেখানে নগরায়নের, শিল্পায়নের কথা বলা হচ্ছে সেই পরিকল্পনার কথা কিন্তু সেদিন বুদ্ধদেববাবু বলেননি। আমরা রবীনবাবুর কথা শুনলাম। রবীনবাবু অনেক কিছু বলেছেন। কৃষি নিয়ে বলেছেন। আমি আপনাদের কাছে একটা কথা বলতে চাই, শিল্প শিল্প করে যে কথাটা বলা হচ্ছে—রবীনবাবু, রাজারহাটের নাম এখন নিউ টাউন দিয়েছেন—বিশ্বায়নের ফলে। রবীনবাবুরা ১৯৯৫ সালে সমস্ত নিয়মকানুন ভেঙে রাজারহাটে জমি অধিগ্রহণ করেছিলেন। তখন ২ হাজার ৭৫০ হেক্টর জমি অধিগ্রহণ করার কথা ছিল। ২৯৫ হেক্টর চাষযোগ্য জমি নেওয়া হয়েছে। যেখানে গরমকালে বিঘে প্রতি ২৫-২৭ মন ধান হত এবং বর্ষাকালে ৮-১২ মন ধান হত। তাছাড়া তরিতরকারি চাষ হত, সবজির চাষ হত, মাছের ভেড়ি ছিল, সর্ষের চাষ হত, আখের চাষ হত, ফুলের চাষ হত। এই ২১টি মৌজায় ১৫ লক্ষ গাছ ছিল, সেই সমস্ত গাছ ধ্বংস করা হয়েছে। রবীনবাবুরা বললেন শিল্প হবে। কি শিল্প হল ? প্রথমে ২ হাজার ৭৫০ হেক্টর জমি নেওয়ার কথা ছিল, পরে তা আরও বাড়িয়ে ৩ হাজার ৭৫ হেক্টর জমি নেওয়া হল। তখন বলা হয়েছিল পরিবেশের ভারসাম্য রক্ষার জন্য খড়গপুর আই.আই.টি. থেকে আর্কিটেক্ট নিয়ে একটা কমিটি গঠন করা হবে। এনভায়রনমেন্ট ইমপ্যাক্ট অ্যাসেসমেন্ট নামে কমিটি গঠন করার কথা ছিল। কিন্তু কার্যত সেই কমিটি গঠন করা হল না। এর আগে রবীনবাবুরা কমরেডদের হাতে বাতি জ্বালাতে পারেননি। এখন শিল্পের নামে প্রদীপ জ্বালাবার চেষ্টা করছেন। আর তার নীচে এত বড় অন্ধকার, তাকে আলোকিত করার চেষ্টা করেননি। রবীনবাবু স্বভাবতই খুব তথ্য-টথ্য দিয়ে কথা বলার চেষ্টা করেন। আমি রবীনবাবুর উদ্দেশে বলি, এত তো শিল্পের কথা বলছেন, ওই রাজারহাট-নিউটাউন, যেখানে শিল্পের কথা বলা হয়েছিল, সেখানে শিল্পের জন্য কতটা জমি দেওয়া হয়েছে ? ২০০ হেক্টর। অর্থাৎ ৬.৫ পার্সেন্ট। আর ইন্ডাস্ট্রি অফিসের জন্য দেওয়া হয়েছে ৪.৬ পার্সেন্ট। অর্থাৎ সর্বসাকুল্যে ১১ শতাংশ জমি শিল্পের জন্য রেখে দিয়ে ৮৭ শতাংশ চাষযোগ্য জমিকেই দখল করলেন। চাষিরা কেমন আছে ? তার প্রমাণ, ৮০ লক্ষ কৃষক এবং কৃষক পরিবার আজকে কর্মচ্যুত। এটা ওঁনারাও ভালো ভাবেই জানেন। '৭৭ সালে যে জয়গান দিয়ে শুরু করেছিলেন তাতে ২০০৬-এ এসে কৃষক মুখ থুবড়ে পড়ছে। কাজেই শিল্পের জন্য জমি নেওয়ার নাম করে যে-কথাটা বারবার বলার চেষ্টা করছেন সেটা কতটা সত্য তা তথ্যই বলে দিচ্ছে। আপনারা বলতে পারেন, এটা বলে তৃণমূল কংগ্রেস,

এটা বলে মমতা ব্যানার্জী। কিন্তু এটা সেনসাস বলছে, পরিবেশবিদরা বলছে। ১২ জন পরিবেশবিদ ছিলেন, ডেপুটি ডাইরেক্টর ছিলেন সুব্রত চৌধুরী, তাঁর লেখা পড়লেই বুঝবেন যে, আপনারা পরিকল্পনাহীনভাবে শিল্পের নাম করে একটার পর একটা জমি দখল করেছেন। সল্ট লেককেও আলাদা করার চেষ্টা করছেন। সেই সল্ট লেকে এডুকেশন অ্যান্ড হেলথ্-এর জন্য ৩.৯ শতাংশ জমি দিয়েছেন, ইন্ডাস্ট্রি, গভর্নমেন্ট অফিসের জন্য দিয়েছেন টোটাল ৫.৯ শতাংশ জমি। ৮৭ শতাংশ জমিতে উচ্চ অট্টালিকা তৈরি করে বলছেন, 'শিল্প হচ্ছে।' শিল্প হবে কোথায় ? আকাশে ? ওঁনারা নিজেরাই তা জানেন না। শিল্প তো আকাশেই উঠছে, কেননা যত উচ্চ অট্টালিকা হচ্ছে ততই আকাশের কাছাকাছি পৌঁছে যাচ্ছেন। এখানে তো কোনো শিল্প হয়নি। রবীনবাবুর নিজস্ব এবং তাঁর দলের এবং সরকারের যে সমস্ত পরিসংখ্যান আছে, সেই পরিসংখ্যান কি বলছে ? ৪০৪২টা প্রকল্পের মধ্যে ৯৯১, কি ৯৯২টা শিল্প তাঁরা রূপায়িত করেছেন বলে দাবি করছেন। ২৩ শতাংশ রূপায়িত শিল্পের দাবি করে তাঁরা বলছেন, 'কৃষি আমাদের ভিত্তি, শিল্প আমাদের ভবিষ্যৎ।' আমরা কোন্ ভবিষ্যতের দিকে তাকাচ্ছি ? আপনারা কৃষকের পেটে লাথি মেরে তাদের জমি কেড়ে নিয়ে বলছেন, এই তোমাদের জমি ছিল, ওই দেখ উচ্চ অট্টালিকা ! আপনারা রাজারহাট উপনগরীকে বলছেন নিউ টাউন। জানিনা এটা বিল গেট্স টাউন হবে কি না ! শিল্পের ক্ষেত্রে ম্যানুফ্যাকচারিং ইউনিটের উপর আপনাদের জোর নেই। একটার পর একটা হেভি ইন্ডাস্ট্রি এই রাজ্যে বন্ধ হচ্ছে। কারখানাগুলো ধুঁকছে, তার জন্য কোনো পরিকল্পনা নেই। একটা পর একটা ম্যানুফ্যাকচারিং ইউনিট বন্ধ হচ্ছে। প্রকাশ কারাত বলছেন, '৪০ হাজার হেক্টর জমি রুগ্ন শিল্পের জন্য কলকাতা এবং তার আশেপাশে পড়ে রয়েছে।' সূর্যকান্ত মিশ্র তার পরের দিন বলছেন, 'রুগ্ন শিল্পের জন্য কলকাতা এবং কলকাতার বাইরে ৪১ হাজার হেক্টর জমি পড়ে রয়েছে।' রবীনবাবু যদি মুখ্য সচেতক হন তাহলে তো এরকম তথ্যই বার হবে, গণশক্তি পত্রিকার তথ্যই বার হবে। আমি পরিষ্কার ভাবে বলতে চাই, যে সমস্ত বিষয়গুলো সৌগত রায় এবং অন্যান্য বন্ধুরা এনেছেন, সঠিক ভাবেই এনেছেন। অরুণ ভট্টাচার্যকে করলেন ইনফরমেশন অফিসার। আজকে যদি গভর্নমেন্টের স্বচ্ছতা থাকে, কাজে যদি স্বচ্ছতা থাকে তাহলে বলুন ৪৪ হাজার কোটি টাকা দিয়ে সালেমের সঙ্গে যে চুক্তি করার কথা ভাবছেন, তাতে শিল্প গড়বে কতটুকু, কতটুকু তাতে কর্মসংস্থানের সুযোগ হবে ? তাতে হাসপাতাল হবে কিনা, শিক্ষা হবে কিনা, মানুষ কাজ পাবে কিনা, কৃষকরা পুনর্বাসন পাবে কিনা, কৃষক পরিবারের রুজি-রোজগার অব্যাহত থাকবে কিনা, এসব বলুন। এসব কথা না বলে কটাক্ষ করছেন। বৃষ্টিতে ভিজে বিশাল আন্দোলন করলেন। একটার পর একটা শিলান্যাস আপনারা করে চলেছেন। এরকম শিলান্যাস '৭১ থেকে '৯১ এবং '৯১ থেকে ২০০৬ সাল পর্যন্ত দেখেছি অনেক।

[12.00—12.10 p.m.]

১৯৭৭ থেকে ২০০৬ পর্যন্ত আপনারা কতগুলো শিলান্যাস করেছেন এবং তার কতগুলো বাস্তবায়িত করেছেন তার একটা পরিসংখ্যান দিন। এই স্বচ্ছতা আপনাদের থাকা উচিত। ৪ হাজার ৪২টা প্রকল্পের মধ্যে আজ পর্যন্ত কতগুলো জীবিত আছে, কতগুলো বন্ধ হয়ে

আছে, কত কর্মসংস্থান হয়েছে তার একটা পরিসংখ্যান আমাদের দিন। শুধু বিকল্প পথ্যের কথা বলে, বিকল্প পথ্যের সন্ধান করে আর আমাদের প্রতি কটূক্তি করে পশ্চিমবাংলার অগ্রগতি ঘটবে না। পশ্চিমবাংলার অগ্রগতি ঘটাতে গেলে মানুষের কাছে সত্যি কথা বলতে হবে। এই যে প্রস্তাব আনা হয়েছে আমি সরকার পক্ষকে অনুরোধ করব এই প্রস্তাব পুঙ্খানুপুঙ্খরূপে এই বিধানসভায় পেশ করা হোক।

শ্রী জানে আলম মিঞা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আন্ডার রুল ১৮৫-তে মাননীয় বিধায়ক সৌগত রায় খুব হতাশার মধ্যে দিয়ে, অযৌক্তিকভাবে এই প্রস্তাব নিয়ে এসেছেন। তিনি একটা রাজনৈতিক দল করেন। তাদের কি কোনো নীতি আছে ? তারা পঞ্চায়েত এবং পৌরসভার নির্বাচনকে বলেন কোয়ার্টার ফাইনাল, লোকসভার নির্বাচনকে বলে সেমি ফাইনাল, আর বিধানসভার নির্বাচনকে বলে ফাইনাল। এই ফাইনালে ওরা হেরে গেছেন, ওরা আর আসতে পারবেন না, তাই ওরা হতাশা থেকে এই প্রস্তাব নিয়ে এসেছেন। শিল্প আকাশে হবে না, গাছের উপরে হবে না। ওরা এক সাংঘাতিক হতাশায় ভুগছেন। জনগণ ওদের পক্ষে নেই, আগামী দিনেও থাকবে না। ওরা আরও হতাশার সম্মুখীন হবেন। আজকে শিল্পায়নের প্রয়োজন আছে। বামফ্রন্ট সরকার এখানে আসার পরে ভূমি সংস্কার করা হয়েছে এবং ভূমি সংস্কার করার ফলে অকৃষি জমি কৃষিজমিতে পরিণত হয়েছে। ৬৮ শতাংশ জমিতে সেচ ব্যবস্থা হয়ে যাওয়ার পরে সমস্ত জমি উর্বর কৃষিজমিতে পরিণত হয়েছে। তাই শিল্পায়নের প্রয়োজন আছে, উপনগরী তৈরি করার প্রয়োজন আছে। বর্তমানে কর্মসংস্থানের জন্য শিল্পায়নের প্রয়োজন আছে। আগামী প্রজন্মের জন্য কৃষির পাশাপাশি শিল্পের প্রয়োজন আছে। কৃষির উন্নতির সঙ্গে সঙ্গে শিল্পের উন্নতি না ঘটালে একটা দেশ বা একটা রাজ্য উন্নত হতে পারে না। আর.এস.পি.-র কর্মী হিসেবে আমরা মনে করি কৃষিজমি যেন অবাধে ব্যবহার না হয়। বাইরের শিল্পপতিদের এনে অবাধে যেন লুঠপাট করতে না দেওয়া হয় কিন্তু জমি ছাড়া শিল্প হয় না। আমাদের পশ্চিমবাংলার সমস্ত কৃষিজমি হয় একফসলী, দোফসলী না হয় তিনফসলী। আমরা আমাদের দলের পক্ষ থেকে বারবার রাজ্য সরকারকে বলেছি যে, যে জমি বেশি ব্যবহার হচ্ছে না, সেই জমিগুলো দেওয়া হোক। বন্ধ কলকারখানাতে অনেক জমি আছে। সেই জমিগুলিতে আমরা শিল্প গড়ে তুলতে পারি। এই কথাই আমরা বলতে চাইছি। এখন জনসংখ্যা বেড়েছে। এই জনসংখ্যা বাড়ার জন্য উপনগরী এবং বাসস্থানের প্রয়োজন আছে। সুতরাং এই উপনগরী এবং বাসস্থান তৈরির জন্য জমির দরকার এবং সেই জমি দিতে হবে। ৫ বছর আপনারা যখন দিল্লির সরকারে ছিলেন, তখনকার কথা আপনারা ভুলে গেলেন। আপনারা জানেন যে, প্রতি বছরই হাজার হাজার বিঘা জমি গঙ্গা পদ্মা ভাগীরথীতে চলে যাচ্ছে। ওই সমস্ত উদ্বাস্তুদের কৃষি জমি দেওয়া হচ্ছে। আপনাদের এন. ডি. এ. সরকার এই ব্যাপারে কিছুই করেননি। আপনাদের কোনো শিল্প ভাবনা নেই। আপনাদের কোনো কৃষি ভাবনা নেই। আমাদের বামফ্রন্ট সরকার কৃষির পাশাপাশি কর্মসংস্থানকে আরও বেশি করে নিয়ে আসার জন্য গ্রামীণ মানুষের কর্মসংস্থান বাড়ানোর জন্য শিল্প স্থাপন করছে। কলকাতা কেন্দ্রিক যে রকম শিল্প স্থাপন হচ্ছে, জেলাভিত্তিকও শিল্প স্থাপনের প্রয়োজন আছে। তাই এই আনীত প্রস্তাবের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[1.00—1.10 p.m.]

(At this stage the House was adjourned till 1 p.m.)

শ্রী অসিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মোশান্‌স আন্ডার রুল ১৮৫-তে অধ্যাপক শ্রী সৌগত রায়, শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় এবং অন্যান্য মাননীয় সদস্যদের আনা এই প্রস্তাবটি আমি সমর্থন করে আমার বক্তব্য রাখছি। স্যার, মাননীয় সদস্যরা যে কারণে উদ্‌বেগ প্রকাশ করেছেন এবং তাঁরা যেটা বলেছেন যে, "State Government proposes to acquire 5000 acres of land in South 24-Parganas for the Salim Saputra Group." এই যে একটা জায়গার কথা ওঁরা বলেছেন, তার আগে এই সপুত্রা গোষ্ঠীকে রাজ্য সরকার আরও ২টি জায়গায় তাঁরা জমি দিয়ে দিয়েছেন এবং তার মধ্যে ২টিতে শিলান্যাস হয়ে গেছে। আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী গত ২-৩ দিন ধরে হাওড়ায় ঘুরছেন। একজন মুখ্যমন্ত্রীকে কোনো একটা জেলার পক্ষে পাওয়া খুবই আনন্দের কথা, খুবই গর্বের কথা। এখন নির্বাচনের সামনে প্রার্থী তালিকা পরিবর্তিত হচ্ছে, তার মানে প্রার্থী পরিবর্তন করা হচ্ছে। যাঁরা চান্স পাচ্ছেন না তাঁরা মুখে কিছু বলছেন না, কিন্তু অন্যরকম ব্যাপার আছে। সব মিলিয়ে হাওয়াটা ভালো নয়। তার ফলে মাননীয় মুখ্যমন্ত্রীকে যেতে হচ্ছে এবং সেটা শিলান্যাসের নাম করে যেতে হচ্ছে। আমি গত কয়েকদিন আগে বিধানসভায় বলেছিলাম এবং অন্যান্য মাননীয় সদস্যরাও বলেছিলেন যে, নির্বাচনের আগে শিলান্যাসের রাজনীতি বন্ধ করা হোক। আজ থেকে ৩-৪ মাস আগে যদি শিলান্যাস হত তাহলে আমার কিছু বলার ছিল না। কিন্তু এখন যেখানে শিলান্যাস হচ্ছে তাতে স্বভাবতই মানুষের দৃষ্টিভঙ্গিতে যেটা ভেসে উঠছে সেটা হচ্ছে যে, প্রাক্তন মুখ্যমন্ত্রী মাননীয় শ্রী জ্যোতি বসু মহাশয়ের আমলে বহু শিলান্যাস হয়েছে, কিন্তু সেটা কার্যকরী হয়নি। এ ক্ষেত্রে যে শিলান্যাস হচ্ছে, সেটাও কার্যকরী হবে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী শ্রী আবদুর রজ্জাক মোল্লা সাহেব যিনি একসময় কৃষকদের নিয়ে আন্দোলন করেছেন, এখন হয়তো কৃষকদের জন্য তাঁর মন টানলেও কিন্তু সব কথা বলতে পারেন না। কারণ উনি মন্ত্রী হয়েছেন, আলিমুদ্দিন স্ট্রিটের শাসন আছে, অনেক রকম ব্যাপার আছে। কিন্তু আমি দেখলাম ওই পশ্চিম হাওড়াতে উপনগরীর নাম করে সেই জায়গা দখল হল, সেই জায়গার অধিকাংশ জায়গাই কৃষকদের হাতে ছিল। পদ্মবাবুর কনস্টিটিউয়েন্সিতে গিয়ে আমি বক্তৃতা করে এসেছি আমাদের যে আন্দোলন তাকে সমর্থন করে। স্যার, আসলে এদের অবস্থা দাঁড়িয়েছে রাতকে দিন এবং দিনকে রাত বলা, আর এটা যদি আমরা বুঝে নিই তাহলে ঠিক আছে, নাহলে ভুল। পদ্মবাবু বলছেন ওখানে কৃষকদের জমি নেই, উনি গিয়ে দেখে এসেছেন ধান হচ্ছে কি না। মাননীয় মন্ত্রী মহাশয়, ওখানে ধান যদি নাও থাকে কিন্তু ওখানে যে সব জায়গায় ধান হত তার যা দাম এবং যে জায়গায় ধান হত না তার যে দাম তা সে বাঁকড়া হোক, সলপ হোক, কোনা মৌজাই হোক তার যে দাম হয় সেই দাম কৃষকরা পায়নি। কিন্তু পশ্চিম হাওড়াতে উপনগরী করতে হবে, সরকার জয়েন্ট ভেঞ্চারে গেলেন না, সরাসরি বিধানসভায় এ বিষয়ে কোনো আলোচনা না করে তাদের বললেন আপনারা ওখানে উপনগরী করুন। ওঁনারা করতে গেলেন। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি যাই বলুন সেখানে দরিদ্র মানুষরা ক্ষতিগ্রস্ত হয়েছে এ

বিষয়ে কোনো সন্দেহ নেই। আমার দ্বিতীয় কথা হল রবীনবাবু বলছিলেন শিল্প হচ্ছে তো ? আমার প্রশ্ন হচ্ছে শিল্পটা কোথায় হচ্ছে ? আপনারা উলুবেড়িয়ায় জায়গা নিয়েছেন, সাঁকরাইলে জায়গা নিয়েছেন, বোম্বে রোডের ধারে জায়গা নিয়েছেন। আমি সেদিন বিধানসভা থেকে গাড়ি করে ফিরছিলাম আমাকে ১৫ মিনিট দাঁড়াতে হল, কারণ পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী শিলান্যাস করে ফিরছেন, আমি না হয় ১৫ মিনিট দাঁড়ালাম। একদম বোম্বে রোডের ধারে যে জায়গাগুলি কৃষকদের হাত থেকে নিয়েছেন সেটা মাননীয় মন্ত্রী মহাশয় আপনি নিজে গিয়ে একবার দেখে আসুন। সেখানে কোনো জমিটা অসমান নয়, খারাপ নয়, কোনো ল্যাটারাইট জোন নয়। সেই জায়গা আপনারা সালিম সপুত্র গোষ্ঠীকে দিয়ে বলছেন তোমরা ওখানে কারখানা করো। এমনিতে অনেক জায়গা ছিল যেখানে এই কারখানা করা যেতে পারত, হয়তো তার থেকে কিছুটা দূর হতো। হয়তো আমতা রোডের মুখে করা যেত, কিন্তু তাদের চয়েসে জমি দিতে হবে। আরেকটা কথা মাননীয় মন্ত্রী মহাশয় আপনাকে এবং এই হাউসকে জানাতে চাই যে এত কারখানা হঠাৎ করে উলুবেড়িয়া, সাঁকরাইলে হচ্ছে কেন ? যে ইনফ্রাস্ট্রাক্চার থাকলে শিল্প হয় তার প্রধান হচ্ছে রাস্তা। আজকে সৌগতবাবুর কলিং অ্যাটেনশানে উত্তর দিতে গিয়ে মাননীয় মন্ত্রী শ্রী অমর চৌধুরী বলছিলেন কিছু কিছু জায়গায় গণ্ডগোল হয়েছে। কারণ এন. এইচ.-৬ এটা ৪ লেন হয়েছে, যার ফলে কলকাতা থেকে তাদের ওখানে যাতায়াত করতে অনেক কম সময় লাগছে, তাদের কলকাতায় আসতে গেলে মাত্র ৩৫ মিনিট সময় লাগছে। ফলে এই ইনফ্রাস্ট্রাকচারটাকে কাজে লাগানো যাবে বলে ওঁরা ওখানে যাচ্ছেন, তাতে চাষের জমি যায় যাক। আপনি কৃষক নেতা ছিলেন, আপনি জানবেন, আপনি যদি পরিসংখ্যান নেন বোম্বে রোডের দুই দিকে হাজার হাজার বিঘা জমি ইতিমধ্যেই প্রাইভেট মানুষদের কাছে বিক্রি হয়ে গেছে।

[1.10—1.20 p.m.]

এটাকে রোধ করার কোনো ব্যবস্থা আছে কিনা, আমি জানি না। আজকে বোধহয় একটা সময় এসেছে, কৃষকদের জমি রক্ষা করার। আমি আজকে এই আলোচনায় অংশগ্রহণ করতে গিয়ে প্রস্তাব দেব, রাজ্য সরকারের কাছে, মাননীয় মন্ত্রী আপনার কাছেও, একটা সময় হয়েছিল ত্রিপুরাতে, যখন ত্রিপুরাতে ওপার বাংলা থেকে বাঙালিরা এল এবং ত্রিপুরার ট্রাইবালরা তাদের কাছে সব জায়গা জমি বিক্রি করতে বাধ্য হয়েছিল ; তখন যেহেতু ওদের হাতে টাকা পয়সা বেশি ছিল। তখন একটা আইন হয়েছিল ত্রিপুরায় যে কোনো ট্রাইবাল-এর জায়গা জমি কিনতে গেলে ৬ মাসের নোটিশ দিতে হবে। আজকে সৌগতবাবুর এই প্রস্তাবে অংশগ্রহণ করতে গিয়ে আমি এই প্রস্তাব দেব যে কোনো জমিকে যদি শিল্পায়নের জমি হিসাবে গ্রহণ করা হয় অ্যান্ড ইফ ইট ইজ এগ্রিকালচারাল ল্যান্ড, অ্যাটলিস্ট বিফোর অ্যাকুইজিশান অফ ল্যান্ড অর বিফোর পারচেজিং অফ ল্যান্ড অ্যাটলিস্ট থ্রি মান্থস বিফোর নোটিশ দিতে হবে, বি. এল. আর. ও অফিসে—এটা আমার প্রস্তাব রইল। এটা শুধু আমাদের ত্রিপুরায় নয়, ভারতবর্ষের এমন কিছু জায়গা আছে, সেখানে এটা হয়। সম্ভবত কাশ্মীরে আছে। কোনো ল্যান্ড যদি বিক্রি হয়, তাহলে তাকে আগে নোটিশ দিতে হবে। আমি আপনাকে বলব, রাজ্য সরকার যে জায়গা গ্রহণ করছেন সেই সম্পর্কে এই দৃষ্টিভঙ্গি গ্রহণ করতে হবে। আমরা কোন

জায়গা এটা করছি। তার পরে যদি কোনো ব্যক্তি প্রাইভেটে জায়গা কেনেন, তিনি শিল্পপতি হতে পারেন, নাও হতে পারেন, কিন্তু সবাই তো সরকারকে যে জানিয়ে করছে এই রকম তো ব্যাপার নয়, তাই আপনার দপ্তরকে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে, কোনো কৃষিজমি ক্রয় করতে গেলে অ্যাটলিস্ট তিন মাসের নোটিশ দিতে হবে। তা না হলে কৃষিজমি ন্যাশানাল হাইওয়ে, স্টেট হাইওয়ের পাশে রাখতে পারবেন না সেই জায়গাগুলি চলে যাবে। আপনার ফসল বাড়ছে বলে অনেকে বলেছেন, হ্যাঁ ঠিকই ; কিন্তু সেটা কতদিন চলবে, কতদিন চলতে পারে ! আমরা যে জায়গায় দাঁড়িয়েছি, আমরা বলছি, আমাদের প্রোডাকশান ধান সকলের উপরে আছে। আমরা পরিসংখ্যান দিয়ে বলেছিলাম এটা ভুল তথ্য। আমরা অন্ধ্রের পরে আছি। আমি এখানে এই বিষয়ে বিতর্কের মধ্যে যেতে চাইছি না। আমি বলছি, জনসংখ্যা বাড়ছে, কৃষকের কাছ থেকে জমি কেড়ে নেওয়া, এটা সঠিক পদ্ধতি হচ্ছে না। মাননীয় মন্ত্রী রেজ্জাক সাহেব আমি আপনার কাছে এই অনুরোধ রাখব যে আজকে দক্ষিণ ২৪-পরগনায় যে জায়গা জমি বিক্রিকে কেন্দ্র করে আপনি উষ্মা প্রকাশ করেছেন, এখন অনেক দলের মানুষ তাঁরাও উষ্মা প্রকাশ করেছেন। সুতরাং আমিও এই দাবিকে সমর্থন করছি যে, এই ভাবে জমি বিক্রি করা চলবে না। এক সময় বিধান রায়, শিল্পায়ন করতে গিয়ে দুর্গাপুরে বন কেটে শিল্পায়ন করেছিলেন, সেই সময়ের আনন্দ মুখার্জীর ছেলে অপূর্ব মুখার্জী যিনি এখন ওখানকার এম. এল. এ. আছেন, এটা ওরা জানেন। এই সব কথা বলে এই প্রস্তাবকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী আবদুর রেজ্জাক মোল্লা : মাননীয় সদস্য সৌগত রায়, মাননীয় সদস্য শোভনদেব চট্টোপাধ্যায় এবং আরো চারজন মাননীয় সদস্য রুল আন্ডার ১৮৫-তে একটা মোশান এনেছেন। আমার বক্তব্য তার মধ্যেই সীমাবদ্ধ রাখব। কিন্তু দুটো মারাত্মক কথা এর মধ্যে আছে। একটা জায়গায় বলা আছে, দেয়ার ইজ নো ট্রান্সপারেন্সি ইন দিজ ডিলস। ডিল মানেটা কি, ডিল মানে পর্দার আড়ালে, টেবিলের তলায়, ডিল হলে তার আবার ট্রান্সপারেন্সি আসবে কেন ? আমাদের রাজ্যে কোনো ডিল হয় না। বিভিন্ন রাজ্যে শুনি ল্যান্ড স্ক্যাম হয়, এখানে ল্যান্ড স্ক্যাম হয় না, হতে দেওয়া হবে না। কেউ চেষ্টা করলে জেলে ভরে দেওয়া হবে, কাজেই ডিল কথাটার মানে নেই ; ট্রান্সপারেন্সি কথাটা যদি বলেন সেই সম্পর্কে বলি। এই ট্রান্সপারেন্সি সম্পর্কে মাননীয় সদস্য যারা মোশান এনেছেন, তাদের কাছে যদি কোনো তথ্য প্রমাণ থাকে, কোনো জায়গায় ট্রান্সপারেন্সির অভাব আছে, আমাকে দেবেন আমি দেখব। শুধু দেখব না, যা রিপোর্ট পাব তা এই বিধানসভাতে প্লেস করতেও রাজি আছি। এই ব্যাপারে কোনো অসুবিধা হবে না।

দ্বিতীয়ত যেটা বলা আছে 'এ লট অফ কম্প্লেন্ট্স অফ ইরেগুলারিটিস'—যদি কোনো জায়গায় থেকে থাকে বলবেন। এটা নিয়ে আমি চ্যালেঞ্জ করছি না, থাকলেও থাকতে পারে। কারণ আমাদের যে ফ্রেমের মধ্যে কাজ করতে হয়, যে অ্যাক্টের মধ্যে কাজ করতে হয়, যে রুলের মধ্যে কাজ করতে হয়, যে ম্যানুয়ালের মধ্যে কাজ করতে হয়, এর মধ্যে প্লাস মাইনাস হয়ে যেতে পারে। সেই রকম যদি তথ্য কারও কাছে থাকে সেটা আমাকে দিলে আমি দেখব।

আর ইরেগুলারিটিস যদি কেউ করে থাকেন সে যত বড়োই হোক না কেন তার সম্বন্ধে ব্যবস্থা নেওয়া হবে এই গ্যারান্টি আমি দিতে পারি।

স্যার, এখানে মূল মোশান যেটা নিয়ে আসা হয়েছে রাজারহাটের জমি সম্পর্কে, সেই ব্যাপারে আমার বক্তব্য হচ্ছে, রাজারহাটের টাউনশিপ ডেভালপ্ড করছে হিডকো নামে একটি সংস্থা, গভর্নমেন্ট আন্ডারটেকিং একটি সংস্থা। এই ডেভালপমেন্ট অথরিটিগুলির একটা রিকোয়ারিং বডি থাকে, তারা আমাদের কাছে যে ল্যান্ড শিডিউলড্‌টা দেন, সেই ল্যান্ড শিডিউলড্ হয় স্টেট অ্যাকুইজিশান অ্যাক্টে যে নিয়ম আছে সেই নিয়ম অনুযায়ী। নয়টি ডেভালপমেন্ট অথরিটি আছে, যেমন হলদিয়া ডেভালপমেন্ট অথরিটি, হিডকো, কে.এম.ডি.এ., ডবলু.বি.আই.ডি.সি., সবাইকে আমরা পারমিশান দিয়ে রেখেছি, যাতে ওরা চাষীদের কাছ থেকে ডাইরেক্ট জমি পারচেজ করতে পারেন। ওরা যে পারপাসে নিচ্ছেন, সেই পারপাসটা যদি আমাদের কাছে জাস্টিফায়েড মনে হয়—সে ইন্ডাস্ট্রির জন্যই হোক, টাউন অ্যান্ড কান্ট্রি প্ল্যানিং-এর জন্যই হোক—তাহলে অ্যাক্টের ফোরটিন ওয়াই ধারা আমরা এগজামপ্শান দেব। তার কারণ ডাইরেক্ট পারচেজ করলে অ্যাকুইজিশান প্রাইসের থেকে চাষীরা বেটার প্রাইস পাবে। এইজন্যই এটাকে আমরা অ্যালাউ করছি। যদি এর মধ্যে কোথাও কোনো ইরেগুলারিটিস থাকে আমাকে জানালে আমি তদন্ত করে দেখব।

এরপরে প্রস্তাবে ডানকুনি সম্পর্কে বলা হয়েছে। ওরা ক্যাবিনেটে একটা ডিসিশান করেছে একশো একরের বেশি জমি অ্যাকোয়ার করতে হলে আমার দপ্তর সেটা পারবে না, সেটা ক্যাবিনেটে চলে যাবে। ডানকুনিতে চার হাজার একর জমিতে টাউনশিপ হবে, ইন্ডাস্ট্রি হবে। ল্যান্ড শিডিউলড্‌টা আমার কাছে আসেনি, সেই ল্যান্ড সিডিউলড্‌টা এলে যেভাবে দেখা দরকার সেইভাবে আমি দেখব।

স্যার, এরপরে এই প্রস্তাবে শিলিগুড়ির কথা বলা হয়েছে। শিলিগুড়িতে একটা ডেভালপমেন্ট অথরিটি আছে—শিলিগুড়ি-জলপাইগুড়ি ডেভালপমেন্ট অথরিটি। এই ডেভালপমেন্ট অথরিটির রিকোয়ারিং বডি আমাদের কাছে যে প্রস্তাব দেন সেইভাবেই আমরা অ্যাকুইজিশানের কাজটা করি। পরবর্তীকালে ওরা যাদের সেটেলমেন্ট দিচ্ছে নিরানব্বই বছর অথবা তিরিশ বছরের জন্য, অ্যাজ পার ম্যানুয়াল অর রুলস্, সেটা আমরা দিয়ে দিই। এখানে যদি কোনো ইরেগুলারিটিস থাকে তাহলে আমাকে জানাবেন, আমি তদন্ত করে দেখব। তবে হান্ড্রেড পার্সেন্ট যে ঠিক হয়েছে এটা বলা যাবে না। কারণ যাদের উপরে দায়িত্ব দেওয়া হয়েছে তারা কেউ ধোয়া তুলসীপাতা নয়। আর এই যা যা হচ্ছে সবটাই টাউন অ্যান্ড কান্ট্রি প্ল্যানিং অ্যাক্ট নাইনটিন সেভেনটি সিক্স অনুযায়ী হচ্ছে। তার মানে কাদের সময় এই আইন বুঝতেই পারছেন ! সেই অ্যাক্টেই এসব করা হচ্ছে। এই নয়টি ডেভালপমেন্ট অথরিটিতে এই অ্যাক্ট অনুযায়ী কাজ হচ্ছে। আমাদের আগের ল্যান্ড অ্যাকুইজিশান অ্যাক্ট ছিল ১৯৪৮ সালের।

[1.20—1.30 p.m.]

১৯৪৮ সাল মানে কারা ? স্টেট অ্যাকুইজিশন অ্যাক্ট, অ্যাক্ট (২) আমরা বলতাম। সেই অ্যাক্টে প্রায় হুকুম দখলের মতো, যখন ইচ্ছা তখন জমির পজেশন নেওয়া হত, দখল নেওয়া হত।

তারপরে কবে টাকা দেওয়া হত, না দেওয়া হত তার কোনো ঠিক-ঠিকানা ছিল না এবং আজ পর্যন্ত অ্যাক্ট(২)-তে যে জমি দখল নেওয়া হত তারা সবাই যে সব টাকা পেয়েছে তা নয়। হাজার হাজার এইরকম কেস পড়ে আছে, ভয়ঙ্কর সমস্যা আছে, কোর্ট আছে, লিটিগেশন আছে। মাঝে-মধ্যে কোর্ট যখন কান ধরে আমাদের কাছ থেকে টাকা আদায় করে নেয় তখন আমরা দিতে পারি, তার আগে আমরা দিতে পারি না। কারণ, ওই যে হুকুম দখল করা হয়েছে—ওই যে আর. বি. যারা ছিলেন, রিকোয়ারিং বডি। ধরুন, পি. ডব্লু. ডি., ইরিগেশন, তাদের দপ্তরের বাজেটে ধরা ছিল, তারপর ২৮ বছর কেটে গেছে। তার ১২ পারসেন্ট সুদ ধরে যে টাকা হয়েছে, এখন যদি ওই দপ্তরকে বিক্রি করি তাহলেও ওই টাকা পাওয়া যাবে কিনা জানি না। সুতরাং এইরকম সমস্যা আছে। সেইজন্য আমরা ওই অ্যাক্ট বাতিল করে দিয়েছি, বাতিল করে দিয়ে আমরা যে অ্যাক্ট ফলো করি সেটা হচ্ছে সেন্ট্রাল গভর্নমেন্টের অ্যাক্ট (১) এবং সেটা হচ্ছে ১৮৯৪ সালের। এই অ্যাক্ট (১) পরবর্তীকালে আবার অ্যামেন্ডেড হয়েছিল। সেই অ্যাক্টে (১) বলা আছে যে, চাষীকে ১০০ ভাগ পেমেন্ট না দিয়ে কিন্তু জমির পজেশন নেওয়া যাবে না। কাজেই অ্যাক্ট (১) চালু হওয়ার পর কোনো জায়গায় চাষীকে পেমেন্ট না দিয়ে কারো জমি নেওয়ার কোনো সুযোগ নেই, নিতে পারছে না। এটা আমি চ্যালেঞ্জ করে বলতে পারি।

শ্রী অসিত মিত্র : অ্যাক্ট(১)-এর প্রিভিলেজ হচ্ছে টাকা পায় আর অ্যাক্ট(২) ব্যাপারটাও বুঝলাম। কিন্তু চাষীরা যদি ন্যায্য মূল্যের চেয়ে কম টাকা পায়—সেক্ষেত্রে কী করা যাবে ?

শ্রী আবদুর রেজ্জাক মোল্লা : আমি কম-বেশির কথা পরে বলব। আমি ন্যায্যতে আসছি তো, ন্যায্য ছাড়া বে-ন্যায্যতে যাব কেন ? এই যে অ্যাক্টগুলি আছে, এর ভিতরে অ্যাক্টে হাত না দিয়ে, রুলে হাত না দিয়ে জমির মালিকের দিকে একটু বেশি করে ঝুল দিয়ে, একটু টান রেখে, চাষীর দিকে একটু টান রেখে কতকগুলি ম্যানুয়ালের আমি চেঞ্জ করেছি। সেই চেঞ্জের সবচেয়ে বড়ো হল কনসেন্ট অ্যাওয়ার্ড। এতদিন ধরে আমাদের দেশে যেটা চালু ছিল সেটা হল, "আমি রাজা, রাজা যা মনে করবে তাই হবে।" আমি যে দাম নির্ধারিত করে দেব সেই দাম তোমাকে মানতে হবে। বড়ো জোর তুমি প্রতিবাদ করতে পারো, প্রোটেস্ট করতে পারো বা কোর্টে যেতে পারো, কিন্তু তোমার বলবার অধিকার ছিল না। ইংরাজিতে একটা শব্দ ছিল "এমিনেন্ট ডোমেইন"। ওই কথাটা এখন আর চলে না এই গণতন্ত্রে। সেইজন্য এই কনসেন্ট অ্যাওয়ার্ডে বলছে, যে কোনো জমি অ্যাকুইজিশন করতে গেলে জমির মালিককে, চাষীকে তাদেরও সুযোগ দেওয়া হবে। তিনি তার জমির জন্য ক্লেম করবেন এবং তিনি বলবেন যে, আমার জমির এই দাম হওয়া উচিত এবং তিনি যদি সাফিসিয়েন্ট ডকুমেন্ট দিয়ে প্রমাণ করতে পারেন যে হ্যাঁ, এই দাম তার ন্যায্য, তাহলে আমরা সেই দাম দিয়ে তার কাছ থেকে কিনে নেব। এই হচ্ছে কনসেন্ট অ্যাওয়ার্ড। এটা করা হয়েছে এই কারণে, এখন ল্যান্ড অ্যাকুইজিশনের যে সিস্টেম আছে তাতে অফিসাররা অনেক কারচুপি করতে পারে। বলা আছে, হায়েস্ট বা লোয়েস্টটা বাদ দিয়ে মাঝখানে ধরে নেওয়া। এই মাঝখানে ধরে

নেওয়ার ক্ষেত্রে রাস্তার ধারে এক রকম ধরে আর রাস্তার পিছনে আর এক রকম ধরে। ওখানে একটু সন্তুষ্ট করতে পারলে, ভালবাসতে পারলে বা সেবা করতে পারলে দাম এক রকম হয় আর সেবা করতে না পারলে দাম আর এক রকম হয়। সেইজন্য আমি বলেছি যে, চাষী যে ক্লেম করবে—সাফিসিয়েন্ট ডকুমেন্ট দেখাবার জন্য প্রো-ফরমা ছাপিয়ে দিয়েছি—তার মাধ্যমে সে ডকুমেন্ট দেখাবে, তাহলে আর ওই চালাকিটা করতে পারবে না। তার যদি সাফিসিয়েন্ট ডকুমেন্ট থাকে তাহলে সেটা আমরা মেনে নেব। আর যদি কিছু জায়গায় ল্যাপসেস থাকে, পুরোপুরি সব ডকুমেন্ট দিতে পারছে না, কারণ সবাই যে দিতে পারবে, তা নয়, সেক্ষেত্রে গভর্নমেন্ট যা এস্টিমেট করবে তার ১০ পারসেন্ট অ্যাবভ—যদি তিনি রাজি থাকেন কনসেন্ট দিতে—তাহলে ওই ১০ পারসেন্ট অ্যাবভ দিয়ে কিনে নেওয়া হবে। এই ঝুলটা আমরা দেবার ব্যবস্থা করেছি যে এইভাবে করা যাবে। আর একটা বড়ো পরিবর্তন করা হচ্ছে, এই এস্টিমেট ভ্যালুর সময়ে আগে বর্গাদারের কেবলমাত্র ৬টি ফসলের মধ্যে অ্যাভারেজ করে, অর্থাৎ ২ হাজার টাকা করে ধরলে ১২-১৩ হাজারের বেশি পেত না। আমরা বলে দিয়েছি আর.বি.কে., বর্গাদারের জন্য ভ্যালুয়েশনের ৫০ পারসেন্ট বর্গাদারকে দিতে হবে আর যদি কেউ পাট্টাদার থাকে তাহলে সেই পাট্টাদারকে টোটাল যে ভ্যালুয়েশন হবে সেই ভ্যালুয়েশনের ১০০ পারসেন্ট দিতে হবে। কিন্তু সোলাসিয়ামটা তাকে দেওয়া হবে না, কারণ যেহেতু তার জমির মালিকানা নেই। কিন্তু তার উপর তার অধিকার আছে। কিন্তু তার ওপর তার অধিকার আছে, এটা আমরা বলেছি। আরবিটেশনে বলা হবে হোম স্টেট ল্যান্ড থেকে যদি কেউ বাস্তুচ্যুত হয়, তাহলে গ্রামাঞ্চল হলে সেই ব্যক্তিকে ২ কাঠা জমি অথবা তার সমমূল্য দিতে হবে। আর শহরাঞ্চল হলে বাস্তুচ্যুত ব্যক্তিকে একটি ফ্ল্যাট দিতে হবে। তা না হলে উচ্ছেদ করা যাবে না। উচ্ছেদ যারা হচ্ছে তাদেরকে প্রোটেকশন দেওয়ার জন্য আমরা ব্যবস্থা করছি। সবচেয়ে বিতর্কিত বিষয়, যেকথা সৌগতবাবুরা বলছেন। এ ব্যাপারে সৌগতবাবুর চেয়ে আমার বেশি জ্বালা। সালিমরা লিখিতভাবে একটা প্রস্তাব আমাদের কাছে দিয়েছেন ওঁরা একটা শিল্প তালুক গড়ে তুলতে চান। আমরা সরকার থেকে ওদের এ ব্যাপারে বলেছি আপনারা ডি.পি.আর. অর্থাৎ ডিটেল প্রজেক্ট রিপোর্ট দিন। এবং সেই রিপোর্টে আপনাদের বলতে হবে কতটা জমি আপনাদের লাগবে ? কী কী প্রজেক্ট আপনারা করবেন ? সেই প্রজেক্টের জন্য কী কী প্রয়োজন ? এর ব্রেকআপটা আমাদের দিতে হবে, ইন্ডাস্ট্রিয়াল এস্টেটের জন্য এটা লাগবে, ইন্ডাস্ট্রির জন্য এটা লাগবে, রোডের জন্য এটা লাগবে ইত্যাদি ইত্যাদি। অর্থাৎ টোটাল ব্রেকআপটা পেলে আমরা দেখব এই ইন্ডাস্ট্রিয়াল এস্টেটের সঙ্গে কারা যুক্ত হবে। সেগুলো কারা কিনবে ফিলিপাইনসের লোকেরা না মক্কার লোকেরা। এই সমস্ত বিষয়গুলো আমাদের দেখতে হবে। ডি. পি. আর. পেলে আমরা সেটা স্ক্রুটিনি করে দেখব। স্ক্রুটিনি করার পর যদি দেখি যে আমাদের বেনিফিট বেশি তাহলে আমরা এগোব। অর্থাৎ আমরা কী দিচ্ছি এবং কী পাচ্ছি সেটা দেখব। আমাদের বেনিফিট বেশি না হলে আমরা এগোবো না। যদি দেখি এক টাকায় আট আনা পাচ্ছি তাহলে ভেবে দেখব, আর এক টাকায় ১২ আনা পেলে ঝাঁপিয়ে পড়ব। আর এক টাকায় ছ-আনা পেলে বলবো তোমরা ভাগো। ওরা এখনো ডি.পি.আর. দেয়নি, তাই এখন কোনো প্রশ্ন উঠছে না। ডি.পি.আর. পেলে ভেবে

দেখব। তবে আসল কথা হল গরিব মেরে কাছারি গরম করা যাবে না। আমরা বলছি, চাষীকে মারা যাবে না! চাষীকে না মেরে সমস্ত বিষয়টা করার জন্য আমরা বলছি। আর একটি বিষয় হল—ইরিগেটেড ল্যান্ড পাওয়া যাবে না, দো-ফসলা, তিন-ফসলা জমি আমরা দেবো না। শাক, সবজির জমি আমরা দেবো না। মাছ চাষের জমি দেবো না। এজন্য তোমাকে রাস্তা বানিয়ে দূরে যেতে হয় যাবে। তা নাহলে ফিরে চলে যেতে হবে। এ নিয়ে কোনো ধোঁয়াশা নেই, কোনো ঝামেলা নেই। সহজ কথায় বলছি ডিটেল প্রজেক্ট রিপোর্ট পেলে, আমরা স্ক্রুটিনি করেই এ ব্যাপারে এগোবো। আপনারা একটু ব্যঙ্গ করে বলছিলেন আমরা একটা স্লোগান দিয়েছি কৃষি আমাদের ভিত্তি, শিল্প আমাদের ভবিষ্যৎ। এটা কেউ অস্বীকার করতে পারে না। বিকাশের ক্ষেত্রে যেতে গেলে শিল্প লাগে। আমাদের দেশ কৃষিপ্রধান দেশ। জমি হচ্ছে মা, শিল্প হচ্ছে সন্তান। মা না থাকলে সন্তান হবে না। মা রইলেন বন্ধ্যা হয়ে অথচ সন্তান হলো না তাতে কোনো লাভ হবে না। সন্তান ধারণ করতে গেলে মাকে প্রসব যন্ত্রণা ভোগ করতেই হবে। আমরা একটা ট্রানজিশন পিরিয়ডে আছি। কৃষি থেকেই শিল্প হবে, অর্থাৎ তা থেকেই ফুল, ফলে ভরে উঠবে। এই হচ্ছে সহজ কথা, আমাদের আর কোনো কথা নেই।

মিঃ স্পীকার : এই আলোচনাটা দেড় ঘণ্টার মধ্যে শেষ হওয়ার কথা ছিলো। এখানে আমি কিছুটা সময় বাড়ালাম।

শ্রী সৌগত রায় : মাননীয় স্পীকার স্যার, আমার আনা প্রস্তাবের ওপর যাঁরা আলোচনায় অংশগ্রহণ করেছেন তাঁদের আমি ধন্যবাদ জানাচ্ছি, বিশেষ করে রেজ্জাক মোল্লা সাহেবকে। উনি বরাবরই কৃষকের স্বপক্ষে ওঁর পার্টির মধ্যে একটা বলিষ্ঠ ভূমিকা নিয়েছেন। যখন ওঁর সরকারের মুখ্যমন্ত্রী ল্যান্ড সিলিং তুলে দিয়েছিলেন, মেডিসিনাল প্ল্যান্ট আর কমার্শিয়াল ক্রপের ক্ষেত্রে তখন উনি তার বিরুদ্ধে একটা ইনসাইড অপারেশন চালান এবং এই বিধানসভার ইতিহাসে সবচেয়ে লজ্জাজনক ঘটনা ঘটে, হাউসে রুলিং পার্টি সেদিন অ্যাবসেন্ট ছিলেন ওদেরই একটা অ্যামেন্ডমেন্টে।

[1.30—1.40 p.m.]

এর জন্য রেজ্জাক সাহেবকে ধন্যবাদ। এখানে ইস্ট ক্যালকাটা ওয়েট ল্যান্ড বিল এসেছে, এই বিলটা এমন করে তৈরি করা হয়েছে যাতে কমল গান্ধীর দুটি হাউসিং প্রজেক্টকে বাঁচিয়ে দেওয়া যায়। রেজ্জাক সাহেব এই জায়গার বিরুদ্ধে লড়াই করছেন, উনি বলিষ্ঠ লোক হলেও বাকিটা বাগাড়ম্বর, বহ্বাড়ম্বে লঘুক্রিয়া। উনি কি করবেন ? সালেম প্রোজেক্ট আটকাবেন কি করে ? মুখ্যমন্ত্রী জাকার্তায় গিয়ে বলে এসেছেন,—আমার জীবনে সবচেয়ে সুখের দিন। রেজ্জাক সাহেব আটকাতে পারবেন না। যদি কেউ সেখানে প্রতিবাদ করেন তাহলে বামফ্রন্টের অনেক সদস্যের যা হয়েছে ওনার সেই রকম অবস্থা হবে। তাই ওনার এই সব কথার কোনো গুরুত্ব আমি দিচ্ছি না। দুটি ইস্যু নিয়ে আমি স্পেশিফিক্যালি বলতে চাই। এক, কি ভাবে কৃষকরা উচ্ছেদ হচ্ছে, কি ভাবে তাদের জমি তথাকথিত শিল্পের জন্য নিয়ে নেওয়া হচ্ছে। দুই, রাজারহাটে কি ভাবে ল্যান্ড স্ক্যাম হচ্ছে। আজকে ভাল হতো বুদ্ধদেববাবু যেটা বলেছিলেন যে আজকে গৌতমবাবু এর জবাব দেবেন। গৌতমবাবু জবাব

দিলে প্রকাশ্যে ওনার বিরুদ্ধে আমি অভিযোগ আনতাম। রেজ্জাক সাহেবের প্রতি আমাদের সহানুভূতি আছে। কিন্তু উনি বক্তৃতাটা কি দিলেন ? শিলিগুড়ি ডেভেলপমেন্ট অথরিটি, দীঘা ডেভেলপমেন্ট অথরিটি, হলদিয়া ডেভেলপমেন্ট অথরিটি, ল্যান্ড অ্যাকুইজিশান অ্যাক্ট, এইগুলো আমরা সব জানি। আসলে উনি উত্তর দেবেন না বলে এই রকম কিছু জেনারেল টার্মস বললেন, আসল অভিযোগ সম্বন্ধে বললেন না। আমি প্রথমে বলতে চাই কৃষকরা কি রকম উচ্ছেদ হচ্ছে। ৯০০০ একর জমি যেটা ৩-ফসলী জমি, রাজারহাটে কৃষকদের কাছ থেকে নিয়ে নেওয়া হয়েছে। আরো ৬টি মৌজায় আই.টি. অর্থাৎ তথ্য প্রযুক্তি ডিপার্টমেন্ট নোটিশ দিয়েছে অ্যাকোয়ার করার জন্য ভাঙড় থানায়। ডানকুনিতে ৫০০০ একর কৃষকদের জমি নিয়ে নেওয়া হচ্ছে। সালেম গোষ্ঠী ৫০০১ একর জমি চেয়েছে একটা রাস্তা করবার জন্য, বারাসাত থেকে রায়চক পর্যন্ত রাস্তা করার জন্য। রাস্তার দু-পাশে জমি অ্যাকোয়ার করেছে। রেজ্জাক সাহেব বললেন, 'ভাল দেখলে করতে দেব, ভাল না দেখলে করতে দেব না।' আমি ওনাকে বলি, প্রজেক্ট রিপোর্ট তৈরি হয়ে গেছে ৪৪০০০ কোটি টাকার। আপনি আটকাবেন, না কি কৃষকরা আন্দোলন করে আটকায় সেটা দেখবো ? শুধু এটা নয়, শিলিগুড়ির চাঁদমনি চা বাগানের ল্যান্ড ইউজ পরিবর্তন করে নিয়ে নেওয়া হয়েছে। নেউটিয়ার উত্তরায়ন তৈরি হয়ে গিয়েছে। শ্রমিকদের চাকুরি চলে গিয়েছে। ফুলবাড়িতে কৃষকদের জমি নিয়ে নেওয়া হয়েছে। শিলিগুড়ি-জলপাইগুড়ি ডেভেলপমেন্ট অথরিটি নিয়ে নিচ্ছে। ফারাক্কায় নেউটিয়াদের প্রজেক্টের জন্য কৃষকদের পাট্টা দেওয়া জমি নিয়ে নেওয়া হয়েছে। অসিতবাবু যেটা উল্লেখ করলেন, গত ২ দিন ধরে মুখ্যমন্ত্রী হাওড়ায় গিয়েছেন সলপে একটা হাউসিং প্রজেক্ট হবে তার উদ্বোধন করতে। সেখানে কৃষকদের জমি নিয়ে নেওয়া হয়েছে। উলুবেড়িয়ায় দেখন. গতকাল আমি বাগনানে গিয়েছিলাম, মুখ্যমন্ত্রীর ফাংশান যেখানে হয়েছে সেখানে জমি এখনও সবুজ ধানে ভরে আছে। অথচ সি. পি. এম. ম্যানুফেস্টোতে বলেছে, 'চাষের জমি শিল্পের জন্য নেওয়া হলে বিরোধিতা করবো।' কৃষকদের তিন ফসলী জমি নিয়ে নেওয়া হয়েছে। আমি বলছি, বন্ধ্যা জমি, অনুর্বর জমি যে সমস্ত আছে বাঁকুড়া পুরুলিয়া জেলাতে সেইগুলো নিন। তা ছাড়া ৪৪ হাজার একর বন্ধ কারখানার জমি যেগুলো আটকে আছে সেইগুলো নিন। কৃষকদের পেটে লাথি মারবেন না। আমি এর সর্বাঙ্গীণ বিরোধিতা করছি। আমরা উন্নয়ন চাই, উন্নয়নের জন্য শিল্প হবে। কিন্তু শিল্প না হয়ে সালিম গোষ্ঠী হাউসিং করবে, সালিম গোষ্ঠী বড়ো লোকেদের জন্য ভিলা করবে, এটা চাই না। পরে আমি রাজারহাটের হিসাব দেব কি ভাবে কৃষকদের বঞ্চিত করা হয়েছে। তাদের বাঁচাবার প্রশ্নে রেজ্জাক সাহেব সাহসিক কথা মাঝে মাঝে বলেন, কিন্তু আসল কালপিট হচ্ছেন গৌতম দেব। কি ভাবে উনি জমি নিয়েছেন তার হিসাব আমি দেব। ১৯৯৪ সালের প্রথম থেকে রাজারহাটে জমি নেওয়া শুরু হয়েছে। প্রথমে ৬ হাজার টাকা প্রতি কাঠা দিয়ে নেওয়া হয়েছে। ১৯৯৬ সালে একটু বাড়ানো হয়েছে ১০ হাজার টাকা প্রতি কাঠা একটু দূরেরগুলো, কেষ্টপুর, মহিষবাথান এই সমস্ত জায়গাতে। তারপর ভি. আই. পি. রোডের কাছে জ্যাংড়া হাতিয়াড়া এই সমস্ত জায়গায় ৩০ হাজার টাকা কাঠা নেওয়া হয়েছে। একোয়ার কি করে হলো ? একদিকে ল্যান্ড অ্যাকুইজিশান ডিপার্টমেন্টের চাপ অন্যদিকে সি.পি.এম.-এর গুণ্ডারা চাপ সৃষ্টি

করছে জমি বিক্রি না করলে জমি বিক্রি হয়ে যাবে। ২ লক্ষ টাকার জ্যাংড়ার জমি ৩০ হাজার টাকায় সরকার কিনেছে। আমি কিছুদিন আগে পাথরঘাটায় গিয়েছিলাম, সেখানে একটা মৌজার জমি অধিগ্রহণ করছে। কৃষকরা কত পাচ্ছেন জানেন ? ১৩ হাজার টাকা পার কাঠা দিয়েছে। আজ রাজারহাটে মধ্যবিত্তদের হাউসিংয়ের জন্য লটারি হচ্ছে, ২ লক্ষ টাকা কাঠা দিয়েছে। তাহলে কৃষকেরা কি পেল ? কৃষকদের জমি চলে গেল। রাজারহাটে গরিব মুসলমান কৃষকেরা বাগুইহাটিতে গিয়ে রিকশা টানছে। তাদের হয়ে রেজ্জাক সাহেব বলেননি, নিউ টাউন নিয়ে ওরা পাগল ? এখন দেখুন রাজারহাটে কি ভাবে জমি বিলি হচ্ছে। কোনো দামের ঠিক নেই। মুখ্যমন্ত্রী টাটাকে ক্যান্সার হসপিটাল করার জন্য জমি দেবেন বলেছেন, কত ? আড়াই লক্ষ টাকা কাঠা। আই.টি.সি.-কে জমি দিচ্ছে ৩ লক্ষ টাকা কাঠা, যারা প্রোমোটিং করছে, হোটেল বানাবে—তাদের দিচ্ছে সাড়ে ৩ লক্ষ টাকা কাঠা। জমির কানো নির্দিষ্ট দাম নেই। এটা গৌতম দেব, বুদ্ধদেব বাবুর যেন পৈত্রিক সম্পত্তি ! যাকে যে রকম ইচ্ছা জমি দিচ্ছেন। অথচ পাথরঘাটায় এখনও কৃষকেরা ১৩ হাজার টাকায় জমি বিক্রি করছে। এর মধ্যে রাজারহাটে যাদেরকে হাউসিংয়ের জন্য জমি বিক্রি করা হয়েছে তাদের জমি হস্তান্তরের কাজ শুরু হয়ে গেছে। আমরা সল্টলেক নিয়ে বলতুম, সল্টলেকে তো সিঙ্গেল প্লট ছিল। সে জমি জ্যোতি বসুর শালাকে দিয়েছেন, ছেলেকে দিয়েছেন, রাজ্যের সব লোককে দিয়েছেন। এখানে বামফ্রন্টের চেয়ারে যারা বসে আছেন, অর্ধেক মন্ত্রীর সল্টলেকে জমি আছে। এখানে তো একরের পর একর জমি দিয়েছেন। এখানে কার জমি নেই ? বুদ্ধদেব বাবু ছাড়া নিরুপম সেন থেকে শুরু করে সত্যসাধন চক্রবর্তী সকলেই তো সল্টলেকে বাড়ি বানিয়ে আছেন। আপনাদের বলতে লজ্জা হয় না ? বাঙালি মধ্যবিত্তর জন্য জমি, না সি.পি.এম. নেতাদের জন্য জমি ? এটা আপনাদের বলতে লজ্জা হওয়া উচিত। রাজারহাটে অঞ্জন দাস থেকে শুরু করে সব দালালেরা কাজ করছে। সরকারের থেকে পাওয়া জমি সেটা আবার বিক্রি হয়ে যাচ্ছে। আপনি ট্রান্সপ্যারান্সির ব্যাপারে আমার বক্তব্য জিজ্ঞাসা করছিলেন। ট্রান্সপ্যারান্সির ব্যাপারে আমার বক্তব্য অত্যন্ত পরিষ্কার। এই যে জয়েন সেক্টর হাউসিং প্রজেক্টগুলোকে দিয়েছিল—বেঙ্গল পিয়ারলেস, বেঙ্গল শ্রাচি (টোডি), বেঙ্গল গ্রিন ফিল্ড (চন্দন বসুর), বেঙ্গল অম্বুজা (নেওটিয়া), বেঙ্গল ডি.সি.এল. (সাধন দত্ত), বেঙ্গল ইউনিটেক (প্রসূন মুখোপাধ্যায়) —ইনি মুখ্যমন্ত্রীর সফর সঙ্গী, বেঙ্গল সেন্টা—এদেরকে যে জমি দেওয়া হয়েছে, আমি ট্রান্সপ্যারান্সি এখানেই চাইছি। কেন সাহস হয় না ? হাউসে এসে বলুন যে,আমরা ওদেরকে জমি দিয়েছি জয়েন সেক্টরে। এত টাকা করে আমরা কাঠা নিয়েছি। তাহলে মধ্যবিত্তরা জানতে পারবে, তারা ২ লক্ষ টাকায় জমি কিনেছে। আমার অভিযোগ, ওদেরকে কেন এত সস্তায় জমি দেওয়া হয়েছে ? আমি শুনেছি, এই সস্তায় জমি দেওয়ার ফলে সি.পি.এম.-এর পার্টি ফান্ড স্ফীত হয়েছে। আমি এর তীব্র নিন্দা করছি। রাজারহাটের গরিব কৃষকদের জমি নিয়ে আপনারা পার্টি ফান্ডকে স্ফীত করেছেন, এটা আমাদের অভিযোগ। প্রসূন মুখোপাধ্যায় ইন্টারন্যাশানাল কনভেনশন সেন্টার করবার জন্য বেঙ্গল ইউনিটেক গ্রুপ থেকে কন্ট্রাক্ট পেয়েছেন। কত জমি কত টাকায় পেল, কি ভাবে পেল আমরা জানতে চাই না। রাজারহাট জমির একটা রেঞ্চ মার্ক আছে—আমি জানি না গৌতমবাবু রেজ্জাক মোল্লা সাহেবকে জানান কিনা ! ওয়েবেলের একটা জমি আছে, সেই জমিটা ডি.এল.এফ.-কে ওরা বিক্রি করেছে।

ডি.এল.এফ. দিল্লীর বড়ো প্রোমোটার। ওয়েবেল একমাত্র ট্রান্সপ্যারেন্স প্রসেসে করেছিল। তারা অকশান ডেকেছিল, কে কত টাকা দিতে পারবে। সেখানে ওরা ৩ কোটি টাকা পার একর, অর্থাৎ ১ কোটি টাকা বিঘা, ৫ লক্ষ টাকায় পেয়েছিলেন। অথচ যাদেরকে জমি দেওয়া হচ্ছে, সবাইকে অনেক কম দামে জমি দেওয়া হচ্ছে। এখানেই আন্ডার দি টেবিল ড্রিল করা হয়েছে। কেন সব জায়গায় ইউনিফর্ম প্রাইস রইল না ? ১৩ হাজার টাকায় জমি কিনছেন, সেই জমি বাঙালি মধ্যবিত্তদের কেন ২ লক্ষ টাকায় বিক্রি করা হচ্ছে ? এর কি যুক্তি আছে ? মুখ্যমন্ত্রীর চারদিকে যে লোকগুলো ভিড় করছে শিল্পায়নের নামে, এগুলো কেউ শিল্পপতি নয়। এই যে আমি জয়েন সেক্টরের কথা বললুম, এরা হচ্ছে সব হাউসিংয়ের প্রোমোটার। এরা সস্তায় জমি নিয়ে সরকারের মাথায় টুপি দিয়ে বাড়ি করতে চায়। সালিম কি করতে চায় ? সালিমের প্রজেক্ট কি ? এই প্রজেক্টটা বার হয়ে গেছে। সালিম একটা স্বাস্থ্য-নগরী করবে, একটা ইন্ডাস্ট্রিয়াল স্টেট করবে, একটা নলেজ সিটি তৈরি করবে, আর একটা টাউনশিপ ইন্ডাস্ট্রিয়াল স্টেট তৈরি করবে।

[1.40—1.50 p.m.]

এটা ইন্ডিয়ায় যে কেউ করতে পারে। সালিমকে ৫,১০০ একর জমি এইভাবে দিয়ে দেবেন ? এর মধ্যে ইন্ডাষ্ট্রি কোথায় ? আমি জিজ্ঞাসা করছি, কোথায় কারখানায় মেসিনের চাকা ঘুরবে, কোথায় শ্রমিক কাজ পাবে ? সেসব নেই। আমি অভিযোগ করছি, রাজারহাটে যে ভাবে জমি দেওয়া হয়েছে, কোটি কোটি টাকার যে ইরেগুলারিটিস হয়েছে, এই সরকার এবং এর মন্ত্রীরা সকলে এর সঙ্গে যুক্ত। যে ভাবে জমি দেওয়া হয়েছে, টোট্যালি নন-ট্রান্সপারেন্ট। আমি চাই সরকারের সাহস থাকলে হোয়াইট পেপার পাবলিশ করুক এবং ঘোষণা করুক, ওদের ইচ্ছামতো জমি দেওয়া যাবে না। যখন যাকে ইচ্ছা জমি দেওয়া যাবে, এটা চলবে না। আমি দাবী করছি, রাজ্য সরকার, যাদের হাতে টাকা নেই, ১ লক্ষ ১০ হাজার কোটি টাকা ঋণ, সেই বুদ্ধদেববাবুরা কি করছেন, সালিমকে জমি বেচছেন। আপনি ঠিকই বলেছেন, জমি হচ্ছে মা। জমি হচ্ছে গোল্ড। গৃহস্থের জমিতে থাকে সোনা। সেই সোনাকে আপনি বিক্রি করে দেবার চেষ্টা করছেন কয়েকটি প্রোমোটরকে। এখন আপনি ক্যালকাটা ওয়েটল্যান্ডের ব্যাপারে আপত্তি দিয়েছেন। আমি আপনাকে ধন্যবাদ জানাই। রাজারহাটে আপনি আটকাতে পারেননি। এদেরকে উপড়ে না ফেলে দিলে সালিমকে আটকাতে পারবেন না। সালিম যে ভাবে আপনাদের মাথা কিনে নিয়েছে, আপনার ক্ষমতা নেই আটকানোর। আমি ট্রান্সপারেন্সি অভাবের তীব্র নিন্দা করি। জয়েন্ট সেক্টরে জমি দেওয়া নিয়ে যে দুর্নীতি হচ্ছে তা বিরোধিতা করে আমার প্রস্তাবের সমর্থনে আমি বক্তব্য রাখলাম।

The Motion of Shri Saugata Roy that

"Whereas, the State Government has evicted peasants to establish the New Town at Rajarhat;

Whereas, the State Government proposes to acquire 5000 acres of land in South 24-Parganas for the Salim Saputra group;

Whereas, peasants are being evicted in Dankuni, Farakka, Siliguri and other places for setting up industry/housing projects;

Whereas, there is no transparency in these land deals; and

Whereas, there are a lot of complaints of irregularities in these land deals;

This House, therefore, urges on the State Government to publish a white paper on all such land deals as also to establish transparency in all such land deals in future."

was then put and a Division taken place with the following results :

NOES

Abdur Razzak Molla, Shri
Abu Ayes Mondal, Shri
Ankure, Shri Saresh
Badal Zamadar, Shri
Bag, Shri Kartick Chandra
Bagdi, Shri Kiriti
Bala, Dr. Asim
Bauri, Shri Madan
Bera, Shri Nityananda
Biswas, Shri Sushil
Biswas, Smt. Susmita
Bauri, Smt. Uma Rani
Chowdhury, Shri Jayanta
Dal, Smt. Nanda Rani
Das, Shri Jagadish Chandra
Das, Shri Jajneswar
Das, Shri Nirmal
Dasthakur, Shri Chittaranjan
Deb, Shri Rabin
Dhar, Shri Padma Nidhi
Duley, Shri Krishna Prasad
Dutta, Shri Gurupada
Ganguly, Smt. Kanika

Ghosh, Shri Susanta
Goala, Shri Rajdeo
Hafiz Alam Sairani, Shri
Hatial, Shri Bhabani Sankar
Hembram, Shri Rabindra Nath
Hore, Shri Tapan
Khanra, Shri Saktipada
Kisku, Shri Upen
Kundu, Shri Ranjit
Let, Shri Bishnu
Mafuja Khatun, Smt.
Majhi, Shri Bhandu
Majhi, Shri Nanda Dulal
Majhi, Shri Tamal Chandra
Malick, Shri Shiba Prasad
Mondal, Shri Kshiti Ranjan
Mohammed Amin, Shri
Mojibor Rahaman, Shri
Mostafa Bin Quasem, Shri
Mukherjee, Shri Narayan
Mukhopadhyay, Shri Ashutosh
Mursalin Molla, Shri
Nazmul Haque, Shri
Noorar Rahman, Shri
Pakhira, Shri Ratan
Pramanik, Shri Sudhir
Qamre Elahi, Dr.
Routh, Shri Dibakanta
Samanta Shri Rampada
Sanyal, Shri Kamalendu
Sk. Jahangir Karim, Shri
Roy Krishna Kisor

AYES

Adhikari, Shri Sisir
Bakshi, Shri Subrata
Banerjee, Shri Pankaj

Bhadra, Shri Arup
Bhattacharya, Shri Rabindranath
Chakrabarti, Shri Biman
Chatterjee, Shri Partha
Chattopadhyay, Shri Sobhandeb
Deb, Shri Ashok Kumar
Ghatak, Shri Moloy
Ghosh, Shri Nirmal
Guha, Smt. Sonali
Khan, Shri Kallol
Lahiri, Shri Jatu
Mallik, Shri Jyoti Priya
Mishra, Shri Kashinath
Mondal, Shri Tanmoy
Mukherjee, Shri Ashoke (Gopal)
Naskar, Shri Gobinda Chandra
Raychowdhury, Shri Biplab
Roy, Shri Saugata

The Ayes being 21, and the Noes 55, the motion was then lost.

Mr. Speaker: Motion Under Rule 185.

Shri Ranjit Kundu, you move your motion.

শ্রী রঞ্জিৎ কুণ্ডু : স্যার, আই বেগ টু মুভ দ্যাট—এই সভা অবগত আছে যে, কেন্দ্রে ইউ. পি. এ. সরকার গঠিত হওয়ার সময় গৃহীত অভিন্ন ন্যূনতম কর্মসূচীতে ঘোষণা করা হয়েছিল—

(ক) কোনো সংঘর্ষের ভিত্তিতে নয়, ট্রেড ইউনিয়ন এবং শিল্প-মালিকদের সাথে ত্রিপাক্ষিক আলোচনার ভিত্তিতে শ্রমিক ও শিল্পের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হবে ;

(খ) শ্রমিকদের ধর্মঘটের অধিকার সহ অন্যান্য সীমিত অধিকার ও সুযোগ-সুবিধা রক্ষা করা হবে ;

(গ) ন্যূনতম মজুরি আইন সার্বিকভাবে প্রয়োগ এবং অসংগঠিত ক্ষেত্রের শ্রমিকদের জন্য সামাজিক সুরক্ষা, স্বাস্থ্যবীমা ইত্যাদি ব্যবস্থা করা হবে ;

(ঘ) শ্রমিক-কর্মচারী নিয়োগের ক্ষেত্রে হায়ার অ্যান্ড ফায়ার নীতি গ্রহণ করা হবে না।

এই সভা গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করছে যে,—

উক্ত ইউ.পি.এ. সরকার তাদের অভিন্ন ন্যূনতম কর্মসূচিতে ঘোষিত শ্রমিকশ্রেণী ও শ্রমনীতি সংক্রান্ত নীতিগুলি মেনে চলছে না এবং পক্ষান্তরে যে নীতিগুলি গ্রহণ করছে তার সঙ্গে ঘোষিত নীতির কোনো মিল নেই।

এই সভা আরও লক্ষ্য করছে যে,—

ট্রেড ইউনিয়নগুলির সাথে কোনো আলোচনা না করে উক্ত সরকার শ্রম আইন সংশোধনের জন্য সম্প্রতি লোকসভা ও রাজ্যসভায় বিল পেশ করেছে এবং পরবর্তীকালে ৪০তম শ্রম সম্মেলনে প্রস্তাবিত সংশোধনী নিয়ে আলোচনাতে কোনো ঐকমত্য সিদ্ধান্তে না আসা সত্ত্বেও শ্রমিক স্বার্থ-বিরোধী উক্ত বিলসহ অন্যান্য বিলগুলি পাশ করাবার জন্য উদ্যোগ গ্রহণ করছে ;

শ্রমবিরোধ আইনের ৫বি ধারা অনুযায়ী কোনো কারখানা কর্তৃপক্ষ শ্রমিক ছাঁটাই বা কারখানা বন্ধ করতে চাইলে উপযুক্ত কারণ দেখিয়ে সরকারের কাছ থেকে যে অনুমোদন নিতে হয় তা উক্ত প্রস্তাবিত শ্রম আইন সংশোধনের মাধ্যমে শিথিল করে দেওয়া হচ্ছে ;

প্রস্তাবিত বিলে ৩০০ জন শ্রমিক কাজ করেন এমন কারখানার ক্ষেত্রে শ্রমিক স্বার্থ সংশ্লিষ্ট ধারাগুলি তুলে দেওয়া হবে এবং শ্রমবিরোধ আইনের ৩৬বি ধারা সংশোধনীতে সরকারি ও বেসরকারি শিল্প-কারখানায় শিল্প বিরোধ আইন প্রয়োগের ক্ষেত্রে রাজ্য সরকার শিথিল করতে পারবে ; এবং

প্রস্তাবিত সংশোধনীতে মালিকপক্ষকে শ্রমবিরোধ আইনের ৯এ ধারায় সুরক্ষিত শ্রমিকদের অর্জিত অধিকারগুলি ও সুবিধাগুলি যথা—বেতন, মহার্ঘভাতা, কাজের সময়, ছুটি ইত্যাদি কেড়ে নেওয়ার সুযোগ সৃষ্টি করে দেওয়া হচ্ছে এবং ৫০০ জন পর্যন্ত শ্রমিক নিয়োগকারী শিল্প প্রতিষ্ঠানগুলিকে বিভিন্ন শ্রম আইনের রিটার্ন জমা দেওয়ার বিষয়টি বলবৎ থাকছে না।

এই সভা মনে করে যে,—

এই প্রস্তাবিত বিলটি গৃহীত হলে কোনো রাজ্যের শ্রম দপ্তরের কোনো ভূমিকা থাকবে না এবং যে কোনো শিল্প প্রতিষ্ঠানে স্থায়ী পদে চুক্তির ভিত্তিতে শ্রমিক নিয়োগ করা যাবে।

এই সভা আরও মনে করে যে,—

কন্ট্রাক্ট লেবার আইনের প্রস্তাবিত সংশোধনীতে বিশেষ অর্থনৈতিক অঞ্চল যুক্ত করা হয়েছে যার ফলে মালিক পক্ষ ইচ্ছামত শ্রমিক ছাঁটাই করতে পারবে।

এই সভা বিশেষভাবে উদ্বিগ্ন যে,—

কেন্দ্রীয় সরকার পেনশন রেগুলেটরি আইন তৈরি ও চালু করেছে এবং এই আইন অনুযায়ী শ্রমিকদের বেতন থেকে ১০ শতাংশ হারে টাকা কাটা গেলেও পেনশন প্রদানের

ক্ষেত্রে কোনো নির্দিষ্ট নীতি গ্রহণ করা হয়নি এবং অন্যদিকে পি. এফ.-এর সুদের হার কমিয়ে ৮.৫ শতাংশ করা হয়েছে।

অতএব, এই সভা শ্রমিক শ্রেণী তথা মেহনতী মানুষের উপর শ্রম আইন সংশোধনের মাধ্যমে যে সর্বাত্মক আক্রমণ নামিয়ে আনার প্রচেষ্টা হচ্ছে এবং একতরফাভাবে মালিক পক্ষের স্বার্থ বজায় রাখার ব্যবস্থা হচ্ছে তার প্রতিবাদ জানাচ্ছে এবং সাথে সাথে রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের নিকট এই প্রস্তাবিত বিলকে প্রত্যাহার করার দাবি জানাচ্ছে।

স্যার, কেন্দ্রীয় সরকার শ্রম আইনের পরিবর্তন আনার জন্য যে বিলগুলো সংসদে পেশ করেছেন তা জনস্বার্থ বিরোধী, শ্রমিক স্বার্থ বিরোধী। সেই বিল প্রত্যাহারের দাবিতে রুল ১৮৫ মোশানের মাধ্যমে আজকে এই মোশান আনা হয়েছে এখানে। মোশানটা ছাপানো আছে। আমার বক্তব্য আমি পরে রাখব।

Mr. Speaker: There are two amendments to the motion by Shri Kashinath Mishra which are in order, and I have admitted them. I would now request Shri Mishra to move his motions.

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আমার অ্যামেন্ডমেন্ট মুভ করছি। (১) ইন লাইন টুয়েল্‌ভ আফটার দি ওয়ার্ড 'মিল নেই', দি ওয়ার্ড 'ফলে শ্রমিক শ্রেণীর গণতান্ত্রিক অধিকার খর্ব করা হচ্ছে।' বি অ্যাডেড ; অ্যান্ড (২) ইন লাইন থার্টি সেভেন, আফটার দি ওয়ার্ডস 'সুদের হার কমিয়ে ৮.৫ শতাংশ করা হয়েছে', 'দি ওয়ার্ডস' ফলে শ্রমিক শ্রেণী-সহ সরকারি স্তরে কর্মচারীদের অর্থনৈতিক দুরবস্থার সৃষ্টি হয়েছে এবং বর্তমানে বাজার দরের কাছে শ্রমিক-কর্মচারীরা বিপদগ্রস্ত হচ্ছে।' বি অ্যাডেড।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মোশান ১৮৫-তে শ্রী রঞ্জিৎ কুণ্ডু-সহ আরও অনেকে যে প্রস্তাব এনেছেন সে বিষয়ে আলোচনা করতে গিয়ে বলতে হয়, কেন্দ্রীয় সরকার শ্রম আইন সংশোধনের জন্য যে বিল এনেছেন, সেই বিলে যে ধারাগুলো রয়েছে সেই ধারাগুলো যদি লাগু হয়, যদি কার্যকরী করা হয় তাহলে ভারতবর্ষের শ্রমজীবী জনগণের জীবনে নতুন করে যে অন্ধকার নেমে আসবে তাতে কোনো সন্দেহ নেই। আমাদের দলের পক্ষ থেকে এ ব্যাপারে তীব্র আপত্তি জানিয়ে আমরা কেন্দ্রীয় সরকারের কাছে চিঠি লিখেছি যে, ওই আইনগুলো পাল্টাতে হবে। আইনকে সম্পূর্ণভাবে বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখিয়ে ভারতবর্ষের শিল্পপতি, পুঁজিপতি, মালিক গোষ্ঠী শ্রমজীবী মানুষকে যে ভাবে অত্যাচার করছেন তার পরেও যদি শ্রম আইন সংশোধনের জন্য এগিয়ে আসা না হয় তাহলে ভবিষ্যতে শ্রমজীবী মানুষের যে আন্দোলন সেই আন্দোলন সম্পূর্ণভাবে ধ্বংস হয়ে যাবে এবং একটা পুঁজিবাদী রাষ্ট্রের যে চেহারা সেই চেহারা নেবে। কিন্তু যাঁরা এই প্রস্তাব এনেছেন, রঞ্জিৎ বাবুর কাছে প্রশ্ন করছি, এই যে প্রস্তাব এনেছেন, আপনারা তো দিল্লিতে ক্ষমতায় রয়েছেন কংগ্রেসের সঙ্গে, আপনাদের নীতি কি ? আদর্শ কি ? এটা আমাদের পক্ষে বোঝা অসুবিধা হয়ে পড়ছে। ২০০৪ সালে আপনারা যখন চতুর্দশ লোকসভার নির্বাচনে গেলেন, তখন

আপনারা আপনাদের ইস্তেহারে বললেন 'কংগ্রেস দল চার দশক করে রাজত্ব করছে এবং সেই দলের নীতি এবং তাদের সরকারের কার্যকলাপ আমাদের দেশের জনগণের দুর্দশার জন্য দায়ি'। যে দল গত ৪০ বছর ধরে দেশের জনগণের সর্বনাশ করছে সেই দলকে ক্ষমতায় রাখার জন্য, দেশের জনগণকে আরও দুর্দশাগ্রস্ত করার জন্য সমর্থন করছেন ? স্বাভাবিকভাবেই এটা মনে এসে যায়।

[1.50—2.00 p.m.]

যে দল দুর্দশাগ্রস্ত, সেই দলকে নির্বাচনের আগে সমর্থন করে সরকারে আনার অর্থ হচ্ছে আরও বেশি করে ভারতবর্ষকে দুরবস্থায় ফেলা। আপনারা কংগ্রেস সরকারকে সমর্থন জানিয়েছেন, কেন আপত্তি করতে পারেননি যখন দিল্লির সরকার ই.পি.এফ.-এর সুদের হার কমিয়ে দিল ? আসলে আপনারা ভেতরে ভেতরে সোনিয়া গান্ধীর সঙ্গে বসে কথা বলে নিচ্ছেন আর বাইরে ভোট ব্যাংকের জন্য দেখাচ্ছেন আমরা বিরোধিতা করছি। আসলে ভেতরে ভেতরে ওদের কার্যকলাপকে আপনারা সমর্থন করছেন। ঠিক একই জিনিস ইরানের প্রশ্নেও আজ সকালে যে মোশান এসেছিল তাতেও একই জিনিস দেখা গেছে। সেখানে যখন মূলায়েম সিং যাদব নো-কনফিডেন্স আনতে গেছিলেন তখন আপনাদেরই সম্পাদক নো-কনফিডেন্স আনবেন না এই কথা বলেছিলেন, কিসের ভয় ছিল আপনাদের ? এখন যেটা করছেন নির্বাচনকে সামনে রেখে নাটক ছাড়া কিছু নয়। এই আইনটা পাশ হয়ে গেছে, সেখানে আবার নতুন করে পেনশন বিল নিয়ে আসছে। সেই পেনশন বিলের ক্ষেত্রেও দেখা যাবে খোলা বাজারের সঙ্গে যুক্ত হয়ে যাবে, শেয়ার মার্কেটের সঙ্গে যুক্ত হয়ে যাবে এবং সেখানেও আপনারা সমর্থন করবেন। সেখানেও আপনাদের সম্পাদক মহাশয় গিয়ে বলে আসবেন নো-কনফিডেন্স করবেন না, যুক্ত করে দেবেন। আপনারা সরকারের বিরুদ্ধে নো-কনফিডেন্স আনতে পারবেন না। আপনাদের দলের নীতিটা কি ? পার্টির রণনীতি, রণকৌশল এবং বামফ্রন্ট সরকার বলে একটি বই বেরিয়েছে, ওই বইটি আমাদের বই নয়, ওই বইতে মন্ত্রী নিরুপম সেন লিখেছেন। তিনি কি লিখেছেন সেটা পড়ে শোনাচ্ছি— 'আমাদের দেশে রাষ্ট্রীয় কাঠামোর মধ্যে দাঁড়িয়ে রাজ্যের সীমাবদ্ধতার দিকটা স্পষ্ঠভাবেই ফুটে উঠেছে। এক্ষেত্রে দ্বিধা অথবা সংশয়ের কোনো অবকাশ রাখা হয়নি। ধনবাদী ব্যবহার মৌলিক কোনো পরিবর্তন এই সরকারের পক্ষে করা সম্ভব নয়। অর্থাৎ সারেন্ডার করে দিয়েছেন। তাহলে কিসের জন্য আপনারা লড়াই করছেন, আপনারা তো পরিপূর্ণভাবে আত্মসমর্পণ করেই ফেলেছেন। দিল্লির সরকারকে সমর্থন করে গোপনে এই যে ই.পি.এফ.-এ সুদের হার কমানোর সিদ্ধান্ত কেন্দ্রীয় সরকার নিয়েছে তাকে গোপনে সমর্থন করবেন। তার বিরুদ্ধে বিদ্রোহ করতে পারবেন না, পেনশন রেগুলেটারি অ্যাক্টের বিরুদ্ধে বিদ্রোহ করতে পারবেন না। এখানে ভোট ব্যাংক বাড়াবার জন্য প্রস্তাব নিয়ে এসে মানুষকে দ্বিধা এবং দ্বন্দ্বের মধ্যে ফেলে দিতে চাইছেন। যে আইনের কথা বলেছেন সেই আইন আমাদের রাজ্যে বলবৎ হয়ে গেছে। আমি কলকাতায় বেশ কিছু ইউনিয়নের সঙ্গে যুক্ত আছি। আজকেই কলকাতার একটি বড় হাসপাতালে সন্ধ্যে সাতটার সময়ে হাসপাতাল কর্তৃপক্ষের সঙ্গে মিটিং

আছে। গত ৮ মাস ধরে চাটার অফ ডিমান্ডের সেটেলের ব্যাপারে একটি বড় প্রাইভেট হসপিটালের সঙ্গে কথা চলছে। তাদের বক্তব্য যে, তারা চাটার অফ ডিমান্ড সেটেল করবে না যতক্ষণ না আউটস্ট্যান্ডিং মেনে নেবেন। তারা মেনে নিচ্ছে না বলেই চাটার অফ ডিমান্ড সেটেলও হচ্ছে না। আবার শোনা যাচ্ছে কর্তৃপক্ষ রাইটার্স বিল্ডিংসে গিয়ে শ্রম সচিবের সঙ্গে মিটিং করে এসেছেন। সেখান থেকে বলা হয়েছে কেউ কিছু করতে পারবে না, কোনো কিছু হবে না। শ্রমমন্ত্রী এখানে বসে আছেন তাঁর কাছে সরাসরি অভিযোগ করছি এই সরকার সরাসরি শিল্পপতি, পুঁজিপতিদের সহযোগিতা করছেন, আর এখানে আইনের বিরোধিতা করছেন। আইন তো বলবৎ হয়েই গেছে। আপনারা হায়ার অ্যান্ড ফায়ারের কথা বলেছেন। চুক্তিতে শিক্ষক নিয়োগ কারা করেছেন ? আপনারাই তো করেছেন। চুক্তিতে শিক্ষক নিয়োগ করে এখন তার বিরোধিতা করছেন। আজকে পশ্চিমবাংলায় ব্যক্তি মালিকানার পুঁজিপতিরা যে পি.এফ.-এর টাকা জমা দিচ্ছে না তার জন্য কি ব্যবস্থা নিচ্ছেন বা নিতে পেরেছেন ? কত মালিক পি.এফ.-এ টাকা জমা দিচ্ছে না, কত কোম্পানি ই.এস.আই.-তে টাকা জমা দিচ্ছে না তার জন্য কি ব্যবস্থা নিতে পেরেছেন ? ট্রাম কোম্পানি থেকে শুরু করে, এস.বি.এস.টি.সি., সি.এস.টি.সি.—এই যে বিভিন্ন সরকারি সংস্থা আছে, সেখানে আপনাদের এইসব বলার কোনো নৈতিক অধিকার আছে কিনা আমি জানি না। শ্রম আইনের সংশোধন, শ্রম আইনে যা আছে, সেখানে সেই আইনবলে ট্রেড ইউনিয়ন রাইট নিয়ে লড়াই করে। সেই আইনকেই পশ্চিমবঙ্গ সরকার নিজেরাই ভাঙছে। এটা লজ্জার কথা। তাদের যে বোর্ড এবং কর্পোরেশনগুলো আছে সেখানে শ্রমিকদের পারিশ্রমিক দিতে পারছেন না। আজকে মিনিমাম ওয়েজ অ্যাক্ট লাগু আছে। সেই মিনিমাম ওয়েজ অ্যাক্ট-এর জন্য বেপরোয়াভাবে আপনারা এই যে নতুন করে স্পঞ্জ আয়রন কারখানা করছেন পশ্চিমবঙ্গে, যার উপর দাঁড়িয়ে নিরুপম সেন, বুদ্ধবাবু বাহবা নেবার চেষ্টা করছেন, সেখানে শ্রমমন্ত্রী আপনি কি জানেন পশ্চিমবঙ্গে যতগুলি স্পঞ্জ আয়রন কারখানা হয়েছে, সেখানে ৪০ টাকা রোজে দিনের পর দিন শ্রমিকদের কাজ করিয়ে নেওয়া হচ্ছে, ১২ ঘণ্টা কাজ করানো হচ্ছে। আপনারা যে জুট চুক্তি করেছেন, যে চা চুক্তি করেছেন, সেই চুক্তির মধ্যে কি করেছেন ? আপনারা চুক্তি করেছেন যে, উৎপাদনের সঙ্গে স্যালারিকে যুক্ত করে দিয়েছেন। আপনারা বললেন না নতুন মেশিনারির কথা ? সেই পুরানো মেসিন নিয়ে আজকে যে সমস্ত জুট মিল আছে, সেখানে পুরানো মেসিনারি নিয়ে উৎপাদনের সঙ্গে স্যালারিকে যুক্ত করে দিয়েছেন। চা বাগানে কি করলেন ? কি ভয়ঙ্কর শ্রম-বিরোধী কাজ সেখানে করেছেন শ্রমমন্ত্রী নিজেই। শ্রমিকদের স্বার্থের বিরুদ্ধে কাজ করেছেন। আজকে ২৪ কেজি পর্যন্ত একটা রেট করলেন, তারপর ৩০ কেজি পর্যন্ত আর একটা রেট করলেন, আর ৬ কেজি মাঝখান থেকে হাওয়া হয়ে গেল। তাদেরও তো লিংক পিরিয়েড আছে, সেইসময় চা পাতা কম ওঠে। আবার ভাল সময় আছে, বৃষ্টির পর ভাল চা পাতা ওঠে। কিন্তু আপনি সারা বছরের জন্য একটা আইন করে শ্রমিকরা যে পয়সা পেত তার থেকে কম পয়সায় আপনি চুক্তি করতে বাধ্য হয়েছেন। আমি বলছি আপনাদের কাছে যে, সল্টলেকে যে একটা নতুন জোন তৈরি করেছেন আপনারা, সেখানে আজকে ভারতবর্ষের সমস্ত রাজ্যের তুলনায় এই পশ্চিমবঙ্গে আই.টি.-র সঙ্গে যুক্ত কর্মচারীরা সবাই

কম মাইনে পায়, তাদের সোস্যাল সিকিউরিটি নেই, ই.এস.আই., পি.এফ. এবং গ্র্যাচুইটি নেই। তারা সাড়ে ৩ হাজার টাকা, ৪ হাজার টাকা মাইনেতে কাজ করতে বাধ্য করছেন। ট্রেড ইউনিয়ন করবার রাইট পর্যন্ত তাদের দেওয়া হবে না। আজকে আপনারা স্পেশাল জোন তৈরি করবার কথা বলছেন, যেটা এই আইনে আছে। আমি শুধু বলতে চাই রঞ্জিতবাবু এটা তো চায়না মডেল। মনমোহন সিং আপনাদের নেতাদের ডেকে ডেকে বলছেন চীন তো মানছে। চীনে এই জিনিস চালু আছে। চীনের শ্রম আইনে ১০৭ ধারা আছে। সেখানে স্ট্রাইক রাইট বলে কিছু নেই। আপনারা তাদেরই উত্তরাধিকার। মনমোহন সিং বুঝিয়ে দিচ্ছেন চায়না মডেলে শ্রম আইন তৈরি করতে চাইছি। আলটিমেটলি তাদেরকেই আপনারা সম্মতি দেবেন কিন্তু স্রেফ নির্বাচনের আগে একটু মানুষকে বলার জন্য, ভোট ব্যাংক তৈরি করবার জন্য শ্রমিকদের কাছে স্তোক বাক্য দিচ্ছেন। আজকে এই যে প্রস্তাব নিয়ে এসেছেন, আমি সেই প্রস্তাবের মূল বিষয়ের সঙ্গে সম্পূর্ণ একমত হওয়া সত্ত্বেও আপনাদের এই ধোঁকাবাজির তীব্র বিরোধিতা করছি। আপনাদের এই দ্বিচারিতা আগামী দিনে মানুষ বুঝবে, এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী জীবনপ্রকাশ সাহা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, অসংগঠিত শ্রমিকদের স্বার্থে আন্ডার রুল ১৮৫ যে প্রস্তাব আনা হয়েছে, সেই প্রস্তাবকে আমি সমর্থন করছি। অসংগঠিত শ্রমিকদের স্বার্থে এই প্রস্তাব আরও আগে আনলে ভাল হত। কেন্দ্রে যখন ইউ.পি.এ. সরকার গঠিত হয়, তখন কমন মিনিমাম প্রোগ্রামে ঠিক হয়েছিল যে, শ্রমিকদের স্বার্থ যাতে রক্ষিত হয় তার ব্যবস্থা করতে হবে। কিন্তু দুর্ভাগ্যের বিষয় কেন্দ্রের ইউ.পি.এ. সরকার মাঝে-মধ্যে জনবিরোধী নীতি গ্রহণ করেছেন শ্রমিকদের স্বার্থ রক্ষা করেননি। কেন্দ্রে যখন ইউ.পি.এ. সরকার গঠিত হয়েছিল, তখন সিদ্ধান্ত হয়েছিল যে শ্রমিকদের স্বার্থের ব্যাপারে কোনো সংঘাত দেখা দিলে, কোনো মিল-কারখানায় কোনো সংঘাত দেখা দিলে সেখানে ত্রিপাক্ষিক সমঝোতার মধ্যে সেটা মিটমাট করতে হবে। শ্রমিক পক্ষ থাকবে, মালিক পক্ষ থাকবে এবং সরকার পক্ষ থাকবে।

[2.00—2.10 p.m.]

সিদ্ধান্ত হয়েছিল যখন কোনো ভাবে ত্রিপাক্ষিক এই সমঝোতা সম্ভব হবে না, তখন শ্রমিকেরা ধর্মঘট করতে পারবে। দুঃখের বিষয় কেন্দ্রীয় সরকার ধর্মঘটকে বেআইনি ঘোষণা করার জন্য উঠে পড়ে লেগেছে। বামপন্থীরা যারা ট্রেড ইউনিয়ন করেন, যারা শ্রমিক স্বার্থ রক্ষা করার জন্য আন্দোলন করেন, তারা এটা মেনে নেবেন না। এর পূর্বে আমরা ধর্মঘট করে এর বিরোধিতা করেছি। তাই এই প্রস্তাবকে আমরা সমর্থন করছি এবং কেন্দ্রীয় সরকারের জনবিরোধী নীতির বিরোধিতা করছি। সবচেয়ে বড় দাবি যেটা ছিল সেটা হচ্ছে, অসংগঠিত শ্রমিকদের স্বার্থ রক্ষা করার জন্য ন্যূনতম মজুরি দেওয়া। কোনো এক জায়গায় শ্রমিকেরা কাজে গেলে সেখানে তাদেরকে ২০-২৫ টাকা দিয়ে বলা হল তোমরা এর বেশি আর পাবে না, সেই সমস্ত জায়গায় আমরা বার বার আন্দোলন করেছি। শ্রমিকদের যাতে নির্ধারিত মূল্য দেওয়া হয় তার জন্য আমরা বলেছি। অসংগঠিত শ্রমিক যারা জন মজুরের কাজ করে, যারা

রাজমিস্ত্রির কাজ করে, যারা রিকশা চালান, যাদের কখনও কাজ থাকে কখনও থাকে না তাদের স্বাস্থ্য রক্ষার জন্য পশ্চিমবঙ্গ সরকার স্বাস্থ্য বিমা চালু করেছে। পশ্চিমবঙ্গ সরকারের এই উদ্যোগকে আমরা সাধুবাদ জানাই। কেন্দ্রীয় সরকার না করলেও রাজ্য সরকার অসংগঠিত শ্রমিকদের জন্য বিমার ব্যবস্থা করেছেন। যে সমস্ত কারখানা বন্ধ হয়ে গিয়েছে সেই সমস্ত কারখানার বেকার শ্রমিকদের জন্য ৫০০ টাকা করে দেওয়ার ব্যবস্থা পশ্চিমবঙ্গ সরকার করেছে। এই জন্য পশ্চিমবঙ্গ সরকারকে সাধুবাদ জানাই। আমরা আরও লক্ষ করেছি কেন্দ্রীয় সরকার হায়ার অ্যান্ড ফায়ার নীতি প্রয়োগ করার চেষ্টা করছেন। প্রয়োজন হলে শ্রমিকদের নিয়োগ করা হবে, কাজ শেষ হয়ে গেলে বলা হবে তোমাদের কাজ শেষ, তোমরা চলে যাও। এই নীতির আমরা তীব্র বিরোধিতা করছি। ইউ.পি.এ. সরকার ট্রেড ইউনিয়নগুলির সঙ্গে কোনোরকম আলোচনা না করে শ্রমিক-বিরোধী ব্যবস্থা চালু করার চেষ্টা করছে। যেখানে ৩০০ জন শ্রমিক কাজ করে সেখানেও শ্রমিকদের স্বাস্থ্য রক্ষা করার অধিকার থাকবে না, আবার যেখানে ৫০০ জন শ্রমিক কাজ করে সেখানেও থাকবে না। মালিকেরা তার কারখানা থেকে মুনাফা করছে, কিন্তু তারা কোনো শ্রমিককে রিটার্ন দেওয়ার ব্যবস্থা করছে না। যাতে শ্রমিকেরা তাদের দাবি দাওয়া না করতে পারে তার ব্যবস্থা কেন্দ্রীয় সরকার করেছে। পুনরায় কেন্দ্রীয় সরকারের এই শ্রম নীতির বিরোধিতা করে আমাদের আনা রুল ১৮৫-কে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী শেখ ইলিয়াস মহম্মদ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় রঞ্জিত কুণ্ডু এবং অন্যান্য মাননীয় সদস্যরা আন্ডার রুল ১৮৫ যে মোশান এই সভায় উপস্থিত করেছেন আমি সেই মোশানের পক্ষে ২-১টি কথা বলতে চাই। কেন্দ্রে ইউ.পি.এ. সরকারকে আমরা সমর্থন করছি। কেন করছি, কি জন্য করছি—তা আমরা বিভিন্ন সভায় এবং এখানেও বলেছি যে, কেন্দ্রে যে পূর্বতন এন.ডি.এ. সরকার ছিল, তারা ছিল ফ্যাসিস সাম্রাজ্যবাদ দানবীয় শক্তি। সারা দেশে এই শক্তির উত্থানকে রোধ করার জন্য আমরা বাধ্য হয়ে কেন্দ্রে কংগ্রেসকে সমর্থন করেছি। আমরা ক্ষমতায় যাইনি। ভালো কাজ করলে আমরা তার সুনাম যেমন করব, খারাপ কাজ করলে, জনবিরোধী পদক্ষেপ গ্রহণ করলে আমরা তাদের সমালোচনাও করব। আমরা এই সরকারের জনবিরোধী নীতির বিরুদ্ধে লড়াই করব। এখন প্রশ্ন উঠেছে ইউ.পি.এ. সরকারের যে কতগুলো ন্যূনতম কর্মসূচি ছিল, সেই কর্মসূচি রূপায়ণ করতে তারা বদ্ধপরিকর ছিল। কিন্তু দুর্ভাগ্যের বিষয় কেন্দ্রের ইউ.পি.এ. সরকার সেগুলো মানছে না। যার ফলে শ্রমজীবী জনগণের ভবিতব্য গাঢ় অন্ধকারের মধ্যে চলে যাচ্ছে। আমরা দেখছি শ্রমিক আইনকে সংশোধন করার প্রচেষ্টা নিয়েছে। শ্রমিক আইন সংশোধন মানে শ্রমজীবী মানুষের উপর আঘাত, শ্রম আইন সংশোধন মানে ভারতবর্ষের শ্রমিকদের উপর আঘাত। অতীতে আমরা দেখেছি ইউ.পি.এ. গভর্নমেন্ট কিছু কিছু কাজ করত সমন্বয় কমিটিতে আলোচনা করে এখন দেখছি সমন্বয় কমিটিতে কোনো আলোচনা না করেই একতরফা ভাবে—আমরাই সরকার এই মনোভাব নিয়ে কাজ করছে। কোয়ালিশনের তত্ত্ব তারা মানতে চাইছে না। ফলে শ্রমিক শ্রেণির উপর ক্রমবর্ধমান আঘাত নেমে আসছে। সমন্বয় কমিটিতে আলোচনা না করেই ওরা লেবার বিলের খসড়া তৈরি করে লোকসভা এবং

রাজ্যসভাতে পাশ করানোর উদ্যোগ গ্রহণ করেছেন। তারপর যে মহা সম্মেলন হল, সেখানে সমস্ত ট্রেড-ইউনিয়নগুলো উপস্থিত হয়েছিল, সেখানে কোনো সহমত পোষণ হল না। অথচ এর উত্থাপন মানেই সাম্রাজ্যবাদীদের দ্বারা মদতপুষ্ট কংগ্রেস শ্রমজীবী জনগণের অধিকার কেড়ে নেওয়ার চক্রান্তে করছে। সেই চক্রান্ত আমাদের রুখতে হবে। আমরা এখন দেখছি, ইত্যবসরে তারা পেনশন রেগুলেটরি যে অ্যাক্ট করেছে তার ফলে শ্রমিক কর্মচারীদের ১০ শতাংশ টাকা কেটে নেবে। অর্থাৎ, পেনশন পাওয়ার ক্ষেত্রে কোনো সুনির্দিষ্ট নীতি, কোনো সুনির্দিষ্ট পন্থা ওই অ্যাক্টের মধ্যে নেই। শ্রমিক কর্মচারীদের ই.পি.এফ.-এ সুদের হার ছিল সাড়ে ৯ শতাংশ কংগ্রেস বদ্ধপরিকর ছিল সেটা কমাবে। ইউ.পি.এ.-কে ভারতবর্ষের জনগণ প্রতিষ্ঠিত করেছে, তারা ভেবেছিল যে কংগ্রেস যদি থাকে তাহলে শ্রমিক কর্মচারীদের স্বার্থ রক্ষা করবে। কিন্তু দেখলাম ই.পি.এফ.-এর সুদের হার তারা সাড়ে ৮ শতাংশ করে দিল। ফলে কংগ্রেস জনগণের পরিপন্থী কাজ করেছে। তার বিরুদ্ধে স্বাভাবিক ভাবেই আমরা প্রতিবাদ জানাব। এই কারণে রঞ্জিতবাবু এই পবিত্র সভাতে যে মোশান নিয়ে এসেছেন তাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী নির্মল ঘোষ : মাননীয় স্পীকার স্যার, মাননীয় সদস্য শ্রী রঞ্জিত কুণ্ডু মহাশয় রুল ১৮৫ যে বিষয়গুলো উত্থাপন করেছেন সেই সম্বন্ধে আমাদের দলের থেকে কোনো দ্বিমত নেই, এইকথা মাননীয় শোভনদেব চ্যাটার্জীও বলেছেন। আমি রঞ্জিতবাবুকে শুধু বলব, এই প্রস্তাবটা আনার সময় কি আপনার মনে পড়েনি যে এই রাজ্যে একটা সরকার আছে, যে সরকার ভারতবর্ষের সম্মুখে বোনাস অ্যাক্টের ইতিহাস সৃষ্টি করেছিল ? এই রাজ্য থেকেই গ্র্যাচুইটি অ্যাক্ট সারা ভারতবর্ষকে পথ দেখিয়েছে ? সেইজন্য বললাম, প্রস্তাবটা আনার আগে যদি একটু ভেবে নিতেন যে, এখন পশ্চিমবাংলায় কি চলছে। ভারতবর্ষের ব্যাপারে পরে আসছি। ট্রেড-ইউনিয়ন অ্যাক্ট ১৯২৬ রয়েছে। তার পর তাতে অনেক অ্যামেন্ডমেন্ট হয়েছে সারা ভারতবর্ষে, এখানে এই রাজ্যেও হয়েছে। ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউট অ্যাক্ট, শ্রমবিরোধ আইন ১৯৪৮, সেদিন থেকে আজ পর্যন্ত সারা ভারতবর্ষে এবং পশ্চিমবাংলায় বহু পরিবর্তন ঘটেছে এই আইনের। আপনারা তো ২৯ বছর শেষ করে সপ্তম বামফ্রন্ট সরকার গড়ার স্বপ্ন দেখছেন, বলুন তো এই রাজ্যে শ্রম আইন আছে তো ? শ্রমমন্ত্রী মহাশয় আছেন, তাঁকেও বলছি, ছাঁটাই চলছে পশ্চিমবাংলায়। পশ্চিমবাংলায় লকআউট আছে, লকআউট চলছে, লকআউট চলবে। ক্লোজার আছে, চলছে, চলবে পশ্চিমবাংলায়। ওয়ার্ক সাসপেনশন আছে, চলছে, চলবে পশ্চিমবাংলায়। শ্রমিকরা গ্র্যাচুইটি পাচ্ছে না। পি.এফ.-এর কথা আমার বন্ধুবর শোভনদেব চট্টোপাধ্যায় বলেছেন। ইউ.পি.এ. সরকার শ্রম আইনের পরিবর্তন, ইন্ডাস্ট্রিয়াল রেগুলেশন অ্যাক্ট-এর বদলের প্রস্তাবনা করেছেন পার্লামেন্টে। আপনাদের মধ্যে আমিও একজন সৌভাগ্যবান, আপনাদের শ্রমমন্ত্রীও ছিলেন পূর্ব ভারত থেকে শ্রম সম্মেলনে, ফোরটিন্থ আই.এল.ও. হয়েছিল, সেখানে আমি বক্তৃতা দিয়েছিলাম।

[2.10—2.20 p.m.]

মাননীয় শ্রমমন্ত্রী সেখানে ছিলেন। আমাদের সামনে ইস্যুটা কি ? মি. স্পীকার স্যার, হোয়াট ইজ দি ইস্যু বিফোর আস ? আমাদের সামনে ইস্যুটা হচ্ছে বিশ্বায়ন। আমাদের সামনে ইস্যু

হচ্ছে ফ্রি ট্রেড জোন, ইকনমিক জোন এবং সেই ইকনমিক অ্যান্ড ফ্রি ট্রেড জোন-এর মধ্যে শিল্পকে ঢুকিয়ে দেওয়া হয়েছে। সারা ভারতবর্ষে এইভাবে শিল্পকে ঢুকিয়ে দেওয়ার যে প্রবণতা আমাদের সরকারও সেই প্রবণতা থেকে সরতে পারেননি। আরও জোর কদমে এগিয়েছেন। এটা যে শুধু ভারতবর্ষের অন্যান্য রাজ্যে হচ্ছে তাই নয়, আপনারা যে প্রস্তাব এনেছেন, যে রাজ্য থেকে এই প্রস্তাব এনেছেন সেই রাজ্যেও এই ঘটনা প্রতিনিয়ত ঘটছে। আপনি বলবেন বিশ্বায়নের প্রকোপ সেতো আমাদের উপরে পড়বেই। সব শ্রমিকদের উপরে পড়বেই। আমি আপনাদের স্মরণ করিয়ে দিতে চাই, আপনারা তো সারা বিশ্ব থেকে পুঁজি এনেছেন। তারা বলছেন আমরা যে পুঁজি বিনিয়োগ করব, আমার প্রয়োজনে আমি শ্রমিক নেব তারপর তাকে ছাঁটাই করব। বাট উই হ্যাভ টু স্ট্যান্ড শুধু সার্ভিস সেক্টরে নয় এটা প্রোডাকটিভ সেক্টরেও করছে। সারা ভারতবর্ষে করছে, পশ্চিমবাংলাতেও করছে। প্রোডাকটিভ সেন্টারেও করতে চাইছে যেটা শ্রমিকদের একটা সম্মুখ সমরে নিয়ে গিয়ে পৌঁছে দিয়েছে। এর ফলে আমরা বলতে চাই, ভারতবর্ষের শিল্পে নিয়োজিত, সার্ভিস সেক্টরে নিয়োজিত, গ্রাম এবং শহরতলীতে নিয়োজিত যে শ্রমিকরা আছেন, তারা যে ধরনের শ্রমিক হোন না কেন তাদের একটা সুরক্ষা কবচ ভারতবর্ষের সরকারকে দিতে হবে। এর জন্য ভারতবর্ষে যতগুলো স্বীকৃত ট্রেড ইউনিয়ন আছে তাদের আনা দরকার। মাননীয় রঞ্জিতবাবু আপনি যে প্রস্তাব এনেছেন, এই প্রস্তাবের সাথে আমাদের রাজ্যের ভূমিকা কি, আমরা যদি এই প্রস্তাব সমর্থন করতে চাই তাহলে আমাদের রাজ্যের কি ভূমিকা আছে এটা দেওয়া উচিত ছিল। রাজ্যের যে বড় সমস্যা, সেই সমস্যার ক্ষেত্রে কি পলিসি হবে, কি নীতি নির্ধারণ করা হবে সেটা এখনও পর্যন্ত আপনারা করতে পারেননি। সেই নীতি নির্ধারণ করতে না পারলে—লোকসভায় বিল পাশ করা হয়েছে, ইন্দিরা গান্ধী বলেছিলেন তিনশো এবং ততোধিক শ্রমিক থাকলে রাজ্য সরকারগুলোকে তাদের কাছে পারমিশন নিতে হবে। ডিউরিং ক্লোজার, ডিউরিং লক আউট, পারমিশন নিতে হবে। আমি শুধু রঞ্জিতবাবুকে বলব, আপনি শ্রমমন্ত্রীকে বলবেন না ২৯ বছর পার করার পরেও আপনারা একটা আইন পরিবর্তন করতে পারলেন না ? শ্রম-বিরোধী আইন—ইন্ডাস্ট্রিয়াল ডিসপুট অ্যাক্ট আপনারা পরিবর্তন করতে পারলেন না ? হোয়াট ইজ কলড ওয়ার্ক সাসপেনশন ? মানে টা কি ? হোয়াট একজ্যাক্টলি মিনিং ? আজকে একসিজেন্সী ছিল, এই জায়গাটা আপনারা করতে পারলেন না। ছোট্ট একটা আইন পরিবর্তন করে মালিকশ্রেণিকে আপনারা আটকাতে পারলেন না। ভারতবর্ষকে আপনারা পথ দেখাতে পারতেন। আমি যে কথা বলছি—পেনশনের কথা। পেনশন যদি রেগুলেটরি সিস্টেমে চলে যায়, শুধুমাত্র শ্রমিকের পয়সায় পেনশন দেওয়া হবে, সরকার সেখানে পয়সা দেবে না। সারা ভারতবর্ষের শ্রমিকের সাথে পশ্চিমবাংলার শ্রমিকরাও উদ্বিগ্ন। প্রভিডেন্ট ফান্ডের কথা আমি বলতে গিয়ে একথা বলব যে আমাদের রিজার্ভে যে ১২শো কোটি টাকা ছিল সেটা রিজার্ভ ফান্ডে চলে গেছে। কেন আপনারা সরকারকে বোঝাতে পারছেন না, প্রধানমন্ত্রীকে বোঝাতে পারছেন না যে প্রভিডেন্ট ফান্ডের ব্যাপারে আপনারা বাজেটারি সাপোর্ট দিন নাহলে প্রভিডেন্ট ফান্ডের যে ৪ কোটি সদস্য আছে ৩.৭০ ক্রোরস তাদের যে টাকা, তাদের যে টাকা সরকারের কাছে আমানত আছে সরকারের কাছে প্রভিডেন্ড ফান্ড অর্গানাইজেশনে, সেখানে

টাকা কি করতে হবে, সেই টাকা থেকে সুদ দিতে হবে। অথচ যখন সে রিটায়ার করবে, তার টাকা তখন সে পাবে না। এখানে আমরা বলছি যে, আসুন সবাই মিলে একসঙ্গে গিয়ে বলি। আমরা এর বিরোধী নই। কিন্তু এখানে আপনি যেভাবে এই প্রস্তাব এনেছেন, তাকে সমর্থন করা আমাদের পক্ষে সম্ভব নয়। সেইজন্যই আমি বলতে চাইছি যে, এই শ্রমবিরোধ আইনের যে পরিবর্তন এসেছে, তাতে পশ্চিমবঙ্গবাসী থেকে শুরু করে সারা ভারতবর্ষের মানুষ উদ্বিগ্ন। কিন্তু ২৯ বছর ধরে যে দায়িত্ব পশ্চিমবঙ্গ সরকারের পালন করার কথা ছিল, আপনি সরকারি দলের মাননীয় সদস্য হয়ে সরকারকে দিয়ে সেটা পালন করাতে পারেননি কেন ? আপনি নিজে সেই দায়িত্ব পালন করছেন না, অথচ ভারত সরকারকে জ্ঞান দিচ্ছেন। এটা আমাদের কাছে আশ্চর্য লাগছে। আমরা একমত কিন্তু ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউট অ্যাক্টের পরিবর্তনের যে প্রস্তাব এখানে এসেছে, সেটাতে সমস্ত শ্রমিক-কর্মচারী, সমস্ত রাজনৈতিক দলই উদ্বিগ্ন। আপনাকে আমি বলছি যে, ইউ আর ফ্রি টু এন্যাক্ট দ্য ল। কিন্তু এইভাবে আপনি আইন করতে পারেন না। তাই আপনার আনীত এই প্রস্তাবকে আমি সমর্থন করতে পারছি না। এইকটি কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী মহঃ আমীন : মিঃ স্পীকার স্যার, রুল ১৮৫ এই যে মোশান মাননীয় সদস্য রঞ্জিত কুণ্ডু এবং অন্যান্য সদস্যরা এনেছেন, আমি সেটাকে সমর্থন করছি। কেন্দ্রীয় সরকার লেবার ল সংশোধন করবার কিছু প্রস্তাব রেখেছেন। এই প্রস্তাব লোকসভা এবং রাজ্যসভা উভয় জায়গাতেই রাখা হয়েছে। গতবছর কেন্দ্রীয় সরকারের প্রতিনিধিদল আমাদের সঙ্গে এই বিষয় নিয়ে আলোচনা করতে এসেছিলেন। ওরা যেসব কথা বললেন, তাতে আমার এটা মনে হয়েছে যে, কেন্দ্রীয় সরকারের উপর আই.এম.এফ., ওয়ার্ল্ড ব্যাঙ্ক, মাল্টিন্যাশানালদের তরফ থেকে প্রচণ্ড চাপ আসছে যে, লেবার ল-কে কিছুটা হলেও শিথিল করা হোক। তা নাহলে এখানে কলকারখানা করা মুশকিল হবে। মালিকপক্ষ এইকথা বারেবারেই বলেন। আমাদের যেটা বিচার্য বিষয় সেটা হচ্ছে যে, ভারতবর্ষের মতো একটা দেশ, যেখানে গরিব পিছিয়ে পড়া মানুষের সংখ্যা অনেক বেশি। তাদের জন্য যে সমস্ত আইন আছে, ন্যূনতম যে প্রয়োজন আছে, তার থেকে অতিরিক্ত কিছু আছে কি ? আমার সেটা মনে হয়নি। বরং শ্রমজীবী মানুষদের জন্য যেটুকু আইন আছে, সেটা মালিকপক্ষ মানছে না। এটাই হচ্ছে বিষয়। সেইজন্য আমার এটা মনে হয়নি যে, পার্লামেন্ট থেকে ওরা পাশ করাতে পারবেন। এইজন্য তাদের বিপক্ষে অনেকেই আছেন। এটা বোঝা যাচ্ছে। সেইজন্য বলছি যে, পার্লামেন্ট কি করে সেটা দেখা যাক। দিল্লিতে নভেম্বর মাসে ইন্ডিয়ান লেবার কনফারেন্সে আমি যোগ দেবার সুযোগ পেয়েছিলাম। সেখানে কেন্দ্রীয় সরকার কিছু কিছু প্রস্তাব রাখলেন। সেখানে মালিকপক্ষের প্রতিনিধিরা ছিলেন, ট্রেড ইউনিয়নের প্রতিনিধিরা ছিলেন। সমস্ত রাজ্য সরকারের শ্রমমন্ত্রীরা ছিলেন। সেখানে এটা গৃহীত হয়নি। পরে ব্যক্তিগতভাবে কেন্দ্রীয় সরকারের কিছু প্রতিনিধি আমার সঙ্গে কথা বললেন যে, আপনারা বলুন কি করা যায়। আমরা ওদের বললাম যে, সবচেয়ে প্রথম কাজ হচ্ছে সমস্ত ট্রেড ইউনিয়নের সঙ্গে বসে আলোচনা করুন এবং ওরা যখন সম্মত হবেন, তখনই করবেন। ট্রেড ইউনিয়নের বিরোধিতা যদি থাকে, তাহলে সেই রকম কোনো কাজ করাটা ঠিক নয়। এই কথাগুলি আমরা বলেছিলাম। তারপর সেটা আর

কিছু হল না। ওরা এটা নিয়ে এলেন। এখন দেখা যাচ্ছে ইউ.পি.এ. সরকারের সঙ্গে যেটা বামপন্থীরা সমর্থন জানিয়ে যাচ্ছে.....

[2.20—2.30 p.m.]

অনেক বিষয়ে আমাদের মতের পার্থক্য হয়ে যাচ্ছে। এর আগে পি.এফ.-এর রেট অফ ইন্টারেস্ট নিয়ে আমাদের মতের পার্থক্য হয়েছে। পি.এফ.-এর রেট অফ ইন্টারেস্ট আগে ছিল সাড়ে বারো পারসেন্ট, এন.ডি.এ.-র সময় এই রেট অফ ইন্টারেস্ট কমিয়ে সাড়ে নয় পারসেন্ট করা হয়, আর এখন পি.এফ.-এর রেট অফ ইন্টারেস্ট সাড়ে আট পারসেন্ট-এ নিয়ে গেছে। এটা আমরা মেনে নিইনি, এ ব্যাপারে আমাদের বিরোধিতা আছে। মাঝখানে সিদ্ধান্ত করল, 'ভেল'কে প্রাইভেটাইজ করে দেওয়া হবে। এ ব্যাপারে সব দিক থেকে প্রতিবাদ হল, বামপন্থীরা প্রচণ্ড প্রতিবাদ করলেন, এমনকি কো-অর্ডিনেশন কমিটির মিটিং বয়কট করার সিদ্ধান্ত হল। ২ মাস ধরে শ্রীমতী সোনিয়া গান্ধী লিখিত ভাবে জানালেন, 'ওই প্রস্তাব আমরা প্রত্যাহার করছি, আপনারা মিটিং-এ আসুন'। এই ভাবে মিটলো। এরপর ভোপালে সিটুর একটা মিটিং হল, সেই মিটিং-এ 'ভেল'-এর শ্রমিকরা এসেছিলেন, তারা আমাদের অভিনন্দন জানিয়ে বললেন যে, 'আপনাদের জন্য আমরা বেঁচে গেলাম, তা নাহলে 'ভেল' প্রাইভেটাইজ হয়ে যেত'। এরকম ইস্যুর পর ইস্যুতে বামপন্থীদের সঙ্গে ওদের মত পার্থক্য হয়েছে এবং আমরা আমাদের কথা বলেছি। এরপর বিদেশ নীতি নিয়ে পরিষ্কার ভাবে মতের পার্থক্য হয়ে যাচ্ছে—ইরান ইস্যু এবং অন্যান্য ইস্যুতে। কিছু লোক এমন আছেন যাঁরা বলছেন যে, 'ওঁরা যখন বামপন্থীদের কোনো কথা মানছেন না, তখন আপনারা ওঁদের সমর্থন করছেন কেন ? আপনারা সমর্থন প্রত্যাহার করে নিন'। এটা এতটা সহজ ব্যাপার নয়। আমরা এই চেষ্টা করছি যাতে কমন মিনিমাম প্রোগ্রামে যে সিদ্ধান্ত হয়েছে সেটা পালন করা হোক। হায়ার অ্যান্ড ফায়ার চলবে না। কিন্তু কার্যত যেটা হচ্ছে সেটা হল যে, কংগ্রেসের সঙ্গে বিভিন্ন ব্যাপারে বামপন্থীদের যে মত পার্থক্য হচ্ছে সেটা খবরের কাগজে এবং বিভিন্ন মিডিয়ার মাধ্যমে মানুষ জানতে পারছেন। এটা সত্যই গুরুত্বপূর্ণ কথা। আমাদের দেশের বেশিরভাগ মানুষ ঘুমন্ত, তারা জানে না কি করলে দেশের স্বার্থ রক্ষা করা যাবে। এই যে ডিবেট, মত পার্থক্য হচ্ছে, তার থেকে মানুষ জানতে পারছেন যে, কংগ্রেস কি করছে, আর বামপন্থীরা কি করতে চাইছেন। চেতনার মান উন্নয়ন হবে, ধৈর্য ধরতে হবে। সমর্থন প্রত্যাহার তো একদিনের ব্যাপারে। তারপর কি হবে ? আমরা এমন কোনো কাজ করব না যাতে এন.ডি.এ.-র সুবিধা হয়, সাম্প্রদায়িক শক্তির সুবিধা হয়। এরকম পরিস্থিতি আসবে, কি আসবে না, আসলে কবে আসবে এটা কেউ ফোরকাস্ট করতে পারে না। এটা ইতিহাস নির্ণয় করে। যখন যে কাজ করা উচিত সেটা তখনই করতে হবে। কোনো কাজ আগেও করতে নেই, আবার কোনো কাজ পরেও করা উচিত নয়। এখন বামপন্থীরা ইউ. পি. এ. সরকারকে সমর্থন করছেন। আর ইউ.পি.এ. সরকারের উপর থেকে যদি সমর্থন প্রত্যাহার করতে হয়, তাহলে সেটা সময়সাপেক্ষ ব্যাপার—এমন ভাবে সমর্থন প্রত্যাহার করতে হবে যাতে সাপও মরে, লাঠিও না ভাঙে। এখানে কেন্দ্রীয় সরকারের বিষয় নিয়ে আলোচনা করার বিষয়। কিন্তু

এখানে কয়েকজন মাননীয় সদস্য পশ্চিমবঙ্গ নিয়ে আলোচনা করেছেন। পশ্চিমবঙ্গ নিয়ে নিশ্চয় আলোচনা করবেন, আমাদের দোষ-ত্রুটি থাকলে সেটা বলবেন, আমরা নিশ্চয় চেষ্টা করব। পশ্চিমবঙ্গ সরকার শ্রমিকদের স্বার্থ রক্ষা করার করার জন্য আন্তরিকভাবে চেষ্টা করে যাচ্ছেন। অনেক জায়গায় মালিকরা শ্রমিকদের গ্র্যাচুইটির কোটি কোটি টাকা দিচ্ছে না। শ্রমিকরা রিটায়ার করে অপেক্ষা করে করে মরে যাচ্ছে। গতবছর পেমেন্ট অফ গ্র্যাচুইটি অ্যাক্ট-এর অ্যামেন্ডমেন্ট নিয়ে সিদ্ধান্তে এলাম। কিন্তু সেই অ্যামেন্ডমেন্ট বিধানসভায় আনার আগে কেন্দ্রীয় সরকারের অনুমতি নিতে হয়। এইজন্য যে সংশোধনী ছিল সেটা আমরা লিখিত ভাবে কেন্দ্রীয় সরকারের কাছে পাঠালাম। পেমেন্ট অফ গ্র্যাচুইটি অ্যাক্ট অনুযায়ী শ্রমিকরা রিটায়ার করলে তাকে নির্দিষ্ট সময়ের মধ্যে গ্র্যাচুইটি দিতে হবে। আর মালিকরা যদি নির্দিষ্ট সময়ের মধ্যে শ্রমিকদের গ্র্যাচুইটি না দিতে পারে তাহলে যতদিন শ্রমিকদের গ্র্যাচুইটির টাকা দিতে না পারবে ততদিন পর্যন্ত শ্রমিকদের রেওলার বেতন দিতে হবে। কিন্তু এটা কেউ মানছে না। আমরা পেমেন্ট অফ গ্র্যাচুইটি অ্যাক্ট-এর অ্যামেন্ডমেন্ট লিখিত ভাবে কেন্দ্রীয় সরকারের কাছে পাঠানোর পরে তারা আমাদের জানালেন যে, 'এই সংশোধনী আমরা দিতে পারব না'। আমরা সংশোধনী যেটা করতে চেয়েছিলাম সেটা বললাম। আমরা শ্রমিকদের পক্ষে, না বিপক্ষে সেটা কাজের মধ্যে দিয়ে বোঝা যাবে। পশ্চিমবাংলায় কিছু ত্রি-পাক্ষিক চুক্তি হয়েছে। এটা তখনই সই হয় যখন মালিক পক্ষ এবং শ্রমিক পক্ষ এক হয়। এটা স্ট্রাইকের আগেও হয় আবার কখনও স্ট্রাইকের পরেও হয়। ত্রি-পাক্ষিক চুক্তি হয়ে গেলে সরকার পার্টি থাকে এবং সেটা আইনের চোখে ভ্যালিড। এটা নিয়ে কাউকে দোষারোপ করা উচিত নয়। ত্রি-পাক্ষিক চুক্তি হয়ে গেলে এটাকে সবার অনার করা উচিত। আমি আশা করব কেন্দ্রীয় সরকার এটা আবার বিবেচনা করবেন। অন্তত সেন্ট্রাল ট্রেড ইউনিয়নের মতামত ছাড়া তারা কিছু করবেন না। এই আশা রেখে এই মোশানকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

78TH REPORT OF THE BISINESS ADVISOTY COMMITTEE:

Mr. Speaker: I beg to present the 78th Report of the Business Advisory Committee which met in my chamber on the 16th and 17th February, 2006, and recommended the following programme of business from the 20th February, 2006 to 21st February, 2006.

20.2.2006, Monday:	(i) The West Bengal Public Works Contractors (Regulation and Control) Bill, 2005 (Consideration and Passing)	... 1 hour
	(ii) The Rabindra Mukta Vidyalaya (Amendment) Bill, 2006 (Introduction, Consideration and Passing)	... 1 hour

	(iii) The West Bengal School Service Commission (Amendment) Bill 2006 (Introduction (Consideration and Passing)	... 1 hour
	(iv) The West Bengal Council of Higher Secondary Education (Amendment) Bill, 2006 (Introduction, Consideration and Passing)	... 1 hour ... 1 hour
21.2.2006, Tuesday :	(i) The West Bengal Societies Registration (Amendment) Bill, 2006 (Introduction, Consideration and Passing)	... 1 hour
	(ii) The West Bengal Premises Tenancy (Amendment) Bill, 2006 (Introduction, Consideration and Passing)	... 1 hour
	(iii) The Kolkata Land-revenue (Amendment) Bill, 2006 (Introduction, Consideration and Passing)	... 1 hour

I would now request the Minister-in-Charge of Parliamentary Affairs Department to move the motion for acceptance of the House.

MOTION

Shri Prabodh Chandra Sinha : Sir, I beg to move that the 78th Report of the Business Advisory Committee, as presented to the House, today, be agreed to by the House.

The motion was then put and agreed to.

শ্রী রঞ্জিত কুণ্ডু : স্যার, রুল ১৮৫ অনুযায়ী মাননীয় কয়েকজন সদস্য এবং আমি যুক্তভাবে যে প্রস্তাব এনেছিলাম তার উপরে মাননীয় সদস্য যাঁরা আলোচনা করেছেন তাঁদের সবাইকে ধন্যবাদ এবং অভিনন্দন জানাচ্ছি। বিশেষ করে বিরোধী দলের পক্ষ থেকে মাননীয় সদস্যরা প্রস্তাবটাকে তাঁরা অস্বীকার করতে পারেননি, প্রস্তাবটাকে তাঁরা সমর্থনই জানিয়েছেন। কিন্তু তাঁরা যেটা বলেছেন যে পশ্চিমবাংলায় হচ্ছে না। আমার কথা হচ্ছে

আমাদের রাজ্যে এই বিরোধী দল বিশেষ করে তৃণমূল এঁরা বরাবরই দেখছি তীরটা ঠিকমতো জায়গায় ছুঁড়তে পারে না। ফলে তাঁরা লক্ষ্যভেদ করতে পারে না। যেমন ওঁরা ৩৫৬ চেয়েছিলেন। ৩৫৬ পেলে ওঁরা পশ্চিমবাংলায় ক্ষমতায় আসবেন এবং ইলেকশন কমিশন ওদের রাইটার্স বিল্ডিং-এ বসিয়ে দেবেন। কিন্তু মানুষকে নিয়ে যে আন্দোলন, গণ-আন্দোলন, সেই রাস্তায় ওঁরা যাবেন না। অর্থাৎ তীরটা ওঁরা ঠিক জায়গা মতন ছাড়তে পারেন না। এখন সারা পৃথিবী যখন বলছে ফ্লেকসিবল লেবার মার্কেট চাই তখন ভারতবর্ষও সেই পথেই যেতে চাইছেন। দেশি-বিদেশি পুঁজিপতিদের আবদার রক্ষা করতে হবে। ফ্লেকসিবল লেবার মার্কেট করার লক্ষ্যে এই যে আইনগুলির কথা বলছিলাম সে বিষয়ে আসছি। সেই ভাবেই তারা সংশোধনী করতে চাইছেন যাতে করে মালিকরা যথেচ্ছভাবে শিল্প পরিচালনা করতে পারেন।

[2.30—2.40 p.m.]

এখন গোটা ভারতবর্ষে ফ্লেকসেবেল লেবার মার্কেট থাকবে, পশ্চিমবঙ্গে উনি যে চিত্রটা বললেন, আমি তার সবটা অস্বীকার করছি না। পশ্চিমবাংলায় আজকে চালু যে শ্রম আইন আছে, তার সবটা অর্থাৎ ১০০ ভাগ যে লাগু হবে, এমনতর দাবি আমরা করছি না। আমরাও তো রাজ্যের শ্রমিক শ্রেণির মধ্যে কাজ করি, এখানে পাশাপাশি দেখতে হবে, পুঁজি কখনো তার মুনাফাকে বাদ দিয়ে থাকতে পারে না। পুঁজি যদি মুনাফা করতে চায়, সস্তা শ্রম ব্যাপারটা বড় ব্যাপার। এটা ওরা নিশ্চয় বোঝেন। আজকে হরিয়ানাতে, নয়ডাতে ১২ ঘণ্টা ১৫ ঘণ্টা কাজ করবে, একটা সংগঠিত কারখানায় ; তারপরে, ৮০০/৯০০ থেকে ২,০০০ টাকা সর্বাধিক বেতন পাবে, তার জন্য কোনো শ্রম আইন সেখানে প্রয়োগ হবে না, এই রকম সর্বত্র হচ্ছে। সারা ভারতবর্ষে হচ্ছে। তার ছাপটা এখানে পড়বে না ? আজকে যদি প্রস্তাবিত শ্রম আইনের সংশোধনী পাস হয় তাহলে পশ্চিমবাংলার শ্রম চিত্রটা এখানে কি ধরে রাখা যাবে ? সেটা কি ধরে রাখতে পারব আমরা ? তা যদি না হয় তাহলে তীরটা কোথায় ছুঁড়বো আমরা, সেটা একটু বুঝুন। আগে যদি ওখানে ঠেকানো যায়, সারা ভারতবর্ষে শ্রমের বিচারে যেটুকু ওরা লুঠপাট করতে চাইছে, শ্রমিক শ্রেণিকে যে ভাবে লুঠপাট করে দেবার সুযোগ করে দিতে চাইছে, তাকে যদি আমরা এই ভারতবর্ষের একদিকে ঠেকিয়ে রাখতে পারি, আমরা এই রাজ্যে ঠেকাতে পারব ভালভাবে নিশ্চিতভাবে এটা জোরের সঙ্গে বলা যায়। অন্য রাজ্যের তুলনায়, এই রাজ্যের শ্রমিক শ্রেণি আজকে বাস্তবতার সামনে, অনেক অধিকার এখনও ভোগ করছে, অন্য রাজ্যের শ্রমিকরা তা ভোগ করছে না। এই বাস্তবতাকে আপনারা স্বীকার করুন। এখানে আমরা যে প্রস্তাব রেখেছি তাতে যা উল্লেখ আছে, আজকে না হয় আইনগত দিকটা আনছেন লেবার ল'স একজেমশান ফ্রম Furnishing Returns and Maintenance Registered by certain Establishments Amendment and Miscelleneous Bill, 2005 এই বিলটা যদি পাস হয় তাহলে যেখানে ১০০ পর্যন্ত শ্রমিক কারখানায় কাজ করত, সেই কারখানা বন্ধ করার ক্ষেত্রে ক্লোজার, লক আউট-এর নোটিশ দেওয়ার প্রয়োজন হত, সেটা করতে হবে না। ৩০০-র মতো শ্রমিক কাজ করে যে কারখানায়—সেটা বিশাল কারখানা—আজ থেকে ২৫ বছর আগে ৩০০ শ্রমিক কাজ করে এই রকম যে সাইজের কারখানা ছিল, ৩০০

শ্রমিক কাজ করে সেই কারখানার উৎপাদিত শক্তি অনেক বেশি। তার গুরুত্বও অনেক বেশি। কার্যত একটা বৃহৎ কারখানা হিসাবে সেটা কাজ করতে পারে। ৩০০-র মতো শ্রমিক যেখানে আছে তার থেকে যদি বেরিয়ে যায় শ্রম আইনের এই পথে, তাহলে সবই বেরিয়ে যাবে ; সেখানে যখন খুশি মালিক ক্লোজার, লক আউট করতে পারবে। পশ্চিমবাংলা মাথাকুটে মরলেও সেটা কি ঠেকাতে পারবে ? ভারতবর্ষে এখন যেখানে ফর্টি এইটথ্ লেবার কনফারেন্স হচ্ছে, যেখানে ভারতবর্ষের বিভিন্ন ট্রেড ইউনিয়নরা অংশগ্রহণ করার সুযোগ পেয়েছে, সেখানে—আমাদের মাননীয় মন্ত্রী বললেন—সমস্ত ট্রেড ইউনিয়নরা বলার অধিকার পেয়েছে। সেখানে ঐকমত্য হয়নি, পরবর্তীকালে সেন্ট্রাল ইউনিয়ন তারা ঐক্যবদ্ধ ভাবে তাদের বক্তব্য জানিয়েছেন এর বিরোধিতা করে। আমাদের দুর্ভাগ্য, অন্যতম সর্ববৃহৎ যে কেন্দ্রীয় ট্রেড ইউনিয়ন আই.এন.টি. ইউ.সি. তারা অংশগ্রহণ করেনি। এটা আমাদের দুর্ভাগ্য। বি.এম.এস. যারা এই নীতির প্রবক্তা ছিল, তারাও তাতে সই করেছেন। কাজেই এই যে অবস্থাটা, এটা আমাদের বুঝতে হবে, তীরটা সঠিক জায়গায় নিক্ষেপ করতে হবে পশ্চিমবাংলার সর্বনাশা অবস্থা থেকে পশ্চিমবাংলাকে কখনো বাঁচানো যেতে পারে না। তীরটা পশ্চিমবাংলা থেকে নিক্ষেপ করা দরকার নাহলে এই সর্বনাশা অবস্থা থেকে পশ্চিমবাংলাকে কখনো বাঁচানো যেতে পারে না ; দেশের স্বার্থ কখনো রক্ষা থাকতে পারে না। কনট্র্যাক্ট লেবার আইন যা, আমাদের যে রেগুলেশান অ্যান্ড স্ট্যাবুলেশান অ্যাক্ট, কনট্র্যাক্ট লেবার আইনে যতটুকু শ্রমিকদের সুযোগ-সুবিধা দেওয়া হয়েছে, সেটা আপনারা লক্ষ করবেন না ? আপনারা এটা লক্ষ করবেন না। কন্ট্র্যাক্ট লেবারদের সম্পর্কে একটা আইন করেছিলেন ভারত সরকার কটা রাজ্যে সেই আইন লাগু হয়েছে ? একমাত্র পশ্চিমবাংলা ছাড়া আর কোনো রাজ্যে এই আইন লাগু হয়নি। শ্রমিকদের সামাজিক সুরক্ষামূলক ব্যবস্থাগুলি আমাদের রাজ্যে চালু হয়েছে এবং ইউ.পি.এ. সরকারের অভিন্ন কর্মসূচির প্রতি আমরা প্রতিশ্রুতিবদ্ধ। লেবারদের রক্ষা করার জন্য যে আইন আছে সেটা আজকে কেন্দ্রীয় সরকার কেড়ে নিতে চাইছে। এবং নতুনভাবে ইন্ডাস্ট্রিয়াল অ্যাক্ট করতে চাইছে। আগের অ্যাক্টে একটা ব্যবস্থা ছিল কোনো কারখানা কর্তৃপক্ষ বন্ধ করতে চাইলে বা শ্রমিক ছাঁটাই করতে চাইলে উপযুক্ত কারণ দেখিয়ে সরকারের কাছ থেকে অনুমোদন নিতে হত। প্রস্তাবিত শ্রমিক আইন সংশোধনের মাধ্যমে তা শিথিল করে দেওয়া হচ্ছে। এর ফলে আগামী দিনে কারখানা কর্তৃপক্ষকে আর নোটিশ দিতে হবে না। আগামী দিনে আরও ভয়ঙ্কর একটা অবস্থার সৃষ্টি হবে। আর আপনারা এখানে বলছেন আই.টি. সেক্টরে কোনো নিরাপত্তা নেই। এখানে মাথা খুঁড়ে লাভটা কি ? স্পেশাল ইকনমিক জোন, এক্সপার্ট ওরিয়েন্টেড ইউনিটগুলোকে এই শ্রম বিরোধ আইন থেকে ছাড় দেওয়া হবে। তাহলে পশ্চিমবাংলা কি আকাশ থেকে অন্য জায়গায় যাবে ? সুতরাং এখানে মাথা খুঁড়ে লাভ নেই। তীরটা সঠিক জায়গায় মারার চেষ্টা করুন। আপনারা তীরটা সঠিক জায়গায় মারতে পারেন না। চলুন, আমরা সবাই একমত হয়ে কেন্দ্রীয় সরকারকে বলি, এই ধরনের শ্রমিক বিরোধী ব্যবস্থা থেকে আপনারা বিরত থাকুন এবং পার্লামেন্ট থেকে এই বিলটা প্রত্যাহার করুন। এই কথা বলে সবাইকে আরেকবার অভিনন্দন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

মিঃ ডেপুটি স্পীকার : আপনি কি এই সংশোধনীগুলি গ্রহণ করছেন ?

শ্রী রঞ্জিৎ কুণ্ডু : প্রথমটা যেভাবে লেখা হয়েছে তাতে আমি এটা গ্রহণ করতে পারছি না, দ্বিতীয়টা আমি গ্রহণ করছি।

The motion of Shri Kashinath Mishra that "In line 12, after the words" মিল নেই "the words ফলে শ্রমিকশ্রেণির গণতান্ত্রিক অধিকার খর্ব করা হচ্ছে" be added was then put and lost.

The motion of Shri Kashinath Mishra that "In line 37, after the words "সুদের হার কমিয়ে ৮.৫ শতাংশ করা হয়েছে the words ফলে শ্রমিক শ্রেণি সহ সরকারি স্তরে কর্মচারীদের অর্থনৈতিক দুরবস্থার সৃষ্টি হয়েছে এবং বাজার দরের কাছে শ্রমিক কর্মচারীরা বিপদগ্রস্ত হচ্ছে।" be added was then put and agreed to.

The Motion as amended—

"এই সভা অবগত আছে যে, কেন্দ্রে ইউ. পি. এ. সরকার গঠিত হওয়ার সময় গৃহীত অভিন্ন ন্যূনতম কর্মসূচিতে ঘোষণা করা হয়েছিল,—

(ক) কোনো সংঘর্ষের ভিত্তিতে নয়, ট্রেড ইউনিয়ন এবং শিল্প-মালিকদের সাথে ত্রিপাক্ষিক আলোচনার ভিত্তিতে শ্রমিক ও শিল্পের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হবে ;

(খ) শ্রমিকদের ধর্মঘটের অধিকার সহ অন্যান্য সীমিত অধিকার ও সুযোগ-সুবিধা রক্ষা করা হবে ;

(গ) ন্যূনতম মজুরি আইন সার্বিকভাবে প্রয়োগ এবং অসংগঠিত ক্ষেত্রের শ্রমিকদের জন্য সামাজিক সুরক্ষা, স্বাস্থ্যবীমা ইত্যাদি ব্যবস্থা করা হবে ; এবং

(ঘ) শ্রমিক-কর্মচারী নিয়োগের ক্ষেত্রে হায়ার অ্যান্ড ফায়ার নীতি গ্রহণ করা হবে না।

এই সভা গভীর উদ্বেগের সাথে লক্ষ করছে যে,—

উক্ত ইউ. পি. এ. সরকার তাদের অভিন্ন ন্যূনতম কর্মসূচিতে ঘোষিত শ্রমিকশ্রেণি ও শ্রমনীতি সংক্রান্ত নীতিগুলি মেনে চলছে না এবং পক্ষান্তরে যে নীতিগুলি গ্রহণ করছে তার সঙ্গে ঘোষিত নীতির কোনো মিল নেই।

এই সভা আরও লক্ষ করছে যে,—

ট্রেড ইউনিয়নগুলির সাথে কোনো আলোচনা না করে উক্ত সরকার শ্রম আইন সংশোধনের জন্য সম্প্রতি লোকসভা ও রাজ্যসভায় বিল পেশ করেছে এবং পরবর্তীকালে ৪০তম শ্রম সম্মেলনে প্রস্তাবিত সংশোধনী নিয়ে আলোচনাতে কোনো ঐকমত্য সিদ্ধান্তে না আসা সত্ত্বেও শ্রমিক স্বার্থ-বিরোধী উক্ত বিল সহ অন্যান্য বিলগুলি পাশ করাবার জন্য উদ্যোগ গ্রহণ করছে ;

শ্রমবিরোধ আইনের ৫বি ধারা অনুযায়ী কোনো কারখানা কর্তৃপক্ষ শ্রমিক ছাঁটাই বা কারখানা বন্ধ করতে চাইলে উপযুক্ত কারণ দেখিয়ে সরকারের কাছ থেকে যে অনুমোদন নিতে হয় তা উক্ত প্রস্তাবিত শ্রম আইন সংশোধনের মাধ্যমে শিথিল করে দেওয়া হচ্ছে ;

প্রস্তাবিত বিলে ৩০০ জন শ্রমিক কাজ করেন এমন কারখানার ক্ষেত্রে শ্রমিক স্বার্থ সংশ্লিষ্ট ধারাগুলি তুলে দেওয়া হবে এবং শ্রমবিরোধ আইনের ৩৬বি ধারা সংশোধনীতে সরকারি ও বেসরকারি শিল্প-কারখানায় শিল্প বিরোধ আইন প্রয়োগের ক্ষেত্রে রাজ্য সরকার শিথিল করতে পারবে ; এবং

প্রস্তাবিত সংশোধনীতে মালিক পক্ষকে শ্রমবিরোধ আইনের ৯এ ধারায় সুরক্ষিত শ্রমিকদের অর্জিত অধিকারগুলি ও সুবিধাগুলি যথা বেতন, মহার্ঘভাতা, কাজের সময়, ছুটি ইত্যাদি কেড়ে নেওয়ার সুযোগ সৃষ্টি করে দেওয়া হচ্ছে এবং ৫০০ জন পর্যন্ত শ্রমিক নিয়োগকারী শিল্প প্রতিষ্ঠানগুলিকে বিভিন্ন শ্রম আইনের রিটার্ন জমা দেওয়ার বিষয়টি বলবৎ থাকছে না।

এই সভা মনে করে যে,—

এই প্রস্তাবিত বিলটি গৃহীত হলে কোনো রাজ্যের শ্রম দপ্তরের কোনো ভূমিকা থাকবে না এবং যে কোনো শিল্প প্রতিষ্ঠানে স্থায়ী পদে চুক্তির ভিত্তিতে শ্রমিক নিয়োগ করা যাবে।

এই সভা আরও মনে করে যে,—

কনট্র্যাক্ট লেবার আইনের প্রস্তাবিত সংশোধনীতে বিশেষ অর্থনৈতিক অঞ্চল যুক্ত করা হয়েছে যার ফলে মালিক পক্ষ ইচ্ছামতো শ্রমিক ছাঁটাই করতে পারবে।

এই সভা বিশেষভাবে উদ্বিগ্ন যে,—

কেন্দ্রীয় সরকার পেনশন রেগুলেটরি আইন তৈরি ও চালু করেছে এবং এই আইন অনুযায়ী শ্রমিকদের বেতন থেকে ১০ শতাংশ হারে টাকা কাটা গেলেও পেনশন প্রদানের ক্ষেত্রে কোনো নির্দিষ্ট নীতি গ্রহণ করা হয়নি এবং অন্যদিকে পি. এফ.-এর সুদের হার কমিয়ে ৮.৫ শতাংশ করা হয়েছে। ফলে শ্রমিক শ্রেণিসহ সরকারি স্তরে কর্মচারীদের অর্থনৈতিক দুরবস্থার সৃষ্টি হয়েছে এবং বর্তমান বাজার দরের কাছে শ্রমিক-কর্মচারীরা বিপদগ্রস্ত হচ্ছে।

অতএব এই সভা শ্রমিক শ্রেণি তথা মেহনতী মানুষের উপর শ্রম আইন সংশোধনের মাধ্যমে যে সর্বাত্মক আক্রমণ নামিয়ে আনার প্রচেষ্টা হচ্ছে এবং একতরফা ভাবে মালিক পক্ষের স্বার্থ বজায় রাখার ব্যবস্থা হচ্ছে তার প্রতিবাদ জানাচ্ছে এবং সাথে সাথে রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের নিকট এই প্রস্তাবিত বিলকে প্রত্যাহার করার দাবি জানাচ্ছে।''

as amended was then put and agreed to.

Shri Pankaj Banerjee : Sir, I beg to move that—

Whereas, the Tea Plantation Industry is one of the biggest industries in the State ;

Whereas, there are 277 registered tea gardens in the State and over 2.5 lakh workers are employed in these tea gardens ;

Whereas the industry has been passing through a crisis in the recent years ;

Whereas, a number of tea gardens have closed down or have been abandoned by the management ;

Whereas, a number of tea garden workers have died from starvation ; and

Whereas, the steps taken in the past have proved to be inadequate ;

This House, therefore, urges on the State Government to take some fresh steps in collaboration with the Union Government to save the Industry and save its workers from starvation.

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মোশান আন্ডার রুল ১৮৫ ধারা অনুযায়ী এখানে যে মোশানটা আনা হয়েছে—উত্তরবঙ্গের অর্থনীতি আজকে সামগ্রিকভাবে বিপর্যস্ত হয়ে পড়েছে। তার কারণ উত্তরবাংলার চা-বাগানগুলি সরকারি অপদার্থতার এবং উদাসীনতার ফলে মালিকদের শোষণের একটা বিচরণভূমি হয়ে পড়েছে। রেজিস্টার্ড ২৭৭টি চা-বাগানের মধ্যে বেশিরভাগই বন্ধ হয়ে গেছে। ফলে লক্ষ লক্ষ শ্রমিক আজকে অনাহারে মারা যাচ্ছে। তার জন্য আজকে এই হাউসে আমরা আলোচনার দাবি করেছি। আমার মূল বক্তব্য আমি আলোচনার শেষে জবাবি ভাষণে বলব।

Mr. Deputy Speaker : There is no amendment to the motion.

[2.40—2.50 p.m.]

শ্রী সুধন রাহা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রী পঙ্কজ ব্যানার্জী, সৌগত রায় এবং আরও অন্যান্য সদস্যরা টি-প্ল্যানটেশনের উপর যে মোশন এনেছেন সেটা কেন এনেছেন তা আমি বুঝলাম না। টি-গার্ডেনের সমস্যা দেখা দিয়েছে ১৯৯৯ সাল থেকে। কিন্তু ওনারা আজকে হঠাৎ এতো উৎসাহী হয়ে চা-বাগানের শ্রমিকদের দুর্দশার কথা কেন লিখলেন তা আমি বুঝলাম না। ১৯৫১ সালে প্ল্যানটেশন লেবার অ্যাক্ট তৈরি হয়েছে, সেই লেবার অ্যাক্ট পঙ্কজবাবুরা নিশ্চয়ই পড়ে দেখেননি। সেই লেবার অ্যাক্টে মালিকদের সমস্ত রকমের সুরক্ষার ব্যবস্থা আছে, কিন্তু শ্রমিকদের কোনো রকম সুরক্ষার ব্যবস্থা নেই। ১৯৫৫ সালে বোনাস নিয়ে আন্দোলন হয়েছিল। এর জন্য দার্জিলিং-এর ৫ জন কমরেডকে গুলি করে হত্যা করেছিল কেন্দ্রীয় সরকার। পঙ্কজবাবুরা যে দলের লোক তারা ওই চা-বাগানের

মালিকদের পৃষ্ঠপোষকতা করেন এবং তারাই ওই চা-বাগানের মালিক। আজকে পশ্চিমবঙ্গ সরকারকে বাধ্য হতে হচ্ছে জেলা-পরিষদের মাধ্যমে চা-বাগানের শ্রমিকদের জন্য পানীয় জলের ব্যবস্থা করা, তাদের রেশনিং-এর ব্যবস্থা করা যাতে শ্রমিকরা না খেতে পেয়ে মারা যায়। উত্তরবাংলার জলপাইগুড়ি, দার্জিলিং এবং তরাই অঞ্চলে যে সমস্ত চা-বাগান আছে তার মধ্যে ১৯টি চা-বাগান বন্ধ। বাগানের মালিকরা সরকারের কাছ থেকে জমির লিজ নিয়েছে, কিন্তু তারা তাদের জমির অধিকার ছাড়েনি, অ্যাবানডান্ট করে ফেলে রেখেছে। যেমন, যোগেশচন্দ্র টি-গার্ডেন ৮ বছর যাবৎ বন্ধ ছিল। আমরা রিসিভার বসিয়ে সেই বাগানটি চালিয়েছি, কাঁঠালগুড়ি চা-বাগান ১৩ বছর ধরে বন্ধ আছে। বিভিন্ন বাগান থেকে রেশন কালেকশন করে ওই বাগানের শ্রমিকদের খাওয়াচ্ছি। পঙ্কজবাবুদের তো একদিনও দেখিনি, ওইসব চা-বাগানগুলি পরিদর্শন করে শ্রমিকদের এই অবস্থার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে ? এটা পশ্চিমবঙ্গ সরকারের দায়িত্ব নয়, এটা কেন্দ্রীয় সরকারের দায়িত্ব। পশ্চিমবঙ্গ সরকারের দায়িত্ব হচ্ছে শ্রমিকদের রক্ষা করার জন্য যতটুকু করার দরকার ততটুকু করা এর জন্য লেবার কমিশনার আছেন, অ্যাডিশনাল লেবার কমিশনার আছেন, এ.এল.সি. আছেন, ডি.এল.সি. আছেন। কিন্তু বিষয়টা হচ্ছে, চা-বাগানের মালিকদের সঙ্গে আপনাদের এতো ঘনিষ্ঠ সম্পর্ক, অথচ আপনারা কোনো মালিককেই বাধ্য করাতে পারেননি চা-বাগান খোলাতে। আজকে ৫/৬/৭ বছর ধরে চা-বাগান অ্যাবানডান্ট করে ফেলে রেখেছে। কিন্তু আমরা করেছি এবং এখনো করছি, চা-বাগানের শ্রমিকদের বাঁচিয়ে রাখার জন্য সর্বত্রভাবে বামফ্রন্ট সরকার চেষ্টা করছে। পশ্চিমবঙ্গ সরকার কেন্দ্রীয় সরকারকে বারবার লিখছে, লিজ ক্যানসেল করা হোক এবং অন্য মালিককে সেই চা-বাগান দেওয়া হোক। কিন্তু তা সত্ত্বেও ওইসব চা-বাগানের মালিকরা জমি লিজ নিয়ে রেখে দিচ্ছে, জবর-দখল করে রাখছে অথচ চা-বাগান পরিচালনা করছে না, শ্রমিকদের রেশন নিয়মিত দেয় না, গ্র্যাচুইটি দেয় না, প্রভিডেন্ট ফান্ড দেয় না, শ্রমিকদের পেনশন দেয় না। কে দায়-দায়িত্ব নেবে ? পশ্চিমবঙ্গ সরকারের দায়িত্ব নয়। কোটি-কোটি টাকার রেভেনিউ কালেকশন করবে সেন্ট্রাল গভর্নমেন্ট। ১৯৭৪ সাল থেকে ১৯৯৫ সাল পর্যন্ত ছিল চা-বাগানের স্বর্ণযুগ। চা-বাগানের স্বর্ণযুগে কোটি কোটি টাকা মুনাফা লোটা হয়েছে। আজকে ভারতের প্রধানমন্ত্রী মনমোহন সিংহ, তখন তিনি ছিলেন অর্থমন্ত্রী। অবাধ বাণিজ্যের জন্য তখন থেকে দরজা খুলে দেওয়া হয়েছে, এবং উদারনীতি নেওয়া হয়েছে। আজকে চীন, কোরিয়া, দক্ষিণ আফ্রিকা, ভিয়েতনাম, শ্রীলংকা থেকে চা আসছে। বাজারে সস্তায় জিনিস পেলে কে বেশি দামে জিনিস কিনবে ? দার্জিলিং-এর চা ওয়ার্ল্ড ফেমাস ছিল। দুর্নীতিগ্রস্ত মালিকরা আজকে দার্জিলিং চায়ের সঙ্গে কেনিয়ার চা ব্লেন্ডিং করে দার্জিলিং চা বলে চালিয়ে দিচ্ছে। বহু চা-বাগান আছে, এছাড়া কয়েক হাজার নতুন চা-বাগান হয়েছে জলপাইগুড়ি ও তরাইতে। এজন্য কোনো নো-অবজেকশন সার্টিফিকেট দেওয়া হয়নি। বটলিফ ফ্যাক্ট্রি প্রচুর আছে। এখানে লেখা রয়েছে—দিস হাউস, দেয়ারফোর, আরজেস অন দ্য স্টেট গভর্নমেন্ট, টু টেক সাম ফ্রেস স্টেপস টু কোলাবরেশন উইথ দ্য ইউনিয়ন গভর্নমেন্ট। ১৯৫১ সাল প্ল্যান্টেশন লেবার অ্যাক্ট মডিফিকেশানের জন্য পাঠানো হয়েছিল, আজ পর্যন্ত সেই মডিফিকেশন কিন্তু

হয়নি। সুতরাং পরিশেষে বলি ইলেকশনকে সামনে রেখেই স্ট্যান্ড নিলে হবে ? এখন আপনারা এইসব চা-শ্রমিকদের জন্য খুব কষ্ট পাচ্ছেন ? আর আমরা যখন এদের বোনাসের জন্য বলেছিলাম তখন তো আপনারা টিটকিরি দিয়েছিলেন। বলেছিলেন—বস্তা লেকে আও বোনাস লে যাও। তাই আমি এই মোশনের বিরোধিতা করছি এবং পশ্চিমবঙ্গ সরকার যে দায়িত্ব পালন করছে, সেই দায়িত্বকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমতী শান্তা ছেত্রী : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আজকে এই টি প্ল্যানটেশনের ব্যাপারে মাননীয় পংকজ বন্দ্যোপাধ্যায় যে মোশন এনেছেন, তাকে আমি নৈতিকভাবে সমর্থন জানিয়ে আমার বক্তব্য রাখছি। আমাদের দার্জিলিং-এর পর ওয়ার্ল্ড ফেমাস। দার্জিলিং ও ডুয়ার্সের টি ইন্ডাস্ট্রি মূলত অ্যাগ্রো বেসড ইন্ডাস্ট্রি। আজকে ডুয়ার্সে ১৪টা চা-বাগান বন্ধ আছে। সেই সঙ্গে দার্জিলিং-এ ৫টা চা-বাগান বন্ধ আছে। এই বাগানগুলি হল—হ্যাপিভ্যালি, চুং থুং, যোগমায়া, সিপাইদুরা, পেশক। সিপাইদুরা চা-বাগানটি রিসিভার দিয়ে চালানো হচ্ছে, কোনো রকমে চলছে। আগে কিন্তু এ ব্যাপারে রাজ্য সরকার সেভাবে কোনো উদ্যোগ নেয়নি। তবে বর্তমানে বন্ধ চা-বাগান খোলার ব্যাপারে ডি.এম., এস.ডি.ও.-র পক্ষ থেকে চেষ্টা হচ্ছে। লেবার কমিশনার, অ্যাসিস্ট্যান্ট লেবার কমিশনার দার্জিলিংয়ে বসেন। লেবার কমিশনার ডি.এম-এর আদেশ মানেন না। তিনি নিজের মতো কাজ করে চলেন। হ্যাপিভ্যালি টি এস্টেটের মালিক অ্যাবসকনডার্ড হয়ে আছেন। ডি.এম., এস.ডি.ও. এ ব্যাপারে চেষ্টা করছেন কিন্তু লেবার কমিশনারের পক্ষ থেকে কোনো উদ্যোগ গ্রহণ করা হয়নি। একটু আগে মাননীয় সদস্য বলছিলেন, প্ল্যান্টেশন অ্যাক্ট কেন্দ্রীয় সরকার বানায়। প্ল্যান্টেশন অ্যাক্ট অ্যামেন্ডমেন্টের দায়িত্ব কেন্দ্রীয় সরকারের থাকলেও এ ব্যাপারে রাজ্য সরকারকে উদ্যোগ নিতে হবে। প্ল্যান্টেশন অ্যাক্ট অ্যামেন্ডমেন্টের ফলে আমাদের চা-বাগানের শ্রমিকরা বিশেষভাবে উপকৃত হবে।

[2.50—3.00 p.m.]

আর যে কটি গার্ডেন বন্ধ আছে, সেখানকার শ্রমিকরা কত জন মারা গেছে তারা কোনো গ্র্যাচুইটি পাচ্ছে না, তারা একটা টাকা-পয়সাও পাচ্ছে না। টি গার্ডেনের মালিক পক্ষ কোনো উদ্যোগ নিচ্ছে না। দার্জিলিং টি গার্ডেনের টি হচ্ছে ফেমাস টি। আজকে সেখানে ফল্‌স লেভেল লাগিয়ে দার্জিলিং টি-এর গুডউইল নষ্ট করা হচ্ছে। আমি এই হাউসে রাজ্য সরকারকে অনুরোধ করবো যাতে দার্জিলিং-এর সঙ্গে ডুয়ার্সের অ্যাগ্রো বেসড টি ইন্ডাস্ট্রি বাঁচতে পারে তার জন্য রাজ্য সরকার দায়িত্ব নিয়ে কেন্দ্রীয় সরকারের কাছে অবেদন জানান। এই অনুরোধ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী নির্মল দাস : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ১৮৫ নম্বর রুল অনুযায়ী মাননীয় বিরোধী দলের নেতা একটা প্রস্তাব এনেছেন। আসলে উনি ঘোলা জলে মাছ ধরার চেষ্টা করছেন। ওঁরা যখন এন.ডি.এ. সরকারের সঙ্গে যুক্ত ছিলেন তখন টি ইন্ডাস্ট্রির ক্রাইসিসটা শুরু হয়। এই সংকট সম্পূর্ণ আর্টিফিসিয়াল। এখন বলছি এবং আগেও বলেছি এটা আর্টিফিসিয়াল। কারণ হচ্ছে অবলিগেটরি যে সমস্ত ব্যবস্থা রয়েছে বা টি প্ল্যানটেশান লেবার

অ্যাক্ট-এ যেগুলো রয়েছে তাতে দায়-দায়িত্ব রাজ্য সরকারের নেই বা কোনো সরকারের নেই। দায়িত্ব হচ্ছে ইনডিভিজুয়াল যে সমস্ত টি প্ল্যান্টার্স আছে তাদের। আমরা লক্ষ করছি সেই টি প্ল্যানটার্সরা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে প্যাকেজের নামে বহু সুযোগ গ্রহণ করেছে। ব্যাংকের থেকে লোন নিয়ে অন্য ইন্ডাস্ট্রিতে খাটিয়েছে। এইগুলো দেখভাল করার লোক নেই। ব্যাংক সাধারণ মানুষের সঙ্গে কি ব্যবহার করে সেটা আমরা জানি। আর টি প্ল্যানটার্সের জন্য সব সময় এগিয়ে আসে, যেন বলতে চায় এট ইয়োর সার্ভিস, সব সময় যেন দেহী পদ পল্লব মুদারম। আমরা জানি টি প্ল্যানটার্সের সঙ্গে সঙ্গে ব্যাংকের চিফ ম্যানেজাররা ঘোরে। সেখানে গ্র্যাচুইটির টাকা মারা যায়, পেনশানের টাকা মারা যায়। এই ভাবে কোটি কোটি টাকা মেরে দিচ্ছে। তারা রেশন দিতে পারে না, অন্যান্য যে সমস্ত জিনিস এমপ্লয়িদের পাওনা সেটা তারা দেয় না। এল.আই.সি., গ্রুপ ইনসিয়োরেন্সের টাকা তারা কেটে নেয় কিন্তু সেই টাকা তারা জমা দেয় না। তবুও মহারাজরা বহাল তবিয়তে আছে। তারা বলছে আমাদের সংকট, চা বাজারে বিক্রি হচ্ছে না। আমরা এখানে যারা চা পান করি তারা জানি, পৃথিবীর সবচেয়ে বেশি চিপেষ্ট ড্রিংক হলো ইন্ডিয়ান টি, এর উপরে আর কিছু হয় না, জলের থেকেও কম দাম। এক বোতল মিনারেল ওয়াটারের দাম ১০ টাকা, সেই এক বোতল চা কিনতে ১০ টাকা লাগবে না। সেখানে এই টি প্ল্যানটার্সরা যে চা বিক্রি করে সেই ভাল চায়ের দাম ৩০০ টাকা থেকে ৪০০ টাকা কেজি এবং সাধারণ চা বিক্রি করে ১৫০ টাকা থেকে ১৬০ টাকা। ওরা বলছে ৫০-৬০ টাকার বেশি দাম পায় না। আমরা নির্দিষ্ট প্রস্তাব দিয়েছিলাম যে সমস্ত চা অকশানে বিক্রি করতে হবে এবং সেই অকশান থেকে জনগণের কাছে রেশন দোকান মারফত বা দোকান মারফত দিতে পারে। কিন্তু তারা সেটা করেনি। টি ইন্ডাস্ট্রির মালিকরা জাগলারি করছে পুরোপুরি। তারা ব্যাংক থেকে লোন নিয়ে অন্য ইন্ডাস্ট্রিতে খাটাচ্ছে এবং ব্যাংক থেকে যেটা তারা লোন নিচ্ছে সেটা তারা দিতে পারছে না, সেটা ইন্ডাস্ট্রিতে দিতে হচ্ছে। তার জন্য এই ক্রাইসিস। আমরা যারা ইউনিয়ান করি তারা সকলে এটা জানি। ডুয়ার্সের চা বাগানে যে ইউনিয়ান আছে, ইউ.টি.ইউ.সি., আমি তার সঙ্গে যুক্ত। আমাদের এই অভিজ্ঞতায় আমরা এই জিনিস দেখেছি। আমাদের কেন্দ্রীয় মন্ত্রী প্রিয়রঞ্জন দাসমুন্সী বলেছিলেন যে একটা প্যাকেজ ঘোষণা করা হবে এবং সেই প্যাকেজ ঘোষণা করাও হয়েছে। প্যাকেজ ঘোষণা হয়েছে, ৯টাকা-পয়সা ছাড় দেওয়া হয়েছে। লিজ ল্যান্ড যেখানে ছিল ১৫ হাজার টাকা, সেখানে সাড়ে ৪ হাজার টাকায় পশ্চিমবঙ্গ সরকার লিজ ল্যান্ড দিয়েছে। কিন্তু কোনো সমস্যার সমাধান হয়নি। শ্রমিকদের কোনো উন্নতি হয়নি। মালিকদের উন্নতি হয়েছে, মালিকদের উন্নতির ব্যবস্থা তারা করেছে। এই ব্যবস্থা শুরু হয়েছে কংগ্রেসের আমল থেকে, তারপর এন.ডি.এ. সরকার, এখন যারা আছে তারা করছে। সঙ্গত কারণেই রাজ্য সরকারকে নিশ্চয়ই রিলিফ দেওয়া দরকার। মানুষ যাতে না মারা যায়, তার ব্যবস্থা করা দরকার। নিশ্চিত ভাবে বলা যায়, সেই ব্যবস্থা হচ্ছে। প্রতুল হয়নি, অপ্রতুল, আরও ব্যবস্থা নিতে হবে। কিন্তু এখনও পর্যন্ত কেন মালিকদের গ্রেপ্তার করা হল না ? মালিকদের বাধ্য করা হোক, গ্রেপ্তার করা হোক। সেই মালিকদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হোক। তাদের বিরুদ্ধে যেন পেনাল মেজর নেওয়া হয়। 'ঘোলা

জলে মাছ ধরার' ব্যাপারটা যাতে না হয়—এই ব্যাপারটাতে দৃষ্টি আকর্ষণ করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী পবন লাকড়া : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, মাননীয় শ্রী পঙ্কজবাবু বিরোধী দলের নেতা ১৮৫ ধারায় যে মোশন নিয়ে এসেছেন, তাকে সমর্থন করে আমি কিছু বলতে চাই।

(ভয়েজ : এই সময় কেন মন্ত্রী থাকবেন না ?)

ডেঃ স্পীকার : বাইরে গেছে, বসুন। এক্ষুনি আসছে।

স্যার, এই সভার যারা সদস্য, সে শাসক দলের হোক বা বিরোধী দলের হোক, সবারই বলার অধিকার আছে। আজকে এখানে এমন কোনো মন্ত্রী নেই যে আমার প্রশ্নের উত্তর দেবেন। কোনো মন্ত্রী বা কোনো দলের ভুল তো হতেই পারে। তাহলে সেই ভুলটা ধরিয়ে দেওয়ার দায়িত্ব কি আমাদের ? দুঃখের বিষয়, ৪ বছর ধরে টি ইন্ডাস্ট্রিতে যে সমস্যা হচ্ছে, সেই সমস্যার নিরূপণ করার জন্য আমাদের যে বিধায়ক বন্ধুরা আছেন, বিশেষ করে শাসক দলের বন্ধুরা তো এই ব্যাপারে কোনো সিরিয়াসলি ব্যবস্থাই নিচ্ছেন না। যখনই কোনো কথা উঠছে, তখনই তারা তার বিরোধিতা করছে। তখন মনে হচ্ছে, বিরোধিতা করাই তাদের একমাত্র ডিউটি। আমি ঠিক বুঝতে পারছি না। আজকে একটা সিরিয়াসলি বিষয় কথা হচ্ছে। অথচ শ্রম দপ্তরের মন্ত্রী নেই, তাহলে আমি কাকে জিজ্ঞাসা করব। আজকে প্রায় ৪ বছর ধরে চা বাগানগুলোর অবস্থা খুব খারাপ। কত লোক মারা গেছে, তার উত্তর কে দেবে ? আমি ! সব চা-বাগানের মালিকদের ছাড়া হল কেন ? সব চা-বাগানেই লক-আউট হচ্ছে। সেই লক-আউট চলাকালীন শ্রমিকদের যে সুযোগ-সুবিধা দেওয়ার কথা, সেগুলো তারা পাচ্ছে না। সেগুলো দেখার দরকার নেই ? চা-বাগান নিয়ে মিটিং হচ্ছে। শ্রমিকরা বলেছে, আমরাও বলেছি—এই নিয়ে মালিকদের সঙ্গে মিটিং করবার জন্য। কেন আজ পর্যন্ত মালিকদের মিটিংয়ে বসাতে পারেননি ? আজ চা শিল্প কোথায় এসে দাঁড়িয়েছে !' যে টি ইন্ডাস্ট্রিগুলো আছে, সেগুলো কি পশ্চিমবঙ্গের বাইরে ? যারা লিজ দিচ্ছে, তারা কি পশ্চিমবাংলার নয় ? আজকে সাধারণ চা বাগানের মালিকদের ডেকে একটা মিটিং বসাতে পারল না ? সব চা বাগান বন্ধ হয়ে আছে। আমাদের এলাকায় যে কটা বাগান আছে, তার একটা হিসাব দিচ্ছি—কালচিনি, বক্সারের ডুয়ার্সে শ্রমিকের সংখ্যা ২ হাজার ৩০০। রায়মটং-এর শ্রমিক সংখ্যা—১২শ ৪০। প্রায় ২১ দিন ধরে কোনো ব্যবস্থাই এখানে নেই।

[3.00—3.10 p.m.]

সেখানকার লোকেদের খাবার নেই, পানীয় জলের ব্যবস্থা নেই। বিদ্যুৎ নেই, স্বাস্থ্য পরিষেবার জন্য অ্যাম্বুলেন্স নেই। মানুষ মারা গেলে একটা মানুষকে কবরে বা শ্মশানে নিয়ে যেতে গেলে যে সাদা কাপড় দিয়ে ঢেকে নিয়ে যেতে হয়, সেই কাপড় কেনার ক্ষমতা পর্যন্ত তাদের নেই। তিনচুলা চা বাগান যেখানে ১৩০০ শ্রমিক কাজ করে, সেটা আজকে চারমাস ধরে বন্ধ। শ্রমিকরা চারমাস ধরে বেতন পাচ্ছে না। তারা চার-পাঁচ মাস ধরে রেশন পাচ্ছে না। সেখানে পানীয় জলের ব্যবস্থা নেই, স্বাস্থ্য পরিষেবা নেই। বাহান্নবাড়ি চা বাগান এমন একটা

চা বাগান যেখানে ৯০ শতাংশ শ্রমিক বামপন্থী সংগঠন সিটু অথবা আর. এস. পি. ইউনিয়নের সদস্য। দুঃখের বিষয়, এই চা বাগানটি আজকে ৪৫ দিন ধরে বন্ধ, লক-আউট হয়েছে। লক-আউট হলে প্ল্যানটেশন অ্যাক্ট অনুযায়ী যে জরুরি পরিষেবা শ্রমিকদের পাবার কথা, শ্রমিকরা তাও পাচ্ছে না কেন ? দোলসিং পাড়া চা বাগানে ২,১০০ শ্রমিক কাজ করে। এই চা বাগানটি বেশিদিন বন্ধ হয়নি। ওখানে সাতদিন ধরে মালিক বা ম্যানেজমেন্টের কেউ নেই। এই চা বাগানটি ধুকে ধুকে চলছিল। ওখানে শ্রমিকরা রেশন পাচ্ছে না। শ্রমিকরা আজকে চারমাস ধরে বেতন পাচ্ছে না। বেতন নেই, রেশন নেই। বহু শ্রমিক দশ-বারো দিন ধরে অনাহারে আছে। দোলসিং পাড়া চা বাগানে গত ৯ তারিখে শ্রমিকদের বেতন দেবার কথা ছিল। কিন্তু ৯ তারিখের আগের রাত্রিতে মালিক এবং ম্যানেজমেন্ট পালিয়ে যায়। চারমাস ধরে যদি কোনো শ্রমিক বেতন না পায়, রেশন না পায়, তাহলে কি হতে পারে শুনুন। জয়মনি মুর্মু—নাম শুনে আপনারা বুঝতে পারছেন উনি একজন মহিলা শ্রমিক। উনি তপশিল জাতি সম্প্রদায়ভুক্ত। ওই মহিলা শ্রমিক ৯ তারিখে বেতন নিতে গিয়ে দেখেন ফ্যাক্টরি বন্ধ, অফিস বন্ধ। ওখানে গিয়ে জানতে পারেন মাইনে হবে না, রেশন দেওয়া হবে না। এই কথা শুনে রাখুন, ওই মহিলা বাড়িতে গিয়ে তার নিজের বাচ্চাদের খাবার দিতে না পেরে গায়ে কেরোসিন তেল ঢেলে সুইসাইড করেছেন। তার একটা দেড় বছরের এবং একটা তিন বছরের বাচ্চা ছিল। আমরা মালিকের বিরুদ্ধে এফ. আই. আর. করতে বলেছি। আমরা রাস্তা জ্যাম করে দিয়েছিলাম। ওখানে প্রশাসনের কেউ ছিল না। পরবর্তীকালে আলিপুরদুয়ারের এস. ডি. ও.'র নির্দেশে বি. ডি. ও এবং এস. ডি. পি. ও. সাহেব কথা দেন, আপনাদের কথা শোনা হবে। দুঃখের বিষয়, শ্রমিকদের আগে যে অবস্থা ছিল সেই অবস্থাতেই আছে। কেউ যদি কোনো মানুষকে হত্যা করে, তার বিরুদ্ধে এফ. আই. আর. করা হয়, তাকে অ্যারেস্ট করা হয়। অথচ বাচ্চাদের খাবার দিতে না পারার জন্য যে সুইসাইড করলো, যাদের জন্য এই অবস্থা, তাদের বিরুদ্ধে কেন ব্যবস্থা নিচ্ছেন না ? আপনারা বলছেন অনেক কিছু করেছেন। গত ২৯ বছরে আপনারা কি করেছেন—বহু শ্রমিককে মেরেছেন। বুদ্ধদেববাবু কালকে এখানে বলে গেলেন, পুরুলিয়া, বাঁকুড়া এবং মেদিনীপুরে যেখানে আদিবাসী লোকের বাস বেশি, সেখানে মাওবাদী সন্ত্রাস বাড়ছে। আপনারা কি জানাবেন, ওই লোকগুলো কেন মাওবাদী হচ্ছে ? তারা কেন হাতিয়ার ধরছে ? চা বাগানের ৮০ শতাংশ তপশিল জাতি এবং উপজাতির লোক খেতে না পেয়ে মারা যায়, তার জন্য তারা যদি হাতিয়ার ধরে, তার দায়িত্ব কে নেবে ? ইমিডিয়েট যে সমস্ত শ্রমিক মারা গিয়েছেন, কেন মারা গিয়েছেন সেটা দেখা দরকার। এটা তদন্ত সাপেক্ষ বিষয়। কাদের জন্য আজকে শ্রমিকরা সুইসাইড করতে বাধ্য হচ্ছে সেটা দেখতে হবে। শুধু মালিক নয়, অন্য কোনো বিষয় এর সঙ্গে জড়িত আছে কিনা সেটাও তদন্ত করে দেখা দরকার।

(নয়েজ)

শ্রী অসিত মিত্র : একটা পয়েন্ট অফ অর্ডার আপনার অনুমতি নিয়ে রাখছি স্যার। মাননীয় উপাধ্যক্ষ মহোদয় আমাদের আবেদন আপনার কাছে রেখেছি সমস্ত ব্যাপারে। আপনি এই হাউজের কাস্টোডিয়ান। কিছুক্ষণ আগে বলছিলাম। মোশান নিয়ে কি হচ্ছে

দেখুন : ওখানে মাননীয় নারায়ণ বিশ্বাস বসে আছে। উনি কী মন্ত্রী কী করেছেন না করেছেন সে কথায় আমি যাচ্ছি না। এখানে লিডার অফ অপোজিশন বিধায়ক হিসাবে ১৮৫ মোশানের অধীনে এলং উইথ আদার মেম্বারস একটা মোশান এনেছেন এবং মাননীয় স্পীকার মহাশয় অ্যাকসেপ্টও করেছেন এবং তার পর এখানে প্লেস করা হয়েছে। দি মোশান হুইচ ইজ কোয়াইট ইমপর্টেন্ট। স্পীকার মহাশয় অ্যাকসেপ্ট করেছেন, এখানে প্লেস হয়েছে। নির্দেশ অনুযায়ী প্রত্যেকটা বিষয়ের ডিপার্টমেন্টাল মিনিস্টার বা কানেকটিং ডিপার্টমেন্টের মিনিস্টার, তিনি রিপ্লাই দেবেন। মাননীয় আমিন সাহেব ছিলেন কিন্তু এখন নেই। মাননীয় পংকজবাবু এখন প্রস্তাবের সাম-আপ করবেন, সপক্ষে বলবেন। কিন্তু তার আগে যাঁর জবাব দেওয়ার কথা সেই মাননীয় মহঃ আমিন সাহেব এখন এখানে উপস্থিত নেই। এই অবস্থার মধ্যে দিয়ে হাউজ চলা উচিত নয়, তাই আমি এই হাউজ বন্ধ করে দেওয়ার আবেদন জানাচ্ছি। এই হাউস নিয়ে ছেলেখেলা করার অধিকার মাননীয় মুখ্যমন্ত্রী থেকে আরম্ভ করে কোনো মন্ত্রীর নেই। হাউস মাননীয় মুখ্যমন্ত্রীর নয়, সমস্ত নির্বাচিত সদস্যের জন্য। তা সে যদি একদিনের জন্যও সদস্য তিনি থাকেন তাহলেও। সেইভাবে সংসদীয় নীতি অনুযায়ী হাউজ চলা উচিত।

মিঃ ডেপুটি স্পীকার : প্রবোধ সিন্‌হা বলবেন।

শ্রী অসিত মিত্র : উনি স্যার কি বলবেন? উনি তো হতাশাগ্রস্ত মানুষের মতো একবার আমাদের কাছে, অপোজিশন লিডারের কাছে, একবার আপনার কাছে ছুটে যাচ্ছেন : আপনিই বলুন এই হাউজ চলা উচিত কি ? উচিত নয়। এ ব্যাপারে আমি আপনার রুলিং চাইছি।

Shri Pankaj Banerjee : Sir, issue to issue all the relevant points will have to be replied by him. All the relevant points will have to be answered by him. We don't mind if the Parliamentary Affairs Minister intervenes in the matter and speaks. I don't have any objection. But our humble submission is that he will shave to answer all the points to the point. Otherwise we will be walking out.

(Noise)

শ্রী প্রবোধচন্দ্র সিনহা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রী পংকজ ব্যানার্জী, সৌগত রায় এবং অন্যান্যরা মিলে পশ্চিমবাংলার চা শিল্প সম্পর্কে যে প্রস্তাব এখানে উত্থাপন করেছেন সেই প্রস্তাব সম্পর্কে বলতে গিয়ে এটুকু কথা বলতে চাই যে, এ বিষয়ে কোনো দ্বিমত নেই যে চা শিল্প পশ্চিমবাংলায় একটা বৃহৎ শিল্প এবং এই শিল্পে পশ্চিমবাংলায় বহু মানুষ কর্মে নিযুক্ত রয়েছে এবং পশ্চিমবাংলার অর্থনীতি যে সব বিষয়কে কেন্দ্র করে গড়ে উঠেছে, যেমন আমরা কৃষির কথা বলি, ম্যানুফ্যাকচারিং ইন্ডাস্ট্রির কথা বলি, ঠিক তেমনি ভাবে পশ্চিমবাংলার অর্থনীতি অন্যতম ভিত্তি, বিশেষ করে উত্তরবঙ্গের মানুষের অর্থনৈতিক ভিত্তি এই চা শিল্পকে কেন্দ্র করে গড়ে উঠেছে।

[3.10—3.20 p.m.]

বৈদেশিক মুদ্রা অর্জনের ক্ষেত্রে চা-শিল্প একটা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। এই চা শিল্পে প্রচুর পরিমাণে কর্মী নিযুক্ত আছে। সাম্প্রতিককালে আমরা দেখতে পাচ্ছি এই শিল্পে কিছুটা সংকট তৈরি হয়েছে। আজকে এই বিশ্বায়নের ফলে যে নানা ধরনের প্রতিযোগিতার সম্মুখীন হতে হচ্ছে এবং সেখানে প্রতিযোগিতার ফলে আজকে দেখা যাচ্ছে বাইরের দেশ থেকে বিভিন্ন ধরনের জিনিস এবং চা আমদানী হওয়ার ফলে আমাদের এখানে চা শিল্পে একটা সংকট তৈরি হয়েছে। এখানে যে প্রস্তাবটি উত্থাপিত হয়েছে তাতে চা শিল্পে সংকটের কথা বলা হয়েছে। এর ফলে কিছু চা শিল্প বন্ধ হয়ে যাচ্ছে এবং কিছু মানুষ কর্মচ্যুত হচ্ছে। এই কমচ্যুত হওয়ার ফলে যে ঘটনা ঘটছে এবং এই অবস্থার থেকে বেরিয়ে আসার জন্য রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের কাছে আবেদন করে কেন্দ্রীয় সরকারকে এই বিষয়ে হস্তক্ষেপ করতে বলুক। সুতরাং অপরেটিভ পার্ট অফ দি মোশান হচ্ছে "This House, therefore, urges on the State Government to take fresh steps in collaboration with the Union Government to save the Industry and save its workers from starvation."

সুতরাং রাজ্য সরকার তার নিজস্ব উদ্যোগে চেষ্টা করছে, সেখানে মাঝেমধ্যে ত্রিপাক্ষিক বৈঠকও করছে। এর ফলে হয়তো কিছু কিছু চা-বাগান খোলা যাচ্ছে, কাজও শুরু হচ্ছে। আবার কোনো না কোনো কারণে সেগুলো বন্ধও হয়ে যাচ্ছে। অতীতে ভারত সরকারের বিশ্বায়নের নীতির ফলে এই ধরনের অসম প্রতিযোগিতা শুরু হয়েছে। তার ফলে আজকে শুধু চা শিল্প নয়, সমস্ত ইন্ডাস্ট্রির ক্ষেত্রেও এই জিনিস দেখা যাচ্ছে। ম্যানুফ্যাকচারিং ইন্ডাস্ট্রি বলুন বা অন্য ধরনের ইন্ডাস্ট্রি বলুন Are the industry functioning properly or providing to the employees their due share of the wages ?

সেখানে অনেক ইন্ডাস্ট্রিতে এই ধরনের ঘটনা চলছে, এই অবস্থার থেকে কাটিয়ে ওঠার জন্য কেন্দ্রীয় সরকারের সাপোর্ট দরকার।

(নয়েজ)

এই যে সংকট তৈরি হয়েছে এর থেকে উত্তোরণের পথ খুঁজতে হবে এবং রাজ্য সরকার তার জন্য নানা প্রক্রিয়ায় চেষ্টা চালাচ্ছে। তা দিয়ে যে সংকটের সমাধান হয়ে যাচ্ছে তা ঠিক নয় মাননীয় অসিতবাবু আপনি যেটা বলেছেন That would have been the most positive contribution by the opposition if the opposition could have suggested certain concrete steps. This is a very vague type of motion that have been tabled by the opposition. You have not stated anything that the State Government should provide such and such facilities to the tea workers, state government should provide such and such financial assistance to the tea gardens, state government should provide such and such support in the other

respects. এখানে যদি বলতেন (নয়েজ) you have the liberty to criticise the other motions in away that I am doing. There is no objection on it.

(noise and interruption)

Shri Pankaj Banerjee: Sir, what the minister is saying is absolutely irrelevant, uncalled for and unnecessary.

Shri Probodh Chandra Sinha: You have the liberty to criticise other motions in the way that I am doing. There is no objection to it.

(noise and interruption)

Hon'ble leader of the Opposition, don't mind. I am telling that you are at liberty to criticise other motions in the way that I am criticising. You can say so, there is no denying. But what the people of the State wants from an opposition? People of the State wants from an opposition an alternative method to suggest.

(noise)

Definitely that can be debated upon. For solution of the problems of the tea gardens there is no denying the fact that the State Government had approached the Union Government and asked the Union Government to support in whatever manner that is possible. You are very much aware of the fact that when jute industry was facing similar crisis an all party delegation went to meet the Central Government, urged upon the Central Government to come forward and to solve the problems of the jute industry. There is no denying, there is no opposition to that we can approach the Central Government in that fashion. But the thing is that why are you talking in that manner? All intelligence has not been bestowed in your mind. Don't talk like that. I am not a man to be dealt with in that fashion. Please be polite and courteous. My Parliamentary life is for long forty years. What do you mean to say? So, I fully agree that the State Government should approach the Central Government and urge upon the Central Government to intervene and to assist in whatever manner that may be possible. The State Government is doing whatever is possible from its side and that there is no hesitation on the part of the State Government to approach the Central Government to come forward and to solve the problem of the tea industry in the State.

শ্রী পংকজ ব্যানার্জী : স্যার, যে রেজলিউশান আনা হয়েছে, আমি অত্যন্ত দুঃখের সঙ্গে বলছি যে, পশ্চিমবঙ্গ সরকার দীর্ঘদিন ক্ষমতায় থাকার ফলে তাদের আত্মম্ভরিতা এমন একটা জায়গায় পৌঁছেছে যে, কিছুক্ষণ তো কোনো মন্ত্রীই ছিলেন না, যে বিষয়টা আলোচনা করা হচ্ছে, সেটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। কয়েকশো মানুষ সেখানে অনাহারে মারা গিয়েছে, কয়েক লক্ষ মানুষের সেখানে কর্মচ্যুতি ঘটেছে, গোটা উত্তরবাংলার মেরুদণ্ড যার উপর নির্ভর করে বেঁচে আছে সেই মেরুদণ্ড আজকে দুর্বল হয়ে পড়ছে, নুয়ে পড়ছে, ভেঙে যাচ্ছে। উত্তরবাংলার এই শিল্প উত্তরবাংলার মানুষের একমাত্র হাতিয়ার, একমাত্র অবলম্বন। সেই ক্ষেত্রে সরকার এটাকে কোনো গুরুত্ব দিচ্ছে না। সরকারের এই ব্যাপারে কোনো চিন্তা-ভাবনা নেই। সংশ্লিষ্ট মন্ত্রী কিছুক্ষণ আগে ছিলেন, যখন তিনি মনে করলেন চলে যাওয়ার দরকার, তখন তিনি চলে গেলেন। আপনি তাকে সামঅন করতে পারলেন না। তার নাম এখানে তালিকায় রয়েছে। সরকারি যে তালিকা চিফ্ হুইপ তৈরি করেন সেই তালিকায় তার নাম আছে, তিনি জবাব দেবেন। তিনি আপনাকে কিছু বলে যাননি যে আমি জবাব দিতে পারব না। Someone else will reply on my behalf কোনো কেয়ার নেই। সংসদীয় রীতিনীতি পদ্ধতির প্রতি কোনো প্রেম, প্রীতি, শ্রদ্ধা, ভালোবাসা, আস্থা, মোহ কোনো কিছুই নেই। অথচ তার ভিতরে আমাদের কাজ করে যেতে হবে। চেয়ারের প্রতিও কোনো গুরুত্ব নেই। আপনার কাছ থেকে স্যার অনুমতি নিয়ে যায়নি। So what action you are going to take ? He has also bluffed you. He told you that he would be coming back but he did not feel like to come back and you are sitting there not taking any action. So the entire thing has come to a geopardy. The entire parliamentary system has been ceased by the ruling party. This is absolutely condemnable and we condemn it with possible words of vernacular.

স্যার, যেটা আমরা বলতে চাইছি যে, একটার পর একটা চা বাগান মালিকরা বন্ধ করে চলে যাচ্ছে। কোথাও সাসপেনশান অফ ওয়ার্কের নোটিশ দিয়ে, কোথাও রাতদুপুরে ম্যানেজার চলে গেলে পরের দিন ডেপুটি ম্যানেজার চলে গেল। কারোর কাছে চা বাগানের দায়িত্ব দিয়ে গেল না, সেখানে শ্রমিকদের ওয়েজ দেবে কি দেবে না তা নিয়ে কোনো আলাপ-আলোচনা নেই। স্যার, আজকে কাঁঠালগুড়ি ২০০০-'০১ থেকে বন্ধ আছে। সরকারের কোনো অ্যাকটিভিটি নেই। ঘাটালপাড়া বন্ধ হয়ে আছে, মুকানাই বন্ধ আছে, রোহিমাবাদ বন্ধ হয়ে গিয়েছে, কৈলাসপুর বন্ধ হয়ে আছে।

[3.20—3.30 p.m.]

দেবপাড়া বন্ধ হয়ে আছে, তরাইয়ের শ্রীনাথপুর বন্ধ হয়ে আছে, কালচিনি বন্ধ হয়ে আছে, রোয়াটুং বন্ধ হয়ে আছে, বিজ বন্ধ হয়ে আছে, মলঙ্গি বন্ধ হয়ে আছে, বানারবাড়ি বন্ধ হয়ে আছে। কারখানায় শ্রমিকেরা আসছে এবং তারা কাজ করছে। তারা ৪ সপ্তাহের কাজের শেষে এক সপ্তাহের মাইনে পাচ্ছে। দার্জিলিং-এ ৯টি চা বাগান বন্ধ হয়ে আছে। আজকে

২৭৮টি চা বাগানের মধ্যে এই ভাবে একটার পর একটা চা বাগান বন্ধ হয়ে যাচ্ছে। মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন যে, তারা নাকি উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ তৈরি করেছে। উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ তৈরি করার পর আজ পর্যন্ত মালিকদের নিয়ে বৈঠকে বসেছেন ? আজ পর্যন্ত এই সরকার তা করতে পারেনি। আজকে মালিকেরা একটা মালিকরাজ কায়েম করেছে। মালিকরাজ কায়েম করে সেই শক্তিকে একত্রিত করে তারা শ্রমিকদের ছোবল মারছে। তারা চা বাগান বন্ধ করে দিচ্ছে। তাদের বিরুদ্ধে কি কেউ ব্যবস্থা নিয়েছেন ? মুখ্যমন্ত্রীর কোনো উদ্বেগ আছে, কোনো চিন্তা আছে, কোনো ভাবনা আছে ? শ্রমমন্ত্রী এতক্ষণ ছিলেন না, এই মাত্র এলেন। এই যে মানুষগুলো চা বাগানের সমস্যা নিয়ে এতক্ষণ ধরে বললেন, তিনি তা শোনার প্রয়োজন বোধ করলেন না। এই হচ্ছে অবস্থা। সরকারের এই যে অনীহা মানসিকতা—তাদের যেন কোনো কিছুতেই যায় আসে না। শোনবার মানসিকতা সেটুকুও তাঁরা দেখান না। অথচ উত্তরবঙ্গের চা বাগানের ব্যাপারে একটা গুরুত্বপূর্ণ রেজলিউশান নেওয়া হচ্ছে। এই কিছুদিন আগে ডুয়ার্স উৎসব চলে গেল। চা বাগানের মালিক জে. এন. দাস ১০ লক্ষ টাকা উৎসব কমিটির হাতে তুলে দিলেন। তার চা বাগান বন্ধ হয়ে গিয়েছে। সরকার যেন তার ব্যাপারে কোনো পদক্ষেপ না নেয়, কোনো ব্যবস্থা না নেয়। আজকে এই অবস্থা চলছে। জয়মতি মুর্মু গত ৭.২.০৬ তারিখে অভাবের তাড়নায় গায়ে আগুন লাগিয়ে আত্মহত্যা করেছে। উষা এনথ্য অনাহার জনিত কারণে মারা গিয়েছে। সেখানে আজকে তাদের আয় বন্ধ হয়ে যাওয়ায় তারা আত্মহত্যা করছে। সরকার এ ব্যাপারে কোনো অ্যাকটিভিটি নিয়েছে, কোনো অ্যাকশান নিয়েছে, কোনো ব্যবস্থা করেছে ? শ্রমিক মালিকদের বসিয়ে একটা আলোচনা করেছে ? শ্রমিকেরা যে টাকা পাবে মালিকেরা তা দিচ্ছে না। মালিকেরা পার্টি ফান্ডে টাকা দিয়ে দিচ্ছে। পার্টি ফান্ড স্ফীত হচ্ছে। সেখানে শ্রমিকেরা মারা গেলে সরকারের কোনো কিছু পরোয়া নেই। এই অবস্থায় আমরা রেজলিউশানটা এনেছি। পরিষদীয় মন্ত্রী বললেন যে, তারা আমাদের রেজলিউশানটা মেনে নিয়েছেন। তারা কেন্দ্রীয় সরকারের সঙ্গে কথা বলবেন। অনেকদিন আগে কেন্দ্রীয় সরকারের সঙ্গে কথা বলার দরকার ছিল। কেন্দ্রীয় সরকারের সংশ্লিষ্ট দপ্তরের সঙ্গে আলোচনা করা উচিত ছিল। কমার্স ডিপার্টমেন্টকে নিয়ে আলোচনা করা উচিত ছিল। একবারও রাজ্যের মন্ত্রীরা এই বিষয় নিয়ে আলোচনা করেছেন ? কেন্দ্রীয় সরকারের কাছ থেকে কোনো প্যাকেজ আনার ব্যবস্থা করেছেন, কোনোরকম ইকনমি প্যাকেজ নিয়ে আলোচনা করার কথা চিন্তা করছেন, তারা কোনো অর্থ সাহায্য দেওয়ার কথা চিন্তা করছে, শ্রমিকদের সমস্যা নিয়ে কোনো মাথা ঘামাচ্ছে ? তাদের প্রফিডেন্ট ফান্ডে জমা পড়ছে না। তাদের ই. এস. আই. জমা পড়ছে না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, চা বাগানের সমস্যা অন্যান্য কারখানার থেকে অনেক বেশি। একটা কারখানার শ্রমিক বাড়ি থেকে খেয়ে যায়, কিন্তু চা কারখানার শ্রমিকদের বাসস্থান তৈরি করে দেন মালিক, মালিক নেই বাসস্থান ভেঙে পড়ছে। চা কারখানার শ্রমিকদের ছেলে-মেয়েদের স্কুলে পড়ার ব্যবস্থা করেন মালিক, মালিক নেই স্কুল নেই। মালিক নেই ডাক্তার নেই, ডাক্তারখানা নেই, কম্পাউন্ডার নেই। না খেতে পেয়ে বিনা চিকিৎসায় তারা মারা যাচ্ছে। পানীয় জলের ব্যবস্থা করে দেন মালিক। মালিক নেই জল নেই। তারা পুকুরে

জমে থাকা জল খেয়ে মারা যাচ্ছে। শিক্ষা নেই, রেশন নেই, আলো নেই, স্বাস্থ্য নেই, মাইনে নেই, তাদের মাথার উপরে ঝুপড়ি নেই—অর্থাৎ একটা নৈরাজ্য তৈরি হয়েছে উত্তরবাংলায়। একটার পর একটা জেলায় আজকে অসামাজিক কার্যকলাপ বেড়েই যাচ্ছে, বেড়েই যাবে। মানুষের যদি রুজি-রোজগার না থাকে, আয়ের অবস্থা না থাকে তাহলে মানুষ না খেতে পেয়ে বসে থাকবে না, তাই তারা আয়ের অন্য উপায় করছে, লুঠ করছে, মানুষের উপর হামলা করছে। রাত ৮টার পর মানুষ রাস্তায় বার হচ্ছে না। সড়ক পরিবহন রাত ৮টার পর বন্ধ হয়ে যাচ্ছে। মানুষ বার হতে পারছে না, লুঠ হয়ে যাচ্ছে, ছিনতাই হয়ে যাচ্ছে। এই তো সরকারের অবস্থা। আমি তাই বলি, এই সরকার চরম অপদার্থতায় পৌঁছে গেছে। নির্বাচনে কি করছেন না করছেন অনেকবার বলেছি। কিন্তু মানুষের অসুবিধা করা, শ্রমিকদের স্বার্থ মালিকদের কাছে বিকিয়ে দেওয়ার আপনাদের এই রাজনৈতিক দালালি, রাজনৈতিক দ্বিচারিতার তীব্র বিরোধিতা করি। আর বলি, অবিলম্বে কেন্দ্রীয় সরকারকে বলে এই বন্ধ কারখানার মালিকদের কারখানা খোলার ব্যবস্থা করুন, শ্রমিকদের প্রাপ্য মিটিয়ে দিন, তাদের বাঁচাবার ব্যবস্থা করুন। এবং, রাজ্য সরকারের যদি এ ক্ষেত্রে কিছু করার থাকে তাহলে সেটা করুন। নাহলে লক্ষ লক্ষ কর্মচ্যুত চা-বাগিচার শ্রমিকরা মৃত্যুর দিকে এগিয়ে যাবে, মৃত্যুর বন্যা বইবে এবং সেখানেই তা থেমে থাকবে না, গোটা পশ্চিমবাংলায় লাভা স্রোতের মতো ছড়িয়ে পড়বে। সেদিনের সেই অবস্থা ভয়ঙ্কর। তাই আমি সভাকে অনুরোধ করছি, আবেদন রাখছি এই রেজলিউশানটা গ্রহণ করার জন্য।

The motion was then put and lost.

Mr. Deputy Speaker: Now motion under rule 185 urging upon the Union Government to release fund to Brahmaputra Board for preventing bank erosion and flood control in the districts of Cooch Behar and Jalpaiguri standing in the name of Shri Sailen Mondal and others. Shri Nirmal Das may move the motion.

Shri Nirmal Das: Sir, I beg to move that—

এই সভা গভীর উদ্বেগের সঙ্গে লক্ষ্য করছে যে—

সংকোশ, রায়ডাক-১, রায়ডাক-২, ডায়না, জলঢাকা, তিস্তা, তোর্সা প্রভৃতি নদীর ভাঙন ও প্রতি বছর বন্যার কারণে উত্তরবঙ্গের জলপাইগুড়ি ও কোচবিহার জেলার বিস্তীর্ণ জনপদ, রাস্তা, সেতু ও কৃষিক্ষেত্র ক্ষতিগ্রস্ত হচ্ছে এবং ভুটান থেকে নেমে আসা এইসব খরস্রোতা পাহাড়ী নদীগুলি এলাকার পরিকাঠামোগত উন্নয়নের প্রয়াসকে স্তব্ধ করে দিচ্ছে।

এই সভা অবগত আছে যে,—

রাজ্য সরকার উত্তরবঙ্গের নদীগুলির জলস্ফীতি ও বন্যা নিয়ন্ত্রণের জন্য উত্তরবঙ্গ বন্যা নিয়ন্ত্রণ কমিশন (এন.বি.এফ.সি.সি.) গঠন করেছে এবং এর কার্যালয় জলপাইগুড়িতে স্থাপন করে সাধ্যমতো কাজ করে চলেছে।

এই সভা আরো অবগত আছে যে,—

এই রাজ্য ব্রহ্মপুত্র অববাহিকায় ভূমিক্ষয় রোধ ও বন্যা নিয়ন্ত্রণের জন্য গঠিত কেন্দ্রীয় সংস্থা ব্রহ্মপুত্র বোর্ডের সদস্য হিসাবে অন্তর্ভুক্ত হয়েছে।

এই সভা মনে করে যে,—

পাহাড়ী নদীগুলির ভূমিক্ষয় রোধ ও বন্যা নিয়ন্ত্রণের জন্য যে বিপুল পরিমাণ অর্থের প্রয়োজন তা রাজ্য সরকারের পক্ষে জোগান দেওয়া সম্ভব নয়।

এই সভা আরো মনে করে যে,—

কোচবিহার ও জলপাইগুড়ি জেলায় নদী ভাঙন মোকাবিলা, ভূমিক্ষয় রোধ ও বন্যা নিয়ন্ত্রণের জন্য কেন্দ্রীয় যোজনায় অর্থ বরাদ্দ করে ব্রহ্মপুত্র বোর্ডের মাধ্যমে উক্ত কমিশনকে তা প্রদান করা অত্যন্ত জরুরি।

তাই, এই সভা রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে দাবি জানাচ্ছে যে, কোচবিহার ও জলপাইগুড়ি জেলায় নদী ভাঙন রোধ ও বন্যা নিয়ন্ত্রণের জন্য জরুরি ভিত্তিতে কেন্দ্রীয় যোজনায় বিশেষ অর্থ বরাদ্দ করে ব্রহ্মপুত্র বোর্ডের মাধ্যমে উত্তরবঙ্গ বন্যা নিয়ন্ত্রণ কমিশনকে প্রদান করা হোক।

Mr. Deputy Speaker: There is one amendment to the Motion, The Motion is in order, Now I call upon Shri Kashinath Mishra to move his amendment.

Shri Kashinath Mishra: Sir I beg to move that—

In line 12, after the words 'অন্তর্ভুক্ত হয়েছে' the words 'এবং উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ-এর জন্য ২০০৫-২০০৬ আর্থিক বছরে ৩২ কোটি টাকা মঞ্জুর করা হয়েছে ও কেন্দ্রীয় সরকারের জলসম্পদ দপ্তর বন্যা নিয়ন্ত্রণ, ভূমিক্ষয় ও নদী ভাঙন রোধের জন্য ১৫ কোটি টাকা প্রদান করেছে' be added.

[3.30—3.40 p.m.]

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে সরকার পক্ষের মাননীয় সদস্যরা যে প্রস্তাব এখানে নিয়ে এসেছেন সেই প্রস্তাবের নিশ্চয়ই গুরুত্ব আছে। এই গুরুত্ব উপলব্ধি করার জন্য এই প্রস্তাব নিয়ে আসা হয়েছে। এই ব্যাপারে আমার মনে আছে ২০০১ সাল থেকে আরম্ভ করে ২০০৫-০৬-এর বাজেট বক্তৃতার মধ্যে উল্লেখিত আছে। উত্তরবঙ্গের মধ্যে দিয়ে ছোট, বড় নদী প্রবাহিত হয়েছে। ব্রহ্মপুত্র অববাহিকা থেকে কিছু এসেছে আর কিছু এসেছে গঙ্গা অববাহিকা থেকে। উত্তরবঙ্গের বেশিরভাগ নদীরই উৎস ভুটান, নেপাল ও সিকিম রাজ্য থেকে এবং কতিপয় নদী এসেছে বাংলাদেশ থেকে। কিছু নদী ভারত ভূ-ভাগের ভেতর দিয়ে পাড়ি দিয়ে শেষ পর্যন্ত বাংলাদেশে প্রবেশ করেছে। রাজ্যের উত্তরাঞ্চলে প্রবল বৃষ্টিপাতজনিত বন্যার কারণে ভয়াবহ ভূমিক্ষয়, পাহাড় থেকে ধস নামা, তারই ফলস্বরূপ নদীতলদেশ উঁচু হয়ে যাওয়া, নদীতীর উপচে পড়া ইত্যাদি—রাজ্যের সীমিত আর্থিক

ক্ষমতার মধ্যেও যতদূর সম্ভব এগুলোকে মোকাবিলা করার চেষ্টা হচ্ছে। এই সমস্ত নদীগুলো আন্তর্জাতিক নদী হওয়ার কারণে এখানে নীতি নির্ধারণ করা কঠিন হয়ে পড়ে। এই সব বিষয়ে রাজ্য সরকার ওই সমস্ত কাজে ভারত সরকারের কাছ থেকে আংশিক—আর্থিক ব্যয়ভার আশা করছেন। দার্জিলিং, জলপাইগুড়ি, কোচবিহার, উত্তর দিনাজপুর এবং দক্ষিণ দিনাজপুর এই ৬টি জেলা নিয়ে গঠিত হয়েছে উত্তরবঙ্গ। বিভিন্ন ধরনের বন্যানিয়ন্ত্রণ ও জলনিকাশি কাজে উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ এই বিভাগের জন্য অর্থ বরাদ্দের ব্যবস্থা করেছে। অধিকন্তু রাষ্ট্রীয় শ্রমবিকাশ যোজনায় দুর্যোগ মোকাবিলা তহবিল (সি.আর.এফ.) থেকে অর্থ পাওয়া যাচ্ছে। রাজ্য সরকার সাফল্যের সঙ্গে ব্রহ্মপুত্র পর্ষদের সদস্য হিসেবে নিজেকে অন্তর্ভুক্ত করতে পেরেছে। দশম পরিকল্পনার বাকি সময়সীমার কেন্দ্র-রাজ্য ৯০ : ১০ আনুপাতিক হারে ব্রহ্মপুত্র অববাহিকায় জরুরি ভাঙন নিরোধক কাজে ভারত সরকারের কেন্দ্রীয় জল মন্ত্রকের অধীনে ব্রহ্মপুত্র পর্ষদ পশ্চিমবঙ্গের জন্য ১০ কোটি টাকার একটি আর্থিক সংস্থান রেখেছেন। এই সমস্ত কথা প্রয়াত গণেশ মণ্ডল বলেছিলেন তাঁর বাজেট ভাষণের মধ্যে। আমাদের দেখতে হবে সেগুলো কতটা বাস্তবায়িত হল, কতটা এই পরিকল্পনাগুলোকে কার্যকরী করা গেল। আজকে কেন্দ্রে তো আপনাদেরই সমর্থিত সরকার আছেন, আপনারা সেখানে দেখুন কাজে কত অগ্রগতি ঘটেছে। আজকে উত্তরবঙ্গকে বাঁচাবার জন্য আপনারা নেতৃত্ব দেন। জলসম্পদ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী তো ওই অঞ্চলের, এই কাজ তিনি কতটা এগিয়ে নিয়ে যেতে পেরেছেন, এই সমস্ত ব্যাপারগুলো দেখার দরকার আছে। সবচেয়ে বড় জিনিস হচ্ছে উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদের জন্য বরাদ্দকৃত অর্থের পরিমাণ হচ্ছে ৩২ কোটি টাকা। ২০০৫-'০৬ আর্থিক বছরে মার্চ মাসের মধ্যে এই টাকা শেষ করার নির্দেশ মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় দিয়েছিলেন। ১০ কোটি টাকা গ্রেটার কোচবিহার ডেভলপমেন্টের জন্য দিয়েছিলেন। এটা ৫টি জেলাতে কৃষির উন্নয়নের জন্য দেওয়া হয়েছিল। কিন্তু এই টাকার পরিমাণ যে খুবই কম সেটা অস্বীকার করার কিছু নেই। বন্যা রোধের জন্য পশ্চিমবঙ্গকে ১৫ কোটি টাকা মঞ্জুর করা হয়েছিল। এই ব্যাপারে মাননীয় কেন্দ্রীয় অর্থমন্ত্রী মনমোহন সিং টাস্ক ফোর্স গঠন করেছিলেন। ওয়েস্ট বেঙ্গলের জন্য এই টাস্ক ফোর্সের সাব গ্রুপ করা হয়েছিল। পশ্চিমবঙ্গ ছাড়াও আরও কয়েকটি রাজ্যের জন্য এই টাস্ক ফোর্সের সাব গ্রুপ করা হয়েছিল। পশ্চিমবঙ্গসহ অন্যান্য রাজ্যগুলির বিষয়ে আলোচনার জন্য গত ২ এবং ৩ ডিসেম্বর টাস্ক ফোর্সের বৈঠক হয়েছিল। জলসম্পদ উন্নয়ন মন্ত্রক ঠিক করেছিলেন যে, মার্চের মধ্যে বন্যা রোধের কাজ অনেকটাই এগিয়ে যাবে। কেন্দ্র এবং রাজ্য সরকার যৌথভাবে এই ব্যাপারে উদ্যোগ নিয়েছে।

বিভিন্ন সময়ে নেপাল ভুটান থেকে আরম্ভ করে বাংলাদেশের নদীগুলি প্রবাহিত হয়ে ৫-৬টি জেলাকে যেভাবে ধ্বংসের দিকে নিয়ে যাচ্ছে, তাতে এই ৫-৬টি জেলার সমস্ত খণিজ সম্পদ থেকে শুরু করে প্রাকৃতিক সম্পদ সব কিছুই নষ্ট হয়ে যাবে। সেই পরিপ্রেক্ষিতে দেখতে পাচ্ছি যে, উত্তরবঙ্গের জেলাগুলির উন্নয়নের যে গতি, সেটা কৃষির উন্নতিতে বলুন, শিল্পের উন্নতিতে বলুন, সব কিছুতেই একটা অস্থিরতার সৃষ্টি হয়েছে। বিভিন্নভাবে অসুবিধার সৃষ্টি হয়েছে।

এবারে তিস্তার ব্যাপারে আসছি। তিস্তা প্রকল্পের কাজ আজ প্রায় ৩০ বছর ধরে চলে আসছে। কিন্তু আজ পর্যন্ত সেটা সমাপ্তির দিকে যায়নি। সেই কাজের অগ্রগতি কি রকম সেটা আমরা উপলব্ধি করতে পারছি না। এই কাজটা কবে নাগাদ শেষ হবে, সেই ব্যাপারে কোনো প্রতিশ্রুতি রাজ্য সরকার দিতে পারছে না। কাজ চলছে এটা সবাই জানে। কিন্তু যত দিন যাচ্ছে, তত এস্টিমেটেড কস্ট বেড়ে যাচ্ছে। গত ৩০ বছর আগে যে কস্ট ছিল, এখন সেটা অনেক বেড়ে গেছে। এটা শেষ করার জন্য রাজ্য সরকার কত টাকা দেবে, কেন্দ্রীয় সরকার কত টাকা দেবে, এই ব্যাপারে কোনো তথ্য উত্তরবঙ্গের মানুষ জানতে পারছে না। তাই সেখানকার মানুষ হতাশাগ্রস্ত! তারা যে অসুবিধার মধ্যে পড়েছে, সেখান থেকে তারা বেরোতে পারছে না। ব্রহ্মপুত্র অববাহিকার যে ভূমিক্ষয় তাকে রোধ করবার জন্য এবং বন্যা নিয়ন্ত্রণের জন্য যে পরিকল্পনা গ্রহণ করা হয়েছে, সেটা দেখার জন্য কেন্দ্রীয় সরকার যে টাস্কফোর্স গঠন করেছেন, তা কতখানি কার্যকরী হয়েছে এবং এই টাস্ক ফোর্সের ব্যাপারে ২ এবং ৩ ডিসেম্বর যে মিটিং হল, তার ফলাফল কি হল, সেটা আমরা কিছুই জানি না।

[3.40—3.50 p.m.]

সাব্ গ্রুপের কাজ এগোবে কিনা, সে ব্যাপারে পরিষ্কার চিত্র পাইনি এবং এসব কথাগুলো আমরা দেখতে পাচ্ছি না। উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদকে টাকা দিচ্ছেন এবং উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদের চেয়ারম্যান আমাদের রাজ্যের মাননীয় মুখ্যমন্ত্রী। উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদের মাধ্যমে এই রাজ্যের কতটা কাজ হয়েছে—বন্যা নিয়ন্ত্রণ, ভূমি ক্ষয় রোধ, প্রাকৃতিক সম্পদ, বনজ সম্পদ থেকে আরম্ভ করে এই সবগুলোকে সুরক্ষা করার জন্য কি কি চিন্তা-ভাবনা করেছেন সে ব্যাপারে প্রকৃত চিত্র আমরা উপলব্ধি করতে পারছি না, জানতে পারছি না এবং তার পরিপ্রেক্ষিতে অসুবিধার সৃষ্টি হচ্ছে। সেই পরিপ্রেক্ষিতে বলছি যে, বর্তমানে মাননীয় সেচমন্ত্রী শ্রী সুভাষ নস্কর মহাশয় এ ব্যাপারে কতটা সচেতন হয়েছেন, তিনি এ ব্যাপারে কতটা উপলব্ধি করতে পেরেছেন, সে ব্যাপারে কতটা কাজ করতে পারবেন জানি না। বর্ষার আগে এখন কাজ করার সময়, সেখানে কতটা কাজ কিভাবে করছেন সেটা তাঁর বক্তব্যের মাধ্যমে বোঝা যেত, কিন্তু তাঁকেও এখন এখানে দেখতে পাচ্ছি না। বিভিন্ন ভাবে উন্নয়নমূলক পরিকল্পনাগুলোর রূপায়ণকে বাস্তবায়িত করতে গেলে সকলের সহযোগিতা দরকার হয়। সেই সহযোগিতা তিনি পাচ্ছেন কিনা,—রাজ্য সরকার, কেন্দ্রীয় সরকার, টাস্ক ফোর্স, সাব-গ্রুপ এই সবগুলোর মধ্যে সমন্বয় আছে কিনা, তিনি এগিয়ে যেতে পারছেন কিনা—এগুলো অত্যন্ত গভীরভাবে দেখার প্রয়োজন ছিল। আজকে যে প্রস্তাব এসেছে সেই প্রস্তাবের মধ্যে সেই সব কথাগুলোর আমরা কোনো উল্লেখ দেখতে পাচ্ছি না। সেই সব ব্যাপারে আমাদের মাননীয় সদস্যরা বক্তব্য রাখবেন এবং প্রস্তাব আনবেন। যাঁরা যাঁরা এখানে বক্তব্য রাখবেন, তাঁরা এ ব্যাপারে তাঁদের চিন্তা-ভাবনার কথা বলবেন। পশ্চিমবঙ্গ সরকারের সেচ দপ্তরের ভূমিকা কি, তাঁরা কতটা কাজে এগোতে পেরেছেন, তাঁরা কতটা কাজ করবেন, কেন্দ্রীয় সরকার কতটা করবেন, সে ব্যাপারে একটা পূর্ণাঙ্গ চিত্র দেওয়া দরকার। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এইসব ব্যাপারগুলো ঠিকভাবে উপলব্ধি করতে পারছি না। গঙ্গা ভাঙন

থেকে আরম্ভ করে, পদ্মার ভাঙন থেকে আরম্ভ করে। আজকে নদী ভাঙন চলছে, সারা উত্তরবঙ্গ এবং দক্ষিণবঙ্গে এরকম অনেক নদী ভাঙন চলছে এবং নদী ভাঙন রোধ করার জন্য অনেক কাজ করার দরকার। গঙ্গা-পদ্মা ভাঙনে অনেক জমি বিহার ও বাংলাদেশে চলে গেছে। সেই জমিগুলোকে উদ্ধার করার জন্য রাজ্য সরকারের ভূমিকা রয়েছে—মাননীয় মন্ত্রী মহাশয় এ ব্যাপারে এক প্রশ্নের জবাবে এটা বলেছিলেন। এ ব্যাপারে তিনি কাজটাকে কতটা এগিয়ে নিয়ে যেতে পেরেছেন, সেই জমিগুলো উদ্ধার করতে পেরেছেন কিনা সেটা দেখা দরকার। এসব ব্যাপারে রাজ্য সরকারের উচিত কেন্দ্রীয় সরকারের মাধ্যমে নেপাল, ভুটান এইসব দেশগুলোর সঙ্গে কথা বলা—সেখানে বর্ষার জল থেকে আরম্ভ করে বিভিন্ন সময়ে বিভিন্নভাবে প্রাকৃতিক বিপর্যয়ের মাধ্যমে যেসব পরিস্থিতির সৃষ্টি হয় সেই পরিপ্রেক্ষিতে বন্যা নিয়ন্ত্রণ করা দরকার। এসব ব্যাপারে নেপাল, ভুটান এবং বাংলাদেশ কি ভূমিকা নিচ্ছে, তাঁরা কি রূপরেখা তৈরি করছেন, এ ব্যাপারে পশ্চিমবঙ্গ কতটা সহযোগিতা করছেন, ভারত সরকার কি সহযোগিতা করছেন সে ব্যাপারে আমরা কিছু উপলব্ধি করতে পারছি না। আমি মনে করি আজকে যে প্রস্তাব এসেছে তাতে ওইসব ব্যাপারগুলোর উপর আরও সুস্পষ্ট চিত্র জানা যাবে এবং আমরা মনে করি এসব ব্যাপারে ভারত সরকারের সঙ্গে বিভিন্নভাবে আলোচনার মাধ্যমে এগোনো যাবে।

আমি মনে করি এখান থেকে একটা সর্বদলীয় প্রতিনিধি দল সেখানে যাওয়া দরকার। আমাদের রাজ্য বিধানসভা থেকে একটা সর্বদলীয় প্রতিনিধি দল সেখানে গিয়ে এই টাইম বাউন্ড প্রোগামের ব্যাপারে একটা সুস্পষ্ট চিত্র আলোচনার মাধ্যাম পাওয়া যেতে পারে। একটা কাজ হচ্ছে কিছু টাকা কিছু টাকা দিয়ে দিচ্ছেন কিন্তু সেই টাকায় পুরো কাজ হতে পারে না। উত্তরবঙ্গে উন্নয়ন পর্ষদের জন্য ৩২ কোটি টাকা মঞ্জুর করেছেন, আর কেন্দ্রীয় সরকারের জল সম্পদ দপ্তর বন্যা নিয়ন্ত্রণ, ভূমিক্ষয় ও নদী ভাঙন রোধের জন্য ১৫ কোটি টাকা প্রদান করেছেন, এই সামান্য অর্থ দিয়ে কাজ সম্পূর্ণ করা যায় না। আবার এটা দেখা যাচ্ছে যে সময় কাজ করার সময় তখন বর্ষাকাল, কাজ করা যাচ্ছে না। নদীর ভাঙন রোধ করার জন্য, ভূমিক্ষয় রোধ করার জন্য যে মেটিরিয়াল ব্যবহার করা হয়, যে বোল্ডার ব্যবহার করা হয় সেগুলি জলের তলায় তলিয়ে যাচ্ছে। বছরের পর বছর এইভাবে কোটি কোটি টাকা জলে যাচ্ছে। কাজের জন্য যে লক্ষ লক্ষ কোটি কোটি টাকা বোল্ডারের পিছনে দেওয়া হয় সে ব্যাপারে কোনো টাইম বাউন্ড প্রোগ্রাম করা হয় না, কোনো উদ্যোগ দেখা যায় না এবং তার জন্যই এই অবস্থা দাঁড়ায়। যাঁরা এই প্রস্তাব এখানে এনেছেন এটা সমর্থনযোগ্য প্রস্তাব, তাই এই প্রস্তাবকে সমর্থন করে এবং আমি যে অ্যামেন্ডমেন্ট এনেছি এই কথাটা যদি লেখা থাকে বা এটা যদি গ্রহণ করেন—আমি মনে করি এতে আপনার কোনো অসুবিধার সৃষ্টি হবে না তাই এটাকে গ্রহণ করার আবেদন রেগে এবং এই সমর্থনযোগ্য প্রস্তাবকে সমর্থন জানিয়ে এবং এই বিধানসভা থেকে একটা সর্বদলীয় প্রতিনিধি দল কেন্দ্রীয় সরকারের কাছে পাঠানোর প্রস্তাব রেখে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী আশুতোষ মুখোপাধ্যায় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, উত্তরবঙ্গে বিশেষ করে কোচবিহার, জলপাইগুড়ি জেলার বিস্তীর্ণ জনপদ, রাস্তা, কৃষিক্ষেত্র ক্ষতিগ্রস্ত করেছে খরস্রোতা

নদীগুলি। ভূমি ক্ষয় হচ্ছে, বন্যা হচ্ছে এবং তা নিয়ন্ত্রণ করার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে অর্থ সাহায্যের জন্য অর্থ বরাদ্দের জন্য যে প্রস্তাব এখানে উত্থাপিত হয়েছে আমি তাকে সর্বান্তকরণে সমর্থন জানাই। একটু আগে বিরোধী দলের মাননীয় সদস্য শ্রী কাশীনাথ মিশ্র খুব গুরুত্ব দিয়ে এই বিষয়ের উপরে আলোচনা করেছেন এবং এই প্রস্তাবটাকে সমর্থন জানিয়েছেন। কিন্তু সমস্যা হল কাশীবাবু যে দলে আছেন সেই দলআমাদের রাজ্যের সমস্যার সমাধানের ব্যাপারে কতদূর আন্তরিক সে ব্যাপারে প্রশ্ন থেকে যায়। এই রকম একটা গুরুত্বপূর্ণ বিষয় যখন আলোচনা হচ্ছে তখন আপনার দলেরমাত্র ৩ জন এখানে উপস্থিত আছেন, একজন উঠে গেলেন। বলতে হয় হারাধনের ৪টি ছেলে নাচে ধিন ধিন, একটি কোথা চলে গেল রইল বাকি তিন। যাদের কাছে আমরা আবেদন করছি তারা হচ্ছে ইউ.পি.এ. সরকার এবং সেই সরকার কংগ্রেস দলের নেতৃত্বে চলছে। এখানে এখন এই মুহূর্তে একা কুম্ভ হয়ে অসিত মিত্র গড় রক্ষা করছেন। এই হচ্ছে আমাদের দেশের বিরোধী দলের ভূমিকা। এই রকম একটা ব্যাপার যে রাজ্যের দলমত নির্বিশেষে সমস্ত মানুষ একাত্ম হয়ে উদ্যোগ নেবে, সেখানে তারা এই ধরনের আচরণ করছেন।

[3.50—4.00 p.m.]

সেক্ষেত্রে তারা এই ধরনের আচরণ করছেন। যাই হোক, এখানে প্রস্তাবের মধ্যে পরিষ্কারভাবে লেখা আছে, কিছু নদী যেগুলি ভুটান থেকে নেমে এসেছে কি ভয়ঙ্কর ক্ষতি করছে ; ভূমিক্ষয় করছে, বন্যা দেখা দিচ্ছে, কৃষিক্ষেত্রে বিরাট ক্ষতি করে দিচ্ছে। পরিকাঠামো বৃদ্ধি করা দরকার, উন্নয়ন করা দরকার এবং এর সঙ্গে আমি আর একটি কথা বলতে চাই আরো কয়েকটি নদী আছে, যে নদীগুলি বাংলদেশ থেকে এসেছে, যেমন একটা নদী হচ্ছে, পুনর্ভবা নদী। এখানে আবার সমস্যা হচ্ছে, বর্ষার মরশুমে পুনর্ভবার সমস্ত জল উত্তরবঙ্গের উপর দিয়ে প্রবাহিত হয়ে বন্যা ঘটিয়ে দিচ্ছে। আর সুখা মরশুমে যখন সেচের জন্য জল দরকার, সেই সময় বাংলাদেশ ওখান থেকে জল টেনে নিচ্ছে, ফলে এই নদীগুলি শুকিয়ে যাচ্ছে। এই নদীগুলির উপর যে আর.এল.আই. সেগুলি অকেজো হয়ে যাচ্ছে। আর একটা নদী হচ্ছে, মহানন্দার শাখা যা বাংলাদেশ থেকে এসেছে। টাঙ্গন তার ক্ষেত্রেও একই হচ্ছে। সেইজন্য প্রস্তাব হচ্ছে, আন্তর্জাতিক যে ইন্দো-বাংলাদেশ নদী কমিশন আছে, সেখানে কমিশনের কাছে উত্তরবঙ্গের এই নদীগুলির এই ধরনের সমস্যার কথা উত্থাপিত করে কেন্দ্রীয় সরকারকে বলতে হবে যাতে সুখা মরশুমে জল পায়। এই আলোচনা করা দরকার। ব্রহ্মপুত্র বোর্ডের সদস্য হিসাবে আমাদের রাজ্যের উত্তরবঙ্গের নদীগুলির বন্যা নিয়ন্ত্রণের জন্য ভূমিক্ষয় ইত্যাদির জন্য তার মাধ্যমে উপযুক্ত পরিমাণে অর্থ বরাদ্দ প্রয়োজন। আমাদের রাজ্যে যে উত্তরবঙ্গে বন্য নিয়ন্ত্রণ কমিশন আছে, ব্রহ্মপুত্র বোর্ডের মাধ্যমে উত্তরবঙ্গে বন্যা নিয়ন্ত্রণ কমিশনকে অর্থ দেওয়া যেতে পারে, এই কাজটা করা গেলে পরে ওখানে বন্যা নিয়ন্ত্রণের ক্ষেত্রে অনেকটা সাফল্য আসবে, এটা করা যায়। এখানে কাশীবাবু একটি সংশোধনী দিয়েছেন। আমার মনে হয়, এটা অপ্রাসঙ্গিক। উনি বলেছেন, এবং উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ-এর জন্য ২০০৫-২০০৬ আর্থিক বছরে ৩২ কোটি টাকা মঞ্জুর করা হয়েছে এবং কেন্দ্রীয় সরকারের জলসম্পদ দপ্তর বন্যা নিয়ন্ত্রণ, ভূমিক্ষয় ও নদী ভাঙন রোধের জন্য

১৫ কোটি টাকা প্রদান করেছে।" আসলে এটা টাকার ব্যাপার নয়। ৩২ কোটি আর ১৫ কোটি টাকার বিষয় নয়। এখানে কোটি কোটি টাকা লাগবে। তার জন্য মাস্টার প্ল্যান দরকার। সেইসব কাজ করতে গেলে যে অর্থ বরাদ্দ দরকার তার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে দাবি উত্থাপন করা হয়েছে। সেই জন্য আমি মনে করি, প্রস্তাবটা যেভাবে আছে, সেটাকে সেইভাবে গ্রহণ করা হোক এবং সকলের সমর্থনে সর্বসম্মতভাবে গৃহীত হলে আরও গুরুত্ব পাবে, এই কথা বলে প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী জীবনপ্রকাশ সাহা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, উত্তরবঙ্গের বন্যা নিয়ন্ত্রণের জন্য আন্ডার রুল ১৮৫ যে মোশান আনা হয়েছে তাকে আমি সমর্থন করছি। প্রায় প্রতি বছরই উত্তরবঙ্গে বন্যা হয়, অতি বৃষ্টি হলে বন্যা হয় এবং জল নদীতে ধরে রাখতে পারে না। সেই জল নদীর দুই কূল ছাপিয়ে বিভিন্ন শহরে ঢুকে পড়ে। পাহাড়ী নদী খরস্রোতা, এতে সাধারণ মানুষের জীবনহানি হচ্ছে। মানুষকে বন্যার জন্য আশ্রয় দেবার ব্যবস্থা করতে হচ্ছে, খাবারের ব্যবস্থা করতে হচ্ছে, বিভিন্ন জায়গায় ফ্লাড সেন্টার করতে হচ্ছে। উত্তরবঙ্গের নদী সঙ্কোশ, রায়ডাক ১, রায়ডাক ২, ডায়না, জলঢাকা, তিস্তা, তোর্সা, কালচিনি নদীর জল জলপাইগুড়ি, কোচবিহারে বন্যা ডেকে আনছে, রাস্তাঘাটের ক্ষতি হচ্ছে, গবাদি পশুর ক্ষতি হচ্ছে। ফলে মানুষ নিরাশ্রয় হয়। বিশাল এই ক্ষতি রাজ্য সরকারের একার পক্ষে সামাল দেওয়া সম্ভব নয়। রাজ্য সরকার সীমিত ক্ষমতার মধ্যেও চেষ্টা করছেন এই বিপর্যয় মোকাবিলা করার জন্য। সেই জন্য গঠন করেছেন উত্তরবঙ্গ বন্যা নিয়ন্ত্রণ কমিশন। ব্রহ্মপুত্র নদীর উপত্যকায় অবস্থিত সমস্ত নদীর ভূমিক্ষয় রোধ ও বন্যা নিয়ন্ত্রণের জন্য ব্রহ্মপুত্র বোর্ড গঠন করেছেন কেন্দ্রীয় সরকার। ব্রহ্মপুত্র বোর্ডের মাধ্যমে উত্তরবঙ্গের বন্যা নিয়ন্ত্রণের জন্য যথেষ্ট অর্থ কেন্দ্রীয় সরকারকে বরাদ্দ করতে হবে এই দাবি আমি হাউসে করছি। বিশেষ করে ভুটানের পাহাড়ী নদীর বৃষ্টির জল, বরফ গলা জল উত্তরবঙ্গে বন্যার একটি কারণ। ভুটান পাহাড়ে ডলোমাইট খননও বন্যার সৃষ্টি করেছে। এই বন্যাকে প্রতিরোধ করার জন্য কেন্দ্রীয় সরকারকে বিশেষ করে সহযোগিতা করতে হবে। ইতিপূর্বে উত্তরবঙ্গের বন্যা নিয়ন্ত্রণের জন্য ব্রহ্মপুত্র বোর্ড কোনো অর্থ বরাদ্দ করেনি। যেখানে গঙ্গা বোর্ড, গঙ্গা-পদ্মা ভাঙন রোধে কিছুটা ভূমিকা পালন করছে। আমাদের দাবি গঙ্গা বোর্ডের ন্যায় কেন্দ্রীয় সরকার উত্তরবঙ্গ বন্যা নিয়ন্ত্রণের জন্য ব্রহ্মপুত্র বোর্ডের মাধ্যমে অধিক অর্থ বরাদ্দ করুন। মালদা, মুর্শিদাবাদ জেলায় গঙ্গা-পদ্মা ভাঙনে একটি পঞ্চায়েত সম্পূর্ণভাবে বিলীন হয়ে গেছে। বহু জমি ভাঙনের জন্য বাংলাদেশে চলে যাচ্ছে। উত্তরবঙ্গের এই ভাঙনের প্রতিরোধ করতে কেন্দ্রীয় সরকারকে ২০০০ কোটি টাকা বরাদ্দ করার জন্য দাবি জানাচ্ছি এবং যে সমস্ত মানুষ এই ভাঙনে গৃহহীন হয়ে পড়েছেন তাদের দু-এক কাঠা করে জমি দিয়ে পুনর্বাসন দিতে রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে দাবি জানাচ্ছি। কারণ এই বৃহৎ ব্যাপার রাজ্য সরকারের একার পক্ষে সামলানো সম্ভব নয়। এই কথা বলে সকলকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী অসিত মিত্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রী শৈলেন মণ্ডল, রবীন দেব ও অন্যান্যরা যে প্রস্তাব রেখেছেন সেই প্রস্তাবের উপরে আমার বক্তব্য রাখছি। যে

নদীগুলির সোর্স ভুটান, এই নদীগুলির জল যখন নেমে আসে তখন জলপাইগুড়ি এবং কোচবিহার এলাকায় ভাঙন হয় ও বন্যা হয় এই বিষয়ে কোনো সন্দেহ নেই। এই মোশনের সমালোচনা করতে গিয়ে আমি কোনো মতেই বলতে পারব না এই অবস্থা সেখানে হয় না। কিন্তু একটা কথা আপনার মাধ্যমে এই সভায় আমি বলতে চাই, এই মোশানের মধ্যে বলা হয়েছে—'সংকোশ, রায়ডাক-১, রায়ডাক-২, ডায়না, জলঢাকা, তিস্তা, তোর্সা প্রভৃতি নদীর ভাঙন ও প্রতি বছর বন্যার কারণে উত্তরবঙ্গের জলপাইগুড়ি ও কোচবিহার জেলার বিস্তীর্ণ জনপদ, রাস্তা, সেতু ও কৃষিক্ষেত্র ক্ষতিগ্রস্ত হচ্ছে এবং ভুটান থেকে নেমে আসা এইসব খরস্রোতা পাহাড়ী নদীগুলি এলাকার পরিকাঠামোগত উন্নয়নের প্রয়াসকে স্তব্ধ করে দিচ্ছে'। আমার বক্তব্য সংকোশ নিয়ে একটা পরিকল্পনা কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারের সঙ্গে আলোচনা করে গ্রহণ করেন।

[4.00—4.10 p.m.]

বিশেষ করে প্রয়াত সেচমন্ত্রী, গণেশবাবু, তিনি যখন এই দপ্তরে ছিলেন তিনি তখন অনায়াসে বলে দিতে পারতেন এবং হাতের তালুর মতো পশ্চিমবাংলার সমস্ত নদীগুলির গতি-প্রকৃতি তিনি জানতেন। সুভাষবাবু নতুন মন্ত্রী হয়েছেন। খুব স্বাভাবিক কারণে তিনি এত অভিজ্ঞতা সঞ্চয় করেছেন কিনা এই মুহূর্তে তা আমি জানি না যে এই বিষয়ে তিনি বিস্তারিতভাবে বলে দিতে পারবেন। কিন্তু আমার নিজের মনে হয়েছে, রাজ্য সরকার সংকোশ পরিকল্পনার ব্যাপারে কেন্দ্রীয় সরকারের সঙ্গে শেষ পর্যন্ত কি যোগাযোগ করেছেন, আদৌ পরিকল্পনা কার্যকরী হচ্ছে কি, না পরিকল্পনা স্থগিত হয়ে গেছে, নাকি পরিকল্পনা করতে গিয়ে ভুটানের দিক থেকে কোনো বাধা এসেছে, নাকি আমাদের ভারতবর্ষের মধ্যে যেসব জায়গা আছে, যেমন, কোচবিহার, জলপাইগুড়ি এই সব জায়গায় কাজ করতে গিয়ে কি কোনো অসুবিধা হয়েছে ? নাকি সাধারণ মানুষের কাছ থেকে প্রতিবাদ এসেছে ? সংকোশ পরিকল্পনা নিয়ে কোনো জায়গায় আমরা আটকে আছি তা আমরা কেউই বুঝতে পারছি না। তবে আমি আপনাকে এই কথা বলতে পারি, উত্তরবাংলার যে ক্ষতি হচ্ছে তা নয়, রাজ্য সরকারের পক্ষ থেকে যে যে ব্যবস্থা গ্রহণ করা উচিত ছিল সেই সেই ব্যবস্থা গ্রহণ করা হয়নি। কি ব্যবস্থা গ্রহণ করা হয়নি ? মাননীয় মন্ত্রী সুভাষবাবু, এই দপ্তরের নতুন দায়িত্ব নিয়েছেন, কিন্তু তিনি জানবেন নিশ্চয়ই, তিস্তা প্রকল্প নিয়ে আজও উত্তরবঙ্গের মানুষকে ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হতে হচ্ছে। তিস্তা প্রকল্পের কাজ আজ থেকে ২০/২৫ বছর আগে শুরু হওয়া সত্ত্বেও এখনো পর্যন্ত তার ওয়ান-ফোর্থ অংশের কাজ সম্পূর্ণ হয়নি। সেই জন্য মাননীয় সেচমন্ত্রী মহাশয়ের কাছ থেকে জানতে চাই, কেন এই অবস্থা হল ? তিস্তা প্রকল্পের কাজ কি বন্ধ হয়ে গেছে ? আমার মনে আছে, এই তিস্তা প্রকল্পের ব্যাপার নিয়ে অল পার্টি ডেলিগেশন নিয়ে গতবার আমরা দিল্লি গিয়েছিলাম। অলপার্টি ডেলিগেশনের বিষয় নিয়ে কাশীবাবু বললেন। তিনি এখন এখানে নেই। অল পার্টি ডেলিগেশন নিয়ে যাওয়ার ক্ষেত্রে আমার কোনো আপত্তি নেই। কিন্তু অল পার্টি ডেলিগেশন নিয়ে যাওয়ার ক্ষেত্রে আমার একটা বিচিত্র অভিজ্ঞতা আছে। আমার মনে হয় আবু আয়েশ মণ্ডল সাহেবেরও এই সম্পর্কে তাঁর

অভিজ্ঞতা তিক্ত যদিও তিনি আপনার সামনে বলতে পারবেন না। তার কারণ, প্রয়োজনীয় কাগজপত্রও আমরা কেউই তৈরি করে নিয়ে যাইনি। আমার মনে আছে, মন্টেকসিং আলুওয়ালিয়া যিনি প্ল্যানিং কমিশনের ভাইস চেয়ারম্যান, আমরা যখন তিস্তা প্রোজেক্ট নিয়ে আলোচনা করছিলাম—তিনি তখন আমাকে জিজ্ঞাস করেছিলেন, "আপনি তো অনেক কথা বলছেন সরকারের সপক্ষে,—আমরা যখন বাইরে কোনো ব্যাপারে আলোচনা করতে যাই তখন আমরা কেউই এমন কোনো আলোচনা করি না কেন্দ্রীয় সরকারের মন্ত্রীর কাছে অথবা কোনো আমলার কাছে যাতে করে রাজ্য সরকারের অসম্মান হয় অর্থাৎ রাজ্য সরকারকে কনডেম করে কোনো কথা বলা হয় না। বিতর্কিত কোনো বিষয়ে হলে, সামান্য আমরা একটু-আধটু মতামত দিই। কিন্তু আমার মনে আছে এই তিস্তা প্রোজেক্ট সম্পর্কে যখন মন্টেকসিং আলুওয়ালিয়াকে বলেছিলাম, আপনারা এই তিস্তা প্রোজেক্টের টাকা দিচ্ছেন না যার ফলে তিস্তা প্রোজেক্টের কাজ হচ্ছে না। উনি সে সম্পর্কে ওঁর মতামত স্পষ্টভাবে জানিয়েছিলেন যাঁরা এই ডেলিগেশনের মেম্বার ছিলেন তাঁদেরকে। এখানে আবু আয়েশ মণ্ডল আছেন। রবীনবাবু ছিলেন, তবে এই মুহূর্তে তিনি এই হাউসে নেই। উনি আমাদের বলেছিলেন আপনাদের কত টাকা চাই, আপনাদের ল্যান্ড অ্যাকুইজিশনের কি অবস্থা, এই সংক্রান্ত কোনো রিপোর্ট কিন্তু আমাদের কাছে নেই। উনি বলেছিলেন, আপনারা এ সংক্রান্ত রিপোর্ট তৈরি করে আমাদের কাছে দিন। টাকার অভাব হবে না। মাননীয় মন্ত্রী সুভাষবাবু আমি আপনাকে বলছি, গণেশদার চেয়ারে আপনি বসেছেন। আমি আপনাকে বলব এই বিষয়ে কি আদৌ অগ্রগতি হয়েছিল ? যে তিস্তার জলোচ্ছ্বাসে প্রতি বছর হাজার হাজার একর জমি, জনপথ নষ্ট করছে। এখনো পর্যন্ত সেই তিস্তা প্রোজেক্টের রিপোর্ট প্ল্যানিং কমিশনে জমা দেওয়া হয়েছে ? যদি এ সম্পর্কে কোনো তথ্য আপনার কাছে থাকে তাহলে আপনি নিশ্চয় তা দেবেন। আমার বক্তব্য আমি দীর্ঘায়িত করতে চাই না। এখানে বলা হয়েছে যে ব্রহ্মপুত্র অববাহিকায় ভূমিক্ষয় রোধ ও বন্যা নিয়ন্ত্রণের জন্য গঠিত কেন্দ্রীয় সংস্থা ব্রহ্মপুত্র বোর্ডের সদস্য হিসাবে অন্তর্ভুক্ত হয়েছে। এবং শেষে বলা হচ্ছে তাই এই সভা রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে দাবি জানাচ্ছে যে, কোচবিহার ও জলপাইগুড়ি জেলায় নদী ভাঙন রোধ, ভূমিক্ষয় রোধ ও বন্যা নিয়ন্ত্রণের জন্য জরুরি ভিত্তিতে কেন্দ্রীয় যোজনায় বিশেষ অর্থ বরাদ্দ করে ব্রহ্মপুত্র বোর্ডের মাধ্যমে উত্তরবঙ্গ বন্যা নিয়ন্ত্রণ কমিশনকে প্রদান করা হোক। শুধু এই রেজোলিউশন চাইনি। আমরা যখন অল পার্টি ডেলিগেশনে যাবো, তখন এই রেজোলিউশনটা থাকবে। এটা হচ্ছে একটা ডকুমেন্ট। বিধানসভায় এই রেজোলিউশন নেওয়া হয়েছে। পরবর্তীকালে যদি আবার অল পার্টি ডেলিগেশন যাওয়া হয়, তখন এটা হাতে করে নিয়ে যেতে হবে। শুধু এটাই যথেষ্ট নয়। এই সভা কেন্দ্রীয় সরকারের কাছে দাবি জানাচ্ছে—কোচবিহার ও জলপাইগুড়ি জেলায় নদী ভাঙন মোকাবিলা, ভূমিক্ষয় রোধ ও বন্যা নিয়ন্ত্রণের জন্য কেন্দ্রীয় যোজনায় অর্থ বরাদ্দ করে ব্রহ্মপুত্র বোর্ডের মাধ্যমে উক্ত কমিশনেক তা প্রদান করা অত্যন্ত জরুরি। এর সঙ্গে চাই প্রয়োজনীয় ডকুমেন্ট যেমন কত টাকা পাওয়া গেছে, কতখানি কাজ হয়েছে ইত্যাদি। পরিশেষে বলি, আমার বক্তব্য শেষ করব, তার আগে একটি প্রস্তাব দিই—তিস্তা প্রোজেক্টের ক্ষেত্রে এবং অন্যান্য নদী প্রকল্পের ক্ষেত্রে, যার থেকে কোচবিহার ও অন্যান্য জেলাকে বাঁচানো

যায়, তার জন্য উপযুক্ত প্রজেক্ট রিপোর্ট তৈরি করে বর্তমানে আমরা কোন জায়গায় দাঁড়িয়ে আছি, সেটা দেখতে হবে। সেক্ষেত্রে আমরা কাশীনাথ মিশ্রর পরামর্শ মতো একদিনের মধ্যে দিল্লিতে গিয়ে সমস্ত বিষয়টি কেন্দ্রে জানিয়ে ফিরে আসতে পারব। যদিও আমাদের এখানে নির্বাচন আছে, কিন্তু কেন্দ্রে তো কোনো নির্বাচন নেই। আমার মনে হয়, বর্ষার আগে এ সম্বন্ধে প্রয়োজনীয় বন্দোবস্ত গ্রহণ করা যেতে পারে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সুভাষ নস্কর : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকের সভায় মাননীয় সদস্য শ্রী শৈলেন মণ্ডল, শ্রী রবীন দেব, শ্রী নির্মল দাস, শ্রী ব্রহ্মময় নন্দ, শ্রী রামপদ সামন্ত, শ্রী কিরীটি বাগদী, শ্রী সমর হাজরা এবং শ্রীমতী শান্তা ছেত্রী যে বিষয়ের প্রতি উদ্বেগ প্রকাশ করেছেন ; এটি আমাদের রাজ্যের একটি কঠিনতম সমস্যা। আমরা সকলেই সে সম্পর্কে অবহিত আছি।

[4.10—4.20 p.m.]

উত্তরবঙ্গের নদীগুলির জলস্ফীতি এবং তাতে সৃষ্ট যে প্রাকৃতিক বিপর্যয়, এটা শুধু আমাদের রাজ্যের সমস্যা নয়, এটা একটা জাতীয় সমস্যা হিসাবে দাঁড়িয়েছে। এর জন্য উত্তরবঙ্গ বন্যা নিয়ন্ত্রণ কমিশনও গঠন করা হয়েছে এবং তারা জলপাইগুড়িতে তাদের কার্যক্রম চালিয়ে যাচ্ছে দীর্ঘদিন ধরে। এই বিষয়ে আপনারা অবগত আছেন। এই এলাকার সদস্যরা বহু দিন ধরে এই বিষয়ে সরকারের দৃষ্টি আকর্ষণ করে যাচ্ছেন। ইতিপূর্বে আমাদের রাজ্যের মাননীয় মন্ত্রী মহাশয় কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলাপ-আলোচনা করেছেন এবং চিঠিপত্র দিয়েছেন। আমি যতটুকু খবর পেয়েছি—আমাদের এই বন্যা নিয়ন্ত্রণ একটা বিষম সমস্যা, এই সমস্যার সমাধান শুধুমাত্র রাজ্য সরকারের একক দায়িত্বে সম্ভব নয়—২০০৫-০৬ সালে চার কোটি এবং ২০০৬-০৭ সালে আরও সাড়ে চার কোটি এই বন্যা নিয়ন্ত্রণের জন্য বরাদ্দ করা হয়েছে। ৪ কোটি ৫ লক্ষ টাকা ওরা দেবে, বাকি ৪৫ লক্ষ টাকা রাজ্য সরকার দেবে, এইভাবে মিলিতভাবে সাড়ে ৪ কোটি টাকার কাজ এই বছর আরম্ভ হয়েছে, বাকি টাকার কাজ নিশ্চয়ই শুরু হবে। এটা একটা জাতীয় সমস্যা ধরে নিয়ে আমাদের রাজ্য সরকারের পক্ষ থেকে আমরা আশা করছি কেন্দ্রীয় সরকার এটাকে জাতীয় সমস্যা হিসাবে দেখে তারা যতটুকু সহযোগিতা করার সেটা করবেন। আমাদের রাজ্য সরকারের পক্ষ থেকে কেন্দ্রীয় সরকারের কাছে বহুবার এই দাবি করা হয়েছে। এই সভায় ইতিপূর্বে বহুবার এটা আলোচিত হয়েছে এবং দলমত নির্বিশেষে সকল সদস্য এই দাবি তুলেছেন। এটা নিশ্চয়ই আপনারা জানেন পাহাড়ী নদীগুলি থেকে ভূমিক্ষয়ের ফলে প্রতি বছর সমস্যার সৃষ্টি হয়। এই সমস্যা সমাধানের ক্ষেত্রে যে পরিমাণ অর্থ দরকার, শুধু অর্থ নয়, বিশেষজ্ঞদের পরামর্শ এবং যাদের সান্নিধ্য নিয়ে এই কাজ করা দরকার সেই কাজ সময় সাপেক্ষ বটে। আমি আশা করি সকল সদস্যগণ রাজ্য সরকারের প্রতি বছরের এই যন্ত্রণাটা উপলব্ধি করবেন। ব্রহ্মপুত্র ভূমিক্ষয় এবং বন্যা নিয়ন্ত্রণ কমিশন, কেন্দ্রীয় সংস্থা, এটা সরকারি সংস্থা হিসাবে কেন্দ্রীয় সরকার নিয়ন্ত্রণ করবেন এটা আমরা আশা করি। আমাদের রাজ্য সরকারের মন্ত্রিসভার

দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী গণেশচন্দ্র মণ্ডল, আমাদের কেন্দ্রীয় মন্ত্রী প্রিয়রঞ্জন দাশমুন্সীর সঙ্গে কথা বলেছিলেন। আমি তখন দিল্লিতে ছিলাম, আমি মন্ত্রী মহাশয়ের সঙ্গে ছিলাম। সেখানে এই ব্যাপারে বিস্তারিত আলোচনা হয়েছিল। আমাদের বিধানসভা থেকে সর্বদলীয় কমিটি কেন্দ্রীয় মন্ত্রীর সঙ্গে নানা বিষয়ে আলোচনা করতে গিয়েছিলেন, তার সদস্য হিসাবে আমি ছিলাম। প্রিয়রঞ্জন বাবু এই বিষয়টা গুরুত্ব দিয়ে উপলব্ধি করেছিলেন এবং আমাদের আশ্বস্ত করেছিলেন যে এটাকে জাতীয় সমস্যা হিসাবে দেখা হবে। কিন্তু পরবর্তীকালে প্রিয়রঞ্জনবাবু সেই দায়িত্ব থেকে অন্য দায়িত্বে চলে যান, সন্তোষ মোহনদেব সেই দায়িত্বে আসেন। একজন মন্ত্রীকে সমস্ত বিষয়টা বোঝানো হয়েছিল, আবার একজন মন্ত্রীকে কতটুকু বোঝানো যাবে জানি না, তবে আমাদের রাজ্য সরকারের পক্ষ থেকে যতটুকু বিশ্লেষণ করার সেটা করছি। আমি আশা করি কেন্দ্রীয় সরকার সদর্থক পদক্ষেপ গ্রহণ করবেন। মাননীয় সদস্যদের কাছে এই আশ্বাস রেখে আমার সংক্ষিপ্ত বক্তব্য শেষ করলাম। ধন্যবাদ।

শ্রী আবু আয়েস মণ্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রীর জবাবী ভাষণ শুনতে শুনতে এবং মাননীয় সদস্য শ্রী অসিত মিত্রের বক্তব্য শুনতে শুনতে আমার একটা কথা মনে পড়ে গেল। পশ্চিমবঙ্গের বন্যা সমস্যা সমাধানের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের একটা নোট বা রিপোর্টের কথা মনে পড়ে গেল। ১৯৯৫ সালে সেটা বেরিয়েছিল। সেটাতেই কি আপনারা স্ট্যান্ড করছেন ? Centre of Science and Environment on flood in—Indo Gangetic basin, ওই নোটে পরিষ্কার ভাবে বলা আছে—Since the Himalayan flood are uncontrolable because of fudility and aforestation programme and the engineering structures, the people in this plan must reconciliate to living with the flood hazards. This problem will never be solved, মাননীয় মন্ত্রী মহাশয়ের এই সম্পর্কে যদি কিছু জানা থাকে, তাহলে এই হাউসে বললে ভাল হয়।

শ্রী সুভাষ নস্কর : মাননীয় প্রবীণ সদস্য যেটা বললেন, সেটা খুবই বিশ্লেষিত বিষয়। আমি এই বিষয়টা ভাল করে অনুধাবন করে পরে বলব।

শ্রী শৈলেন মণ্ডল : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রী রবীন দেব, শ্রী নির্মল দাস, শ্রী ব্রহ্মাময় নন্দ, শ্রী রমাপদ সামন্ত, শ্রী কিরীটী বাগদি, শ্রী সমর হাজরা, শ্রীমতি শান্তা ছেত্রী—বক্তব্য রেখেছেন। এখানে যথাযথভাবে যে প্রস্তাবটা এসেছে, সেই প্রস্তাবের উপর দীর্ঘ আলোচনা হয়েছে। এই আলোচনা প্রসঙ্গে শ্রী কাশীনাথ মিশ্র মহাশয় একটা অ্যামেন্ডমেন্ট এনেছেন। এই ব্যাপারে মাননীয় সদস্য আশুতোষবাবুও খুব স্বাভাবিক ভাবে বক্তব্য রেখেছেন। যেভাবে আমরা প্রস্তাবটা উত্থাপন করেছি, সেই ভাবেই উনি প্রস্তাবটা দিয়েছেন। কাশীনাথ মিশ্র মহাশয় যেটা অ্যামেন্ডমেন্টটা এখানে এনেছেন, আমার মনে হয় সেই অ্যামেন্ডমেন্টটা আমাদের প্রস্তাবটাকে খুব একটা শক্তিশালী করবে না। স্বাভাবিক ভাবেই অ্যামেন্ডমেন্টটা গ্রহণ না করে আমাদের প্রস্তাবটা যে ভাবে আছে, সেই ভাবে থাকাই ভাল। মাননীয় সদস্য কাশীনাথ মিশ্র মহাশয় এবং অসিতবাবু, আমাদের বিরোধী দলের সদস্যরা এই প্রস্তাবকে সমর্থন করেছেন। এই সমস্যাটার যে গুরুত্ব আছে,

তা ওনারা উপলব্ধি করেছেন। মাননীয় সদস্য জীবন সাহা, অসিতবাবু এবং মাননীয় মন্ত্রী এই ব্যাপারে আমাদের রাজ্য সরকারের যে উদ্বেগ ও সমস্যার গভীরতা আছে, সেটা বুঝেছেন। সেই প্রশ্নেই কেন্দ্রীয় সরকারের সঙ্গে একটা যোগসূত্র আছে। তিনি নতুন মন্ত্রী, এই ব্যাপারে তিনি নতুন ভাবে উদ্যোগ নিয়ে কাজ শুরু করেছেন। আমার মনে হয়, কেন্দ্রীয় স্তরে মন্ত্রীসভার পরিবর্তনের ফলে কিছুটা সমস্যা হয়েছে। তাই আমার বক্তব্য দীর্ঘায়িত করতে চাই না। আমি সকলকে ধন্যবাদ জানাচ্ছি, এই কারণে যে, বিষয়টার গুরুত্ব আপনারা বুঝতে পেরেছেন এবং রাজ্য সরকারের যে উদ্বেগ—সেটাকে ত্বরান্বিত করার চেষ্টা করেছেন। কেন্দ্রীয় স্তরে যে মন্ত্রী আছেন, উনি বিষয়টার গুরুত্ব বুঝে কেন্দ্রীয় স্তর থেকে অর্থের জোগান দিয়েছেন, সেটা আমরা পেয়েছি। তার মধ্য দিয়েই ওই এলাকার বন্যাজনিত যে পরিস্থিতি, যে ক্ষয়-ক্ষতি হয়েছে, সেই ক্ষয়-ক্ষতি মোকাবিলা করতে পেরেছি এবং আমাদের সম্পত্তি রক্ষা করতে পেরেছি। এই ব্যাপারে যথাযথ ব্যবস্থা গৃহীত হওয়ার জন্য এবং সকল সদস্য এই প্রস্তাবটাকে সমর্থন করেছেন বলে আরো একবার ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Kashinath Mishra that in line 12, after the words 'অন্তর্ভুক্ত হয়েছে' the words 'এবং উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ-এর জন্য ২০০৫-২০০৬ আর্থিক বছরে ৩২ কোটি টাকা মঞ্জুর করা হয়েছে ও কেন্দ্রীয় সরকারের জলসম্পদ দপ্তর বন্যা নিয়ন্ত্রণ, ভূমিক্ষয় ও নদী ভাঙন রোধের জন্য ১৫ কোটি টাকা প্রদান করেছে' was then put and lost.

The motion of Shri Sailen Mondal was then put and agreed to.

[4.20—4.30 p.m.]

শ্রী অসিত মিত্র : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমার মোশানটি আইনশৃঙ্খলাজনিত প্রশ্নে সারা পশ্চিমবাংলার বিভিন্ন জায়গায় আইনশৃঙ্খলা কীভাবে নষ্ট হচ্ছে, মাওবাদীদের কীভাবে উত্থান হচ্ছে, কীভাবে মহিলারা নির্যাতিত হচ্ছে, কীভাবে মুর্শিদাবাদে আইনশৃঙ্খলা ভেঙেছে, কীভাবে সাংসদ এবং বিধায়কদের গ্রেপ্তার করা হচ্ছে, কীভাবে অধীর চৌধুরীকে গ্রেপ্তার করা হল ইত্যাদি বিভিন্ন বিষয় ছিল। স্যার, অত্যন্ত দুঃখের কথা, এই প্রস্তাব আমি নিজে থেকে আনিনি। কংগ্রেস দলকে বলা হয়েছিল যে, আপনারা একটা মোশান জমা দিন। আমরা তারপর এই মোশান জমা দিয়েছি পশ্চিমবঙ্গ বিধানসভার মাননীয় সচিবের কাছে। তারপর মাননীয় অধ্যক্ষ মহোদয় সেটি গ্রহণ করেছেন। তারপর এডিট করে এটিকে গ্রহণ করে আনা হয়েছে। আমার বক্তব্য, আইনশৃঙ্খলার মতো একটি গুরুত্বপূর্ণ যে বিষয়, সেই বিষয়টি এই কক্ষে আলোচনা করার জন্য—আমি যেমন মুভার আমি প্রস্তাবক, আমি প্রস্তাব করব এবং শেষ পর্যন্ত আমি উপস্থিত থেকে এই প্রস্তাবের সমর্থনে বলব, ঠিক তেমনি পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে যিনি মন্ত্রী মহাশয়, দায়িত্বপ্রাপ্ত, তিনি হলেন মুখ্যমন্ত্রী কএবং স্বরাষ্ট্রমন্ত্রী। তাঁর কোনো স্টেট মিনিস্টার নেই। সবচেয়ে বড়ো কথা স্যার, আপনি যে বলবেন—আমি স্পীকার্স-এর নাম লিস্ট ধরে বলছি। কিছুক্ষণ আগে মহম্মদ

আমিন সাহেব ছিলেন না। আপনি বললেন সংসদীয় মন্ত্রী বলবেন। লিডার অফ দি অপোজিশন সঙ্গে সঙ্গে বললেন ওঁর অধিকার আছে। উনি বললেন, মন্ত্রীসভার পক্ষ থেকে যিনি বলবেন তাঁর নাম উপেন কিস্কু। উপেনবাবু, আমি ব্যক্তিগত ভাবে আপনাকে আক্রমণ করছি না। কিন্তু আমি আপনাকে এবং এই হাউসকে বলতে চাই যে, উপেনবাবু একটা দপ্তরের মন্ত্রী। সেই দপ্তরের কোনো বিষয় কোনো ভাবেই আইনশৃঙ্খলা সংক্রান্ত বিষয়ের মধ্যে আসে না। বিষয়টি স্বরাষ্ট্র দপ্তরের। তিনি যদি থাকতেন বা তাঁর স্টেট মিনিস্টার যদি থাকত, তিনি উত্তর দিলে আমরা মেনে নিতে বাধ্য। কিন্তু এতবড়ো ঔদ্ধত্য কখনো শুধু পশ্চিমবঙ্গ নয়, কোনো রাজ্য সরকারেরই অধিকার নেই হাউসকে ইনসাল্ট করার। এই জিনিস আমরা কোনোদিন দেখিনি। সেজন্য আমি মাননীয় লিডার অফ দি অপোজিশনকে বলব, তিনি যদি বক্তব্য রেখে ওয়াক-আউট করেন, আমি একটা প্রিসিডেন্ট তৈরি করতে চাই, আমরাও ওয়াক-আউট করব। হাউসে এই অবহেলা চলতে পারে না। এই রকম ঔদ্ধত্য চলতে পারে না। এইজন্য এই সাবজেক্ট আমি মুভ করছি না।

